(খ) খাদ্যশস্যের উৎপাদন, আমদানি ও সুষ্ঠু সরবরাহের ব্যবস্থার কোনও উল্লেখ নাই ; উপরন্তু জনসাধারণকে ভাত কম খাইয়া গম বেশি খাওয়ার অবাস্তব উপদেশ দেওয়া হইয়াছে ;

(গ) খাদ্য ও ত্রাণ উপদেষ্টা কমিটির কার্যকলাপ দলীয় রাজনীতির দৃষ্টিকোণ হইতে দুষ্ট ; অথচ ভ ষণে সে সম্পর্কে সরকারী ব্যর্থতার কোনও উল্লেখ নাই ;

(ঘ) উদ্বাস্তুদের আর্থিক পুনর্বাসনের কোনও সুষ্ঠু পরিকল্পনার উল্লেখ না করিয়া মানসিক পুনর্বাসনের নামে অপ্রয়োজনীয় ধূম্রজাল রচনা করা হইয়াছে ;

(ঙ) কৃষিক্ষেত্রে প্রচুর উন্নতির নামে এক অবাস্তব ও আত্মসন্তুষ্ট মনোভাব ব্যক্ত করা হইয়াছে ;

(চ) পশ্চিমবঙ্গে ক্রমবর্ধমান বেকারসমস্যা দূরীকরণের কোনও সর্বাত্মক পরিকল্পনার উল্লেখ নাই :

(ছ) "নিজের গৃহ নিজে নির্মাণ করুন" পরিকল্পনার শোচনীয় ব্যর্থতার কোনও উল্লেখ নাই ;

(জ) ভূমিসংস্কার আইন সংশোধনের মারফত বর্গাদারদিগকে উৎখাতের হাত হইতে রক্ষা করিবার সরকারী অক্ষমতা সম্পর্কে কোনও উল্লেখ নাই ;

(ঝ) চিকিৎসা ও স্বাস্থ্য সংরক্ষণ সমস্যার বাস্তব সমাধানের কোনও উল্লেখ নাই ;

(ঞ) ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্রগুলিতে প্রতিশ্রুত সামান্যতম উন্নতিবিধানেও সরকারী ব্যর্থতার কোনও উল্লেখ নাই।"

**Sj. Deven Sen:** Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.—

"But regret that—

(1) no effective measures have been suggested for the solution of the developing food-crisis;

(2) facts about the influx of displaced persons from East Pakistan have not been placed correctly;

(3) no mention has been made about the introduction of Bengali language as an official language in West Bengal;

(4) no suggestion has been made about the democratization of the proposed Secondary Education Board and its status as an autonomous body".

**Sj. Phakir Chandra Roy:** Sir, I beg to move that the following be added at the end of address in reply, viz.—

"But regret that there is no mention of any effective measure to be taken by the Government in order to check the doscontent of teachers of all categories, particularly of secondary teachers and to remove waste, corruption and mismanagement from administration."

**Sj. Sasabindu Bera:** Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.—

"But regret that—

(i) in the speech there is no correct appreciation of the gravity of the food situation in the State which has become more acute on account of the prevailing high prices with a rising tendency over which the Government have utterly failed to exercise any control;

(ii) the speech has neglected to make mention of the daily deteriorating economic condition of rural West Bengal especially of the rural peasantry and labour;

(iii) the speech reveals a lack of understanding on the part of the Government of the actual state of education in the State and the utter frustration and fruitless wastage especially in the fields of Primary, Secondary and Social education;

(iv) the speech does not contain even a word of sympathy for the suffering teachers of the State;

(v) the speech makes no mention of the huge wastage of public money in the working of N.E.S. Blocks and C.D. Projects and other schemes of development without any appreciable results;

(vi) the speech makes no reference to the failure of the Government in rehabilitating the refugees;

(vii) the speech is completely silent about the corruption and malpractices in the administration in all levels; and

(viii) in the speech there is neither any indication of the policy and programme of the Government for quick solution of the problems referred to above."

**Sj. Sunil Das:** Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.—

"But regret that the speech of the Governor has neither gone into the basic cause of the economic, political and moral malaise from which the State of West Bengal is chronically suffering nor has the speech suggested any definite remedy to combat the same."

**Sjkta. Labanya Prova Ghosh:** Sir, I beg to move:

শ্রীযুক্ত বিমলানন্দ তর্কতীর্থ আনীত মাননীয়া গভর্নরের বক্তৃতার প্রতি ধন্যবাসূচক প্রস্তাবের শেষে এই কথাগুলি যুক্ত করা হউক—

"কিন্তু আমাদের জন-জীবনের বিষয়ে নিম্নলিখিত গুরুত্বপূর্ণ বিষয়গুলি আপনার বক্তৃতা হইতে বাদ দেওয়ার জন্য জনসাধারণ তথা আমরা ক্ষুব্ধ এবং দুঃখিত হইয়াছি:—

(১) পুরুলিয়া জেলায় অনাহারে মৃত্যুর যে ঘটনা এই রাজ্যের তথা সমগ্র ভারতের পক্ষে গুরুত্বপূর্ণ ঘটনা সেই ঘটনার প্রতি আন্তরিক মনোযোগ প্রদানে তথা তাহার পরিপ্রেক্ষিতে উপযুক্ত সহায়তা প্রদানে আপনার সরকারের অসামর্থ্য হওয়া;

(২) উক্ত জেলার বঙ্গভুক্তির পর হইতে দীর্ঘ এই এক বৎসরাধিক কালের মধ্যে প্রশাসনিক কাজ স্বাভাবিক পর্যায়ে আনিবার জন্য এ পর্যন্ত কোন প্রকার উপযুক্ত ব্যবস্থা করিতে না পারা;

(৩) পুরুলিয়া জেলার শাসন ব্যবস্থাকে এখনও পর্যন্ত বাংলার শাসন ধারায় সামগ্রিকভাবে রূপান্তরিত না করিয়া কেবলমাত্র জনগণের অসুবিধাজনক ব্যবস্থাগুলি প্রবর্তন করিয়া সংশ্লিষ্ট জনগণকে বিবিধরূপে বিপন্ন ও ক্ষতিগ্রস্ত করা;

(৪) বঙ্গভুক্তির পূর্বে অবস্থিত রাজ্যসরকারের দ্বারা যে অবিচার ও অনাচারের ধারাসমূহ উক্ত জেলার জীবনে—শিক্ষা, স্বায়ত্তশাসন প্রভৃতি বিভিন্ন ক্ষেত্রে প্রবর্তিত হইয়াছিল —সে সমস্তগুলি আজও পর্যন্ত আপনার সরকার কর্তৃক বিশেষ রাজনৈতিক উদ্দেশ্যে কায়েম রাখিয়া জেলার জনজীবনের অগ্রগতিকে ব্যাহত করা ;

(৫) দীর্ঘকাল ধরিয়া শাসন-অনাচারে নিগৃহীত, অনাদৃত, পঙ্গু তথা অর্থনৈতিক জীবনে অনুন্নত পুরুলিয়া জেলার দ্রুত উন্নতির লক্ষ্যে অবিলম্বে উপযুক্ত উন্নয়ন কাজের যে ব্যবস্থাসমূহ করা উচিত ছিল—আপনার রাজ্যসরকার কর্তৃক তাহার ব্যবস্থায় অসমর্থ হওয়া ;

(৬) যে কৃষিকে আপনার সরকার অর্থনীতির প্রাণকেন্দ্র বলিয়া মনে করেন আপনি বলিয়াছেন—সেই কৃষিকাজের বিষয়েই অন্যান্য বিষয়ের সঙ্গে আপনার সরকারের দ্বারা দীর্ঘ এক বৎসরাধিক কালের মধ্যে কোন কিছুই করিতে না পারা। এমন কি এই দীর্ঘকালের মধ্যে কৃষকদিগকে কোন প্রকার উন্নত বীজ দিতেও অসমর্থ হওয়া— এমন কি, ভারতবর্ষের মধ্যে যে জেলা লাক্ষাশিল্পের প্রধানতম ক্ষেত্র, আমাদের সেই জেলায় গত আশ্বিনে লাক্ষাচাষের সময়ে লক্ষ লক্ষ চাষী যখন সহস্র সহস্র মণ বীজের অভাবে ঘোরতরভাবে বিপন্ন, তখন লাক্ষাবীজ সরবরাহ বিষয়ে আপনার সরকার সম্পূর্ণ অপারগ হইয়া জেলার জনগণের কোটি কোটি টাকার ক্ষতিসাধন করা ;

(৭) আইন-শৃঙ্খলা বিষয়ে তথা জন-ব্যবস্থার বিভিন্ন কাজে আমাদের জেলা তথা সমগ্র প্রদেশে যেসকল গুরুতর ত্রুটি-বিচ্যুতি, অবিচার, দুর্নীতি ও উপযুক্ত পরিকল্পনার অভাব ঘটিয়াছে, যে বাঞ্ছিত দৃষ্টিভঙ্গির অভাব ঘটিয়াছে, তাহার প্রতি সচেতন হইবার দায়িত্ব উপলব্ধি না করা।"

**Dr. Prafulla Chandra Ghosh:** Sir, I beg that the following be added at the end of the address in reply, viz.—

"But regret that—

(a) no positive steps have been suggested in the speech for the prevention of large-scale eviction now going on of poor peasants from land and concentration of the same in the hands of a few non-cultivating jotedars, etc.;

(b) there is lack of appreciation in the speech of the most vital problems of State, namely, poverty, unemployment and under-employment and of their solution;

(c) there is no indication of policy regarding free and compulsory education up to 14 years of boys and girls;

(d) no mention has been made of establishing a new University in Burdwan."

**Sj. Ganesh Ghosh:** Sir, I beg to move—
রাজ্যপাল কর্তৃক প্রদত্ত ভাষণের প্রত্যুত্তরে যে অভিনন্দনসূচক প্রস্তাব উত্থাপিত হইয়াছে তাহার শেষভাগে নিম্নলিখিত অংশগুলি যোগ দেওয়া হোক—

"কিন্তু দুঃখের বিষয় যে—

(১) রাজ্যপালের ভাষণে পশ্চিম বাংলার বিভিন্ন অঞ্চলে বর্তমানে যে তীব্র খাদ্যসংকট শুরু হইয়াছে, যাহার ফলে ইতিমধ্যেই বহু অঞ্চল হইতে দরিদ্র ক্ষেতমজুরেরা কাজ ও খাদ্যের অন্বেষণে গ্রাম ত্যাগ করিয়া অন্যত্র চলিয়া যাইতেছে। ধান ও চাউলের দর ক্রমশঃ বৃদ্ধি পাইতেছে এবং এই অবস্থায় গ্রামাঞ্চলে কৃষকদের উপর সরকারী ঋণ আদায়ের জন্য তাহাদের হালের গরু পর্যন্ত ক্রোক হইতেছে, ফলে অবস্থা আরও তীব্র হইতেছে, তাহার কোন উল্লেখ নাই ;

(২) বর্তমান খাদ্যসঙ্কটের বৎসরে বিভিন্ন জেলায় খাদ্য সংগ্রহ করিয়া, সরকারী ব্যবস্থায় [illegible] খাদ্য মজুদ রাখার প্রয়োজনীয়তা থাকা সত্ত্বেও এই বিষয়ে সরকারী ব্যবস্থার চরম অবহেলার কথা উল্লেখ নাই ;

(৩) কিভাবে বর্তমান বৎসরে সুষ্ঠুভাবে খাদ্য বণ্টনের ব্যবস্থা করা যায় তাহারও কোন উল্লেখ নাই ;

(৪) খাদ্য উৎপাদনের ব্যাপারে ক্ষেতমজুর ও গরিব কৃষকদের মধ্যে জমি বন্টন, ব্যাপক সেচব্যবস্থা, কৃষকদের ঋণমুক্ত করা, তাহাদের দীর্ঘমেয়াদী ঋণ দিবার ব্যবস্থা, কৃষকদের উৎপাদিত ফসলের মূল্য নির্ধারণ ইত্যাদি বিষয়ের কোন উল্লেখ নাই ;

(৫) পশ্চিম বাংলার বহু লক্ষ গ্রাম্য কৃষিজীবি ক্ষেতমজুরদের বেকার জীবনের সঙ্কট সমাধানের কোন উল্লেখ নাই ;

(৬) আদিবাসীদের জীবনের উন্নতির অন্যতম প্রধান পথ যে তাহাদের মধ্যে চাষের জমি বন্টন, এই বিষয়ের উল্লেখ নাই ;

(৭) গ্রামাঞ্চলে দারিদ্র্যতা বৃদ্ধির সঙ্গে সঙ্গে যক্ষ্মারোগ যে ব্যাপকভাবে ছড়াইয়া পড়িতেছে এবং ফলে গ্রামাঞ্চলে এক ব্যাপক সঙ্কট সৃষ্টি করিয়াছে তাহারও উল্লেখ নাই ;

(৮) বহুকাল হইতেই প্রাইমারি শিক্ষকদের বেতন দেওয়ার ব্যাপারে যে অব্যবস্থা চলিয়া আসিতেছে এবং সেই ব্যবস্থার এখনও যে সুষ্ঠু সমাধান হইল না, এখনও বহু স্থানে ২-৩ মাসের পর্যন্ত বেতন বাকী রাখা হইয়াছে তাহার উল্লেখ নাই ;

(৯) বর্তমান খাদ্যসংকটের বৎসরে যেসব এলাকায় ফসল নষ্ট হইয়াছিল সেইসব অঞ্চলে বর্তমান বৎসর খাজনা আদায় যে স্থগিত রাখা ও গত বৎসরের খাজনা যে মকুব করা উচিত তাহারও কোন উল্লেখ নাই ;

(১০) বর্তমানে মাধ্যমিক শিক্ষক ও শিক্ষিকারা সরকারের বিভিন্ন ধরনে মাধ্যমিক শিক্ষা সঙ্কোচনের নীতির বিরুদ্ধে যে অনশন ধর্মঘটের পন্থা লইতে বাধ্য হইয়াছে তাহারও কোন উল্লেখ নাই ;

রাজ্যপালের ভাষণে উপরি-উক্ত বিষয়গুলির উল্লেখ না থাকার জন্য রাজ্যপালের ভাষণ অত্যন্ত অবস্তাব হইয়াছে এবং ভাষণের চরম দুর্বলতাই প্রকাশ পাইয়াছে।"

**Sj. Gopal Basu:** Sir, I beg to move—

রাজ্যপাল কর্তৃক প্রদত্ত ভাষণের প্রত্যুত্তরে যে অভিনন্দনসূচক বার্তা প্রেরণের প্রস্তাব উত্থাপিত হইয়াছে তাহার শেষভাগে নিম্নলিখিত অংশটী যুক্ত করা হোক—

"কিন্তু পরিতাপের বিষয় এই যে—

(১) পাবলিক সার্ভিস কমিশনের নিকট উপস্থিত হইবার অপমানজনক আদেশ জারী করিয়া পশ্চিমবঙ্গ সরকার মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাদের চরমভাবে মর্য্যাদা হানি করিয়াছেন এবং শিক্ষা জগতে স্বৈরাচার ও অরাজকতা সৃষ্টি করিয়াছেন ;

পশ্চিমবঙ্গ সরকারের এই স্বৈরাচারের বিরুদ্ধে সবল প্রতিবাদ জানাইবার জন্য শিক্ষক-শিক্ষিকাগণ অনশন ধর্মঘটের পথে আত্মমর্য্যাদা অক্ষুন্ন রাখার জন্য যে বীরত্বপূর্ণ সংগ্রাম শুরু করিয়াছেন, তাহাতে সারা দেশ গৌরব অনুভব করিতেছে এবং পশ্চিমবঙ্গ সরকারের বেপরোয়া ও অনমনীয় মনোভাব শিক্ষক সমাজের ন্যায্য দাবী মানিয়া লইয়া সম্মানজনক মীমাংসায় পৌঁছিতে বাধা সৃষ্টি করিয়াছে। সরকারের দায়ীত্বজ্ঞানহীনতা এবং অনশনব্রতীদের জীবন সম্পর্কে উদাসীনতা ও অবহেলা দেশবাসীর মনে দারুন উদ্বেগ ও বিক্ষোভ সৃষ্টি করিয়াছে—একথা উল্লেখ করা হয় নাই ;

(২) চটকল আধুনিকীকরণের ফলে একদিকে চটকল শ্রমিকদের উপর অসহনীয় কাজের বোঝা চাপাইয়া দেওয়া হইয়াছে, অপর দিকে চটকলের নারী-পুরুষ শ্রমিকগণ ব্যাপকভাবে কর্মচ্যুত হইয়াছেন। এমন কি কয়েকটি চটকল সরকারের অজ্ঞাতসারেই বন্ধ করিয়া দেওয়া হইয়াছে; ফলে বেকার সমস্যা সমাধানের পথে না গিয়ে আরো তীব্র এবং জটিল আকার ধারণ করিয়াছে;

যতটা পর্যন্ত গেলে কর্মিগণ বেকার হইয়া পড়িবেন না, ততটা পর্যন্ত আধুনিকীকরণের অনুমতি দেওয়া যাইতে পারে' সরকার কর্তৃক বহু ঢক্কা নিনাদিত এই নীতি বিভ্রান্তিকর ও ব্যর্থ বলিয়া প্রমাণিত হইয়াছে। 'এই নীতি রূপায়িত করিবার উদ্দেশ্যে' যে কমিটি গঠিত হইয়াছে তাহাও অকর্মণ্য ও ভুয়া বলিয়া প্রমাণিত হইয়াছে। মালিক পক্ষের প্রতিনিধিদের ক্রমাগত বাধাদানের ও অনমনীয় মনোভাবের নিকট সরকার কার্যতঃ আত্মসমর্পণ করিয়াছে এবং কমিটির কাজ সম্পূর্ণ অচল হইয়া পড়িয়াছে। ফলে বৈদেশিক মুদ্রা আহরণকারী একটি প্রধান শিল্পের শ্রমিকদের উপর সন্ত্রাস এবং উৎপাদনের ক্ষেত্রে অরাজকতা চলিতেছে—একথা উল্লেখ করা হয় নাই;

(৩) অবৈতনিক বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা প্রবর্তনে সরকার ব্যর্থ হইয়াছেন একথা উল্লেখ করা হয় নাই;

(৪) জবর দখল কলোনীগুলির স্বীকৃতি দানের ব্যর্থতা, সরকারী উদ্বাস্তু কলোনী-সমূহের উন্নয়ন এবং টেন্টবাসী উদ্বাস্তুদের পুনর্বাসনের ব্যবস্থা করিতে সরকারী অসামর্থ্য উল্লিখিত হয় নাই;

(৫) উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য বাংলাদেশের সমস্ত সম্পদ ও উপায়কে কাজে লাগাইবার উপায় উদ্ভাবন না করিয়াই এবং দণ্ডকারণ্য পরিকল্পনা সম্বন্ধে সম্পূর্ণ তথ্যাদি জ্ঞাত না হইয়াই পূর্ববাংলার উদ্বাস্তুদের দণ্ডকারণ্যে পাঠাইবারব্যবস্থা করা হইতেছে—এ বিষয়ে সংশ্লিষ্ট উদ্বাস্তু এবং সংশ্লিষ্ট প্রতিনিধিমূলক প্রতিষ্ঠান-গুলিরও মতামত না লইয়া চূড়ান্ত হঠকারিতা করা হইতেছে—এ বিষয় উল্লেখ করা হয় নাই;

(৬) বাংলা ভাষাকে শিক্ষার বাহন ও সরকারী কাজকর্মের মাধ্যম হিসাবে চালাইতে উপযুক্ত ব্যবস্থা করা হয় না—এ বিষয়েরও উল্লেখ নাই;

(৭) খাদ্য সমস্যার সমাধান এবং উচ্ছেদ বন্ধ করিতে সরকারী ব্যর্থতা সম্বন্ধেও উল্লেখ করা হয় নাই।"

**Janab A. M. O. Ghani:** Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.—

"But regret that—

in the Governor's address no mention has been made about the control of epidemics like cholera and small-pox, and such a serious menace as tuberculosis; that there is not a word about the fuller utilisation of doctors and nurses in the Health Service of the State, the deplorable working condition of the non-medical employees of the Health Services has also been completely ignored. Development of Pharmaceutical industries has not even been hinted at."

**Sj. Hemanta Kumar Ghosal:** Sir, I beg to move that—

রাজ্যপাল কর্তৃক প্রদত্ত ভাষণের প্রত্যুত্তরে যে অভিনন্দনসূচক বার্তা প্রেরণের প্রস্তাব উত্থাপন করা হইয়াছে, তাহার শেষভাগে নিম্নলিখিত অংশগুলি যুক্ত করা হউক—

"কিন্তু দুঃখের বিষয়—

(১) রাজ্যপালিকার ভাষণে পশ্চিম বাংলার বিভিন্ন অঞ্চলে যে তীব্র খাদ্য সংকটের অবস্থার সৃষ্টি হইয়াছে, বিশেষ করিয়া সুন্দরবন অঞ্চলে যে ভয়াবহ দুর্ভিক্ষ দেখা দিয়াছে

এবং বাংলাদেশের বহু অঞ্চলে ইতিমধ্যে অনশন শুরু হইয়াছে এবং এই অবস্থায় গ্রামাঞ্চলে কৃষক জনসাধারণের উপর সরকারী ঋণ আদায়ের জন্য ক্রোক করিয়া চাষের বলদ ইত্যাদি লইয়া যাওয়া হইতেছে, তাহার ফলে কৃষক জনসাধারণের ভিতর বিক্ষোভ দেখা দিয়াছে, তাহার কোন উল্লেখ নাই ;

(২) বিভিন্ন জেলাতে খাদ্য সংগ্রহের কোন সঠিক পরিকল্পনা গ্রহণ করা হয় নাই, অপর পক্ষে বড় বড় মজুতদার ও [illegible] খাদ্যশস্য মজুত করার অবাধ সুযোগ দেওয়া হইয়াছে, তাহার কোন উল্লেখ নাই ;

(৩) বর্তমান দুর্ভিক্ষের বৎসরে কিভাবে খাদ্য সংগ্রহ করা হবে তাহার কোন সঠিক পরিকল্পনা নাই ;

(৪) কিভাবে এই দুর্ভিক্ষ বৎসরে বিভিন্ন স্থানে খাদ্য বন্টন হইবে তাহার কোন সুষ্ঠু পরিকল্পনার কথা উল্লেখ নাই ;

(৫) সেচ ব্যবস্থা সম্বন্ধে বিশেষ করিয়া ছোট ছোট সেচ, প্রয়োজনীয় বীজ এবং কৃষি-ঋণ প্রভৃতি খাদ্য উৎপাদনের ক্ষেত্রে কৃষক সমাজের সহিত সহযোগিতার ও পরামর্শের কোন উল্লেখ নাই ;

(৬) গ্রামাঞ্চলে শিক্ষা, স্বাস্থ্য, বিশেষ করিয়া সুন্দরবন অঞ্চলের আদিবাসী ও তফসিল সম্প্রদায় ভূমিহীন কৃষকদের ভূমি দেওয়ার কোন সুষ্ঠু পরিকল্পনার কথা উল্লেখ নাই ;

(৭) ছোট ছোট মধ্যস্বত্তভোগীদের ক্ষতিপূরণ দেওয়ার কোন পরিকল্পনার কথা উল্লেখ নাই ;

(৮) সুন্দরবন উন্নয়নের জন্য কোন সুষ্ঠু পরিকল্পনার যথা, বাঁধ, স্লুইস এবং জল-নিকাশী খাল প্রভৃতি সংস্কারের কথা উল্লেখ নাই ;

(৯) সুন্দরবন উন্নয়নের জন্য ক্ষেতমজুর ও ভূমিহীন কৃষক এবং বর্গাদারদের উন্নতির জন্য কোন পরিকল্পনার কথা উল্লেখ নাই।"

**Dr. Golam Yazdani:** Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.—

"But regret that no mention has been made of the following acute problems of North Bengal—

(1) lack of proper communication between North Bengal and rest of West Bengal which is a result of partition of the Bengal;

(2) food crisis;

(3) high price of all essential commodities;

(4) growing unemployment;

(5) tottering condition of the silk and mango industries in Malda;

(6) lack of adequate irrigation projects;

(7) lack of proper attention to improvement of education, both primary and secondary."

**Sj. Pramatha Nath Dhibar:** Sir, I beg that the following be added at the end of the address in reply, viz.—

"But regret that no mention has been made about—

(1) the failure of the Government in taking the problems of the secondary teachers who have been forced to hunger-strike in protest against the attitude of the Government;

(2) the failure of the Government in tackling many grievous problems of the Scheduled Caste and Scheduled Tribe of West Bengal;

(3) the failure of the Government in introducing compulsory free primary education in West Bengal;

(4) the failure of the Government for introducing step-motherly policy of secondary education system in West Bengal;

(5) the failure of the Government of its food policy and redressment of agriculturists;

(6) the failure of the Government of its refugee and rehabilitation policy;

(7) the failure of the Government of its irrigation system in D.V.C. Command Area and differential attitude of the D.V.C. Authority and State Government;

(8) the failure of the Government for its different policy of primary education in rural and urban areas of the State;

(9) the failure of the Government in solving the various problems of the fishermen in the State".

**Sj. Chitto Basu:** Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.—

"But regret that—

(1) the speech does not offer any concrete solution of the chronic food crisis of the country and does not also reveal the depth of the serious food crisis;

(2) no mention has been made about the failure of the Government in guaranteeing economic rehabilitation and resettlement of the vast mass of refugees;

(3) no mention has been made about the failure of the Government in stopping large-scale retrenchment and lay-off workers, and providing adequate relief to the retrenched and laid-off workers;

(4) no mention has been made about the failure of the Government in redressing the legitimate grievances of the Government employees of the State and guaranteeing them fundamental Trade Union Rights;

(5) it has failed to give the real picture of the State of today."

**Sj. Apurba Lal Mazumdar:** Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.—

"But regret that no mention has been made about—

(i) the failure of her Government in solving the refugee problem and their proper economic rehabilitation within the State of West Bengal by developing fallow lands and rapid industralisation;

(ii) the failure of her Government in implementing the recommendations of the Scheduled Castes and Scheduled Tribes Commissioner, in the matter of spreading education and improving the economic condition of the Scheduled Caste;

(iii) the failure of her Government to stop retrenchment in mills, factories and offices;

(iv) the failure of her Government to check the growing unemployment and under-employment in the State;

(v) the failure of her Government in bringing down the price level of food articles and other essential commodities within the purchasing capacity of the common people;

(vi) the failure of her Government in distributing lands among the peasantry and in improving the living condition of the lower income group; and

(vii) the failure of her Government to reduce the burden of taxation on the poor and middle-class people."

**Sj. Ramanuj Halder:** Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.—

"But regret that there is no mention of the failure of the Government—

(a) to take adequate measures for solving the problems of the landless labourers in rural areas;

(b) to take adequate measures for solving the problems of embankments in Sunderban areas;

(c) to take adequate measures for solving the problems of double cropping in the State;

(d) to take adequate measures for solving the problems of crafts and cottage industries in rural areas."

**Sj. Hemanta Kumar Basu:** Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.—

"But regret that there is—

(1) no mention of any definite scheme for solving unemployment problem in the State;

(2) no mention of any definite scheme to reclaim and develop the waste and fallow lands in the State both for the purpose of increased food production and rehabilitation of refugees;

(3) no mention of any definite scheme for separating judiciary from the executive;

(4) no mention of any definite scheme for rooting out goondaism from the land."

**Sj. Haridas Mitra:** Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.—

"But regret that the speech of the Governor has not gone into the necessity of economic rehabilitation and real solution of the problems of the displaced persons for all-out progress of West Bengal as a whole."

**Dr. Kanai Lal Bhattacharya:** Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.—

"But regret that no mention has been made about the fast deterioration of the general economic condition of the State, due to the abnormal rise in prices and want of employment of the youngmen, which leads to the rampant corruption, tendency to immoral and goonda activities within both urban and rural areas of the State disturbing the normal life of peaceful citizens."

[3-40—3-50 p.m.]

**Sj. Jyoti Basu:**

স্পীকার মহাশয়, রাজ্যপালিকার বক্তৃতা সামগ্রিকভাবে আলোচনা ক'রে বিশেষ কোন লাভ আছে ব'লে আমার মনে হয় না এবং সময়েরও অভাব। এবং এবার দেখছি—আর বিশেষ ক'রে অন্যান্য বছর থেকে—ঘটনা ও বাস্তব অবস্থার সঙ্গে কোন সম্পর্ক নাই এই বক্তৃতার। আমরা রাজ্যপালের বক্তৃতার সরকারী নীতি ও সরকারের দৃষ্টিভঙ্গি খুঁজে বার করবার চেষ্টা করি। সেদিকে দৃষ্টি রেখে আমরা দেখতে পাচ্ছি এই বক্তৃতা পড়ে যে, পশ্চিম বাংলা সরকার ঠিক করেছেন যে বাস্তব যখন এত কঠিন এবং বাস্তবকে তাঁরা এমন অবস্থায় নিয়ে এসেছেন যে,

সকলে এই সরকারী নীতিকে দেউলিয়া নীতি ব'লে ঘোষণা করছে তখন সবচেয়ে ভাল হচ্ছে এই অবস্থায় কিছু না বলা বা এমন কিছু বলা যাতে মনে হয় যদি কিছু উন্নতি হয়ে থাকে পশ্চিম বাংলায় সেটা সরকারের কৃতিত্ব আর যদি কিছু উন্নতি না হয়ে থাকে বা যদি কিছু অঘটন ঘটে থাকে তা হ'লে তার জন্য ভগবান দায়ী এবং অন্য কেউ দায়ী নয়, অন্তত পশ্চিমবঙ্গ সরকার দায়ী নন এবং সেজন্যই পাতায় পাতায় দেখলাম এই ছোট বক্তৃতায় একটা চেষ্টা করা হয়েছে সরকারপক্ষ থেকে এই অবস্থা অস্বীকার করার জন্য।

আমাদের ধারণা যে, গত বৎসর এমন একটা বৎসর গিয়েছে—পঞ্চবার্ষিক পরিকল্পনার কথা বলুন আর নাই বলুন, যখন লোকের মনে হতাশা এসেছে, লোকে নিরাশ হয়েছে। কারণ অনেক বড় বড় কথা তাঁরা শুনেছিলেন—বিশেষ ক'রে গত দ্বিতীয় সাধারণ নির্বাচনের সময় এবং অনেক আশার কথা—জনসাধারণের কাছে তুলে ধরা হয়েছিল। কিন্তু এত সব বড় বড় কথা সত্ত্বেও মানুষ, তাদের নিজেদের অভিজ্ঞতায় দেখেছে সবই প্রায় ব্যর্থ হয়েছে—সরকার যা কিছু বলেছেন। এটা আশ্চর্য মনে হ'লেও এটা সত্য কথা যে, দশ বছর হ'ল আমরা স্বাধীন হয়েছি। কিন্তু আবার এই দশ বছর পরে একটা পরিকল্পনা হয়ে গেল—দ্বিতীয় পরিকল্পনারও দু বৎসর হ'ল। তারপরও আমরা অনেক কথা শুনলাম—গ্রামের উন্নতি হচ্ছে, প্রথম পরিকল্পনায় আর খাদ্যের আর অভাব হবে না, পয়সা নষ্ট করে বাইরে থেকে আর খাদ্য আনতে হবে না—এই সব লক্ষ্যের কথা আমরা শুনেছিলাম, গালভরা বুলি, বিশেষ ক'রে নির্বাচনের সময়। আবার দেখছি দুর্ভিক্ষের কথা। সরকারপক্ষ থেকে বলছেন অভাব অনটনের কথা। নদিয়া ও আরও দু'-একটা জায়গায় লঙ্গরখানা খোলা হয়েছে বুভুক্ষু মানুষকে খিচুড়ি খাওয়াবার জন্য। এও দেখছি চালের দাম, যেটা প্রাথমিক প্রয়োজন, বেড়ে গিয়েছে। সেই চাল ও খাদ্য কিনতেই বেশির ভাগ অর্থ চলে যাচ্ছে, অন্য কিছুতে খরচ করবার মত তাদের আর বিশেষ কিছু টাকা হাতে থাকছে না এবং সামগ্রিকভাবে বিচার করলে এই সিদ্ধান্তে আমরা পেণছাই যে, আমাদের এই পশ্চিম বাংলায় এবং বোধ হয় সমস্ত ভারতবর্ষে সাধারণ মানুষের ক্রয়ক্ষমতা বাড়ে নাই—কমেছে। যেখানে দু'-চারটা আন্দোলন ক'রে মাইনে বাড়ান হয়েছে, সেখানে খাবার জিনিসের দাম বেড়ে গিয়েছে। এটি আসলে দেখা গিয়েছে যে, ক্রয়ক্ষমতা শতকরা ৭০-৮০ ভাগ মানুষেরই ক'মে গিয়েছে। আমার মনে হয় প্রফুল্ল সেন মহাশয় স্ট্যাটিসটিকস দিয়ে এর বিরুদ্ধে কিছু দাঁড় করাতে পারবেন না। আমাদের এখানে যেভাবে গত বছর ট্যাক্স বসান হ'ল কেন্দ্র থেকে, পশ্চিমবঙ্গেও নূতন ক'রে ট্যাক্স বসল, বিশেষ ক'রে যেভাবে নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের দাম বাড়ল, এই থেকে বলতে পারি—কৃষকদের কথা বলুন, মধ্যবিত্তের কথা বলুন, সমস্ত দিকে তাকালে দেখছি ক্রয়ক্ষমতা কমেছে, বাড়ে নাই।

পরিকল্পনার পর পরিকল্পনা করার জন্য সরকার কোটি কোটি টাকা গুনছেন। এগুলির বড় বড় হিসেব পাচ্ছি। এখানে জোর গলায় বলা হচ্ছে—তোমরা জান, এত কোটি টাকা আমরা খরচ করেছি। কিন্তু তবুও এই হচ্ছে মানুষের অবস্থা। একটা হিসেব দেখেছি—শ্রমিকদের কথা, কৃষকদের কথা ছেড়েই দিলাম, মধ্যবিত্ত যাঁরা চারশ' টাকা যে পরিবারে রোজগার, সে পরিবারেও আমরা দেখতে পাই, মাসের শেষে কিছু না কিছু ধার করতে হয়। এমন অবস্থায় দেশকে এনে ফেলেছেন এই কংগ্রেস সরকার!

খুব বেশি কথা বেকারি সম্বন্ধে নাই রাজ্যপাল মহাশয়ার বক্তৃতায় এবং বোধ করি সরকার খুব বেশি এতে গুরুত্ব দিচ্ছেন না। তার কারণ তাঁরা মনে করেছেন, এমনি তো বদনাম হয়েছেই, তারপর আর কেন এটা ব'লে বদনামের ভাগী হই। কিন্তু এটা তো বাস্তব অবস্থা! তার সাথে সাথে আমরা দেখছি হাজার হাজার, লক্ষ লক্ষ মানুষ বেকার হয়ে রয়েছে, চাকরি পাচ্ছে না। আর যারা চাকরিতে আছে, তারা চাকরি হারাচ্ছে, তাদের ছাঁটাই হচ্ছে। অন্যান্য বক্তারা পরে এ বিষয়ে বলবেন—আমি এর পরিসংখ্যানের মধ্যে যাব না—বিশেষ ক'রে কারখানায় যে জিনিসটা ঘটছে।

আমি একটা স্ট্যাটিসটিকসএর কথা বলি। কারণ প্রফুল্লবাবু পরে হয়ত অনেক কথা বলবেন। আনএমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ রেজিস্টারে ১৯৫১ সালে ৫৫ হাজার লোক নাম লিখেছিলেন। গত বৎসর ১৫৩,২২৮ জন নাম লিখেছেন। আমরা দেখছি প্রতি বৎসরই এই

সংখ্যা বাড়ছে। অবশ্য এটা থেকে বেশি কিছু বোঝা যায় না। হাজার হাজার লক্ষ লক্ষ মানুষ আছে, যাঁরা নিজেরা নাম লেখান এই রেজিস্টারে। যা হোক, আমরা দেখলাম রাজ্যপাল মহাশয় এক জায়গায় তাঁর ভাষণে বলেছেন, কিভাবে তাঁরা ব্যবস্থা করছেন যাতে ক'রে বেকার সমস্যার সমাধান কিছুটা হয়। কি বলেছেন? না, তাঁরা স্টেট বাসের ড্রাইভার কন্ডাক্টর করেছেন, তাঁরা বাস্তুহারা ১,৫০০ ছেলেকে ইট তৈরি করতে শিখাচ্ছেন। আর কিছু নয়। কোথাও তাঁর সমগ্র বক্তৃতায় আর কিছু দেখলাম না। গ্রামের বেকারকে চাকরি দেবার জন্য, শহরের বেকারকে চাকরি দেবার জন্য, যারা ছাঁটাই হচ্ছে, তারা যাতে ছাঁটাই না হয়, সেটা সাময়িকভাবে বন্ধ করবার কোন ইঙ্গিত এই বক্তৃতার মধ্যে পেলাম না।

আপনার হয়ত স্পীকার মহাশয়, মনে আছে, বিশেষ ক'রে দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় বলা হয়েছিল যে, এই পরিকল্পনার অন্য উদ্দেশ্যের মধ্যে একটা উদ্দেশ্য হচ্ছে যারা মুষ্টিমেয় বড়লোক এবং অগণিত গরিব মানুষ জনসাধারণ যারা আছে, তাদের মধ্যে যে তফাত, সেটা কমান। এই কথাই তাঁরা জোর গলায় ঘোষণা করেছেন—এটাই হচ্ছে লক্ষ্য। আমার মনে হয় সরকারপক্ষ থেকে যদি কেউ বক্তৃতা দেন, তিনি বলবেন—আমাদের এই লক্ষ্য ছিল। কোন্ লক্ষ্যে আমরা পৌঁছতে পেরেছি, কোন্ লক্ষ্যে আমরা পৌঁছতে পারি নাই। আমার মনে হয় হয়ত তিনি বলবেন যে, এতটা পৌঁছতে পেরেছি, আর এতটা পৌঁছতে পারি নাই। সেগুলি তিনি বিশ্লেষণ ক'রে দেখাবেন ভেবেছিলাম। তা হ'লে বোঝা যেত অর্থনীতি কোন্ দিকে নিয়ে যাচ্ছে, বোঝা যেত কিছু একটা তাঁরা করতে চান, শুধু গদিতে ব'সে থাকতে চান না। কিন্তু দুর্ভাগ্যবশত রাজ্যপাল মহাশয়ার বক্তৃতায় তেমন কিছু দেখতে পেলাম না।

সোস্যালিস্টিক প্যাটার্ন'এর কি হ'ল? তাঁরা যে সত্যিকারের একটা সমাজব্যবস্থা চান, তারই বা কি হ'ল? সেই সোস্যালিজমএর লক্ষ্য কি হ'ল? পার্লামেন্টে প্রস্তাব পর্যন্ত পাশ হয়ে গেল—আমাদের লক্ষ্য হচ্ছে—সোস্যালিজম। দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার ড্রাফ্ট মেমোরেন্ডাম দেখলাম, সেখানে তাঁরা লিখেছেন, ছোট্ট একটা উদাহরণ উদ্ধৃত করছি—

> "with so large a part as production being left to the private sector and a small proportion drawn back through taxation laws and small savings increased outlay of Second Five-Year Plan is likely to enhance the gap between higher income brackets and lower income brackets".

তা হ'লে ব্যর্থ হয়েছে। সমস্ত ভারতবর্ষব্যাপী যদি ব্যর্থ হয়ে থাকে—এই যদি আশঙ্কা হয়, তা হ'লে পশ্চিম বাংলায় ব্যর্থ হয়েছে। যেখানে মুষ্টিমেয় কয়জন লোক বড়লোক থেকে আরও বড়লোক হয়েছে, কোটিপতি আরও কোটিপতি হয়েছে, কতকগুলি কলকারখানার মালিকও বড়লোক হয়েছে : আর কতকগুলি গরিব অগণিত সাধারণ মানুষ—তাদের ক্রয়ক্ষমতা কমেছে। এর যদি ব্যতিক্রম হয়ে থাকে, তাহ'লে সেকথা মন্ত্রিমহাশয় তাঁর বক্তৃতায় বলবেন। আমাদের পশ্চিমবাংলায় ঐরকম কিছু হয়েছে। আমাদের হিসেবে ঠিক ঐরকম হয়েছে। আমাদের পশ্চিমবাংলার ধনদৌলত যা কিছু আছে তা কাদের হাতে? তা কিছু মারোয়াড়ী বড়লোকের হাতে, কিছু ইংরেজ বড়লোকের হাতে, আর ছিটেফোঁটা বাঙ্গালী বড়লোক যাঁরা তাঁদের হাতে গিয়ে সমস্ত ধনদৌলত গিয়ে পড়েছে। যে প্রভাকশন হচ্ছে, তা তো তাঁদের কাছে আসছে না যে অনুপাতে আসা উচিত। অনেক বড় বড় আন্দোলন করতে হয়, অনেক মারামারি করতে হয়, অনেক স্ট্রাইক করতে হয় —এই একটু ছিটেফোঁটা আদায় করবার জন্য। এই অবস্থা তাঁরা সৃষ্টি করেছেন। এটা শুধু আমাদের কথা নয় এটা প্ল্যানিং কমিশনও এই রকম আশঙ্কা করছেন—এই অবস্থা আসছে। শুধু আশঙ্কা ক'রে লাভ নাই। কেন্দ্রীয় সরকারকে পশ্চিমবঙ্গ সরকারের বলা উচিত—এটা পরিবর্তন করতে হবে, এটা বন্ধ করতে হবে। এটা বন্ধ করতে হ'লে কি করা যাবে?

[3-50—4 p.m.]

এটা বন্ধ করতে হ'লে, কি করতে হবে, কি উপায়ে এটা করা যাবে, সেদিক দিয়ে অর্থনীতি কিভাবে পরিচালিত করতে হবে—তার কোন কথাই রাজ্যপালিকার বক্তৃতার মধ্যে আমরা পাচ্ছি না। এটা শুধু আমার কথা নয়, যেহেতু কমিউনিস্ট দল থেকে বলা হচ্ছে, ও'রা হয়ত বলবেন

যে আমরা কেবল বিরোধিতা করার জন্যই বলছি। অল-ইণ্ডিয়া কংগ্রেসের জেনারেল সেক্রেটারী - আমরা দেখেছি—গত বছর বাজেট যা পাশ হয়েছিল সে সম্বন্ধে মন্তব্য করতে গিয়ে এই কথাই বলেছেন—

"all available statistics go to show that inequalities in that last few years have increased instead of decreasing".

কিন্তু এ সম্পর্কে কি করতে হবে সাধারণ সম্পাদক মহাশয় তা বলেন নি—এই ইনইকোয়ালিটিস বন্ধ করতে হলে। আমি মনে করিয়ে দিতে চাই দেশের যেরকম অবস্থা দাঁড়িয়েছে, জনসাধারণ আজ যে অবস্থায় রয়েছে, আমাদের অর্থনীতির যে রকম অবস্থা—কথায় কথায় ও'রা অর্থনীতিক ক্রাইসিসের কথা বলছেন। মেসিনের জন্য বাইরে থেকে তাদের ফিরিয়ে দিচ্ছে; যখন ভিক্ষার ঝুলি হাতে তারা পৃথিবীর নানা দেশে—আমেরিকা, কানাডা, জার্মানী, জাপান ও অন্যান্য জায়গায় যাচ্ছেন, তখন আমরা দেখছি চীন দেশ তারা আমাদের পরে স্বাধীন হয়েছে এবং সেখানে যে পরিমাণ ধ্বংস হয়েছিল সেই ধ্বংসের কানাকড়ি অংশও আমাদের দেশে হয় নি। তা সত্ত্বেও তারা বলছে তারা তাদের অর্থনীতি ঠিক পথে নিয়োজিত করে নিয়ে একটা পরিকল্পিত ব্যবস্থা ক'রে নিয়ে ১৫ বৎসরের মধ্যে ৩টা পঞ্চবার্ষিকী পরিকল্পনা মারফত তারা গ্রেট ব্রিটেন অর ইংলন্ডকে ছাড়িয়ে যাবে উৎপাদন ব্যাপারে, প্রোডাকসনের দিক দিয়ে। আমি বলি—এই দিক দিয়ে সমস্ত জিনিসটা একটু ভেবে দেখা দরকার। শুধু গলাবাজি ও প্রোপাগান্ডায় প্রকৃত কাজ হবে না; গালাগালি দিলেই কাজ এগুবে না- কমিউনিস্ট বলে গালাগালি করলে, অন্যদেশকে টোটালিটেরিয়ান বলে গালাগালি দিলে চলবে না। নিজেদের দিক থেকে বর্তমান অবস্থায় কি করতে হবে, যখন গভর্নমেন্টের গদীতে বসেছেন - দুর্ভাগ্যবশতই আমি বলব—তখন সে বিষয়ে একটু চিন্তা করুন। এটা খুবই লজ্জার কথা—দেশের এই দুরবস্থা। সে বিষয়ে বেশি কিছু বলব না—দেশের মানুষের দিকে একটু তাকিয়ে দেখলেই বুঝা যায়—এইজন্য স্ট্যাটিসটিকস দরকার হবে না। গ্রামে গ্রামে একটু ঘুরলেই স্বতঃই দেখা যাবে দেশের কি অবস্থা। এর জন্য দায়ী কে? দায়ী কংগ্রেস সরকার—তাদের ছাড়া আর কেউ নয়। অনাবৃষ্টি, অতিবৃষ্টি এসবের উপর দোষ দিয়ে লাভ নেই। প্রাকৃতিক দুর্যোগ এসব তো আছেই কিন্তু সমস্যা হচ্ছে নেচারকে কি ক'রে কন্ট্রোল করতে হবে। এইজন্যই এইসব পরিকল্পনা যা দিয়ে আমরা এইসব প্রাকৃতিক বিপর্যয় কন্ট্রোল করতে পারব। কিন্তু তা আপনারা কিছু করতে পারছেন না। এইজন্যই বলছি এইসমস্ত জিনিসের জন্য দায়ী আপনারা। এবং বাস্তব অবস্থা পর্যালোচনা ক'রে এই সিদ্ধান্তে আমরা পৌঁছেছি যে কংগ্রেসী সরকার যতদিন গদীতে আসীন থাকবেন ততদিন অবস্থার আমূল পরিবর্তন মানুষের জীবনে অসম্ভব। কিন্তু দুর্ভাগ্যবশত যখন আপনারা গদীতে বসেছেন, তখন আপনাদের কাছ থেকে দাবী করবার নিশ্চয়ই আমাদের অধিকার আছে যার ফলে কিছুটা হয়ত আপনাদের দিয়ে করে নেওয়া যায়। তাই আমরা বারবার চাপ দিচ্ছি জনসাধারণের আন্দোলন ও সংগ্রামের মধ্য দিয়ে। সাধারণভাবে এই কথা বলে আমি এবার রাজ্যপালের বক্তৃতার মধ্যে কতকগুলি গুরুত্বপূর্ণ জিনিস বেছে নিয়ে দু-একটি কথা বলব খাদ্য সমস্যা সম্বন্ধে ও উদ্বাস্তু পুনর্বাসন সম্বন্ধে। গত বৎসরও এই নিয়ে বলেছিলাম এবং আমাদের যে উপদেষ্টা কমিটি হয়েছে সেখানেও এই কথা বলেছিলাম কিন্তু আমাদের যে মূল কথা সেটায় সরকার কর্ণপাত করছেন না। অনেক চেষ্টা করেও আপনাদের রাজী করান গেল না। যখন নতুন ধান উঠবে—আমরা বলেছিলাম—সেই ধান কাদের ঘরে উঠবে? সরকার ধান নিজের ঘরে কিনে নেবেন, না মিলমালিকদের কাছ থেকে ক্রয় করবেন সেই ধান—যে ধান চলে যাবে আড়তদার ও ধানের কলওয়ালাদের কাছে? এই প্রশ্নই আমরা রেখেছিলাম এবং বলেছিলাম যে অবস্থা হয়েছে তাতে এমনভাবে পারচেজ করুন যাতে কৃষকরা না ঠকে—ন্যায্য মূল্য দিয়ে ধান কৃষকদের কাছ থেকে কিনুন। দাম অযথা বেড়ে না যায়—সেজন্য আমরা বলেছিলাম সরকারই একমাত্র পারচেজার হবে। এ হ'লে সরকার কিনবে মারকেট তা হ'লে এই দুর্ভিক্ষের অবস্থা হত না। কিন্তু সরকার অনেক টালবাহানার পর ঠিক করলেন তারা এইভাবে কিনবেন না। তারা কতকগুলি কল মালিকদের, মিলওয়ালার কাছে ধান কিনবেন কিন্তু সেটা শতকরা ২৫ ভাগ। আর ৭৫ ভাগ তাদের হাতে রাখবেন। যেখানে ৮।১০ লক্ষ টন ঘাটতির পরিমাণ, ও'রাই বলছেন, অথচ সেখানে প্রায় সমস্ত খাদ্যের নিয়ন্ত্রণ বা কন্ট্রোল এই সব আড়তদার ও কলওয়ালাদের হাতে দিচ্ছেন। এসব কথা বারবার বলেছি—বলতে বলতে হয়রান হয়েছি কিন্তু সরকার তা কানে নেন

নি। উপদেষ্টা কমিটিতেও বলেছিলাম—আরও বেশি ক'রে ক্রয় করুন, অন্তত শতকরা ৫০ ভাগ আপনাদের হাতে থাক, ওদের হাতে কম থাক, কিন্তু সেকথা সরকার গ্রহণ করলেন না। আমাদের যে আশঙ্কা তা তাদের জানিয়েছি। আমরা জানি যে ঘাটতি আছে কিন্তু সেই ঘাটতি আর্টিফিসিয়ালী আরও বাড়িয়ে তোলা হবে এই সব আড়তদার ও ধানকলওয়ালাদের দ্বারা কিন্তু সরকার তাদেরই সঙ্গে এমন ব্যবস্থা করলেন যার ফলে এই সংকটকালে মানুষের খাদ্য তাদেরই হাতে ছেড়ে দিলেন। এই খাদ্য সমস্যা সম্বন্ধে এই প্রসঙ্গে আমি আর বেশি কথা বলতে চাই না অন্যান্য বন্ধুরা সে বিষয়ে বলবেন কিন্তু তবুও একটা কথা না বলে থাকতে পারছি না। দেখলাম রাজ্যপালের বক্তৃতার মধ্যে বলা হয়েছে—কৃষি সম্বন্ধে বলতে গিয়ে দু-চারটি কথা যা বলেছেন তার মধ্যে বলা হয়েছে—

"it is therefore gratifying to note that considerable progress has been recorded in the field of agriculture".

এটা লিখলেন কি করে সেটা আমি বুঝতে পারি না। ডাঃ আমেদ সাহেব ওখানে ঘুমোচ্ছেন, তাকে আর ডিস্টার্ব করব না কিন্তু তিনি জানেন ওখানে কি লেখা হয়েছে? কে লিখে দিল? এই যে বলা হল কন্সিডারেবল প্রগ্রেস হয়েছে এটা লিখতে হলে তার হাত নিশ্চয়ই কেঁপে উঠত। কি প্রমাণের বলে তারা বার বার বলেন চালের দাম কমছে—প্রচুর আমন চাল রয়েছে—মানুষেরা কিনে খাচ্ছে? কিন্তু আসলে দেখছি কি? এই সব পরিসংখ্যান অত সব হিসাবের দিকে মানুষ যাবে কেন? আমরা এত করেছি, অত করেছি, এত বীজ দিয়েছি, অত টাকা খরচ করেছি; এত সব ইরিগেশনের ব্যবস্থা করেছি। এত কথার মধ্যে লোক যাবে কেন? তারা যখন বলেন বীজ দিয়েছেন কৃষকদের চাষের জন্য - সময়মত ঋণ দিয়েছেন- তা হ'লে এসব তো ফলে কার্যত দেখতে পাবে! ফল দেখেই মানুষ বিচার করবে। এত সব কথার মধ্যে মানুষ যাবে কেন? কিন্তু বাস্তব ক্ষেত্রে আমরা কি দেখছি- ফলের দিকে কি দেখছি! এ সম্বন্ধে কয়েকটি কথা বলছি। প্রথমত বেকার সমস্যা, গ্রামের অবস্থা দেখলে শিউরে উঠতে হয়—শুনলে আতঙ্কিত হতে হয়। তাদের কথামত যদি এত উন্নতিই হয়ে থাকে তা হ'লে লক্ষ লক্ষ মানুষ বেকার হয়ে ঘুরে বেড়াচ্ছে কেন? এই যে তারা বারবার বলেন খয়রাতি সাহায্য দিচ্ছেন—এত কোটি টাকা তারা ভিক্ষার খাতে দিচ্ছেন কিন্তু এজন্য কোন ক্রেডিট পাবার কথা নয়—আনন্দিত হবার কথা নয়। একথা বলতে লজ্জায় মাথা নত করাই উচিত—কারণ ভিখিরীতে তারা মানুষকে পরিণত করেছেন বলেই এই খয়রাতি দিতে হয়। কিছুদিন আগে তারা বললেন—একটা নোট আমাদের কাছে বিতরণ করা হয়েছিল—

relief of distress caused by drought in West Bengal

ও তার নিচেই আছে যে নভেম্বর মাসে সেটা বের হয়েছে। তারপর প্রফুল্লবাবু যা বললেন—

lack of employment due to restricted agriculture severely impaired the purchasing power of the people

এ দুটো মিলছে না। পারচেজিং পাওয়ার আরও কম হয়ে গেছে। রেস্ট্রিকটেড এগ্রিকালচারের জন্য কোথায় এত সংকট হচ্ছে? শুধু বললেই হবে না অতিবৃষ্টি, অনাবৃষ্টি। তার মধ্যেই আছে—

under such condition of complete dependence of nature agriculture has become more an adventure than a profession.

কি চমৎকার কথা! দশ বৎসর কংগ্রেসী রাজত্ব চলেছে। দেশ স্বাধীন হবার পর ১॥টা পঞ্চবার্ষিকী পরিকল্পনা হয়েছে—প্রায় দুটো পরিকল্পনা শেষ হতে চলেছে। আর এখন তারা বলছেন এটা—

more an adventure than a profession

এর পর আসবে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা। তবে এসবের দ্বারা সাধারণ মানুষকে এত ভাওতা ও ধাপ্পা দিচ্ছেন কেন? আমরা সকলেই জানি ডাঃ আমেদ সাহেবের ডিপার্টমেন্টের সঙ্গে প্রফুল্লবাবুর ডিপার্টমেন্টের লোকদের দেখাসাক্ষাৎ নাই—কোন যোগাযোগ নেই। কি হবে? সেখানে অনেক কিছুই খাদ্যবিভাগ থেকে বলা হ'ল—অনেক অসত্য বলবার চেষ্টা হয়েছে কিন্তু সত্য যেটা—সত্য ঘটনা এইসব কন্ট্রাডিকশনের মধ্য দিয়েই বেরিয়ে পড়ে। তেমনি আর

একটা রেফারেন্স আছে। আমি বলছি সমাজ-উন্নয়ন পরিকল্পনা সম্বন্ধে। মস্ত বড় একটা প্রোপাগান্ডা হচ্ছে কংগ্রেস সরকারের এই কমিউনিটি ডেভেলপমেন্ট প্রোগ্রাম। সেখানে রাজ্যপাল তাঁর বক্তৃতায় বলছেন—

"2/5 of the rural areas as well as the population of the State is now covered by Community Development Project. As you are aware this project aims at improvement in all the important sectors of rural life".

[4—4-10 p.m.]

এ কথা তিনি বলেছেন, কিন্তু এ কথা কি বাস্তবের সঙ্গে মেলে? আমি মন্ত্রীদের বলছি যে এ কথা সত্য নয়। এবং তাঁরাও তা বলতে পারবেন যদি সত্য কথা বলেন। যাক, এ কথা বিশেষ বলে লাভ নেই। এখন আপনাদেরই একটা রিপোর্ট আছে যেটা আপনারা অবিশ্বাস করতে পারেন না সেটা থেকে ২।৪ লাইন পড়ে শোনাচ্ছি। সেটা হচ্ছে ইভাল্যুয়েশেন রিপোর্ট, অল্পদিন আগে বেরিয়েছে, প্ল্যানিং কমিশনের চতুর্থ ইভাল্যুয়েশেন রিপোর্ট। তাতে বলা হচ্ছে—

"As regards the benefits of the programme for the economically handicapped classes and the extent of the bridging of the distance between the better off and the worse off sections of the rural society, the reports do not give room for optimism."

একথা তাঁরা বলেছেন। তাঁরা আরও বলেছেন—

"The better off classes get loans, are more easily able to adopt improved practices and otherwise derive larger benefits from development programmes. The non-owner classes have not got the status that possession of land can alone give them. Land redistribution still remains in the realm of thought and discussion."

বিমলবাবু নিশ্চয় এটা পড়েছেন এবং একটু চিন্তা করবার চেষ্টাও বোধহয় করেছেন।

"The result of all these is that while some people undoubtedly are benefiting from the development programmes and improving their economic and social conditions, these usually belong to those sections in the village who are already somewhat better off than their fellow villagers. This is a matter of concern for the future of development programmes."

আর একটা রিপোর্ট দেখলাম

"Balavanta Rao Mehta Committee Report"

তাতে আছে—

"At the other end, the landless labourer who gets his daily wage found it hard to participate voluntarily. Where he did, his sacrifice was perhaps not unqualified and possibly not always of his free will."

এই যদি অবস্থা হয়ে থাকে—মনে রাখবেন বারে বারে এই হাউসে বলা হয়েছে যে কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট বা সমাজ উন্নয়ন পরিকল্পনাকে আপনারা মূল জিনিস বলে ধরেছিলেন। কিন্তু দুর্ভাগ্যবশত এতদিন বিভিন্ন জায়গায় এটা করবার পর আপনারা বলছেন যে, পাঁচ ভাগের দু' ভাগ এলাকায় এটা করা হয়েছে। এই দুটো রিপোর্ট হতাশাজনক রিপোর্ট, ব্যর্থতার রিপোর্ট। আমি আশা করেছিলাম যে, সরকার এই রিপোর্টের পর বলবেন যে, পশ্চিম বাংলায় এটা প্রযোজ্য নহে। এ'রা যে সিদ্ধান্তে পৌঁছেছেন আমাদের পক্ষে এতটা ঠিক নহে। কিন্তু আমি মনে করি এটা সম্পূর্ণ ঠিক, এবং তা' থেকেও বেশি ঠিক এই রিপোর্টে যা বলেছেন আমার মনে হয় তা' কিছুই করেন নি। প্ল্যানিং কমিশন যে কথা বলেছেন জমি বিতরণ করবার এবং কো-অপারেশন গড়ে তোলবার এগুলোর কি করেছেন? কোন ব্যবস্থা কোন দিক থেকেই হয় নি; জমি কৃষকেরা পায় নি অথচ লক্ষ লক্ষ কৃষক জমি থেকে উচ্ছেদ হয়েছে। এ কথা বলে লাভ

নেই যে, আমরা সময় পাই নি। এত বড় মূল জিনিস এ আপনারা করতে পারলেন না। এইজন্যেই বলছি কিছুই হয় নি। যে আমূল পরিবর্তন আনবার বা ল্যান্ড রিফর্মের কথা ছিল তার কোনরকম ব্যবস্থা হ'ল না, কিছু কিছু আইন আপনারা করলেন, তাতে কারও উপকার হ'ল না; গ্রামে গেলে আমরা দেখি চরম হতাশা। জমিদারী উঠে গেল, তা থেকে আমরা ভেবেছিলাম কোথায় একটা আলোড়ন দেখা দেবে, কোথায় আমরা ভেবেছিলাম হাজার হাজার মানুষ এগিয়ে এসে বলবে আমরা দেশকে গড়ে তুলতে চাই, কিন্তু তা না হয়ে কি দৃশ্য সেখানে দেখতে পাই, আমরা দেখতে পাই কোন কিছুরই ব্যবস্থা আপনারা করেন নি।

তারপর এখানে আর একটা আছে কৃষির ব্যাপারে—এই ব্যাপারে রাজ্যপাল মহাশয়া বলেছেন সেচ ব্যবস্থা সম্বন্ধে যে,

> "We are reaping some benefits from our completed irrigation schemes and more are in the process of execution."

খাদ্যমন্ত্রী এর আগের বার একটা হিসাব আমাদের দিয়েছিলেন যে কত জায়গায় এইভাবে সেচ ব্যবস্থা হয়েছে। তিনি বলেছিলেন যে স্বাধীনতার আগে যেখানে শতকরা ১৭ ভাগ ছিল সেখানে এখন শতকরা ৩৩ ভাগ সেচ ব্যবস্থা হয়েছে। এবং দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় পশ্চিম বাংলায় শতকরা ৫০ ভাগ সেচ ব্যবস্থা হবে; কিন্তু আমি আবার বলি, প্রফুল্লবাবু এবং অন্য মন্ত্রীদের তাঁরা যেন এটা পড়ে দেখেন, প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার পর্যালোচনার রিভিউ। তার ১৫৩-৫৪ পাতায় দেখতে পাই, সেখানে লেখা আছে যে প্রায় ১১ ভাগ থেকে ১৩ ভাগ হয়েছে, সেখানে আপনাদের যে ফিগার ১৭ থেকে ৩১ তা' একেবারেই হয় নি। কাজেই আমি বলছি যদি কিছু করতে না পারেন অন্তত মানুষকে এইভাবে ভাঁওতা দেবেন না। কতকগুলো এইরকম পরিসংখ্যান এনে কিছুই লাভ হয় না যদি সেইসব ব্যবস্থা এখানে না হয়, দুর্ভিক্ষ, অভাব-অনটন যেখানে দেখা দিয়েছে এবং বেকার সমস্যা দেখা দিয়েছে সেখানে এইরকমভাবে পরিসংখ্যান বা হিসাব দিয়ে বাস্তবকে ঠেকিয়ে রাখা যায় না, সত্যই সেটা অসম্ভব।সম্প্রতি একটি কমিটি বসেছিল মেটা কমিটি ফুড এনকোয়ারি করবার জন্য--তাঁরাও সেখানে লিখেছিলেন পশ্চিম বাংলা সম্বন্ধে যে ইরিগেশন সম্বন্ধে যে ব্যবস্থা হতে পারত সে ব্যবস্থা করেন নি। একটা কথা তাঁরা সাধারণভাবে বলেছেন, যেটা আমরা বরাবরই বলছি যে, কৃষকেরা এ থেকে বিশেষ কিছুই উপকার গ্রহণ করতে পারে না এই সেচ ব্যবস্থা হলেও। কারণ, এত উচ্চ জলকর আপনারা বসিয়েছেন যে এতে অসুবিধা হয়; এটা আমরা প্রথম থেকেই বলছি, বিশেষত ঐ ময়ূরাক্ষী সম্বন্ধে, কিন্তু কেহই কর্ণপাত করে নি বরং মন্ত্রিমহাশয় বলেছেন যথেষ্ট খাদ্য উৎপাদন হচ্ছে, এবং তাহারা অনেক বেশি জলকর দিতে পারে। যাহা হউক এই মেটা কমিটির রিপোর্টে যা আছে তা থেকে একটু পড়ে দিচ্ছি -

> "About 50 per cent. of the potential benefits from the major irrigation projects were not being utilised. The most important factor that determines the level of use of irrigation water is the water rate charged. In many cases the basis for fixing or revising these rates has been arbitrary. Unless double crop is introduced, there is little prospect of additional food production from the Mayurakshi project and the irrigation system of D.V.C. in West Bengal. Such changes can be brought about only if sufficient inducement by way of concession or exemption of water charges for the second crop is given to the cultivators during the first few years."

একথা মেটা কমিটি এতদিন পরে বলেছেন যেটা বরাবর আমরা বলেছি, কিন্তু কেহই একটুও কর্ণপাত করে নি। যাহা হউক এখানে এ সম্বন্ধে আর সময় নষ্ট না করে বলব যে, এইসব কারণ জড়িয়ে, বর্তমান অবস্থাকে কেবল দৈব ঘটনা না বলে এবং এগুলির জন্য অনাবৃষ্টি, অতিবৃষ্টিকে একমাত্র কারণ না বলে আমি বলতে চাই, যে এর জন্য প্রধানত কংগ্রেস সরকারই দায়ী, তাঁদের পরিকল্পনা দায়ী এবং তাঁদের দৃষ্টিভঙ্গী দায়ী, এবং তার ফলে তাঁরা পশ্চিম বাংলাকে এইরকম একটা চরম সঙ্কটের মধ্যে এনে ফেলেছেন।

তারপর শিল্প সম্বন্ধে বিশেষ বলব না, কারণ বলে লাভ নাই, কালকে ডাক্তার রায় তাঁর বাজেট বক্তৃতায় বলেছেন যে, বিগ ইন্ডাস্ট্রি বা বড় শিল্পের ব্যাপারে আমরা কিছু করতে পারব না যা কিছু কেন্দ্রিয় সরকারই করবেন। কেন পারব না? আমাদের কেন্দ্রিয় সরকার কি কোন ফরেন সরকার, সেটা কি একটা ফরাসী সরকার, যে তাঁরাই সব কিছু করবেন আমাদের কিছুই করবার নাই? আমরা এখানে কি খালি খানিক চেঁচাব? "আমরা এখানে কেবল কুটির শিল্প হিসাবে গড় তৈরি করে বা ইট তৈরি করতেই থাকব" কিন্তু কেবল এই স্মল-স্কেল ইন্ডাস্ট্রি থাকলেই চলবে না। আমাদের রিফিউজী সমস্যা এত, আমাদের আনএমপ্লয়মেন্ট এত বেশি যে, কেবল পুরানো কটা ইন্ডাস্ট্রির উপর নির্ভর করলে চলবে না। নূতন নূতন ইন্ডাস্ট্রি করতে হবে। রিফিউজি ডিপার্টমেন্টে কোটি কোটি টাকা খরচ হচ্ছে, তার অর্দ্ধেক বোধ হয় নষ্ট হচ্ছে, সেইজন্য কেন আপনারা বলতে পারবেন না যে, সেই টাকা দিয়ে মূল শিল্প এখানে গড়ে তুলব এবং সংগে সংগে কুটির শিল্প এবং ছোট শিল্প গড়ে তুলব? এই কথা বলা উচিত ছিল, আপনারা বলেন ১০০ কোটি টাকা খরচ হবে দণ্ডকারণ্যের জন্য। কেন আপনারা বলতে পারেন না, এখানে বাস্তুহারাদের কাজ দেবার জন্য, এখানে শিল্প গড়ে তোলবার জন্য, এখানে কুটির শিল্প পুনর্জীবিত করবার জন্য আমাদের টাকা চাই?

[4-10—4-20 p.m.]

এজন্যই বলছিলেন এখানে কিছু হবে না, কোন প্রয়োজন নাই, সব বাইরে পাঠিয়ে দাও।

তারপর বাস্তুহারাদের সম্পর্কে বিশেষ করে এখান থেকে বলা হবে, আমি কিছু বলছি না শুধু এটুকু বলব সরকার যে পরিকল্পনা গ্রহণ করেছেন তাতে যদি তারা জবরদস্তি করে, জোরজুলুম করে, তাদের বিভিন্ন জায়গায় পাঠিয়ে দিতে যান তা হ'লে সর্বনাশ ডেকে আনবেন, মারাত্মক কাণ্ড করবেন। যদি করেন তা হ'লে পশ্চিম বাংলায় তারা অনাবশ্যক এমন এক ব্যাপক আন্দোলন গড়ে তুলতে বাধ্য করবেন, আমরা জানি না কোথায় গিয়ে সেটা দাঁড়াবে। আমার মনে আছে দণ্ডকারণ্য সম্বন্ধে যখন আলোচনা হয় তখন আমরা একটা প্রস্তাব গ্রহণ করেছিলাম। কিন্তু আজকে দার্জিলিংএ কনফারেন্স হয়ে গেল, আজ অবধি তারা আমাদের কোনদিন ডেকে বলেন নি যে পরিকল্পনা আমরা এমনভাবে করব, এভাবে এখানে বসাবো—কি তাঁদের আছে না আছে আমরা কিছুই জানতে পারলাম না। তাঁরা কাগজে মাঝে মাঝে বিবৃতি ছাড়েন—শুধু তাই নয়, আজকে এখানে দেখছি না, কংগ্রেস সেক্রেটারী শ্রীবিজয়সিং নাহার মহাশয়ের হয়ত মনে আছে তিনি একথা বলেছিলেন—উনি এখন সেক্রেটারী আছেন কি না জানি না—কাগজে দেখছিলাম উনি রিজাইন করেছেন, তিনিও একথা বলেছিলেন যে জোর করে কাউকে সেখানে পাঠানো হবে না। যদি কেউ যেতে চায় যাবে। যদি কেউ যেতে না যায় তাকে বুঝিয়ে-সুজিয়ে চেষ্টা করতে হবে কিন্তু জোর করে 'ডোল' বন্ধ করে, লাঠি মেরে, টিয়ার গ্যাস ছুঁড়ে যেন এ ব্যবস্থা না করা হয়। কিন্তু সরকার যে পরিকল্পনা গ্রহণ করেছেন রাজ্যপাল মহোদয়া সে সম্বন্ধে বিশেষ কিছু বলেন নি। তারপর আমি শুধু দু'-একটি জিনিস বলব। এটা খুবই আশ্চর্য, স্পীকার মহাশয় আপনি হয়ত লক্ষ্য করেন নি, আপনিও খানিকটা এতে ইন্টারেস্টেড, তাই বলছি যে পাবলিক হেলথএর বিষয় বলতে গিয়ে এখানে একটা অংক দেওয়া হয়েছে। ৩০০ হেলথ সেন্টার করা হয়েছে যা নিয়ে একটু আগেও একটা প্রশ্নের উত্তরে তা বলা হয়েছে। কিন্তু আমি এটাই বলব যে এটা কি সরকারের ভুল হয়ে গেল, না প্রিন্ট করতে গিয়ে পড়ে গেল যে, প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনায় ৬৫০টি হেলথ সেন্টার করার কথা ছিল কিন্তু করলেন ৩০০টি। এটার কি কৈফিয়ত দেবেন? এবং এ নিয়ে লিখেছেন যে এতগুলি হেলথ সেন্টার করেছেন এটাই আমাদের কাছে আশ্চর্য লাগে। এ থেকেই বুঝা যায় সরকার সিরিয়াস নন, গদিতে বসে থাকতে চান, বসে থাকুন কিছুই তাদের করবার নাই।

ঠিক এইভাবে শিক্ষা সম্বন্ধে আমি কিছু বলব না। পরবর্তীকালে যে বিল আছে বিশেষ করে সেকেন্ডারী শিক্ষা সম্বন্ধে এখানে আলোচনা হবে, এখানে বলতে চাই শুধু একটা কথা এই যে যেটা ১০ বছর আগে করার কথা ছিল—প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক এবং অবৈতনিক করার কথা—আজও তার বিশেষ কিছু করতে পাচ্ছেন না। এখানে চীনদেশের কথা বলতে হয়। ৩ বছর আগে সেখানে গিয়েছিলাম, দেখলাম সমস্ত হাইয়ার সেকেন্ডারী এডুকেশন ফ্রি করে দিয়েছে। ডাক্তারী, ইঞ্জিনিয়ারিং, এগ্রিকালচার যা কিছু পাঁচ বছর পড়তে হয় তাতে একটি

পয়সাও খরচ দিতে হয় না—এই ব্যবস্থা তারা হাজার হাজার ছেলেমেয়েদের করে দিয়েছে। ঠিক এইভাবে আমরা দেখছি এবং শুনছি যে সেখানে সমস্ত শিক্ষা একেবারে অবৈতনিক হয়ে গেছে। যদি ১৯৪৯ থেকে স্বাধীন হয়ে তারা এই ব্যবস্থা করে ফেলতে পারে আমরা কেন করতে পাচ্ছি না? কেন পাচ্ছি না? কারণ গোড়ায় গলদ। আপনাদের পরিকল্পনা, মুষ্টিমেয় লোকের জন্য, বড় লোকের জন্য, গরীবকে আরও গরীব করার জন্য—অথচ এই পরিকল্পনাকে ঢেলে সাজবার কোন ব্যবস্থা নাই। এবং আর একটা কথা শুনলাম তা নিয়ে আবার গণ্ডগোল আসছে—সেটা হচ্ছে প্রফেসরদের ব্যাপারে ইউনিভার্সিটি গ্র্যান্টস কমিশন যে টাকা দিয়েছিলেন তা নাকি বিতরণ করা যাবে না, ফেরত যাবে, অনেক টাকা ল্যাপস হয়ে যাবে, কারণ ঠিক করা গেল না কোন কলেজকে দেওয়া হবে, না হবে এবং কি নীতিতে দেওয়া হবে। এটা সত্য হলে এখানে কয়েক লক্ষ টাকা ল্যাপস করে যাবে। এটা মারাত্মক কথা, অথচ টাকার অভাবে কত জায়গায় শিক্ষা বন্ধ হয়ে যাচ্ছে, কত ছেলেমেয়ে পড়তে পাচ্ছে না টাকার অভাবে। তারপর এবারে আমরা ভেবেছিলাম যে রাজ্যপাল মহোদয়ার বক্তৃতায় অন্তত একটা জিনিস পাব যে আমাদের পৌরসভাগুলিতে প্রাপ্ত বয়স্কদের ভোটাধিকার অ্যাডাল্ট ফ্রান্চাইজ হয়ে যাবে, এইরকম কোন বিল আসবে কারণ আমাদের কলকাতার পৌরসভা, কর্পোরেশনে দেখলাম এইরকম প্রস্তাব, কংগ্রেসের মেজরিটি থাকা সত্ত্বেও তারা এইরকম প্রস্তাব গ্রহণ করেছেন। এতদিন ধরে কংগ্রেসের নেতারা ভয় করতেন যে যদি অ্যাডাল্ট ফ্রান্চাইজ করে দেন তা হলে বোধ করি বাংলাদেশের অর্দ্ধেকের বেশি মিউনিসিপ্যালিটি তাঁদের হাত থেকে বেরিয়ে যাবে—কলকাতা কর্পোরেশন তো নিশ্চয়ই যাবে এ বিষয়ে কোন সন্দেহ নেই এবং সেজন্যই তাঁরা এটা করেন নি কিন্তু কর্পোরেশনে তাঁদের মেজরিটি থাকা সত্ত্বেও এটা পাশ হয়ে গেছে কিন্তু এখানে তার কোন ইন্ডিকেশন নেই। সংশ্লিষ্ট মন্ত্রীকে এখানে দেখছি না এটা আশ্চর্য লাগছে এবং মুখ্যমন্ত্রীর বক্তৃতাও আমরা শুনলাম, শুধু অ্যাডাল্ট ফ্রান্চাইজের ব্যাপার নয়। তিনি কেঁদেছেন যে কেন্দ্রিয় সরকার এটা দিলে না ওটা দিলে না তারা আমার টাকা নিয়ে গেল—আমাকে টেলিগ্রাম পাঠায় শেষ মুহূর্তে। সবগুলির ব্যাপারে আমরা তাঁর সঙ্গে একমত, কিন্তু কান্নার ব্যাপারে একমত নয়। আমি একথা বলি যে প্রত্যেকটা মিউনিসিপ্যালিটি আমাদের সরকার সম্বন্ধে একথা বলে যে সরকার টাকা দিচ্ছে না বলে জল নেই, সরকার টাকা দিচ্ছে না, আমরা রাস্তাঘাট করতে পাচ্ছি না। তার উপর মানুষের ক্রয়ক্ষমতা নেই, এইভাবে কিছুই করা হচ্ছে না, চারিধারে এই তো শুনছি অথচ আজ অবধি ইংরাজ চলে যাবার পর একটা ব্যবস্থা হল না যে কি করে এইসমস্ত স্বায়ত্বশাসনমূলক প্রতিষ্ঠানগুলি চলতে পারে, কি করে তারা গ্রান্ট পেতে পারে যাতে সেগুলি সত্যিকারের সাধারণ মানুষের স্বায়ত্বশাসনমূলক প্রতিষ্ঠান হয়। আমরা ভেবেছিলাম যে এ বছরে অন্তত আমরা এই জিনিস দেখব কিন্তু তার কোন আভাষ নেই। তার মানে তাঁরা কিছু করবেন না, আরও যতদিন পারেন তাঁরা এগুলিকে কুক্ষিগত করে রাখবেন অল্পলোকের ভোট নিয়ে। কালকেও আমরা দেখলাম দুটো সিটে ও'রা হেরেছেন গ্রাজুয়েট কনস্টিটিউয়েন্সীর ব্যাপারে।

আর একটা কথা আমি এখানে বলব, মুখ্যমন্ত্রী মহাশয় এখানে থাকলে ভাল হোত আমি বলব গতবার তিনি বলেছিলেন, প্রতিশ্রুতি দিয়েছিলেন যে গভর্নমেন্ট সার্ভেন্ট যাঁরা তাঁদের যে গভর্নমেন্ট সার্ভিস কন্ডাক্ট রুলস আছে—ইউনিয়ন মেনে নেবার যে ব্যাপার আছে সেগুলির পরিবর্তন হবে, সেগুলি একশো বছর আগেকার জিনিস।

**The Hon'ble Bimal Chandra Sinha:**
তার জন্য একটা সাব-কমিটি করা হয়েছে।

**Sj. Jyoti Basu:**
একটা সাব-কমিটি হয়েছে শুনলাম, কিন্তু অল্পদিনের মধ্যে এটা করে দিন, অত্যন্ত অগণতান্ত্রিক জিনিস চলছে। এইভাবে পাবলিক সার্ভিস কমিশনে চমৎকার ব্যাপার চলছে। পাবলিক সার্ভিস কমিশন একটা ছেলেকে—নিমাই চট্টোপাধ্যায়—তাঁকে চাকরি দিয়েছিলেন। ৬ মাস পর পাবলিক সার্ভিস কমিশন লিখে পাঠালেন অ্যাডভার্স পুলিস রিপোর্টে তোমার চাকরি গেল—অ্যাডভার্স পুলিস রিপোর্ট ফর পলিটিক্যাল অ্যান্টিসিডেন্টস। কাগজপত্র আমার

কাছে আছে। আমি ডাঃ রায়কে লিখেছিলাম আপনি একি সর্বনাশ করছেন, একটা ছেলের চাকরি খেয়ে দিচ্ছেন? উনি আমাকে লিখলেন—আমার কিছু করবার নেই। উনি লিখলেন—

"I have seen Shri Amar Ganguly (an M.L.A.) and the youngman Shri Nemai Chatterjee. The enquiry regarding the candidate is made by the Public Service Commission and the Government is not asked about it. They employ their own machinery to get the information and I believe the young gentleman has been found unsuitable for service under Government."

তারপর আমি সেটা পাবলিক সার্ভিস কমিশনের চেয়ারম্যান এ, টি, সেনের কাছে পাঠিয়ে দিই এবং আমি তাঁকে লিখি—

"Please find herewith a copy of a letter written to me by the Chief Minister. Since the enquiry is made by the Public Service Commission and the Government is not asked about it, is it possible for me to know in the public interest what exactly is the criterion for suitability or otherwise for Government service since independence of our country? For exactly the youngmen to know what political antecedents entitle him to Government service. You will agree with me that under the cover of such vague words serious injustice might be perpetrated on the person. Is it not the duty of the Public Service Commission to lay down an exact code of conduct by which our youth should be guided to enable them to enter Government service or should we leave the fate of these people to the vague and meaningless report of police informers and Inspectors".

[4-20—4-30 p.m.]

এটা আমি লিখেছিলাম। পাবলিক সার্ভিস কমিশন-এর চেয়ারম্যান বললেন—আমার কিছু করার নাই। কারণ, আমাদের কোন মেসিনারী নাই। উনি লিখেলেন—কোন মেসিনারী নাই, এগুলির ব্যবস্থা হয় যেমন আমরা মেডিক্যাল রিপোর্ট নিই,
we do not enter into the merit of the report.
সেইভাবে পুলিস রিপোর্ট নিই,
we do not enter with into the merits of the case.
আচ্ছা, এর মানে কি? এনি সাব-ইন্সপেক্টর বলে দেবেন ছেলেটি স্টুডেণ্ট ফেডারেশনএর মেম্বার ছিল।
Therefore he is unfit for Government service.
পি-এস-সি কেন মেনে নেবেন এগুলি? আমি জিজ্ঞাসা করি মন্ত্রীদের, আপনারা কি জানেন না এগুলি হচ্ছে? সেজন্যই আমি ডাঃ রায়কে বলেছিলাম, আপনি একটা লিস্ট করে দিন, তোমরা ভবিষ্যতে যদি চাকরী চাও তাহলে এই এই সংগঠনে যোগদান করতে পারবে না। নাম করে বলে দিন। কমিউনিস্ট পার্টি হলে তো কোন কথাই নাই, অন্যান্য অর্গেনাইজেশন-এর সংগে যোগ থাকলেও চাকরী চলে যাচ্ছে। এইভাবে অনেক ইয়ংম্যানএর চাকরী চলে যাচ্ছে। এই পুলিস রিপোর্ট চাইলে আপনারা বলেন, পাবলিক ইণ্টারেস্টএ আমরা দেব না। এই হচ্ছে গণতন্ত্র দশ বৎসর স্বাধীনতা হবার পর। এতো তোমাদের টোটালিটারিয়ান স্টেট নয়। আমরা এখানে ডিমোক্রেসী প্রতিষ্ঠা করব এবং তারজন্য ডিমোক্রেটিক প্রসিডিওর দরকার। তা নাহলে আমরা কি করে ধরব? এতো তোমাদের রাশিয়া নয়।

তারপর, মেদিনীপুর জেলার স্কুল বোর্ড সম্পর্কিত ব্যাপারে এডুকেশন মিনিস্টারএর দৃষ্টি আকর্ষণ করেছিলাম, ৫২ জন শিক্ষকের ঘটনা নিয়ে। এই শিক্ষকদের এক গ্রাম থেকে অন্য গ্রামে ট্রান্সফার করা হল, তার মানে তাঁরা ঘরদোর ফেলে অন্য জায়গায় যাবেন এবং তার ফলে তাঁরা দুই জায়গায় থাকতে বাধ্য হবেন। মাইনে তো তাদের দেন মাত্র ৩০-৪০ টাকা। মন্ত্রীমহাশয় বলেছিলেন, এর মধ্যে পলিটিক্যাল কিছু নাই, এটা পাবলিক ইণ্টারেস্টএ করা হয়। আচ্ছা, এই পাবলিক ইণ্টারেস্ট জিনিসটা কি? এত মিথ্যা কথা কেন? আপনাদের যদি সাহস থাকে, বলে

দিন তোমরা পলিটিকস করছো এবং তাই ছাঁটাই করছি। অমুক ক্যান্ডিডেটকে তোমরা সাপোর্ট করেছ। একে গণতন্ত্র বলে না। আমি জানি এখানে ল এ্যান্ড অর্ডারএর কথা বলা হবে। কিন্তু কি আশ্চর্য, যেখানে রাজ্যপালিকা বলছেন,

in the sphere of law and order the situation in the state was on the whole peaceful.

কালিপদবাবু, তিনি কি জানেন যে এটা লেখা হয়েছে? তিনি কি জানেন যে, প্রত্যেক পুলিস অফিসার পর্যন্ত বলছেন, তাঁরা সকলেই বড় বড় অফিসার—গুন্ডায় ভরে গিয়েছে পশ্চিমবাংলা। আসানসোল, হাওড়া, কলকাতা এবং চব্বিশপরগনার বিভিন্ন ইন্ডাস্ট্রিয়েল বেল্টএ কিছু কিছু লোক, চৌধুরীরা গুন্ডায় পরিণত হয়েছে এবং এ কথা ঠিক যে, তারা সবাই বড় বড় লোকের সংগে কানেকটেড। কোর্টে গেলে তাদের খালাস করে আনেন। এই জিনিস তাঁরা আজকে করছেন। আপনারা সাধারণ লোককে কিছু কিছু গ্রেপ্তার করছেন, কিন্তু যারা খুন রাহাজানি ইত্যাদিতে লিপ্ত তাদের আপনারা ধরছেন না, তারা নির্বাচনের সময় আপনাদের কাজে লাগবে। এইভাবে আপনাদের ল এ্যান্ড অর্ডার চমৎকার চলছে। এভাবে আজকে কংগ্রেস মেসিনারী ওয়ার্ক করছে। আজকে দেশের ভিতর ল এ্যান্ড অর্ডার সিচুয়েশন ডেটেরিওরেট করেছে। কালিপদবাবু এখানে আছেন, তিনি ব্লাড প্রেসারএর রোগী বলে, তা নাহলে আমার ইচ্ছা করে তাঁকে নিয়ে ছদ্মবেশে বেরিয়ে দেখাতে কিভাবে এক লক্ষ টাকার জুয়াখেলা হয় এই রাজ্যে। সেদিন আপনারা রাইটার্স বিল্ডিংসএ রোটান্ডায় কন্ফারেন্স ডাকলেন, তাতে পুলিস অফিসারদের ডাকলেন, আমাদের তো ডাকলেন না, এম-এল-এদেরও ডাকলেন না, সেখানে আপনাদের অনেক দলের লোকের সংগে পরিচয় হল এবং পুরানো দিনের লোকের সংগেও দেখা হল। যাই হোক, স্পীকার মহাশয়, আমার শেষ কথা, আপনি হয়তঃ আমার কথা শুনে অসন্তুষ্ট হচ্ছেন, আমাদের মুখ্যমন্ত্রী এবং আমাদের মন্ত্রী প্রফুল্লচন্দ্র সেনের ছবি বেরিয়েছিল বিখ্যাত গুন্ডার সংগে, এটা কি আমরা জানি না? আমার শেষ কথা, বাস্তব অবস্থার সংগে এই বক্তৃতার কোন সম্পর্ক নাই। বাস্তবকে ঢেকে রাখবার চেষ্টা করা হয়েছে, এবং সেইভাবে তাঁরা কাজ করছেন।

**Dr. Prafulla Chandra Ghose:**

সভাপাল মহাশয়, প্রথমেই আমি একটা কাজের জন্য সরকারকে ধন্যবাদ জানাচ্ছি—এবার রাজ্যপালের বক্তৃতা ইংরাজী ও বাংলা দুই ভাষাতেই বিতরণ করা হয়েছে, সেজন্য সরকারকে ধন্যবাদ দিচ্ছি। কিন্তু সরকার যদি বাংলাকে এই রাষ্ট্রের রাষ্ট্রভাষা বলে স্বীকার করতেন তাহলে সরকারকে আরো আন্তরিক ধন্যবাদ দিতে পারতাম। একটা কথা শুনে আমার ভয় হচ্ছে—যখন গণেশবাবু ভাষার কথা জিজ্ঞাসা করলেন তখন মুখ্যমন্ত্রী মহাশয় বললেন, 'তোমরাত বাংলাভাষা স্থির করেছ অর্থাৎ তোমরা স্থির করেছ, আমরা স্থির করি নি। এটাই হচ্ছে দুঃখের কারণ। আমি আশা করি সরকার এই জিনিসটা উপলব্ধি করবেন, তাহলে আন্তরিক ধন্যবাদ দিতে পারব। জ্যোতিবাবু যেসমস্ত কথা বলেছেন আমি তার পুনরবৃত্তি করতে চাই না, কিন্তু একটা কথা না বলে পারছি না যে, খাদ্য, শিক্ষা, বেকার, উদ্বাস্তু, ভাষা ইত্যাদি কোন সমস্যারই সমাধান এই সরকার করতে পারেন নি। খাদ্য সমস্যা সম্বন্ধে রাজ্যপালের ভাষণে বলা হয়েছে যে, কয়েক লক্ষ টনের অভাব আছে, তা ৭ লক্ষ, ৮ লক্ষ, ১০ লক্ষ টন যাই হোক। আশা করছেন এই বৎসরে বোরো ও আউস ধান সাড়ে তিন লক্ষ টনের মত হবে, কিন্তু যেটা আশা করছেন সেটা কি হবে তা জ্যোতিষী ছাড়া আর কেউ বলতে পারে না। কাজেই অভাব ৭ লক্ষও হতে পারে, ৮ লক্ষও হতে পারে, আবার ৯ লক্ষও হতে পারে। যদি ৭ লক্ষও হয় রাজ্যপাল তার সহজ সমাধান দিয়ে দিয়েছেন, তোমরা গম খাও। আর, লোকে যদি গমও খায় তাহলেও এক টন আটার দাম ৪০ টাকা ধরে ৭ লক্ষ টনের দাম হয় ২৮ কোটি টাকা। কাজেই প্রথম কথা হচ্ছে, সরকার মনে করেন যে বাজারে যদি গম থাকে তবে সরকারের কর্তব্য শেষ হল তা লোকে কিনে খেতে পারুক আর নাই পারুক। এজন্যই আমি গতবার বলেছিলাম প্রথম থেকেই টেস্ট রিলিফও অন্যান্য কাজ আরম্ভ করা হোক, কিন্তু তার বিশেষ কিছু দেখছি না। খবরের কাগজে, স্টেটমেন্টএ দেখলাম বাঁকুড়ায় মেয়েপুরুষ সবাই কাজের সন্ধানে ছুটছে। আমি বুঝতে পারছি না তারা কি করে বাঁচবে, কি করে পয়সা পাবে। এই হচ্ছে বর্তমানে দেশের অবস্থা। তারপর, স্থায়ী সমাধান। খাদ্য সমস্যা সমাধানের রিপোর্টে আছে যে কৃষির উন্নতি হয়েছে। ডাঃ আমেদকে আমি জিজ্ঞাসা করি, পশ্চিমবাংলায় বিঘাপ্রতি গড় উৎপাদন কিভাবে বেড়েছে। বিঘাপ্রতি গড়

উৎপাদন কিছু বেড়েছে? কিছুই বাড়ে নি। স্পীকার মহাশয় আমাকে ক্ষমা করবেন, আমি একথা বলব কৃষি বিভাগের সংগে জনগণের কোন যোগাযোগ নাই। আমরা চেষ্টা করে পয়সা দিয়েও সার কিনতে পাই না। আপনারা সরকারী এমোনিয়াম সালফেটএর কথা বলেন, কিন্তু হাড়ের গুঁড়া চাইলে পাওয়া যায় না। টাকা জমা দিলেও পাওয়া যায় না। এ সম্বন্ধে আমি একবার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে বলেছিলাম। কিন্তু আমাদের দেশের কয়জন কৃষকের ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটএর কাছে এ কথা বলবার সুযোগ আছে?

[4-30—4-40 p.m.]

উৎপন্নের পরিমাণ বাড়ে নি। তারপর ভারতবর্ষের যিনি প্রধানমন্ত্রী তিনি বলেছেন 'তোমরা মাছ খাও, তোমরা ডিম খাও, তোমরা দুধ খাও, ফল খাও, ইত্যাদি'। কিন্তু রাজ্যপালের ভাষণে দেখছি দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা যখন পুরা হবে, তখনকার টার্গেট হল ১৪ লক্ষ মণ মাছ বৎসরে, অর্থাৎ যা দরকার তার শতকরা পাঁচ ভাগের এক ভাগও নয়। শতকরা পাঁচ ভাগেরও কম হল টার্গেট দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা যখন শেষ হবে। তাই যখন— আমাদের মৎস্যমন্ত্রী মহাশয়, তিনি এখানে উপস্থিত নাই, তিনি অসুস্থ হয়েছেন, দুঃখিত। তবু বলছি আসতে আসতে তমলুক মহকুমায় রাস্তায় দেখি লেখা আছে, মৎস্য বিভাগ, একটা দালানওয়ালা বাড়ী তার মধ্যে মৎস্যচাষের একটা সাইনবোর্ড লাগান আছে। দেখে মনে হয় আমাদের জীবনে বোধহয় শুধু সাইনবোর্ডই দেখে যাব; আর আমাদের পরে যাঁরা আসবেন তাঁরা কি দেখবেন জানি না। আমি মাছ খেতে বেশী ভালবাসি বলে আমাকে ঠাট্টা করেন। কিন্তু তারজন্য আমি লজ্জিত নই। এই মাছ আমরা পাই কোথায়? কলকাতার লোকের, যাদের পয়সা আছে তারাই এই চড়াদরে মাছ কিনে খেতে পায়। কিন্তু আমার মনে হয় গ্রামের লোক, তারা তা ও পায় না। ধরুন ১৪ লক্ষ মণ মাছও বছরে হয়, কিন্তু, আমাদের প্রয়োজন ২ কোটি ৪০ লক্ষ মণ, তাহলে বুঝতে পারেন আমাদের প্রয়োজনের তুলনায় কত কম। প্রধানমন্ত্রী বলেছেন দেশের লোক মাছ খাবে। কিন্তু মাছত বিলাসিতায় পরিণত হয়েছে। বাইরের সব মাছ কলকাতায় চলে আসে, এবং কলকাতার মুষ্টিমেয় লোক তা কিনতে পারে, এই হল অবস্থা।

তারপর দুধ সম্বন্ধে। সরকার বলে থাকেন আমরা সস্তায় দুধ দিই। ইউরোপের সব দেশেই এরচেয়ে সস্তায় দুধ দেওয়া হয়। ডাঃ আমেদ ইউরোপের বহু দেশে গিয়েছেন, তিনি জানেন যে প্রত্যেক দেশেই দুধ এদেশের চেয়ে সস্তা। জারমানী, হল্যান্ড, ফিনল্যান্ড বলুন, সব জায়গাতেই দুধ সস্তা। তারপর এ'রা সরকারী দুধ সরবরাহের যে অংক দিয়েছেন, সেটা যাতে বড় করে দেখান যায়, তার জন্য পাউন্ডে দিয়েছেন। দৈনিক ৫২,০০০ পাউন্ড অর্থাৎ ৬৫০ মণ মাত্র। এক লন্ডন সহরেই দৈনিক ৬০,০০০ মণ দুধ বিলি করা হয়। এই ৫২,০০০ পাউন্ডে, কলকাতায় যদি লোক সংখ্যা ২৬ লক্ষ ধরা হয়, তাহলে মাথাপিছু এক আউন্সের তিন ভাগের এক ভাগের বেশী পড়ে না। এক কোটি টাকা হরিণঘাটায় খরচ করেছেন। সেই টাকা খরচ করে, লোকের কাছ থেকে দুধ কিনে টোনড মিল্ক তৈরী করে, সব মিলিয়ে মিশিয়ে, মাত্র হচ্ছে ৫২,০০০ পাউন্ড দুধ। এর মধ্যে খানিকটা হচ্ছে খাঁটি দুধ, আর খানিকটা হচ্ছে টোন্ড মিল্ক।
toned milk will produce a toned race.
হেরেন ভোলকদের খাঁটি দুধ আর টোন্ড মিল্ক হচ্ছে গরীব লোকদের জন্য। পৃথিবীর কোন দেশে টোনড মিল্ক যায় না। সেখানে স্কীমড মিল্ক ভেড়া, শুকর, মুরগিকে খাওয়ায়। আমাদের দেশে এইরকমভাবে ভেড়া, শুয়ারের মত ব্যবস্থা হচ্ছে, এই ব্যবস্থা থেকে আমরা কবে রেহাই পাবো জানি না।

তারপর কৃষি। কৃষি কখনও বাঁচতে পারে না, যদি এক ফসলা দেশ হয়। আজকে পশ্চিম বাংলার মাঠ দিয়ে যখন আসি, তখন দেখি মাইলের পর মাইল মাঠ ধু ধু করছে, পড়ে আছে, ধান কাটার পর আর সেখানে কিছু নেই। খুব সামান্য পরিমাণ অংশে তরিতরকারি আছে। এই সামান্য যা হয়, তার থেকে যদি কখনও কিছু বেশী হয়, তাহলে অমনি তার দাম কমে যায়। কিন্তু ইউরোপে কি হয়? এরজন্য, দেড় বছর আগে থেকে কৃষিজাত জিনিসের দাম ঠিক করে

দেওয়া হয়। সরকার আর যারা খায় এবং কৃষকদের প্রতিনিধি, এই তিনজন মিলে দাম ঠিক করে। ধরুন গত বছর আলুর দাম ছিল আট টাকা, এ বছর কমে গিয়ে হল পাঁচ টাকা, কৃষক আট টাকা মণ পাবে ভেবে খরচ করল এবং খরচ পড়ে গেল সাত টাকা। এই যে অবস্থা, এই অবস্থায় কৃষক কখনও বাঁচতে পারে না। আবার জিনিসের দাম যদি বেশী হয় তাহলে সহরের লোক বাঁচতে পারে না। এইজন্য শিল্পজাত ও কৃষিজাত জিনিসের প্যারিটি প্রাইস বা সমতা রক্ষা করে দাম ঠিক করা দরকার। এবং সেই দাম আগে থেকে কৃষককে বলে দিতে হবে।

এই দরিদ্র দেশে আপনারা বলছেন কৃষির খুব উন্নতি করেছেন। আমি শুধু ডাঃ আমেদকে একটি কথা বলি—তিনি বলেছেন বীজ তৈরি করছেন, ১৯৫৮ সালে কত তৈরি হবে, একটা সাধারণ জিনিস যদি তিনি করতে পারতেন, যে সমস্ত ভাল বীজ সরবরাহ করবেন এবং তার জার্মিনেশন পার্সেনটেজএর গেরান্টি দিতে পারতেন, যেমন ইউরোপের বিভিন্ন দেশে নিয়ম আছে যে জার্মিনেশন ৯৫ পারসেন্ট গেরান্টি দেওয়া হয়। যদি তা না হয়, তাহলে সেখানকার সরকার ক্ষতিপূরণ দেন। তেমনি এখানকার সরকার যদি বলতে পারেন যে বীজ যদি খারাপ হয়, তাহলে ডাক্তার আমেদের মন্ত্রীত্ব যাবে, আর না হয় ডিরেক্টরএর চাকরী যাবে, তাহলে বুঝতাম। এঁরা এমন বীজ দেন যে পাটগাছ অনেক সময় দুহাত না হতেই ফুল ধরে। ভাল বীজ দিতে হবে, কিন্তু তা না করতে পারলেও এঁদের মন্ত্রীত্বও যায় না, ডিরেক্টরএর চাকরীরও ক্ষতি হয় না।

আপনারা যদি ছোট ছোট ফার্ম করে দিতে পারেন তাহলে ভাল হয়। যেমন এমেরিকায় 'গভর্নমেন্ট'তে আছে। একটা ছোট ফার্ম ৪০ একর জমি নিয়ে হয়েছে, সেখানে সরকার শুধু সুপারিন্টেন্ডেন্টএর মাইনে দেন, আর বাকী সব হিসাব ধরেন, কার কত মাইনে, সার প্রভৃতির জন্য কত খরচ দিয়েছেন, ইত্যাদি ধরে তারপর যদি লাভ হয়, তখন সেই ফার্ম কৃষকদের দেখায় যে, এই অনুযায়ী চাষ করে লাভ হবে। আর এখানে কি হচ্ছে, পাঁচ টাকা খরচ করে যদি এক টাকার বেগুন তৈরী করেন, তাহলে সে পথ কেন কৃষকই অবলম্বন করবে না। যাই হোক, যদি আজ পশ্চিমবাংলায় দেখাতে পারেন যে সরকার শুধু কৃষি সুপারিন্টেন্ডেন্টএর মাইনে দেন আর বাকী সমস্ত খরচ রেখে লাভ হল, তাহলে কৃষক তাদের কথা শুনে চলবে, আর তা না হলে কৃষিমন্ত্রীই হোন, বা ফার্ম ডাইরেক্টরই হোন, তাঁদের কথা কেউ শুনবে না। আপনারা যদি ভাল বীজ সব জায়গায় সরবরাহ করতে পারতেন, তাহলে শতকরা ১৫ ভাগ ফসল বেড়ে যেত। আপনারা বলতে পারেন আমাদের কৃষকরা অলস, তাদের বুদ্ধি নেই, টাকা নেই, তারা কাজ করে না, ইত্যাদি সবই ঠিক ধরে নিলাম। কিন্তু যদি এইটুকু করতে পারতেন, ভাল বীজ সরবরাহ করতেন তাহলে উৎপন্নের পরিমাণ শতকরা ১৫ ভাগ বেড়ে যেত।

তারপর আপনারা বলেন কৃষকরা তাদের ঘরে ধান জমা করে রাখে। তারা রাখবেই তো এবং রাখাও উচিত। প্রত্যেক দেশে দেখা যায় যে, তারা দুই বৎসরের খাদ্যশস্য জমা করে রাখে। যেহেতু আমাদের দেশ স্বাধীন হয়েছে সেই হেতু অনাবৃষ্টি বা অতিবৃষ্টি হবে না, আমাদের দেশে মানুষ জন্মাবে না, এভাবে চিন্তা করা ভুল। মানুষ দেশে বেড়ে যাচ্ছে, সকলকে খাওয়াবো কি করে? এ কথা যদি বলেন তাহলে কি করে হবে? আমেরিকায় দেখা যায় এ বছর তাঁদের তিন মিলিয়ান লোক বেড়ে গিয়েছে। অর্থাৎ দু পারসেন্ট লোক বেড়ে গিয়েছে, তাতে তারা ভীত হয় নি, আর আমরা এখানে এত ভীত হচ্ছি কেন? যেহেতু আমরা অযোগ্য। লোক বাড়লে আমরা খাওয়াতে পারবো না। কৃষিমন্ত্রী মহাশয় যদি এদিকে বিশেষ দৃষ্টি দেন তাহলে সব ঠিক হবে। দু বছরের খাদ্য রিজার্ভ রাখতেই হবে, তা না হলে যখনই অনাবৃষ্টি বা অতিবৃষ্টি হবে, তখনই এমনি দুরবস্থা দেখা দেবে। আর কোন এক বছর যেমন ধান হল, যদি তখন বলেন হ্যাঁ, দেখ আমাদের বাহাদুরী, আমরা ধান বাইরে পাঠাচ্ছি। আর যখন ফসল খারাপ হবে, ধান হবে না, তখনই বলবেন—সব ভগবানের লীলাখেলা—"লোকবত্তু লীলাকৈবল্যম"—তখন সব ব্রহ্মসূত্র আওড়াবেন আপনারা, সে করলে চলবে না। খাদ্য সম্বন্ধে এই অবস্থা।

তারপর শিক্ষা সম্বন্ধে। দশ বৎসরের মধ্যে ১৪ বৎসর বয়স পর্যন্ত প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক করবার কথা ছিল। কিন্তু তা সরকার করবেন না। এই যে রিপোর্ট আপনারা লিখেছেন তাতে দেখছি শিক্ষিত লোকের বেকার সংখ্যা বাড়াচ্ছে।

you train for unemployment.

অর্থাৎ আমাদের রায় হরেন্দ্রনাথ চৌধুরী মহাশয়ের যে কারখানা, সেই কারখানা থেকে যে

মাল তৈরি হয়, তা বাজারে বিকোয় না। ঐ কারখানার ম্যানেজিং ডিরেক্টর শ্রীহরেন্দ্রনাথ রায় চৌধুরী—তাঁকে জিজ্ঞাসা করি এই কারখানার মাল ভাল করবার কি উপায়। এই শিক্ষা ব্যবস্থার আমূল পরিবর্তন প্রয়োজন, তা না হলে হবে না। শিক্ষা ব্যবস্থার আমূল পরিবর্তনের জন্য আজ আপনাদের কি দরকার? শিক্ষা ব্যবস্থার আমূল পরিবর্তনসাধন শুধু শিক্ষকদের মাইনে বাড়ালেই সব হবে না, যদিও আমরা চাই শিক্ষকদের মাইনে বাড়ান হোক, তবে শিক্ষকদের উপযুক্ত হতে হবে। এই দুটোই চাই। উপযুক্ত শিক্ষক তৈরী করতে হবে, ছাত্রদেরও সেই অবস্থার জন্য তৈরী করতে হবে। কিন্তু তৈরী হয় কি হলে? বাংলা ভাষা যদি শিক্ষার মাধ্যম হয়। বর্তমানে বি-এ পাশ যারা করেন—মাপ করবেন, হরেনবাবুর কারখানার যাঁরা বি-এ পাশ, তাদের অধিকাংশ ইংরেজীও জানেন না, বাংলাও জানেন না। ইংরেজী জানেন না, সেটা মাপ করতে পারি, কারণ আমরা কেউই প্রায় ভাল ইংরেজী জানি না, এমন কি ব্যারিষ্টার স্পীকার মহাশয় থেকে আমরাও কেউই ইংরাজী জানি না, এরজন্য অবশ্য লজ্জার কারণ নেই। কিন্তু আমরা মাতৃভাষাও জানি না, এই হচ্ছে অধিকাংশের অবস্থা। এরজন্য আইন প্রণয়ন করা উচিত যে ১৪ বৎসর পর্যন্ত বাধ্যতামূলক শিক্ষা হওয়া উচিত। এই ১৪ বৎসর শিক্ষার পরে যাকে, তাকে কলেজে ঢুকতে দেওয়া উচিত নয়। প্রত্যেক বি-এ, বি-এস,সি পাঠরত ছাত্রেরা কোন-না কোন বিষয়ে অনার্স নেওয়া বাধ্যতামূলক হওয়া উচিত, কোন ছাত্র যদি তার উপযুক্ত না হয় তবে তাকে আর পড়তে দেওয়া উচিত নয়। অনার্স ছাত্র যদি গরীবের ছেলে হয় তাহলে তাকে মাসে অন্তত ৫০—৭০ টাকা করে একটা স্টাইপেন্ড দেওয়ার ব্যবস্থা করা সংগত। তাহলে উপযুক্ত ছাত্র তৈরী হতে পারে। মাস্টারদের অন্যসব ডিপার্টমেন্টএর মত মাইনে দেবার ব্যবস্থা করা হোক। মাস্টারদের মাইনে সিভিল সাপ্লাই ডিপার্টমেন্টের কেরাণীর চেয়ে কম হবে, এটা আমরা চাই না।

[4-40—4-50 p.m.]

মাস্টাররা যোগ্য হবে এটা চাই। তাদের টিউশন করা বন্ধ করতে হবে, আইন করে প্রাইভেট টিউশন বন্ধ করতে হবে, তা না হলে মাস্টাররা পড়াবে না, আমি এই কথা বলবো। তারা বলে দেবে আমার কোচিং ক্লাসএ যেয়ো, মাসে ১৫ টাকা করে দিতে হবে—এই অবস্থা। তাই আইন করে টিউশন বন্ধ করতে হবে কিন্তু তাদের উপযুক্ত বেতন দিতে হবে। উপযুক্ত বেতন দেন, যোগ্য লোক সৃষ্টি করুন, ৫ বৎসরের মধ্যেই এই কাজ হতে পারে। কিন্তু আমি জানি গরীব লোকদের স্টাইপেন্ড দিতে হলে তখন বলতে থাকবেন আমাদের ডিরেক্টর মহাশয়, সেক্রেটারী, এডুকেশন ডিপার্টমেন্টএর, গরীব লোক ঠিক করবো কি করে। হতে পারে হয়ত ১০ পারসেন্ট আপনাকে ঠকিয়েও নিতে পারে কিন্তু ক্রমে ক্রমে সব ঠিক হয়ে যাবে। এ কথা আমি বিশ্বাস করি না, যে আমার দেশের লোক চিরকালই এইরকম করবে, অন্যায়ের পথে যাবে। তাহলে এ দেশ রসাতলে যাবে, এইভাবে আমরা যদি শিক্ষা ব্যবস্থা ঠিক করতে পারি তবেই হবে। অনেকে বলেন, কথাবার্তায় বলেন, এ্যাসেম্বলীর বক্তৃতায় বলেন যে, শিক্ষকের বেতন পুলিসের চেয়েও কম। শুনে আমার দুঃখ হল, একি কথা বলেন। শিক্ষকের বেতন পুলিশের চেয়ে কম হলে এতে অন্যায় কি আছে? পুলিসও মানুষ শিক্ষকও মানুষ। লন্ডন ইউনিভার্সিটির বি-এস-সি পাশ অনেক লোক আছে যাদের চেয়ে রেলওয়ে পর্টাররা বেশী মাইনে পায়, তারা ত একথা বলে না যে তাদের মাইনে পর্টাএর চেয়ে কম। সর্বনিম্ন মাইনে যেটা ১০০ টাকা সেটা সকলকে দিতে হবে, তা কুলিকেও দিতে হবে। আমি ত মনে করি মুখ্যমন্ত্রী ডাক্তার বিধানচন্দ্র রায় বা ভারতের প্রধানমন্ত্রী জওহরলাল নেহরুর যা খাওয়া দরকার তারচেয়ে একজন কুলির বেশী খাওয়া দরকার, বিজ্ঞানমতে আমি এই কথা বলছি, কারণ সে বেশী মেহনত করে। কিন্তু তাকে তা দেবো না, কুলির ঐতেই চলে অর্থাৎ আমাদের চিংপুরই চলে আর সাহেবদের জন্য ঐ চৌরঙ্গীটা। কাজেই সর্বনিম্ন যেটা তা কুলির বেলাও যা এবং অন্যের বেলাও তাই, চাপরাসিদের বেলায়ও তাই। তাই স্কুল মাস্টারদের শুধু নয়, নিম্নতম কুলি বলুন, কনেস্টবল বলুন, চাপড়াসি বলুন, তাদেরও মানুষের মত বেঁচে থাকতে হবে, তারা যে চিরকালই ঐরকম পুলিস, কুলি, চাপড়াসির স্ট্যান্ডার্ডএ থাকবে এ কথা আমি বিশ্বাস করি না। সকলকেই আমি এই কথা বলছি যে সমাজতন্ত্রের গোড়ার কথাই হচ্ছে ধনী দরিদ্রের এই যে বৈষম্য তা দূর করতে হবে। সেইজন্য আমি মনে করি যে অন্ততঃপক্ষে ১০০ টাকা সকলেরই মাইনে হওয়া উচিত আর

বর্তমান অবস্থায় হাজার টাকার বেশী কারো মাইনে হওয়া উচিত নয়। জানি তাতে অনেকের কষ্ট হবে, আমি জানি আমাদের স্পীকার মহাশয়ের কষ্ট হচ্ছে হাজার টাকায় চালাতে, আমি জানি সে কথা যে অনেক লোকের কষ্ট হবে কিন্তু কষ্ট না করলে দেশ উঠবে কি করে? কাজেই কমপক্ষে ১০০ টাকা উর্ধপক্ষে হাজার টাকা মাইনে হবে এই কথা আমি বলতে চাই। তা না হলে হবে না।

**Mr. Speaker:**
স্পীকারকে ধরছেন কেন?

[Laughter.]

**Dr. Prafulla Chandra Ghose:**
আচ্ছা, তারপর বেকার সমস্যা। আমাদের দেশের প্রধান কথাই হচ্ছে যে সরকার শুধু কয়েকজন লোকের দায়িত্ব নেয়। আমাদের সরকার শুধু কয়েকজন সরকারী কর্মচারী এবং যারা হৈচৈ করতে পারে তাদের শুধু দায়িত্ব নেয়। আমিত দেখছি যে এই সরকার শুধু ঐ একটি ভাষাই বুঝে, যদি আন্দোলন কর, হৈচৈ কর, হাঙ্গার-স্ট্রাইক কর তাহলেই শুনবে। কয়েকদিন আগেও যদি শিক্ষকদের ব্যাপারে এই বিবৃতি দিতেন তাহলে হয়ত হাঙ্গার-স্ট্রাইকই হতো না—করবে সরকার তাই-ই। সেইজন্য সকল লোকেই বলে এই প্রসেশন ও হাঙ্গার-স্ট্রাইক না করলে ত সরকার শুনে না তাই এই কাজই করতে হয়। এই একটি মাত্র ভাষা যা সরকার বোঝে। তাই আমি সরকারকে বলতে চাই যে, যা করতে হবে তা আগে স্থির করে করুন। পরে লেজে গোবরে ছড়িয়ে এই সমস্ত করেন কেন? তার ফলে লোকের মনে এই ধারণা হয়েছে যে লোক যদি স্ট্রাইক করে আন্দোলন করে তবে তাদেরই কথা সরকার শুনবেন। এটা কোন পার্টির কথা নয়। সমস্ত দেশের দায়িত্ব নিতে হবে সরকারকে। যদি বেকার থাকে তবে তাদের বেকার ভাতা দিতে হবে সরকারকে। এই অবস্থার মধ্যে যদি আমরা সকলকে না আনতে পারি এবং যদি সকলকে বেকার ভাতা দিতে হয় তাহলে উপরের সকলের মাইনে কমাতে হবে—তা আমাদের হোম মিনিস্টার কালিপদবাবু—যিনি আমার বন্ধুস্থানীয় লোক, তাঁকেও কমাতে হবে এবং ঐ ইন্সপেক্টর জেনারেল অব পুলিস তারও আড়াই হাজার থেকে কমাতে হবে, সেক্রেটারী-দেরও কমাতে হবে। আবার অনেকে বলেন কমালে কি হবে, সব যোগ দিলে মাথাপিছু আট আনা পয়সা বাড়বে মাত্র। কিন্তু সেই মনোবৃত্তি যদি হয়, লোকে যদি বুঝতে পারে যে এই স্টেটএ ডাক্তার বিধানচন্দ্র রায়ের যে অধিকার, শ্রীপ্রফুল্ল সেনের যে অধিকার, আমারও সেই অধিকার, তাহলে এই দেশের সমৃদ্ধি বাড়বে, দেশ সুখী হবে, আর তা না হলে যদি আমরা উপরে কয়েকজন বসে থাকি তাহলে কিছুতেই কিছু হবে না, সে যেই মন্ত্রী হোক না কেন। বেকার সমস্যা সম্বন্ধে এই কথা বলছি।

আর উদ্বাস্তু সমস্যা। উদ্বাস্তু সমস্যা পড়তে পড়তে আমার একটা কথা মনে হলো যে উদ্বাস্তু রিহ্যাবিলিটেশন কার রিহ্যাবিলিটেশন? বলছেন এই প্রদেশে উদ্বাস্তুদের স্থান হবে না। এই ২ লক্ষ ৬৫ হাজার উদ্বাস্তু আছে। এই প্রদেশে তাদের জন্য জায়গা নেই। যাবে কোথায় তারা, পাঁচ হাজার উদ্বাস্তু মধ্যপ্রদেশে গিয়েছে আর ৬ শত পরিবার মহীশূরে যাবে, তাহলে তিন হাজার লোক মহীশূরে যাবে পরিবারে যদি পাঁচ জন করে ধরি তাহলে তিন হাজার হয়, তাহলে বাকি লোকগুলি যাবে কোথায়? পশ্চিম বাংলায় জায়গা নেই অথচ জোনাল অফিস করে অফিসার বসান হবে, তাহলে কি ঐ অফিসারদের রিহ্যাবিলিটেশন হচ্ছে? এখানে যখন কোন রিহ্যাবিলিটেশন হবে না তখন অফিসার বসান হচ্ছে কিসের জন্য তা আমি বুঝতে পারছি না। অথচ এখানে আরো দুই লক্ষ ৬৫ হাজার উদ্বাস্তু আছে। তবে একটা পরিকল্পনা হয়েছে দণ্ডকারণ্য পরিকল্পনা কিন্তু তা দেখেশুনে আমার মনে হচ্ছে যে ৯ মণ তেলও পুড়বে না রাধাও নাচবে না। ভারত গভর্নমেন্টের ত টাকা নেই, তার টিকি বাঁধা পড়ছে আমেরিকা প্রভৃতি দেশের কাছে, দয়া করে যদি কিছু টাকা দেয় তবে হবে। কবে হবে জানি না, মার্চ মাস এসে গেল, বর্ষা এসে যাবে তাই দণ্ডকারণ্যে আর যাওয়া যাবে না। তাই এদের দুঃখে হোক কষ্টে হোক যেভাবে হোক—আমি বাইরে নিয়ে যাবার বিরোধী নই, যদি পশ্চিমবঙ্গে জায়গা হয় তবে তাদের এখানে রাখা হোক, স্বভাবতই বাঙ্গালীরা বাংলাদেশে থাকতে চাইবে এটা স্বাভাবিক, এটা আমিও চাই আপনিও চান। একজন বাঙ্গালী বাঙ্গালীকে দেখলে পরেই বাংলা

ভাষায় কথা বলতে আরম্ভ করে—অতএব দেখতে হবে এটা সম্ভবপর কিনা এবং যেভাবে সম্ভবপর সেইভাবে চেষ্টা করতে হবে। এখানে স্থান নেই, বাইরে ও বেশীসংখ্যক নেওয়া সম্ভবপর নয়। তাহলে এদের কি গ্যাস দিয়ে মেরে ফেলতে হবে? এটা উদ্বাস্তু সমস্যার সমাধান করতে পারেন নি। শিক্ষা এবং বেকার সমস্যাও সমাধান করতে পারেন নি।

তারপর পঞ্চবার্ষিকী পরিকল্পনা সম্বন্ধে বলবো। আমার বন্ধু ভূপতিবাবু নেই, তিনি কুটিরশিল্পের মন্ত্রী—এখানে ইন্ডাস্ট্রিজ বলতে কুটিরশিল্পই বুঝায়। আজ এই কুটিরশিল্পের যে অবস্থা হয়েছে তা যেন মরণ পথের যাত্রী, শুধু অক্সিজেন দিয়ে জিইয়ে রাখা হচ্ছে। কুটিরশিল্প ও বৃহৎশিল্পের যদি সীমা নির্ধারণ করা না হয়, ডিমার্কেশন অফ স্ফীয়ার্স না হয়, তাহলে কুটিরশিল্প বাঁচতে পারে না। আমার বন্ধু ভূপতিবাবুকে বলতে চাই যে বর্তমান অবস্থায় অম্বর চরখাও টিকবে না যদি মিল বন্ধ করার চেষ্টা না করা হয়। আমাদের দেশে, ভারতবর্ষে, যেখানে টাকা বেশী নেই, টেকনিক্যাল পার্সোনেল বেশী নেই, সেখানে কুটিরশিল্প ছাড়া উপায় নেই। সব উৎপাদন বৃহৎশিল্পের মাধ্যমে করার মত যখন আমাদের বাস্তব অবস্থা নেই তখন কুটিরশিল্পেরই একান্ত প্রয়োজন। আমরা আগামী ২০-২৫ বৎসরের জন্য এই পরিকল্পনা করছি, আমরা হেরোহিটলার নই যে ২৫-৫০ বৎসরের প্ল্যান আমাদের হাজার বৎসরের জন্য পরিকল্পনা করব।

[4-50—5 p.m.]

দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার দুই বৎসর অতীত হয়েছে, অর্থাৎ প্রথম ও দ্বিতীয় পরিকল্পনার সাত বছর হয়ে গেছে। এই সাত বছর পূর্বে যেসব মুষ্টিমেয় ধনী ছিল তারা অতি মাত্রায় ধনী হয়েছে এবং ফলে মুদ্রা জাতীয় জিনিস তৈরী হচ্ছে, আর গরীব যারা তারা আরও গরীব হচ্ছে। সাত বছরেই যখন এই হয়েছে তখন দশ বছর পরে দেখব যে তারা আরও গরীব হয়েছে। আর তখনও সরকারের জয়ঢাক ঐ যে খবরের কাগজগুলো আছে তারা বলবে যে, সব ঠিক আছে। মনে হচ্ছে, এ'রা অনেক সময় মনে করেন
truth is nothing but persistent propaganda
তারজন্য অনেক সময় প্রচার করা হয়। তখন না খেতে পেলেও বলবে সব ঠিক আছে, তারা দুধ পাচ্ছে, মাছ পাচ্ছে, সবকিছু পাচ্ছে। কাজেই এই অবস্থায় আমি সুখী হতাম, যদি রাজ্যপালকে অন্তরের সাথে ধন্যবাদ দিতে পারতাম এবং বড় বড় কথা বলতে পারতাম। যদি দেখতাম লেখাপড়া শিক্ষার ব্যাপারে রায় হরেন্দ্রনাথ চৌধুরী বা শ্রীবিমলচন্দ্র সিংহ মহাশয়ের বাড়ীর লোকের যে শিক্ষার সুযোগ আছে সেই শিক্ষার সুযোগ পশ্চিম বাংলার সকলে পাচ্ছে বা তাদের অসুখ হলে তাদের চিকিৎসার ব্যবস্থা হচ্ছে তাহলে এর বিরুদ্ধে কোন কথা বলতাম না কিন্তু রাজ্যপালের ভাষণের মধ্যে এই আশার কথা দেখতে পেলাম না বরং আমার মনে হয় যে, এতে অনেক জিনিস চেপে দেওয়ার ব্যবস্থা হয়েছে। সেইজন্য আমি অন্তরের সাথে ধন্যবাদ দিতে পারছি না। আমাকে দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে দেশের প্রকৃত অবস্থা গোপন করার চেষ্টা হয়েছে এবং তা ঠিকভাবে তুলে ধরা হয় নি। রাজ্যপাল মহোদয়া ত মন্ত্রী মহাশয়দের মেগাফোন গ্রামোফোন—সেইভাবেই তাঁদের কাজগুলোকে জাহির করা হয়েছে। কাজেই মন্ত্রী মহাশয়েরা যদি এ বিষয়ে অবহিত হন তাহলেই মঙ্গল, তা নাহলে পশ্চিমবাংলার ধ্বংস সুনিশ্চিত। পশ্চিমবাংলা আপনাদের হাতে পড়েছে, কাজেই আপনারা চেষ্টা করুন যাতে সে রক্ষা পেতে পারে। এই কয়েকটি কথা বলে আমি শেষ করছি এবং অন্তরের সাথে ধন্যবাদ দিতে পারছি না বলে দুঃখিত।

**Sj. Hemanta Kumar Basu:**
সভাপাল মহাশয়! রাজ্যপালিকা মহাশয়া তাঁর ভাষণের মধ্য দিয়ে আমাদের কাছে দেশের যে চিত্র উপস্থাপিত করেছেন, সে চিত্র মোটেই আশাপ্রদ নয়। তাতে এমন কোন ব্যবস্থা নাই এমন কোন নীতি নাই, এমন কোন বিষয়ে আলোক নাই যাতে আমাদের এই দেশের মানুষের খাদ্য এবং নিত্যপ্রয়োজনীয় জিনিসের যে অভাব, সে বিষয়ে দুস্থ এবং দরিদ্র যারা তারা কোন আশার পথ দেখতে পায়। এর পূর্বে অন্যান্য বক্তারা খাদ্যসমস্যা সম্বন্ধে আলোচনা করে গেছেন। আজ আমরা দেখতে পাচ্ছি খাদ্যের দর দিন দিন বেড়ে যাচ্ছে, আজ চালের দর প্রায় ২৮-২৯

টাকা হয়েছে, কিন্তু এই চালের দর এত ওঠার কারণ কি? সরকার অনেক চেষ্টা করছেন, খাদ্যের দাম কমাতে, কিন্তু তাঁরা যে নীতি গ্রহণ করেছেন সেই নীতিতে খাদ্যের দাম কমতে পারে না। আমরা বলেছিলাম যে, খাদ্যশস্য যেটা উৎপাদন হবে সেই উৎপাদনটা যদি সরকার নিজেই ন্যায্য মূল্যে কিনে নেন তাহলে সেই চাল এবং ধান সরকার উপযুক্ত মূল্যে বিক্রী করতে পারবেন, তাতে করে দেশের লোক তাদের যে ক্রয় ক্ষমতা, সেই ক্ষমতা অনুসারে তারা খাদ্য কিনতে পারে, কিন্তু আমরা দেখছি যে নীতিতে চাল প্রোকিওর করা হবে, তাতে মিল মালিকদের কাছ থেকে তাঁরা শতকরা ২৫ ভাগ কিনবেন আর বাকি খাদ্যশস্য মিল মালিকেরা তাঁদের ইচ্ছামত বিক্রী করবেন। আপনারা সকলেই জানেন যে, রেসনিং সিসটেমে দেশের লোক কিভাবে নির্যাতিত হয়েছে এবং কিভাবে নানা দুঃখের মধ্য দিয়া তারা দিন কাটিয়েছে। আজ যদি সেই সমস্ত মিল মালিকদের হাতে এই চাল বিক্রী করার অধিকার দেওয়া হয় তবে কোনমতে চালের দাম কমবে না বরং চালের দর বেড়েই যাবে। সেইজন্য সরকার বিবেচনা করুন যে যতখানি সম্ভব চাল তাঁরা কিনে নেবেন এবং সেই চাল রেসনিংয়ের দোকানের মারফত উপযুক্ত মূল্যে বিক্রী করবেন নতুবা এ সমস্যা সমাধান হবে না। খাদ্য উৎপাদনের জন্য প্রচার খুব হচ্ছে, গ্রো মোর ফুডএর প্রচার যথেষ্ট পরিমাণেই হয়ে থাকে, কিন্তু খাদ্যের উৎপাদন বাড়ে নি বরং কমে যাচ্ছে। অনাবৃষ্টি দেশে বরাবরই হয়েছে, এবারও হয়েছে, সেটা অস্বাভাবিক নহে ; বন্যাও হয়ে থাকে কিন্তু স্বাধীন ভারতবর্ষে বন্যা নিয়ন্ত্রণ এবং অনাবৃষ্টির বিরুদ্ধে সেচের ব্যবস্থা মারফত যাতে জমিতে জলের ব্যবস্থা দ্বারা ভালভাবে চাষ হতে পারে সেইরকম প্ল্যানিং করা উচিত ছিল। কিন্তু সেইরকম প্ল্যানিং না হওয়ায় আমরা ত্রিপুরা এবং মালদহে গিয়ে শুনলাম যে ছোট ছোট সেচ পরিকল্পনার অভাবে সেখানে অনেক জমি বহু পরিমাণ ধান শুকিয়ে নষ্ট হয়েছে। এখানে, এই বর্ধমান জেলায় ঝাপড়ডাঙ্গা বলে একটা জায়গায় যদিও সেখানে ডি, ভি, সির খাল গিয়েছে কিন্তু সেখানে তারা জল চেয়ে চেয়ে পেলে না বলে ২,০০০ বিঘা ধান নষ্ট হয়ে গিয়েছে। কাজেই সেদিক থেকে যদিও প্রচুর পরিমাণে প্রপাগান্ডা হচ্ছে, যদিও ইনটেনসিভ কালটিভেশন এর চিত্র আমাদের সামনে ধরেছেন, তবুও বাংলাদেশ কবে খাদ্যের স্বয়ংসম্পূর্ণ হতে পারে তার কোন প্লানিং বা চিত্র নাই। ড্রটএর জন্য পাতালের জলের ব্যবস্থা বা ড্রট এবং ফ্লাডএর শাস্তির প্রতিরোধ করবার জন্য দামোদর পরিকল্পনা করা হয়েছে। কিন্তু অভীষ্ট ফল পাওয়া যাচ্ছে না। বাংলাদেশে যা জমি রয়েছে তাতে জাপানী প্রথায় চাষের ব্যবস্থা হলে পর উৎপাদন অনেক বৃদ্ধি হয়, কিন্তু সেই প্রথায় চাষ করে আমাদের এখানে কতখানি উৎপাদন বৃদ্ধি হয়েছে সে কথা আমরা শুনি নি বা আমাদের জানানো হয় নি। বাংলাদেশে এখনও অনেক ফ্যালো ল্যান্ড পড়ে রয়েছে অনেক ওয়েস্ট ল্যান্ড পড়ে রয়েছে, তাতে যখন আমাদের চাষের দ্বারা যে ফসল হচ্ছে তাতে খাদ্য সমস্যার সমাধান হচ্ছে না তখন সেই সমস্ত পতিত জমিকে কাজে লাগান উচিত। সেগুলিতে যদি জলের ব্যবস্থা হয় এবং সারের ব্যবস্থা দ্বারা অধিক উৎপাদনের যোগ্য করা যায়, তাহলে অনেক অধিক ফসল পেতে পারি এবং সেজন্য ব্যবস্থা করা উচিত। কিন্তু রাজ্যপালিকার ভাষণের মধ্যে সেই সমস্ত জমির উন্নয়নের ব্যবস্থা বা সেখানে সেচের ব্যবস্থার কোন কথাই নাই। বাংলাদেশের ১৯৫১-৫২ সালে কৃপ সার্ভে থেকে ২ লক্ষ একর অনাবাদি জমির কথা তিনি বলেছেন কিন্তু সরকার এ পর্যন্ত মাত্র ৩০ হাজার একর জমির উন্নয়নের পরিকল্পনা করেছেন কিন্তু এই ২ লক্ষ একর জমি উন্নয়নের কোন পরিকল্পনা গ্রহণ করেন নি। কাজেই আমি জিজ্ঞাসা করি বাংলাদেশকে কি চিরকাল আমেরিকা বা কেন্দ্রীয় সরকারের মুখাপেক্ষী হয়ে থাকতে হবে?

[5—5-25 p.m.]

আপনি জানেন যে এক্সচেঞ্জএর টাকা আমাদের খাদ্যশস্যের জন্য অধিকাংশ ব্যয় হয়ে যাচ্ছে সেজন্য এই সমস্ত পঞ্চবার্ষিকী পরিকল্পনার যথেষ্ট অভাব ঘটছে কাজেই সেদিক থেকে যদি আমরা ইন্টেন্সিভ চাষবাসে মনোযোগ না দিই তাহলে এই বাংলাদেশের দুরবস্থা বহুদিন চলবে। বীরভূম, বাঁকুড়া, বর্ধমান, পুরুলিয়া এইসব জায়গায় দু লক্ষ একর জমি রয়েছে অর্থাৎ ৬ লক্ষ বিঘা রয়েছে। আমি শুনেছি, বইএ পড়েছি যে রাশিয়ার সাইবেরিয়াতে যেখানে কোনদিন কোন জিনিস উৎপাদন হত না সেইসব জায়গায় ফসল ফলছে। অথচ যেসব অর্থ আমরা অন্য খাতে অপব্যয় করি যদি সেই সমস্ত অর্থ আমরা ৬ লক্ষ একর জমির বেলাতে খরচ করি, তাহলে নিশ্চয়ই খাদ্যাভাব আমাদের হবে না।

তারপর এই যে ৬ লক্ষ বিঘা জমি আছে তাতে আমাদের বাংলাদেশের উম্বাস্তুদের কিছুটা পুনর্বাসনের ব্যবস্থা করা যেতে পারে। বাইরে যে অর্থ ব্যয় করা হয়, যদি সেই অর্থ বাইরে ব্যয় না করে সেটা পুনর্বাসনের জন্য এবং জমির উন্নয়নের জন্য ব্যবস্থা করা যায় তাহলে নিশ্চয়ই একটা সুষ্ঠু পুনর্বাসনের ব্যবস্থা হতে পারে।

তারপর আমাদের দেশের সবচেয়ে যে দুঃখময় চিত্র তা হচ্ছে বেকার সমস্যা। আমাদের রাজ্যপাল মহোদয়া তাঁর ভাষণে তিনি সে বিষয়ে স্বীকার করেছেন যে নতুন স্কীম সত্ত্বেও এই বেকার সমস্যার কোন সমাধান হচ্ছে না। গভর্নমেন্টের এ বিষয়ে যেন তার কোন কর্তব্য নাই, দায়িত্ব নাই রাজ্যপাল মহোদয়ার ভাষণে এর জন্য কোন উৎকণ্ঠার ভাব নাই। আজকে হাজার হাজার লোক যারা এই বেকার সমস্যায় আছে এবং তার পেছনে যে সমস্ত পরিবারবর্গ আছে তারা দিনের পর দিন যে দুঃখের মধ্যে কাটাচ্ছে সে আপনি নিশ্চয়ই অনুভব করবেন। কাজেই সেদিক থেকে কোন পরিকল্পনা সরকারের আমরা দেখতে পাচ্ছি না। স্টেট বাসএ তারা যে ৬৩৫০ জন লোককে কাজ দিয়েছেন তাতেই তারা যেন একটা বড় কাজ করে ফেলেছেন এরকম একটা আত্মসন্তুষ্টির মনোভাব নিচ্ছেন, যেন এই কয়জন লোককে কাজ দিয়ে তারা একটা বড় ব্যবস্থা করে ফেলেছেন। এই কাজে যারা আছে তাদের চাকুরির স্থায়িত্ব নেই, রোজগারের সুবিধা তারা ভোগ করতে পারে না, তাদের প্রায় ১০-১২ ঘণ্টা পরিশ্রম করতে হয় এবং বেতনও অত্যধিক কম। ট্রান্সপোর্টএ অনেক বড় বড় মোটা মাইনের কর্মচারী আছে কিন্তু নিম্নতম কর্মচারী কন্ডাক্টর, ড্রাইভার তাদের উপযুক্ত বেতন বৃদ্ধির বা স্থায়ী কাজের ব্যবস্থা নাই। প্রায় ৮-৯ বছর হয়ে গেল এই স্টেট ট্রান্সপোর্ট স্থাপিত হয়েছে কিন্তু এই ৯ বছরের মধ্যে এদের কোন স্থায়ী ব্যবস্থা, কোন প্ল্যান এই সরকারের কাজের মধ্যে দেখতে পেলাম না। কাজেই সেদিক থেকে রাজ্যপালের এই ভাষণকে আমি ঠিক সমর্থন করতে পারি না।

[At this stage the House was adjourned for 15 minutes]

[After adjournment]

[5-25—5-35 p.m.]

**Dr. Narayan Chandra Roy:**

মাননীয় সভাপাল মহাশয়, মাননীয়া রাজ্যপালিকার ভাষণকে প্রশংসা না করে আমি আমার বক্তব্য আপনার সামনে রাখছি। গতানুগতিক নিয়মানুসারে রাজ্যপালের ভাষণে আমাদের সরকার কি করেছেন সেগুলি একটা দুটো করে পরিবেশন করা হয়। কিন্তু আমাদের কাছে যেসব খবর আসে বা যেসব সাধারণ মানুষ এসে পড়ে তারা কি কি হয় নি সেটা নিয়েই আসে এবং সেজন্যই আমাদের বক্তৃতায় দাঁড়ায় কি কি হয় নি। এ সম্বন্ধে আমি আমার যে ব্যবসা, আমার জীবনের যে ক্ষেত্র চিকিৎসা এবং জনস্বাস্থ্য সেই সম্বন্ধেই আমার বক্তৃতা রাখবো। কি কি করা হয় নি, এবং কি কি করা উচিত ছিল সেগুলি ২-১টা বলে সে সম্বন্ধে সরকারের নীতির কথা তিনি তুলতে পারতেন। আমি জনস্বাস্থ্য সম্বন্ধে প্রথম প্রশ্ন করছি এবং আমার প্রশ্নটা তোলার আগে একটা কথা স্মরণ করিয়ে দিচ্ছি যে আপনারা যে, যে যাদবপুরের সমাবর্তনে পণ্ডিত নেহেরুর বক্তৃতা শুনতে গিয়েছিলেন—পণ্ডিত নেহেরু নিশ্চয়ই কমিউনিস্ট পার্টির নন—তাঁরা জানেন যে তাঁর বক্তৃতার মাঝখানে একটা ভাষা ছিল, সেই ভাষাটা তুলে আপনাকে আমার বক্তৃতা শোনাবো। তিনি বলেছিলেন প্ল্যানিং এবং বিভিন্ন কাজে আমাদের দেখতে হবে আমাদের কত আছে, আমাদের সাধ্য কতটা, আমাদের সামর্থ্য কতটা, এদিক দিয়ে আমরা কি করবো। কোন জাতির গঠনের ক্ষেত্রে, জাতির বিপদের ক্ষেত্রে আমাদের কি আছে সেই হিসাবটা করা উচিত —নেহরুজী সেই কথাটাই বলেছিলেন। তিনি কংগ্রেসের একজন মহারথী, শুনে খুব ভাল লেগেছিল। তিনি বলেছিলেন যে আমাদের জাতীয় জীবনে যা করণীয় বলে মনে করবো আমাদের সেটা করতে হবে, আমাদের টার্গেট রাখতে হবে রেখে তারপরে আমাদের যা রিসোর্সেস তা জড় করবার চেষ্টা করবো। তিনি শিল্প গঠন, দেশ গঠন, এদিক দিয়ে বলে গেলেন, আমি আপনাকে অন্য দিক দিয়ে বলছি সেই দৃষ্টিভঙ্গী নিয়ে। এই প্রশ্নটা রাখুন জল নেই, জল দিতে হবে। একটু আগে সভাপাল মহাশয় আপনার সামনে একটা প্রশ্নের জবাবে মন্ত্রী মহাশয় বললেন জলের সমস্যা ভীষণ তীব্র, কিন্তু কবে টিউবওয়েল হবে তা তিনি বলতে পারলেন না। এই বিধান-সভায় দাঁড়িয়ে আমাদের সরকারের একজন মন্ত্রী তিনি বলতে পারলেন না যে কোন সালে জল

পাবে লোকে—এটা কি খুব গৌরবের বিষয়? জলের সমস্যা, ব্যাধির সমস্যা আমি এই কয়েকটা জিনিস আপনার সামনে তুলে ধরবো। এগুলি নেহেরুজীর বক্তৃতার দৃষ্টিভঙ্গী দিয়ে দেখতে হবে জল নেই, জল দিতে হবে। এগুলিকে সেকেন্ডারী করে রাখা হোল। কটা টিওবওয়েল করতে পারবো কটা লোককে জল দিতে পারবো এগুলি আগে দেখতে হবে। জল আপনাকে প্রথম দিতে হবে সুতরাং অন্যান্য জিনিসগুলিকে সেকেন্ডারী রাখতে হবে—আপনার টাকা এই আছে, এই টাকায় এই কয়টা টিউবওয়েল করতে পারি, এই কয়টা লোককে আমি জল দিতে পারি এটাই করা উচিত। অথচ একটা কল্যাণকামী রাষ্ট্রের মন্ত্রী এখানে দাঁড়িয়ে কি বললেন? তাঁর বলা উচিত ছিল আমার এই বছরে এতগুলি নলকূপ করে দিতে হবে, এতগুলি করছি তারজন্য অন্যান্য জিনিস কিছু কম করতে হবে। এই দৃষ্টিভঙ্গী দিয়ে আপনি জলের সমস্যা দেখেছেন সেটা রাজ্যপালিকার ভাষণে নাই। তারপর হাসপাতালের কথা —রাজ্যপালিকার ভাষণে নাই। আমি সহরের হাসপাতালের কথা তুলি নাই। আমি গ্রামীণ চিকিৎসার কথা বলেছি। যার জন্য আপনারা হেলথ সেন্টারএর কথা বলছেন। এই হেলথ্ সেন্টার সম্বন্ধে আমাদের সরকার যেকোন নীতি নিয়েছেন, একথাত শুনলাম না। আমরা প্রশ্নোত্তরে অপর একটা জিনিস পেলাম যে হেলথ সেন্টারএর ব্যাপার সরকারের হাতে নাই এবং কেন্দ্রীয় সরকার কি করবেন তাও তাঁরা জানেন না। আপনারা সকলেই অবগত আছেন গ্রামে চিকিৎসা ছিল না আপনাদেরই কংগ্রেস সরকার এখানে গদীতে বসবার আগে—ইংরেজের আমলে ছিল না? প্রত্যেক গ্রামে কিছু কিছু দাতব্য চিকিৎসালয়, কিছু কিছু হোমিওপ্যাথিক, আয়ুর্বেদিক চিকিৎসার ব্যবস্থা চিরটাকাল ছিল। সেখানে জলের ব্যবস্থা স্থানীয় লোকেরা করেছিল। তারপর অর্থনৈতিক কারণে গ্রামে জলের ব্যবস্থা শুকিয়ে গেল, চিকিৎসা ব্যবস্থা বন্ধ হয়ে গেল গ্রামের যে চিকিৎসক তারা সরে গেল, দাতব্য চিকিৎকালয় বন্ধ হয়ে গেল—এই পরিপ্রেক্ষিতে গ্রামের মধ্যে চিকিৎসা সংকট তীব্রতর হয়েছে। এখন গ্রামেতে ডাক্তার পাওয়া যায় না, ডাক্তার থাকলে ঔষধ পাওয়া যায় না আর ডাক্তার ঔষধ থাকলেও লোকে কিনে খেতে পারে না—এটা কি জাতীয় সমস্যা নয়? এইসব সমস্যার সমাধানের কথা রাজ্যপালিকার ভাষণে কোথায় পেয়েছেন? আজকে কোন কাগজে টি-বি সমস্যার কথা লেখা থাকে না? আমি এই দৃষ্টিভঙ্গী নিয়ে দৈনিক কি ঘটনা ঘটছে তার কথা আপনার কাছে রাখছি। আমি এই সমস্যার সমাধানে কি সাজেশন দেব সেটা পরে বলছি। আমি প্রশ্ন করছি যিনি আমার বক্তৃতার জবাব দেবেন যে কোন নীতিতে দেশব্যাপী টিউবারকিউলিসএর বিরুদ্ধে তাঁরা লড়াই করছেন? আমি বলছি আপনারা হয়ত অবগত নন আমি ডাক্তার হিসেবে জানি একটা খবর আপনাদের সামনে পরিবেশন করছি। আপনারা বারে বারে শুনেছেন আইসোলেশন যে সমস্ত টি-বি রুগী ইনফেক্টিভ অর্থাৎ ছোঁয়াচে তার আইসোলেট করার কথা—এটা কে জানে না, আপনার গৃহ চিকিৎসা, কম্পাউন্ডার, মায় পাড়ার লোক সকলেই বলে দেবেন যে তাদের আইসোলেট করা উচিত। কিন্তু সরকার তার কোন নীতি নাই তার কোন প্রচেষ্টা নাই, দেশব্যাপী এই সমস্যার সমাধান করার কোন নীতি নাই এবং এ সম্বন্ধে রাজ্যপালিকার ভাষণে হবার কোন সম্ভাবনা এখানে পেয়েছেন? আমি সভাপাল মহাশয়ের মাধ্যমে একটা প্রশ্ন রাখছি এর আগে একটা প্রশ্নে আমি জিজ্ঞাসা করেছিলাম টি-বি রুগী কি কোরে ভর্তি হয় তার উত্তরে মন্ত্রী মহাশয় একটা এলোমেলো উত্তর দিয়েছিলেন। আমি বলব অনাথবাবু অত্যন্ত অনাথের মত জবাব দিয়েছিলেন। তিনি বলেছিলেন তিনি জানেন না। তিনি জানেন না যে প্রত্যেক হাসপাতালগুলিতে একটা কোরে বোর্ড আছে। সে বোর্ডএর কাজের নমুনা শুনুন। আমি ব্যক্তিগতভাবে জানি যে কি ঘটনা ঘটে। এক একটা হাসপাতালে ১০টা কি ১২টা বেড খালি হবে তার ১ হাজার দেড় হাজার দুই হাজার তিন হাজার এ্যাপলিকেশন পড়ে—এখন বোর্ড যখন বসলেন তখন তাঁরা ১০ কিম্বা ১৫ কিম্বা না হয় ২০০ খানা এ্যাপলিকেশন পড়লেন—এই ২০০ খানার মধ্যে যেগুলি ভর্তি করার জন্য ফিট কেস সেগুলির মধ্যে ঠিক করা হল, আর বাকীগুলি খুলে পর্যন্ত দেখা হল না। স্যার, আপনি কল্পনা করুন যে রুগীটা বস্তীতে পড়ে আছে সে কোন রকমে দরখাস্তটা পাঠিয়ে বসে আছে, সরকারী হাসপাতালে ভর্তি হব, একদিন আশ্রয় পাব, ভর্তি হব, বেঁচে যাব ফিরে এসে কাজ করব—এই আশা নিয়ে বসে আছে। সে জানে না তার দরখাস্ত খোলা পর্যন্ত হবে না। সেটা তলায় পড়ে থাকবে তার উপর আবার নতুন নতুন

দরখাস্ত পড়বে। এখানে সরকারের কি কিছু বলবার নেই? অন্ততঃ এইটুকু কি করতে পারেন না যে সেই মানুষটাকে একটা খবর দেওয়া যে তোমার দরখাস্ত এইবার নেওয়া হল না সুতরাং তুমি মৃত্যুর জন্যই তৈরী থাক, বা তুমি আউটডোরএ গিয়ে চিকিৎসা কর। মাননীয় সভাপাল মহাশয় এগুলি আমার বক্তব্য নয়, এগুলি আমার অভিযোগ—যদি তিনি সত্যিই মন্ত্রী হন—অনাথ হলেও তাঁর জবাব দেওয়া উচিত। তিনি এখানে আজ অনুপস্থিত। তিনি আজ রাষ্ট্রের মন্ত্রী, তাঁর অনুপস্থিতির অজুহাত যতই থাকুক আমার বক্তব্যের জবাব তাঁকেই দিতে হবে। আমি জানি একটা টি-বি রুগী তার দরখাস্তের একটা জবাব পর্যন্ত পেল না, সে মরে গেল—তার দরখাস্ত খোলা হল না কিম্বা তাকে বলা হল না যে তুমি বেড পাবে না, তুমি পার নিজে চিকিৎসা কর এ খবরটা তাকে দেওয়া হল না। এটা দেশ জুড়ে প্রশ্ন উঠেছে।

রাজ্যপালিকার ভাষণে আমরা পেয়েছি ১,৩০০ বেড, ১৩ হাজার বেড করা হয়েছে এই সমস্ত জিনিস হয়ে মন্ত্রী বা যিনি রাজ্যপালিকার ভাষণ লিখেছেন তিনি এর আগের বছর বা তার আগের বছর কি লেখা হয়েছিল তা তিনি খেয়াল করেন না বা এটা তিনি অনুমান করেন না, যে, আর যারা পড়বে তারা হয় এর আগের বছর, তার আগের বছর, কি লেখা হয়েছিল এই সমস্ত মিলিয়ে দেখবে। দেখুন স্যার, গত বছর রাজ্যপালিকার ভাষণে লেখা হয়েছে ১৯৪৮ সালে ১৩ হাজার ৪৭২টা বেড ছিল, আর আমাদের সরকারী বেড প্রায় ১৮ হাজার—এবারে আছে ১৬ হাজার বেড। গেল বছর জুন মাসের বক্তৃতায় ১৮,০০০ বেড ছিল এই ছয় মাসে—অথচ তিনি বলছেন, উত্তর উত্তর আমাদের স্বাস্থ্যের উন্নতি হচ্ছে এবং চিকিৎসার খাতে আমরা খুব অগ্রসর হচ্ছি। কিন্তু আমরা দেখছি কি দুই হাজার বেড কি কমে গেল? কোন লোক লিখেছে?

তারপর আমি আর কটা কথা বলছি। রাজ্যপালিকার ভাষণ যখন বছরের গোড়ায় মানুষ পড়ে তখন একটা নীতির কথাই মানুষ আশা করে। কতটা বেড—এ আশা মানুষ করে না। সকলেই আশা করেন, অসুখ ব্যাধি, এ সম্পর্কে সরকার এই নীতি নিচ্ছেন এটাই চায়। আমি জিজ্ঞাসা করি জল সরবরাহের কোন নীতি এ সরকার নিয়েছেন? যাদবপুর সমাবর্তনে নেহেরুজী এই কথা বলেছিলেন, এখানে আমার কত টাকা আছে সেই নিয়ে কয়টা টিউবওয়েল আমি করব এই দৃষ্টিভঙ্গী নিয়ে যাওয়া ভুল হবে। এখানে আরেকটি দৃষ্টিভঙ্গী আছে সেটা হচ্ছে আমার এখানে এতগুলি টিউবওয়েল দরকার আমি যেমন কোরে পারি যেখান থেকে পারি তা করব কারণ মানুষ জলের অভাবে মরে যাচ্ছে। এটাই হচ্ছে কথা।

[5-35—5-45 p.m.]

আমার বক্তব্য হচ্ছে আমি এখানে প্রশ্ন তুলেছি—স্বাস্থ্য সম্বন্ধে যদি সরকারী নীতির কোন আভাষ চাই, আজকে রাজ্যপালিকার ভাষণে যদি তা না থাকে তাহলে আমি নিশ্চয়ই আসবো মন্ত্রী মহাশয়ের ভাষণে। আমি জিজ্ঞাসা করতে চাই—টি-বি সম্বন্ধে আপনারা কি নীতি নিয়েছেন? আপনারা শুনে আশ্চর্য হবেন—বিভিন্ন হাসপাতালে টি-বি সম্পর্কে ওষুধ দেওয়া হয়—যেমন তিনি অবলীলাক্রমে বলে গেলেন, আপনার এখানে যদি প্রয়োজন থাকে, আপনি বিভিন্ন হাসপাতালে, অধ্যক্ষ মহাশয়, লোক পাঠিয়ে হিসেব করে দেখতে পারেন। সরকারী হাসপাতালে দুটো জায়গায় মাত্র, কলিকাতায় চেস্ট ক্লিনিকএ ভ্যাকসিন দেওয়া হয়েছে। কোথায়, কোন জায়গায় দেওয়া হয় সেটা আপনি খবর নিয়ে দেখুন।

আগের প্রশ্ন ছিল চিকিৎসা খাতে উন্নয়নের জন্য হসপিটাল ফ্যাসিলিটিসএর কথা। এই বাজেট স্পীচের মাঝে কোথায় হাসপাতালের সংখ্যা বাড়বে, ডিস্ট্রিক্ট হসপিটালস—তার ক্যাটেগরী বেড়েছে? স্পেসিয়েলিস্টস ডিসেন্ট্রেলাইজেশন এই যে, চলতি কথা বলছেন, তা কোথায় পাচ্ছি? আমার বলবার কিছু বিশেষ কারণ আছে। আমি হাসপাতালের কথা বলেছিলাম। আপনারা যদি মানুষকে সেবা করবার দৃষ্টির ভেতর দিয়ে যেতেন তাহলে একটা হাসপাতালে ডাবল ডিউটি ডাক্তার খাটিয়ে একবার সকালে, একবার বিকালে ডাবল দি মেম্বার অব পিওপিলএর সেবা দিতে পারতেন। আজকে দুটো বাজেট স্পীচে গভর্নরের স্পীচের কোথাও তার উল্লেখ নাই। আছে কোনটা? এর বক্তব্য আমার পরের বক্তারা বলবেন। আজকে যদি মানুষকে সেবা করবার দৃষ্টি ভঙ্গী নিয়ে ওখানে স্থানীয় ডাক্তারদের মারফত চিকিৎসা দিতে পারতেন—গরীব মানুষ সে তো

বড় বড় অট্টালিকা চায় না। আপনারা বলেন যে টাকা হেলথ সেন্টার করতে প্রয়োজন সে টাকা নাকি পাওয়া যাচ্ছে না। মানুষকে সেবা করবার যদি ইচ্ছা থাকে, তাহলে ঐ বড় বড় অট্টালিকার প্রয়োজন কি? মানুষ ডাক্তার চেয়েছে, ওষুধ চেয়েছে, অট্টালিকা চায় নি। পুরান পুরান যে সমস্ত অট্টালিকা আছে, সেখানে বিনা পয়সায় মানুষ ওষুধ পেতে পারতো। সেখানে শুধু ওষুধের খরচ দিলেই মানুষ বাঁচতে পারতো। যে সমস্ত চ্যারিটেবল ইনস্টিটিউশনস ছিল তা ওষুধের অভাবে বন্ধ হয়ে যাচ্ছে। আজ সেখানে এন-ই-এস যাবে বলে হেলথ সেন্টার তৈরী করা বন্ধ করে দিয়েছেন। এটা কোন নীতি? আপনারা মুখেই কেবল ডিসেনট্রেলাইজেসন অফ হসপিটালস কথা বলছেন। অর্থাৎ কিনা মানুষ এসে যাতে কলিকাতায় ভীড় না করে এজন্য বাইরে হাসপাতাল করবেন, বাইরে স্পেসিয়েলিস্ট পাঠাবেন। এ কথার মানে থাকতে পারে। আজকে বাইরের মানুষ যাতে সেবা পেতে পারে তার কোন একটা বিশ্বাসযোগ্য বন্দোবস্ত না করে, তার বদলে কয়টা নার্সকে, ডাক্তারকে, কিসে খোঁচা দেওয়া যায় তার ব্যবস্থা করেছেন। মানুষ কোন দিন আপনাদের কাছে সহানুভূতি পায় নি, যেভাবে সেবা পাওয়া উচিত ছিল, তা তারা পায় নি। আজকে ডাক্তারদের ডিসেনট্রেলাইজ করবার জন্য নতুন যে সমস্ত নিয়মগুলি করেছেন, সেখানেও মানুষ আপনাদের সাপোর্ট করছেন না আপনাদের নীতিকে। গত দশ বছরের মধ্যে কোনদিন এমন অভাব পায় নি, সেখানে আপনারা ডাক্তারদের মাইনে কমিয়ে দিলেন। এই ডাক্তারকে অন্য জায়গায় যেতে বাধ্য করলেই যে আমরা ডিস্ট্রিক্টএ বসে তাদের সেবা পাবই পাব—এ রকম ত হয় না? আমি সেইজন্য বলছি—আপনারা ডাক্তার ও নার্স নিয়ে যা যা বন্দোবস্ত করেছেন তা ভুল। আগে মানুষকে সেবা করবার একটা গ্রাউন্ডওয়ার্ক তৈরী করুন, একটা বুনিয়াদ গঠন করুন। এই লাইনে যদি যেতে পারেন, তবে মানুষ আপনাদের বিশ্বাস করতে পারতো। আমাদের ইয়ংগার জেনারেশন যারা গড়ে উঠেছে—তাদের যদি বেশী মাইনে দিতেন, তাহলে আমরা অনুরোধ করে তাদের পাঠাতাম। আজ আপনারা তার মুখ রাখেন নাই যে তাদের আমরা বলতে পারি যে তোমরা ত্যাগ করলেই মানুষ সেবা পাবে।

**Sj. Syamadas Bhattacharyya:**

মাননীয় স্পীকার মহাশয়, বিরোধীদলের নেতা শ্রীযুক্ত জ্যোতি বসু মহাশয় রাজ্যপাল মহোদয়ার ভাষণের সমালোচনা করতে গিয়ে বললেন যে, সমস্ত পরিকল্পনাই ব্যর্থ হয়েছে। তিনি বলেছেন, আজকে অনাবৃষ্টির কথা ব'লে লাভ নেই এবং সমস্ত জিনিসের জন্য, দেশের সমস্ত অভাব-অভিযোগের জন্য কংগ্রেস সরকারই একমাত্র দায়ী।

মাননীয় স্পীকার মহাশয়, আমি সবিনয়ে এই কথা বলব যে, এই রকম ধরনের বক্তৃতা শুধু নিছক রাজনৈতিক সস্তা বক্তৃতা ছাড়া আর কিছুই নয়। খাদ্য একটা সমস্যারূপে দেখা দিয়েছে—এটা নিয়ে রাজনীতির খেলা করা উচিত নয়। আমি পুনরায় এই সম্পর্কে আবেদন জানাচ্ছি যে, রাজনীতির উর্ধ্বে রেখে খাদ্যনীতিকে দেখা উচিত। একথা আজকে যদি আমাদের বিরোধীদলের বন্ধুগণ না বোঝেন, তা হ'লে আমার মনে হয়, আমাদের দেশের ভাগ্যে আরও অনেক দুঃখ আছে এবং আমাদের বিশেষভাবে সাবধান হওয়া প্রয়োজন। পরিকল্পনা ব্যর্থ হয়েছে—এই কথা তাঁরা বললেন। কিন্তু মাননীয় স্পীকার মহাশয়, আমাদের বন্ধুগণ নিশ্চয়ই জানেন এই সেদিন পর্যন্ত যুগোশ্লাভিয়ার প্রধানমন্ত্রী সিরোকী থেকে আরম্ভ ক'রে মাননীয় শ্রীযুক্ত হো চি মিন—এঁদের কথা না হয় ছেড়েই দিলাম—এর আগে শ্রীযুক্ত বুলগানিন, শ্রীযুক্ত ক্রুশ্চেভ, শ্রীযুক্ত টিটো, শ্রীযুক্ত চৌ এন-লাই—এঁরা পরপর......

[এ ভয়েসঃ সর্বশেষে আপনারা সেসমস্ত কথা ব'লে গেছেন......তা ব'লে লাভ নাই।]

বন্ধুগণ বলছেন সেকথা ব'লে লাভ নাই, কিন্তু আমি বলি লাভ আছে। আমার মাননীয় বন্ধু যে দলের লোক, কম্যুনিস্ট দেশ থেকে সার্টিফিকেট না আনতে পারলে তাঁদের মতে কোন কাজই ভাল হ'ল না। সেইজন্য আমাকে বাধ্য হয়ে এই সমস্ত জননায়কদের কথা উল্লেখ করতে হয়েছে।

মাননীয় স্পীকার মহাশয়, আমি নিবেদন করতে চাই—মাননীয়া রাজ্যপাল মহোদয়ার বক্তৃতার মধ্যে বাস্তব দৃষ্টিভঙ্গির পরিচয় পরিস্ফুট। পশ্চিম বাংলার সামগ্রিক চিত্র এই বক্তৃতার মধ্যে ফুটিয়ে তোলা হয়েছে। শুধু বর্তমান খাদ্য পরিস্থিতি নয়, যা একান্ত উদ্বেগজনক, তা ছাড়া

ত্রাণকার্য, উদ্বাস্তু সমস্যা, জাতীয় সম্প্রসারণ পরিকল্পনা—কৃষি, স্বাস্থ্য, মৎস্যচাষ, শিল্প—কুটিরশিল্প ও বৃহৎশিল্প, ভূমিসংস্কার ইত্যাদি বহুবিধ বিষয়ের অবতারণা তাতে করা হয়েছে এবং ধীরভাবে বাস্তব দৃষ্টি নিয়ে যথোচিত গুরুত্ব সহকারে এই সমস্ত বিষয়ে আলোচনা করা হয়েছে। তাই ব'লে সমস্যার কঠোরতার গুরুত্ব এড়িয়ে যাওয়া হয় নি। বেকারসমস্যার বৃদ্ধির কথা বলা হয়েছে এবং খাদ্যসমস্যার তীব্রতা যথেষ্ট সৃষ্টি হয়েছে—এসব দিককও মাননীয়া রাজ্যপাল আমাদের দৃষ্টি আকর্ষণ করেছেন। এটা খুবই স্বাভাবিক যে, খাদ্যদ্রব্যের অবস্থা অত্যন্ত উদ্বেগজনক। মাননীয়া রাজ্যপাল মহোদয়া সত্যই বলেছেন যে, গত বৎসর অস্বাভাবিক ধরনের অনাবৃষ্টি দেখা দিয়েছিল।

[5-45—5-55 p.m.]

মাথাপিছু ১৫·৩ আউন্স হিসাবে খাদ্য প্রয়োজন হবে ধরে নিলে মোট প্রয়োজনীয় খাদ্যের পরিমাণ দাঁড়াবে ৪৬·৪৫ লক্ষ টন। কাজেই খাদ্যশস্যের ঘাটতি হবে ৭ লক্ষ টন। আমি এই প্রসঙ্গে, মাননীয় স্পীকার মহাশয়, বলতে চাই এই কথা যে, খাদ্যশস্যের হিসাব যা আমরা পাচ্ছি তাতে আমাদের পক্ষে আশ্বস্ত হওয়া একটু কঠিন। কারণ গত বৎসর যে হিসাব আমরা পেয়েছিলাম তা এবারের চেয়ে ভাল ছিল; সেটা ছিল এই যে, ৪৩ লক্ষ টন চাল উৎপন্ন হয়েছিল পশ্চিম বাংলাতে, তা ছাড়া ১ লক্ষ টন গম এবং অন্যান্য খাদ্যশস্য উৎপন্ন হয়েছিল—মোট ৪৪ লক্ষ টন। তা ছাড়া হস্তান্তরিত এলাকায় ৩ লক্ষ টন, মোট ৪৭ লক্ষ টন উৎপন্ন হয়েছিল। এর ওপর, আমরা বাইরে থেকে প্রায় ৩ লক্ষ টন গম আমদানি করতে পেরেছিলাম অথচ একথা জানি যে, গত বৎসর খাদ্যদ্রব্যের মূল্য অস্বাভাবিকভাবে বৃদ্ধিপ্রাপ্ত হয় এবং তা যথেষ্ট উদ্বেগের সৃষ্টি করেছিল। আমরা যদি আবার সমগ্র ভারতীয় চিত্রের দিকে লক্ষ্য করি তা হ'লে দেখতে পাচ্ছি এই যে, ১৯৫৬-৫৭ সালে খাদ্যদ্রব্য উৎপন্ন হয়েছে ৬৮·৬৯ মিলিয়ন টনস, তার আগের বছরে হয়েছিল মাত্র ৬৫·২৯ মিলিয়ন টনস, এবং যদি পঞ্চবার্ষিকী পরিকল্পনার প্রথম অংশের কথা ভাবি তা হ'লে দেখতে পাব যে, প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষভাগে আমাদের নীট খাদ্যশস্য উৎপাদন বৃদ্ধি হয়েছে ৭·৩ মিলিয়ন টনস, যেখানে আমাদের সরকারের লক্ষ্যস্থল ছিল ৭·৬ মিলিয়ন টনস। অর্থাৎ দেখতে গেলে গতবারের উৎপাদনের অবস্থা মোটামুটি বেশ ভাল ছিল। কিন্তু আমরা দেখলাম, অত্যন্ত দুঃখের সঙ্গে, উদ্বেগের সঙ্গে আমরা লক্ষ্য করলাম যে, এই ভাল অবস্থা সত্ত্বেও খাদ্যদ্রব্যের মূল্য অস্বাভাবিকভাবে বৃদ্ধিপ্রাপ্ত হ'ল। কাজেই আজকে আমাদের বিশেষভাবে সতর্ক হওয়া দরকার, এইটুকুই আপনার কাছে নিবেদন করতে চাই। আমি শুধু এই কথাই বলব যে, মূল্যবৃদ্ধির যে যে কারণ গত বৎসর ছিল, সেই সব কারণ পুরোমাত্রায় রয়েছে। আমরা দেখেছি যে, মার্কেটএবল সারপ্লাস অর্থাৎ বাজারে বিক্রি করবার জন্য যে উদ্বৃত্ত চাল আসে তার পরিমাণ গেলবারে কম ছিল—একথা অশোক মেটা কমিটি থেকে বলা হয়েছে, আমাদের সরকার থেকেও বলা হয়েছে। এ বৎসর উদ্বৃত্ত চাল বিক্রি করবার জন্য বাজারে বেশি আমদানি হবে তার কোন রকম সম্ভাবনা নেই। ফাটকাবাজার ব্যবসায়ী বা স্পেকুলেটিভ ট্রেডারদের ক্রিয়াকলাপ গত বৎসর যা ছিল এ বৎসর যে তা কমবে তার আশাও আমরা দেখতে পাচ্ছি না। তা ছাড়া আমাদের দেশের ইনভেস্টমেন্টএর টেম্পো অর্থাৎ যেভাবে পাবলিক সেক্টরএ টাকা লগ্নী হচ্ছে তার পরিমাণ লক্ষ্য করলে দেখি যে, ১৯৫৩-৫৪ সালে যেখানে ৩৪৩ কোটি টাকা লগ্নী হয়েছিল, সেখানে ১৯৫৭-৫৮ সালে, এই বৎসরে লগ্নী করার কথা ৯০০ কোটি টাকা। অর্থাৎ এইসব কারণে লোকের কাছে কিছু টাকা ছড়িয়ে পড়ছে, ক্রয়ক্ষমতা বৃদ্ধি পাচ্ছে এটা ঠিকই, কিন্তু ক্রয়ক্ষমতা বৃদ্ধি পেলেও আমাদের মত দেশের লোকে, যারা সব সময় খেতে পায় না ভালভাবে, তাদের প্রথম যে জিনিসটা কেনবার দরকার হয় সেটা হ'ল খাদ্যদ্রব্য। আর একটু চিন্তা করলে বুঝব, কেন খাদ্যদ্রব্য কেনবার লোকের ঝোঁক হবে, গড়পড়তা আমাদের খাদ্যের যা দরকার তার পরিমাণ ৩ হাজার ক্যালোরি। এখানে গড়পড়তা যা অ্যাভেলএবল অর্থাৎ যা মাথাপিছু পাওয়া যেতে পারে সেটা হচ্ছে ২ হাজার ২ শত, কিন্তু সাধারণ লোকে যা খেতে পায় তা হিসেব করলে দাঁড়াবে ১,২০০ ক্যালোরি মাত্র। এক্ষেত্রে অতি স্বাভাবিক কথা যে, লোকে প্রথমে খাদ্যদ্রব্য কিনতে চাইবে টাকা হাতে এলে। এই সঙ্গে যে ডেফিসিট ফাইন্যান্সিং হচ্ছে বা ঘাটতি মুদ্রাস্ফীতি হচ্ছে তার পরিমাণ ১৯৫৬-৫৭ সালে ২৫৩ কোটি টাকা। আমরা দেখতে

পাচ্ছি ব্যাংক রেট বৃদ্ধি পাচ্ছে। অন্যান্য নানা কারণে—অর্থনৈতিক কারণে এবং অন্যান্য কারণে, যেভাবে খাদ্যদ্রব্যের মূল্য বৃদ্ধি হচ্ছে সেই সমস্ত কারণগুলি পুরোমাত্রায় এ বৎসরও বজায় থাকবে এই আমার আশঙ্কা এবং সেইজন্য আমি অনুরোধ করছি যে, এই বিষয় আমাদের সতর্ক দৃষ্টি সর্বদাই রাখতে হবে; আমাদের বিরোধী দলের বন্ধুদেরও বলছি যে, এই বিষয় সজাগ দৃষ্টি রাখতে হবে। এই ভাষণে বলা হয়েছে যে, কর্ডন তুলে দেওয়া হয়েছে, রাজ্যের মধ্যে খাদ্যদ্রব্য চলাচলের নিষেধাজ্ঞা যা ছিল এখন আর তা নেই। এটা খুবই ভাল হয়েছে আমি বলতে চাই; কিন্তু আমার কথা হচ্ছে এই যে, এমন অবস্থার সৃষ্টি হওয়া একেবারে অসম্ভব নয় যখন আবার নিয়ন্ত্রণ ব্যবস্থা করতে হতে পারে। নিয়ন্ত্রণ ব্যবস্থার পক্ষে এবং বিপক্ষে অনেক কথা আছে প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার রিপোর্টএর মধ্যে আছে, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার রিপোর্টএর মধ্যেও আছে, অশোক মেটা কমিটির রিপোর্টএর মধ্যে অনেক কথা আছে এবং এ বিষয়ে আমার বিরোধী-দলের বন্ধুরা সকলে একমত নয় একথা আমরা জানি। কিন্তু খাদ্য এবং অন্যান্য প্রয়োজনীয় দ্রব্যের দাম যদি বেড়ে চলে তা হ'লে যে দুঃখজনক পরিস্থিতির সৃষ্টি হবে তাতে আমাদের ভারতের মত অনুন্নত দেশের পক্ষে খুব ভাববার কথা এবং সেইজন্য আমি নিবেদন করি যে এদিকে খুব সজাগ দৃষ্টি রাখার কথা এবং প্রয়োজন হলে ফিজিক্যাল কন্ট্রোল যে একেবারেই করা হবে না এমন কোন কথা না বলা এবং যেখানে যেখানে হোর্ডিং হবে, বেশি খাদ্য সঞ্চয় করা হবে, হোর্ডিং কথাটার প্রয়োগ এখন হয়ত ঠিক হবে না, কিন্তু যেখানে অযথা মুনাফা লুঠবার জন্য খাদ্য মজুত করবার প্রবণতা হবে, সেখানে আমাদের বোধ হয় কিছু কিছু নিয়ন্ত্রণ করবার দরকার হবে; সেই হোর্ডিং করবার টেন্ডেন্সিটা যাতে না হয় সেদিকে দৃষ্টি রাখতে হবে। একটা জিনিস শোনা যায় যে মূল্যের অধোগতি হবে, অর্থাৎ রিসেসশন হবে, ক্র্যাস হয়তো আসন্ন। সেইজন্য আমরা ভাবছি যে দাম খুব কমে যাবে, সারা পৃথিবী জুড়ে দাম কমে যাবে, ভারতবর্ষেও তার প্রতিক্রিয়াস্বরূপ দাম কমে যাবে কাজেই অতটা না ভাবলেও চলে। কিন্তু মাননীয় স্পীকার মহাশয়, এ বিষয়ে কেউ কোন স্থির করে বলতে পারে না এবং সেই রিসেসশন বা মূল্যের অধোগতি যে আসবে এবং এলেও আমাদের খাদ্য দ্রব্যের বেলায় আসবে কি না সে সম্বন্ধে যথেষ্ট সন্দেহ আছে। সেইজন্য আমি এই বিষয় বিশেষভাবে অনুরোধ করি যাতে আমরা একদিনের জন্যও, এক মুহূর্তের জন্যও এদিকে সজাগ দৃষ্টি রাখতে না ভুলি। আমার কথা হচ্ছে এই যে, খাদ্য দ্রব্যের নিয়ন্ত্রণের ব্যাপারটা একেবারে বাদ দিলে বোধ হয় চলবে না, এবং প্রয়োজনমত নিয়ন্ত্রণ করা দরকার হবে কিছু কিছু। কিন্তু নিয়ন্ত্রণ ছাড়াও খাদ্যদ্রব্য উৎপাদন সম্বন্ধে যেসব কথা বলা আছে সেগুলি যাতে ঠিক ঠিক ভাবে প্রয়োগ করা হয় তা আমাদের দেখতে হবে। এবং, আমি যেকথা বলছিলাম, খাদ্য দ্রব্য উৎপাদন করতে গিয়ে, এ সম্পর্কে অশোক মেটা কমিটি যেকথা বলেছেন মাইনর ইরিগেশন স্কীম সম্বন্ধে তার দিকে বেশি নজর দিতে হবে, কারণ আমরা দেখেছি মাইনর ইরিগেশন স্কীমে যত টাকা খরচা করার কথা ছিল তার ৬৩ ভাগ মাত্র খরচা করা হয়েছে কিন্তু মোট যতটা ফল লাভ করা যাবে আশা করা গিয়েছিল তার মধ্যে শতকরা ৯১ ভাগ ফল লাভ হয়েছে। কাজে কাজেই আমরা বুঝতে পেরেছি যে বড় বড় মেজর স্কীমের বদলে ছোট ছোট স্কীমের দিকে আমাদের বেশি ঝোঁক দিতে হবে। আর একটি কথা, স্পীকার মহাশয়, মাননীয়া রাজ্যপাল ভূমি সংস্কার সম্বন্ধে ২।৪টি কথা বলেছেন, সে সম্বন্ধে আমাদের ভাববার কথা হচ্ছে যে আবাদী জমির পরিমাণ আমাদের বাংলাদেশে মোট ১১৭ লক্ষ একর; তার মধ্যে একটা জিনিস লক্ষ্য করবার কথা যে ৮·৬৫ লক্ষ কৃষি পরিবারের মধ্যে, অথবা সমগ্র কৃষি পরিবারদের মধ্যে শতকরা ৩৪·৫ ভাগের মধ্যে, জমি আছে মাত্র৮·৮ লক্ষ একর অর্থাৎ তাদের ভাগে পরিবার পিছু জমি পড়ছে দুই একরের চেয়েও কম। তা ছাড়া ভূমিহীন কৃষক আছে প্রায় ৬ লক্ষ। কাজেই আমাদের ভাবতে হবে, যতটা জমি আমরা বাড়তি পাব, ততটা জমি যাতে আমরা পুরোপুরি পেতে পারি। আমার কথা হচ্ছে, স্পীকার মহাশয়, যে জিনিসটা আমাদের পাবার কথা, জোতদারদের ২৫ একরের বাড়তি যে জমিটা আমাদের পাবার কথা, সেটা আমরা পাই নি। আমাদের চেষ্টা করতে হবে, এখনও সময় আছে। যেখানে যেখানে জমি পাওয়া সম্ভব, যাদের ২৫ একরের বেশি জমি আছে, কিন্তু সরকারকে না দিয়ে গোপন রাখা হয়েছে, সেখানে সেখানে চেষ্টা করতে হবে। দ্বিতীয়

প্রস্তাব হচ্ছে যে সমবায় পদ্ধতিতে চাষের ব্যবস্থা আমাদের শীঘ্রই ব্যাপকভাবে চালু করতে হবে। চীনদেশে আমাদের সরকারী ও বেসরকারী দুইটি দল ভারতবর্ষ থেকে গিয়েছিল এবং দুইটি দলই বলেছে যে চীনদেশ বিস্ময়কর উন্নতি করেছে, অন্যান্য বিষয় ছাড়া, শুধু সমবায় পদ্ধতিতে চাষ করে।

[5-55—6-5 p.m.]

কাজেই আমাদের ল্যান্ড রিফর্ম আইনের মধ্যে সমবায় পদ্ধতি সম্পর্কে যেসব ধারাগুলি আছে সেগুলি অবিলম্বে যাতে কার্য ক্ষেত্রে প্রয়োগ করা যায় সেদিকে, মাননীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। তারপর ভূমি সংস্কার আইনে বৈজ্ঞানিক প্রণালীতে জমির খাজনা নির্ধারিত করবার যে ধারাগুলি আছে, সেগুলি অবিলম্বে প্রয়োগ করতে হবে ; অর্থাৎ জমি কম হলে, খাজনার হার হবে কম, এবং জমি বেশি হলে, খাজনার হার ক্রমশ উচ্চতর হবে, এই যে বৈজ্ঞানিক নীতি ভূমি সংস্কার আইনে সন্নিবিষ্ট আছে, তৎসংক্রান্ত ধারাগুলি অবিলম্বে চালু করতে হবে।

মাননীয় স্পীকার মহোদয়, আর একটা জিনিসের উপর আমি কিছু বলতে চাই, সেটা হচ্ছে মৎস্য চাষ সম্পর্কে। মৎস্য চাষের প্রতি সরকার দৃষ্টি দিয়েছেন—সুখের কথা। এই প্রসঙ্গে আমি বলতে চাই আমাদের এই পশ্চিমবঙ্গে হস্তান্তরিত পুরুলিয়া অঞ্চল ব্যতীত প্রায় ১৩½ লক্ষ একর জলা জমি আছে এর মধ্যে বড় বড় নদী ধরা হয় নাই। এই যে ১৩½ লক্ষ একর জলা জমি আছে এর মধ্যে সরকারী হিসেবে যা আমরা পাচ্ছি তা হচ্ছে ½ অংশ ডেরিলিক্ট্ অর সেমি-ডেরিলিক্ট্ তা সংস্কার করলে মৎস্য চাষ বেশ হতে পারে। সরকারী হিসাব মতে সেইসব জলা ভূমি থেকে ৬০ লক্ষ মণ মাছ আমরা পেতে পারি। সুতরাং এই জিনিসটার প্রতি বিশেষ দৃষ্টি দেওয়া উচিত। তারপর আমাদের পশ্চিমবাংলার ভিতর যেসব হাজা মজা পুকুর ও পতিত জমি রয়েছে সেগুলিও সংস্কার করবার জন্য যে বিশেষ জোর দেওয়া উচিত সেকথা যেন আমরা না ভুলি।

আমি আর একটা জিনিসের কথা না বলে পারছি না—আমাদের মাননীয়া রাজ্যপাল মহোদয়া তাঁর ভাষণে বলেছেন—

> "A large numbers of tube-wells and wells were sunk for the supply of drinking water in N.E.S. areas".

একথা খুবই সত্য যে এতে অনেক উপকার আমাদের এই দেশবাসীদের হয়েছে। কিন্তু সঙ্গে সঙ্গে আমি বলতে চাই, সমাজ-উন্নয়ন পরিকল্পনা ও জাতীয় সম্প্রসারণের যা নাকি মূল কথা ভুলে যাওয়া হয়েছে। এতে করে গ্রামের লোকদের স্বাবলম্বন নীতি শেখানো হয় নি। অর্থাৎ গ্রামের লোকেরা নিজেরাই নিজেদের কাজ করবে—নিজেদের কূপ, টিউব ওয়েল নিজেরাই করে নেবে। এই যে নীতি সমাজ-উন্নয়ন ও জাতীয় সম্প্রসারণের মূলে রয়েছে পশ্চিমবঙ্গে সেই নীতিকে সমর্থন করা হয় নাই। আমি আশা করি যত শীঘ্র সম্ভব এই নীতি কাজে প্রয়োগ করা হবে। অর্থাৎ এক-একটা টিউব-ওয়েল যাতে লোকাল ওয়ার্কস ডেভেলপমেন্টাল স্কীমের প্রণালী অনুসারে করা যায়, তার ব্যবস্থা হওয়া দরকার। গ্রামের লোকেরা নিজেরা পরিশ্রম করে কাজ ক'রে অথবা টাকা ও জিনিসপত্র দিয়ে এবং সরকারের কাছ থেকে আর্থিক সাহায্য নিয়ে লোকাল ওয়ার্কস ডেভেলপমেন্ট স্কীমে অনেক ভাল ভাল কাজ হয়েছে। যেসব এলেকায় সরকারী জাতীয় সম্প্রসারণের পরিকল্পনা হয়েছে বা জাতীয় উন্নয়নের পরিকল্পনা চালু হয়েছে সেইসব এলেকায় এই পদ্ধতিতে টিউব-ওয়েল, কূপ প্রভৃতি কেন হতে পারবে না আমি বুঝতে পারি না। এই ব্যাপারটা অনেকের কাছে এখন রহস্যাবৃত। আমি আশা করি এটা করা সম্ভব হবে।

মাননীয় স্পীকার মহাশয়, আমি আর একটা কথা বলব—সেটা হচ্ছে আমাদের সোস্যালিস্টিক প্যাটার্ন অব সোসাইটি বা সমাজতান্ত্রিক সমাজ গঠনের জন্য লক্ষ্য স্থির করা হয়েছে, তার মূল যে কথাটি, কিছু কিছু আমরা মাঝে মাঝে ভুলে যাই। যেমন আজকে বড় বড় অর্থশালী লোকদের যা আয় তাদের যা সম্পদ এবং অত্যন্ত দরিদ্র লোকদের যে আয়, যা অতি নিম্ন মানে

রয়েছে এই উভয়ের মধ্যে বিরাট ব্যবধান রয়েছে; এ বিষয়ে একটা সামঞ্জস্য সাধন করে সুষ্ঠু সমাধান সম্ভব এবং তা করা উচিত। সেইজন্য আমি বলছি যে সম্পদ এবং আয়ের যে বৈষম্য রয়েছে সেটা কার্যকরী রূপে সংকীর্ন করে একটা সামঞ্জস্যপূর্ণ এবং ন্যায়সংগত ব্যবস্থার মধ্যে আনা যায় কি না সে সম্বন্ধে আমাদের চেষ্টা করা উচিত। এই হচ্ছে আমার শেষ কথা।

এই প্রসঙ্গে আমি মাননীয়া রাজ্যপাল মহোদয়াকে ধন্যবাদ প্রদান করছি। তিনি অতি সুন্দর এবং যুক্তিপূর্ণ যে ভাষণ আমাদের শুনিয়েছেন এবং দেশের যে ছবি আমাদের সাম্নে এনে দিয়েছেন তার জন্য পুনরায় তাঁকে আন্তরিক ধন্যবাদ দিচ্ছি।

**Sj. Sisir Kumar Das:** It is to be noted with great regret the gradual deterioration of the moral tone in the legislation and administration of the country. I shall cite several instances. First of all there was the Estates Acquisition Act passed in 1953 being Act No. I of 1954. You made there a solemn promise that the intermediaries who are being expropriated will be paid compensation after three years namely from the beginning of the year 1364 B.S. Now I find from the Governor's speech that you are going not to make any payment after 1364 B.S. and you are bringing a legislation for certain purposes. A Press Note came out in the newspapers that the Government has no funds to pay such a huge compensation. Now instead of admitting the fact that the Government is not in a position to pay compensation what they are doing now? The Governor's speech says that due to certain difficulties we are not being able to pay compensation this year. What is said there is this: For the convenience of all parties concerned the date of final publication of the Record of Rights is proposed to be extended by one year. Payment of final compensation to intermediaries will consequently be delayed. Therefore you find that instead of admitting the fact that you have no money to pay to the intermediaries you just put in a lame excuse that you cannot pay because the Record of Rights are having been prepared. I ask you one question. What about payment of compensation to Zemindars namely the rent receiving interests? There is no dispute about that. No record of rights is to be prepared with regard to the revenue receiving interests. Therefore, it is idle to say that we cannot pay for this reason or that reason. You are bankrupt - you won't admit that. You have got no money. You cannot raise any further loan and therefore you have got to stop payment. Further, the moral tone of the administration and legislation has gone down due to the fact that you amended the Constitution in April, 1958 and what is the amendment? The amendment is that you can acquire any agricultural interest without payment of any compensation. I apprehended at that time that Dr. Roy's Government will sooner or later take help of that and will repudiate payment altogether. I know that this prognosis is coming to be true step by step. Now, if the Constitution can be amended with certain object of cheating certain persons, if the provisions made in the legislation itself can be amended at the sweet will of the party in power then what is the sanctity of legislation?

I shall give another illustration of how the moral tone of the administration is going down. There has been a circular by the Board of Revenue to the District Magistrates. The circular says that though possession has not been taken under section 10(2) of the Estates Acquisition Act of all the Khas lands of the intermediaries, yet paddy will be taken by the bargadars. You have taken away the land of the intermediaries without any compensation that you promised to be paid this year. You directed the Board of Revenue that instead of paying compensation to them the intermediaries will not get their share of the produce from the bargadars. That is the circular I have got.

**The Hon'ble Bimal Chandra Sinha:** That is totally wrong.

**Sj. Sisir Kumar Das:** For such land cultivated by bargadars without any assistance from the intermediaries, the bargadar will take the entire crop. You may purchase a house. The property may belong to you. But the person in possession is he who resides there. Therefore, you may have acquired certain property. The vesting of the proprietory rights may be in you but so long as you do not take possession, the rightful person who is in possession of that property is entitled to compensation.

[6-5—6-15 p.m.]

**The Hon'ble Bimal Chandra Sinha:** What type of possession?

**Sj. Sisir Kumar Das:** Physical.

Therefore, there has been a constant deterioration in the tone of the administration. I have got another circular. I went to my constituency just before this session began. I had an interview with the S.D.O. there, and I found a circular which was being issued by the Circle Officer to the President of the Union Board to this effect:

"রিলিফ সংক্রান্ত যাবতীয় কার্য্যে আপনার ইউনিয়ন-এর নিম্নলিখিত দুই ব্যক্তি সরকার কর্তৃক মনোনীত হয়েছে, এই সংবাদ তাঁদের অবগত করাবেন।"

Who are the two persons? One is Sanatan Jana and the other is Mr. Prodhan. I asked the S.D.O.—why are these two Congressmen elected and not the popular representatives of that place? The S.D.O. admitted to me and said "I have given different sets of persons but from the ministerial quarters the names have been changed, for which I am not responsible." I ask the Hon'ble Minister in charge of this Department to give an answer to that question. Sir, the whole thing is that the administration is being run only in a way so that the next election may be won on behalf of the Congress. Mr. Speaker, Sir, there is a provision in the Constitution that the Minister takes an oath to be fair and impartial in the administration and is this the impartiality of the administration?

**Mr. Speaker:** To the best of his ability.

**Sj. Sisir Kumar Das:** Yes, to the best of his ability to cut out names and to strike out names suggested by the S.D.O. and put in the names suggested by certain persons. Mr. Speaker, Sir, that the moral tone has deteriorated will be evident from the speech of Dr. Roy himself. In his speech he has said that the loan which was granted by foreign countries or which was given by foreign countries for a particular project interest is being charged on it by the Central Government. Therefore, you see the process of 420 of the I.P.C. is being pursued not only by this Government but also by the Central Government.

Now, Sir, I will cite another instance. Mr. Speaker, Sir, you will at once pounce upon me if I say that the tone of the administration is being undermined by the Prime Minister himself. When he had appointed the Chagla Commission to enquire into the Krishnamachari-Mundhra affairs and when the investigation was going on in Bombay, what did Pandit Jawaharlal Nehru do? He came and delivered a lecture there that TTK was the best administrator in India. Is not that a contempt of court?

**Mr. Speaker:** I would not pounce upon you but I thought it did not concern the Ministers of West Bengal. It is none of our business to see what the Prime Minister is doing.

**Sj. Sisir Kumar Das:** Sir, it is our business because the whole administration is being corrupted by the Centre. That is the reason why I say this. I hope you remember that when the Law Commission was started, Mr. Siddartha Roy attended. What was the speech delivered by Pandit Jawaharlal Nehru there? He says that nothing will stand between me and the progress of the country—not even the law courts. I hope you remember that. That is the state of affairs in this country. The District Board of Midnapore was elected in January this year. You know very well that the persons who elect the School Board are the members of the Union Board. The Union Boards are functioning for the last ten years but they have not been elected, and we saw the Education Minister here during the last session and asked him what was the reason for electing the District School Board just now when election to the Panchayets and local boards was imminent. He said—write to the District Magistrate who is the proper authority—and we wrote to the District Magistrate but the election was held. No reply was given. That is why I say, Mr. Speaker, Sir, that the administration is being run for the benefit of one party only. It should not be so in a democracy? I should point out to you, Sir, that democracy can function only when the administrators of the country can rise above party politics. Otherwise the fate of the country is sealed. We read in the newspapers that a high-powered anti-corruption committee has been set up by the Cabinet. But what is the result of that? We do not find any indication in the Governor's speech. Only there are high-sounding words. I suggested last session that the Caesar's wife must be above suspicion. There must be a declaration of property by the Ministers of the State. That has not been acted upon but I wish to harp on it till this Ministry goes out.

**Mr. Speaker:** Why the Ministers alone?

*Sj. Sisir Kumar Das:** We are ready to give a declaration of our property and we should include the Speaker also.

**Sj. Bhakta Chandra Roy:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বন্ধুবর বিমলানন্দ তর্কতীর্থ মহাশয় মাননীয়া রাজ্যপাল মহোদয়ার ভাষণের উপরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এনেছেন আমি অত্যন্ত দুঃখিত অন্তকরণে জানাচ্ছি আমি তার সংগে এক মত হতে পারছি না। কারণ, এই ভাষণের মধ্যে যে চিত্র বাংলাদেশের আঁকা হয়েছে বাস্তবক্ষেত্রে সত্যই এর সংগে সংগতি রক্ষা করা যায় না। আমি প্রথমেই বলব আমাদের বন্ধুবরের যে কনস্টিটিউয়েন্সি, পূর্বস্থলী থানা তা গত বন্যায় প্রকৃতই এমনভাবে বিধ্বস্ত হয়েছিল যে সেখানে পুনর্বাসনের প্রশ্ন উঠে গেছল—পশ্চিমবাংলার অধিবাসীদের মধ্যে। পূর্বস্থলী থানাতে এইরূপ অবস্থা হয়েছিল এবং বলা যেতে পারে কালনা থানা ও আমার নির্বাচন কেন্দ্র মন্তেশ্বরও বন্যাবিধ্বস্ত হয়ে এই অবস্থা প্রাপ্ত হয়েছিল। কিন্তু দুঃখের বিষয় বলতে বাধ্য হচ্ছি যে আজ পর্যন্ত যতগুলি হাউস-বিল্ডিং লোনএর জন্য দরখাস্ত করা হয়েছিল তার একখানিরও মর্যাদা রক্ষা করা হয় নি। বন্যাকালীন সাময়িকভাবে কিছু রিলিফ করা হয়েছিল কিন্তু দুঃখের বিষয় বন্যার সময় বন্যাবিধ্বস্তদের বাড়িঘর সম্বন্ধে, সংসার পুনর্গঠনের সম্বন্ধে সরকার সাহায্যের যে কমিটমেন্ট দিয়েছিলেন তা এতটুকুও প্রতিপালিত হয় নি। আমি তাই দুঃখের সংগে বলব যে রাজ্যপাল মহোদয়ার ভাষণের মধ্যে কাগজেকলমে তিনি যা চিত্র এঁকেছেন বাস্তব চিত্র তা থেকে অনেক দূরে পড়ে আছে। সেই চিত্র অফিসের চিত্র, সেই চিত্র সুধীজনমন্ডলীর চিত্র, সেই চিত্র সমাজের একস্তরের চিত্র। কিন্তু আমাদের দেশের কথা বলতে গেলে, বাংলাদেশের কথা বলতে গেলে যদি গ্রামাঞ্চলের কথা বলা যায় তা হ'লে চিত্রের কোন অংশ আমরা পরিস্কার দেখতে পাচ্ছি না, তার রূপায়ণও কিছুমাত্র আমরা দেখতে পাচ্ছি না।

দ্বিতীয় কথা আমি বলব যে আমাদের বর্ধমান জেলায় ইরিগেশন ব্যবস্থার জন্য সরকার গর্বিত অনুভব করে থাকেন। অবশ্য সেখানে কিছু কিছু হয়েছে, ডি-ভি-সি হয়েছে। কিন্তু এই সেচের ব্যবস্থার সুযোগ জনসাধারণ যথাযথভাবে পাচ্ছে কি না, সকলের প্রয়োজন ঠিক ঠিক ভাবে সরকারী মেসিনারী গিয়ে যথাযথভাবে তাদের মধ্যে সেচের বাস্তব চেহারা দেখতে পাচ্ছে কি না সে সম্বন্ধে আমাদের রাজ্যপালিকার ভাষণে কোন কথা বলা নেই। আমরা দেখছি এ বছর দারুণ অনাবৃষ্টির মধ্যে ডি-ভি-সি আর ডি-সি এই দুটো মেসিনারী সেখানে আছে, এই দুটো মেসিনারীর মধ্যে কোন যোগাযোগ সৃষ্টি করা আমাদের গভর্নমেন্টের পক্ষে সম্ভব হ'ল না।

[6-15—6-25 p.m.]

মাননীয় স্পীকার মহাশয়, এ সম্পর্কে ফরেস্ট মিনিস্টার এবং জেলা কর্তৃপক্ষকে বার বার বলা হয়েছে, তাঁরা যদি কিছু একটা ব্যবস্থা করতেন তা হ'লে অন্তত ৫ হাজার বিঘার ফসল যা নষ্ট হয়েছে তা রক্ষা পেত। এবং ডি-ভি-সি এবং ডি-সি এরা যদি একমত হয়ে একটা ব্যবস্থা করতেন তা হ'লে আমার নিজের ধারণা এই ৫ হাজার বিঘা জমিতে সেচ হতে পারত। কিন্তু সরকার সে ব্যবস্থা করেন নি। আমাদের সরকার এস্টেট অ্যাকুইজিশন বিল অ্যান্ড ল্যান্ড রিফর্মস বিল পাস করেছেন পল্লী অঞ্চলের লোকের স্বার্থের জন্য, কিন্তু দুঃখের বিষয় এই দুটো কার্যকরী না হওয়ার জন্য আজ পর্যন্ত কোন উপকার চাষীরা পাচ্ছে না বিশেষ করে গ্রামাঞ্চলের এক শ্রেণীর লোক ছাড়া। আমি দৃষ্টান্তস্বরূপ বলব, আমাদের কালনা-কাটোয়া বর্ডারে প্রায় ৬ লক্ষ বিঘা জমি পতিত ছিল। আমাদের জাতীয় সরকার আসবার পর যদি কো-অপারেটিভ করে এইসমস্ত জমি আবাদের মধ্যে আনতেন এবং সাহায্য করতেন—অবশ্য সরকার একবার সাহায্য করেছিলেন—তা হ'লে এইসমস্ত জমি বোরো ধান যা নাকি চাষীরা শীতকালে অত্যন্ত কষ্ট করে চাষ করে তা ভালভাবে উৎপন্ন হত এবং জমির দামও অনেক বেড়ে যেত। গত সপ্তাহে আমরা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে অ্যাপ্রোচ করেছি। এ সমস্ত জায়গায় অত্যন্ত অসাধুতার সঙ্গে সেটেলমেন্টএর কাজ চলছে। জেলা ম্যাজিস্ট্রেট এবং এ-ডি-এম উভয়েই বললেন, এখন চাষের সময়, এগুলি রেকর্ড করা যায় না। এই জমিগুলির যদি অনতিবিলম্বে ন্যায্যভাবে রেকর্ড করান যায় তা হ'লে প্রায় ১ হাজার চাষী ও কৃষকের জমি সমস্যার সমাধান হ'তে পারে। ঐই ব্যবস্থা হওয়া অত্যন্ত প্রয়োজন। কিন্তু আমাদের সরকার এই ব্যাপারে এগিয়ে আসার প্রয়োজনীয়তা বোধ করেন না। আমি বলব যে, অনুরোধ করব যে, এ সম্বন্ধে অনতিবিলম্বে এগিয়ে আসা প্রয়োজন। যেসমস্ত জমিতে এখন আবাদ করা হচ্ছে সেখানে অনতিবিলম্বে সেটেলমেন্ট স্টাফ পাঠিয়ে সমস্ত জমি রেকর্ড করানোর প্রয়োজন আছে এবং তাতে দু'টো উদ্দেশ্য সাধিত হবে—চাষী জমির মালিক হ'তে পারবে এবং গভর্নমেন্টএর সঙ্গে রাজস্ব ইত্যাদি ব্যাপারে ন্যায্য ব্যবস্থায় আসতে পারবে। অবিলম্বে এই বিষয়ে জেলা কর্তৃপক্ষকে ডাইরেক্টিভ দেবার জন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব।

তারপর, আমি বাংলাদেশের সামগ্রিকভাবে বেকার সমস্যার কথা বলব। রাজ্যপালিকার ভাষণে বেকার সমস্যার কথা কোন কোন জায়গায় ইঙ্গিত করা হয়েছে। কুটিরশিল্পের মাধ্যমে কিছু কিছু বেকার সমস্যার সমাধান হ'লেও এই সমস্যা এত ব্যাপক ও গুরুতর হওয়া সত্ত্বেও যথোচিত গুরুত্ব দিয়ে এই সমস্যা সমাধানের চেষ্টা করা হয় নি।

তারপর আমি বলব, পূর্ববঙ্গাগত উদ্বাস্তু পুনর্বাসনের কথা। পশ্চিমবঙ্গে এখন এই সমস্যা প্রায় চিরন্তন সমস্যা হয়ে দাঁড়িয়েছে। আমি বলব এই বিষয়ে আমাদের অত্যন্ত গুরুত্ব দিয়ে ভাবা উচিত। রাজ্যপালিকা মহোদয়া বলেছেন যে, কোটি কোটি টাকা খরচ হয়ে গিয়েছে। কিন্তু জানতে পারি কি, এই সমস্যা সমাধানের ক্ষেত্রে কত খরচ হয়েছে এবং সমস্যা সমাধানের ব্যাপারে গভর্নমেন্ট কতদূর অগ্রসর হ'তে পেরেছেন তা আমরা বুঝতে পারছি না। এই সমস্যার প্রতি গভর্নমেন্টএর সহানুভূতিপূর্ণ ও বিচারশীল দৃষ্টি থাকা উচিত নতুবা আমি বলতে পারি যে, আজকে যে অবস্থা চলছে তাতে উদ্বাস্তুরা সরকারের প্রচেষ্টাকে ভালভাবে গ্রহণ করতে পারছে না। আজকে যেভাবে সেকেন্ডারি স্কুল টিচার্সদের মধ্যে থেকে বিভিন্ন মতাবলম্বী লোক নিয়ে খুব সুশৃংখলভাবে একটা ব্যবস্থা করলেন সেইরকম বিভিন্ন জায়গার

লোক নিয়ে এসে তাদের সংগে পরামর্শ ক'রে এবং তাঁদেরই মারফতে এই সমস্যা সমাধান করার একান্ত প্রয়োজনীয়তা আছে। তাই আমি এই অল্প সময়ের মধ্যে যে সমালোচনা করলাম তা অত্যন্ত দুঃখের সংগেই করলাম। কারণ আমাদের সরকার যে নীতি অনুসারে চলছেন তাতে সমালোচনা করা ছাড়া গত্যন্তর নাই।

**Sj. Nikunja Behari Gupta:**

মাননীয় স্পীকার মহাশয়, আমি মাননীয়া রাজ্যপালিকার ভাষণ সম্পূর্ণ সমর্থন করি। মাননীয়া রাজ্যপালিকার ভাষণে বাংলাদেশের একটা অনুভূতিপূর্ণ চিত্র আছে। তিনি এমন কোন কথা বলেন নি যাতে সরকারের কোন কার্যকে অতিরঞ্জিত করা হয়েছে বলা যেতে পারে। বিশেষভাবে এই ভাষণ ভাল ক'রে পড়লে এই সত্যই প্রকটিত হবে যে, বাংলাদেশের আজকে যা কিছু প্রয়োজন সরকার সেদিকেই মনোনিবেশ করেছেন। জ্যোতিবাবু অত্যন্ত তীক্ষ্ণভাষায় এই সমস্ত তথ্যকে অস্বীকার করেছেন এবং বলেছেন কংগ্রেস সরকার কিছুই করেন নি। এটাই হ'ল তাঁদের কথা, একথা তাঁরা বাইরেও বলেন, এখানেও বলেন। বাস্তবিকপক্ষে একথা মোটেই সত্য নয়। প্রকৃতপক্ষে কংগ্রেস সরকার যা কিছু কাজ করেছেন হাতেকলমেই করেছেন এবং তাতে জনসাধারণের স্বীকৃতি আছে। মাননীয় রাজ্যপালিকার ভাষণে বাংলাদেশের তিনটি প্রয়োজনীয় ব্যাপারের উল্লেখ আছে ; প্রধান হচ্ছে তার মধ্যে খাদ্যাভাব। বাংলায় যে খাদ্যাভাব আছে এটা ঠিক এবং মাননীয়া রাজ্যপালিকা একথা অকপটে স্বীকার করেছেন। মাননীয়া রাজ্যপালিকা বলেছেন, অনাবৃষ্টিই তার কারণ। আমিও বলি যে, নৈসর্গিক কারণ এর মধ্যে আছে। বাংলাদেশে গত বৎসর অনাবৃষ্টি হয়েছিল এবং তার ফলে যা ফসল উৎপন্ন হওয়া উচিত ছিল এবং পাওয়া উচিত ছিল আমাদের, আমরা তা পাই নি এবং তার ফলে এক লক্ষ টন খাদ্য ঘাটতি হয়েছে। এবং মাননীয়া রাজ্যপালিকা দেখাবার চেষ্টা করেছেন যে, কৃষিবিভাগ যথেষ্ট চেষ্টা করছে যাতে ভবিষ্যতে এই ঘাটতি না হয়। মাননীয় স্পীকার মহাশয়, কৃষিবিভাগ চেষ্টা করছেন একথা সত্য। এই কৃষিবিভাগ একটি বিরাট সংস্থা। ইউনিয়ন থেকে আরম্ভ ক'রে জেলা পর্যন্ত এটি ছড়িয়ে আছে। কিন্তু প্রয়োজনীয়তার দিক থেকে দেখতে গেলে এর মধ্যে যে কিছু ত্রুটি আছে এটা স্বীকার করতে হবে।

[6-25—6-35 p.m.]

আমাদের ভাল সিড, ভাল সার ও সেচ—এই তিনটা হ'ল প্রধান জিনিস, যাতে ক'রে বাংলার খাদ্যকে উন্নত করতে পারি। কিন্তু আমরা দেখছি বীজ সময়মত গিয়ে পৌঁছায় না, সার সময়মত গিয়ে পৌঁছায় না এবং সেচের ব্যবস্থা সর্বত্র এখনও পর্যন্ত হয়ে ওঠে নি। অবশ্য দামোদর, ময়ূরাক্ষীর দ্বারা আমাদের মরুভূমির মত জমির অনেক কিছুর উন্নতি করেছে। আমাদের অনেক পরিমাণ জমির ফলন করে দিয়েছে। কিন্তু আরও প্রয়োজন আছে। বড় বড় সেচের জন্য প্রচুর অর্থের প্রয়োজন। আমরা দেখতে পাচ্ছি আরও নূতন নূতন স্কীম, পরিকল্পনা নেওয়া হয়েছে। কংসাবতী স্কীম, আরাপাঁচ ইত্যাদি নানা রকম স্কীম বা পরিকল্পনা নেওয়া হয়েছে। কিন্তু আমি বলব এই সমস্ত বড় বড় পরিকল্পনা কার্যকরী করতে গেলে প্রচুর অর্থ ও সময়ের প্রয়োজন, তদপেক্ষা ছোট ছোট সেচ পরিকল্পনা যদি গ্রামাঞ্চলে নেওয়া যায়, তা হ'লে অধিক কার্যকরী হয় এবং তাতে ক'রে আমরা অল্প সময়ের মধ্যে ভাল ফসল উৎপন্ন করতে পারি। আমার উত্তরবঙ্গ মালদহ জেলায় এবং পার্শ্ববর্তী জেলাসমূহে এখনও পর্যন্ত কোনপ্রকার সেচের সুবিধা পাই নি। সেখানে নদীর গতি অবশ্য একটুখানি এলোমেলো এবং সেই নদীকে কন্ট্রোল ক'রে তার থেকে সেচ পরিকল্পনা করা সময়সাপেক্ষ নিশ্চয়ই। কিন্তু তা হ'লেও, সময়ের জন্য বসে থাকলে চলবে না। সেখানে নদীকে যদি কন্ট্রোল আমরা নাও করতে পারি, তা হ'লে সেখানে খাল কেটে, বড় বড় ইঁদারা কেটে, সেখান থেকে জল নিয়ে চাষের ব্যবস্থা করতে পারি। অথবা বড় বড় পুকুর থেকে জল নিয়ে সেচের কাজ হ'তে পারে। আমাদের এস্টেট অ্যাকুইজিশন ও ল্যান্ড রিফর্ম অ্যাক্টের দ্বারা বহু পুকুর আমাদের হাতে আসবার কথা। সেই পুকুরগুলি যাতে আমাদের হাতে শীঘ্র শীঘ্র আসে তার ব্যবস্থা করা উচিত। এবং টেস্ট রিলিফএর মাধ্যমে নলকূপ খনন করে যাতে জলসেচের বন্দোবস্ত করতে পারি সেদিকে আমাদের দৃষ্টি রাখা অত্যন্ত প্রয়োজন, এবং তা হ'লে আমাদের সেচের

অভাব অনেকটা দূর হয়ে যাবে ও দেশে আরও অধিক ফসল ফলাতে পারব। দেশে অনাবৃষ্টির ফলে যে খাদ্যশস্য, ফসল ঘাটতি হয়েছে, এটা সত্য কথা। আমাদের দেশে শুধু চাল নয়, আরও কয়েক রকম ফসল হয়—যেমন ছোলা, ভুট্টা, ডাল, যব ইত্যাদি। পাঁচ রকমের ফসল এখানে হওয়া সম্ভব। কিন্তু অনাবৃষ্টির ফলে এবং সেচের সুযোগ না থাকায় এবার অন্য ফসলও বিশেষ কিছু পাব না। এই যে অবস্থা, এই অবস্থার একটা সমাধান সততার সঙ্গে করা, আমার মনে হয় একান্ত প্রয়োজন আছে। আমাদের রাজ্যপাল মহোদয়া সে কথা বলেছেন, যে আমরা অদূরভবিষ্যতে সেচের দ্বারা এর সমাধান করব।

আর আমাদের দ্বিতীয় সমস্যা হচ্ছে উদ্বাস্তু সমস্যা। মাননীয় স্পীকার মহোদয়, আমি আপনার মাধ্যমে সরকারকে অনুরোধ করব—এই সমস্যার আশু সমাধান করা প্রয়োজন হয়ে পড়েছে—তা না হ'লে পশ্চিমবঙ্গের অবস্থা অত্যন্ত ভয়াবহ, সংকটাপন্ন হয়ে উঠবে। বর্তমান বেকার সমস্যা সমাধান সম্বন্ধে রাজ্যপাল মহোদয়া তাঁরা চিন্তা দিয়েছেন যে, আমরা যদি উদ্বাস্তু সমস্যার সমাধান করতে না পারি তা হ'লে বেকার সমস্যা আরও জটিলতর হবে, আরও বৃদ্ধি পাবে, এবং সমস্ত বাংলাকে উৎসন্নের দিকে নিয়ে যাবে। আমরা সব দিকে যে এগিয়ে চলেছি একথা স্বীকার করতেই হবে।

তারপর শিক্ষার দিক। এই শিক্ষা সম্বন্ধে ডাঃ ঘোষ অনেক কথা বলেছেন, আমি বেশি কিছু বলতে চাই না। তবে বর্তমান শিক্ষার দিকে যদি আমরা তাকিয়ে দেখি, তা হ'লে দেখতে পাব, পূর্বে আমাদের এখানে কি শিক্ষা ছিল তখনকার দিনে কয়টা জুনিয়ার হাই স্কুল ছিল এবং বর্তমানে তার সংখ্যা কি হয়েছে? এটা আমাদের ধীরস্থির মস্তিষ্কে পরিসংখ্যান নিয়ে ভেবে দেখতে হবে। শিক্ষকদের বেতন আমরা কিছু বাড়িয়েছি। অবশ্য ঠিক তাদের যে প্রাপ্য, সেটা করতে পারছি না। কিন্তু পশ্চাৎ দিকে যদি তাকিয়ে দেখি তা হ'লে দেখব কি শিক্ষার মান ছিল, কি শিক্ষা ছিল। যাই হোক, এখন আমাদের কর্তব্য হচ্ছে আমরা সকলে মিলে যাতে শিক্ষাকে ভালভাবে চালিয়ে নিয়ে যেতে পারি এবং শিক্ষক মহাশয়রা যেন তাঁদের ন্যায্য বেতন পান এবং শিক্ষার মান বৃদ্ধি পায় তার জন্য চেষ্টা করতে হবে। এ দিকে আমাদের সকলের দৃষ্টি রাখতে হবে।

তারপর স্বাস্থ্য সম্বন্ধে আমি কিছু বলতে চাই। স্বাস্থ্যের দিক দিয়ে আমরা যে অনেক উন্নতি লাভ করেছি সে বিষয় সন্দেহ নাই। পল্লীগ্রামে ম্যালেরিয়া নাই বললেই চলে। ম্যালেরিয়া কন্ট্রোলের দ্বারা আমরা অনেক উপকার পেয়েছি। কিন্তু পল্লীগ্রামেই শুধু ম্যালেরিয়া কন্ট্রোল করলে চলবে না, যাতে প্রত্যেক ছোট ছোট মিউনিসিপ্যালিটি এবং আরবান এরিয়ায়ও হয়, তার ব্যবস্থা করতে হবে। কারণ দেখা যায় এই সকল মিউনিসিপ্যালিটির ভিতর ম্যালেরিয়ার পকেট হয়ে থেকে যায়। সেখানে যাতে ম্যালেরিয়া কন্ট্রোল হতে পারে সেদিকে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি দেওয়া একান্ত কর্তব্য।

স্পীকার মহোদয়, আপনার মারফত গভর্নমেন্টের কাছে একটা নিবেদন করছি। ইউনিয়ন হাসপাতাল ও হেলথ-সেন্টার নিয়ে এখানে অনেক কথা, অনেক কিছু আলোচিত হয়েছে, প্রশ্ন হয়েছে, উত্তর হয়েছে। এবং রাজ্যপাল মহোদয়া তাঁর ভাষণে স্বাস্থ্য সম্বন্ধে বলেছেন যে হয়তো তাঁদের টার্গেট পাঁচ বছরেও পূর্ণ করা যায় নি, তবে ইউনিয়ন হাসপাতাল হয়েছে, এটা ঠিক। মালদহে ১৯টা ইউনিয়ন হাসপাতাল করা হয়েছে এবং সেখানে থানা ইউনিয়ন হাসপাতাল খোলা হয়েছে, যেখানে পূর্বে একটাও ছিল না। সেখানে মাত্র কয়েকটা জেলা বোর্ড ডিসপেনসারী ছিল, কিন্তু এখন বর্তমানে কংগ্রেসের অধীনে ১৯টা হাসপাতাল হয়েছে এবং সদরে একটা বিরাট হাসপাতাল হচ্ছে। তার কাজ প্রায় শেষ হয়ে আসছে। সেখানে স্টেট রিলিফ ইত্যাদির দ্বারা সর্বদিকে চিকিৎসা দেবার ব্যবস্থা করা হয়েছে। কাজে কাজেই আমরা যদি একেবারে নৈরাশ্যপূর্ণ দৃষ্টি দিই, তা হ'লে আমাদের অন্যায় হবে। আমরা অগ্রগতির পথে এগিয়ে চলেছি, তবে হয়তো আমাদের কিছু ত্রুটি-বিচ্যুতি আছে।

তারপর পথ-ঘাটের দিকে যদি দৃষ্টি দেওয়া যায়, তা হ'লে দেখা যাবে সেখানে প্রভূত উন্নতি হয়েছে। পূর্বে কত মাইল রাস্তা ছিল, আর এখন কি হয়েছে, তা লক্ষ্য করলে দেখতে পাবেন। হাজার হাজার মাইল পিচ রোড আমরা পেয়েছি, এবং কলকাতা থেকে আরম্ভ করে দার্জিলিং

পর্যন্ত সেই পিচ রোডে আমরা যেতে পারি। নিশ্চয়ই এগুলি সরকারের গৌরব করবার বস্তু বটে, এবং এই থেকে আমাদের ক্রমশঃ ক্রমশঃ এগিয়ে যেতে হবে। কিন্তু সব কিছু নির্ভর করে অর্থের উপর। সেই অর্থ আমাদের কোথায়? তার জন্য ট্যাক্সেশন করতে হবে। কিন্তু আমাদের গরীব দেশ, তার পক্ষে আবার নূতন কর দেবার ক্ষমতা আছে যে তা দিয়ে আমাদের কাজকে ত্বরান্বিত করব? সুতরাং আমাদের ধীরে ধীরে এগিয়ে যেতে হবে—দেশের উন্নতি আসতে পারে কৃষি এবং ইন্ডাস্ট্রির ভিতর দিয়ে। দুর্গাপুরের মত যদি আমরা অতি শীঘ্র বড় বড় ইন্ডাস্ট্রি বা শিল্প গড়ে তুলতে পারি, তা হ'লে সেখানে যেমন প্রচুর লোক নিয়োগ হবে তেমনি অর্থের সমাগমও হতে পারবে। কিন্তু এটা যে করব তার অর্থ আমাদের কই? মেসিনারিজ আনতে হ'লে তো, বিদেশ থেকে আনতে হবে, তার জন্য আমাদের অর্থ কোথায়? এবং মেসিনে কাজ করবার মত বিদ্যাবুদ্ধি সম্পন্ন লোক শুধু বাংলাদেশের বাঙ্গালীই হবেন না, সর্ব ভারত থেকে লোক আসবে। সুতরাং বাংলাদেশের বাঙ্গালী ছেলেদের দ্বারা সেখানে কতখানি হবে সেটা চিন্তা করে দেখা উচিত।

তাই আমি মনে করি আমাদের কুটিরশিল্পকে যদি গড়ে তুলতে পারি ভাল করে মন দিয়ে, এবং গ্রামশিল্পকে যদি কো-অপারেটিভের মাধ্যমে গড়ে তুলতে পারি তা হ'লে আমাদের উদ্দেশ্য সফল হবে এবং তাতে করে আমাদের অর্থাগম হবে ও দেশের লোক কাজ পাবে।

এখানে বারাকপুরে আর একটা ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপিত হয়েছে। এটা খুবই আনন্দের কথা। কারণ বর্তমানে আমাদের যে ডেভেলপমেন্ট স্কীম চলেছে তাতে দেখা যাচ্ছে টেকনিসিয়ানস, ইঞ্জিনিয়ারস এইসমস্ত যারা কারিগরী বিদ্যা বিশারদ তাদের প্রয়োজন আছে। সুতরাং আমাদের বাংলাদেশে আরও এইরকম স্কুল কলেজের প্রয়োজন আছে। এবং আমি আপনার মাধ্যমে নিবেদন করব সরকারের কাছে আমাদের উত্তর বাংলার মালদহ জেলায় যাতে এইরকম একটা কারিগরী ইঞ্জিনিয়ারিং বিদ্যালয় স্থাপিত হয়। আমি মোটামুটি রাজ্যপালিকার ভাষণ থেকে যা বুঝতে পেরেছি তাতে আমার মনে হয় আমাদের হতাশ হবার কারণ নেই। এবং তার যে চিত্র ভাষণের মধ্যে বেরিয়েছে, সেটা একটা অপূর্ব চিত্র—সুতরাং আমি তাকে পুনরায় ধন্যবাদ জ্ঞাপন করে বিদায় নিচ্ছি।

•

[6-35—6-45 p.m.]

**Sj. Satindra Nath Basu:**
মাননীয় সভাপাল মহাশয়, রাজ্যপালিকার ভাষণের উপর উভয় পক্ষ থেকে যেসমস্ত ভাষণ দেওয়া হয়েছে আমি বিশেষ করে প্রণিধান করে সেগুলি শুনেছি এবং সে সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে শ্রদ্ধেয় জ্যোতিবাবু যে বললেন এই ভাষণের মধ্যে তিনি বাস্তবের কিছু পেলেন না সব অবাস্তব, প্রকৃত বাংলাদেশের যে অবস্থা সেটার কিছুই বর্ণনা তাতে নেই। আমি তাঁকে বলছি রাজ্যপালিকার ভাষণের শেষ দিকে যেকথা বলেছেন সেই কথার প্রতি আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। তিনি বলেছেন—"আমি এক্ষণে আমার ভাষণের উপসংহার করিতেছি। এই রাজ্য বহু দুরূহ সমস্যার সম্মুখীন।" এটা যদি প্রকৃত পশ্চিমবঙ্গের বর্ণনা না হয় তা হ'লে এই পশ্চিমবঙ্গের বর্ণনা আর কেমন করে দিতে হবে তা আমি বুঝি না। বা অন্য কোন ভাষায় বর্ণনা দেওয়া আমার পক্ষে অসাধ্য। কারও পক্ষে এই "দুরূহ সমস্যার সম্মুখীন" এটা যদি প্রকৃত বর্ণনা না হয়ে থাকে তা হ'লে আর প্রকৃত বর্ণনা কি হতে পারে তা আমি বুঝতে পারি না।

দ্বিতীয় কথা আমি বলছি—আমি একজন অর্থনীতির ছাত্র—আমি অর্থনীতি সম্বন্ধে যখন পড়েছি, তখন আমরা পড়েছি, যে কোন রাজ্যেই বলুন, কিংবা কোন কিছু গঠন করবার জন্য যদি কিছু কাজ করতে হয় তা হ'লে আমরা প্রথম চ্যাপটারে এই পড়েছি—উৎপাদন অর্থাৎ প্রোডাকসন তার পরে হচ্ছে বণ্টন বা ডিস্ট্রিবিউশন—কিন্তু আমরা এই কয় বৎসর ধরে বক্তৃতা শুনে আসছি যে আমরা বণ্টন সম্বন্ধেই বিশেষ আগ্রহশীল কিন্তু উৎপাদন বাড়ান কেমন করে হবে এবং উৎপাদন বেড়ে যাতে সুষ্ঠুভাবে বণ্টন হয় সকলের মধ্যে সেই দিকে আমাদের দৃষ্টি

নেই। যেন বণ্টনই আমরা ইকনমিকসের প্রথম চ্যাপটার মনে করেছি। বণ্টনই আমরা চাই—উৎপাদন হোক বা না হোক। এখন আমি দেখছি রাজ্যপালিকার ভাষণে এই পশ্চিমবাংলায় সবচেয়ে প্রধান সমস্যামূলক ঘটনা যা ঘটেছে সেটা হচ্ছে খাদ্য সমস্যা। তিনি এই খাদ্য সমস্যা নিয়েই প্রথম আলোচনা করেছেন এবং আমাদের এই পশ্চিমবাংলায় খাদ্য সমস্যার সাথে আর একটা সমস্যা হচ্ছে উম্বাস্তু সমস্যা। বাস্তবিক আমাদের যেখানে ছিল ১৯৫১ সালে আদমসুমারিতে লোকসংখ্যা ২॥ কোটি সেখানে এখন লোক সংখ্যা হয়েছে ৩ কোটি। কিন্তু উৎপাদন সেই তুলনায় বাড়ে নি—উৎপাদন বরং অন্যান্য বৎসরের তুলনায় এ বৎসর কম হয়েছে। সুতরাং এই খাদ্য সমস্যা কেন হল? যেহেতু অনেক জেলায় কৃষি সময়মত হয় নি এবং উপযুক্ত পরিমাণমত হয় নি সেইজন্যই আমরা এই খাদ্য সমস্যার সম্মুখীন হয়েছি। এই সমস্যার সমাধান করে আমাদের যে খাদ্য ও ত্রাণ সম্বন্ধে বিবেচনা করে সুষ্ঠু পরিকল্পনা নিয়ে আমরা যাতে এর সম্মুখীন হতে পারি সেইজন্য একটা কমিটি হয়েছে—যাকে বলে উপদেষ্টা কমিটি। আমিও তার একজন মেম্বার আছি ও আমাদের শ্রদ্ধেয় জ্যোতিবাবুও তার মেম্বার। সেখানে আমরা ২ দিন বৈঠক করে এই সম্বন্ধে বিশেষভাবে আলোচনা করি এবং তিনি উৎপাদনের ঘাটতি সেটা মেনে নিয়েছেন—বাস্তবিকই এবার আমাদের পশ্চিমবাংলায় খাদ্য অত্যন্ত কম এবং এই খাদ্য যাতে করে আমরা সকলে সমানভাবে খেয়ে একজন লোকও যাতে না মরে সেইজন্য সচেষ্ট হতে হবে। তিনি ও আপনারা দেখেছেন যে খবরের কাগজে বিবৃতি দিয়েছেন যে হ্যাঁ আমরা বুঝেছি। সেইজন্য আমরা বলছি—তোমরা অর্ধেক চাল খেয়ে আর আটা খেয়ে কোন রকমে জীবন ধারণ কর। সেটা তিনি আলোচনার মাধ্যমে স্বীকার করেছেন। তারপর, সেই খাদ্য সমস্যা নিয়ে আলোচনা করে আমরা ঠিক করেছি বাস্তবিকই আজকে দেখছি যখন সমস্ত পৃথিবীতেই এই চালের উৎপাদন অত্যন্ত কমে গিয়েছে। সেইজন্য আমরা সমস্ত জায়গায় চেষ্টা করে এবং কেন্দ্রীয় সরকারও চেষ্টা করে—তাঁরা বলে দিয়েছেন তোমাদের এই যে ৭ লক্ষ টন খাদ্য ঘাটতি হয়েছে সেটার মধ্যে আমরা সমস্তটা চাল দিতে পারব না। সুতরাং তোমরা বেশির ভাগ গম নিও। চাল কিছু সংগ্রহ কর। আমরা যতটা পারি অন্যান্য জায়গা থেকে চাল এনে দিতে চেষ্টা করব। কিন্তু আজকে কেন্দ্রীয় সরকার বলছেন তাঁরা যে চালটা দেয় তার বিক্রীর দাম হবে ১৭॥ টাকা। কিন্তু বাংলাদেশে এই অল্প খাদ্য উৎপাদন হওয়ায় বাস্তবিকই খাদ্যের মূল্য অত্যধিক হয়ে গেছে। এবং প্রত্যেক গৃহস্থ—তাদের প্রত্যেকেরই একটা বাজেট আছে—যে আমি এই পরিমাণ জিনিস উৎপাদন করব এবং সেই জিনিস বাজারে বিক্রয় করে তা দ্বারা আমি সংসারযাত্রা নির্বাহ করব। কিন্তু আজকে সকলেরই আয় সম পরিমাণে কমে গিয়েছে। সেইজন্য উনি বলেছিলেন যে আজকে এই খাদ্যের মূল্য নিয়ন্ত্রণ করে দিন—১৩ টাকা করে দিন। কিন্তু আমি তখন বলেছিলাম—জ্যোতিবাবু আপনি খাদ্যের মূল্য নিয়ন্ত্রণ করতে যাচ্ছেন ১৩ টাকায় কিন্তু আপনি জানেন কি জানেন না যে আমাদের মধ্যে উৎপাদনকারী ও যারা সেটা খায় বা ব্যবহার করে তার সংখ্যা কত? আমি বলছি উৎপাদনকারীর সংখ্যা থেকে যারা এই জিনিসটা বাজারে ক্রয় করে খায় তাঁরা অন্তত ৫ গুণ বেশি। আবার এমন হয় যে উৎপাদনকারী সে হয়তো ৩ মাসের খাদ্য উৎপাদন করে আর ৯ মাসের খাদ্য তাকে বাজার থেকে কিনে খেতে হয়। সুতরাং আজকে যদি খাদ্যের মূল্য নিয়ন্ত্রণ করে দেন ১৩।১৪ টাকায় তা হ'লে যে ক্রয় করবে তারও ক্রয়শক্তি বিবেচনা করতে হবে। সুতরাং খাদ্যের মূল্য এইভাবে বিবেচনা করা যায় না। আমদানী ও রপ্তানী অনুসারে সমস্ত জিনিসের মূল্য নির্ধারিত হয় এবং সেটাই হচ্ছে বাজার মূল্য। তারপর হচ্ছে রাস্তাঘাট। এই সমগ্র পশ্চিমবাংলায় যেসমস্ত রাস্তা হয়েছে—তার পরিমাণ কম নয়—সে রাস্তার পরিমাণ প্রায় ৪ হাজার মাইল।

[6-45—6-58 p.m.]

কিন্তু সমস্ত পশ্চিমবাংলায় এইসমস্ত রাস্তাঘাট তৈরির খাটুনির মজুরী কতটুকু এই পশ্চিমবাংলার লোক পেয়েছে এই কথাই আমি জানতে চাই। আমরা জানি যে অন্য স্টেটের লোক এসে সেই টাকার অধিকাংশই এখান থেকে রোজগার করে নিয়ে গেছে। সুতরাং আমাদের এই যে, আর্থিক অবস্থার অবনতি সে সম্বন্ধে অতি মূল্যবান কথা হচ্ছে যে, বাস্তবিকই আমরা শ্রমবিমুখ, সেই শ্রমবিমুখতা ত্যাগ না করে এইরকমভাবে কেবল "খাদ্য দাও, বস্ত্র দাও নইলে গদি ছেড়ে দাও" এইরকম জোরের সঙ্গে চীৎকার করলেও আকাশ থেকে খাদ্য পড়বে না। সেইজন্য

বলছি খাদ্য আমাদের অধিক পরিমাণে উৎপাদন করতে হবে এবং যদি সকলে মিলে চেষ্টা করা যায় তা হ'লে খাদ্যোৎপাদন বাড়তে পারে এবং তাহলেই আমাদের আয়ও বাড়বে এবং প্রয়োজনীয় খাদ্য সকলের মধ্যে সুষ্ঠুভাবে বণ্টন হতে পারবে। আমি আবার অর্থনীতির কথাই বলছি—প্রথমে উৎপাদন, তারপরে বণ্টন, দুইই ভালভাবে হওয়া উচিত। সুতরাং উৎপাদন যাতে বাড়ে সে কাজ করতে হলে যে রাস্তা আছে, যা ইন্ডাস্ট্রি আছে, যা রেলওয়ে আছে এইসমস্তগুলিরই উৎপাদন বাড়ানো দরকার। সে কাজ না করলে সেই উৎপাদন না বাড়ালে আমরা এ দেশের টাকা এখানে রাখতে পারব না। আমাদের গালে চড় মেরে দেশের সমস্ত টাকা অন্য প্রদেশে চলে যাবে। কাজেই যাতে বাঙ্গালীর এই শ্রমবিমুখতা না থাকে সেইজন্য ইন্ডাস্ট্রি, এগ্রিকালচার এই দুই দিকেই উৎপাদন বাড়ানোর জন্য আমাদের সমষ্টিগতভাবে শক্তি নিয়োজিত করতে হবে তা হ'লেই আমরা পশ্চিমবাংলার রূপ ফেরাতে পারব এবং পশ্চিমবাংলার সম্মুখে যেসমস্ত সমস্যা এসেছে সেইসব সমস্যার সমাধান তখনই সম্ভব হতে পারবে। কিন্তু শুধু এ'রা দশ বছরে কিছু করতে পারলেন না বা আমরা থাকলে নিশ্চয়ই করতাম এইরকম দৃষ্টিভঙ্গী নিয়ে আলোচনা করলে কিছুই লাভ হবে না। সেইজন্য রাজ্যপালিকা তাঁর ভাষণের মধ্যে বলেছেন—

> "সেই সকল সমস্যা সমাধান করার প্রকৃষ্ট উপায় সম্বন্ধে মত দ্বৈধ থাকতে পারে। আমি এই বিষয়ে সুনিশ্চিত যে, আমার সরকার সকল মত সতর্কতা সহকারে বিবেচনা করিবেন এবং আপনাদের সকলের সম্মিলিত জ্ঞানের সাহায্যে এইসকল সমস্যার সমাধান করিতে এবং কল্যাণ রাষ্ট্র স্থাপনের যে লক্ষ্য আমাদের আছে তাহা কার্যকরী করিতে সক্ষম হইবেন"।

তাই আমি বলছি, আমি রাজ্যপালিকা মহোদয়ার ভাষণকে সম্পূর্ণ সমর্থন করছি এবং এ কথা বলছি যে, সর্বদিক বিবেচনা করে পশ্চিমবাংলার সমস্ত সমস্যার কথা তার মধ্যে রয়েছে। সেই সমস্যার সমাধান করতে হলে আসুন সকলে সমবেতভাবে চেষ্টা করি তা হলেই আমরা এই পশ্চিমবাংলাকে সোনার বাংলায় পরিণত করতে পারব। আমরা তা হলে সকলে একত্র হয়ে এক মনে, এক প্রাণে বাংলা মায়ের আবার পূর্বের চেহারা ফিরিয়ে আনতে পারব। এই কয়টি কথা বলে আমি আমার ভাষণ শেষ করলাম।

**Sj. Harendra Nath Dolui:**

আজকে রাজ্যপালের ভাষণ সম্বন্ধে আলোচনা করতে গিয়ে আমি প্রথমে বলতে চাই যে, তিনি তাঁর রাজ্যের নিযুক্ত মন্ত্রিগণের দ্বারা এই রাষ্ট্র অন্তত কয়েক বৎসর পর্যন্ত যে কিভাবে পরিচালিত হয়ে এসেছে তার একটা প্রকৃষ্ট ছবি আমাদের সামনে ধরে দিয়েছেন। আজ আমরাও সকলে গভীরভাবে আলোচনা করে দেখছি যে, এ দেশ বহু সমস্যার মধ্যে পড়ে রয়েছে। এইসমস্ত সমস্যার মধ্য দিয়ে যে কি করে চলতে হচ্ছে তা সকলেই দেখছেন, আমরা দেখছি প্রত্যেক বৎসরই এক-একটা সমস্যার সমাধান করে চলতে হচ্ছে। আমাদের দেশে প্রায়ই দুর্ভিক্ষ লেগে থাকে, সেই দুর্ভিক্ষ রাক্ষসীকে কি করে দূরে রাখতে পারে তার জন্য আমাদের সরকার নানারকম ব্যবস্থা অবলম্বন করছেন। পূর্বে আমাদের দেশে নদী, খাল, বিল থেকে জল সংগ্রহ করে চাষ হত এবং অধিকাংশ সময় আকাশের বৃষ্টির দিকে তাকিয়ে থেকে আমাদের চাষীরা চাষের কাজ করত। সেই সমস্যা সমাধান করবার জন্য এই কয়েক বৎসরের ভিতরে নদীগুলোকে বেঁধে সঞ্চিত জল খালের ভিতর দিয়ে পাঠিয়ে যেসমস্ত সেচের ব্যবস্থা করা হচ্ছে বাস্তবিক তা একটা নূতন জিনিস। চাষীরা পূর্বে আকাশের দিকে চেয়ে থাকত কিন্তু এখন নদীর জল বেঁধে নিয়ে কি করে চাষ করতে হয়, কি করে ডবল ফসল ফলাতে হয় তার যে ব্যবস্থা আমাদের সরকার করছেন, আমাদের দেশকে দুর্ভিক্ষ থেকে রক্ষা করিবার জন্য, একথা তিনি তাঁর ভাষণের মধ্যে বেশ সুন্দরভাবে বলেছেন।

আমাদের বাংলাদেশে স্বাস্থ্য বিষয়ের যে সমস্যা সে সম্বন্ধেও তিনি বলেছেন। গ্রামে, ভিন্ন ভিন্ন ইউনিয়নে এবং জেলায় জেলায় যে সমস্ত স্বাস্থ্যকেন্দ্র খোলা হয়েছে অনেকে তাঁর ত্রুটি সম্বন্ধে উল্লেখ করে তার কার্যের নিন্দা করেছেন—ঠিকমত ঔষধ পাওয়া যাচ্ছে না, ঠিকমত ডাক্তার নিযুক্ত হচ্ছে না, এই সব কথা বলেছেন, কিন্তু আমরা যেসব অঞ্চল ঘুরে এসেছি সেখানে দেখেছি যে, গ্রামবাসী অনেকে সেই ব্যবস্থা থেকে বিশেষ সুফল পাচ্ছে, যারা হয়তো বাড়িতে ডাক্তার নিয়ে যেতে পারত না তারা স্বাস্থ্যকেন্দ্রে আজ চিকিৎসা পাচ্ছে। আজ ম্যালেরিয়া দেশ

থেকে চলে গেছে, সেই যে একটা মহা রাক্ষসী আমাদের দেশে ছিল তার আর সে তেজ নাই কাজেই স্বাস্থ্য সম্বন্ধে উন্নতি করবার জন্য সরকার যে চেষ্টা করেছেন, তিনি তাঁর ভাষণে তা বলে গেছেন। আজ আমরা সকলেই একবাক্যে স্বীকার করি যে, দেশ ম্যালেরিয়ার হাত থেকে রক্ষা পেয়েছে। পানীয় জলের ব্যবস্থা সম্বন্ধে তিনি বলেছেন যে, জায়গায় জায়গায় অনেক টিউবওয়েল বসান হয়েছে এবং রিং ওয়েল করা হয়েছে যেখানে টিউবওয়েল হওয়া সম্ভব নহে আগে প্রায়ই দেশে কলেরা মহামারী রূপে দেখা দিত কিন্তু এখন টিউবওয়েল ও রিং-ওয়েল করার ফলে কলেরাকে বিশেষরূপে দমন করা হয়েছে। এই টিউবওয়েলের ব্যবস্থার জন দেশের স্বাস্থ্য ভাল হয়েছে এবং কলেরার হাত থেকে আমরা নিস্তার পেয়েছি।

শিক্ষার বিষয়েও তিনি তাঁর ভাষণে বলেছেন যে, শিক্ষার দিকে তাঁর গভর্নমেন্ট খুব মনোযোগ দিয়েছেন। ভারতে স্বাধীনতা স্থাপনের আন্দোলনকালে মহাত্মা গান্ধী প্রমুখ কংগ্রেস নেতাদের যে ভাবী আশা ছিল, জনসাধারণের মধ্য থেকে অশিক্ষা দূর করতে হবে, প্রথমেই সেই উদ্দেশ্য কার্যে পরিণত করবার জন্য রাজ্য সরকার গ্রামে গ্রামে প্রাথমিক বিদ্যালয় স্থাপন ক'রে নিরক্ষরতার বিলুপ্তি সাধনে বিশেষ যত্নবান হয়েছেন এবং সেই উদ্দেশ্যে শিক্ষকদের বেতনের হার ক্রমশঃ ক্রমশঃ বাড়ান হয়েছে এবং তার ফলে অনেক বেকার, অন্ততঃ ম্যাট্রিক পাশ বেকার গ্রামে যেসব ছিলেন, তাঁদের চাকরি হয়েছে। এটা আমরা বিশেষ ক'রে জানি, কেননা এইসব বহু বেকার ছেলেদের আমাদের রেকমেন্ড করতে হয়েছে। এর ফলে বেকার সমস্যাও কতকটা সমাধান হয়েছে এবং শিক্ষার প্রসারও সুবিধা অনেকটা হয়েছে। আরও শোনা যাচ্ছে যে, কম্পালসরি এডুকেশন করবার জন্য চেষ্টা চলছে। আমাদের দেশে যাতে কেবল জমির উপর সকলকে নির্ভর করতে না হয় এবং শিল্পদ্রব্য যাতে প্রভূত পরিমাণে প্রস্তুত হ'তে পারে সেইজন্য সরকার শিল্পনীতির মধ্য দিয়ে নানারকম শিল্প শিক্ষার ব্যবস্থাও করেছেন। যাতে দেশের ছেলেমেয়েরা প্রয়োজনীয় শিল্পদ্রব্য উৎপাদন ক'রে স্বাধীনভাবে উপার্জন করতে পারে এবং বেকার সমস্যার হাত থেকে উদ্ধার হ'তে পারে, তার জন্য ভিন্ন ভিন্ন জেলায় শিল্প প্রতিষ্ঠান স্থাপন করা হয়েছে।

কুটিরশিল্প, তাঁতশিল্প, চিরুণীশিল্প প্রভৃতি আমাদের অঞ্চলে যেসব জায়গায় শ্রমিকেরা নিজে হাতে সামান্য সামান্য শিল্প করত, এখন সেখানে কো-অপারেটিভ সিস্টেমে এবং সরকারী শিক্ষকদের দ্বারা শিক্ষিত হয়ে তারা ভালভাবে সব জিনিস তৈরি করতে পেরেছে। যার ফলে বহু লোক সেই জিনিস কিনতে আগ্রহান্বিত হচ্ছে এবং তাতে তাদের রোজগারের পন্থা বেড়েছে। এইভাবে আমাদের রাষ্ট্রের মধ্যে যেসমস্ত কাজ হচ্ছে তার ছবিও তিনি আমাদের বেশ ভালভাবে দেখিয়েছেন। অবশ্য অনেক সমস্যার এখনও সমাধান করতে পারা যায় নি তাও তিনি বলেছেন। তবে আমাদের বিরোধীপক্ষের বন্ধুরা তাঁরা কেবল নিন্দা ক'রেই যান। ভাল ভাল যেসমস্ত জিনিস হচ্ছে তার কথা তাঁদের মুখ থেকে এই কয়দিনের ভেতর শুনতে পাওয়া যায় নি। কাজেই যেসমস্ত জিনিস আমাদের রাষ্ট্রের কল্যাণের জন্য হচ্ছে সেইসব জিনিসের কথা তিনি উল্লেখ করেছেন। সেই ছবিটা দেখে বাস্তবিকই আমরা তাঁর ভাষণের প্রশংসা করি। আমরা দেখছি রাস্তাঘাটের কথা তিনি বলেছেন। রাস্তাঘাটের অভাবে কৃষকেরা আগে তাদের উৎপাদিত শস্য অন্য জায়গায় বিক্রি করতে যেতে না পেরে অল্প মূল্যে সেগুলি সেখানে বিক্রি ক'রে ক্ষতিগ্রস্ত হ'ত কিন্তু এখন সেই সমস্ত রাস্তার উন্নতি হচ্ছে—তারা এখন এক শহর থেকে অন্য শহরে যাচ্ছে। এইভাবে সমাজ কল্যাণের কাজ অনেক কিছু হচ্ছে এবং বৈপ্লবিক যুগে আমাদের রাষ্ট্র চলেছে। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মাধ্যমে আমাদের রাষ্ট্র এগুচ্ছে এটা অস্বীকার করা চলবে না। আমাদের যেসমস্ত মন্ত্রী বা উপমন্ত্রীদের উপর এগুলির ভার দেওয়া আছে তাঁরা কেউ অলস নন, তাঁরা সর্বদা চারিদিকে ঘুরেফিরে দেখছেন কোথায় কিভাবে দেশের এবং দশের কল্যাণ করতে পারেন। কাজেই এই যেসমস্ত ছবি তিনি আমাদের সামনে তুলে ধরেছেন তার জন্য আমি তাঁর প্রশংসা করি। এই ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

## Adjournment

**The House was then adjourned at 6-58 p.m. till 3 p.m. on Thursday, the 20th February 1958, at the Assembly House, Calcutta.**

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Thursday, the 20th February, 1958, at 3 p.m.

**Present:**

Mr. Speaker (the Hon'ble SANKARDAS BANERJI) in the Chair, 16 Hon'ble Ministers, 11 Deputy Ministers and 210 Members.

[3—3-10 p.m.]

## Statement by the Chief Minister regarding explosions at Chinakuri Colliery, Asansol.

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** Sir, before the business of the House commences today may I have your permission to refer to a very unfortunate incident which has occurred in Asansol about which we got news just now. At 9-45 p.m. on the 19th instant a serious explosion took place in Nos. 1 and 2 pits of the Chinakuri Colliery (Bengal Coal Company of Andrew Yule) at 2,000 feet deep. 196 persons including one Assistant Manager and two supervisors were working in the second shift between 4 o'clock and 10 o'clock. Rescue operations under the supervision of the Chief Inspector of Mines of Jharia and Sitarampur started immediately. So far they have been able to bring out 17 persons, 4 of whom have been admitted to the Sanctoria Hospital in serious condition, and the others have been let off after administering first aid. The Rescue Party which came out at 4 hours on the 20th reported that the remaining 179 persons were all dead. The party saw flames and smoke. Even now it is apprehended that another explosion might take place Further recovery of dead bodies is suspended till that apprehension is over. The Subdivisional Officer and the Additional Superintendent of Police rushed to the spot to watch the situation, and police picket has been posted. I am sure all members here will join with me in expressing to the deceased families our sincerest condolences for their unfortunate death. We have sent our own men from here to find out exactly what the situation is and I will keep the Assembly informed as to the developments I understand that the Labour Minister Shri Gulzarilal Nanda and Atulya Babu from Delhi are coming today to make local enquiries. Naturally this colliery is a Central subject, but we in the State have got our own responsibility with regard to such incidents.

**Sj. Deben Sen:**

মাননীয় সভাপাল মহাশয়, আমরা এই খবর শুনে আশ্চর্য হয়েছি, দুঃখিত হয়েছি, বিস্মিত হয়েছি। আমরা কি কেবল দুঃখ প্রকাশ করেই এখানকার কাজ শেষ করবো? আমি জানি কোলিয়ারী পশ্চিমবাংলা গভর্নমেন্টের আন্ডারে নয়, যদিও এতবড় একটা ঘটনা ঘটেছে বাংলা দেশের ভেতর। আমরা বাংলা সরকারের পক্ষ থেকে এবং এ্যাসেম্ব্লির পক্ষ থেকে কিছু করতে পারি কি না? অতুল্যবাবু ও গুলজারীলাল নন্দ সেখানে গিয়েছেন। অতুল্যবাবুর যাওয়া নন্-অফিসিয়াল, তাতে কি লাভ হবে জানি না। পশ্চিমবাংলা গভর্নমেন্টের তরফ থেকে কেবল সেন্ট্রাল গভর্নমেন্টের উপর এই জিনিসটা ফেলে না রেখে তাঁরা এ-সম্বন্ধে এনকোয়ারী করবেন; আমাদের পশ্চিমবাংলা গভর্নমেন্টের পক্ষ থেকে, আমরা কিছু করতে পারি কি না?

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** About the enquiry, we shall certainly see that all types of relief operations are started there immediately so far as Bengal Government is concerned.

**Dr. Ranendra Nath Sen:**

মিঃ স্পীকার, স্যার, আমি এই সম্পর্কে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। বাংলাদেশে আসানসোল হ'ল কোল এলাকা, সেখানে এর পূর্বে আরও অনেক দুর্ঘটনা হয়ে গিয়েছে। কিন্তু পশ্চিমবাংলা সরকারের তরফ থেকে সেইসব সম্পর্কে কেন্দ্রীয় সরকারকে কিছুই জানান হয় নি বলে আমার ধারণা। আমাদের রাজ্যের মধ্যে যদি এই রকম দুর্ঘটনা হয় এবং বহু লোক হতাহত হয়, তাহলে শুধু কেন্দ্রীয় সরকারের দায়িত্ব নয়, আমাদের পশ্চিমবাংলা সরকারেরও এ সম্পর্কে আরও কিছু করবার আছে কি না জানতে চাই।

**The Hon'ble Kalipada Mukherjee:**

এ বিষয়ে কিছু তদন্ত হয়েছে, পশ্চিমবাংলা সরকার এবং ভারত সরকারের সমবেত চেষ্টায় অনুসন্ধান হয়েছে। একটা অনুসন্ধান কমিটি হয়েছিল, এবং লোক সরিয়ে নেবার ব্যবস্থা হয়েছিল। কিন্তু আজকের যে দুর্ঘটনা এটা একটা আকস্মিক দুর্ঘটনা, এর কোন সংবাদ আগে জানা যায় নি।

[Several members rose.]

**Mr. Speaker:** May I ask all of you to resume your seat. I think this is no opportune moment to discuss about the past. Information about a tragic news has reached us. What enquiries are adequate or suitable or which of the two Governments should arrange for them is entirely a different matter. But we think we are over-looking one fact, to show the necessary amount of respect to the dead; and I would request every member of the House to please stand up for two minutes and show our respect for the dead.

[At this stage all members stood up and remained standing for two minutes.]

Thank you, ladies and gentlemen, you may resume your seats.

One thing I would like to tell the honourable members of this House. Not that it is within my province to say anything on this particular matter. I do realise the sense of responsibility which is weighing the mind of each of our honourable members, and the reason why the Chief Minister is being asked to look into the matter more closely. I also came to hear about the news a few minutes before the House assembled here today. I do not think it would be very wrong on my part if I say that I am very familiar—Mr. Sen knows it—with the mines in the Asansol area, in fact in the whole of Bengal, Bihar and Central India. It is a terrible explosion which has taken place resulting in the death of so many workers, and, as you have been told, there is yet an apprehension of a further explosion, and people are more or less powerless at the moment to approach the mine and go down. Mr. Deben Sen, who is also very familiar, as you know, with these mines, will tell you that one of the things that will have to be done immediately after the apprehension of explosion is gone, is to go inside the mine. Explosions, as you gentlemen all know, result both due to human agency, that is to say, negligence of workers and/or negligence on the part of those who are in charge of supervision. Explosion also follows as a matter of combustion of coal provided there is accumulation of gas. So far as the Mines Act and Mines Regulations are concerned, there is arrangement for detailed enquiry into the whole thing and a report will be awaited from the hands of experts. But since you have made a request to the Chief Minister to look into the matter to the extent we in this State are responsible, I have no doubt whatsoever that the Chief Minister will tell you something as to what steps have been taken for this unfortunate incident—who is responsible for it, and all the rest of the information you may expect to get from the Chief Minister.

At the moment so far as the members of the House are concerned if we go down to the spot, an enquiry just at the moment will not be possible.

[3-10—3-20 p.m.]

**Sj. Ganesh Ghosh:**

সভাপতি মহাশয়, মুখ্যমন্ত্রী মহাশয় যা বললেন তার সংগে আমরা একমত—তিনি যা যা বলেছেন তার অধিকাংশের সংগেই আমরা একমত। কিন্তু একথা আমরা জানি এই রকম ঘটনা এই নতুন নয়, এই রকম ঘটনা এর আগে আরো ঘটেছিল। আজকে শ্রমমন্ত্রী মহাশয়কে বলতে হবে এইসব ঘটনা প্রতিরোধ করবার জন্য তিনি কি ব্যবস্থা করবেন এবং যে ঘটনা ঘটেছে সেটা অনুসন্ধান করে তিনি যেন আমাদের জানাবেন। এইটুকু মাত্র বলে আমি জানাতে চাই যে, মুখ্যমন্ত্রীর সংগে আমরা একমত।

**Mr. Speaker:** I may tell you with a little knowledge about this particular subject that it is not the State of West Bengal which has the legal power to do anything. It is an expert matter which is completely controlled by the Controller of Mines. It anything has to be done steps would have to be taken by the Central Government. We cannot suggest anything. Not even I think Dr. Roy has the power to send one of his officers to hold an enquiry.

**Sj. Ganesh Ghosh:**

যদি অতুল্যবাবু যেতে পারেন

**Mr. Speaker:** It has already been pointed out that Atulya Babu has gone there. He has no locus standi. He has gone there purely as a visitor, and I have very grave doubts whether he would even be admitted in the mine. As a member of the public—as Mr. Sen is interested, as Mr. Ghosh is interested and Dr. Ranen Sen is also interested—any of you can go down to find out from local talks as to what might have been responsible for the explosion.

**Sj. Deben Sen:**

সভাপাল মহাশয়, আমি বলতে চাচ্ছিলাম যে, বেংগল গভর্নমেন্টের পক্ষ থেকে শ্রমমন্ত্রী আজকেই যেতে পারেন কি না। আমি অবশ্য আজকেই যাচ্ছি। বেংগল গভর্নমেন্টের তরফ থেকে আমরা অ্যাসিওরেন্স পেতে পারি কি না যে, প্রয়োজনমত রিলিফ তাঁরা দেবেন?

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:**

আমি বলতে পারি যে, রিলিফের ব্যাপারে
We are taking full steps.

**The Hon'ble Abdus Sattar:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখানে জানাতে পারি যে আমাদের ডেপুটি লেবার কমিশনার, ওয়েস্ট বেংগল এবং ডেপুটি ইনসপেক্টর অব মাইনস আসানসোল অলরেডি চলে গিয়েছেন।

**Dr. Ranendra Nath Sen:**

স্পীকার, স্যার, আমি এই সম্পর্কে যে কথা বলছিলাম, অতীতে এই রকম ঘটনা ঘটেছে এবং তাতে চিফ ইনস্‌পেক্টর অব মাইনস-এর তরফ থেকে যে এনকোয়েরি হয়েছে তাতে বিশেষ করে এবং নির্দিষ্টভাবে বলা হয়েছে সুপারভিসান-এর যারা চার্জ-এ ছিল তাদের গাফিলতির জন্যই এইসব হয়েছে। এই যে দুর্ঘটনা হয়ে গেল যেটাকে কালীপদবাবু, হোম মিনিস্টার, বলে গেলেন, এই দুর্ঘটনাটা একটা আকস্মিক ব্যাপার—দুর্ঘটনা হলেই সেটা আকস্মিক। কিন্তু তার মূল প্রশ্ন হচ্ছে এখানে বর্তমানে ও ভবিষ্যতে যাতে এইসব না হয় তার জন্য মুখ্যমন্ত্রী মহাশয়ের সচেষ্ট হওয়া উচিত।

**Mr. Speaker:**

"আকস্মিক"

certainly does not mean that nobody is responsible. A thing may suddenly happen due to the negligence of one or the other. As I told you, you may sit on the pit-head and throw a lighted biri which will cause an explosion down below. I would not waste your valuable time but I can tell you—I know I am not a Mining Engineer—I have considerable experience in this sort of work. There may be hundreds of reasons as to why this explosion has taken place and I have no doubt whatsoever that when the report is published, or rather as soon as a copy is made available to this Government, to which this Government is well entitled, I shall see that a copy of the report is laid on the Library Table so that you can look into it and make your own statement to the House as to what the duties of this State consist of. Now let us proceed with the business.

**Sj. Deben Sen:**

একথা ঠিক। কিন্তু সেই এনকোয়েরির সময় বেঙ্গল গভর্নমেন্টের কোন রিপ্রেজেনটেটিভ থাকবেন, কি না। আমি ইউনিয়ন হিসাবে বলছি না। সেই এনকোয়েরির সময় বেঙ্গল গভর্নমেন্ট সেটা ওয়াচ করতে পারবেন কিনা, সেই রাইট তাদের থাকবে কি না? আমরা ইউনিয়ন হিসাবে চাই না, আমরা বেঙ্গল গভর্নমেন্ট হিসাবে চাই।

**Mr. Speaker:** I think Mr. Sen you are entitled as a matter of right. I have appeared in many enquiry matters. You don't need permission of anybody. It should be an open enquiry, same as in a court of law and I take it Mr. Sen, you are entitled to give evidence in the matter during the enquiry.

**Sj. Deben Sen:**

সভাপতি মহাশয়, আমি অবশ্য সাক্ষী নিয়ে যাবার কথা বলছি না। আসানসোলে বার বার এই রকম ঘটনা ঘটছে বাংলা গভর্নমেন্ট সেটা জানেন। কিছুদিন আগে একটা ঘাটনা হয়েছে তাতে ১৭ দিন পরে লোক বের করা হোলো, সেটা আসানসোলেই হয়েছে। তাই অ্যাক্সিডেন্ট বললেই আমরা সান্ত্বনা পেতে পারি না। আমাদের মনে আরো অনেক গভীর চিন্তা আসছে।

## STARRED QUESTIONS

### (to which oral answers were given)

### Primary schools in Municipal areas

***9.** (Admitted question No. *101.) **Sj. Pramatha Nath Dhibar:** Will the Hon'ble Minister in charge of the Education Department be pleased to state—

(ক) পশ্চিমবঙ্গের পৌর এলাকায় কতগুলি প্রাথমিক বিদ্যালয় আছে;

(খ) কতগুলি বিদ্যালয় পৌর প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত হয়;

(গ) পৌর প্রতিষ্ঠান পরিচালনা ব্যতীত অবশিষ্ট বিদ্যালয়গুলি কিভাবে পরিচালিত হয়; এবং

(ঘ) এই-সব বিদ্যালয়গুলি পরিচালনার জন্য সরকারের কোন scheme আছে কিনা?

**The Minister for Education (the Hon'ble Rai Harendra Nath Chaudhuri):**

(ক) ২,৩৫৫-টি।

(খ) ৪২৩-টি।

(গ) স্থানীয় ম্যানেজিং কমিটি কর্তৃক পরিচালিত হয়।

(ঘ) না।

**Sj. Jagannath Majumder:**
মাননীয় মন্ত্রী মহাশয় (ঘ) প্রশ্নের উত্তরে বলেছেন, 'না'। এইসব বিদ্যালয়গুলিকে কোন সরকারী সাহায্য দেওয়া হয় কিনা?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**
কোন কোনটাকে দেওয়া হয়, সকলকে দেওয়া হয় না।

**Sj. Jagannath Majumder:**
কি কি ধরনের সাহায্য দেওয়া হয় এইসব বিদ্যালয়গুলিকে, বলবেন কি?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:** I submit, Sir, that question does not arise out of it.

**Mr. Speaker:** Yes.

**Sj. Saroj Roy:**
(ঘ) প্রশ্নের উত্তরে বলেছেন কোন স্কীম নেই। সরকার থেকে কেন কোন স্কীম করা হয় নি, তার কারণ কি?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**
বাধা হচ্ছে পৌর এলাকার মধ্যে বেঙ্গল প্রাইমারী এডুকেশন অ্যাক্ট অনুসারে প্রাইমারী এডুকেশনের পরিকল্পনা করার দায়িত্ব হচ্ছে পৌর প্রতিষ্ঠানের। কিন্তু পৌর প্রতিষ্ঠান যদি কোন পরিকল্পনা করে এবং গভর্নমেন্টের কাছে পাঠিয়ে বলেন যে, এই খরচ বহন করতে তারা রাজী আছে, গভর্নমেন্ট যদি বাকী খরচ দেন, তা হ'লে আইনের বিধান মতে গভর্নমেন্ট বিবেচনা করে সেই পরিকল্পনা মঞ্জুর করতে পারেন এবং গভর্নমেন্ট যে পরিকল্পনা অনুমোদন করবে সেই অনুমোদন অনুসারে প্রাইমারী এডুকেশন চলতে পারে—যেমন দু'টি মিউনিসিপ্যালিটিতে এখন চলছে। অন্যান্য মিউনিসিপ্যালিটি কোন পরিকল্পনা করে নি। অতএব তারা যদি এই বিষয়ে উদাসীন থাকে তা হ'লে আইন অনুসারে আমরা কিছু করতে পারি না। যেমন বিলাতে লোক্যাল বডি তারা স্কীম করে গভর্নমেন্টের কাছে দাখিল করে এবং গভর্নমেন্ট তাদের সাহায্য করে, এখানেও সেই রকম ব্যবস্থা আছে।

**Sj. Sasabindu Bera:**
এই পৌর প্রতিষ্ঠানের বিদ্যালয়গুলিতে যারা শিক্ষকতা করেন তাদের বেতন এবং পল্লী অঞ্চলের শিক্ষকদের বেতনের মধ্যে কোন সামঞ্জস্য আছে কি না?

**Mr. Speaker:** That question does not arise.

**Sj. Haridas Dey:**
এই দুইটি পৌর প্রতিষ্ঠানের স্কীম-এ বহুদিন পূর্ব থেকে টাকা দিচ্ছেন ৫০ পারসেন্ট। এখন তাদের খরচ আরো বেশী হচ্ছে সেই জন্য তাদের বেশী টাকা দেবার কোন স্কীম আছে কি না?

**Mr. Speaker:** That question does not arise.

**Sj. Tarapada Chaudhuri:**
মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, অনেক ছোট ছোট মিউনিসিপ্যালিটিতে যে-সমস্ত প্রাথমিক বিদ্যালয়গুলি মিউনিসিপ্যালিটির দ্বারা পরিচালিত হয় সেইগুলি টাকার অভাবে দুর্দশাগ্রস্ত, সেখানে আর্থিক সাহায্য সরকার দেবেন কি না?

**Mr. Speaker:** The question is disallowed.

**Sj. Byomkes Majumdar:**

পশ্চিমবাংলার পৌর প্রতিষ্ঠানের যে বিধান আছে, সেই স্কীম অনুসারে অর্ধেক ব্যয় সরকার বহন করবেন এবং অর্ধেক মিউনিসিপ্যালিটি বহন করবেন—এই প্রতিশ্রুতি দেওয়া আছে। বর্তমানে এই সমস্ত মিউনিসিপ্যালিটির খরচ ২।৩ গুণ বেড়ে গিয়েছে কিন্তু সরকার সেই আগের হিসাবেই টাকা দিচ্ছেন কি?

**Mr. Speaker:** Question disallowed.

**Sj. Hare Krishna Konar:**

মাননীয় মন্ত্রী মহাশয় আমার প্রশ্নের উত্তরে বলেছেন আইন অনুসারে প্রাইমারী এডুকেশন তাঁরা মিউনিসিপ্যালিটিতে উন্নতি করতে পারেন না। আমি তাঁকে জিজ্ঞাসা করবো এর আগে প্রাইমারী স্কুলগুলি ডিস্ট্রিক্ট বোর্ড-এর অধীনে পরিচালিত হতো, তারপর আইনের দ্বারা সরকারের হাতে নেওয়া হয়েছে এবং এখন সরকারের দ্বারা প্রাইমারী স্কুল বোর্ড পরিচালিত হয়। তেমনিভাবে মিউনিসিপ্যালিটির শিক্ষার উন্নতির জন্য এইগুলিকে সরকার থেকে সাহায্য করার কোন পরিকল্পনা করার দায়িত্ব সরকার নেবেন কি না?

**Mr. Speaker:** There is no scheme.

### Number of girls' schools in Darjeeling district

***10.** (Admitted question No. *203.) **Sj. Bhadra Bahadur Hamal:** Will the Hon'ble Minister in charge of the Education Department be pleased to state—

(ক) দার্জিলিং জেলায় বালিকাদের জন্য সরকারী এবং সরকারী সাহায্যপ্রাপ্ত কয়টি বিদ্যালয় আছে;

(খ) ঐ স্কুলগুলির মধ্যে কয়টি—

(১) মাধ্যমিক বিদ্যালয়,

(২) নিম্ন-মাধ্যমিক বিদ্যালয়, এবং

(৩) প্রাথমিক বিদ্যালয়;

(গ) এমন কোন মাধ্যমিক বিদ্যালয় আছে কিনা যে বিদ্যালয় কোন প্রকার সরকারী সাহায্য পায় না;

(ঘ) দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে দার্জিলিং জেলায় নূতন কয়টি করিয়া মাধ্যমিক, নিম্ন-মাধ্যমিক এবং প্রাথমিক বিদ্যালয় স্থাপনের পরিকল্পনা সরকারের আছে; এবং

(ঙ) সমগ্র দার্জিলিং জেলায় স্কুলে পড়িবার বয়সের বালিকাদের সংখ্যা কত?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**

(ক) সরকারী বিদ্যালয়—১-টি।

সরকারী সাহায্যপ্রাপ্ত—৩৯-টি।

(খ) (১) মাধ্যমিক বিদ্যালয় ১০-টি।

(২) নিম্ন-মাধ্যমিক বিদ্যালয় ৪-টি।

(৩) প্রাথমিক বিদ্যালয় ২৬-টি।

(গ) না।

(ঘ) মাধ্যমিক ও নিম্ন-মাধ্যমিক বিদ্যালয় প্রয়োজন অনুসারে স্থাপিত হয়।

৪৯৩-টি প্রাথমিক বিদ্যালয় গ্রামাঞ্চলে স্থাপনের পরিকল্পনা অনুমোদিত হইয়াছে।

(ঙ) ৪৮,৪৬৭।

[3-20—3-30 p.m.]

**Sj. Bhadra Bahadur Hamal:**
মাধ্যমিক বিদ্যালয় ১০টী যে আছে তার মধ্যে সরকারী বিদ্যালয় কয়টী জানতে পারি কি?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:** I want notice.

**Sj. Bhadra Bahadur Hamal:**
ঐ যে ১০টী মাধ্যমিক বিদ্যালয় আছে তার মধ্যে শিলিগ্রুড়ি মহকুমা, কার্সিয়াং মহকুমা এবং দার্জিলিঙ মহকুমায় ক'টী ক'টী আছে জানতে পারি কি?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:** I ask for notice.

**Sj. Bhadra Bahadur Hamal:**
এই যে ১০টী মাধ্যমিক বিদ্যালয় আছে তার মধ্যে থেকে দার্জিলিঙ মহকুমায় কোন সরকারী বিদ্যালয় আছে কি না জানতে চাই।

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:** I cannot say off-hand. I want notice.

**Dr. Hirendra Kumar Chattopadhyay:**
দার্জিলিঙ-এ যে মাধ্যমিক বিদ্যালয় আছে তা কি ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড-এর আন্ডারে আছে?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**
না। আন্ডার দি স্কুল বোর্ড।

**Dr. Hirendra Kumar Chattopadhyay:**
ঐ ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড কবে তৈরী হয়েছে?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:** In 1954.

**Dr. Hirendra Kumar Chattopadhyay:**
ঐ ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডের অধীনে কি দার্জিলিঙ-এর বিদ্যালয়, না কি—ইনস্পেক্টরের অধীনে? শুনেছি সেখানে স্কুল বোর্ড নাই।

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**
১৯৫৪ সালে দার্জিলিঙ-এ স্কুল বোর্ড স্থাপিত হয়েছে এবং স্কুল বোর্ড সেখানে রয়েছে।

**Sj. Bhadra Bahadur Hamal:**
দার্জিলিঙ এ পপুলেশন বেশী হয়েছে সেখানে কি এখন বিদ্যালয় বাড়ানোর প্রয়োজন নেই?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**
(ঘ) উত্তরে তো দেওয়াই আছে যে, মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয় প্রয়োজন অনুসারে স্থাপিত হয়।

**Sj. Bhadra Bahadur Hamal:**
আপনি (ঘ) উত্তরে বলেছেন ৪৯০টী কেবল প্রাথমিক বিদ্যালয়ের পরিকল্পনা আছে, আমি জিজ্ঞাসা করেছি—মাধ্যমিক এবং নিম্নমাধ্যমিক বিদ্যালয়ের কথাও; দার্জিলিঙ এত বড় একটা ডিস্ট্রিক্ট সেখানে ক্রিয়ারলি দেখা যায় পপুলেসান বেশী, অথচ মাধ্যমিক বিদ্যালয় নাই সেইজন্য আমি এই প্রশ্নটা জিজ্ঞাসা করছি।

**Mr. Speaker:** That is a matter of opinion .....

**Sj. Narayan Chobey:**
(ঘ) প্রশ্নটা হচ্ছে—দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনাকালে দার্জিলিঙ জেলায় নতুন কয়টী করিয়া মাধ্যমিক নিম্নমাধ্যমিক এবং প্রাথমিক বিদ্যালয় স্থাপনের পরিকল্পনা সরকারের আছে?

উত্তরটা ভাগ করে এবং একটু কায়দা করে দেওয়া হয়েছে: (ঘ) এতে "মাধ্যমিক ও নিম্ন-মাধ্যমিক বিদ্যালয় প্রয়োজন অনুসারে স্থাপিত হয়" এই উত্তরের পরেই পূর্ণচ্ছেদ তার পরে বলেছেন—৪৯৩টী প্রাথমিক বিদ্যালয় স্থাপনের পরিকল্পনা অনুমোদিত হইয়াছে।

**Mr. Speaker:** You say that the answer given in (ঘ) does not meet with what has been asked. You are emphasising on the word "কয়টি"।

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:** He confuses the issue. What is the existing position?

প্রথম প্রশ্নটা হচ্ছে: (ক) দার্জিলিঙ জেলায় বালিকাদের জন্য সরকারী এবং সরকারী সাহায্য-প্রাপ্ত কয়টি বিদ্যালয় আছে? (ক) উত্তরে বলা হয়েছে—সরকারী বিদ্যালয় ১টি, সরকারী সাহায্যপ্রাপ্ত ৩৯টি।

That finishes the answer to the first part of the question.

তার পরের প্রশ্ন হচ্ছে: (খ) ঐ স্কুলগুলির মধ্যে কয়টি—

(১) মাধ্যমিক বিদ্যালয়,

(২) নিম্নমাধ্যমিক বিদ্যালয় এবং

(৩) প্রাথমিক বিদ্যালয়

উত্তরে বলা হয়েছে—

(১) মাধ্যমিক বিদ্যালয় ১০টি,

(২) নিম্নমাধ্যমিক বিদ্যালয় ৪টি,

(৩) প্রাথমিক বিদ্যালয় ২৬টি

Figures are given here. The next question is

(গ) এমন কোন মাধ্যমিক বিদ্যালয় আছে কি না যে বিদ্যালয় কোন প্রকার সরকারী সাহায্য পায় না। উত্তরে বলা হয়েছে "না।"

All the schools are aided schools. The answer is perfectly clear. The next question is

(ঘ) দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা কালে দার্জিলিঙ জেলায় নতুন কয়টি করিয়া মাধ্যমিক, নিম্নমাধ্যমিক এবং প্রাথমিক বিদ্যালয় স্থাপনের পরিকল্পনা সরকারের আছে?

This is about the scheme. We have answered that in (ঘ)।

That class of institutions does not come under the Bengal Rural Primary Education Act at all, and, therefore, it has been said......

**Mr. Speaker:** In any case, it is governed by necessity.

## Bhimpore Orphan Boarding

***11.** (Admitted question No. *264.) **Sj. Jamadar Hasda:** Will the Hon'ble Minister in charge of the Education Department be pleased to state—

(ক) মেদিনীপুর জেলার শালবনী থানার ভীমপুর Orphan Boarding কার দ্বারা পরিচালিত;

(খ) উক্ত boarding-এ সরকার ১৯৫৬ সালে কোন সাহায্য করিয়াছেন কিনা;

(গ) করিলে, কত টাকা করিয়াছেন;

(ঘ) উক্ত boarding-এ অনাথ ছাত্রছাত্রীর সংখ্যা কত; এবং

(ঙ) ইহা কি সত্য যে, উক্ত বোর্ডিং-এর যে-কোন সম্প্রদায়ভুক্ত ছাত্রছাত্রীকে নিয়মিতভাবে গির্জায় যাইতে অভ্যস্ত করান হয় ও বাধ্যতামূলকভাবে বাইবেল পড়ান হয়?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**
(ক) মার্কিন ব্যাপ্টিস্ট মিশন দ্বারা।

(খ) হ্যাঁ।

(গ) ১২,৪৪৬৷৴০ আনা।

(ঘ) ৩১-৩-৫৭ তারিখের হিসাব অনুযায়ী ১০ জন বালক ও ২০ জন বালিকা।

(ঙ) গির্জায় যাওয়া ও বাইবেল পড়া বোর্ডিং-এর নিয়ম বটে, কিন্তু গির্জায় যাওয়ায় বা বাইবেল পড়ায় কাহাকেও বাধ্য করা হয় না। অখ্রীস্টান ছাত্রছাত্রীদিগকে বর্তমানে স্থানান্তরিত করা হইতেছে।

**Sj. Narayan Chobey:**
মন্ত্রী মহাশয় (ঙ) প্রশ্নের উত্তরে বলেছেন—গির্জায় যাওয়া ও বাইবেল পড়া বোর্ডিং-এর নিয়ম বটে, কিন্তু গির্জায় যাওয়ায় বা বাইবেল পড়ায় কাহাকেও বাধ্য করা হয় না। আমার জিজ্ঞাস্য হচ্ছে—গির্জায় যাওয়া ও বাইবেল পড়া যদি বোডিং-এর নিয়ম হয় এবং যদি সে নিয়ম না মান্য হয় তাহলে কি করা হয়?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**
নিয়মটা খ্রীস্টানদের জন্য।

**Mr. Speaker:** It is no use saying that. I know that non-Christians were never forced to go to a church. That is our knowledge for well over 25 years.

**Sj. Narayan Chobey:**
স্যার, (ঙ) উত্তরের লাস্ট সেনটেন্সটা পড়ে দেখুন। যদি বাধ্য করা না হয় তাহলে তাদের স্থানচ্যুত করা হচ্ছে কেন?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**
স্থানান্তরিত করা হচ্ছে খরচের এবং অখৃস্টান আশ্রমপ্রার্থীদের সুবিধা হবে বলে।

**Dr. Hirendra Kumar Chattopadhyay:**
খ্রীস্টান ছাত্রদের মধ্যে থেকে যদি অখ্রীস্টানদের সরিয়ে দেওয়া হয় তাহলে কি কনস্টিটিউসন-এর মতে
discrimination between student and student,
খ্রীস্টান এবং অখ্রীস্টানদের মধ্যে অন রিলিজিয়ান গ্রাউন্ড তফাৎ করা হ'ল না?

**Mr. Speaker:** Now the question is whether it amounts to discrimination. That is a question of law. I may point out to you that if you bring all of them under one head, it does not amount to discrimination according to the application of the Supreme Court judgment.

[3-30—3-40 p.m.]

**Dr. Hirendra Kumar Chattopadhyay:**
প্রশ্নোত্তরে আছে গভর্নমেন্ট এড দেয়, প্রত্যেকের জন্যই টাকা দেওয়া হয় সেখানে নিয়ম—খৃস্টান হলে গীর্জায় যেতে হবে, এই যদি শুধু আনসার দিতেন তা হলে বুঝা যেত খৃস্টান ছেলেদের উপর নিয়ম আছে অন্যের উপর নিয়ম নেই। উনি বলেছেন নিয়ম আছে নিয়মটা কি ইউনিভারস্যাল অ্যাপ্লিকেশন হয়? তা না হলে
That is inspiring indiscipline.
এটা ভাবেন কি না?

**Mr. Speaker:** Not necessarily. Even in the St. Xavier's institutions today students who do not wish to read Bible are not forced to read it.

**Sj. Nepal Ray:**
মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি যে, যেসব অখৃস্টান ছাত্রছাত্রী আছে—হিন্দু, মুসলমান—তাদের হিন্দু মিশন এবং মুসলমান মিশনে পাঠান হচ্ছে কি না?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**
সেটা বিচার করেই পাঠান হচ্ছে।

**Sj. Gopal Basu:**
মন্ত্রী মহাশয় বলেছেন অখৃস্টান ছেলেদের স্থানান্তরিত করা হচ্ছে তার কারণ কি তাদের আর্থিক অসুবিধা আছে অর্থাৎ তারা গরীব বলে?

**Mr. Speaker:** I think all of them live on charity. As I understand it, they are being removed because perhaps they charge more for the non-Christian boys.

**Dr. Hirendra Kumar Chattopadhyay:**
আপনি বলেছেন, মাননীয় স্পীকার মহাশয়, আই থিঙ্ক পারহ্যাপস অর্থাৎ বেশী দেওয়া হয় কি না আমি সমস্ত তথ্যগুলি চাই। মন্ত্রীমহাশয় বলেছেন অখৃস্টান ছেলেদের স্থানান্তরিত করা হচ্ছে। অসুবিধা কি হল আমরা জানতে চাই।

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:** It is apparent on the face of it.
আশু প্রয়োজন অনুসারে খৃস্টান মিশনের চার্জে তাদের রাখা হয়েছিল। এখন সে প্রয়োজন শেষ হয়ে গেছে তাই যেখানে গেলে বেশী সুবিধা হবে সেখানে তারা যাচ্ছে।

**Mr. Speaker:** Were the American Mission keeping children of all classes themselves or at the instance of the Government?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:** At the instance of the Government when emergency arose.

**Mr. Speaker:** What was the emergency?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:** I am not sure of it. I want notice.

**Mr. Speaker:** You will kindly find out further particulars about it and tell us about them on Monday next.

### Re-employment of retrenched hands of the four closed down jute mills

***12.** (Admitted question No. *133.) **Sj. Somnath Lahiri:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Labour Department be pleased to state whether it is a fact, as stated by the Union Deputy Labour Minister in the Lok Sabha on the 30th May, 1957, that with the exception of only 300 workers all the other workers of the recently closed down four jute mills in West Bengal have been employed in other mills belonging to the same companies?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) names of the mills which have absorbed these workers and how many workers have been absorbed by each mill; and

(*ii*) names of other mills of the same company which have absorbed the 1,600 workers of the Victory Jute Products Mill?

(*c*) If the answer to (*a*) be in the negative, will the Hon'ble Minister be pleased to state whether the Union Deputy Labour Minister was apprised of the correct position by the State Government?

**The Minister for Labour (the Hon'ble Abdus Sattar):** (*a*) No; it was not so stated by the Union Deputy Labour Minister.

(*b*) Does not arise.

(*c*) Yes, as far as practicable.

**Sj. Somnath Lahiri:**

ইউনিয়ন ডেপ্‌টি লেবার মিনিস্টার যে বলেন নি সেকথা কি তাঁর কাছে অনুসন্ধান করে জেনে বলা হয়েছে?

**The Hon'ble Abdus Sattar:**

হ্যাঁ, তাঁর দপ্তর থেকে।

**Sj. Jatindra Chandra Chakravorty:**

মন্ত্রী মহাশয় জানাবেন কি যে এই সম্পর্কে ইউনিয়ন ডেপ্‌টী লেবার মিনিস্টার অন্য কোন বিবৃতি দিয়েছিলেন কি না লোকসভায়? আমরা সংবাদপত্রে এটা দেখেছিলাম, কিন্তু উনি বলছেন, না।

**The Hon'ble Abdus Sattar:** The Deputy Union Labour Minister specifically referred to two mills and said that 300 workmen of those two mills were unemployed and the rest in those two mills were absorbed in the sister concerns of the concerned mills.

## Number of workers of Hindusthan Motors Co., Uttarpara, laid off and dismissed

***13.** (Admitted question No. *160.) **Sj. Monoranjan Hazra:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Labour Department be pleased to state whether it is a fact that a large number of workers have been laid off and dismissed very recently in the Hindusthan Motors Co. at Uttarpara?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) the exact number of the laid-off and dismissed workers; and

(*ii*) the reasons for laying off and dismissal?

**The Hon'ble Abdus Sattar:** (*a*) Yes.

(*b*) (*i*) Between 15th April and 23rd May, 1957, 324 men have been laid off. In the last week of May, 1957, 48 workmen have been dismissed.

(*ii*) Eighty workmen of the Studebaker Truck Line were laid off on account of accumulation of stocks. The rest of the workmen were laid off for alleged slow-down by the workers engaged in manufacturing Engine Blocks for Landmaster Body Shop—Jig Section. All the laid-off men were recalled by 2nd July, 1957.

The Management took decisions to dismiss 48 persons for alleged slow-down. The Management have filed applications before the Fifth Industrial Tribunal (Omnibus Engineering Tribunal) for approval of their decision to dismiss 30 men of the Cylinder Block Section and 18 men of the Body Shop, making the total 48. The applications have been filed on 31st May and 27th May, 1957, respectively. The matter therefore is *sub judice*.

**Mr. Speaker:** Please bear in mind that the matter is *sub judice*. Therefore, honourable members should be careful about the questions that they will put.

**Sj. Monoranjan Hazra:**
माननीय मन्त्री महाशय जानावेन कि ये तिनि उल्लेख करेछेन फिफथ् इन्डास्ट्रियाल ट्राइब्यनाले हिन्दुस्थान मोटरस कोम्पानी य्याप्लीकेसन दियेछे। आमार प्रश्न हच्छे एइ ये, फिफथ् इन्डास्ट्रीयाल ट्राइब्यनाले हिन्दुस्थान मोटर कोन पार्टी नय—एटा कि जानेन?

**The Hon'ble Abdus Sattar:**
हाइकोर्ट थेके स्टे अर्डारे बला हयेछे, हाइकोर्ट थेके मुभ करा हयेछे।

**Sj. Monoranjan Hazra:**
एइ ब्यापारटा साब-जुडिस् नय।

**Mr. Speaker:** Can you decide whether it is *sub judice* or not? Is there a proceeding pending before a properly constituted Tribunal regarding these workmen?

**Sj. Monoranjan Hazra:** No; there is no pending proceeding.

**Mr. Speaker:** How do you know.

**Dr. Ranendra Nath Sen:**
मिः स्पीकार स्यार, एटाते आमार अन्य प्रश्न आछे—सेटा जिज्ञासा करते पारि कि?

**Mr. Speaker:** I am entitled to put a question and get clarification from the Ministers, from the members of the Treasury benches as well as from the honourable members for the purpose of coming to a correct decision. Now, it is being said that a proceeding is pending before a properly constituted Tribunal as a result of an order passed by the Hon'ble High Court. That is what has been said. Let me put a question. When was such an order passed by the Hon'ble High Court?

**The Hon'ble Abdus Sattar:** I cannot give the exact date.

**Mr. Speaker:** You will kindly check up from your record and find out and, if available, kindly bring to the House the order of the Hon'ble High Court and then every member will see what sort of an order is that.

[3-40—3-50 p.m.]

**Dr. Ranendra Nath Sen:**
मिः स्पीकार, स्यार, एइ कोयेश्चेन-एर उपर आमार अन्य एकटा कोयेश्चेन आछे, सेटा कि एखन करते पारि?

**Mr. Speaker:**
सेइ दिनइ करबेन।
I have decided that this question and answer will be dealt with on Monday. The Hon'ble Minister has been told to be good enough to bring up before this House all necessary records and proceedings to enable him to answer questions properly. Next question.

**Death from electrocution at Clive Jute Mills, Garden Reach**

***14.** (Admitted question No. *368.) **Janab Shaikh Abdulla Farooquie:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Labour Department be pleased to state if it is a fact—

(*i*) that a fatal accident occurred due to defective electric wiring at the Clive Jute Mill in Garden Reach police-station, 24-Parganas, resulting in the death of a coal cooly; and

(*ii*) that the mill authorities and the Labour Directorate of the Government had prior intimation of these defects?

(b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) what steps were taken by the Labour Directorate to enforce the due observance by the mill authorities of the safety regulations in this respect; and

(ii) what steps have since been taken by the Chief Inspector of Electricity, West Bengal, after the accident had been reported to him?

**The Hon'ble Abdus Sattar:** (a)(i) Yes, but not due to defect in electric wiring.

(ii) No.

(b) After the accident was reported an immediate inspection and enquiry was carried out by the Factory Inspector as well as the Electric Inspector. The Management have been directed to use portable electric lamps of voltage not exceeding 24 volts while carrying on work in closed space.

**Janab Shaikh Abdulla Farooquie:**
মাননীয় মন্ত্রী মহাশয় এখানে জানিয়েছেন
"not due to detect in electric wiring".
তাহলে বলতে পারেন কিজন্য অ্যাকসিডেন্ট হয়েছে?

**Mr. Speaker:** I think the ends of justice will be properly met if the Hon'ble the Labour Minister would be good enough to present the enquiry report before the House. Then you will be able to ask questions.

**The Hon'ble Abdus Sattar:** I have further information.

**Mr. Speaker:** Have you got the enquiry report with you?

**The Hon'ble Abdus Sattar:** Not the whole of it.

**Mr. Speaker:** Is the cause of the accident made clear?

**The Hon'ble Abdus Sattar:** Yes.

**Mr. Speaker:** Then give it to the House.

**The Hon'ble Abdus Sattar:** A person named Samoo, by occupation a coolie, met with a fatal accident on 22nd March 1957 in the Clive Jute Mill in Garden Reach, Calcutta. The worker concerned went inside the boiler flue for clearing the ash. A portable electric hand lamp was in use for lighting the interior. It was ascertained that while coming out he was electrocuted. An Electric Inspector carried out an inspection on the same day but no defect was found in the electric wiring. The Inspector was informed by the union two or three days after the investigation that the electric cable which was actually in use at the time of the accident was replaced by another immediately after the accident. The Manager of the factory denied the allegation. No legal action could be taken as it could not be proved that the electric cable was defective and it was changed after the accident.

**Dr. Hirendra Kumar Chattopadhyay:**
এই বডি পোস্ট-মর্টেম হইয়াছিল কি?

**The Hon'ble Abdus Sattar:** I want notice.

**Dr. Hirendra Kumar Chattopadhyay:**
পোস্ট-মর্টেম না হলে পর ঐ এনকোয়ারী—
This is not complete.

**Mr. Speaker:** That is why I told you, let the report come. This is not the whole report. You may find some useful report which would enable you to put questions.

**Dr. Hirendra Kumar Chattopadhyay:** Sir, I am grateful to you but he replied to your question that the entire report was there.

**Mr. Speaker:** No, he said part of it.

**Dr. Hirendra Kumar Chattopadhyay:** Therefore will you please hold it over?

**Mr. Speaker:** All right, held over.

### Constitution of Labour Advisory Board

***15.** (Admitted question No. *757.) **Sj. Rabindra Nath Mukhopadhyay:** Will the Hon'ble Minister in charge of the Labour Department be pleased to state—

(*a*) whether the Government of West Bengal has recently constituted a Labour Advisory Board for West Bengal;

(*b*) if so, how many representatives of each Central Trade Union Organisation have been represented on this Board; and

(*c*) the principle and method adopted by the Government for constituting the Board?

**The Hon'ble Abdus Sattar:** (*a*) Yes.

(*b*) Bengal Provincial National Trade Union Congress—2.

Bengal Provincial Trade Union Congress—'.

United Trade Union Congress—1.

Hind Mazdoor Sabha—1.

(*c*) The Board has been constituted on the broad principle of equal representation from employers and employees.

**Sj. Rabindra Nath Mukhopadhyay:**
এখানে আপনি বলেছেন এমপ্লয়ীজ অ্যান্ড এমপ্লয়ার্সদের রিপ্রেজেনটেশন-এর ভিত্তিতে ঠিক করা হয়েছে, এখন এই যে ট্রেড ইউনিয়ন সংস্থার রিপ্রেজেনটেশন হয়েছে তার ব্রড প্রিন্সিপলটা কি!

**The Hon'ble Abdus Sattar:** Membership.

**Sj. Rabindra Nath Mukhopadhyay:**
এই মেম্বারসিপ সম্পর্কে আপনি অবগত আছেন কি যে, আই এন টি ইউ সি এইরকম বহু ইউনিয়ন আছে—কাগজের ইউনিয়ন তারা অ্যানুয়াল রিটার্ন পর্যন্ত দেয়নি এবং তার জন্য এনকোয়েরী পর্যন্ত হয় নি।

**The Hon'ble Abdus Sattar:**
এই খবর জানা নাই

**Sj. Rabindra Nath Mukhopadhyay:**
খবর জানবার চেষ্টা করবেন কি?

**The Hon'ble Abdus Sattar:**
সংবাদ দিলে পরীক্ষা করে দেখতে পারি।

**Sj. Narayan Chobey:**
এই যে আপনি বলেছেন মেম্বারসিপ বেসিস-এ বি পি এন টি ইউ সি দুইজন, বি পি টি ইউ সি একজন, ইউ টি ইউ সি একজন, হিন্দ মজদুর সভার একজন, তা হলে এখানে ওটা ডাবল কেন?

**The Hon'ble Abdus Sattar:**
ঠিকই আছে, হিসাব করে দেখুন।

**Mr. Speaker:** He says on the basis of membership this has been done. If you say that he is prejudiced and is not applying the principle, that point cannot be decided.

**Sj. Narayan Chobey:**
মেম্বারসিপ কি রেসিওর ভিত্তিতে ঠিক করা হয়েছে, কি প্রপোরসন-এ?

**Mr. Speaker:** Was the principle of proportion made applicable?

**The Hon'ble Abdus Sattar:** Yes, Sir.

**Dr. Hirendra Kumar Chattopadhyay:**
মন্ত্রীমহাশয় দয়া করে বলবেন কি প্রত্যেকটা ট্রেড ইউনিয়ন-এ কত করে মেম্বার আছেন?

**Mr. Speaker:** If you put a question like that, it is not possible to answer.

**Dr. Hirendra Kumar Chattopadhyay:** He made a statement that it was on the strength of membership.

**Mr. Speaker:** He had said that the principle of equal representation was one of the principles which was borne in mind.

**Dr. Hirendra Kumar Chattopadhyay:** He stated later that it was on the basis of membership; therefore he must be cognisant of the number of members.

## Appointment of a Committee to enquire into the conditions of Jute Industry in the State

***16.** (Admitted question No. *995.) **Sj. Copal Basu:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Labour Department be pleased to state if it is a fact that the Government have recently constituted an Enquiry Committee to enquire into the conditions of the Jute Industry in West Bengal?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) how many representatives of each Central Trade Union Organisation have been represented on this Committee;

(*ii*) the time by which the Committee is likely to finish its enquiry;

(*iii*) whether Government are aware that retrenchment is going on in almost all the jute mills in West Bengal even when the Enquiry Committee is conducting its enquiry; and

(*iv*) if so, whether Government consider the desirability of taking necessary steps to maintain the status quo in the Jute Industry until the Enquiry Committee finishes its enquiry?

**The Hon'ble Abdus Sattar:** (*a*) Yes.

(*b*)(*i*) One each from A.I.T.U.C., U.T.U.C. and H.M.S. and two from I.N.T.U.C.

(*ii*) It cannot be definitely stated as to when the Committee will complete its work. Two meetings have been held so far and the work is being expedited as much as possible.

(*iii*) Government are aware that in some of the mills modernisation has been proposed to be effected resulting in the likelihood of retrenchment. This has been done in accordance with a modernisation programme drawn up long before the Committee was set up. In all cases, however, involving retrenchment Government have ensured and are ensuring that there is no case of involuntary retrenchment. Those workers who wish to stay on are being provided with alternative employment.

(*iv*) This is a matter which is now under consideration of the Tripartite Committee themselves. Government will take appropriate action when the result of the Committee's deliberations is known.

**Sj. Gopal Basu:**
এখানে আপনি বলেছেন ওয়ান ইচ ফ্রম এ, আই টি ইউ সি, ইউ টি ইউ সি, এইচ এম এস, তবে আই এন টি ইউ সি থেকে দুইজন নেওয়া হয়েছিল কেন?

**The Hon'ble Abdus Sattar:**
এই প্রিন্সিপল-এ।

[3-50—4 p.m.]

**Mr. Speaker:** Mr. Basu, you want the Minister to apply his mind and give to this House as accurately as possible the method adopted for making selection or giving representation. Is that your question?

**Sj. Gopal Basu:** Yes.

**The Hon'ble Abdus Sattar:**
আমরা এমন ইউনিয়নকেও রিপ্রেজেনটেশন দিয়েছি, যার কোন সাপোর্টার নেই, যার এ সম্পর্কে বিশেষ কিছু কাজ নাই। এখানে আমি মনে করি যেখানে শ্রমিকদের স্বার্থ, সেখানে সব ইউনিয়নই একমত। সেদিক থেকে বিচার করে দিয়েছি আই এন টি ইউ সি-কে দুটো দিয়েছি আর অন্য তিন ইউনিয়নের ৩ জনকে দিয়েছি। কাজেই কারো প্রতি পক্ষপাতিত্ব করা হয় নাই।

**Mr. Speaker:** May I put a question? Was political consideration taken up in the matter of giving representation?

**The Hon'ble Abdus Sattar:** No, Sir.

**Sj. Gopal Basu:**
তাই যদি হয়, তাহলে আই এন টি ইউ সি দুজন না নিয়ে ৩ জন নিলেন না কেন?

**Mr. Speaker:** That question does not arise.

**Sj. Bankim Mukherjee:**
এই রিপ্রেজেনটেসান-এর চেয়ে ঢের বেশী জরুরী প্রশ্ন হচ্ছে এই বি(৩) তে উত্তর যা দিয়েছেন। আপনি জানেন কি এই জুট কমিটি মিটিং এমন একটা জায়গায় এসেছে যে আর এই কনসিলিয়েশন বোর্ডের নির্দেশ জুটের মালিক মিল ওনাররা মানতে রাজী হচ্ছে না বলেই বর্তমানে একটা স্টেলমেট অবস্থা তারা অনুভব করছেন?

**Mr. Speaker:** That is a relevant question. There is likelihood of a stalemate and enquiry not proceeding in the proper maner.

**The Hon'ble Abdus Sattar:** I have no such information.

**Mr. Speaker:** Will you kindly make an enquiry and whatever information is available you will give to the members?

**Sj. Bankim Mukherjee:**
মিঃ স্পীকার, স্যার, আমি কি আপনার মাধ্যমে অনুরোধ করতে পারি লেবার মিনিস্টারকে পূর্বে সেখানে যে প্রশ্ন করেছিলাম এই সম্পর্কে তাতে তিনি উত্তর দিয়েছিলেন, তিনি এই কমিটীর চেয়ারম্যান, তিনি কি ফ্রেম ওয়ার্কটা জানিয়ে দেবেন এই হলো গভর্নমেন্টের নীতি? সেই অনুসারে যেন কমিটীর কাজটা চলে অর্থাৎ কোন লোককে বাধ্যতামূলকভাবে ছাঁটাই করা চলবে না—এই হচ্ছে গভর্নমেন্টের নীতি। এই কমিটীর চেয়ারম্যানকে এটা তিনি অবশ্য করে জানিয়ে দেবেন।

**The Hon'ble Abdus Sattar:** I have done so.

**Sj. Gopal Basu:**
এই কমিটীর কাজ শেষ করবার জন্য গভর্নমেন্ট থেকে কোন টাইম লিমিট করে দেওয়া হয়েছে কি?

**The Hon'ble Abdus Sattar:**
আমরা কোন টাইম লিমিট করি নাই। আমরা বলেছি যতশীঘ্র সম্ভব হয় কাজ শেষ করতে।

**Dr. Hirendra Kumar Chattopadhyay:**
মাননীয় মন্ত্রীমহাশয় বললেন ন্যাশানাল ট্রেড ইউনিয়ন কংগ্রেস ছাড়া এমন ইউনিয়নকেও তিনি রিপ্রেজেনটেশন দিয়েছেন যার কোন মেম্বারসিপ নাই, এর মানে কি?

**The Hon'ble Abdus Sattar:**
কোন উল্লেখযোগ্য মেম্বারসিপ নাই।

**Dr. Hirendra Kumar Chattopadhyay:**
তা হ'লে জিজ্ঞাসা করছি উল্লেখযোগ্য কোন নীতিতে এই কমিটীর রেফারেন্স তৈরী হয়েছে?

**The Hon'ble Abdus Sattar:**
কমিটীর চেয়ারম্যানের যে রেফারেন্স প্রকাশিত হয়েছে, তাতে আছে কোন নীতিতে হয়েছে।

**Mr. Speaker:** What the Hon'ble Minister wanted to inform this House is that not only the people who are entitled to be represented have been given representation but the idea was to see that nobody loses his right of representation.

**Dr. Hirendra Kumar Chattopadhyay:**
আর একটা প্রশ্ন আছে। যাদের উল্লেখযোগ্য মেম্বারসিপ নাই, এখন তাদের রিপ্রেজেনটেশন দিয়েছেন। এটা কি প্রায়শ্চিত্ত করে আগের পাপ খণ্ডন করেছেন?

**Mr. Speaker:**
প্রায়শ্চিত্ত নয়। ৭ জন মেম্বার মিলেও একটা ইউনিয়ন গঠন করতে পারবেন।

**Sj. Gopal Basu:**
এটা কি মন্ত্রীমহাশয় জানেন যে, এই এনকোয়েরি চলা কালেও ব্যাপকভাবে মিলে ছাঁটাই হচ্ছে?

**Mr. Speaker:** Is the Hon'ble Minister aware of it—
যে মিলে ব্যাপকভাবে ছাঁটাই হচ্ছে?

**The Hon'ble Abdus Sattar:**
ব্যাপকভাবে ছাঁটাই হচ্ছে না—আমি জানি। তবে কোন কোন মিলে, কোথাও কোথাও ছাঁটাই করা হচ্ছে। সরকার থেকে চেষ্টা করা হচ্ছে যাতে ছাঁটাই না হয়। যা হয়েছে, তা খুব কম সংখ্যক।

**Sj. Gopal Basu:**
আমি এই প্রসঙ্গে জিজ্ঞাসা করতে চাই রাজ্যপালের ভাষণে আছে—যতটুকু র‍্যাশানালাইজেশন করলে ছাঁটাই হবে না ঠিক ততটুকুই করতে দেওয়া হবে। অতএব এই যে যারা ছাঁটাই হচ্ছে এ কি সরকারের অনুমতি নিয়ে হচ্ছে?

**Mr. Speaker:**
আপনাদের অনুমতি নিয়ে ছাঁটাই হয় কি?

**The Hon'ble Abdus Sattar:**
না।

**Mr. Speaker:**
আইনের কোথায় লেখা আছে—আপনাদের অনুমতি নিয়ে ছাঁটাই করতে হয়? Say, yes or no.

**The Hon'ble Abdus Sattar:**
তা নাই।

**Sj. Bankim Mukherjee:**
এ সম্বন্ধে কয়েকটী বিষয় বলবো। একটা ট্রিপারটাইট কনফারেন্স দিল্লীতে হয়েছিল, তাতে আমাদের লেবার মিনিস্টার মহাশয় উপস্থিত ছিলেন। সেই ত্রিদলীয় সম্মেলনে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল যে, এই প্রকার কোন ছাঁটাই হবে না। কাজেই আইন না থাকলেও একটা মরাল ডিউটি আছে।

**Mr. Speaker:**
ছাঁটাই করলে যে ছাঁটাই সাপোর্টেড হবে, তার কোন মানে নাই। Whenever there is a retrenchment information, Government is expected to act on the principle that was followed by them. এখন প্রশ্ন হচ্ছে, আপনাদের মতামত নিয়ে ছাঁটাই করেন—আইন না থাকলেও, না, করেন না?

**Sj. Bankim Mukherjee:**
মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি মডার্নিজেশন না করেও পুরানো মেশিনে একজন লোককে দিয়ে জোড়া তাঁত ফ্রেম চালান হয়? এ রকম র‍্যাশানালাইজেশন বা মডার্নাইজেশন ছাড়া র‍্যাশানালাইজেশন হয় না এটুকু কি মন্ত্রী মহাশয় জানেন?

**The Hon'ble Abdus Sattar:**
আমি এই প্রসঙ্গে বলতে চাই র‍্যাশানালাইজেশনের সঙ্গে মডার্নাইজেশনের সম্পর্ক নাই—এমন কোন ছাঁটাইএর সংবাদ আমরা পেলে যথাযথ অ্যাকশান নিয়ে তা বন্ধ করা হয় এবং প্রয়োজন হলে সেটা লেবার ডাইরেক্টরেট-এর ট্রিপারটাইট ট্রাবিউনাল-এ দেওয়া হয়।

**Sj. Bankim Mukherjee:**
মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি এই র‍্যাশানালাইজেশন-এর নামে অর্থাৎ পুরানো মেসিনারীতে বেশী ওয়ার্ক লোড বেড়েছে এবং এই পদ্ধতি বহুকাল ধরে চলে আসছে এবং এখনো চলছে?

**The Hon'ble Abdus Sattar:**
তা হতে পারে।

**Sj. Bankim Mukherjee:**
এটা তিনি জানেন কি পুরানো মেসিনে, মডার্নাইজেশন না করে, তাতে পূর্বে বহুবার ছাঁটাই হয়েছে, অর্ধেক লোক ছাঁটাই করে অর্ধেক লোক দিয়ে পুরা কাজ চালান এখনো চলছে? বর্তমান ট্রিপারটাইট কনফারেন্স-এ বিশেষ আলোচনার পর সিদ্ধান্ত হওয়া সত্বেও সেটা চলছে এবং জুট কমিটীতে মালিক পক্ষ থেকে এবিষয়ে কোন অঙ্গীকার দিতে অস্বীকার করেছে—এটা কি সত্য—

**The Hon'ble Abdus Sattar:**
ব্যাপকভাবে সত্য নয়।

**Sj. Bankim Mukherjee:**
এটা কি জানেন যে কয়েকটী মিলে এখন পর্যন্ত এই গোলমেলে প্রচেষ্টা চলেছে—যেমন হাওড়া মিল প্রভৃতিতে জে ঐ পুরান তাঁতে জোড়া কাজ করবার চেষ্টা এবং তা নিয়ে একটা বিরোধ শ্রমিক ও মালিকদের সঙ্গে দীর্ঘকাল ব্যাপী রয়েছে? ট্রিপারটাইট কনফারেন্স-এর পরেও মালিক পক্ষ সেই জিদ চালিয়ে যাচ্ছে এবং আরো কয়েকটা মিলে সেটা চালাবার কথা জানিয়েছেন?

[4—4-10 p.m.]

**Mr. Speaker:** Is it not off the mark?

**Sj. Bankim Mukherjee:** No, Sir.

**Mr. Speaker:** The question is regarding the appointment of a committee to enquire into the conditions of jute industry in the State and if questions were asked for an expeditious enquiry or if a question was asked that it woud be good if the Government woud be good enough to finish the enquiry as early as possible that would have been quite right. But if you ask other questions regarding general retrenchment the Minister might say that he is not aware of any large measure of retrenchment.

**Sj. Somnath Lahiri:**
এই কোয়েশ্চেন-এর উত্তরে বলেছেন—

**Sj. Subodh Banerjee:** Sir, the question hour is over and let this question be held over.

**Mr. Speaker:** As some time was taken up in the colliery accident affair, the question time has been extended.

**Sj. Somnath Lahiri:**
(বি)(৩)র আনসার-এ বলেছেন যে, কয়েক জায়গায় কমিটি কাজ চলার পূর্বেই এই modernisation has been proposed
এবং সেটা
has been done in accordance with a modernisation programme
এখানে আমি জিজ্ঞাসা করছি এই প্রোগ্রাম অনুসারে আর কোন কোন মিল-এ ঐরকম মডার্নাইজেশন প্রোগ্রাম অনুসারে ছাঁটাই হয়েছে কমিটির কাজ চলা সত্ত্বেও। সেই সব মিলগুলির নাম জানাতে পারবেন কি?

**The Hon'ble Abdus Sattar:** I ask for notice.

**Sj. Bankim Mukherjee:**
স্যার, টাইম হয়ে গিয়েছে।
I submit that this question be held over as the question time is over.

**Mr. Speaker:** My zealous Deputy Speaker is always anxious to protect the rights and privileges of the members and he says that as some time has been taken in discussing the accident in the colliery we shall get a few more minutes —up to 4-15 p.m.—for questions and answers.

**Sj. Bankim Mukherjee:**
মাননীয় স্পীকার, স্যার, একটু অসুবিধা আছে। এই প্রশ্ন করার ভিতরে কিছু ভুল আছে।

**Mr. Speaker:** Ask him to make enquiry

**Sj. Bankim Mukherjee:**
আপনাকে রিমাইন্ড করছি এই সম্পর্কে যে কমিটি হয়েছে, সেটা জুট ইন্ডাস্ট্রির র‍্যাশানালাইজেশন সম্পর্কে। অবশ্য একটু লেখায় ভুল আছে যে
Jute Enquiry Committee to enquire into the condition of the jute industry.
কিন্তু মন্ত্রীমহাশয় যে উত্তর দিয়েছেন তাতে তিনি এটা বুঝে নিয়েই উত্তর দিয়েছেন যে সেটা র‍্যাশানালাইজেশন-এর জন্য কমিটি হয়েছে। এখানে সবচেয়ে ভয়ংকর প্রশ্ন হচ্ছে এই র‍্যাশানালাইজেশন কি পদ্ধতিতে চলেছে এবং ছাঁটাই হচ্ছে এবং সেখানে এই নীতি গ্রহণ করা হয়েছে যে
No retrenchment without tears,
কোন রকমে লোক যাতে ছাঁটাই না হয়। সেই সম্পর্কে কয়েকটি প্রশ্ন করা প্রয়োজন। জুট মালিকরা তারা এই নীতি মানতে অস্বীকার করেছে।

**Mr. Speaker:** Mr. Mukherjee, I want some clarification. Let us examine the answer given in (iii). It says "Government are aware that in some of the mills modernisation has been proposed". So it is at the proposal stage now. You may ask this question whether as a result of this modernisation any retrenchment has been effected and nothing more.

**Sj. Bankim Mukherjee:**
এখানে দুইটি প্রশ্ন আছে। একটা হচ্ছে মডার্নাইজেশন না করে রিট্রেঞ্চমেন্ট হচ্ছে। retrenchment in the name of rationalisation .....

**Mr. Speaker:** You may ask "Is the Hon'ble Minister aware that although modernisation has not been resorted to yet, still on the pretext of that having been done there is retrenchment."

**The Hon'ble Abdus Sattar:**
এই রকম কয়েকটি ঘটনা আমাদের গোচরীভূত হয়েছে। এই সব ঘটনা পুরাপুরি তদন্ত করার জন্য—এই অভিযোগ সত্য কি না সেটা বিবেচনা করার জন্য এখানে ট্রাইবিউনাল বসান হয়েছে।

**Sj. Bankim Mukherjee:**
মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি, এই সব অভিযোগ তাঁর লেবার ডিপার্টমেন্ট সব স্বীকার করেন এবং সবই জানেন এবং এই নিয়ে গত বৎসর একটা বড় স্ট্রাইক হয়ে গিয়েছে।

**Mr. Speaker:** Mr. Mukherjee, this question is not allowed.

## UNSTARRED QUESTIONS
### (answers to which were laid on the table)

### Shyamsunder College, Raina police-station, Burdwan district

**8.** (Admitted question No. 51.) **Sj. Gobardhan Pakray:** Will the Hon'ble Minister in charge of the Education Department be pleased to state—

(ক) সরকার পরিচালিত বর্ধমান জেলার রায়না থানার অন্তর্গত শ্যামসুন্দর কলেজ পরিচালনার ভার সরকার কতদিন গ্রহণ করিয়াছেন; এবং

(খ) উহার পরিচালক সমিতিতে স্থানীয় অভিভাবকদের পক্ষ হইতে এবং স্থানীয় বিদ্যোৎসাহীদের পক্ষ হইতে কাহাকেও সদস্য গ্রহণ করা হইয়াছে কিনা?

**The Minister for Education (the Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**
(ক) শ্যামসুন্দর কলেজ সরাসরি সরকার পরিচালনাধীন নহে, তবে ১৯৫৬ সালের জুলাই মাস হইতে বিশেষ সাহায্যপ্রাপ্ত (sponsored) কলেজরূপে পরিগণিত হইয়াছে।

(খ) কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত পরিচালক সমিতিতে বিদ্যোৎসাহীদের পক্ষ হইতে (১) শ্রীযজ্ঞেশ্বর মজুমদার, এম-এ, এম-এল, এবং (২) শ্রীসরোজচন্দ্র নন্দী, বি-সি-ই, সদস্যরূপে মনোনীত হইয়াছেন। বর্তমানে পরিচালক সমিতিতে অভিভাবকপক্ষ হইতে কোন সভ্য মনোনয়নের ব্যবস্থা নাই।

## Formation of District School Board for Darjeeling

**9.** (Admitted question No. 81.) **Sj. Satyendra Narayan Mazumdar:** Will the Hon'ble Minister in charge of the Education Department be pleased to state—

(*a*) when the District School Board for Darjeeling was formed;

(*b*) whether the Board has completed the survey of the primary schools in the district; and

(*c*) whether the Board has fixed the scale of pay of the primary teachers and drawn up any scheme for the development of primary education in the district?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:** (*a*) In 1954.

(*b*) and (*c*) Yes.

**Sj. Satyendra Narayan Mazumdar:**
প্রাথমিক শিক্ষকদের বেতনের যে স্কেল করা হয়েছে সেটা জানাবেন কি?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**
প্রাথমিক শিক্ষকদের তিনটি স্কেল আছে (এ) (বি), (সি)। (এ) ক্যাটিগরীর বেতনের হার হচ্ছে ৬৭৷৷০ টাকা এবং যিনি হেড অব দি ইনস্টিটিউশন হন তাঁকে অতিরিক্ত ৫ টাকা অ্যালাউঅ্যান্স দেওয়া হয়, (বি) ক্যাটিগরী টিচার্সদের ৬২৷৷০ আর (সি) ক্যাটিগরী টিচার্সদের ৫২৷৷০ দেওয়া হয়।

**Sj. Satyendra Narayan Mazumdar:**
দার্জিলিং জেলায় এই স্কীম কবে থেকে চালু করা হয়েছে?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**
১৯৫৪ সাল থেকে যখন বোর্ড প্রতিষ্ঠিত হয়েছে।

**Sj. Satyendra Narayan Mazumdar:**
তখন থেকেই এই স্কেল প্রবর্তিত হবে এটা সঠিক জানেন কি?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**
বোর্ড যখন থেকে স্থাপিত হয়েছে তখন থেকেই টিচার্সরা পাবেন

**Sj. Satyendra Narayan Mazumdar:**
তখন থেকেই পাবেন এটা কি আপনি অনুমান করে বলছেন?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**
হ্যাঁ।

**Sj. Satyendra Narayan Mazumdar:**
দার্জিলিংএ বিশেষ করে প্রাথমিক শিক্ষকদের কোন ভাতা দেবার ব্যবস্থা আছে কি এই স্কীম-এ?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**
নাই।

**Sj. Satyendra Narayan Mazumdar:**
এই স্কুলগুলির প্রাথমিক শিক্ষকদের পক্ষ থেকে কোন আবেদন পেয়েছেন কি?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri** I want notice.

**Sj. Satyendra Narayan Mazumdar:**
প্রাথমিক শিক্ষা বিস্তারের যে স্কীম করা হয়েছে, সেই স্কীমটা কি হয়েছে জানাবেন কি?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**
এই স্কীম-এর কথা আগের স্টার্ড কোয়েশ্চেন-এর উত্তরে বলা হয়েছে ৪৯০টি স্কুল হবে। ৩৪০টি স্কুল বোর্ড-এর, আর ২৫টি এগজিসটিং এডেড স্কুলস আছে; আর ১২৫টি এডেড স্কুল করার পরিকল্পনা আছে এবং এগুলিও এর মধ্যে যাবে। এই তিন রকম স্কুল নিয়ে ৪৯০টি স্কুল হবে।

**Sj. Satyendra Narayan Mazumdar:**
এই স্কুলগুলির কয়টি কোন মহকুমায় হবে বলতে পারেন কি?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**
আমি নোটিশ চাই।

**Sj. Satyendra Narayan Mazumdar:**
এই স্কীম-এর মধ্যে স্কুলগৃহগুলি নির্মাণ ও সংস্কারের টাকা দেওয়া আছে কি?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:** I submit, Sir, that that question does not arise.

**Number of primary schools in Birbhum district for the tribals**

**10.** (Admitted question No. 417.) **Sj. Turku Hansda:** Will the Hon'ble Minister in charge of the Education Department be pleased to state—

(ক) বীরভূম জেলায় আদিবাসীদের জন্য প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা কত এবং এইসব বিদ্যালয়ে আদিবাসী ছাত্র ও ছাত্রীর সংখ্যা যথাক্রমে কত;

(খ) ঐ জেলায় আদিবাসী শিক্ষকের সংখ্যা কত;

(গ) ঐ জেলায় বর্তমানে মাধ্যমিক বিদ্যালয়গুলিতে (Secondary School) মোট আদিবাসী ছাত্রের সংখ্যা কত; এবং

(ঘ) ঐ জেলায় এইরূপ ছাত্রদের সাহায্য বাবত সরকার বাৎসরিক কত টাকা ব্যয় করেন?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**
(ক) এবং (খ) কেবলমাত্র আদিবাসী ছাত্রদিগের জন্য নির্দিষ্ট কোন বিদ্যালয় নাই, তবে যে-সব প্রাথমিক বিদ্যালয় মুখ্যত আদিবাসী ছাত্রদের জন্য খোলা হইয়াছে—

তাহার সংখ্যা—৫৯; এবং

ছাত্রের সংখ্যা—১,৫৫৬,

ছাত্রীর সংখ্যা—১৯৩,

শিক্ষকের সংখ্যা—১২।

(গ) ছাত্র—২৭৯।

ছাত্রী—১৭।

(খ) ১৯৫৬-৫৭ সালে যে টাকা সরকার ব্যয় করিয়াছেন তাহা নিম্নে দেওয়া হইল:

| | | টাকা। |
|---|---|---|
| (১) প্রাথমিক বিদ্যালয়ে সরকারী ও বোর্ড প্রদত্ত সাহায্য | ... ... | ১,৩৫,৪০৮ |
| (২) গরীব ও মেধাবী ছাত্রদের জন্য (Stipend, Book grant, etc.) বিভিন্ন খাতে সরকারী সাহায্য | ... ... ... ... | ১৩,৪৬৯ |
| মোট | ... | ১,৪৮,৮৭৭ |

**Sj. Mihirlal Chatterjee:**
আমি জিজ্ঞাসা করতে পারি কি, এই জেলায় সহর ও গ্রামাঞ্চলে আদিবাসী ছাত্রছাত্রীর সংখ্যা হাই স্কুল ও প্রাথমিক স্কুলে দেখান হয়েছে মাত্র ২ হাজার, তার মধ্যে প্রাথমিক স্কুলের ছাত্রছাত্রীর সংখ্যা দেখান হয়েছে মাত্র ১,৫৫৬ জন, তাহলে প্রাথমিক স্কুলের পঠনযোগ্য ছাত্র-ছাত্রীর সংখ্যা কত জানাবেন কি?

**Mr. Speaker:**
পঠনযোগ্য মানে কি?

**Sj. Mihirlal Chatterjee:**
আমাদের সংবিধান অনুযায়ী ১৪ বৎসর বয়স্ক ছাত্রছাত্রীদের প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক করবার কথা আছে। এই ১৪ বৎসর বয়স্ক ছাত্রছাত্রীর সংখ্যা কত হতে পারে?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:** That question does not arise out of this.

**Sj. Mihirlal Chatterjee:**
এই জেলায় ১,৪৮,০০০ টাকা খরচ করা হয়েছে এবং সরকারী হিসাবে প্রাথমিক ছাত্রছাত্রীর সংখ্যা দেওয়া হয়েছে ১,৫৫৬।

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**
এখানে আদিবাসীদের সংখ্যা শুধু দেওয়া হয়েছে।

**Sj. Mihirlal Chatterjee:**
এই ১০ বৎসর শাসন চালাবার পর মাত্র ১,৫৫৬ জন আদিবাসী ছাত্রছাত্রীকে শিক্ষা দিতে পারেন। তা হ'লে জানতে পারি কি মোট আদিবাসী ছাত্রছাত্রীর সংখ্যা কত এবং এই ১,৫৫৬ জন তার কত পারসেন্ট?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:** That question does not arise because it relates to population as given in the census.

## Malda College

[4-10—4-20 p.m.]

**11.** (Admitted question No. 435.) **Sj. Elias Razi:** Will the Hon'ble Minister in charge of the Education Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে—

(১) সমস্ত মালদহ জেলায় একটিমাত্র কলেজ আছে এবং সেখানে B.Sc. class খোলা হয় নাই, এবং

(২) অর্থাভাবের জন্য উক্ত কলেজকে বাড়ান সম্ভব হইতেছে না; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, উক্ত কলেজকে প্রয়োজনীয় অর্থসাহায্য দিয়া উন্নত করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**

(ক) (১) হ্যাঁ, বিশ্ববিদ্যালয়ের নিকট কলেজের ঐ বিষয়ের আবেদনপত্র যথাসময়ে দাখিল না করা হেতু ১৯৫৮-৫৯ সালে বি এস-সি ক্লাস খোলা সম্ভব হইবে না।

(২) কলেজ কর্তৃপক্ষের নিকট হইতে কলেজটির সম্প্রসারণের জন্য একটি প্রস্তাব সম্প্রতি পাওয়া গিয়াছে। উহা বর্তমানে বিবেচনাধীন।

(খ) সরকার এই কলেজের উন্নতির জন্য উহাকে ১-৭-৫৬ তারিখ হইতে sponsored কলেজ-রূপে গ্রহণ করিয়াছেন এবং উহার উন্নতির জন্য যথোচিত অর্থসাহায্য করিবেন।

## Dismissal of security guards by Indian Iron & Steel Co., Burnpur, in May, 1957

**12.** (Admitted question No. 328.) **Sj. Taher Hossain:** Will the Hon'ble Minister in charge of the Labour Department be pleased to state—

(*a*) whether 11 security guards of Indian Iron & Steel Co., Burnpur Works, have been dismissed in the last week of May, 1957, on the charge of organising a meeting in quarters No. 11 of the Security Barrack on the 12th May, 1957; and

(*b*) if so, the reason therefor?

**The Minister for Labour (the Hon'ble Abdus Sattar):** (*a*) Yes.

(*b*) The 11 security guards were discharged by the Management for organising and holding meetings in the company's barracks against their service conditions. Their cases were taken up for conciliation by the local Conciliation Officer and seven of them have already been reinstated and the remaining four are expected to be taken back soon.

## Application of the provisions of Bengal Shops and Establishments Act, 1940, on big commercial establishments at Dalhousie Square, Calcutta

**13.** (Admitted question No. 340.) **Dr. Narayan Chandra Ray:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Labour Department be pleased to state whether Government are aware of the fact that the owners of a large number of big commercial establishments in the Dalhousie Square area of Calcutta do not observe the provisions of Bengal Shops and Establishments Act, 1940, and rules made thereunder with regard to the hours of attendance of their employees and require the employees to work as long as they like?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state what action, if any, has been taken or is proposed to be taken by Government in the matter?

**The Hon'ble Abdus Sattar:** (*a*) There is no provision in the Bengal Shops and Establishments Act, 1940, by which the working hours in respect of the employees engaged in commercial establishments can be controlled by this Government.

(*b*) Does not arise.

**Dr. Narayan Chandra Roy:**

এই এস্টাব্লিসমেন্ট অ্যাক্টএ 'কমার্শিয়াল এস্টাব্লিসমেন্ট' কি বাদ আছে?

**The Hon'ble Abdus Sattar:** Section 8(1) of the Act only provides for one and a half days' holiday in a week and unlike shops and establishments for public entertainment and amusement, no restrictions regarding working hours of the employees of commercial establishments have been laid down in this Act.

**Dr. Narayan Chandra Roy:**
ওয়ার্কিং আওয়ার্স ছাড়া আর কি অন্য কোন আইটেম আছে?

**The Hon'ble Abdus Sattar:**
এই আইনে নাই।

**Dr. Narayan Chandra Roy:**
আমার প্রশ্নটা হচ্ছে
If the answer be in the negative,
তাহলে আপনারা এ সম্বন্ধে কি কিছু করবেন?

**The Hon'ble Abdus Sattar:**
এ আইন কমার্শিয়াল ফার্মের সময় নির্ধারণ করার জন্য নয়।

**Dr. Narayan Chandra Roy:**
যখন এই আইনের মধ্যে নাই তখন এ সম্বন্ধে কিছু করার কথা বিবেচনা করবেন কি?

**The Hon'ble Abdus Sattar:**
হাঁ, বিবেচনা করা হচ্ছে।

**Number of industrial disputes within Dum Dum area since 1955**

**14.** (Admitted question No. 348.) **Sj. Pabitra Mohan Roy:** Will the Hon'ble Minister in charge of the Labour Department be pleased to state—

(*a*) how many disputed cases of different factories in Dum Dum during 1955-56 and 1956-57 have been referred to the Labour Directorate for conciliation;

(*b*) how many cases have been settled;

(*c*) how many cases have been referred to the Tribunal; and

(*d*) how many cases are remaining outstanding?

**The Hon'ble Abdus Sattar:** (*a*) No separate figures in respect of Dum Dum only are available. This is only a part of North Calcutta Region which includes Cossipore and Baranagore (up to Dunlop Bridge) besides Dum Dum. Figures for the entire North Calcutta Region are given below—

| | Number of cases received. | | |
|---|---|---|---|
| | 1955. | 1956. | 1957 (up to the end of October). |
| (*a*) | 876 | 774 | 653 |
| (*b*) | 185 | 153 | 375 |
| (*c*) | 155 | 112 | 145 |
| (*d*) | 397 | 416 | 418 |

**Sj. Pabitra Mohan Roy:**
(ডি) প্রশ্নে আছে
How many cases are remaining outstanding?
তার ভিতরে মন্ত্রিমহাশয় বলছেন ১৯৫৫ থেকে ১৯৫৭ পর্যন্ত ১,২০১ কেস আউটস্টান্ডিং এগুলি আরও যাতে তাড়াতাড়ি হয় তার ব্যবস্থা করছেন?

**The Hon'ble Abdus Sattar:**
তার চেষ্টা করা হচ্ছে।

**Mr. Speaker:** Question time over.

I allowed the Hon'ble Chief Minister to make a statement today because I considered it very important and I thought the House was entitled to be informed about it straightaway. Leave was asked for and was given, but not necessarily this is going to be a precedent.

**Sj. Jyoti Basu:**
স্পীকার মহাশয়, আপনাকে মনে করিয়ে দিতে চাই যে, এইরকম স্টেটমেন্ট কোশ্চেন আওয়ারের পরেই হয়।

**Mr. Speaker:** You are right. This was asked for and I allowed it because I thought it was a very important matter. Some members may feel like going or some members may be interested to know facts about the tragedy and so on and that is why I allowed it.

## Debate on the motion of address in reply to Governor's Speech.

**Dr. Suresh Chandra Banerjee:**
মাননীয় স্পীকার মহোদয়, রাজ্যপাল মহোদয়া প্রথমে পশ্চিমবঙ্গের খাদ্য পরিস্থিতি সম্বন্ধে বলেছেন। তিনি ঠিকই বলেছেন যে পশ্চিমবাংলায় সমস্যার অন্ত নেই। কিন্তু পশ্চিমবাংলার সব চাইতে গুরুতর সমস্যা হচ্ছে খাদ্য সমস্যা। খাদ্যশস্যের গেলবার ঘাটতি ছিল ৪ লক্ষ টন, এবার, তিনি বলছেন, ৭ লক্ষ টন। খাদ্যশস্য সম্বন্ধে দেশ যাতে স্বয়ংসম্পূর্ণ হতে পারে সেই উদ্দেশ্যে প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনায় খাদ্যশস্য বৃদ্ধির উপর বিশেষ জোর দেওয়া হয়েছিল। কিন্তু পরিকল্পনা কাল উত্তীর্ণ হবার পর দেখা গেল ঘাটতি কমেনি, বরং বেড়েছে। মধ্যে ২।১ বৎসর প্রকৃতির আনুকূল্যে খাদ্যশস্যের উৎপাদন কিছু বেড়েছিল, সরকার এতে উৎফুল্ল হয়ে সজোরে ঘোষণা করেছিলেন পরিকল্পনা সফল হয়েছে, খাদ্যশস্য উৎপাদনের পরিমাণ বৃদ্ধি পেয়েছে, বিদেশ থেকে খাদ্যশস্য আমদানির আর প্রয়োজন নেই। কিন্তু শেষ নাগাত দেখা গেল, তাঁদের এই আত্মতুষ্টির সত্যিকার কোন কারণ নেই। যে ক' বছর প্রকৃতি সাহায্য করেছিল সে ক' বছর খাদ্যশস্য উৎপাদনের হার বেড়েছিল। কিন্তু করুণা বর্ষণে প্রকৃতির অনুদারতার ফলে এবার ঘাটতির পরিমাণ বেড়েছে। সরকার একটা ভ্রান্ত পথ অনুসরণ করে চলেছেন তাঁরা প্রথম থেকেই বড় বড় সেচ পরিকল্পনায় হাত দিয়েছেন—দামোদর পরিকল্পনায় হাত দিয়েছেন, ময়ূরাক্ষী পরিকল্পনায় হাত দিয়েছেন। এসব কাজ খারাপ নয়; এসব বড় বড় সেচ পরিকল্পনার বিশেষ প্রয়োজন আছে, কিন্তু এইসব পরিকল্পনার অসুবিধাও আছে। অসুবিধা হচ্ছে এই যে, এইসব পরিকল্পনায় অনেক টাকা লাগে, ফল পেতেও দেরী হয়, এবং সব জায়গায় এ ধরনের পরিকল্পনা চালু করাও চলে না। পূর্বে আমি সরকারকে বহুবার বলেছি যে বড় বড় পরিকল্পনা চলুক কিন্তু তার সঙ্গে ছোট ছোট পরিকল্পনায়ও হাত দেওয়া হোক। দেশে যেসব নদী আছে তা থেকে ডিজেল পাম্পের সাহায্যে জল সেচের ব্যবস্থা করা হোক, বিভিন্ন জায়গায় নলকূপ বসানো হোক এবং সেসব থেকে ডিজেল পাম্প দিয়ে জল সেচের ব্যবস্থা করা হোক। পাতকুয়ো খনন করা হোক, নতুন পুকুর কাটা হোক, এবং পুরাতন পুকুরের পঙ্কোদ্ধার করা হোক। এসব যদি সরকার করতেন, তবে অবস্থা এত ভয়ঙ্কর নাও হতে পারত, এমন কি আমাদের অবস্থার উন্নতিও হতে পারত।

সরকার আমাদের সে কথার উত্তরে বলেছেন, যে, ছোট ছোট পরিকল্পনা রূপায়ণে বেশী টাকা খরচ হয়, বড় বড় পরিকল্পনা রূপায়ণ তার চেয়ে কম টাকায় সম্ভব হতে পারে। কিন্তু আমাদের দেশে ছোট ছোট পরিকল্পনা ছাড়া উপায় নেই। দুঃখের বিষয়, সেবিষয়ে সরকার এখনও বিশেষ অবহিত হয় নি। আমার নিজের অভিজ্ঞতা থেকেই বলি—আমার নির্বাচন কেন্দ্রের কোনও জায়গায় সেচের কোন ব্যবস্থা করা হয় নি: ফলে দারুণ দুর্ভিক্ষের অবস্থা সে-অঞ্চলে গত দুই বছর ধরে চলছে।

[4-20—4-30 p.m.]

এখনও সরকার যদি তার ভুল নীতি পরিবর্তন করে ছোট পরিকল্পনার দিকে বিশেষ নজর দেন তা হ'লে এ অবস্থার পরিবর্তন হতে পারে। খাদ্যশস্যে ঘাটতির দরুণ শুধু খাদ্যশস্যের নয় সব জিনিষের দামই বাড়তির দিকে যাচ্ছে। অবস্থা সঙ্গীন হয়ে ওঠে গেল বছর সেপ্টেম্বর মাসে। তার আগে দারুণ অনাবৃষ্টির দরুণ খাদ্য উৎপাদন খুব কম হয়েছিল। ফলে অবস্থা খুব সঙ্গীন হয়ে ওঠে। তখন আন্দোলনের ভেতর দিয়ে সরকারের উপর চাপ দেওয়া হয় এবং নানা রকম কাজের কথা বলা হয়। এই চাপে পড়েই হউক কিংবা কর্তব্যবোধ থেকেই হোক সরকার নানা স্থানে রিলিফের ব্যবস্থা করেন—মডিফায়েড র‍্যাশানিং-এর ব্যবস্থা করেন, খয়রাতী সাহায্যের ব্যবস্থা করেন। অকুণ্ঠ চিত্তেই স্বীকার করচি আমার নির্বাচন কেন্দ্রে এসব অনেকটা উদারভাবেই দেওয়া হয়েছিল। এই দুটি কাজের ফলে অবস্থা খানিকটা আয়ত্তের মধ্যে আসে। কিন্তু কিছু দিনের মধ্যেই দেখা গেল এইসব মডিফাইড র‍্যাশনিং-এ চাউল দেওয়া হয় না, মাঝে মাঝে গমও বন্ধ হয়, গ্র্যাচুইটাস রিলিফও বন্ধ করে দেওয়া হয়েছে। তখন মাঠের কাজ ছিল। মাঠে কাজ করে লোকে যা কিছু উপার্জন করতে পারতো তাতেই কষ্টেসৃষ্টে চালিয়ে নিত। এখন মাঠের কাজ বন্ধ হয়েছে অথচ মডিফাইড র‍্যাশনিং সপ থেকে সস্তা দরে চাউল পাওয়া যায় না; সস্তাদরের চাউলের বদলে মার্কিন চাউল দেওয়া হয়, তার দাম মনে পাঁচ টাকা বেশী পড়ে। মন-প্রতি তার দাম সাড়ে বাইশ টাকা। এত দাম দিয়ে সাধারণ মানুষের কিনবার ক্ষমতা নেই গ্র্যাচুইটাস রিলিফও আগের মতো উদারভাবে দেওয়া হয় না। এখন খয়রাতি সাহায্য সম্বন্ধে সিদ্ধান্ত করা হয়েছে—যারা অন্ধ, খঞ্জ, পঙ্গু এবং খুব বুড়ো শুধু তাদেরই দেওয়া হবে। আর সবাইকে খয়রাতী সাহায্য দেওয়া বন্ধ হয়েছে। ফলে পল্লীতে এক শোচনীয় অবস্থার উদ্ভব হয়েছে। এমন বহু লোক আছে যারা খুব অক্ষম নয় অথচ টেস্ট রিলিফ-এর কাজ করে এমন ক্ষমতা নাই তাদেরও গ্র্যাচুইটাস রিলিফ বন্ধ করে দেওয়া হয়েছে। কাজেই তাদের মধ্যে হাহাকার উঠেছে। বহু বিধবা আছে যারা আগে ধান ভেনে খেত, কোন প্রকারে দিন কাটাত। এখন পল্লী অঞ্চলে নানাস্থানে প্যাডি হাস্কিং মেসিন হয়েছে। ফলে অনাথা বিধবাদের ঢেঁকিতে ধান ভানা বন্ধ হয়ে গেছে। তারা বেকার হয়ে পড়েছে। এ ধরনের বিধবাদের আগে খয়রাতি সাহায্য দেওয়া হত কিন্তু এখন তা তারা পায় না। কাজেই তাদের অবস্থা খুব সঙ্গীন হয়ে উঠেছে। তাদের যদি অবিলম্বে খয়রাতি সাহায্য দেওয়া না হয় তা হলে তারা মৃত্যুমুখে পতিত হবে। টেস্ট রিলিফ ওয়ার্ক-এ কাজ যারা করে তাদের অবস্থাও শোচনীয়। কোনও লোক টেস্ট রিলিফ ওয়ার্ক-এ যদি পুরো কাজ করতে পারে তা হলে সে দিনে আড়াই সের গম পায়। এ দ্বারা কোন রকমে তিন জনের দিনে খাওয়া পরা চলতে পারে। কিন্তু সাধারণতঃ এক একটি পরিবারে ৫।৬ জন করে পোষ্য। তিন জনের অতিরিক্ত পোষ্যদের জন্য খয়রাতি সাহায্যের যদি ব্যবস্থা করা না হয় তা হলে এই সমস্ত পরিবারের অবস্থা খুবই সঙ্গীন হয়ে উঠবে। সরকার মফঃস্বল সম্বন্ধে নানা কথা বলে থাকেন কিন্তু এইসব সম্বন্ধে কেউ কোন কিছু বলেন না। মফঃস্বলে মাঠের কাজ শেষ হওয়ার ফলে এবং টেস্ট রিলিফ-এর কাজ ভাল রকম না চলায় অবস্থা খুব সঙ্গীন হয়ে পড়েছে। আমি সরকারকে বলেছিলাম যে এক একটা ইউনিয়নে একটা মাত্র টেস্ট রিলিফ কেন্দ্র না করে ২।৩টা করা হউক। কিন্তু সরকার তা মঞ্জুর করেন নি। একটা টেস্ট রিলিফ ওয়ার্ক যদি ইউনিয়নের এক প্রান্তে চলে তবে অন্য প্রান্তের লোকেরা বেকার বসে থাকে। সাধারণত একটি কাজ শেষ না হলে আর একটা মঞ্জুর করা হয় না। ফলে কিছুদিন কাজ থাকে না। তখন জনগণের কষ্টের অবধি থাকে না।

এইভাবে যদি চলে তাহলে অদূর ভবিষ্যতে দারুণ দুর্ভিক্ষ পল্লী-অঞ্চলে দেখা দেবে, বিশেষতঃ ঘাটতি অঞ্চলে। আমি যে অঞ্চল থেকে এসেছি সেই অঞ্চলের লোকেরা আমাকে বলেছে যে আপনি এ্যাসেম্বলীতে আর কিছু বলুন আর নাই বলুন, যে খাদ্য পরিস্থিতির উদ্ভব হয়েছে সে সম্বন্ধে নিশ্চয়ই বলবেন। আগে মডিফায়েড রেশনিংএর দোকানগুলোতে যেভাবে গম ও চাল দেওয়া হত, সেভাবে আবার দেওয়া হ'ক, যে খয়রাতি সাহায্য দেওয়া হত, তার ব্যবস্থা আবার করা হ'ক, টেস্ট রিলিফ ওয়ার্ক শুধু রাস্তায় সীমাবদ্ধ না রেখে ব্যাপকভাবে চালু করা হ'ক। পুকুর কাটা হোক। পুরাতন পুকুরের পঙ্কোদ্ধারের ব্যবস্থা করা যেতে পারে, কুটির

শিল্পের ব্যবস্থা হতে পারে, ঘানির ব্যবস্থা করা যেতে পারে, ঢেঁকির ব্যবস্থা করা যেতে পারে, এইভাবে নানা ধরনের কাজের ব্যবস্থা করা যেতে পারে। যদি এইভাবে পূর্ণ উদ্যমে বিভিন্ন ধরনের কাজের ব্যবস্থা না করা হয় তাহলে অদূর ভবিষ্যতে সংকটজনক অবস্থার উদ্ভব হবে।

**Sj. Narendra Nath Sen:**

মিঃ স্পীকার স্যার, রাজ্যপালিকার ভাষণের উপর ধন্যবাদ দিয়ে যে প্রস্তাব আনয়ন করা হয়েছে সেই প্রস্তাবকে সমর্থন করতে উঠে আমি দুই-একটি কথা বলতে চাই। রাজ্যপালিকা সাধারণতঃ তাঁর ভাষণে রাজ্যের সমস্যাগুলির কথা উল্লেখ করেন এবং সেইসব সমস্যার সমাধানের জন্য গভর্নমেন্ট যেসব কার্যাবলী গ্রহণ করছেন সেগুলির কথা উল্লেখ করেন। এ বৎসরের বক্তৃতা যদি আমরা দেখি তাহলে দেখবো যে রাজ্যসরকারের প্রায় সব বিভাগের কথাই তিনি উল্লেখ করেছেন, কিন্তু বিরোধীপক্ষ থেকে যেসব এ্যামেন্ডমেন্ট এসেছে, তাতে দেখা যাচ্ছে যে দলীয় মনোভাবই ফুটে উঠেছে। রাজ্যপালিকা বর্তমান খাদ্যপরিস্থিতির গুরুত্ব সম্বন্ধে এবং সে সম্বন্ধে রাজ্যসরকার কি ব্যবস্থা অবলম্বন করেছেন সে সম্পর্কে বিশদভাবে আমাদের কাছে বর্ণনা করেছেন। খাদ্য উৎপাদনের জন্য আমাদের প্রকৃতির উপর অনেকটা নির্ভর করতে হয়, প্রাকৃতিক বিপর্যয় ঘটলে উৎপাদনে বিঘ্ন অবশ্যম্ভাবী। সুতরাং অতিবৃষ্টি অনাবৃষ্টি প্রভৃতি দুর্যোগের হাত থেকে রক্ষা পাবার জন্য আমাদের খাদ্যের স্টক যাতে আরো বেশী বাড়ে সরকারের তরফ থেকে তার চেষ্টা হওয়া প্রয়োজন আছে বলে আমি মনে করি। রাইস মিল মালিকদের কাছ থেকে বাধ্যতামূলক বিক্রয়ের জন্য যে পরিমাণ নির্ধারিত হয়েছে, বর্তমানে এক-চতুর্থাংশ এটা আরো বাড়িয়ে বেশী করে নেওয়ার ব্যবস্থা করা এবং বাকিটাও যাতে একটা সীমার মধ্যে, অল্প দিনের মধ্যে, বিক্রয় হয়ে যায় তার ব্যবস্থা হওয়া প্রয়োজন বলে আমি মনে করি। তা করলে খাদ্যের দাম অনেকটা কমিয়ে আনা সম্ভব হতে পারে। এ ছাড়া সঙ্গে সঙ্গে মজুতদারদের হোর্ডিং বন্ধ করাও একান্ত প্রয়োজন বলে আমি মনে করি। শোভাবাজারে পাটের গুদামগুলিতে উল্টাডাঙ্গায় বা অন্যান্য অঞ্চলে আড়ৎগুলিতে যে প্রচুর চাল মজুত আছে বলে শোনা যায় সেগুলি থেকে যদি চাল বের করে আনা যায় তাহলে ঘাটতির পরিমাণ আরো অনেকটা কমানো সম্ভব হতে পারে। এখনই চালের দাম যেভাবে বেড়ে চলেছে তাতে যদি এই দাম কমাবার দিকে কোন ব্যবস্থা না হয় এবং ঘাটতি পূরণের ব্যবস্থা না হয় তাহলে আষাঢ় শ্রাবণ মাসে যে কি অবস্থার সৃষ্টি হবে সেটা বিশেষ করে চিন্তা করা প্রয়োজন বলে আমি মনে করি।

[4-30—4-40 p.m.]

গভর্নমেন্ট কলকাতায় এবং পশ্চিমবঙ্গের নানাস্থানে অনেক ফেয়ার প্রাইস সপ খুলেছেন যাতে করে মডিফায়েড র‍্যাশনিং স্কীম-এ জনসাধারণ অল্পমূল্যে চাল পায়। কিন্তু অনেক সময় শুনতে পাওয়া যায় যে এইসব দোকানে ক্রেতার সংখ্যা অনুযায়ী উপযুক্ত পরিমাণে চাল সরবরাহ করা হয় না। যাতে করে এ দোকানগুলিতে উপযুক্ত পরিমাণে নিয়মিতভাবে চাল সরবরাহ করা হয় সেদিকে দৃষ্টি রাখা প্রয়োজন বলে মনে করি। এইসব দোকানগুলির বিরুদ্ধে প্রায়ই দুর্নীতির অভিযোগ শুনতে পাই, কিন্তু তাদের যদি মোটা টাকা দিয়ে পারমিট নিতে হয় এবং স্টেট এ্যান্ড সেন্ট্রাল ফুড ডিপার্টমেন্টএর ইনসপেক্টরর্সদের প্রতিনিয়ত খুসী রাখতে হয় তাহলে তারা বাধ্য হয়েই দুর্নীতির আশ্রয় গ্রহণ করে। এগুলি বন্ধ করার প্রয়োজনীয়তার দিকে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, খাদ্যকে সকল রাজনৈতিক মতবাদের ঊর্ধে রেখে আমরা সকলে মিলে যদি সরকারের সঙ্গে সহযোগিতা করি তাহলে এই সমস্যা থেকে উদ্ধার পাওয়া আমাদের খুব কঠিন হবে না। কাজেই এ সম্বন্ধে যা কিছু করণীয় আছে নাগরিকদের পক্ষে তা করা উচিত বলে আমি মনে করি এবং যেসব লোক এই সমস্যা সমাধানের পথে অন্তরায় হয়ে দাঁড়িয়েছে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা অবলম্বন করা প্রয়োজন বলে আমি মনে করি। খাদ্য বলতে আমাদের শুধু ধান চাল বা গমের কথা ভাবলেই চলবে না, তার সঙ্গে আনুষঙ্গিক মাছ, তরিতরকারি, ডালমশলা, প্রভৃতির কথাও ভাবতে হবে। আজকে এইসব জিনিসের দাম সাধারণ নাগরিকের নাগালের বাইরে চলে যাচ্ছে। কাজেই এইগুলির দাম কেন বেড়ে যাচ্ছে সেটা সম্বন্ধে অনুসন্ধান করে দাম যদি না কমান যায় তাহলে সাধারণ নাগরিকের পক্ষে জীবনযাত্রানির্বাহ করা অসম্ভব হয়ে পড়বে। এদিকে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। মাছের উৎপাদন যাতে আরো বাড়ে এবং মাছ সংরক্ষণের নামে রেফ্রিজারেটার ও কোল্ড স্টোরেজএর সাহায্যে

যাতে কৃত্রিম অভাব সৃষ্টি করে মাছের দাম বাড়ান সম্ভব না হয় সেদিকে দৃষ্টি দেওয়া প্রয়োজন বলে মনে করি। মাছ আমাদের বাংলাদেশের একটা অন্যতম প্রধান খাদ্য। আমি আরো বলতে চাই, নিত্যপ্রয়োজনীয় জিনিসগুলির দাম যাতে কমান যায় সেদিকে সরকারের সচেষ্ট হওয়া উচিত।

তারপর, পুনর্বাসন সমস্যা এখন গভর্নমেন্টকে কিরকম বিব্রত করে তুলেছে সেটা সম্প্রতি অনুষ্ঠিত চিফ মিনিস্টারর্স কনফারেন্স থেকেই আমরা বুঝতে পারি। গভর্নমেন্ট এ সম্বন্ধে ব্যবস্থা অবলম্বন করেছেন সন্দেহ নাই। পূর্ববঙ্গ থেকে উদ্বাস্তুদের আগমন কমেছে সত্য; কিন্তু এই কমতিটা সম্ভব হয়েছে মাইগ্রেশন সার্টিফিকেটএর কড়াকড়ির জন্য। পূর্ববঙ্গের হিন্দুদের অবস্থার উন্নতির জন্য নহে। পাকিস্থান গভর্নমেন্ট বর্তমানে হিন্দুদের কনসেন্ট্রেশন ক্যাম্পএ পাঠাবার যে পলিসি গ্রহণ করেছেন তার ফলে সেখানে হিন্দুদের বাস করা অসম্ভব হবে এবং বাধ্য হয়ে তাদের এখানে চলে আসতে হবে। সুতরাং তার জন্য আমাদের প্রস্তুত হওয়া উচিত বলে আমি মনে করি এবং তারা যাতে এদিকে চলে আসতে পারে তার সুযোগ দেওয়াও প্রয়োজন বলে আমি মনে করি। ইকনমিক রিহ্যাবিলিটেশন পুনর্বাসনের একটা অতি প্রয়োজনীয় অঙ্গ বটে, কিন্তু তাদের ইকনমিক রিহ্যাবিলিটেশন ও ফিজিক্যাল রিহ্যাবিলিটেশন এ দুটো একসঙ্গে না করতে পারলে তাদের মেন্টাল রিহ্যাবিলিটেশন কোন সম্ভব হবে না। একথা আমাদের ভুলে গেলে চলবে না যে, ফিজিক্যাল রিহ্যাবিলিটেশনএর দিকে আগে নজর দেওয়া উচিত। বিগত অধিবেশনে এই উদ্বাস্তু পুনর্বাসন সমস্যা সমাধানের কতগুলি অন্তরায়ের কথা উল্লেখ করা হয়েছিল—এই অন্তরায়গুলি যদি দূর না হয় এবং বিশেষতঃ সরকারী কর্মচারীদের যোগাযোগে এক শ্রেণীর লোক অবৈধভাবে যে লোন পেয়ে যায় এবং যারা বাস্তবিক বাস্তুহারা তাদের সহজে লোন পাওয়ার যে কতগুলি প্রতিবন্ধক থেকে যায়, এগুলির যদি প্রতিকার করা না হয় তাহলে পশ্চিমবঙ্গে এই সমস্যা সমাধান হতে বাধা হবে তাতে সন্দেহ নাই। স্যার, দণ্ডকারণ্যে কয়েক সহস্র বাস্তুহারাদের পুনর্বাসনের ব্যবস্থা হয়েছে। এবং সেই স্কীমটা পরিচালনার ভার একজন পাঞ্জাবী অফিসারের উপর দেওয়া হয়েছে। সেখানে এই কাজের জন্য একজন পাঞ্জাবী অফিসার নিযুক্ত হয়েছে বলে আমরা রাজ্যপালিকার ভাষণে দেখতে পাই। এটা অবাঞ্ছনীয় বলে আমি মনে করি। এই কার্য পরিচালনার জন্য সেখানে যদি বাঙ্গালী অফিসার যান তাহলে এই কার্য সুষ্ঠুভাবে পরিচালিত হবে বলে আমি মনে করি। এবং এদিকে পশ্চিমবঙ্গ সরকার অবহিত হবেন এই আশা করি। এই দণ্ডকারণ্যে ক্যাম্প রিফিউজীদের নেবার ব্যবস্থা করা হয়েছে। পি. এল. ক্যাম্পএ যে সমস্ত বিধবা এবং অসহায়া স্ত্রীলোক ছেলেমেয়ে নিয়ে বাস করে তাদের যদি সেখান থেকে উঠিয়ে নেওয়া হয় তাহলে তাদের অনেক অসুবিধা হবে বলে আমি মনে করি। তাদের যদি সেখানে জীবিকার্জনের সুযোগ দেওয়া যায় তাহলে তারা সেটা সাদরে গ্রহণ করবে বলে আমার বিশ্বাস। এবং আমার এই বিশ্বাস আছে যে, রিহ্যাবিলিটেশন মিনিস্টার এই বিষয়ে অবহিত হবেন।

তারপর, শিক্ষকদের ব্যাপারে যে সিদ্ধান্ত নেওয়া হয়েছে তার জন্য আমি সরকারকে অভিনন্দন জানাচ্ছি। উপযুক্ত শিক্ষক না হলে শিক্ষা উপযুক্তরূপে সম্ভব হয় না। আজকে যে বিদ্যালয়ে শিক্ষার দুর্ভিক্ষ ও শিক্ষার নামে প্রহসন চলছে তার অন্যতম কারণ হচ্ছে স্বল্প বেতনে শিক্ষক নিযুক্তি—আর অযোগ্য শিক্ষক নিয়োগ। কাজেই যথেষ্ট বেতন দিয়ে উপযুক্ত শিক্ষক নিযুক্ত করলে আমরা শিক্ষার দিক থেকে অগ্রসর হতে পারব বলে আমরা বিশ্বাস। আনয়্যাটাচড এ্যাণ্ড আনএডেড স্কুলগুলি যাতে সুষ্ঠুভাবে পরিচালিত হতে পারে সেদিকে সরকারের দৃষ্টি দেওয়া উচিত বলে আমি মনে করি। কলিকাতায় সম্প্রতি কতগুলি বিদ্যালয় গড়ে উঠেছে প্রাইভেট এগজামিনেশন দেবার যে সুযোগ আছে সেই সুযোগ নিয়ে কতগুলি নার্সারি স্কুলস এবং কোচিং ক্লাস গড়ে উঠেছে। এগুলি আমাদের দেশে শিক্ষাক্ষেত্রে অন্তরায় হয়ে দাঁড়িয়েছে এগুলি বন্ধ করা প্রয়োজন। যদি প্রয়োজন হয় আইন করে এগুলি বন্ধ করা প্রয়োজন। এসব আনঅথরাইজড স্কুলসএ শিক্ষার নামে বিরাট ব্যবসা কলকাতার সহরের উপর চলছে। এই ব্যবসা বন্ধ করা একান্ত প্রয়োজন। তারপর এ্যাডাল্ট এডুকেশনএর জন্য এবং আমাদের সাংস্কৃতিক জীবন সর্বতোভাবে উন্নতি করবার জন্য আমাদের সরকার যে ব্যবস্থা অবলম্বন করেছেন আমি তা সমর্থন করি।

প্রতি পল্লীতে পল্লীতে এবং বস্তির মধ্যে প্রকাশ্যভাবে আজকে যেভাবে ব্রথেল গড়ে উঠেছে তাতে সমগ্র পশ্চিমবাংলার সুস্থ জীবনযাপন ব্যাহত হবে বলে আমি মনে করি। এই ইমমরাল ট্র্যাফিক বন্ধ করা প্রয়োজন বলে আমি মনে করি। যদি ইমমরাল ট্র্যাফিক এ্যাক্ট সংশোধিত না হয় এবং ব্রথেলএর সংজ্ঞা পরিবর্তিত না হয় তাহলে এই জিনিস বন্ধ করা সম্ভব, হবে না। এই ব্যবস্থা অবিলম্বে অবলম্বন করবার জন্য আমি সরকারকে অনুরোধ করি। ব্রথেল ওনার্স এ্যান্ড কীপার্স যারা আজো এইভাবে সমাজের অকল্যাণ করছে তাদের বিরুদ্ধে ব্যবস্থাবলম্বনের জন্য আমি সরকারকে অনুরোধ করছি। এই বলেই আমি ধন্যবাদ প্রস্তাবে আমার সমর্থন জানাচ্ছি।

[4-40—4-50 p.m.]

**Dr. Ranendra Nath Sen:**

মাননীয় সভাপাল মহাশয়, রাজ্যপালিকার ভাষণে, তিনি শিল্প সংক্রান্ত ব্যাপারে যা বলেছেন. তাতে আমরা একটু হতাশ হয়েছি।

এতদিন ধরে আমরা শুনে আসছি, এবং একথাও ঠিক যে পশ্চিম বাংলার অন্যতম প্রাণ হচ্ছে শিল্প। কিন্তু এই শিল্প ব্যাপারে তিনি অতি সামান্য বলেছেন. এবং যেটুকু বলেছেন. তাতে নিজেদের যে কিছু দায়িত্ব আছে, সেটা স্বীকার করেছেন বলে মনে হয় না। আমাদের পশ্চিম বাংলায় শিল্পকে সমৃদ্ধিশালী করবার যথেষ্ট সম্ভাবনা রয়েছে। এখানে কয়লা, ম্যাঙ্গানিজ, লৌহপিন্ড খুব ধারেই পাওয়া যায় এবং সুদক্ষ কারীগর ও উৎকৃষ্ট বুদ্ধিজীবী পর্যন্ত আছে. তথাপি পশ্চিম বাংলায় উন্নতধরণের কোন শিল্প হচ্ছে না. এটা ভাববার বিষয়। আমাদের এখানে ছোট ও বড় শিল্প যেটুকু আছে যদিও সেগুলি সরকারের হাতে নেই. তাহলেও পশ্চিম বাংলা সরকার আজকে সেই সম্পর্কে তাঁদের দায়িত্ব অস্বীকার করে চলতে পারেন না। চটকলের বিষয় বলা হয়—সেখানে শ্রমিক ছাঁটাই হয়ে যায়, সেখানে র‍্যাশানালাইজেশনএর জন্য ভারত সরকারের কাছ থেকে মালিকরা টাকা ঋণ হিসাবে পান. অথচ সেখানে, চটকলে. মিলে বড়রকমের একটা সংকট লেগেই আছে। সেটা আমাদের গভর্নমেন্ট বোঝবার চেষ্টা করেছেন কি? যেমন জুট এক্সপোর্ট এ্যাডভাইজরি কমিটি. তাঁরা নিজেরা বলেছেন চটকলের সংকট এড়াতে হলে পর সেখানে ডাইভারসিফিকেশন অব জুট গুডস হওয়া দরকার. যাতে বিদেশের বাজারে এবং দেশের বাজারে সেটা প্রচলিত হতে পারে এবং চটকলের সংকট বন্ধ হতে পারে। আমাদের পশ্চিমবাংলা সরকারের এ বিষয়ে কোন বক্তব্য দেখলাম না. তাঁরা চুপ করে বসে আছেন।

ধরুন চা শিল্পের কথা। সকলেই জানেন যে এই চা শিল্প একটা সংকটের মধ্যে দিয়ে যাচ্ছে। মালিকরা সেই সংকটের সুযোগ নিয়ে চেষ্টা করছেন যাতে এক্সপোর্ট ডিউটি কমান যায়। কিন্তু সংকট যে তাঁরাই সৃষ্টি করেছেন, সে সম্বন্ধে আমাদের সরকার একেবারে উদাসীন হয়ে রয়েছেন। যেমন ইংরাজ সেখানে হচ্ছে অধিপতি। তাতে প্রায় দু-তিন অংশ হচ্ছে ইংরাজের মূলধন। আজ তারা চা-বাগান বেচে দিচ্ছে। যথেচ্ছভাবে তারা এই সকল চা-বাগান চালিয়েছে. পাঁচ. সাত. আট বছর ধরে সেখানে আর নতুন রিপ্ল্যানটেশন হয় নি, এবং রিপ্ল্যানটেশন না হওয়ার দরুন ইল্ড অনেক কমে গিয়েছে। সুতরাং এই অবস্থায় চা-বাগানগুলি যদি দেশী মালিকের হাতে চলে যায়. তাহলে সেই চা-বাগানের মধ্যে পাঁচ. সাত বছর ধরে কাজ করা সম্ভব নয়। কারণ. নতুন চারা গাছ লাগালে পর. পাঁচ. সাত বছর লাগে তার ইল্ড পেতে। কাজেই এটা একটা সর্বভারতীয় সংকট হিসাবে দেখা দিয়েছে। যেখানে আমরা বলি বিদেশী মুদ্রার আয়ের ক্ষেত্র. সেখানে পশ্চিমবাংলা সরকার তার মারফত দিয়ে একটা অর্থ পাচ্ছে। সেটা একটা সংকটের মধ্যে চলে যাচ্ছে—অথচ রাজ্যপালিকা তাঁর ভাষণের মধ্যে এ বিষয়ে কোন উল্লেখ করেন নি।

**Mr. Speaker:**

রাজ্যপালিকা নয়, রাজ্যপাল।

**Dr. Ranendra Nath Sen:**

রাজ্যপালিকা যদি না হয়, তাহলে রাজ্যপালিনী বলা যেতে পারে। আমরা ভেবেছিলাম স্ত্রী-লিঙ্গের ব্যাপার। আপনার ভাষায় এটা পুংলিঙ্গ হয়ে গেল। যাই হোক. এটা একটা 'পাল ডাইনেস্টী' হয়ে গিয়েছে. এখানে সবাই পাল।

রাজ্যপাল বলেছেন যে আমাদের ছোট শিল্পের ব্যাপারে সরকারের যে দায়িত্ব আছে, সেই দায়িত্বটা তাঁরা পালন করছেন। সেই দায়িত্বটা তাঁরা কিভাবে পালন করছেন, সেটা যদি একটু আমরা দেখি তাহলে আশ্চর্য হতে হবে। হাওড়ায় স্মল ইঞ্জিনীয়ারিং ইন্ডাস্ট্রির জন্য ১৬ লাখ টাকা ১৯৫৬-৫৭ সালে খরচ করা হবে সরকার বললেন, কিন্তু শেষে বরাদ্দ করা হল ৮ লাখ টাকা, প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায়। আর দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় প্রথম বছরে ১ লাখ ৬৪ হাজার ৪৪৭ টাকা মাত্র খরচ হল। তারপর দেখছি ১৯৫৭-৫৮ সালের বাজেটে বরাদ্দ হল ৪ লাখ ৫৫ হাজার টাকা এবং রিভাইজড এস্টিমেটএ দুই লাখ ৩০ হাজার টাকা। এটা কি তাঁদের খুব একটা কৃতিত্বের ব্যাপার হল? ছোটশিল্পের জন্য সামান্য যে টাকা বরাদ্দ করা হয়েছিল, তাও তারা খরচ করেন নি, কিম্বা খরচ করতে পারলেন না।

পশ্চিমবাংলা সরকার একটা সেন্ট্রাল ইঞ্জিনীয়ারিং কর্পোরেশন করেছেন। কিন্তু তাঁরা করছেন কি না, ভারত সরকারের কাছ থেকে অর্ডার নিয়ে সেই অর্ডারগুলি বেটে দিচ্ছেন। ভারত সরকার যেহেতু তাঁদের স্টোর পার্চেজ পলিসি পরিবর্তন করেছেন, সেই হিসাবে তাঁরা বলতে পারতেন এখানে, পশ্চিমবাংলায় ছোট শিল্পের ক্ষেত্রে নানা রকম বাধা সৃষ্টি হতে পারে। কিন্তু তা তাঁরা বলেন নি। এখানে স্মল ইঞ্জিনিয়ারিং কারখানার যে সমস্যা, যে সংকট, সে বিষয়ে পশ্চিমবাংলা সরকার কিছুই করেন নি। এখানে মাননীয় মন্ত্রী ভূপতিবাবু উপস্থিত নেই, তিনি জানেন, তাঁর কাছে আমরা দু-তিনটা ব্যাপার নিয়ে গিয়েছিলাম। র মেটিরিয়েলএর অভাবে বহু কারখানা বন্ধ হয়ে যাচ্ছে, ফলে সেখানে বহু কর্মী ছাটাই হয়ে যাচ্ছে, বেকার হয়ে যাচ্ছে, এবং তাতে মজুরের মরণ হয় সবচেয়ে বেশী। সম্প্রতি আমি তাঁর কাছে একটা মামলা নিয়ে গিয়েছিলাম, সেটা হচ্ছে বেলঘরিয়ায় একটা ছোট ইনজিনিয়ারিং ফ্যাক্টরী ম্যালিএবল কাস্টিং-এর ব্যাপার সম্পর্কে, সেখানে তারা আয়রন, ফেরাস এ্যান্ড নন-ফেরাস মেটাল, ও পিগ আয়রন পায় না, এবং তার ফলে কারখানা বন্ধ হয়ে যাবার উপক্রম হয়। মন্ত্রী মহশয় আমাকে বললেন কি করবো বল, এ সম্বন্ধে আমরাত কিছু করতে পারি না, এটা সম্পূর্ণ কেন্দ্রীয় সরকারের ব্যাপার। তাঁরা কি সেই কেন্দ্রীয় সরকারকে, জোর করে বলতে পারেন না, যে পশ্চিমবাংলার ছোট ছোট শিল্প এই সমস্ত জিনিসের অভাবে ধ্বংস হয়ে যাচ্ছে; এবং তাঁরা সে দিকে মোটেই লক্ষ্য করছেন না? তা ছাড়া
for want of cheap credit facilities
পশ্চিম বাংলার ছোট ছোট শিল্পগুলি ধ্বংস হতে বসেছে। ছোট ব্যবসাদার ও মালিকরা এই ক্রেডিট ফেসিলিটিজ পান না যদিও সেখানে স্টেট ফাইনান্স করপোরেশন আছে। এখানে সেইসব বড় বড় রাঘব বোয়াল, বিড়লা, প্রভৃতি ব্যবসাদার আছেন, তারাই ফাইনান্স কর্পোরেশন-এর কাছ থেকে টাকা পান। এটা সকলের জানা দরকার যে এখানকার ছোট ছোট শিল্পপতিরা টাকা পান না। ছেলেকে ডাইনীর হাতে সঁপে দিলে, সে ছেলে কখনও বাঁচতে পারে না। তাকে ডাইনীর হাত থেকে বাঁচান দরকার। এম, পি, বিড়লার নেতৃত্বে যে ফাইনান্স করপোরেশন, তার অবস্থাও হয়ে গিয়েছে সেই রকম। তাই ছোট মালিকরা পান না, বড় বড় কয়েকটি বাঁধা, গোষ্ঠি আছেন, তারাই সেই সমস্ত সাহায্য পেয়ে থাকেন। সুতরাং ইঞ্জিনিয়ারিং শিল্প সম্পর্কে এই ঘটনার পরে, আমরা দেখছি কারখানা বন্ধ হয়ে যাচ্ছে, ছোট ছোট ব্যবসাদারদের প্রচুর লোকসান হয়ে যাচ্ছে, এবং সেখান থেকে শ্রমিক ছাটাই হয়ে যাচ্ছে। আমি আরও অন্য ছোটখাটো ইন্ডাস্ট্রির কথা জানি। একটা প্লাইউডএর কারখানা ছোট কুটিরশিল্প হিসাবে আমাদের বাঙ্গালীদের করায়ত্বে ছিল বহুদিন ধরে। সেখানে ধীরে ধীরে দেখা যাচ্ছে বড় ব্যবসায়ীরা, বিশেষ করে মাড়োয়ারীরা ঢুকছে, এটা নষ্ট হয়ে যাচ্ছে। ছোটখাটো কারখানা, তার মূলধন ৫০ হাজার, ১ লাখ বা ২ লাখ টাকার কম হলে পর, সেখান থেকে যা প্রডিউস হয়, সেই প্রডিউসকে ভারত সরকার এ্যাপ্রুভ করেন না। সুতরাং যাঁরা ৫ হাজার, ১০ হাজার টাকা মূলধন নিয়ে ছোট ছোট ইন্ডাস্ট্রি করেছিল, সব বন্ধ হয়ে গিয়েছে। পূর্ব কলকাতায় গেলে পর বেশ পরিষ্কারভাবে তা দেখতে পাওয়া যাবে।

বেল্টিং ইন্ডাস্ট্রি সম্বন্ধে আমি আর একটা উদাহরণ দেখাচ্ছি। এখানকার বেল্টিং ইন্ডাস্ট্রি থেকে যুদ্ধের সময় থেকে আরম্ভ করে ১৯৫২ সাল পর্যন্ত ভারত সরকার বেল্টিং নিতেন এবং কারখানাগুলিকে সরকার সাহায্য করতেন। ডানলপ এ্যান্ড গুডইয়ার এক বিরাট কোম্পানি

যখন আসরে অবতীর্ণ হল, তখন তাদের কাছ থেকেই বেশীর ভাগ বেল্টিং সরকার নিতে আরম্ভ করলেন। ফলে এই দাঁড়িয়েছে, পশ্চিম বাংলায় ৭টি মাত্র বেল্টিংএর কারখানা ছিল, তার মধ্যে ছয়টি প্রায় বন্ধ হবার উপক্রম হয়েছে। সেখান থেকে বহু লোক ছাঁটাই হয়ে গিয়েছে। আর একটিও সেই পথে যেতে চলেছে। পশ্চিমবাংলা সরকারের কাছে তারা দরবার করে, করে হয়রাণ হয়ে গিয়েছে। পশ্চিমবঙ্গ সরকারকে তাঁরা জানিয়েছেন যে দু লাখ থেকে চার লাখ টাকা ঋণ যদি সরকারের কাছ থেকে পান, তাহলে হয়ত তাঁরা দাঁড়িয়ে যেতে পারেন। এই হল শিল্পপতিদের কথা। ছোট, ছোট মালিকদের কারখানা, অর্থ ও কাঁচা মালের অভাবে, বন্ধ হলে পর, দেখা যায় এই সমস্ত ছোট ছোট মালিক ও বিশেষ করে শ্রমিকরা মারা পড়ে।

তারপর কুটিরশিল্প সম্বন্ধে রাজ্যপাল মহোদয়া যা বলেছেন, তা থেকে বোঝা গেল না যে, বাংলাদেশে হস্ত পরিচালিত যে তাঁতশিল্প ছিল এবং তা থেকে করে খেত তিন লক্ষ ৫০ হাজার লোক, তাঁরা আজ সংকটের সম্মুখীন হয়েছে তাঁদের জন্য কি ব্যবস্থা অবলম্বন করা হল? তাদের সম্বন্ধে পশ্চিমবাংলা সরকার কি কাজ করছেন, কি পন্থা অবলম্বন করেছেন তার সঠিক উল্লেখ মানীয়া রাজ্যপাল মহোদয়ার ভাষণে পেলাম না। শুধু এইটুকু বলা হয়েছে আমাদের দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আমরা কিছু করবো। কিন্তু প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় তাঁরা কিছুই করেন নি, এটা অত্যন্ত পরিতাপের বিষয়।

[4-5—5 p.m.]

সে সম্বন্ধে পশ্চিমবঙ্গ সরকার বললেন, আচ্ছা দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আমরা কিছু করব। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় তারা কিছু করতে পারলে না সারা পশ্চিমবাংলায় শুধু ইট তৈরির কারখানা ছাড়া আর কিছুই করতে পারলেন না। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় তাঁরা কি বললেন? সেটা আরো বেশী আপসোস ও ক্ষোভের কথা তাই সেটা আপনাদের কাছে উপস্থিত করছি। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৯ কোটি ৪৮ লক্ষ টাকা খরচ হবে, পশ্চিমবাংলায় বললেন তিনটা স্পিনিং মিল হবে। তার খরচ এক কোটি ৯১ লক্ষ টাকা। সেটা ছেটেকেটে এই দাঁড়াল যে একটা হ্যান্ডলুম স্পিনিং মিল হবে। যারা হ্যান্ডলুম চালায়, তারা সুতা পাচ্ছে না। তারপর গভর্নমেন্ট থেকে বলা হল দেশটাকে ইন্ডাস্ট্রিয়াল এস্টেট করা হবে এবং সেই প্রসঙ্গে দুর্গাপুর কোক ওভেন এবং সিউয়েজ গ্যাস প্ল্যান্টএর কথা শুনলাম এবং খরচ হবে ৫৪ লক্ষ টাকা। শেষ পর্যন্ত এই ইন্ডাস্ট্রিয়াল এস্টেটএর কাজ কতটা হচ্ছে সেটা আমাদের দৃষ্টির মধ্যে আসছে না। রাজ্যপালও তাঁর বক্তৃতার মধ্যে সেটা বলেন নি। সুতরাং সামান্য যা বরাদ্দ হয়েছিল, সেখানেও আমরা দেখতে পাচ্ছি, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সেটুকুও পশ্চিমবাংলার ভাগ্যে পৌঁছচ্ছে না। তারপর দুর্গাপুর স্টিল প্ল্যান্ট-এর কথা বলা হয়েছে। রাজ্যপালের ভাষণে বলা হয়েছে সেই কাজ শুরু হবে শীঘ্রই। কিন্তু আমাদের যা খবর তাতে মনে হয়, সেটাও অদূর ভবিষ্যতে হবার সম্ভাবনা কিছুই নেই। এই প্রসঙ্গে আমার প্রশ্ন হচ্ছে—এই দুর্গাপুর স্টিল প্ল্যান্ট সম্বন্ধে কি হবে তার উল্লেখ নাই কেন? এই হচ্ছে ব্যাপার। এ সম্বন্ধে ভারত বা পশ্চিমবঙ্গের সরকারের কি কোন দায়িত্ব নেই? সুতরাং এখানে আমার বক্তব্য হচ্ছে যে পশ্চিমবাংলার সমস্যা সমাধানের জন্য ১৯৫৫ সালে বাজেট বক্তৃতায় ডাক্তার বিধানচন্দ্র রায় বলেছিলেন, যে এখানে আরও শিল্পপ্রসার করলে পর এখানের অবস্থা উন্নত হতে পারে। গভর্নমেন্টের হিসাব নিচ্ছি, এখানে জমি নেই, জায়গা নেই কিন্তু বহু উদ্বাস্তুর সমাগম হয়েছে। তাহলেও এটা বলতে পারি না কি এই উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্যও শিল্পের প্রয়োজন ছিল? আমাদের এখানে বেকার সমস্যাও দিনের পর দিন বেড়ে চলেছে এবং সেটা প্রতিরোধ করবার জন্যও শিল্পের প্রয়োজন ছিল? কিন্তু পশ্চিমবঙ্গ সরকার সে বিষয়ে অগ্রসর হয় নি। তারা নিজেরা এই শিল্পপ্রসারের দিকে যথেষ্ট চেষ্টা করেন নি এবং ভারত সরকারের উপর তারা যথেষ্ট চাপ দেন নি যে চাপের ফলে আমাদের এখানে শিল্পের প্রসার ও উন্নতি হতে পারত। সুতরাং এই কথাই আজ জোরের সঙ্গে বারবার বলব যে শিল্প আজ পশ্চিমবঙ্গে মরণের মুখে, ধ্বংসের মুখে এসে দাঁড়িয়েছে। সেখানে এই পশ্চিমবঙ্গ সরকারের উচিত ছিল, এই কুটির শিল্পের উপর বিশেষ জোর দেওয়া। পশ্চিমবঙ্গ সরকার যদি এবিষয়ে তাঁদের কর্তব্য করতেন, তাহলে মধ্যবিত্ত ছোট ছোট শিল্পপতিরাও বাঁচত এবং সেই শিল্পের

মাধ্যমে আমাদের বুদ্ধিজীবি ও শ্রমিক শ্রেণীও এখানে বাঁচতে পারত। কিন্তু দিনের পর দিন, ধীরে ধীরে যে চিত্র আমাদের সামনে উদ্ঘাটিত হচ্ছে, তাতে দেখতে পাচ্ছি আমাদের এখানে যেখানে যেখানে সমৃদ্ধিশীল কুটিরশিল্প ছিল, সেই কুটিরশিল্প আজ ধ্বংস হয়ে যাবার মুখে —ডাক্তার রায়ই স্বীকার করেছেন ১৯৫৫ সালে যে এখানের শহরগুলিতে বড় শিল্প নেই—যা আছে তাও ধ্বংসের মুখে এবং কলকাতা শহরের আশেপাশে শিল্পগুলিও লুপ্তপ্রায়। সেই ভয়াবহ চিত্র দেখছি ১৯৫১ সালের সেনসাসএ। সেটা পড়ে দিয়ে আমার বক্তব্য এ বিষয়ে আমি শেষ করছি। সেই ভয়াবহ চিত্রে আছে—

The crisis in employment is gradually intensifying both in the agricultural and non-agricultural sectors. An increasing population is [illegible] upon the earnings of a decreasing number of earners.

এটা ১৯৫১ সালের কথা। তারপর ১৯৫৫ সালে ডাঃ রায় একথা স্বীকার করে বললেন যে অবস্থা আরও খারাপ হচ্ছে। তা যদি হয়, তাহলে পশ্চিমবঙ্গ সরকারের সে বিষয়ে অবহিত হওয়া উচিত ছিল—তার প্রতিবিধানে অগ্রসর হওয়া উচিত ছিল। দুঃখের বিষয়—সেটা হয় নি। এবং রাজ্যপালের গভর্নমেন্টের এই অসমাপ্ত দায়িত্ব তাদের ঘাড়ে কলঙ্কের বোঝাস্বরূপই রয়ে গেছে। আর একটা বিষয়ে রাজ্যপাল যা বলেছেন সে বিষয় উল্লেখ করতে চাই। সেটা হচ্ছে ইন্ডাস্ট্রিয়াল হাউসিংএর কথা। এটা পশ্চিমবংগ সরকারের একটা লজ্জাজনক ব্যাপার বলে আমি মনে করি, অথচ এই ইন্ডাস্ট্রিয়াল হাউসিং সম্পর্কে তিনি এমনভাবে বলেছেন যেন সাধারণের চোখে প্রতিফলিত হয় যেন এটা তাদের একটা মহান কীর্তি। কিন্তু তা মোটেই নয়। কেন তা নয় সেটাই দেখাতে চাই। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় গভর্নমেন্ট ১,৪৪০ বাড়ী করবেন কথা ছিল কিন্তু করেছেন ৭৫৬টা। এমপ্লয়ারসদের ৮১২টি বাড়ী করার কথা ছিল, তারা করেছেন ২০০। গভর্নমেন্ট ৭১৬টা টেনমেন্ট হাউস করবেন বলেছিলেন প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষ পর্যন্ত করেছেন ১০০টি। এবং এমন কি কৃতিত্বের পরিচয় দিয়েছেন যে সেটা তাঁর বক্তৃতায় উল্লেখ করতে হবে। দ্বিতীয় প্ল্যানএ তারা আরও কৃতিত্ব দেখিয়েছেন। সেখানে ৫ কোটি ৭৫ লক্ষ টাকা মূল বাজেট বরাদ্দ ছিল। তার প্রথম বৎসরে ৭০ লক্ষ টাকা বরাদ্দ করে খরচ হল ২২ লক্ষ ৬৪ হাজার টাকা এবং পরের বৎসর ৭৫ লক্ষ টাকা বরাদ্দ করে রিভাইজড এস্টিমেটএ সেটা দাঁড়াল ৩৮ লক্ষ টাকা অর্থাৎ অর্ধেক হয়ে গেল। সেখানে জিজ্ঞাসা কলকাতা ও হাওড়ার শিল্পাঞ্চলে লোকের বাসস্থানের অভাব বাড়ছে না কমছে? গভর্নমেন্ট কেন সেই জন্য বরাদ্দের টাকা কমাচ্ছেন? রাজ্যপাল এই সমস্ত কথা স্পষ্টভাবে ব্যক্ত করেন নাই—তবে তিনি যেভাবে বলেছেন সেই হিসাব দেখলে মনে হয় যে ৭৪০টা বাড়ী আজ পর্যন্ত ১০ বৎসরে অর্থাৎ পঞ্চবার্ষিকী পরিকল্পনার ৭ বৎসরে পশ্চিমবঙ্গ সরকার করেছেন অর্থাৎ ফার্স্ট ফাইভ-ইয়ার প্ল্যানএর টার্গেটএর শতকরা ৫০ ভাগ মাত্র করতে পেরেছেন। এটা নিশ্চয়ই দেশের পক্ষে খুব আশাভরসা ও তাদের পক্ষে কৃতিত্বের কথা নয়। আর মালিকরা কখানা বাড়ী করতে পেরেছে? প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আটশত বাড়ী করার কথা ছিল—৭ বৎসরে ছয়শত বাড়ী করেছেন। এই হল কৃতিত্ব পশ্চিমবঙ্গ সরকারের! অথচ রাজ্যপাল তাঁর ভাষণে বললেন অনেক বাড়ীঘর দশ বৎসরে হয়েছে। কিন্তু এই দশ বৎসরের পরও আজও বহুসংখ্যক লোক কলিকাতার রাস্তার ফুটপাথএ থাকে, বস্তিতে থাকে, বা এক ঘরে বহুজন বাস করে বা অন্য লোকের আশ্রয়ে অসহায় অবস্থায় পরিবার নিয়ে কত লোক বাস করে—সেকথা কারও অবিদিত নেই। যে কথা তিনি বলেছেন—সেই হিসাবেই দেখি সেই সময় অর্থাৎ প্রথম প্ল্যানএ দুই কোটি টাকা স্যাংসান বরাদ্দ ছিল এবং বলা হল এর পর আর লো-ইনকাম গ্রুপ, অর্থাৎ গরীব লোকের বাড়ীঘরের অভাব থাকবে না। কিন্তু প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আমরা দেখতে পাচ্ছি টাকা খরচ হয়েছে দুই কোটি মধ্যে ১ লক্ষ ২২ হাজার—বাড়ী একখানাও হয় নি, টাকা কি হল? স্বভাবতঃ মনে হয় অফিসারএর জন্য ছোটখাট অফিসারদের বাসের জন্য এ টাকা খরচ হয়েছে। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় দুই কোটি ৮৫ লক্ষ টাকা বরাদ্দ—তার প্রথম বৎসর ৫০ লক্ষ টাকা বরাদ্দ। খরচ হয়েছে ৭ লক্ষ ৩৯ হাজার টাকা। ১৯৫৭-৫৮ সালে ৪৫ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছিল, লো-ইনকাম গ্রুপ অর্থাৎ গরীব লোকদের বাড়ীর জন্য ব্যয় হল—রিভাইজড এস্টিমেটএ দেখা যায় ৭ লক্ষ টাকা। এই ত অবস্থা। এবং তার ফলে এই যে বাস্তব অবস্থা

দেখতে পাচ্ছি, তাতে পশ্চিমবাংলার এই যে গৃহহীন লোক—যাদের মাথা গুঁজবার জায়গা নেই—তারা এইরকম ভুয়া রিপোর্ট পাবার পরও কতখানি আশ্বস্ত হবে জানি না। এইসব কাল্পনিক কথা তাদের বৃথা আশ্বস্ত করবার জন্য এমনভাবে রাজ্যপাল তার অভিভাষণে বললেন, যাতে এই সমস্ত দরিদ্র মধ্যবিত্ত, নিম্নআয়বিশিষ্ট, লো-ইনকাম গ্রুপএর দরিদ্র শ্রমিক শ্রেণী দেশের আসল চিত্র বুঝতে না পেরে আনন্দে উৎফুল্ল হয়ে উঠবে। তাই এই কলঙ্কময় চিত্র এইভাবে উদ্ঘাটিত না করে স্পষ্ট ভাষায় তার বলা উচিত ছিল—আমরা অপদার্থ—আমরা কিছুই করতে পারি নি।

[5—5-10 p.m.]

**Sj. Jatindra Chandra Chakravorty:**
সভাপাল মহাশয়! মাননীয় বিরোধীদলের নেতা শ্রীজ্যোতি বসু এবং শ্রদ্ধাভাজন ডাক্তার প্রফুল্লচন্দ্র ঘোষ মহাশয় রাজ্যপালের ভাষণে খাদ্যশস্য, উদ্বাস্তু সমস্যা, শ্রমিক শ্রেণীর অবস্থা ইত্যাদি বিষয়ের সমস্যা সম্পর্কে যে ত্রুটিবিচ্যুতি আছে তার উল্লেখ করেছেন, আমি যে সংশোধন প্রস্তাব দিয়েছি, তাতে তাঁরা দুর্নীতির কথা উল্লেখ করেন নাই বলে আমি তার উল্লেখ করছি।

কিছুদিন আগে সংবাদপত্রে একটা সংবাদ প্রকাশিত হওয়ায় আমরা সবাই খুব আশান্বিত হয়েছিলাম যে ক্যাবিনেট একটা সাব কমিটি গঠন করেছেন তাতে প্রবীন এবং নবীন সবাই আছেন। এবং আদার ব্যাপারী অর্থাৎ জিঞ্জার গ্রুপ বলে যারা জাহির করে থাকেন তাঁরাও তার মধ্যে আছেন। কিন্তু সে সাব কমিটির কি হল? মনে হয় শর্ষের মধ্যে ভুত থাকতে পারে সেইজন্য বোধ হয় আদার ব্যাপারীদের আদার ঝাল মিইয়ে গিয়েছে। সরকার বা মন্ত্রী মহাশয়দের যারা স্তম্ভ তারা যদি নিজেদের যাদের সুযোগ নিয়ে নিজের এ স্বার্থসিদ্ধি করেন তাহলে সেটা করাপশান হয় এবং সংগে সংগে আবার এমন কাজ যদি করেন যেটা দেখে সাধারণের মনে হতে পারে যে
which may appear to be corrupt practice.
সেটা বন্ধ করা উচিত। আমি আপনার কাছে কয়েকটি তথ্য উপস্থিত করছি তা থেকে আপনি এবং সভার সদস্যরা বিচার করে দেখবেন যে করাপশন হচ্ছে কিনা। সেকসন অব এস্টেট এ্যাকুইজিশন এ্যাক্ট অনুসারে
any intermediary may apply to the Government to collect the arrears of rent
এই বেনিফিট কিছুদিন আগে বর্ধমান মহারাজার পক্ষ থেকে চাওয়া হয়েছিল। এবং আমার যতদূর খবর বর্ধমানরাজ ছাড়া আর কারো উপর এক্সটেন্ড করা হয় না। একটা হিউজ এ্যামাউন্ট প্রায় ৫০ লক্ষ টাকার মত তাঁর বাকী পড়েছিল।

**Mr. Speaker:** Mr. Chakravorty, so far as Burdwan is concerned I say nothing but do not make a rash statement that benefit has not been extended to other party. It has been extended.

**Sj. Jatindra Chandra Chakravorty:**
আমার বক্তব্য শেষ করতে দিন, এটা আউট অব অর্ডার হচ্ছে না জমিদারী অ্যাবলিশন অ্যাক্ট আসার ফলে তার টাকা গভর্নমেন্ট যাতে আদায় করে দেন তার জন্য তিনি গভর্নমেন্টের কাছে দরখাস্ত করেন, কালেক্টর অব বার্ডওয়ান অবজেকশন করে পাঠান যে এই বেনিফিট যেন এ্যাক্সটেন্ড করা না হয়। কিন্তু আমি জানি রাইটার্স বিল্ডিংস থেকে হুকুম পেল—
he is not to suggest but he is to obey.
৫০ লক্ষ টাকা খাজনা বাকি পড়েছিল সে টাকা তাকে পাইয়ে দেওয়া হল, গভর্নমেন্টের মেসিনারী ইউটিলাইজ করে। এস্টেট এ্যাকুইজিশন এ্যাক্ট পাশ হবার সময় আমার বিরোধীপক্ষ থেকে মাননীয় সুবোধ ব্যানার্জী মহাশয় বারবার বলেছিলেন—দেবোত্তর প্রপার্টি তার মধ্যে ইনক্লুড করা হোক কিন্তু সেটা ইনক্লুড করা হয় নাই। কারণ আমরা জানি—বর্ধমান মহারাজার যে জমিদারী তার মধ্যে ⅔ হচ্ছে দেবোত্তর।

দ্বিতীয় নং বর্ধমানের যে রাজপ্রসাদ ৭ লক্ষ টাকা যার ভ্যালুয়েশন করা হয়, সেটা ১১ লক্ষ টাকা দিয়ে কেনা হয়েছে এবং ২০০-৩০০ বছরের পুরানো প্রাসাদ সেই প্রাসাদ কেনা হল গভর্নমেন্টের টাকা খরচ করে। কেন? সেই প্রাসাদ যদি মেন্টেন করতে হয় তাহলে হিউজ

অ্যামাউন্ট খরচ পড়বে। অথচ আমরা জানি সেখানে জমি কিনে বাড়ী করলে ঐ টাকাতে দুটো বড় বড় প্রাসাদ হতে পারত—
with modern equipment and amenities.
আমি আপনার কাছে দলিল উপস্থিত করছি বর্ধমানের মহারাজার কাছ থেকে ২১নং মুলেন স্ট্রীটের একটা জমির স্বত্ব যে জমিটা হচ্ছে ১৭ কাঠার থেকে কিছু বেশী, সেইটে কেনা হচ্ছে এবং এই দলিল থেকে আমরা দেখছি সেই জমিটা যারজন্য কেনা হচ্ছে তাঁর নাম হচ্ছে শ্রীমতী বেলা সেন
wife of Dr. J. L. Sen, deceased, residing at No. 21 Mullen Street.
এবং সেইজন্য চেক দিচ্ছেন ডাক্তার বিধানচন্দ্র রায়, যিনি তখন মুখ্যমন্ত্রী ছিলেন। সে দলিল রেজেস্ট্রী করা হয়েছে, আমার কাছে সার্টিফায়েড কপি আছে, দলিলটা রেজেস্ট্রী হয়েছে
20th May 1954.
এবং তাতে ডাক্তার জে, এল, সেনকে মৃত বলে ঘোষণা করা হয়েছে অথচ আমরা আশ্চর্য হয়ে যাচ্ছি দেখে যে ডাক্তার জে, এল, সেন মারা গিয়েছেন
25th December, 1955.
ঐ ২১নং মুলেন স্ট্রীট বাড়ীতে যেখানে তাঁর আত্মীয়স্বজনরা গিয়ে শোক এবং সমবেদনা জানাচ্ছেন। আর ঐ জমির স্বত্ব কেনার ব্যাপারে ডাক্তার বিধানচন্দ্র রায় গ্রিন্ডলেজ ব্যাংকএর উপর চেক দিয়েছেন, এক হাজার টাকা করে কাঠা কেনা হয়েছে—যে জায়গার দাম নাকি কমসে কম আট হাজার টাকা করে কাঠা। মাত্র ১৬ হাজার টাকায় সেই জমির স্বত্ব কেনা হল।

দ্বিতীয় একটা দলিল আমার কাছে আছে—যে দলিলে দেখতে পাচ্ছি এক বিঘা এক কাঠা জমি শ্রীমতী অর্চনা রায়ের নামে খরিদ করা হয়েছে। তিনি শ্রীমতী বেলা সেনের কন্যা, এবং সুবিমল রায়ের স্ত্রী, যে সুবিমল রায়, ডাক্তার বিধানচন্দ্র রায়ের নেফিউ এবং ২০-৬-৫৪ সালে রেজেস্ট্রী হয়েছে এক হাজার টাকা করে কাঠা হিসেবে ২৬,৩১০ টাকা এক বিঘা জমি ৩৪নং রোলান্ড রোড এখানেও দেখা যায় তিনিই টাকা দিয়েছেন গ্রিন্ডলে ব্যাংকএর উপর চেকে। এবং এর
Solicitor Government Solicitor Mitra and Mitra, 5 Hastings Street.
তিনিই সে দলিল তৈরি করে দিয়েছেন। আমরা জানি মুখ্যমন্ত্রী এখানে নাই, তিনি এলে হয়ত জানাতে পারবেন সেই সলিসিটরকে দেওয়া হয়েছে।

**Mr. Speaker:** Mr. Chakravorty, are all these properties free-hold or lease-hold?

**Sj. Jatindra Chandra Chakravorty:** Lease-hold.
লিজ হোল্ড যদি হয়ে থাকে এখানে আমি এইটুকু জানাতে চাই যে এক হাজার টাকা করে সেই স্বত্বের দাম হতে পারে না। মুলেন স্ট্রীট এবং রোল্যান্ড স্ট্রীট-এর জমির দাম অনেক বেশী। তারপর, তৃতীয় যে দলিল আমার কাছে আছে—

**Mr. Speaker:** You have got a certified copy. You will be good enough to answer me. I am also a member of the House. I am just asking you about the subject matter of the sale. Was it merely reversionary or a free-hold?

**Sj. Jyoti Basu:**
মিঃ স্পীকার, আপনি এসব কথা কেন বলছেন? উনি ইর্রিলিভ্যান্ট কিছু বলেছেন?

**Mr. Speaker:** I am just eliciting a little information.

**Sj. Jyoti Basu:** Why?
কেন করবেন? অ্যাডমিনিস্ট্রেটিভ হেড হিসেবে তিনি সুবিধা নিয়েছেন, তিনি প্রশ্ন করাতে পারেন, আপনি কেন প্রশ্ন করবেন?

**Mr. Speaker:** Certainly I have not stopped him. I asked him if it is a lease-hold property. I did not stop Mr. Chakravorty from saying anything that he wishes to. So long as it is not improper he has a right to

say anything that he wishes to and I have taken the precaution of finding out that he has a certified copy in his hand. The only thing I wanted to know without trying to interrupt him, since he has a certified copy in his hand, is whether it is a lease-hold property or a free-hold property. If he is capable of answering that question he may do so; if he does not wish to answer, I shall not force him.

[5-10—5-35 p.m.]

**Sj. Bijoy Singh Nahar:** Sir, he is making a speech which is not at all relevant. He is attacking the individual conduct of a member in the discharge of his duty.

**Mr. Speaker:** I may tell you, Mr. Nahar, that the position is perfectly clear. According to him certain members of the Government are guilty of corrupt practice. That is what he is trying to say. There may be no justification whatsoever; on the other hand, there may be justification for it. Since he has got a copy, perhaps a word of explanation may be needed, and that is the very reason why I put that question to Mr. Chakravorty who is by no means a lawyer and as such he may mislead himself; but Mr. Chakravorty had not chosen to answer me. If he had done it, I would have been happy. If charges are made against any individual member, surely the member concerned will answer it back.

**Sj. Bijoy Singh Nahar:** He has not got the document even.

**Sj. Jatindra Chandra Chakravorty:**

মাননীয় স্পীকার মহোদয়, আমি দেখতে চেয়েছিলাম যে মুখ্যমন্ত্রী হিসাবে একটা জায়গার একজন লোককে অতিরিক্ত সুবিধা দেওয়া হয়েছে, গভর্নমেন্ট মেসিনারীকে ইউটিলাইজ করে তাদের সুযোগ করে দেওয়া হয়েছে একটা প্রাসাদ কিনে। ব্যক্তিগতভাবে যদি তিনি এটা করতেন তা হ'লে আমাদের বলবার কিছু ছিল না। তিনি সেই সময় মুখ্যমন্ত্রী ছিলেন। লিজ হোল্ড সেখানে এক হাজার টাকা হতে পারে না। [তুমুল হট্টগোল] প্রেমিসেসটা পারচেজড হয়েছিল ১৯৫৪ সালে এক লক্ষ ৭৫ হাজার টাকায়, এবং
B. C. Roy Polio-clinic for Crippled Children
সেটা করবার জন্য এবং সেখানে ট্রাসটি যাদের করা হয়েছে তার মধ্যে দেখছি উদয়চাঁদ মহাতাব এবং পি ডি হিম্মতসিংকা আছেন। ইম্পিরিয়াল ব্যাংক-এর উপর ১ লক্ষ ৭৫ হাজার টাকা দেওয়া হয়েছিল এবং যখন কুচবিহার পশ্চিমবাংলার সংগে যুক্ত হয়, বিধান সভার পুরানো কার্যবিবরণী থেকে দেখা যায় সেখানে তুমুল প্রশ্নের ঝড় বয়ে গিয়েছিল যে হিম্মৎসিংকাকে কুচবিহারে একটা বড় চায়ের বাগান অত্যন্ত জলের দামে দিয়ে দেওয়া হয়েছিল। আমি জিজ্ঞাসা করতে চাই যে,
B. C. Roy Polio-clinic for Crippled Children
তাঁর নামকে স্মরনীয় করে রাখবার জন্য সেটা হয়েছে—সেখানে উদয়চাঁদ মহাতাব ট্রাস্টি হিসাবে কত টাকা দিয়েছিলেন এবং কোন টাকা দিয়েছিলেন কি না? পি ডি হিম্মতসিংকা মহাশয় কোন টাকা দিয়েছিলেন কি না তাও জানতে চাই। আমি যে তথ্য উপস্থিত করছি সেটা হচ্ছে—আত্মীয়কে কিছু লোককে এ রকমভাবে সুযোগ সুবিধা পাইয়ে দেওয়া হয় এবং সংগে সংগে দেখি যে ব্যক্তিগতভাবে সেখানে নিজের স্বার্থেই হোক বা নিজের নামেই হোক সেটাকে এগিয়ে নিয়ে যাবার জন্য স্বার্থ সিদ্ধি করবার জন্য যিনি বাংলাদেশের দণ্ডমুণ্ডের বিধাতা, যিনি মুখ্যমন্ত্রী, ক্যাবিনেটের সবচেয়ে বড় যিনি প্রতিনিধি, তিনি যদি এরকম কোন সুযোগ নিয়ে থাকেন, তা হ'লে আপনি স্যার, বিচার করুন, লোকের মনে সন্দেহ হতে পারে কি না যে এখানে করাপশান হচ্ছে। আমি আগেই বলেছি করাপশান হতে পারে কখন? যদি নিজের পদের সুযোগ নিয়ে কোন ক্ষমতার অপব্যবহার করা হয় নিজের স্বার্থসিদ্ধির জন্য সেটাই
Corruption—If it appears to be a corruption.
এটা তাদের করা উচিত নয়। আমি আপনার সামনে তথ্য উপস্থিত করছি, আপনি বিচার

করে দেখুন—একজন লোককে মৃত বলে ঘোষণা করা হচ্ছে ২০শে মে ১৯৫৪ সালে অথচ সেই ভদ্রলোক মারা গেছেন ২৫এ ডিসেম্বর ১৯৫৫তে। একথা নয় যে এর মধ্যে দলিলে লেখা ভুল করেছেন। ১৯৫৫ও যদি ধরে নেন তাহলে দেখবেন ২০এ মে ১৯৫৫ সালে সেই ভদ্রলোক মারা যান নি। আমার কাছে অমৃতবাজার পত্রিকার কপি রয়েছে।

সুতরাং রাজ্যপালের যে ভাষণ, সেই ভাষণ সম্পর্কে যে ধন্যবাদ-জ্ঞাপক প্রস্তাব এসেছে, সেই প্রস্তাবকে আমি সমর্থন করতে পাচ্ছি না। আমি যে করাপশান এর কথা তুলেছি, সেই করাপশান বন্ধ করার জন্য মন্ত্রীমণ্ডলী একটা সাব-কমিটি বসিয়েছিলেন, কিন্তু সেই করাপশান দূর হয় নি এবং তার উল্লেখ না থাকার জন্য যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে তার সংগে আমি একমত হতে পারলাম না। আমি আমার সংশোধনী প্রস্তাবকে সমর্থন করছি।

## Personal explanation by the Hon'ble Chief Minister

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** On a matter of personal explanation, Sir I will give my full reply when I will reply to him, but for two points that he has raised I will give an answer now. The house No. 21 Mullen Street was purchased from the Hindusthan Insurance Co in 1947 The house which belonged to Mr. Subimal Roy was purchased sometime in 1946. The land I have purchased in 1954. The condition with the Hindusthan Insurance Company was that we will purchase this property subject to an annual rent being payable to the Maharaja of Burdwan who was the landlord, and after I had purchased a land in 1954 I approached the Maharaja of Burdwan's lawyer through my Solicitors, Messrs Mitter & Mitter and they arranged that the Maharaja will be paid twenty times the rental that was being paid for the land. The actual ownership passed from the hands of the Hindusthan Insurance Company to the three parties. An agreement was made when Colonel Sen was alive. The actual registration was done after I had paid the Hindusthan Insurance Co for my property and all the three properties were made free-hold and for that Rs 1,000 was paid It is not for the land itself My friend there is trying to cloud the issue as if the whole property we have purchased at Rs 1,000 per cottah It is a mistaken, a preverse thing to do I have heard papers have passed on from one friend in the Assembly to Mr Chakraborty for his speech.

With regard to the other matter that he has raised, namely, Dr. B. C. Roy Polio-clinic for crippled children, it also happened that I am an unfortunate person in whose name the Polio-clinic was established. I know nothing about it. I know nothing about the Governing Body as to who is the Chairman, how they purchased the property, where did they get the money from. I have had no concern with it Only I found that there was a fight between the members of the Governing Body and the property was going to liquidation. I asked the Medical Department to enquire into the matter and take it over. The different promoters of that concern went up to the High Court, created a lot of trouble. Eventually the Government of Bengal has taken it over. Barring that I have nothing to do excepting that my name is there. If my friend thinks that this is a corrupt practice to have my name there, I am prepared to withdraw my name I do say that let them certainly show where the corruption lies. We know also very many things that are happening on the other side also but I do not want to dilate on them. I do not want to take the personalities in question when you are talking of big things like Governor's speech and discussing the problems of the province itself. Certainly he has said something about the money which was paid to the Maharaja of Burdwan for the property which we have purchased as well as he has said something about another thing he has raised. These points I will answer when

I am giving the reply. My personal explanation is that it is an absolute lie to say that I have purchased a property from the late Maharaja of Burdwan.

**Sj. Jatindra Chandra Chakravorty:** Let there be an enquiry committee.

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** My friend may enquire till his death but he will not find anything more.

[At this stage the House was adjourned for 15 minutes.]

[*After adjournment.*]

[5-35—5-45 p.m.]

**Debate on the motion of address in reply to Governor's speech**

[Mr. Speaker called the names of Sj. Tarapada Chowdhury, Sj. Nepal Roy and Sj. Bijoy Lal Chatterjee none of whom was present in the House.]

**Mr. Speaker:** Before I call on Sj. Hare Krishna Konar to speak, I must make an observation. It is most improper on the part of any honourable member not to be present if he wishes to speak. I take it that it is not only an insult to the Chair which I have the privilege to sit on but it is most insulting, I take it, to the other members as well. Everybody should make it a point to be here in due time. If I am expected to be here with the sroke of the hour, I would expect everybody to be here at the stroke of the hour. Hereafter I will just omit their names.

**Sj. Jyoti Basu:**
স্পীকার মহাশয়, ট্রেজারী বেঞ্চে অনেকে উপস্থিত নাই।

**Mr. Speaker:** My remarks are not for one side only but they are meant for all.

**Sj. Jyoti Basu:**
আপনি যাঁদের নাম ডাকলেন তাঁরা না থাকলেও ক্ষতি নাই। মিনিস্ট্রিয়াল বেঞ্চএ মন্ত্রীদের অনেকেই নাই।

**Mr. Speaker:** I have taken note of that.

**Sj. Jyoti Basu:**
চিফ হুইপকে বলুন তাদের ডেকে আনবার জন্য।

**Mr. Speaker:** Mr. Basu, the Treasury Benches do not enjoy greater privileges here than any other member.

**Sj. Jatindra Chandra Chakravorty:**
মাননীয় স্পীকার মহাশয়, আমি শুনলাম যে ডাঃ বিধানচন্দ্র রায় আমার বক্তৃতার পর যে পার্সোনেল এক্সপ্লানেশন দেন তাতে তিনি "লাই" কথাটা ইউজ করেছেন।

**Mr. Speaker:** The point is that you have to face the consequence. You have openly charged him with corruption—with corrupt practice and in answer to that charge he has said it is a lying charge or a false charge. It is legitimate.

**Sj. Bankim Mukherjee:**
স্যার, লাই ইজ আনপার্লামেন্টারী সেখানেই হচ্ছে আমাদের অবজেকশান।

**Mr. Speaker:** However, I will check it up. But I think it you call me a thief, I can certainly say it is a lie.

**Dr. Hirendra Kumar Chattopadhyay:** In place of lie one should say "terminological inexactitude".

**Mr. Speaker:** I entirely agree with you that it is not proper to use that word according to May's Parliamentary Practice. But if you accuse me, for example, saying that Mr. Sankar Das Banerjee was found drunk and reeling in front of the Council, I can say it is a lie—it is a gross lie.

**Sj. Bankim Mukherjee:** You have to say it in a parliamentary way whatever may be your sentiment.

**Mr. Speaker:** However, I shall check it up.

**Sj. Jatindra Chandra Chakravorty:**
মাননীয় স্পীকার মহাশয়, আমরা আপনার কাছে নিরপেক্ষতাই আশা করি এবং আপনি নিরপেক্ষভাবে যে নির্দেশ দেবেন তা সকলের পক্ষে এবং সকল ক্ষেত্রে তা তিনি যে পজিশনই হোল্ড করুন না কেন, মুখ্যমন্ত্রীই হোন বা বিরোধী পক্ষের সাধারণ সদস্যই হোন, সকল ক্ষেত্রে সমানভাবে প্রযোজ্য হবে।

**Mr. Speaker:** Mr. Chakravorty, you need have no apprehension on that score. Mr. Banerjee knows the prestige of the chair on which he sits and he knows to control all irrespective of the position and Mr. Banerjee needs no reminder on that point.

[At this stage Sj. Bijoylal Chatterjee rose and apologised.]

Mr. Chatterjee, I accept your apology. But it is only fair and proper for the members to think that when I say that I adjourn the House for 15 minutes I mean every time that I adjourn it for 15 minutes and not 16 minutes. If I can take the trouble of coming here punctually at the appointed hour, I expect every member to do it.

• **Sj. Hare Krishna Konar:**
মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয়া রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন তা শুধু আমাদের হতাশই করে নি, অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতার সঙ্গে মিলিয়া তা আমাদের অত্যন্ত আতঙ্কিত করে তুলেছে। কারণ কংগ্রেস সরকারের দেউলিয়া নীতির ফলে আজ তাঁদের পরিকল্পনার বিভিন্ন স্তরে ফাটল দেখা দিয়েছে, আজ জনসাধারণের জীবনের প্রত্যেক স্তরে আঘাতের বোঝা চাপছে। বাংলাদেশে ব্যাপকভাবে খাদ্যাভাব দেখা দিচ্ছে উৎপাদন কম হওয়ার দরুন তীব্র খাদ্যসংকট দেখা দিয়েছে। কিন্তু এই অবস্থায় জনসাধারণকে সাহায্য করার পরিবর্তে তাদের উপর নতুন করে বোঝা চাপান হচ্ছে, তাদের উপর নতুন করে আক্রমণ চালান হচ্ছে এবং তা ঢাকবার জন্য গভর্নরের বক্তৃতায় প্রচেষ্টা করা হয়েছে। কারণ আমরা দেখতে পাচ্ছি যে, যে সংকট সবচেয়ে বেশী ভয়াবহ সেই খাদ্যসংকট সম্বন্ধে রাজ্যপালের বক্তৃতায় আত্মসন্তুষ্টির মনোভাব প্রকাশ করা হয়েছে। আমি আমার বক্তৃতায় এই খাদ্যসংকটই প্রধানত উল্লেখ করব। গত নবেম্বর-ডিসেম্বর অধিবেশনের সময় খাদ্যমন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন যে নোট দিয়েছিলেন তাতে তিনি বলেছিলেন যে—

Large scale relief from the very beginning of the next year will be necessary to relieve the distress caused by agricultural deficit.

এবং তাতে তিনি আরো বলেছিলেন যে, আমাদের দেশে কৃষিব্যবস্থা একটা এ্যাডভেঞ্চার হয়ে দাঁড়িয়েছে। এবং "প্রেজেন্ট ফুড সিচুয়েশন" নামে তিনি যে নোট দিয়েছিলেন তাতে তিনি একথা উল্লেখ করেছিলেন "টু সেভ আওয়ারসেল্ফ ফ্রম দি ডিসেসটার" এই হচ্ছে উদ্দেশ্য। খাদ্যসংকট সম্বন্ধে তিনি আসন্ন "বিপর্যয়ের" কথা বলেছিলেন। আমি তাঁকে শুধুমাত্র এইটাই জিজ্ঞাসা করতে চাই, তারপর এই দু'-তিন মাসে তিনি কি ব্যবস্থা করেছেন যার জন্য আজকে তাঁর মতে এই ডিসেসটার থাকছে না, যার জন্য সংকট ঘনীভূত হচ্ছে না। আমি আশ্চর্য হয়ে ভাবছি মাননীয়া রাজ্যপালের ভাষণে সে সম্বন্ধে কোন কথার উল্লেখ নাই দেখে।

তিনি শুধু একটা কথা বলেছেন, চালের বদলে আটা খেতে শিখলে "উই স্যাল সল্ভ দি ডিফিকাল্টি"। গত অধিবেশনের সময় আমরা বিরোধীপক্ষ থেকে খাদ্যের উপর বিতর্কের সময় এই প্রস্তাব করেছিলাম যে খাদ্যসংকটের সমাধান করতে হলে একটা সুনির্দিষ্ট নীতি ও প্রোগ্রাম গ্রহণ করতে হবে, কিন্তু আমরা দেখছি এই তিন মাসে তাঁরা কোন নীতি গ্রহণ করেন নি বা করতে পারেন নি, উপরন্তু তাঁরা বাংলাদেশকে চরম বিপর্যয়ের মুখে নিয়ে এসেছেন। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি বলতে চাই, এখন ফাল্গুন মাস; সবেমাত্র মাসখানেক হয়েছে হার্ভেস্টিং শেষ হয়েছে, কিন্তু এরি মধ্যে ব্যাপকভাবে দুঃস্থতা দেখা দিয়েছে, এরিমধ্যে খাদ্যের দাবি জোরাল হয়ে উঠেছে এবং এরিমধ্যে যদি চালের দর ২৭।২৮।৩০ টাকা হয়ে থাকে তাহলে বৈশাখ জ্যৈষ্ঠ মাসের পরে অবস্থা কোন দিকে যাবে, কোন বিপর্যয়ের মুখে গিয়ে দাঁড়াবে সে কথা ভাববার জন্য বলছি।

[5-45—5-55 p.m.]

আমার কথা বা "স্বাধীনতা" পত্রিকার রিপোর্টের কথা অনেকের যাঁরা উল্টোদিকে বসে আছেন তাঁদের হয়ত বিশ্বাস না হতে পারে কিন্তু আমি তাঁদের তাঁদেরই রাজত্বের ভক্ত, গভর্নমেন্টের ভক্ত "স্টেটসম্যান" পত্রিকা একবার দেখতে বলব। গত এক মাস হল "স্টেটসম্যান" পত্রিকা বিভিন্ন তারিখে বিভিন্ন জেলার উপর—বাঁকুড়া, মেদিনীপুর, পশ্চিমদিনাজপুর, মুর্শিদাবাদ, ২৪-পরগনা, বর্ধমান—এবং এমন কি আজকে "অমৃতবাজার পত্রিকা" কুচবিহার সম্বন্ধে যেসমস্ত রিপোর্ট প্রকাশ করেছেন তাতে দেখা যাবে চারিদিকে অত্যন্ত বেশী দুঃস্থতা দেখা দিচ্ছে; এখুনি কাজের সন্ধানে হাজার হাজার লোক এখানে ওখানে ঘুরে বেড়াচ্ছে এবং সংকট অত্যন্ত তীব্র হয়েছে। শুধু তাই নয় তাদের রিপোর্ট খুঁজলে এটা দেখা যাবে যে প্রত্যেক জেলা অফিসাররা পর্যন্ত ঘাবড়ে যাচ্ছেন এবং তাঁরা কি করবেন কিছুই ঠিক করতে পারছেন না। "স্টেটসম্যান"এর রিপোর্টে এটাও দেখা গেল যে, মুর্শিবাদের জেলা ম্যাজিস্ট্রেট বা সেখানকার কর্তৃপক্ষকে না কি বলা হয়েছে যে তাঁরা যেন ফুড মিনিস্টারের সঙ্গে পরামর্শ না করে কোন রকম বিবৃতি না দেন। এই যে অবস্থা সৃষ্টি হচ্ছে তা অন্যান্য পত্রিকাও স্বীকার করতে বাধ্য হয়েছে এবং তাঁরা সরকারের দৃষ্টি আকর্ষণ করছেন। এইরকম শোচনীয় অবস্থা কেন সৃষ্টি হল, কি ভাবে এটা এল একথা আজকে বিচার করা প্রয়োজন। আমি প্রথমে দেখাব যে মাননীয়া রাজ্যপাল মহাশয়া যে ভাষণ দিয়েছেন তাতে যে কতকগুলি তথ্য বা কতকগুলি ফিগার দেওয়া হয়েছে—যে তথ্য তৈরী ব্যাপারে মাননীয় প্রফুল্লচন্দ্র সেন মহাশয় ওস্তাদ—তাতে তথ্যের অনেক কারসাজী করা হয়েছে। গতবারে বলা হল ১২ লক্ষ টন খাদ্য আমাদের ঘাটতি হবে; রিলিফ কমিটির মিটিংএর সময় বলা হল ৮ লক্ষ টন, এখন বলা হচ্ছে ৭½ লক্ষ টন। আবার মাননীয়া রাজ্যপাল যে হিসেব দিয়েছেন অংক করলে দেখা যায় যে ৭ লক্ষ ৪০ হাজার টন ঘাটতি হবে। অথচ এখানে ৪০ হাজার টন উঠিয়ে দিয়ে বলা হচ্ছে যে প্রায় ৭ লক্ষ টন ঘাটতি হবে। শুধু তাই নয়, হিসাবটা একটু মিলিয়ে দেখবেন। প্রফুল্লবাবু গত সেসনে যে বিবৃতি দিয়েছেন ও যে পুস্তিকা দিয়েছেন তাতে তিনি দেখিয়েছেন যে বর্তমানের আমন ধান এবং সামনের আউশ ধান মিলিয়ে বাংলায় মোট উৎপাদন হবে ৩৮ লক্ষ ৫৫ হাজার টন এবং মাননীয়া রাজ্যপাল মহাশয়া তাঁর বিবৃতিতে বলেছেন যে মোট ৩৯ লক্ষ ৫৫ হাজার টন উৎপাদন হবে। অর্থাৎ উৎপাদনের হিসাবে সামান্য ১ লক্ষ টনের মাত্র পার্থক্য হচ্ছে। অথচ দেখা যাবে যে ঘাটতির অংক ১২ লক্ষ টন থেকে ৫ লক্ষ টন কমিয়ে বলা হচ্ছে। এই রকম হিসাবের কারচুপি দিয়ে বাস্তবকে অস্বীকার করা যাবে না। আজকে সরকার রিলিফের ব্যবস্থা করছেন না বরং কমাচ্ছেন· নিজেরা জনসাধারণকে খাওয়াবার দায়িত্ব নিচ্ছেন না বরং কমাচ্ছেন। এটাকে ঢেকে রাখবার চেষ্টা যদি সরকার করেন ও তা ঢাকতে পারবেন বলে মনে করেন তাহলে আমরা বলব আপনারা কোন স্বর্গে বাস করছেন সেটা আপনারাই জানেন এবং মাটিতে আপনাদের পা নেই। প্রথমে বলব খাদ্যের উৎপাদন সম্পর্কে। বিরোধীপক্ষ থেকে অনেকে বলেছেন যে প্রকৃতির বা কৃষকের উপর ঘাটতির দায়িত্ব ছেড়ে দিলে চলবে না—আপনাদের নিজেদের দায়িত্বের জন্য এইসব হচ্ছে। "স্টেটসম্যান" পত্রিকা ২৪-পরগনা সম্বন্ধে

যে রিপোর্ট দিয়েছে তার প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করব—তাতে তাঁরা পর্যন্ত বলেছেন যে শুধু অনাবৃষ্টির জন্য নয় বরং লোনা জল ঢুকিয়ে চাষের জমি নষ্ট করায়, ভূমি-সংস্কার আইন ও জমিদারী আইনের ফলে ব্যাপক উচ্ছেদ এবং সেচব্যবস্থা না থাকার জন্য সেখানে উৎপাদন কম হয়েছে। আমি এই প্রসঙ্গে বিশেষভাবে না বলে শুধু একটা ঘটনা উল্লেখ করছি। ১৯৫৪ সালে চীনেতে যে বন্যা হয়েছিল তাতে প্রায় ২৮ মিলিয়ান অর্থাৎ প্রায় ৩ কোটি একর জমি বিধ্বস্ত হয়েছিল। কিন্তু ১৯৫৬ সালে তার চেয়ে বেশী প্রায় ৪ কোটি একর জমি বাণে বিধ্বস্ত হয়েছিল। এইসব সত্বেও ১৯৫৪ সালে যেখানে ১৬ কোটি টন খাদ্য উৎপাদন হয়েছিল সেখানে ১৯৫৬ সালে ১৮ কোটি টন খাদ্য উৎপাদন হয়েছিল। সুতরাং উৎপাদন ব্যাপারে সরকারী দায়িত্ব অস্বীকার করলে চলবে না। আজকে বিজ্ঞানের যুগে যেখানে বড় বড় পরিকল্পনার কথা বলা হয় সেখানে প্রকৃতির দোহাই দিয়ে এটাকে এড়িয়ে গেলে চলবে না। গভর্নমেন্ট এতদিন পরে মুখে আমাদের কাছে বলছেন যে ক্ষুদ্র সেচব্যবস্থা ইত্যাদি গ্রহণ করব কিন্তু কার্যতঃ কি করছেন সেটা দেখুন। সরকার এই কথা বলছেন যে গ্রামে যদি ছোট সেচব্যবস্থা করতে হয় তাহলে গ্রামের লোককে জমি দিতে হবে। শুধু তাই নয় ৫০ পারসেন্ট অর্থাৎ টাকার অর্দ্ধেক টাকা দিলে তবে সেখানে ক্ষুদ্র সেচব্যবস্থা গ্রহণ করা হবে। কিন্তু এই রকম করে সেচব্যবস্থা করা যায় না। আরও দেখা যাবে যে খাদ্যের উৎপাদন যদি বাড়াতে হয়, ভূমি সংস্কারের কথা এখন বাদ দিলাম—তাহলেও ফার্টিলাইজার জিনিষটা অন্ততঃ আরও বাড়াতে হবে। গভর্নমেন্ট স্বীকার করছেন যে সারের ব্যবহার বেড়েছে, সারের চাহিদা বেড়েছে কিন্তু এবারের এই বাজেট, যে বাজেট অর্থমন্ত্রী মহাশয় পেশ করেছেন তাতে দেখা যাচ্ছে যে ৭৭ লক্ষ টাকা এই সারের খাতে খরচ কমান হয়েছে। ক্ষুদ্র সেচের জন্য টাকার বরাদ্দ করব না, কৃষি খাতে খরচ কমাব, ফার্টিলাইজারের ক্ষেত্রে টাকার বরাদ্দ কমাব এবং এই সব কমাবার পরে যদি বলা হয় যে আমরা উৎপাদন বাড়াবার ব্যবস্থা করছি তাহলে এটাকে প্রবঞ্চনা ছাড়া আর কি বলা যেতে পারে তা আমি বুঝি না। অন্য দিকে আবার যে সংকট এখন দেখা দিয়েছে তা থেকে আমরা বাঁচব কি করে? তার আশু সমাধানের ব্যবস্থা কি হবে, সেটাই এই মুহূর্তের সবচেয়ে বড় কথা। এর জন্য আমরা প্রথম থেকে বলেছিলাম যে আপনারা খাদ্য কিছু কিনে স্টক করুন। কারণ আপনারা যদি না স্টক করেন, রেশনের দোকানে যদি খাদ্য না দিতে পারেন তাহলে কি করে আপনারা বাজারকে নিয়ন্ত্রণ করবেন বা মানুষকেই আপনারা যে কি করে বাঁচাবেন? আমরা বলেছিলাম যে, কৃষক খাজনা, দেনা ও অভাবের চাপে ফসল ওঠার পরে তার ফসল বিক্রি করতে বাধ্য এবং নিজেদের খোরাকি না থাকলেও সে তাই করবে। কিন্তু আপনারা তাদের বিক্রীত এই ধানচাল কেনার কোন ব্যবস্থা করলেন না, শুধু কর্ডন-এর বেড়া-জাল দিয়ে দিলেন এবং মহাজনদের কেনার জন্য পূর্ণসুযোগ দিলেন। এ যেন হল যে চাষীর বিক্রীর অন্য পথ বন্ধ করে ট্রেডার্স এবং মিলার্সদের জালটি ফেলে রেখে দেওয়া হল যাতে ঐ চাষী তার ধান বা চাল কম দামে সেখানে বিক্রি করে। গত ৩ মাসে কত ধান বিক্রি হয়েছে বলা মুস্কিল। কিন্তু ৮ লক্ষ টন কি ১০ লক্ষ টন চাল যদি বাজারে বিক্রি হয়ে থাকে তাহলে সেসব কোথায় গেল? এইসমস্ত চাল গভর্নমেন্ট বড় বড় মজুতদারদের কবলে পাঠিয়ে দিয়েছেন এবং এই সমস্ত মজুত রেখে তারা বেশী মূল্য হাঁকবেন। আজকে যদিও অবস্থার চাপে, আন্দোলনের চাপে সরকার কিছুটা কিনতে বাধ্য হয়েছেন এবং কর্ডন তুললেন, কিন্তু তাও আবার বলছেন যে মিলের উৎপাদনের মাত্র সিকি ভাগ কিনব। এই যদি হয় তাহলে বাকী ৭৫ ভাগের কি হবে বা বাকী ৭৫ ভাগ তারা কোন দামে বিক্রি করবে? শুধু আমার কথা নয়, আমি "স্টেটসম্যান" পত্রিকায় বাঁকুড়া সম্বন্ধে যে রিপোর্ট বেরিয়েছে তা দেখতে বলছি। তাতে বাঁকুড়ায় মিল মালিকরা যে কথা বলেছেন সেই কথাই আমি বলব। তাঁরা এই কথা বলছেন যে, আমরা সরকারকে অল্প দামে সামান্য দিয়ে বাজারে বেশী দর রাখব এবং আমরা সরকারকে বিক্রী করে যেটুকু লোকসান করব তার চেয়ে অনেক বেশী দরে বাজারে বিক্রি করে আরো বেশী লাভ করে আমরা তা পুষিয়ে নেব। শুধু তাই নয় "স্টেটসম্যান" আরও বলছেন যে চাষীও ঠিক দর পাচ্ছে না। কারণ ঐ যে সরকার কম দরে মিল থেকে কিনবেন সেটাকে দেখিয়ে মহাজন এবং মিলগুলো চাষীর কাছ থেকে কম দরে কিনছেন, অন্যথায় কিনতে চাচ্ছেন না।

আমি যদি একথা বলি যে, সরকার মিল মালিকদের একথা বলেছেন যে আমরা রেশনের দোকানে বেশী চাল সরবরাহ করতে পারব না, বাজারে স্কেয়ারসিটি (অভাব) রেখে দেব এবং তোমরা যদি আমাদের সামান্য চাল দাও তাতে আমরা লোক দেখান চেষ্টা করতে পারি, নাম কিনতে পারি আর বাকীটা তোমরা খুব বেশী দরে বিক্রী করে মুনাফা করতে পার তাহলে কি সেটা অন্যায় হবে? সরকার ইচ্ছা করে করুন বা নাই করুন তাঁদের কাজের ফলে বাস্তবে এইটুকু হয়েছে। আরও দেখা যাবে যে সি পি থেকে বা ইউ পি থেকে যেসমস্ত ধান আসছে তার উপর আবার চার আনা করে নেবার ব্যবস্থাও কার্যকরী করা হচ্ছে না। শুধু তাই নয় সরকার বলছেন যে মাত্র ৪ কোটি টাকা ধার হিসাবে স্টেট ব্যাঙ্ক থেকে তাঁরা পাচ্ছেন ধান চাল কেনার জন্য। কিন্তু আমি জিজ্ঞাসা করি ১০ কোটি টাকা পাওয়া গেল না কেন? মুন্দ্রাকে দেবার জন্য টাকার যোগাড় হয় এল আই সি থেকে; দেখা যাবে কত মুন্দ্রার ব্যবস্থা হচ্ছে আর বাংলা-দেশের ৩ কোটি মানুষকে বাঁচাবার জন্য আমরা বলেছিলাম যে ৪ থেকে ৫ লক্ষ টন চাল আপনারা কিনুন এবং তার জন্য ১০ কোটি টাকা ধার হিসাবে নিন কিন্তু সেটার কোন ব্যবস্থা হল না। এটার ব্যবস্থা হল না এইজন্য যে সরকার চান না যে এই ব্যবস্থা করা হোক। অর্থাৎ সরকার চান যে মহাজনদের অতিমুনাফা চলুক।

কেন্দ্র থেকে আমরা কতটুকু চাল পাব সে সম্বন্ধে মাননীয়া রাজ্যপাল মহাশয়া বলেছেন যে ৫ লক্ষ ৫০ হাজার টন চাল আমরা চেয়েছি। অথচ আমাদের কাছে প্রফুল্লচন্দ্র সেন মহাশয় খাদ্য এবং রিলিফ কমিটীর মিটিং-এ বলেছেন যে ১½ লক্ষ টনের বেশী আমরা পাব না কিম্বা খুব বেশী হলে ২ লক্ষ টন পাব। কিন্তু এখানে কেন সেটা বলছেন না? অর্থাৎ নিজেরা যেখানে প্রোকিওর করেন নি, নিজেরা যেখানে বাংলাদেশকে দুর্ভাগ্যের কবলে ফেলে দিচ্ছেন সেখানে এই সব কথা না বলাই ভাল এবং মনে হয় এটাকে ঢাকবার জন্য মাননীয়া রাজ্যপালের ভাষণে এইসব সম্বন্ধে কোন কথাই বলা হয় নি। এ ছাড়া আরো দেখা যাবে যে সেখানে সংশোধিত রেশন সম্বন্ধে অসত্য কথা বলা হয়েছে। মাননীয়া রাজ্যপালের ভাষণে বলা হয়েছে যে ৯ হাজার মডিফাইড রেশনের দোকান থেকে সপ্তাহে ১ সের চাল এবং ১ সের আটা বিক্রি করা হচ্ছে। আমি কংগ্রেস বেঞ্চের মেম্বারদের কাছে জিজ্ঞাসা করব যে এর মধ্যে এতটুকু সত্যতা আছে কি? কোথায় বিক্রি হচ্ছে বা কোন দোকানে চাল দেওয়া হচ্ছে দেখান তো? কোলকাতা ঘুরে দেখুন কোন দোকানে চাল দেওয়া হচ্ছে কি না? কুচবিহারে যান যেখানে ৩২ টাকা চালের দর উঠেছিল সেখানে কোন চাল দেওয়া হচ্ছে কি না দেখান? বেশীর ভাগ জায়গায় দেখা যাবে যে কখনও কখনও সামান্য মাত্র চাল দেওয়া হচ্ছে। আর কোন কোন জায়গায় ৯ আনা সেরে ফ্যামিলী কার্ড-এ চাল দেওয়া হয়, তাও আবার সব জায়গায় দেওয়া হচ্ছে না। অথচ বলা হচ্ছে ৯ হাজার দোকান থেকে চাল বিতরণ করা হচ্ছে। প্রবঞ্চনার একটা সীমা থাকা উচিত, মানুষকে ভাঁওতা দেবার একটা সীমা থাকা উচিত।

[5-55—6-5 p.m.]

তারপর দেখা যাবে সে দুর্ভিক্ষ থেকে যদি বাঁচতে হয় তা হ'লে কৃষিঋণের প্রয়োজন অত্যন্ত বেশী। আমার কথা নয়, সরকারের কথা বলছি, আমরা খাদ্য এবং রিলিফ কমিটীর যারা মেম্বার ছিলাম, আমাদের কাছে গভর্নমেন্ট দিয়েছেন "রিলিফ প্ল্যান ফর ১৯৫৮", তাতে সরকার বলছেন—

"Generous issue of agricultural loans to the cultivators before April-May will be necessary."

কেমন জেনারাস লোন দিচ্ছেন দেখুন এইবারের বাজেটে! ১৯৫৬-৫৭ সালের বাজেট ২ কোটি টাকা কৃষিঋণ দেওয়া হয়েছিল, ১৯৫৭-৫৮ সালে ১ কোটি ৩১ লক্ষ টাকা দেওয়া হয়েছে, আর এবারে বরাদ্দ করা হয়েছে মাত্র ৬০ লক্ষ টাকা। সর্বসমেত মোট ২½ কোটি টাকা বরাদ্দ লোন অ্যান্ড এ্যাডভান্স খাতে, তার মধ্যে ৬০ লক্ষ টাকা কৃষিঋণ খাতে: এই ২½ কোটি টাকার মধ্যে ৪ মাসের ভোট অন এ্যাকাউন্টস মাত্র ৮১ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে তাহলে এপ্রিল-মে মাসের মধ্যে ২০ ৩০ লক্ষ টাকার বেশী কি কৃষিঋণ দেওয়া হবে? তবুও যদি বলা হয় জেনারাস

এগ্রিকালচার লোন দেওয়া হবে, ব্যাপক এগ্রিকালচার লোন দেওয়া হবে, তাহলে বলবো প্রতারণার যে একটা সীমা থাকা উচিত সে সীমা তাঁরা ছাড়িয়ে গিয়েছেন। তেমনি দেখা যাবে গ্র্যাটুইটাস রিলিফ ও টেস্ট রিলিফ-এর খাতে। কি দেখা যাবে, সরকারও স্বীকার করেছেন যে জানুয়ারী মাস হতেই টেস্ট রিলিফ-এর কাজ সুরু করতে হবে; এখন থেকেই দুর্ভিক্ষ দেখা দিয়েছে। ঐ "স্টেটসম্যান", "অমৃতবাজার"এর রিপোর্টগুলি পড়তে, "স্বাধীনতা"র কথা নাহয় বাদই দেন, তাতে দেখবেন চারদিকে ব্যাপক দুঃস্থতা; এখনই ব্যাপক টেস্ট রিলিফ দরকার। অথচ টাকা কত বরাদ্দ করেছেন? না, গতবারের চেয়ে কম, তার আগের বছরের চেয়েও কম। ফ্যামিন খাতে যেখানে ১৯৫৬-৫৭ সালে ৬½ কোটি টাকা বরাদ্দ ছিল, যেখানে গতবারেও ৩ কোটি ৩৮ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে, এবারে কমিয়ে সেখানে মাত্র ২ কোটি ১৪ লক্ষ টাকা বরাদ্দ করা হচ্ছে, আবার তার মধ্যে মাত্র ৭১ লক্ষ টাকা ভোট অন এ্যাকাউন্ট-এ নেওয়া হচ্ছে আর মোট টাকার মধ্যে রিলিফ-এ কতটুকু, রিলিফ-এ মাত্র ৬০ লক্ষ টাকা, গতবারের চেয়েও কম এবং টেস্ট রিলিফ যেটা ব্যাপক করা হবে বলা হচ্ছে তাতে দেওয়া হচ্ছে ১ কোটি ২০ লক্ষ টাকা গত বারে ১ কোটি ৩৯ লক্ষ টাকার চেয়ে কম। শুধু তাই নয় আবার এরই মধ্যে কৃষিঋণ আদায়ের জন্য সার্টিফিকেট জারী সুরু হয়ে গিয়েছে, প্রত্যেক জেলায় হাজার হাজার। এক মেদিনীপুর জেলার ঝাড়গ্রামেই নাকি ২½ হাজার সার্টিফিকেট জারী করা হয়েছে। ওয়েস্ট দিনাজপুরে প্রায় ১½ হাজার সার্টিফিকেট জারী করা হয়েছে। এইমাত্র আমি খবর পেলাম যে মেদিনীপুরের একটা জায়গায় ক্রোক পর্যন্ত করা হয়েছে। গড়বেতা থানার ৯ নং ইউনিয়নএ কাঞ্চন মণ্ডল ও বিভূতি মণ্ডলের ঋণ আদায়ের জন্য চাষের গরু ও ঘরের দরজা ক্রোক করা হয়েছে। ভূতনাথ মণ্ডলের ঐ কারণের জন্যই দুইটি গরু ক্রোক করা হয়েছে। ঋণ বাড়ান যাবে না, বকেয়ার জন্য ক্রোক করা হবে। এইবার খাজনার কথা শুনুন। ধান শুকিয়ে গেল মাঠে কাস্তে নিয়ে চাষী অনেক স্থানে নামতে পারলে না, তবু খাজনা আদায় করা হবে, ছাড় দেওয়া হ'ল না। মন্ত্রীদের জিজ্ঞেসা করলে বলা হয় জেলা ম্যাজিস্ট্রেটকে অধিকার দেওয়া হয়েছে, আর জেলা ম্যাজিস্ট্রেটকে জিজ্ঞেসা করলে বলেন যে দেখুন আমাদের কাছে ইন্টিমেশন না এলে আমরা কি করবো, আমাদের তো সার্টিফিকেট জারী করতেই হবে। এইভাবেই, আমি বলছি, যে আপনারা আজকে দেশকে দুর্ভিক্ষের মুখোমুখি করেছেন এবং দুর্ভিক্ষ অবশ্যম্ভাবী করে তুলেছেন। রাজ্যপালের ভাষণে বলা হয়েছে খাদ্য ও রিলিফ কমিটী করে জনগণের সাহায্য নেওয়া হচ্ছে। দুর্ভাগ্য বলুন আর সৌভাগ্য বলুন আমি ঐ খাদ্য কমিটির একজন মেম্বার। আমার একবার মিটিংএ যোগ দিয়েই যা অভিজ্ঞতা হয়েছে তাতে বলব যে একে লোক দেখান ঠুঁটো জগন্নাথ করে রেখে দেওয়া হয়েছে; এত বড় সংকটের মাঝে মাত্র দুইবার কমিটি মিটিং করেছেন। এটা একটা ছোট মিনিয়েচার স্কেলএ এসেম্বলীরই মত। পাঁচ জনে পাঁচ কথা বললো, মন্ত্রীরা শুনলেন না, তাঁদের যা করে যাবার তা তাঁরা করেই যাচ্ছেন। এবং আমি জিজ্ঞাসা করি ঐ কমিটির কোন কথা নিয়ে কাজ করা হয়েছে কি? কোন সিদ্ধান্ত কি মেনে নেওয়া হয়েছে? একা প্রফুল্লবাবু নিজে যা ঠিক করেছেন তাই করে যাচ্ছেন, তার বেশী কিছু করছেন না। শুধু তাই নয়, বলা হয়েছিল জেলাতে কমিটী করা হবে, মহকুমাতে করা হবে। গত মিটিংএ বিধানবাবু বললেন যে জেলায়ও করা হবে। প্রফুল্লবাবু বললেন, না, না, ও শুধু অফিসার দিয়ে করান হবে। তারপর অনেক ধস্তাধস্তির পর ঠিক হল, মহকুমায় কমিটী করা হ'ক। ফেব্রুয়ারী মাসের ৪ তারিখে মিটিং হয়ে গিয়েছে অথচ আজ পর্যন্ত কোন মহকুমায় কমিটি করার চেষ্টা হয় নি। কারণ উপরের কমিটি ঠুঁটো জগন্নাথ, আর যেখানে আসল ডিস্ট্রিবিউশনএর কাজ সেখানে প্রফুল্লবাবু সমস্ত বিষয় কংগ্রেসের লোকদের হাতে রাখতেই চান দল পাকানর জন্য তাই সেখানে কমিটিকে বানচাল করা হচ্ছে। তবু বলা হচ্ছে জনগণের সাহায্য ও সহযোগিতা নেওয়া হচ্ছে! এইভাবে সহযোগিতা পাওয়া যায় না। স্যার, আমার সময় হয়ে এসেছে; আমি শুধু এই কথাই শেষে বলতে চাই যে যদি সরকার মনে করে থাকেন যে অঙ্কের হিসাব দিয়ে, নানা রকমের কথা বলে, মানুষকে ধাপ্পা দিয়ে আপনারা পার পেতে পারবেন—তা পারবেন না। মনে রাখা দরকার বাংলার মানুষ আগের চেয়ে জেগেছে এবং এও মনে রাখা দরকার যে গত বৎসরে নির্বাচন শেষ হবার পরে এপ্রিলে খাদ্য আন্দোলন সুরু

হয়েছিল আর এ বৎসরে জানুয়ারী থেকে জেলায় জেলায় মিছিল, শোভাযাত্রা ও মহকুমা শাসক-দের ঘেরাও করা সুরু হয়ে গিয়েছে। অতএব যদি মনে করে থাকেন কোনমতে পার পেয়ে যাবো, বাংলার মানুষদের রাঘব বোয়ালের কবলে ফেলে দিয়ে চলে যাবো তাহলে বলবো আপনারা মূর্খের স্বর্গে বাস করছেন। বাংলার মানুষ তা হতে দেবে না। বাংলার মানুষ কেমন করে বাঁচতে হয় তা জানে এবং তার জন্য তারা সংগ্রামও করে যাবে। শুধু আপনাদের কাছে আবেদন যে আগে থাকতে জিনিষটা বুঝবার চেষ্টা করুন। আমি আনন্দিত হলাম কংগ্রেস বেঞ্চের কোন কোন মেম্বার বলেছেন চালের দোকানে চাল পাওয়া যাচ্ছে না, আইনসভার মধ্যে তাঁরা এই সত্য কথা বলেছেন। আপনারা খাদ্যের জন্য লড়ুন। গভর্নমেন্টকে যদি বাধ্য করান তাহলে বাংলাকে বাঁচান যাবে। তা না হ'লে বাংলাদেশ একটা তীব্র সংগ্রামের মুখোমুখী এসে দাঁড়াবে।

**Sj. Nepal Ray:**
মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালিকা,

[এ ভয়েসঃ রাজ্যপাল বলুন।]

আচ্ছা তাই বলছি। রাজ্যপাল তাঁর ভাষণের জন্য আমাদের ধন্যবাদ দেবার কথা। তাঁর ভাষণে অনেক কথাই লেখা আছে; অনেক কথা সরকারের সপক্ষে এবং অনেক কাজ সরকার করতে পারেন নি সে কথাও লেখা আছে। কিন্তু একটা কথা তিনি একদম ভুলে গিয়েছেন যে কথা আমাদের বন্ধু যতীনবাবু একটু আগে বলে গেলেন যে করাপশন সম্বন্ধে কিছু বলেন নি। করাপশন সম্বন্ধে আমার মনে হয় ও'র বক্তৃতায় মেনসন করা উচিত ছিল অনেক কথা। কিন্তু তিনি একেবারেই ভুলে গিয়েছেন। অর্থাৎ যাঁরা তাঁর বক্তৃতা তৈরী করে দিয়েছেন বা যদি উনি নিজেই করে থাকেন, সেটা সম্পূর্ণ ভুলে গিয়েছেন। আজকে সময় এসেছে, সারা ভারত ব্যাপী এই করাপশনএর বিরুদ্ধে একটা অভিযান চালানর। এখানে সকল দল ও মত নির্বিশেষে আমরা সকলেই একমত—কি বিরোধী দল, কি সরকারী দল সকলেই একমত হবেন। স্যার, আপনি হয়তো ভুলে যান নি যে আমাদের ভারতের অর্থমন্ত্রীকে সামান্য একটা করাপশনএর ব্যাপারের জন্য তাকে বিদায় নিতে হয়েছে এবং তাঁর ওপেন ট্রায়েল হয়েছে। আজকে আমরাও চাই বাংলাদেশে এই রকম একটা এনকোয়ারী কমিটি বসিয়ে আমাদের মধ্যে যারা এই রকম বড় বড় রাঘব বোয়াল আছে ঐ কৃষ্ণমাচারীর মত তাদের বিদায় দেওয়া হোক।

**Mr. Speaker:** I do not think you are here to sit in judgment on Mr. Krishnamachari. You have read the judgment. There are conflicting views. Let us not mention about it. We all know it.

**Sj. Nepal Ray:**
আমি উইথড্র করে নিচ্ছি। কিন্তু কাগজে যা দেখেছি তাই বলছি।

**Mr. Speaker:** If you take my advice, the person who has been charged is quite capable of looking after himself. So, I think you better leave the particular subject alone. When time and opportunity comes, if there is any explanation to be given it will be given in due course.

**Sj. Nepal Ray:**
যাই হোক, স্যার, আমি উইথড্র করে নিচ্ছি। কাগজে যা পেয়েছি সেই হিসাবে বলছি। এখনেও যদি ঐ সব হয় তাহলে তার বিরুদ্ধে আমাদের অভিযান করা উচিত। আমার মনে হয় আমার বিরোধী দলের বন্ধুরাও আমার সঙ্গে একমত হবেন। অজ যতীনবাবু একটা ঘটনার অবতারণা করেছেন। অবশ্য আমি তার ঠিক পাল্টা জবাব হিসাবে তা বলছি না। আমরা কালকে বামপন্থী বন্ধুদের অনেকের মুখে শুনেছি যে রিফিউজি রিহ্যাবিলিটেশন হয় নি। আমি শুধু এইটার উপরেই জোর দেবো। কারণ আমার বাড়ী পূর্ববাংলায়। আমার অনেক বন্ধুবান্ধব, আত্মীয়স্বজন যারা এদেশে এসেছে তাদের মধ্যে অনেকে আজ পর্যন্ত নিজেদের পুনর্বাসনের সুবিধা করে উঠতে পারে নি।

[6-5—6-15 p.m.]

সরকারী সাহায্য অনেকে পায় নি, অনেকে মাঠে ঘাটে এখনও ঘুরে বেড়াচ্ছে। এর মূল কারণ কি? সরকার যে টাকা দিচ্ছেন না তাও নয়; সরকার প্রচুর টাকা দিচ্ছেন কিন্তু টাকার অপচয় হচ্ছে বিভিন্ন লোকের মারফৎ। বিভিন্নভাবে এই টাকা আত্মসাৎ করা হচ্ছে—কি সরকারী কর্মচারী, কি বিরোধী দলের বন্ধুরা, সকলে মিলে যেন একটা লুটের রাজ্য সুরু করে দিয়েছেন। এর বিরুদ্ধে আমি বলব একটা এনকোয়েরী কমিটি বসান প্রয়োজন।

["Question, question from Opposition Benches.]

কোশ্চেনের জবাব এখনই দিচ্ছি বন্ধুগণ! আপনি, স্যার, শুনলে আশ্চর্য হয়ে যাবেন বাংলাদেশের একজন শ্রেষ্ঠ বিপ্লবী, আমরা কোনদিন চিন্তা করতে পারি নি, কল্পনা পর্যন্ত করতে পারি নি যে বাংলাদেশের একজন শ্রেষ্ঠ বিপ্লবী যিনি আমাদের বন্ধু ছিলেন এককালে—আজ পর্যন্তও আছেন অবশ্য—তিনি এই এ্যাসেমব্লীর মেম্বার ছিলেন, তিনি কমিউনিস্ট পার্টির সদস্য ছিলেন, তাঁর সম্বন্ধে............

**Sj. Bankim Mukherjee:** On a point of order, Sir.
একজন মেম্বার যিনি আজ নাই—জানি না কার কথা বলছেন—তাঁর সম্বন্ধে একটা কথা বলা চলতে পারে কি না.........

**Mr. Speaker:** Mr. Mukherjee, if a charge is brought connected with the administration, if it is linked up with the administration, I shall allow that; if it cannot be linked up, I cannot allow that.

**Sj. Bankim Mukherjee:**
স্পীকার মহোদয়, এইমাত্র উনি বললেন যে একজন ভদ্রলোক, তিনি এখানে মেম্বার ছিলেন, এখন নাই—জানি না কার সম্বন্ধে বলছেন—আমি তার জন্য 'পয়েন্ট অব অর্ডার' তুলেছি—সে রকম কোন লোকের সম্বন্ধে উল্লেখ হতে পারে না।

**Mr. Speaker:** I can assure you that whenever any charge of corruption will be brought up, I shall never allow that unless it is linked up with the administration.

**Sj. Nepal Ray:**
স্যার, এখানে কতকগুলি উদ্বাস্তুদের কমিটি করে একটা গ্যাঁড়াকলের সৃষ্টি হয়েছিল তার মধ্যে আমাদের বামপন্থী বন্ধুদের একজন নেতা তিনি প্রেসিডেন্ট ছিলেন। সেটার নাম হল "বেলেঘাটা থানা বাস্তুহারা পরিষৎ"—যার ঠিকানা ৩৪নং রাজা রাজেন্দ্রলাল মিত্র রোড এটা আগে ছিল, তার পরে সেই বাস্তুহারা পরিষৎ সেটা সোদপুরের কাছে নাটাগড়ে গেল। সেই পরিষদে ৫০০ মেম্বার ছিল। এই ৫০০ মেম্বারের কাছ থেকে এক্‌জিকিউটিভ কমিটির সভাপতি এবং সেক্রেটারী মিলে ২,৬০০ জনের নিকট রেজিস্ট্রেশন ফী পরিবার পিছু ১২ টাকা নিয়েছেন—পরিষদের মেম্বার হওয়ার ফী। আর প্রতিমাসে ১ টাকা থেকে ৩ টাকা—এইরকম করে ৫০,০০০ টাকা নেওয়া হয়েছে পরিষদ চালাবার জন্য। এই ৫০,০০০ টাকার কোন হিসাব দেওয়া হয় নি

**Mr. Speaker:** Mr. Ray, I am allowing this on the assumption that it has something to do with the administration.

**Sj. Nepal Ray:**
হাঁ, স্যার, আমি তা এনে দিচ্ছি। এর সঙ্গে সরকারী কর্মচারীর যোগসাজস রয়েছে। ঐ অক্‌ল্যান্ড হাউসের বড় কর্তা—জে বি সেন মহাশয় এর মধ্যে জড়িত আছেন; তাঁর বিরুদ্ধেও অভিযোগ করছি, স্যার। ঐ ভদ্রলোক ঐ সভাপতি ভদ্রলোকের এক জেলার বাড়ী, এবং একেবারে তাঁর কব্‌জার মধ্যে ছিলেন। উদ্বাস্তুদের নিয়ম হচ্ছে এল পি স্কীম-এ উদ্বাস্তুদের তরফ থেকে ½ দিয়ে বাড়ী তৈরী হলে সরকারের তরফ থেকে ½ দেওয়া হবে.........

**Sj. Subodh Banerjee:** Not L.P. scheme. It is H.B. scheme.

**Mr. Speaker:** Interruptions lead to troubles. I am carefully listening to the speech. If there be any occasion to stop him, I will. Leave it to me.

**Sj. Nepal Ray:**

স্যার, সেখানে সরকারী নিয়ম হচ্ছে ই যদি বাড়ী তৈরী হয়—তাহলে সরকারের তরফ থেকে ই টাকা দেওয়া হবে। কিন্তু বাড়ীর ভিত খোঁড়ার আগেই টাকা পুরা দেওয়া হয়েছে, অর্থাৎ সমস্ত টাকা আত্মসাৎ করবার জন্য সরকারী কর্মচারীদের যোগসাজসে এই কাজ করা হয়েছে। এখানে একজন এ-আর-ও ছিলেন—অমিতাভ ঘোষ ব'লে—তিনি এর বিরুদ্ধে অভিযোগ করেছিলেন যে এ হতে পারে না, এ করতে দেব না, তাঁকে এঁ'রা সকলে মিলে সরিয়ে দিলেন, এবং সেখানে সুবিধা মত লোক নেওয়া হল। স্যার, এই পরিষদের প্রায় ৫০০ মেম্বার থেকে ১০০ টাকা কোরে নিলে ৫০,০০০ টাকা হয়। এই ৫০,০০০ টাকার একটা অডিট রিপোর্ট শুনলে আপনি, স্যার, হাঁসতে হাঁসতে মরে যাবেন—সেই অডিট রিপোর্টে আছে ৮ হাজার টাকার রসগোল্লা খরচ এবং ৩ হাজার টাকার ট্যাক্সি ভাড়া দেওয়া হয়েছে, যে অডিট রিপোর্ট প্লেস করা হয়েছে তাতে দেখা যায় ৮ হাজার টাকার রসগোল্লা এবং রাজভোগে খরচ হয়েছে।

**Mr. Speaker:** Is there a private auditor or a Government auditor?

**Sj. Nepal Ray:**

কোয়ালিফায়েড অডিটর এ রকম ধরণের রিপোর্ট লিখতে পারে না। তার মধ্যে সেখানে ২৮৪টা পরিবারকে সরকার প্রায় ১০ লক্ষ টাকা পর্যন্ত দিয়েছেন—৫ হাজার টাকা থেকে, ৩,৫০০ টাকা থেকে ২,২৫০ টাকা, এমন কি ১,২০০ টাকা এক একটা পরিবারকে। তার মধ্যে কেউ কেউ বাড়ী তৈরী করছে; আর বাড়ী তৈরী করতে সভাপতির মনোনীত লোক, বন্ধু বান্ধব, আত্মীয় স্বজন, কন্ট্রাক্টরের দল সৃষ্টি করে টাকা পুরা মেরে দিয়েছে। ২ লক্ষ টাকা খরচ হয়েছে, আর ৮ লক্ষ টাকা মেরে দিয়েছে। এতে ঘাবড়াবার কিছু নেই। একটা কোরে কপি আপনার টেবিলে দিচ্ছি, একটা প্রেসওয়ালাদের, এবং একটা সরকারকে দেব। তা না হলে এসব ধামা-চাপা পড়বে, এবং এ সব বরাবর চলবে। স্যার, এল পি স্কীম-এর নিয়ম চার কাঠা ক'রে জমি দেওয়া হবে কিন্তু ও'র ভাইপো

[বিরুদ্ধ পক্ষ থেকে চীৎকার -"কার ভাইপো? প্রেসিডেন্টের?"]

নামটা বলছি,—অস্থির হওয়ার দরকার নেই। আর হচ্ছে কি? কন্ট্রাক্টরের কাছে সরকারের টাকা খারাকপুরে দেওয়া হবে। টাকা দিয়েছেন ৫ হাজার টাকা রিফিউজীরা—এক বছরেই টাকা দিচ্ছে: কারণ টাকা না দিলে জমি দেওয়া হবে না। একেই তো বে-আইনী টাকা নেওয়া হচ্ছে, বাড়ী তৈরী না ক'রে কেউ টাকা পেতে পারে না; কিন্তু সেই টাকায়—এই রকম রসিদ দেওয়া—দুহাজার, তিন হাজার, পাঁচ হাজার টাকা ঐ ভদ্রলোকের কাছে আছে, আমার কাছেও রসিদ আছে যে সেই কন্ট্রাক্টরের ফেভারে টাকা দিয়েছেন; অর্থাৎ কন্ট্রাক্টর এবং উনি যে একই লোক এটার সম্বন্ধে কোন ভুল নাই যে টাকাগুলো সম্পূর্ণ আত্মসাৎ করা হয়েছে। তার মধ্যেও আবার অনেক লোক আছে তারা টাকাকড়ি দেয় নি।

[6-15—6-25 p.m.]

তিনি বলেন, যখন সভাপতি হয়েছি টাকা আমাকে জমা দিতেই হবে, সে বাড়ীই হোক, চাই নাই হোক। এইভাবে ৫০০ পরিবারকে সম্পূর্ণরূপে এরা মাটির সংগে শুইয়ে দিয়েছে। স্যার, আবার একটা মজা এই যে এই প্লটগুলি সরকারের টাকায় কেনা, এর আবার ভারী মজা। রসিদ ও'রা দিচ্ছেন, যদি কেউ লেখে প্লট বুঝিয়ে দিন, টাকা পেয়েছি বাড়ী তৈরী করবো, তাহলে তাকে লেখা হয় দরখাস্তকারীকে প্লট বুঝিয়ে দিয়ে অনুগৃহীত করা হউক। যেন একেবারে জমিদারী সেরেস্তা পেয়ে গেছে। প্রেসিডেন্ট মহাশয় জমিদারীতে বাস করছেন, লেখা হয় দরখাস্তকারীকে প্লট বুঝিয়ে দিয়ে অনুগৃহীত করা হোক, যেন একেবারে পিতৃদায় হতে মুক্ত করা হচ্ছে।

[হাস্য]

স্যার, কোন রিফিউজি যদি এই সব নিয়ে প্রতিবাদ করে তাহলে তাদের সেখানে মারধোর করা হয়। জ্যোতিবাবু কালকে বলেছেন, আমরা নাকি, কংগ্রেস দল নাকি গুণ্ডা পোষে। সেখানে থানায় কেস হয়েছে, ওদেরই পাণ্ডার ভাইপো—বাইরে থেকে কিছু নাম করা গুণ্ডাদের নিয়ে রেফিউজিদের ঠেঙ্গাবার জন্য ব্যবহার করেছেন, যার জন্য কেস হয়েছে ১৯এ ডিসেম্বর ১৯৫৭ তারিখে খড়দহ থানায়। স্যার, আমি আরও বলছি ইউনাইটেড কনস্ট্রাকশন অ্যান্ড ইন্ডাস্ট্রিজ করপোরেশন, রেজিস্টার্ড বলে লেখা হয়েছে, এখানে কাগজ যাচ্ছে—একজনের কাছ থেকে ৩,৫০০ টাকা নিয়েছে—এই যে রসিদটা, স্যার, রেজিস্টার্ড বলে লেখা আছে, আমি এনকোয়েরী করেছি এটা রেজিস্টার্ড নয়, কত বড় জালিয়াতি দেখুন। কে বি অ্যান্ড কোম্পানী, বীরেণ চক্রবর্তী, পিপ্‌ল্‌স্ কনস্ট্রাকশন—১নং ২নং রজনী দাস নানা রকম নাম দিয়া ভূয়া কন্ট্রাক্টর নাম করে পুরো টাকা, স্যার, ৮ থেকে ১০ লক্ষ টাকা, এর মধ্যে দু' লক্ষ টাকার কাজ কর্ম হয়েছে, নিজেদের বাড়ী হয়েছে, আর বাকীটা আত্মসাৎ করা হয়েছে।

আর একটা কথা হচ্ছে, স্যার, এই রেফিউজিরা সিফ্‌টিং চার্জ বাবদ ৫০ টাকা করে পায়, অথচ তাদের সেই সিফ্‌টিং চার্জ দেওয়া হবে না, কেন না তারা কথা শুনছে না। এই রকম যে দুর্নীতি হচ্ছে এগুলো যদি আমাদের তরফ থেকে হয়ে থাকে তাহলে আমরা ট্রায়েল ফেস করতে রাজী আছি। ওদের তরফ থেকে যখন হয়েছে, ওরা ট্রায়েল ফেস করুক, এনকোয়েরী কমিটী সেট্ আপ করা হোক সেই এনকোয়েরী কমিটী বসে, আমাদের সামনে, হাউস-এর সামনে, ফ্যাক্টস প্লেস করবে যে একচুয়েলী কি ফ্যাক্টস হয়েছে না হয়েছে। আমার কাছে একখানা, স্যার, স্যাম্পল আছে ৩০।৪০ হাজার টাকার রসিদ আছে, আর ফটোস্ট্যাট কপি করতে পারি নি, অনেক পয়সা লাগে। ৩।৪ শত রসিদ আছে ঐ ভদ্রলোকের হাতে সই করা। ঐ ভদ্রলোক আর কেউ নন ওদেরই পুরাণো এম এল এ, অম্বিকা চক্রবর্তী মহাশয়।

## Point or order.

**Sj. Jyoti Basu:**
On a point of order.
মিঃ স্পীকার, আমি এতক্ষণ কিছু বলি নি—কিন্তু আবার নাম হয়েছে। আপনার মনে আছে এর আগে শ্রীজগৎ বোস মহাশয় সম্বন্ধে ঐ ভদ্রলোকই এরকম কথা বলেছিলেন, এবং আপনি মন্তব্য করেন বক্তৃতা দেখে যে সম্পূর্ণ ইর্রিলিভেন্ট বক্তৃতা হয়েছে এবং আপনি সেটা প্রিভিলেজ কমিটিতে পাঠিয়েছেন, প্রিভিলেজ কমিটির কাজ এখনও শেষ হয় নি। কিন্তু আপনি জানেন, আমাদের রুলসএ আছে যে কোন মেম্বার আর একজন মেম্বারকে এভাবে আক্রমণ করতে পারেন না, যদি না এ্যাডমিনিস্ট্রেশন-এর কোন ব্যাপার হয় সেটা এতক্ষণ ধরে বুঝবার চেষ্টা করছিলাম। তিনি এখানে মেম্বার ছিলেন, এই ঘরের মধ্যে—এভাবে অনেক কথা তাঁর সম্বন্ধে বলে যাওয়া হল, সত্য মিথ্যার মধ্যে আমি যাচ্ছি না। হঠাৎ একজন বাইরের ভদ্রলোকের নাম করে দেওয়া হচ্ছে। দ্বিতীয়বার এ জিনিষ হল। আমি শুধু আপনার কাছে জিজ্ঞাসা করি অম্বিকাবাবুর নামে যা কিছু বলা হয়েছে তা সমস্ত ক্যান্সেল করে দিন, আর তা যদি না হয়, স্পীকার মহাশয়, অম্বিকাবাবু যদি চোর হয়ে থাকেন, আমাদের একটা কথা আছে—"রতনে রতন চেনে", যদি তাই হয়ে থাকে অম্বিকাবাবুর ট্রায়েল হবে এবং তার জন্য কেস হবে। উনি যদি নিশ্চয়ই ঐ রকম যোগাড় করে থাকেন তাহলে কেস হোক; একজন রতন যদি আর একজন রতনকে চিনে থাকেন তাহলে কমিউনিস্ট পার্টির পক্ষে সে—ডাঃ বিধানচন্দ্র রায়ই হউন, আর যত বড় হাইরেস্ট মেম্বারই হউক—যদি এরকম কিছু প্রমাণিত হয়, এক মিনিট লাগে ওকে নের করে দিতে।

[Noise and interruptions from Congress Benches.]

[Sj. Nepal Ray remained standing.]

**Mr. Speaker:** Mr. Ray, will you kindly resume your seat?

[Sj. Bijoy Singh Nahar rose.]

**Sj. Jyoti Basu:**
আমি শুধু এটুকু বলছি—এসব জানা সত্ত্বেও একজন বাইরের লোক সম্বন্ধে—ওদিক থেকে শুনুন কংগ্রেসের সেক্রেটারীও কি বলছেন—

**Sj. Bijoy Singh Nahar:** Sir, is this point of order?

[Noise and interruptions and uproar.]

**Sj. Jyoti Basu:**
শত বিজয় সিং নাহার আসলেও আমাকে বসাতে পারবে না, কি ভেবেছে সে? কি মনে করেছে সে?

[Noise and interruption.]

**Mr. Speaker:** If you go on in this way, I shall adjourn the House in a minute. I thoroughly disapprove of members who go on talking when a point of order has been raised. It is for me to decide whether a point of order is in order or not. I have allowed it because I have thought it to be right. You can say anything you like but I shall give my decision later on.

[6-25—6-35 p.m.]

**Sj. Jyoti Basu:**
স্পীকার মহাশয়, আমি যেটা বলছিলাম, যিনি এখানে নাই, এই হাউসে বর্তমানে নাই......

[Sj. Bijoy Singh Nahar rose.]

**Mr. Speaker:** You should not speak until Mr. Basu has resumed his seat. I am prepared to hear everyone.

**Sj. Jyoti Basu:**
আমি তাই বলছি, তিনি একজন অফিসারের কথা বলেছেন, কিন্তু তারপর আরেকজনের নাম করেছেন যিনি এখানে নেই এবং যিনি বাইরের লোক। আমি ভেবেছিলাম আপনি উঠবেন, কিন্তু আপনি সবসময় লক্ষ্য করেন না। জগৎ বসুর ব্যাপারেও এই জিনিস হয়েছে। সেজন্য আমি বলছিলাম, গুরুত্ব দিয়ে এই ব্যাপারটা বিচার করুন—এই পয়েন্ট অব অর্ডারই আমি তুলেছি যে এইরকম জিনিস হাউসে করা যায় না। এবং এই জিনিস যদি বন্ধ না করেন তা হ'লে হাউস একটা বিশৃঙ্খল অবস্থায় পরিণত হবে এবং সেই জিনিস আমাদের পক্ষ থেকে করতে হবে। মিঃ স্পীকার, আমি ১০ বৎসর এখানে আছি, এই ধরনের জিনিস এই ভদ্রলোক যা করছেন এর আগে কখনও দেখি নি। সেজন্য আপনার কাছে অনুরোধ, এগুলি বন্ধ করুন।

**The Hon'ble Purabi Mukhopadhyay:** On a point of order, Sir.
মিঃ স্পীকার, স্যার, আপনি রুলিং দেবার আগে একটা প্রশ্ন জিজ্ঞাসা করতে চাই। আপনি জানেন আমরা এখানে সবাই নিয়মানুগভাবে ব'সে আছি ব'লে মনে করি। আজকে এখানে লিডার অব দি অপোজিশন এইধারের একজন মাননীয় সদস্যের সঙ্গে তর্ক করতে গিয়ে এমন একটা কথা বলেছেন যা আমি মুখ দিয়ে উচ্চারণ করতেও লজ্জা পাই। তিনি বলেছেন, *** আমি আপনার মাধ্যমে জিজ্ঞাসা করতে চাই লিডার অব দি অপোজিশন এই কথা বলেছেন কিনা। যদি না ব'লে থাকেন আমার বলার কিছু নাই। কিন্তু কথাটা অনেকেই শুনেছেন এবং বোধ হয় তিনি সেটা উত্তেজনার মুহূর্তে ব'লে ফেলেছেন। যদি লিডার অব দি অপোজিশন হাউসের ডিগনিটি মেনটেন না করেন তা হ'লে সেটা সকলের পক্ষেই দুঃখের বিষয়। পয়েন্ট অব অর্ডার জ্যোতিবাবু যেটা তুলেছেন সেটার উপর ডিসিসন দেবার আগে আমি আরেকটা বিষয় বলতে চাই। নেপাল রায় আজকে এখানে যে অভিযোগ তুলেছেন একজন আউটসাইডার অর্থাৎ অম্বিকাবাবুর সম্বন্ধে সেটা অর্থাৎ সমস্ত স্পীচটাই এক্সপাঞ্জ করতে বলা হচ্ছে। তিনি শুধু অম্বিকাবাবু সম্বন্ধেই বলেন নি, এই কাজ করবার পিছনে সরকারী কর্মচারীর চক্রান্ত রয়েছে এই কথা নেপালবাবু বহুবার বলেছেন। যদি বলা হয় যে, সমস্ত স্পীচটাই এক্সপাঞ্জ করা হোক তা হ'লে সরকারী কর্মচারীর চক্রান্ত সমর্থন করা হবে

* * * * Expunged by order of Mr. Speaker.

কিনা? যদি সমস্ত স্পীচটা এক্সপাঞ্জ করা হয় তা হ'লে লজিক্যালি সরকারী কর্মচারীর চক্রান্তই সমর্থন করা হয়ে যায় প্রকারান্তরে। আমি নেপালবাবুর বক্তৃতা মন দিয়ে শুনেছি। তিনি [illegible] ছাড়াও আরও অন্তত দুইজন অফিসারের নাম করেছেন। আপনি এখানে ডিসিসন দেবার আগে আমি একথা হাইসের সামনে রাখতে চাই—এই স্পীচ এক্সপাঞ্জ করার প্রশ্ন উঠে কিনা যেখানে শুধুমাত্র তৃতীয়পক্ষ সম্বন্ধেই বলা হয় নি, অন্যান্য সরকারী কর্মচারী-দের কথাও এখানে আনা হয়েছে। যতক্ষণ পর্যন্ত না এই জিনিসের এনকোয়ারি হচ্ছে—নিশ্চয়ই এনকোয়ারি হওয়া উচিত. আমি [illegible] কথা সমর্থন করি এবং এনকোয়ারি করার ব্যাপারে এটাই আমি মনে করি। এ সম্বন্ধে আমি আর কোন মন্তব্য করতে চাই না। শুধুমাত্র একথাই বলব যে, এখানে শুধু তৃতীয় পক্ষের কথাই নাই, সব কিছুই এর মধ্যে জড়িত আছে।

**Sj. Jyoti Basu:**
শ্রীমতী পুরবী মুখার্জি ঠিক কথাই বলেছেন। উনি বাইরের লোক সম্বন্ধে যেকথা বলেছেন সেটাই এক্সপাঞ্জ করতে হবে। সরকারী [illegible] সম্বন্ধে আমি একথা বলি নি।

**The Hon'ble Purabi Mukhopadhyay:**
আমার প্রথম চার্জ এই যে, তিনি অসতর্ক মুহূর্তে নিশ্চয়ই বলেছেন, সতর্ক মুহূর্তে এই ধরনের শব্দ উচ্চারণ করা যায় না।

**Mr. Speaker:**
আমি শুনতে পাই নি।

**Sj. Bankim Mukherjee:** On a point of order, Sir,
একটার সঙ্গে

**Mr. Speaker:** Mr. Mukherjee, I know you are an orderly member. Kindly sit down.

**Sj. Bankim Mukherjee:**
আমি যেটা বলছি, একটার সঙ্গে দুটো পয়েন্ট অব অর্ডার হয় নি। তা হ'লে কনফিউজড হয়ে যায়।

**Mr. Speaker:** Mr. Basu, did you use any harsh expression? I did not hear it, nor did Mr. Mukherjea hear it.

**Sj. Jyoti Basu:**
স্পীকার মহাশয়, আমি অনেক কথাই বলেছি, অনেক গালাগাল দিয়েছি। আমাকে যখন পারসোন্যালি গালাগাল দেওয়া হয় এবং বলা হয় "সিট ডাউন" এবং "শাট আপ অ্যান্ড সিট ডাউন" তখন আমার মুখ দিয়ে বেরিয়েছে যা শ্রীমতী পুরবী মুখার্জি বলছেন। আমি কি বলেছি না বলেছি এখন আমার মনে নাই। আমি জানি না কি কি গালাগাল দিয়েছি। আমি যেসমস্ত আনপার্লামেন্টারি কথা বলেছি সবগুলি উইথড্র করছি।

**Mr. Speaker:** I accept it.

**Sj. Bankim Mukherjee:**
সভামুখ্য মহাশয়, শ্রীমতী পুরবী মুখার্জি যে পয়েন্ট অব অর্ডার তুলেছেন তাতে কোন ডিসিশন দেওয়া হয় নি। আমি আপনার কাছে শুনতে চাচ্ছি প্রথম পয়েন্ট অব অর্ডারটার আগে সিদ্ধান্ত হোক। আমার এখানে বক্তব্য হচ্ছে, তিনি একজন অফিসারের নাম ক'রে দিয়েছেন যার যোগসাজসে এই জিনিস হয়েছে, কিন্তু পরে বিস্তৃত বিবরণ দিয়ে যেটা বলা হয়েছে তার সঙ্গে অ্যাডমিনিস্ট্রেশনএর কোন সম্পর্ক নাই। রিফিউজিদের টাকা নিয়ে গুণ্ডামি করেন এবং নিজের লোককে দিয়ে বাড়ি তৈরি করেছেন ইত্যাদি যেসমস্ত জিনিস শুনাতে লাগলেন সেই জিনিসগুলির কোন রেফারেন্স নাই। আমরা এখানে পরিষ্কার লক্ষ্য করতে পারছি আপনি এখানে ইর্রিলেভ্যান্ট বক্তৃতা দেবার সুযোগ দেন এবং এই ভদ্রলোক সম্বন্ধে আমরা দেখি তিনি যখনই উঠেন এইরকম করেন।

[6-35—6-45 p.m.]

**Mr. Speaker:** I have asked my Secretary to put up the speech for my consideration and I will find out which portions are relevant and which are not.

**Sj. Nepal Chandra Roy:**

স্যার, আমি এটা শুধু একটা স্যাম্পল হিসাবে দিয়েছি, আমার আরও অনেক বক্তব্য আছে।

**Mr. Speaker:** Mr. Roy, do me the courtesy of listening. In this House the scenes that have taken place, I cannot justify. I do not like these things, because I am not a person who is used to hooliganism and rowdism. The point that has been raised is a pertinent point. The point is one of relevancy. When you connected the name of one of the officers of Auckland House—I do not wish to repeat his name—I thought you could do it because in the past I have allowed it. When some allegation was made against one of the highest officials during the last session I did not stop the speaker because it concerned a very important man in the administration. From that point of view I allowed you to cite names. But I think your total speech drifted into irrelevancy from this point of view. I know there are societies which are out to cheat the Government and fleece the refugees, but that is a crime or an offence committed by a private body of persons—may be an alleged society led by Ambica Chakravarty or someone else with which the administration is not concerned. If you could suggest that Shri Ambika Chakravarty's alleged dishonest activities are linked with the administration directly, that might have been a pertinent thing to do. But, if I remember your speech aright, which I listened with rapt attention, the latter part of your speech before the House today referred to the misdeeds done by a private body of persons who have formed a society and who are fleecing the society. Certainly, you are entitled to criticise the administration and officers but do not bring in private things. Today there will be no further discussion on this. I have asked the Secretary to put up the speech for my consideration, and I am going to deliver a written order.

**Sj. Jyoti Basu:**

মাননীয় স্পীকার মহাশয়, আমি এইমাত্র শুনলাম, যা এত গোলমালের মধ্যে শুনতে পাই নি—আনপার্লামেন্টারি একটা কথা আমি শুনেছি। আমি হয়ত আরও গালাগালি দিয়েছি, যেগুলি আনপার্লামেন্টারি সেগুলি উঠিয়ে দিন। কিন্তু ও'রা যেগুলি শুনিয়েছেন, যত কিছু খারাপ কথা বলেছেন সে সম্বন্ধে কিছু বলেন নি। ওদিক থেকে অনেক গালাগালি দিতে শুনলাম। আমাদের গালাগালিটা যদি নেন তা হ'লে ও'দেরটাও নিন। আমাদের কথাগুলি যদি উইথড্র করতে বলেন, তা হ'লে ও'দের আনপার্লামেন্টারি কথাগুলি আগে উইথড্র করতে বলুন।

**Sj. Bijoy Sing Nahar:**

আমি কখনও আনপার্লামেন্টারি কথা বলি নি, এবং উচ্চারণও করি নি। আমি সেগুলি বলতে ঘৃণাবোধ করি।

**Mr. Speaker:** Mr. Nahar, please sit down. You are a highly respected person holding one of the most important positions in a political organisation. If due to heat or excitement—as Mr. Basu admits that he said certain harsh words and he unconditionally withdrew them—any member, whether it is yourself or anybody else used such expressions, I would expect him exactly to do the same. We follow the practice in this House that we do not record any harsh words; all that is recorded is "uproar". We are doing a very important thing; we are discussing the activities of the administration over a period of one year. Uproar would lead to nothing.

but a cogent piece of argument properly placed before the House would lead Government to take appropriate steps to see that these corruptions are checked. You should all remember that this is no a place to make scenes, and it is not desirable that you should do so. You are all educated gentlemen and you should know your ownselves.

Mr. Nahar, have you anything to say?

**Sj. Bijoy Sing Nahar:**
আমি এইটুকু বলতে পারি, আমি কোন খারাপ কথা বলি নি, আনপার্লামেন্টারি কথা বলি নি, তা বলতে পারি না এবং তা বলবার অভ্যাসও নাই।

**Dr. Kanai Lal Bhattacharjee:**
মাননীয় স্পীকার মহাশয়, একটা কথা আমি বলতে চাই। যখন গণ্ডগোল হচ্ছিল তখন অপোজিশন বেঞ্চ থেকে নাহার মহাশয়ের কাছ থেকে দু-তিনটা কটূক্তি শুনেছি। এখন যদি নাহার মহাশয় বলেন—'না', সেটা আলাদা কথা। কিন্তু তা হ'লেও আমি অনুরোধ করব সেগুলি প্রত্যাহার করা দরকার। বিরোধী দলের মাননীয় নেতাকে তিনি যেভাবে যে ভাষায় উক্তি করেছেন, সেগুলির মধ্যে দুটি ভাষা আমার কানে এল—সেটা হ'ল "চোর" এবং "ননসেন্স"। আমি আশা করব এটা তিনি প্রত্যাহার করবেন।

**Sj. Bijoy Sing Nahar:**
আমি একথা বলি নি। আমি গলা চেঁচিয়ে ব'লে থাকি, আমার লাঙ্গসএর জোর আছে—আমি চিৎকার করেছি, ও'রাও চিৎকার করেছেন। ও'রা যে কথা বললেন, আমি সেকথা বলি নি।

**Mr. Speaker:** Mr. Bhattacharjee, I always like people to be straight. If a man calls another man a crook or cheat, it is perfectly all right; he should have equally the courage to withdraw it. I proceed on that sound principle. I treat all of you as gentlemen. Any explanation given is accepted and the matter is finished. Mr. Nahar said "I have not said it". For me to say that I do not believe it is to lower the dignity of the House which I do not propose to do. I accept the explanation and there is an end of the matter.

[Sj. Nepal Chandra Ray—rose.]

Mr. Ray I will only say, today you will not proceed in the way you were proceeding.

Many a speech has been delivered in this House and many a speech will be delivered, but it will be an advantage to listen to the Speaker of the House when he is talking. I think I am the only judge in the House to decide the question of relevancy. No member has any authority to challenge my decision. I said private activities of any society or body of men cannot be the purview of discussion of this House. You cannot discuss it. If you have anything against the administration for corruption, malpractice or fraud, please go on with it.

**Sj. Nepal Chandra Ray:**
স্যার, আমার একটা পার্সোন্যাল কথা আছে। জ্যোতিবাবু যে কথা বললেন.........

**Mr. Speaker:** Leave Jyoti Babu alone. You go on with your charges against the administration. You are discussing Governor's speech; you are not answering Jyoti Babu.

[6-45—6-55 p.m.]

**Debate on the motion of Address in reply to Governor's speech**

**Sj. Nepal Ray:**

আমি কিছু বলবার আগেই প্রথমে জ্যোতিবাবু সেই কথা বলেছেন, রতনে রতন চেনে। স্যার, আমার বক্তব্য হচ্ছে—এই যে সরকারের ১০ লক্ষ টাকা অপচয় হচ্ছে যা কেউ কেউ আত্মসাৎ করছে, এই টাকাটা সরকারী [illegible] যোগসাজসে হচ্ছে নতুবা হওয়া সম্ভব নয়। অথচ একজন লোকের পক্ষে উদ্বাস্তু হয়ে অকল্যান্ড হাউসএ বা বিভিন্ন জায়গায় এই ১১ বৎসর যাবৎ পিটিশন করেছে কিন্তু আজ পর্যন্ত টাকা পায় নি, কিন্তু এখানে মাত্র এক মাস, ১৫ দিনের মধ্যে কি ক'রে টাকা পায় [illegible] যোগসাজস ছাড়া তা আমরা বুঝতে পারি না। মন্ত্রিমহাশয়কে আমি ওপেন চ্যালেঞ্জ করছি তিনিই এটা স্বীকার করবেন যে, তাঁর ডিপার্টমেন্ট থেকে কখনই এত তাড়াতাড়ি কোন টাকা উদ্বাস্তুদের দেওয়া হয় নি। কিন্তু এখানে দরখাস্তের সঙ্গে সঙ্গে দুই মাসের মধ্যেই টাকা পেয়েছে। এটা আমি চ্যালেঞ্জ দিয়ে বলতে পারি যে, ১০ বৎসর হয়েছে দরখাস্ত দেওয়া হয়েছে আজও টাকা তারা পায় নি, কিন্তু এখানে সেটা কি ক'রে হ'ল সেটা মন্ত্রিমহাশয় যদি এনকোয়ারি ক'রে বের করেন, তা হলে কত টাকা সরকারী [illegible] পেটে গিয়েছে তা বোঝা যাবে। স্যার, বিরোধী দল থেকে কালকে শুনলাম যে, আমাদের এই তরফের লোকদের গুন্ডা পোষণের ব্যবস্থা আছে।

**Mr. Speaker:** Very well, you have made that point.

**Sj. Nepal Ray:**

সেই সম্বন্ধে বলছি ডেফিনিট ফ্যাক্ট দিচ্ছি। ঐ তরফের কয়েকজন বিশিষ্ট লোক তারা গুন্ডার সাহায্যে—পরশু দিনের ঘটনা বলছি—একটা কলোনির ১০০ বিঘা জমি আছে, সেই কলোনির যে সারপ্লাস ল্যান্ড রয়েছে, বাজার ও স্কুল করবার জন্য জমি রাখা হয়েছিল—সেই জমি জোর ক'রে যেসব রিফিউজি তাদের বিরুদ্ধে চলে গিয়েছিল তাদের জোর ক'রে সরিয়ে দিয়ে তাদের দলের লোককে বসিয়ে দিল যাতে তাদের দল ভারী করতে পারে এবং তাদের উপর গুন্ডা দিয়ে হামলা করা হ'ল। স্যার, [illegible] সমস্ত দায়িত্ব সরকারের উপর বর্তাবে। আমাদের মনে হয় যদি কোন উদ্বাস্তুদের উপর উৎপীড়ন করা হয় তবে সরকারের সম্পূর্ণ দায়িত্ব তাদের রক্ষা করা। এইজন্য আমি বলছি যে, সরকারপক্ষ তাদের ঋণ দিয়েছে, সরকার টাকা দিয়েছে এবং তাদের সরকারকে সে টাকা ফিরিয়ে দিতে হবে। সরকারের দায়িত্ব তাদের দেখা যে, তারা নিজেদের সেখানে স্থাপন করতে পেরেছে। সেইজন্য আমি বলছি তাদের উপর উৎপীড়ন করা হ'লে সরকার সেই দায়িত্ব এড়াতে পারেন না। তাই মন্ত্রিমহাশয়কে বলছি একটা এনকোয়ারি কমিটি আজকেই বসান এবং বিরোধীপক্ষের বন্ধুদের ও আমাদের নিয়ে সেই এনকোয়ারি কমিটির মধ্যে রেখে তা চালু করেন। আমার এটা শুধু মুখের কথা নয়, আমার কাছে এত দলিলপত্র আছে যা মুটের মাথায় দিয়ে নিয়ে আসতে হবে। আমি এখানে কয়েকটি স্যাম্পল ও কপি নিয়ে এসেছি, এবং কয়েকটি ফটোস্ট্যাট নিয়ে এসেছি, সেগুলি আমি আপনার কাছে দিতে চাই।

(The honourable member goes up towards the chair to hand over the papers.)

**Mr. Speaker:** You have made that point. The Minister has heard you. If he likes he may take steps.

**Sj. Nepal Ray:**

স্যার, দু'-একটি রসিদ পড়ে দিই রেকর্ডএ থাকুক।

**Mr. Speaker:** No.

**Sj. Nepal Ray:**

[illegible] স্যার, এইজন্য আমি বলছিলাম, উনিই বলেছেন রতনে রতন চেনে। রতন উনি [illegible] চিনেছেন তাই ধরেছেন এবং তাঁকে মাথায় মুকুটমণি ক'রে দেওয়া হয়েছে, আমরা ত' পরে চিনেছি, তাই আমি ধরে ফেলেছি, কারণ আমার এই রকম ধরে ফেলার একটু অভ্যাস আছে। যাই হোক, আমি আমার বামপন্থী বন্ধুদের বলছি, আপনারা আমার দলিলপত্র

দেখুন এবং দেখে যদি বলতে পারেন এটা অসত্য তবে আমি এই হাউস থেকে রিজাইন ক'রে চলে যাব—ইট ইজ মাই ওপেন চ্যালেঞ্জ টু দেম এবং জগৎবাবু সম্বন্ধেও আমি যেসব কথা বলেছি সে সম্বন্ধেও আমার কাছে বহু দলিল আছে, তাতেই সেটা প্রমাণ করতে পারব। এই ব'লে আমি আমার বক্তৃতা শেষ করছি এবং গভর্নরএর ভাষণে যতটা ধন্যবাদ দেবার কথা সেটা আন্তরিকতার সঙ্গে দিতে পারছি না।

**Sj. Jyoti Basu:** On a point of order, Sir.
আমি তিনবার আপনাকে বলেছি এবার একটু কঠোর কথা বলতে হবে। ও'র ন্যাকা সাজলে চলবে না। তিনি অনেকদিন এই হাউসএ আছেন। এর পূর্বেও তিনি অনেক অবান্তর কথার অবতারণা করেছেন যেমন জগৎবাবুর ব্যাপারে এবং সেটা এখনও প্রিভিলেজ কমিটিতে আছে। সুতরাং ও'র বিরুদ্ধে, স্পীকার মহাশয়, আপনার অ্যাকশন নেওয়া উচিত।

**Mr. Speaker:** Jagat Babu's incident is, I think, in the Privilege Committee. You cannot raise that question now.

**Sj. Nepal Ray:**
তিনিই আগে বলেছেন জগৎবাবু সম্বন্ধে। প্রসিডিংসটা খুলে দেখুন তিনিই আগে মেনশন করেছেন জগৎবাবুর ব্যাপার, আমি মেনশন করি নি।

**Sj. Subodh Banerjee:**
মিঃ স্পীকার, স্যার, আমি চাই না আমার বক্তৃতার মধ্যে কোনরূপ গন্ডগোল করা হয়।

**Mr. Speaker:**
আপনি ব'লে যান।

**Sj. Subodh Banerjee:**
স্যার, রাজ্যপালের ভাষণ থেকে বিভিন্ন বিষয়ে সরকারের নীতি কি তা জানার আশা আমরা করি। আমাদের দেশে যেসব সমস্যা বর্তমান সেই সব সমস্যা সমাধানের জন্য সরকার কি করতে চান, তার ইঙ্গিতও আমরা রাজ্যপালের ভাষণে পেতে চাই। অর্থাৎ রাজ্যপালের ভাষণকে সরকারের স্টেটমেন্ট অব পলিসি হিসাবে গ্রহণ করা উচিত এবং সেই হিসেবেই আমি তার সমালোচনা করছি।

আমি বলতে চাই যে, আমাদের দেশ যেসমস্ত সমস্যায় জর্জরিত হচ্ছে সেই সমস্ত সমস্যা সম্বন্ধে ভাষণে আলোচনা করা হয় নি এবং যেক্ষেত্রে আলোচনা করা হয়েছে সেক্ষেত্রে ভ্রান্তভাবে করা হয়েছে। যদি রাজ্যপালের মুদ্রিত ভাষণের ১২ পৃষ্ঠা খোলেন, তা হ'লে দেখবেন যে, দেশের বেকার সমস্যা সম্বন্ধে সেখানে কিঞ্চিৎ উল্লেখ আছে। সকলেই মানবেন যে, আমাদের রাজ্য—পশ্চিমবাংলার সবচেয়ে সঙ্কটজনক সমস্যা হ'ল বেকার সমস্যা। কিন্তু সেই বেকার সমস্যা সম্বন্ধে রাজ্যপালের ভাষণে কিছু নেই বললেই হয় এবং সেই সমস্যা সমাধান সম্বন্ধে সরকারী নীতি কি সে সম্পর্কে ইঙ্গিত পর্যন্ত নেই। আপনি জানেন, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার উদ্দেশ্য হিসাবে বলা হয়েছে যে, নতুন নতুন কর্মসংস্থানের ব্যবস্থা করা হবে। তা কতদূর করা হয়েছে তা জানার দরকার আছে। শুধু তাই নয়, পরিকল্পনার অগ্রগতির সাথে বেকার সমস্যা বৃদ্ধি পাচ্ছে কিনা তারও বিচার করতে হবে। এই পশ্চিমবাংলায় এখন প্রায় ১০॥ লক্ষ বেকার আছে। এ ছাড়া ১ লক্ষ ২০ হাজার ক'রে প্রতি বৎসর এই সংখ্যা বেড়ে যাচ্ছে। এই সংখ্যা হ'ল শহুরে বেকারের সংখ্যা ;—গ্রামাঞ্চলের বেকারের হিসাব সরকারের নেই। একথা এই বিধান সভায় মন্ত্রিমণ্ডলী স্বীকার করেছেন। গ্রামাঞ্চলের বেকারের সংখ্যা ধরলে পশ্চিম বাংলায় বেকারের মোট সংখ্যা দাঁড়ায় কমপক্ষে প্রায় ১ কোটি ১০ লক্ষ। ২ কোটি ৯০ লক্ষ লোকসংখ্যার মধ্যে ১ কোটি ১০ লক্ষ লোকই পুরা ও অর্ধ বেকার। এই যে মারাত্মক সমস্যা যা বাংলাদেশকে গ্রাস করতে চলেছে—তার সম্বন্ধে রাজ্যপাল ৪ লাইনে বক্তব্য শেষ করেছেন। সমস্যা সমাধানের প্রচেষ্টা হিসাবে যা দেখিয়েছেন তা হাস্যকর। তাঁর মতে বেকার সমস্যা সমাধানের পথ হ'ল কয়েকজন উদ্বাস্তুকে স্টেট বাসএ কাজ দেওয়া।
Does it indicate serious thinking? Or it is tinkering with the problem? পশ্চিমবঙ্গ-সরকারের বেকার সমস্যার গুরুত্ব সম্পর্কে সাধারণ মানুষের জীবনের সঙ্গে এই সমস্যা কিভাবে জড়িত সে সম্পর্কে কোন ধারণা আছে ব'লে মনে করতে পারা যায় না।

রাজ্যপাল বলেছেন, বেকার সমস্যার কারণ হ'ল দেশের জনসংখ্যার বৃদ্ধি। আশ্চর্যের কথা! নিশ্চয়ই রাজ্যপালিকা নিজে ভাষণ লেখেন নাই। যিনি এটা লিখে দিয়েছেন, আমার সন্দেহ আছে তিনি অর্থনীতির কোন কথা জানেন কিনা।

[6-55—7-5 p.m.]

আমি মেনে নিলাম লোকসংখ্যা বেড়েছে, তাতে বেকার কিছু বেড়েছে। কিন্তু তা ছাড়া বেকার সমস্যা তীব্রতর করার জন্য সরকারের শ্রম-নীতি, নিয়োগ-নীতি কতটা দায়ী তার হিসাব তিনি কি নিয়েছেন? সরকারী তথ্য থেকেই আমি হিসাব দিয়ে দেখাব যে, সরকারী শ্রম ও নিয়োগ-নীতির কল্যাণে দেশে বেকারের সংখ্যা বাড়ছে। পশ্চিমবাংলা সরকারের শ্রমমন্ত্রী যে হিসাব কয়েকদিন আগে এখানে দাখিল করেছিলেন তাতে দেখা যায় যে, ১৯৪৯ সালে পশ্চিমবাংলায় ফ্যাক্টরিগুলিতে নিযুক্ত শ্রমিকের মোট সংখ্যা ছিল ৬ ৬৫,০০০; ১৯৫৫ সালে তা কমে দাঁড়ায় ৬ ৩৪,৫২৬ জনে। অর্থাৎ এই ৬ বছরে ৩০,৪৮২ জন কর্মে নিযুক্ত শ্রমিক কাজ হারিয়েছে। পরিকল্পনার উদ্দেশ্য হিসাবে বলা হচ্ছে, নূতন নূতন কর্মসংস্থান ক'রে দেওয়া হবে, আর তার জায়গায় যারা কাজে নিযুক্ত ছিল তাদের ছাঁটাই ক'রে বেকারের সংখ্যা বৃদ্ধি করা হচ্ছে। যদি শিল্পগতভাবে হিসাব করেন তা হ'লে দেখা যাবে যে, ছাঁটাইগ্রস্ত শ্রমিকের সংখ্যা হবে এক লাখের মত। কয়েকটি শিল্পের কথা ধরুন। ১৯৪৯-৫৫ সালের মধ্যে চা ফ্যাক্টরিতে ১,৭৪০ জন, জাহাজ নির্মাণের কারখানায় ৪,৩৬৪ জন, পটারি শিল্পে ১,৬৬৭ জন, "অন্যান্য শিল্প" নামধারী খাতে ২৬,৮৩৭ জন এবং পাটশিল্পেই ৪৮,৫৮১ জন শ্রমিক কাজ হারিয়েছে। এর পর নূতন নূতন কর্মসংস্থান করে দেবার কথা বলা কি ভণ্ডামি নয়? খোলাখুলি বলুন না কেন যে, পরিকল্পনার উদ্দেশ্য নয় নূতন কাজ দেওয়া।

অবশ্য কাজ দেব বললেও আপনারা কাজ দিতে পারেন না। কারণ এই পরিকল্পনা হচ্ছে পুঁজিবাদী পরিকল্পনা। আপনাদের পঞ্চবার্ষিকী পরিকল্পনার উদ্দেশ্য হচ্ছে পুঁজিবাদকে দৃঢ়তর করা, পুঁজিপতিদের অর্থনৈতিক উন্নতির ব্যবস্থা করা। তাতে সাধারণ মানুষের ভাল হ'তে পারে না; বেকার সমস্যার সমাধানও করা যায় না। বরং পুঁজিবাদ দৃঢ় হ'লে বেকার সমস্যাকে তীব্রতর করে।

Capital wants an army of unemployed?

কারণ তাতে নিম্নতম মজুরিতে শ্রমিক নিয়োগ করা যায়। কাজেই পরিকল্পনায় কাজ দেবার কথা যা বলছেন তা বাজে কথা। ১৯৫৫ সালের পর অবস্থা আরও খারাপ হয়েছে। ১৯৫৫ এবং ১৯৫৬ সালের মধ্যে চা ফ্যাক্টরিগুলোতে আরও ২,২০২ জন, তামাকশিল্পে ৯৫৯ জন, রবার ফ্যাক্টরিতে ২৩০ জন, মূল রসায়নশিল্পে ২৫১ জন, আর ঢালাইশিল্পে ৫৫৪ জন শ্রমিককে ছাঁটাই করা হয়েছে। এই ছাঁটাই বন্ধ করার কোন চেষ্টাই সরকার করতে রাজী নন। ফলে বেকার সমস্যা তীব্রতর হচ্ছে। আমরা বলি না যে, পঞ্চবার্ষিকী পরিকল্পনায় রাতারাতি বেকার সমস্যা সমাধান হবে। তবে আমরা বলি, সমস্যার সমাধান যদি করতে চান তা হ'লে এর ঊর্ধ্বগতি বন্ধ করুন। যত বেকার রয়েছে তাদের বিভিন্ন জায়গায় নিযুক্ত করুন। কিন্তু আপনারা তা করতে পারছেন না। প্রত্যেক বছরই বেকার সমস্যা বাড়ছে। প্রত্যেক বছরই যদি নূতন নূতন বেকার সৃষ্টি করেন তা হ'লে সমস্যার সমাধান হওয়া দূরে থাকুক সমস্যা আরও তীব্রতর হবে। আপনাদের পরিকল্পনায় এই জিনিসই হচ্ছে। আপনারা শিল্পগুলির উৎপাদনক্ষমতা বাড়াবার জন্য নূতন নূতন শ্রমসাশ্রয়কারী যন্ত্র বসাতে দিচ্ছেন। তার জন্যে ছাঁটাই হচ্ছে। একদিকে উৎপাদন বৃদ্ধির কথা ব'লে শ্রমসাশ্রয়কারী যন্ত্র বসান হচ্ছে অন্যদিকে শ্রমিক ছাঁটাই ক'রে যন্ত্রগুলির পূর্ণ উৎপাদন শক্তিকে ব্যাহত ক'রে উৎপাদন বৃদ্ধির অন্তরায় ঘটান হচ্ছে।

It is because of it that I call your plan a bundle of contradictions.

নেতারা উৎপাদন বৃদ্ধির জন্য তারস্বরে চেঁচাচ্ছেন। বিধানবাবু তাঁর বাজেট বক্তৃতায় উৎপাদন বৃদ্ধিকে অগ্রাধিকার দিয়েছেন। এইসব কথা কি সত্যই তাঁরা বোঝেন? উৎপাদন যদি বাড়াতেই হয় তা হ'লে শ্রমিক ছাঁটাই হয় কেন? উৎপাদন দ্রুতগতিতে বাড়ানই যদি উদ্দেশ্য হয় তা হ'লে শ্রমিকের দরকার। যন্ত্র বসালেও শ্রমিক ছাঁটাই করার দরকার পড়ে না। সমস্ত শ্রমিককে শিফ্‌টএর ভিত্তিতে কাজে লাগান। দ্রুতগতিতে আপনার উৎপাদন বেড়ে যাবে।

আমরা জানি যে, পঁুজিপতিরা আমার এই কথায় আপত্তি তুলে বলবেন যে, তা হ'লে অত্যুৎপাদনের সঙ্কট দেখা দেবে।

It should be understood that over—production is not crisis; it is capitalist crisis. Where production is meant for profit only there is the crisis of over—production.

কোন সমাজতান্ত্রিক রাষ্ট্রে অত্যুৎপাদনের সঙ্কট দেখা দেয় না, কারণ উৎপাদন বাড়লে দেশের লোকের ভোগ বাড়ে, সংকট সৃষ্টি করে না। সে ব্যবস্থা পঁুজিবাদী অর্থনীতিতে হয় না। এ রাষ্ট্র পঁুজিবাদী রাষ্ট্র তাই তা এখন হবে না। আর যদি মনেই করেন অতি উৎপাদন হচ্ছে তা হ'লে মোট শ্রমিকের সংখ্যা অক্ষুণ্ণ রেখে কাজের সময় কমিয়ে দিন। দৈনিক আট ঘণ্টা ক'রে না খাটিয়ে ছ' ঘণ্টা করুন। শ্রমসাশ্রয়কারী যন্ত্র মানুষের শ্রম কমাবে এটাই হ'ল স্বাভাবিক। মানুষকে বেকার করা তার কাজ নয়। পঁুজিবাদ তা করে, অস্বাভাবিক কাজ করে। আপনাদের সোস্যালিস্টিক প্যাটার্ন অব সোসাইটি মানুষকে বেকার ক'রে দিচ্ছে, মানুষের দুঃখ বাড়াচ্ছে, তার উপর শোষণের ভার বাড়ছে। তাই তা সোস্যালিজম নয়। সোস্যালিস্টিক প্যাটার্ন অব সোসাইটি 'এল আই সি'র সোস্যালিজম যা মুন্দ্রা কোম্পানির মত কোম্পানিকে জনসাধারণের টাকা মারবার সুযোগ দেবে। এ জিনিস আমরা চাই না।

**Mr. Speaker:** That case is *sub judice.*

**Sj. Subodh Banerjee:**

তারপরে সরকারপক্ষ থেকে বলা হচ্ছে আমরা শ্রমিকদের অনেক সুবিধা ক'রে দিয়েছি এবং তার উদাহরণ হিসাবে স্টেট ইন্সিওরেন্সের কথা তাঁরা বলেন। যাঁরা ট্রেড ইউনিয়ন করেন তাঁরা জানেন যে, ফ্যাক্টরি অ্যাক্ট অনুসারে স্বাস্থ্য খাতে যে সুযোগ-সুবিধা দিতে মালিক আইনতঃ বাধ্য, স্টেট ইন্সিওরেন্সের মারফত তাঁরা তার চেয়ে বেশি সুবিধা শ্রমিক পাচ্ছে না। অথচ তার জন্য শ্রমিককে ইন্সিওরেন্সের প্রিমিয়াম দিতে হচ্ছে। আজ ইন্সিওরেন্সের যদি প্রয়োজন থাকে, তবে সে প্রয়োজন হচ্ছে.
insurance against retrenchment, insurance against involuntary unemployment.
ছাঁটাইএর বিরুদ্ধে ইন্সিওরেন্স আছে কি? বেকারির বিরুদ্ধে ইন্সিওরেন্স অথবা বেকার ভাতা আছে কি? অন্যান্য পাশ্চাত্য পঁুজিপতি দেশের দিকে যদি তাকিয়ে দেখি তা হ'লেই দেখা যাবে যে, এগুলি সেখানে আছে। কিন্তু আপনারা কল্যাণ রাষ্ট্রের কথা বলছেন, অথচ এই সুবিধা দিতে রাজী নন।

তারপর কাজের চাপের কথা ধরুন। শ্রমিকদের উপর কাজের চাপ যা বেড়েছে তা ধারণা করতে পারবেন না। আমি কয়েকটা সংখ্যা তুলে ধরছি। ১৯৪৯ সালের তুলনায় ১৯৫৬ সালে পাটশিল্পে নিযুক্ত শ্রমিকের সংখ্যা ১০ ভাগ হ্রাস পেয়েছে, আর এই সময়ের মধ্যে পাটজাত দ্রব্যের উৎপাদন বেড়েছে শতকরা ২০ ভাগ। লৌহ ও ইস্পাত শিল্পের কথা ধরুন। ১৯৫৫ সালের তুলনায় ১৯৫৬ সালে এই শিল্পে নিযুক্ত শ্রমিকের সংখ্যা শতকরা ২১ ভাগ বেড়েছে কিন্তু উৎপাদন বৃদ্ধি পেয়েছে শতকরা ৪১·৩ ভাগ। এইভাবে ওয়ার্ক লোড বাড়ছে। আর এই কাজের চাপ বাড়ার জন্য যদি মজুরি বেশি দেওয়া হ'ত তা হ'লেও যা কথা ছিল। কিন্তু মজুরি বাড়াবার নাম নেই, মজুরি উলটে কমেছে। ১৯০৯ সালের তুলনায় যদি সে সময়ের মূল্যমান সূচক ১০০ ধরি তা হ'লে এখন তা হয়েছে ৩৮০, প্রায় ৪ গুণ জীবন-ধারণের ব্যয় বেড়েছে। অথচ ১৯৪৮ সালের তুলনায় আজকে কোন শিল্পে মজুরি বাড়ান হয় নি। মজুরির কথা শুনবেন? পশ্চিমবাংলা সরকারের 'লেবার গেজেট' থেকে এই অঙ্ক তুলে দিচ্ছি। পাটশিল্পে নিযুক্ত শ্রমিকের মোট আয় ৬৩·০৮ টাকা, তার মধ্যে মূল বেতন হ'ল ৩৪৷৷৶০। বস্ত্রশিল্পে নিযুক্ত মোট শ্রমিকের শতকরা ৪৪·৬৪ ভাগের মূল দৈনিক মজুরি ১ টাকারও কম এবং মোট শ্রমিকের শতকরা ৬৬·৮২ ভাগের দৈনিক মূল বেতন দেড় টাকারও কম।

[7-05—7-15 p.m.]

ইঞ্জিনীয়ারিং শিল্পে বাংলাদেশের মধ্যে সবচেয়ে ভাল মাইনে দেয়; সেই ইঞ্জিনীয়ারিং শিল্পে নিযুক্ত মোট শ্রমিকের শতকরা ৫৪·২ ভাগ দৈনিক ২ টাকার কম বেতন পায়। এই বেতন মন্ত্রীদের মতে যথেষ্ট। মজুরি বৃদ্ধির বিরুদ্ধে তাঁরা যে যুক্তি দেন তা হ'ল এই—আমাদের দেশের শ্রমিকদের উৎপাদনশক্তি কম। সুতরাং যদি বেশি মজুরি দেওয়া হয় তা হ'লে উৎপাদন ব্যয় বেড়ে যাবে, ফলে আন্তর্জাতিক বাজারে ভারতীয় শিল্পজাত দ্রব্য প্রতিযোগিতা করতে পারবে না। আমি জানি না মন্ত্রিমহাশয়েরা বইপত্র পড়েন কিনা। অবশ্য ও'দের মধ্যে এক-আধজন পড়েন, অধিকাংশই পড়েন না; আমি তাঁদের ইন্ডিয়া গভর্নমেন্টের দ্বারা প্রকাশিত 'ইন্ডিয়া—১৯৫৭' বইখানা খুলে দেখতে অনুরোধ করি।
There you will find a table containing productivity of Indian labourers in different industries.
গ্রেট বৃটেনের শ্রমিকের উৎপাদনশক্তির তুলনায় আমাদের দেশের শ্রমিকদের উৎপাদনক্ষমতা কি কম? কম নয়। ছোট একটা উদাহরণ দিলেই কারণটা পরিস্কার হবে। গ্রেট বৃটেনে সুতী-কলে একজন শ্রমিক মাসে ৩৬০ টাকার মত মজুরি পায়, আর আমাদের এখানে ঐ শিল্পে একজন শ্রমিক মাসিক সর্বসাকুল্যে পায় ৫৪ টাকা। গ্রেট বৃটেনে ৩৬০ টাকা মাইনায় একজন শ্রমিক ঘণ্টায় যত গজ কাপড় উৎপাদন করে তার হিসাব নিন, আর আমাদের এখানে ৫৪ টাকার শ্রমিক ঘণ্টায় যা উৎপাদন করে তার হিসাব নিন। দেখবেন যে সমপরিমাণ মজুরিতে শ্রমিক প্রতি উৎপাদন হার আপেক্ষিকভাবে এখানে অনেক বেশি। প্রায় আড়াই গুণ বেশি। আর এ'রা বলছেন প্রোডাকটিভিটি অব ইন্ডিয়ান ওয়ার্কিং ক্লাস অত্যন্ত কম। এ ছাড়া মন্ত্রীদের জানা দরকার যে শ্রম-দক্ষতা যদি সত্যই বাড়াতে চান, তা হ'লে মজুরি বাড়াতে হবে। মজুরি কম রাখলে শ্রম-দক্ষতা বাড়তে পারে না। এ আমার কথা নয়। এ ব্যাপার নিয়ে গ্রেট বৃটেনে তুমুল আলোচনা হয়েছে। ১৯৪৪ সালে এবং যুদ্ধ শেষ হবার পর এই সম্পর্কে তুমুল আলোচনা হয়েছে। 'ইকনমিস্ট'এর মত মালিক ঘে'ষা পত্রিকা পর্যন্ত বলতে বাধ্য হয়

> "Thus there is justification for the belief that high wages come first and high productivity as a consequence".

গ্রেট বৃটেনে উৎপাদন বাড়াবার প্রয়োজন যখন তীব্র দেখা দিল তখন উৎপাদন বাড়াবার উপায় হিসাবে মজুরী বাড়িয়ে দিয়ে গ্রেট বৃটেন সামলে ওঠে। আমাদেরও তা করা দরকার। কেন না শ্রম সস্তা দরে পাওয়া গেলে শ্রমের অপচয় ও অপব্যবহার মালিক করবে। শ্রম ব্যয়বহুল হলে লাভের জন্যই মালিক তার অপচয় বন্ধ করবে। তাই আমি বলব যে ভারতবর্ষে মজুরি বাড়ানো দরকার। ঐ ৫৪ টাকা মাইনের টেক্সটাইল লেবারার দিয়ে শিল্পে উন্নত দেশের উৎপাদন ধরতে পারবেন না। উৎপাদন যদি বাড়াতে হয় তবে মজুরি বাড়াতেই হবে, সেটা কেবলমাত্র শ্রমিকদের ক্ষেত্রেই নয়, কর্মচারীদের ক্ষেত্রেও বটে। কেউ কেউ এর ফলে মুদ্রাস্ফীতি দেখা দেবে বলে মনে করেন, কারণ, মজুরি বাড়লেও ন্যাশনাল স্টক অব কনজিউমার গুডস বাড়বে না, অথচ ক্রয়ক্ষমতা বেড়ে যাবে। সুতরাং মুদ্রাস্ফীতি দেখা দেবে। এই চিন্তা ভুল। এর উপর বহু আলোচনা হয়েছে। সেসব আলোচনা আশা করি বিমল সিংহ মহাশয় পড়েছেন। বিধানবাবু তো এর ধার দিয়েও যান না, তা জানি।

**The Hon'ble Siddhartha Sankar Roy:**
আপনি তো মার্কসিস্ট বলেই জানতুম, কিন্তু সব তো উল্টো কথা কইছেন।

**Sj. Subodh Banerjee:**
মার্কসিজম্ এমন একটা জিনিস যে যদি আমি এখানে তার নাম উচ্চারণ করি তা হলে [illegible] গায়ে বিছুটির জ্বালা ধরে যাবে। কাজেই সেসব কথা বলব না। আপনাদের যারা গুরুদেব সেই লর্ড কিনসের কথা এখানে বলছি, সেই মিসেস রবিনসনের কথা বলব, এখন ধনতান্ত্রিক অর্থনীতির কথা বলছি।

**The Hon'ble Bimal Chandra Sinha:**
কাউটস্কির কথা বলুন।

**Sj. Subodh Banerjee:**
কাউটস্কির কথা বলব না, আমেরিকার কথা আপনাদের কাছে বেদবাক্য। তাই সেখানকার কথা বলি, সেখানে অনুসন্ধানের ফলে এই সিদ্ধান্তে এসেছে যে মজুরী বৃদ্ধি না করলে প্রোডাকটিভিটি বাড়বে না।

সুতরাং রাজ্যপালিকার অভিভাষণে নিয়োগ নীতি কি হবে তার কোন উল্লেখ নেই, দ্বিতীয়তঃ আমাদের দেশে যেসব বিরাট সমস্যা আছে তার কোন স্বীকৃতি নেই, তৃতীয়তঃ বেকার সমস্যার মত বিরাট সমস্যার সমাধানের জন্য কি কি করণীয় সে সম্পর্কে কোন কথা বলা হয় নাই, চতুর্থতঃ শ্রমিক কর্মচারীর জীবনধারণের মান নেমে যাচ্ছে। তার উন্নতির জন্য কি কি করতে হবে সে বিষয়ে তিনি নীরব, পঞ্চমতঃ সমস্ত দেশের জীবনধারাকে উন্নততর করার জন্য তারা কি কি পথ অবলম্বন করবেন সেকথা বলা নেই। যেসব কথাগুলি তিনি বলেছেন তা কেন্ট টাচ দি ফ্রিঞ্জ অব্ দি প্রব্লেম্ সুতরাং আমার অনুরোধ মন্ত্রীমণ্ডলীর কাছে যে তাঁরা এসবগুলি চিন্তা করে দেখুন, অবশ্য চিন্তা করলেই যে তাঁরা সমাধান করতে পারবেন তা নয়। কারণ এই সমাজ পুঁজিবাদী সমাজ, পুঁজিবাদী অর্থনীতিকে চালাবার জন্য আপনারা চেষ্টা করবেন তাদের মুখপাত্র হিসাবে। স্টেট স্টাকচার আপনারা বদলাতে পারবেন না, গাড়োয়ান হয়ে বসে আছেন, গাড়োয়ান হয়ে ঐ পথেই চলতে হবে অন্য উপায় নেই তবুও আমি বলব অন্যান্য পুঁজিবাদী দেশ যা করতে পারে তা করার জন্য চেষ্টা করুন। দেশের লোকের উপকার করবার বাসনা সত্যই যদি আপনাদের থাকে তা হলে তার এক-আধটা প্রত্যক্ষ প্রমাণ দিন, তাতে জাত খোয়াবেন না এটুকু বলতে পারি, পুঁজিবাদীই রইবেন কিন্তু একটু ভদ্র পুঁজিবাদী হয়ে থাকুন এই আমার অনুরোধ।

[7-15—7-25 p.m.]

**Sj. Bijoylal Chattopadhyay:**
মাননীয় স্পীকার মহোদয়, রাজ্যপালিকার ভাষণকে সমর্থন করে যে প্রস্তাব উপস্থিত করেছেন আমাদের অন্যতম সদস্য আমি তার সমর্থনে দু-একটা কথা বলতে চাই। বিরোধী-পক্ষের বন্ধুরা সরকারের সমালোচনা প্রসঙ্গে অনেক ত্রুটিবিচ্যুতির উল্লেখ করেছেন—সেইসব ত্রুটিবিচ্যুতি যে প্রণিধানযোগ্য এ বিষয়ে কোন সন্দেহ নেই। সমাজের সর্বনিম্নস্তরে যাঁরা আছেন তাঁদের আর্থিক অবস্থার তেমন যে কোন উন্নতি করতে পারা যায় নি একথা সত্য, তিক্ত হলেও সত্য। কিন্তু আমাদের বিরোধীপক্ষের বন্ধুরা একথা বলে থাকনে যে দেশ কোন দিক দিয়ে অগ্রসর হয় নি—সেকথা ঠিক নয়। কিছুকাল আগে একজন রোমান ক্যাথলিক পাদ্রীর সঙ্গে আমি এক গাড়িতে যাচ্ছিলাম। তাঁকে আমি জিজ্ঞাসা করি যে ভারতবর্ষ স্বাধীন হবার পর তিনি কোন পরিবর্তন লক্ষ্য করছেন কি না।

তাতে তিনি এই কথা বল্লেন যে দেশের রাস্তাঘাটের প্রচুর উন্নতি হয়েছে। নদীয়া জেলার এক প্রান্ত থেকে অরেক প্রান্ত পর্যন্ত আমরা এখন অনায়াসে যেতে পারি যে কোন যানে। আমার বেশ মনে আছে এই জেলায় যখন আগে আমি দূর গ্রামে যেতাম তখন অনেক সময় আমাদের গাড়ি ঠেলতে হত। কোথায় কাদা এবং অন্যান্য রকমে পথ দুর্গম ছিল। আজকে আমি জোরের সঙ্গে এই কথা বলতে পারি যে সেইসব রাস্তার প্রচুর উন্নতি হয়েছে। যিনি চক্ষুষ্মান, যার চক্ষু আছে, তিনি যদি বাংলাদেশের যে কোন জেলায় পরিভ্রমণ করেন তা হলে তিনি বুঝতে পারবেন কি অবস্থায় এতদিন আমাদের চলতে হত। এখন সেসব রাস্তাঘাটের আমূল পরিবর্তন হয়েছে। এতেও যদি কেউ বলেন আমাদের দেশের কোন উন্নতি হয় নি এবং কংগ্রেস গভর্নমেন্টের আওতায় এসে ক্রমাগত দেশ অবনতির ধাপে ধাপে নেমে যাচ্ছে তবে তাঁকে এই কথাই বলি যে, তিনি সদিচ্ছা এবং বিচারবুদ্ধির দ্বারা পরিচালিত হচ্ছেন না এবং তার পিছনে একটা বিদ্বেষের ভাব রয়েছে। স্পীকার মহাশয়, আপনি ভাল করে জানেন যে, যখন কোন বিদ্বেষের ভাব আমাদের মনের কোণে লুক্কায়িত থাকে তখন স্বভাবতই আমাদের বিচারবুদ্ধি আবিল হয়ে যায় এই কথাই আমি আমার বিরোধীপক্ষের বন্ধুদের বলব।

কংগ্রেস গভর্নমেন্টের তাঁরা বহু সমালোচনা করেছেন সত্য, কিন্তু কংগ্রেস সরকারের আওতায় দেশের যেসব উন্নতি হয়েছে সে সম্পর্কে যদি কিছু বলতে পারতেন আমি খুসী হতাম। কৃষ্ণনগর থেকে করিমপুর এই রাস্তা দিয়ে যদি কেউ যান, তিনি দেখতে পাবেন রাস্তার পাশে পাশে কত নতুন স্কুল হয়েছে, সেসব স্কুলগুলি দেখলে চোখ জুড়িয়ে যায়। আমার বেশ মনে আছে ব্রিটিশ আমলে আমি একবার সস্ত্রীক একটা গ্রামের মধ্যে দিয়ে যাচ্ছিলাম, যেতে যেতে দেখলাম একটা জায়গায় ছেলেরা কলরব করছে, আমি সেখানে গিয়ে দেখলাম স্কুলের মাস্টার মশাই ঢুলছেন বসে বসে, তাঁর পাশে ছেলেমেয়েরা কলরব করছে। সেই ঘরের মেঝে ধুলায় আকীর্ন এবং তাতে মাঝে মাঝে গর্ত রয়েছে। আমি তাদের জিজ্ঞাসা করলাম তোমাদের স্কুলঘরের এই দুরবস্থা কেন, তারা বলল, আজ্ঞে, রাত্রে আমাদের স্কুলঘরে ষাঁড় থাকে, আর দিনের বেলায় আমরা এখানে লেখাপড়া করি। সেদিন থেকে আজ আমরা দেখি স্কুলঘরের কত পরিবর্তন হয়েছে। যিনি চক্ষুষ্মান তিনি তা দেখেন ও জানেন। অবশ্য আমি একথা বলছি না যে, স্কুলঘর হলেই নির্দিষ্ট স্ট্যান্ডার্ডে স্কুলগুলি উন্নীত হল এবং শিক্ষাদান পদ্ধতিতে কোন গলদ নাই এ কথাও আমি বলতে চাই না এবং আমাদের আশানুরূপ স্কুল হয়েছে এমন কথাও আমি বলছি না। বিদ্যাশিক্ষার দিক থেকে দেশের স্কুলঘরের যথেষ্ট উন্নতি হয়েছে এবং দেশ যে শিক্ষার দিকে বহুদূর অগ্রসর হয়েছে সে বিষয়ে কোন সন্দেহ নাই। স্পীকার মহোদয়, আমি আরেকটি কথা বলতে চাই—বিরোধীপক্ষ যে সমস্ত দোষত্রুটির কথা বলেছেন আসলে সেসব দোষত্রুটি হচ্ছে রোগের সিম্পটম। রোগ হচ্ছে আমাদের সমাজ চেতনার অভাব। আমি যে গ্রামে বাস করি, বড় আন্দোলিয়ার কাছে সেখানে গরীব চাষীদের কাছ থেকে তোলা আদায় করা হয়—একবার করে পয়সায়, দুইবার জিনিসে। আমি হিসাব করে দেখেছি এক একরের কম জমিতে চাষীদের খাজনা স্বরূপ নগদে এবং জিনিসে প্রায় ৪ হাজার টাকা দিতে হয়, এই অস্বাভাবিক শোষণ আবহমানকাল ধরে চলে আসছে। আমি সম্প্রতি প্রতিবাদ করতে গিয়ে, গ্রামের তথাকথিত ভদ্রসমাজের চক্ষুশূল হয়ে দাঁড়িয়েছি। এদিকে প্রতিনিয়ত খাদ্যাভাবের ঠেলায় চাষীদের অধিক খাদ্য উৎপাদনের জন্য উপদেশ বর্ষণ করছেন। এইরকম অবিচার এবং অত্যাচার সমাজের রন্ধ্রে রন্ধ্রে ঢুকে রয়েছে। বিরোধীপক্ষের বন্ধুরা কি আশা করেন যে সরকারের একার চেষ্টায় এসব অবিচার ও অত্যাচারের রাতারাতি অবসান ঘটবে এবং কেবল সমালোচনা করেই তাদের কর্তব্যের অবসান হবে? আমি তাঁদের পরিষ্কার করে বলতে চাই যে, যেমন চালাকির দ্বারা কোন মহৎ কার্য সম্পন্ন হয় না, কোন মহৎ কাজ করতে হলে তার জন্য প্রেমের মহাবীজ, সত্যানুরাগ ও চরিত্রবলের প্রয়োজন হয়—আমি তেমনি বলব সরকারের নিন্দাবাদ দ্বারা, সমালোচনা দ্বারা, শ্লোগান আবৃত্তির দ্বারা বর্তমান অবস্থার পরিবর্তন করতে পারা যাবে না। আচার্য বিনোবা ভাবে পরিষ্কার বুঝেছিলেন দেশকে নতুন করে গড়ে তোলার দায়িত্ব একা সরকারের পক্ষে নেওয়া সম্ভব নয়, তাই তিনি দেশের এক প্রান্ত থেকে আরেক প্রান্ত পর্যন্ত, আসমুদ্রহিমাচল পদব্রজে পরিভ্রমণ করছেন সমাজের সামনে সাম্য ও প্রেমের নতুন ভিত্তি প্রতিষ্ঠিত করবার জন্য। আমি আমার বন্ধুদের এই কথাই বলব, সমালোচনা নিশ্চয়ই করতে হবে। এমারসন সাহেব ঠিকই বলেছেন,

'A friend is a beautiful enemy'.

সত্যিকারের তিনিই বন্ধু যিনি সুন্দর শত্রু, তিনি সমালোচনা করেন কোন বিদ্বেষের দ্বারা প্রণোদিত হয়ে নয়, তিনি সমালোচনা করেন বন্ধুকে সংশোধন করবার উদ্দেশ্য নিয়ে। তাঁরা যদি সেই মনোবৃত্তি নিয়ে সরকারের সমালোচনা করে থাকেন তবে নিশ্চয়ই তাঁদের অভিনন্দিত করব এবং সেই সমালোচনায় আমরা ভীত হব না। সমালোচনা করবারও অনেক কারণ আছে। গভর্নমেন্ট যাঁরা পরিচালনা করেন তাঁরা কেউ স্বর্গের দেবদূত নন তাঁরা মানুষ, এবং মানুষের যখন দোষত্রুটি আছে তখন শাসনপদ্ধতির মধ্যেও নিশ্চয়ই দোষত্রুটি থাকবে, কিন্তু একথা যাঁরা বলে থাকেন যে সরকারীরা কেবল দায়ী সর্বপ্রকার দুর্নীতির জন্য তখন আমি বলব, "সাধু, সাবধান"। আমাদের এই দেশের মধ্যে, আমাদের নিজেদের মধ্যেই এমন অনেক বিভীষণ আছেন যারা সে সমস্ত দুর্নীতির প্রশ্রয় দিয়ে থাকেন। তারা আমাদের ঘরের মধ্যে থেকে গ্যাংগ্রীনের মত সে সমস্ত দুর্নীতির প্রশ্রয় দিচ্ছেন। সমস্ত আলোচনার অংশ গভর্নমেন্টের উপর ফেলব এবং আমরা সব সাধু সেজে বসে থাকব এইরকম মনোবৃত্তিকে প্রশ্রয় দেওয়া

বিপজ্জনক। সেইজন্য আমি আপনার মাধ্যমে বিরোধীপক্ষের বন্ধুদের বলব, তাঁরা সমালোচনা করুন, তাতে বরং আমরা আনন্দিতই হব, কিন্তু তাঁরা এটা জেনে রাখুন আচার্য বিনোবা ভাবে যে রাস্তায় গিয়েছেন আমাদেরও সেই রাস্তায়ই শেষ পর্যন্ত যেতে হবে। অর্থাৎ, আমাদের কর্মের দ্বারাই আমরা দেশের পরিবর্তন করতে পারব, সমালোচনার দ্বারা নয়, জয় হিন্দ্।

## Adjournment

The House was then adjourned at 7-25 p.m. till 3 p.m. on Friday, the 21st February, 1958, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Friday, the 21st February, 1958, at 3 p.m.

**Present:**

Mr. Speaker (the Hon'ble SANKARDAS BANERJI) in the Chair, 14 Hon'ble Ministers, 9 Deputy Ministers and 209 Members.

[3—3-10 p.m.]

### STARRED QUESTIONS

**(to which oral answers were given)**

**Road development in Diamond Harbour police-station**

***17.** (Admitted question No. *378.) **Sj. Ramanuj Halder:** Will the Hon'ble Minister in charge of the Development (Roads) Department be pleased to state—

(ক) চব্বিশপরগনা জেলার ডায়মণ্ডহারবার থানায় দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কয়টি নূতন রাস্তা তৈয়ার করিবার পরিকল্পনা গৃহীত হইয়াছে;

(খ) তাহাদের নাম কি;

(গ) কত দিনে কাজ শুরু হইবে;

(ঘ) উক্ত পরিকল্পনায় ডায়মন্ডহারবার থানায় পুরাতন কয়টি রাস্তার সংস্কার করা হইবে;

(ঙ) তাহাদের নাম কি; এবং

(চ) কত দিনে কাজ আরম্ভ হইবে?

**The Minister for Works and Buildings (the Hon'ble Khagendra Nath Das Gupta):**

(ক) দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় নির্মাণ বা সংস্কারের জন্য ডায়মন্ডহারবার থানায় কোন রাস্তা গৃহীত হয় নাই।

(খ) হইতে (চ) প্রশ্ন উঠে না।

**Sj. Ramanuj Halder:**

মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই থানায় প্রয়োজনীয় রাস্তাগুলি কিভাবে সংস্কার করা হয়?

**The Hon'ble Khagendra Nath Das Gupta:**

ডায়মন্ডহারবার থানায় কোন রাস্তা না নেওয়া হলেও এই মহকুমায় ১৮টি রাস্তা নেওয়া হয়েছে।

**Sj. Ramanuj Halder:**

ডায়মন্ডহারবার থানায় কোন রাস্তা নেওয়া হল না কেন?

**The Hon'ble Khagendra Nath Das Gupta:**

এই মহকুমায় অন্যান্য জায়গার ইম্পর্টেন্ট রাস্তার প্রয়োজন আছে।

**Sj. Ramanuj Halder:**

আমার আগেকার প্রশ্নের উত্তর পেলাম না। এই থানায় প্রয়োজনীয় রাস্তাগুলি সংস্কার করবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

**Mr. Speaker:** Question disallowed.
প্রয়োজন
is a matter of opinion. You may think it very important—the Government may think it is not.

**Sj. Mihirlal Chatterjee:**
এই থানার কোন রাস্তা সম্বন্ধে ডিস্ট্রিক্ট ডেভেলপমেন্ট কাউন্সিল কোন রিকমেন্ডেশন করেছিল কিনা?

**The Hon'ble Khagendra Nath Das Gupta:**
জানি না।

**Mr. Speaker:** He is entitled to notice on this.

## Improvement of Duke Road in Howrah district

***18.** (Admitted question No. *472.) **Sj. Abani Kumar Basu:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Development (Roads) Department be pleased to state whether the improvement of Duke Road starting from Uluberia to Gadiau in Shyampur police-station in Howrah district has been included in the Second Five-Year Plan schemes?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state when the said scheme is expected to be taken up during the Plan period?

(*c*) If the answer to (*a*) be in the negative, will the Hon'ble Minister be pleased to state whether the Government consider the desirability of including the said road in the Second Plan?

**The Hon'ble Khagendra Nath Das Gupta:** (*a*) No.

(*b*) Does not arise.

(*c*) The matter may be considered if and when additional funds are available.

**Dr. Kanailal Bhattacharjee:**
মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, ডিউক রোড রাস্তাটি এই যে মডেল ভিলেজ স্কীমএর যে পরিকল্পনা করা হয়েছে তার মধ্যে গ্রহণ করা হবে কিনা?

**The Hon'ble Khagendra Nath Das Gupta:**
না, এই রাস্তাটি গ্রহণ করা হয় নি। তবে গ্রহণ করার বিষয় আলোচনা চলছে।

**Mr. Speaker:** Next question.

**Sj. Bijoy Bhusan Mandal:** Supplementary question, Sir.

**Mr. Speaker:** I may remind the honourable members that when I have once called next question, I will not allow supplementary questions. I am allowing you this time.

**Sj. Ganesh Ghosh:**
তাহলে আপনি নেকস্ট বলার আগে একটু তাকিয়ে দেখবেন।

**Mr. Speaker:** Yes; you must also see that the honourable members are vigilant.

**Sj. Bijoy Bhusan Mandal:**
মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি, এই মডেল ভিলেজ স্কীমএ এটা নেবার জন্য দুই-তৃতীয়াংশ এবং এক-তৃতীয়াংশ কন্ট্রিবিউশন দেবার জন্য এই ইউনিয়ন বোর্ডএর প্রেসিডেন্ট দিয়েছিল কিনা?

**The Hon'ble Khagendra Nath Das Gupta:**
আমি শুনেছি মাত্র, আমার কাছে কিছু আসে নি।

### Kalna-Baidyapur Road, district Burdwan

***19.** (Admitted question No. *636.) **Sj. Hare Krishna Konar:** Will the Hon'ble Minister in charge of the Development (Roads) Department be pleased to state—

(ক) বর্ধমান জেলার কালনা-বৈদ্যপুর রাস্তাটি সরকার কর্তৃক গ্রহণ করিয়া পিচের রাস্তায় পরিণত করা সম্বন্ধে জেলা ডেভেলপমেন্ট কাউন্সিল সুপারিশ করিয়াছেন, ইহা কি সত্য;

(খ) কালনা-বৈদ্যপুর রাস্তা সরকার কর্তৃক গ্রহণ করা সম্বন্ধে সরকার কোন সিদ্ধান্ত করিয়াছেন কিনা; এবং

(গ) গ্রহণের সিদ্ধান্ত করা হইয়া থাকিলে, কোন্ বৎসর হইতে কাজ শুরু হইবে?

**The Hon'ble Khagendra Nath Das Gupta:**

(ক) হ্যাঁ।

(খ) গ্রহণ না করার সিদ্ধান্ত করিয়াছেন।

(গ) প্রশ্ন উঠে না।

**Sj. Hare Krishna Konar:**
মাননীয় মন্ত্রী মহাশয় ১৯৫৭ সালের জানুয়ারী মাসে ঐ খানের স্কুলে যখন গিয়েছিলেন সেই সময় ঐ রাস্তা সম্বন্ধে কোন প্রতিশ্রুতি দিয়েছিলেন কি?

**The Hon'ble Khagendra Nath Das Gupta:**
কোন প্রতিশ্রুতি দেওয়া হয় নি। এইটুকু মাত্র বলেছিলাম, যদি অন্য কোন রাস্তা বাদ দেওয়া সম্ভব হয় তাহলে এটা নিতে পারি। কিন্তু সেখানে যে কয়েকটি রাস্তার নাম পাঠান হয়েছিল ম্যাজিস্ট্রেট তা বাদ দিতে রাজী হন নি। কাজেই এই রাস্তা নেওয়া হয় নি।

**Sj. Hare Krishna Konar:**
অন্য কোন্ কোন্ রাস্তা বাদ দিয়ে এই রাস্তাকে নেবার জন্য ডেভেলপমেন্ট কাউন্সিল ম্যাজিস্ট্রেটএর কাছে প্রস্তাব করেছিল?

**Mr. Speaker:**
আপনি এ্যান্সারটা ধরতে পারেন নি।

**Sj. Hare Krishna Konar:**
ঠিকই ধরেছি, স্যার, অন্য কোন কোন রাস্তার পরিবর্তে এই রাস্তাকে নেবার জন্য ম্যাজিস্ট্রেটকে লেখা হয়েছিল?

**The Hon'ble Khagendra Nath Das Gupta:**
আমি বলেছি, যদি কোন রাস্তাকে বাদ দিয়ে এই রাস্তাকে নেওয়া সম্ভব হয় তাহলে এই রাস্তা নেওয়ার কথা বিবেচনা করা যেতে পারে। কিন্তু কোন রাস্তা বাদ দেওয়া হয় নি।

**Sj. Hare Krishna Konar:**
এর পরে ১৯৫৭ সালের এপ্রিল মাসে জেলার ডেভেলপমেন্ট কাউন্সিল কি মন্ত্রীমণ্ডলীর কাছে কোন প্রস্তাব পাঠিয়েছিল?

**The Hon'ble Khagendra Nath Das Gupta:**
মন্ত্রীমণ্ডলীর কাছে কোন প্রস্তাব আসে নি।

**Sj. Hare Krishna Konar:**
এই রাস্তাটা আগে পাকা রাস্তা ছিল একথা ঠিক কি?

**The Hon'ble Khagendra Nath Das Gupta:**
আমি জানি না।

**Sj. Hare Krishna Konar:**
সম্প্রতি এই রাস্তার বাস রুটের পারমিট দেওয়া হয়েছে কি?

**The Hon'ble Khagendra Nath Das Gupta:**
আমি জানি না।

**Sj. Hare Krishna Konar:**
সম্প্রতি প্রাদেশিক ডেভেলপমেন্ট কাউন্সিল থেকে এইরকম কিছু জানান হয়েছিল কি, যে এই রাস্তাটা খুবই গুরুত্বপূর্ণ এবং শুধু অর্থের অভাবে নেওয়া হয় নি?

**The Hon'ble Khagendra Nath Das Gupta:**
হতে পারে; ডেভেলপমেন্ট কাউন্সিলএর অনেক রাস্তাই অর্থের অভাবে নেওয়া হয় নি।

**Sj. Hare Krishna Konar:**
জেলার ডেভেলপমেন্ট কাউন্সিল কোন্ কোন্ রাস্তা নেওয়া উচিত বলে সুপারিশ করেছিল এবং বর্ধমান জেলায় সেই সুপারিশ অনুযায়ী রাস্তা নেওয়া হয়েছে কি?

**The Hon'ble Khagendra Nath Das Gupta:**
হ্যাঁ, ডেভেলপমেন্ট কাউন্সিলএর অনেক রাস্তাই নেওয়া হয়েছে, তবে সব রাস্তা নেওয়া সম্ভব হয় নি।

**Sj. Hare Krishna Konar:**
ডেভেলপমেন্ট কাউন্সিল যে রাস্তাগুলির সুপারিশ করেছিল, এই রাস্তাটি সেই সুপারিশের প্রায়রিটি হিসাবে কোন্ প্লেসএ ছিল জানেন কি?

**Mr. Speaker:**
এটা বদ্যিপুরের রাস্তা সম্বন্ধে কোয়েশ্চেন।

**Sj. Hare Krishna Konar:**
জেলা ডেভেলপমেন্ট কাউন্সিল যেসব রাস্তার সুপারিশ করেছিল, এই রাস্তাটা তার সিক্সথ প্রায়রিটিতে ছিল, কিন্তু এটাকে বাদ দিয়ে এর পরের রাস্তা নেওয়া হল কেন?

**Mr. Speaker:** This particular road mentioned in the question stood sixth in the list of priority. Why was some other road preferred in the place of this road—that should have been the proper question.

**The Hon'ble Khagendra Nath Das Gupta:**
কোন স্পেশ্যাল প্রায়রিটি ডেভেলপমেন্ট কাউন্সিল এই রাস্তা সম্বন্ধে দেয় নি।

**Sj. Hare Krishna Konar:**
১৯৫৭এর এপ্রিল মাসে ডিস্ট্রিক্ট ডেভেলপমেন্ট কাউন্সিলএর কাছে একটা প্রস্তাব পাঠান হয়েছিল যে কুসুমগ্রামের রাস্তার বদলে এই রাস্তাটা গ্রহণ করার জন্য। এই জেলা ডেভেলপমেন্ট কাউন্সিল এইরকম প্রস্তাব আপনাদের কাছে পাঠিয়েছে কিনা?

**Mr. Speaker:** I don't think that question he can really answer.

### Closure of Howrah-Amta Road at Bargachia railway station

***20.** (Admitted question No. *709.) **Sj. Abani Kumar Basu:** (a) Will the Hon'ble Minister in charge of the Development (Roads) Department be pleased to state whether it is a fact that the Howrah-Amta Road near Bargachia railway station is barricaded by two poles with one chain hung along the width of the said road and closed to traffic?

(b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state as to—

(i) for what purposes and on whose authority the road has been lying closed and since when; and

(ii) when the said road is going to be thrown open to vehicular traffic?

**The Hon'ble Khagendra Nath Das Gupta:** (a) Yes.

(b)(i) The road has not yet been opened to public traffic for want of a proper level-crossing near the railway station.

(ii) After construction of the level-crossing by the railways.

**Dr. Kanailal Bhattacharjee:**
মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই লেভেল ক্রসিং করবার দায়িত্ব কার?

**The Hon'ble Khagendra Nath Das Gupta:**
লেভেল ক্রসিং করবার দায়িত্ব রেলওয়ের।

**Dr. Kanailal Bhattacharjee:**
কোন্ রেলওয়ের?

**The Hon'ble Khagendra Nath Das Gupta:**
হাওড়া-আমতা রেলওয়ের।

**Dr. Kanailal Bhattacharjee:**
মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, বহুদিন যাবত এই রাস্তাটি তৈরী হয়ে গিয়েছে কিন্তু আজ পর্যন্ত লেভেল ক্রসিং তৈরী করা হল না কেন?

**The Hon'ble Khagendra Nath Das Gupta:**
রেলওয়ে কেন বিলম্ব করছে বলতে পারি না। রেলওয়ে যে এস্টিমেট করে পাঠিয়েছিল আমরা সেই ডিম্যান্ড অনুযায়ী টাকা পে করে দিয়েছি, রেলওয়ে লেভেল ক্রসিং কমপ্লিট করার জন্য।

**Dr. Kanailal Bhattacharjee:**
এত দেরী হচ্ছে কেন?

**The Hon'ble Khagendra Nath Das Gupta:**
বোধ হয় জনসাধারণের দিক থেকে রেলওয়ের উপর তেমন চাপ দেওয়া হয় নি।

**Dr. Kanailal Bhattacharjee:**
আপনাদের তরফ থেকে চাপ দেওয়া হয়েছিল কি?

**The Hon'ble Khagendra Nath Das Gupta:**
আমাদের তরফ থেকে টাকা দেওয়া হয়েছে।

**Mr. Speaker:**
কানাইবাবু, কিরকম চাপ?

**Dr. Kanailal Bhattacharjee:** We have not heard that he had stated whether pressure has been applied to the Company or not.

মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে এই রাস্তাটা খোলা হলে রেলওয়ের ক্ষতি হবার সম্ভাবনা আছে?

**The Hon'ble Khagendra Nath Das Gupta:**
হতে পারে।

**Dr. Kanailal Bhattacharjee:**
এবং সেইজন্যই এতদিন মার্টিন রেলওয়ে টালবাহানা করছিল কি?

**The Hon'ble Khagendra Nath Das Gupta:**
আমি জানি না।

[3-10—3-20 p.m.]

**Sj. Gobinda Charan Majil:**
মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, কতদিন আগে মার্টিন কোম্পানিকে ঐ লেভেল ক্রসিং করবার জন্য অর্ডার দেওয়া হয়েছে গভর্নমেন্টের তরফ থেকে?

**The Hon'ble Khagendra Nath Das Gupta:** I want notice.

### Tamluk-Mayna and Mayna-Paramanandapur-Pingla Roads, Midnapore district

***21.** (Admitted question No. *254.) **Sj. Ananga Mohan Das:** Will the Hon'ble Minister in charge of the Development (Roads) Department be pleased to state—

(ক) তমলুক-ময়না ও ময়না-পরমানন্দপুর-পিংলা রাস্তার জন্য ১৯৫৬-৫৭ সালে যে অর্থের বরাদ্দ হইয়াছিল, তাহা খরচ হইয়াছে কিনা;

(খ) যদি হইয়া থাকে, তবে ঐ রাস্তা দুইটির কি কি কাজ হইয়াছে;

(গ) রাস্তা দুইটির প্ল্যান প্রস্তুত হইয়াছে কিনা;

(ঘ) plan প্রস্তুত হইয়া থাকিলে, রাস্তার জন্য প্রয়োজনীয় জমি কবে acquisition করা হইবে;

(ঙ) রাস্তার উপরিস্থ পুল, waterway ইত্যাদির কাজ কবে আরম্ভ হইবে;

(চ) উক্ত রাস্তার অংশস্বরূপ কংসাবতী ও দোবাদী নদীর পুলের plan estimate প্রস্তুত হইয়াছে কিনা;

(ছ) হইয়া থাকিলে, উহাদের ব্যয় কত টাকা লাগিবে; এবং

(জ) উহাদের কাজ কবে আরম্ভ হইবে?

**The Hon'ble Khagendra Nath Das Gupta:**

(ক) হ্যাঁ।

(খ) প্রয়োজনীয় মালমশলা সংগ্রহ করা হইয়াছে।

(গ) ও (ঘ) Alignment স্থির হইয়াছে এবং জমি দখলের plan প্রস্তুত হইতেছে।

(ঙ) জমি দখল করিবার পর।

(চ) এই নদীদুইটির উপর বর্তমানে কোনও সেতু হইবে না।

(ছ) ও (জ) প্রশ্ন উঠে না।

**Sj. Bhupal Chandra Panda:**
মন্ত্রী মহাশয় যে (খ)এর উত্তরে বলেছেন প্রয়োজনীয় মালমসলা সংগ্রহ করা হয়েছে—এই জিনিসটি কি? মালমসলা সংগ্রহ করা হচ্ছে অথচ রাস্তা তৈরী হচ্ছে না, এর মানে কি?

**Mr. Speaker:**
এটা ত একটা কমপ্লিট উত্তর। মানে বুঝতে কোনই কষ্ট হয় না। রাস্তা তৈরী করবার মালমসলা যা লাগে কাঁকর পাথর বালি এইসব সংগ্রহ করা হচ্ছে।

**Relief measures in Bhagawanpur police-station of [illegible] district**

*22. (Admitted question No. *90.) **Sj. Basanta Kumar Panda:** Will the Hon'ble Minister in charge of the Relief Department be pleased to state—

(a) whether Government have any scheme to continue relief measures in the Bhagawanpur police-station, district Midnapore, during the rest of the year 1957; and

(b) if so, what are those relief measures with particular reference to union Nos. 1, 2, 3, 5 and 6 of the said police-station?

**The Minister for Food, Relief and Supplies (the Hon'ble Prafulla Chandra Sen):** (a) Yes.

(b) Distribution of gratuitous relief covering all the unions of the police-station and Khadi test relief operation to give relief to the distressed spinners and weavers of the thana.

**Sj. Basanta Kumar Panda:**
মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি ১৯৫৭ সালের জানুয়ারি থেকে জুন পর্যন্ত ভগবানপুর থানায় কি ধরনের রিলিফ মেজার চালানো হয়েছিল?

**The Hon'ble Prafulla Chandra Sen:** I want notice.

**Sj. Basanta Kumar Panda:** Whether the Government has any scheme for continuance of relief measures in the rest of the year 1957?

**The Hon'ble Prafulla Chandra Sen:** Yes.

**Sj. Basanta Kumar Panda:**
কন্টিনিউয়েন্স অফ রিলিফএর প্রশ্নে মন্ত্রী মহাশয় উত্তরে হ্যাঁ বললেন, তখন আমার আর একটা প্রশ্ন হচ্ছে—এই যে আগের অবস্থা জানা না থাকলে কন্টিনিউয়েন্সএর কথা আসে কি করে?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
আমি জানি রিলিফএর কাজ হচ্ছে কিন্তু তার বিশদ বিবরণ জানতে চাইলে আমাকে নোটিশ দিতে হবে।

**Sj. Basanta Kumar Panda:**
মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি যেসমস্ত লোকদের গ্রাটুইসাচ রিলিফ দেওয়া হয় এবং ডিস্ট্রেসড স্পীনার্স এ্যান্ড উইভার্স অফ দি থানা যাদের দিয়ে খাদি টেস্ট রিলিফএর কাজ করা হয় তা ছাড়া অন্য পরিস্থিতির লোকদের কোন টেস্ট রিলিফ ওয়ার্ক দেওয়া হয়েছিল কিনা?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
সেখানে কোন কোন শ্রেণীর লোকদের গ্র্যাটুইসাচ রিলিফ দেওয়া হয়েছে, সেটা চাল, গম বা টাকায় দেওয়া হয়েছে। যারা সুতা থেকে রিলিফ চেয়েছেন তাদের সুতা দেওয়া হয়েছে, যারা টেস্ট রিলিফএর অন্যান্য কাজ চেয়েছেন যেমন রাস্তার কাজ, পুকুর কাটার কাজ বা অন্যবিধ টেস্ট রিলিফএর কাজে নিযুক্ত হতে চেয়েছেন তাঁদের সেই কাজ দেওয়া হয়েছে।

**Sj. Basanta Kumar Panda:**
আমি জানতে চাই—রাস্তার কাজ পুকুর কাটার কাজ অর্থাৎ মাটির কাজ ঐ ভগবানপুর থানায় হয়েছিল কিনা?

**The Hon'ble Prafulla Chandra Sen:** I want notice.

**Sj. Basanta Kumar Panda:**
আপনি ত দুই ধরনের রিলিফের কথা বলেছেন, '(বি)'এর উত্তরে—গ্রেচুইসাচ রিলিফ এবং খাদি টেস্ট রিলিফ—এ ছাড়া আর কোন রকম টেস্ট রিলিফএর কাজ হয়েছিল কিনা?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
নিশ্চয়ই মাটি কাটা ও অন্যান্য রকমে কাজ হয়েছিল।

**Sj. Basanta Kumar Panda.**
সে কাজ ঐ থানায় হয়েছিল কিনা? অন্যত্রর কথা নয়।

**The Hon'ble Prafulla Chandra Sen:**
বিস্তারিত খবর চাই এরকম প্রশ্ন করলে নোটিশ চাইব। নোটিশ পেলে উত্তর দেব। নচেৎ দিতে পারব না।

**Sj. Khagendra Kumar Roy Choudhury:**
খাদি টেস্ট রিলিফ অপারেশনটা কি আমি জানতে চাই মন্ত্রী মহাশয় বলবেন কি?

**Mr. Speaker: Mr. Panda,** as regards Bhagawanpur thana, the answer is 'yes'. He cannot give the details. If you want the details, you should give notice.

**The Hon'ble Prafulla Chandra Sen:**
সুতা কাটতে পারে যারা তারা কাটতে চাইলে তাদের কাটতে দেওয়া হয় এবং তারজন্য তারা মজুরী পায়।

**Dr. Suresh Chandra Banerjee:**
কত লোককে ঐ সুতা কাটার কাজ দেওয়া হয়েছিল?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
ভগবানপুর থানায় প্রায় এক হাজার লোককে—স্পিনার্সকে দেওয়া হয়েছিল। তারা প্রায় ৬২ মান সুতা কাটে, এবং ১৫ হাজার গজ খাদি হয়েছে।

**Dr. Suresh Chandra Banerjee:**
আর কি দেওয়া হচ্ছে না?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
ঠিক আজকালকার কথা বলতে পারব না।

**Dr. Suresh Chandra Banerjee:**
কোন চরকা তাদের দেওয়া হয়েছিল—সাধারণ চরকা, না অম্বর চরকা?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
অম্বর চরকা নয়, সেখানে ঠাকুরমাদের আমলের চরকাই এখনো চলে।

### Muslims displaced during communal disturbances of 1950

***23.** (Admitted question No. *25.) **Dr. Abu Asad Md. Obaidul Ghani:** Will the Hon'ble Minister in charge of the Relief Department be pleased to state—

(*a*) how many Muslim families were displaced from their houses during communal disturbances of 1950;

(*b*) how many families have got back their houses since then; and

(*c*) what compensation, if any, has been provided by the Government for the displaced Muslim families?

**The Hon'ble Prafulla Chandra Sen:** (*a*) and (*b*) The information wanted forms part of the report of the Disturbances Enquiry Commission set up by Government. A similar Disturbances Enquiry Commission was set up by East Bengal Government also after the Prime Ministers' Agreement. Neither of these reports has yet been published and it is not considered desirable to give the information wanted until both the Governments agree to publish the reports.

(c) Government never accept liability for payment of compensation for losses sustained during communal disturbances. They, however, formulated a scheme for relief and rehabilitation of persons displaced by the riot of 1950 which provides for—

(i) Multipurpose grants up to Rs.200 per family.

(ii) Business loans up to Rs.500 per family.

**Dr. Abu Asad Md. Obaidul Ghani:** Is there any likelihood of the two Governments agreeing to the publishing of the report?

**The Hon'ble Prafulla Chandra Sen:** That is more than I can tell the honourable member.

**Dr. Abu Asad Md. Obaidul Ghani:** Has any family received multi-purpose grants up to Rs. 200 per family yet, as we find in answer (c)(i)?

**The Hon'ble Prafulla Chandra Sen:** I may tell the honourable member that up to date we have paid grant amounting to Rs. 28,39,375 and loans amounting to Rs. 56,250. There are still a few cases pending.

**Dr. Narayan Chandra Ray:**
-এই যে টাকাটা খরচ হল বলছেন, দিলেন কোথা থেকে? কোয়েশ্চেনটা ছিল—
What has been provided by the Government for the displaced Muslim families?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
যারা ১৯৫০ সালে সাম্প্রদায়িক গোলযোগের সময় ডিসপ্লেস হয়েছিল এ প্রশ্ন তাদের সম্পর্কে।

**Dr. Narayan Chandra Ray:**
অপনি যে ফিগারটা দিলেন এর সবটাই কি ডিসপ্লেসড মুসলিমসদের জন্য খরচ হয়েছে?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
হ্যাঁ, এই ২৮,৩৯,৩৭৫ টাকা ডিসপ্লেসড মশসলিমসদের জনাই খরচ হয়েছে।

**Dr. Narayan Chandra Ray:**
আমাদের আর একটা প্রশ্ন ছিল ডিসপ্লেসড যারা হয়েছে, কতগুলি লোক তাদের পুরানা বাড়ী ফিরে পেয়েছে। তার জবাব ত পেলাম না?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
আমি ত এর উত্তর আগেই দিয়েছি। এখন আবার বলছি—সে সম্বন্ধে যে রিপোর্ট আছে তা প্রকাশ করতে পারব না।

**Dr. Narayan Chandra Ray:**
আমার প্রশ্নটা ছিল—যারা বাস্তুচ্যুত হয়েছিল তাদের মধ্যে কতজন বাড়ী ফিরে পেয়েছে, এতে পাবলিক সেফটির কি ব্যাপার থাকতে পারে।

**Mr. Speaker:**
উনিত বলেইছেন এর জবাব দিতে পারবেন না
You may put another question.
কিন্তু অন্য পয়েন্টএ।

**Sj. Chitto Basu:**
এই ধরনের কতগুলি মুসলমান উদ্বাস্তু সাহায্যের জন্য এবং ঋণের জন্য এ্যাপ্লিকেশন করেছে?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
এ পর্যন্ত ৩,১৭৬টি দরখাস্ত আমাদের কাছে এসেছে, তার মধ্যে ৩,১৫৩টা ডিসপোজড অফ হয়েছে, কিছু রিজেক্টেড হয়েছে, এখন ৯টা পেন্ডিং আছে।

**Sj. Chitto Basu:**
চাষের জমি যেগুলি বেদখল করা হয়েছে সেগুলি সম্বন্ধে কিছু করণীয় আছে কি?

**Mr. Speaker:** That question does not arise.

**Sj. Jagannath Majumder:**
এই যে সাহায্য দেওয়া হয়েছে ডিস্ট্রিক্টওয়াইজ কোন লিস্ট আছে কি?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
আমি নোটিশ চাই।

**Sj. Ganesh Ghosh:**
যে সমস্ত মুস্লিম বাড়ীতে আজও হিন্দু রিফিউজিরা আছে তাদের অবিলম্বে রিহ্যাবিলিটেড করে ঐ বাড়ীগুলি খালি করার কি পদ্ধতি আছে?

**Mr. Speaker:** The question is disallowed; it does not arise out of it.

**Sj. Ganesh Ghosh:**
আচ্ছা, যেসব মুসলিম মসজিদ এখনও রিফিউজিদের দখলে আছে সেগুলি ছাড়বার জন্য কোন ব্যবস্থা আছে কি?

**The Hon'ble Prafulla Chandra Sen:** The question does not arise out of it.

**Sj. Bankim Mukherjee:**
কত বাড়ী ফেরত দেওয়া হয়েছে এটাও কি এনকোয়ারী কমিটির মধ্যে পড়ে?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
এগুলি পড়ছে।

**Sj. Bankim Mukherjee:**
সেগুলিও কি এনকোয়ারী কমিটির মধ্যে পড়ে? সেটাও বলতে পারেন না?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
হ্যাঁ, সেগুলি পড়ে।

**Sj. Chitto Basu:**
যে সমস্ত কবরস্থান আছে সেগুলি সম্বন্ধে কোন নীতি আছে কি?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
আমি আর কিছু উত্তর দিতে পারব না।

**Dr. Kanailal Bhattacharjee:**
মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, উদ্বাস্তুরা যে সমস্ত মুসলিম বাড়ী দখল করে আছে সেগুলি ছাড়াবার কোন বন্দোবস্ত করেছেন কিনা?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
১৫৬টি বাড়ী যেগুলি মুসলমানদের দখল করা ছিল সেগুলি রেস্টোর্ড করে দিয়েছি।

**Dr. Kanailal Bhattacharjee:**
বাদবাকীগুলি এখনও করেন নি?

**Mr. Speaker:** It follows.

**Sj. Jagannath Majumder:**
যেসব মুসলিম বাড়ী রেস্টোর্ড হয়েছে ই, পি, এ্যাক্ট ছাড়া প্রাইভেটলি রেস্টোর্ড হয়েছে তার কোন সাহায্যের ব্যবস্থা আছে কিনা?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
না, ব্যবস্থা নাই।

## Modified rationing in Chakdah police-station of Nadia district

***24.** (Admitted question No. *98.) **Dr. Suresh Chandra Banerjee:** Will the Hon'ble Minister in charge of the Food Department be pleased to state—

(*a*) how many shops for modified rationing have been started, union by union, within Chakdah thana of Nadia district; and

(*b*) what kinds of cereal are being distributed through above shops in May, 1957, and the amount per head and price?

**The Hon'ble Prafulla Chandra Sen:** (*a*) A statement is laid on the Table.

(*b*) Under modified rationing introduced in June last, one seer of rice and one seer of wheat per adult per week and half the quantity in respect of a child are being distributed at the following rates:

| | Per seer. |
|---|---|
| | As. |
| American rice ... ... ... | 9 |
| Burma rice ... ... ... | 7 |
| Wheat ... ... ... | 6 |

Prior to that, rice was made available to consumers through fair price shops at annas 7 per seer at the scale of 2 seers per adult per week and half the quantity for a child.

*Statement referred to in reply to clause (a) of starred question No. 24*

| Name of the Union. | Number of modified ration shops functioning on 6th January, 1958. |
|---|---|
| Saguna ... ... ... | 13 |
| Kanchrapara ... ... ... | 3 |
| Chanduria ... ... ... | 6 |
| Tatla ... ... ... | 4 |
| Simurali ... ... ... | 2 |
| Madanpur ... ... ... | 6 |
| Silinda ... ... ... | 3 |
| Ghetugachi ... ... ... | 2 |
| Hingnara ... ... ... | 1 |
| Kalyani ... ... ... | 1 |

[3-20—3-30 p.m.]

**Dr. Suresh Chandra Banerjee:**
এসব দোকানগুলি থেকে এখনও বর্মা রাইস দেওয়া হয় কি?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
সম্প্রতি আমরা কিছু অল্প রাইস দিচ্ছি।

**Dr. Suresh Chandra Banerjee:**
কত করে দাম?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
সাত আনা করে।

**Dr. Suresh Chandra Banerjee:**
আমেরিকান রাইস দেওয়া হয় না?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
কোথাও কোথাও দেওয়া হয়।

**Dr. Suresh Chandra Banerjee:**
সব দোকান থেকেই দেওয়া হয় অল্প রাইস?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
না।

**Dr. Suresh Chandra Banerjee:**
সগুনা ইউনিয়নএ তেরটি দোকান আছে তার কয়টি থেকে অল্প রাইস দেওয়া হয়?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
নোটিস চাই, সপ্তাহে সপ্তাহে বদলায়।

**Dr. Suresh Chandra Banerjee:**
সগুনাতে ১৩টি, কাঁচড়াপাড়াতে তিনটি এরকম বিভিন্ন জায়গায় আছে, এই তারতম্যের কারণ কি?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
কারণ—আমাদের যার যেখানে যেমন প্রয়োজন সেখানে সেই অনুসারে দোকান হয়েছে। সব ইউনিয়নএর লোকসংখ্যা তো সমান নয়! মাননীয় সদস্য মহাশয়ের এটা ভালই জানা আছে যে সগুনাতে লোকসংখ্যা বেশী।

**Dr. Suresh Chandra Banerjee:**
এইসব ডিলার্স এপয়েন্ট করে কে?

**The Hon'ble Prafulla Chandra Sen:** Subdivisional Controller.

### Relief measures in Chakdah police-station of Nadia district

***25.** (Admitted question No. *99.) **Dr. Suresh Chandra Banerjee:** Will the Hon'ble Minister in charge of the Relief Department be pleased to state—

(*a*) whether any gratuitous relief is being given within the Chakdah thana at present (May, 1957);

(*b*) if so, in which form—whether dry or cooked food;

(*c*) to how many people, centre by centre, such relief is being given;

(*d*) whether Government have any proposal to increase the amount of relief and number of centres;

(*e*) whether any cloth has been distributed within the thana; and

(*f*) if so, how many pairs to how many persons and in which areas?

**The Hon'ble Prafulla Chandra Sen:** (a) Yes

(b) In cash.

(c) 1,406 people of the ten unions as well as of municipal area were given such relief in May, 1957.

(d) It depends on the situation.

(e) Yes.

(f) In Chakdah police-station one piece of Dhuti each was given to 8,899 males, one piece of Sari each to 5,997 females and 1,989 blankets each were distributed to 1,989 persons.

**Dr. Suresh Chandra Banerjee:**
এই যেসব শাড়ী কম্বল দেওয়া হয়—কি নীতিতে এইসব লোক বাছাই করা হয়?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
আমাদের সেখানে ইউনিয়ন রিলিফ কমিটি আছে, তাদের সাহায্যে বাছাই করা হয়।

**Dr. Suresh Chandra Banerjee:**
ইউনিয়ন রিলিফ কমিটি, না ইউনিয়ন বোর্ড?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
ইউনিয়ন রিলিফ কমিটিতে ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট আছেন, ইউনিয়ন এগ্রিকালচারাল অ্যাসিস্টেন্ট আছেন, লোকাল এম এল এ, আছেন এবং আরো দু'ইজন গভর্নমেন্ট দ্বারা মনোনীত ব্যক্তি আছেন।

**Dr. Suresh Chandra Banerjee:**
সেখানে যে ইউনিয়ন রিলিফ কমিটি আছে, আমি তার মেম্বার, ইউনিয়ন রিলিফ কমিটির কাছে শাড়ী, কাপড় দেওয়ার প্রশ্ন আনা হয় না—তাই জিজ্ঞাসা করছি কি নীতিতে বাছাই করা হয়?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
ইউনিয়ন রিলিফ কমিটির হাতে শাড়ী, কম্বল আমরা দিই না, ইউনিয়ন রিলিফ কমিটি আমাদের প্রাইওরিটি লিস্ট তৈরীর সময় সাহায্য করেন।

**Dr. Suresh Chandra Banerjee:**
গ্রাট্‌ইটাস রিলিফ প্রভৃতি অনেক ব্যাপার ইউনিয়ন রিলিফ কমিটিতে আনা হয়, কিন্তু শাড়ী, কম্বলের ব্যাপার এ পর্যন্ত কোন দিন আনা হয় নি, অথচ শাড়ী দেওয়া হচ্ছে।

**The Hon'ble Prafulla Chandra Sen:**
খোঁজ করে দেখবো।

**Mr. Speaker:**
যে জিনিস সত্য বলে আপনি জানেন, তা নিয়ে প্রশ্ন হয় না—
I think that is one of the rules that we follow.

**Sj. Hemanta Kumar Ghosal:**
এসব ব্যাপারে ইউনিয়ন রিলিফ কমিটি কি প্রাইওরিটি লিস্ট দিয়েছিলেন?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
নোটিশ চাই।

**Sj. Hemanta Kumar Ghosal:**
আপনাদের সার্কুলার আছে যে ইউনিয়ন রিলিফ কমিটি শাড়ী, কম্বল, ডিস্ট্রিবিউট করার জন্য প্রাইওরিটি লিস্ট তৈরী করবে....

**The Hon'ble Prafulla Chandra Sen:**
আমাদের সার্কুলার আছে গ্রাটুইটাস রিলিফ, ডোলস, টেস্ট রিলিফের কাজ অথবা শাড়ী ইত্যাদি বিতরণের সময় যে প্রাইওরিটি লিস্ট তৈরী করা হবে তাতে ইউনিয়ন রিলিফ কমিটির মত নেওয়া হবে।

**Sj. Hemanta Kumar Ghosal:**
এই যে প্রাইওরিটি লিস্ট বলেছেন, এটা কোন জায়গায় হয় কিনা সে সম্বন্ধে ওয়াকিবহাল আছেন কি?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
এখানে একটামাত্র জায়গা সম্বন্ধে—চাকদা থানা সম্বন্ধে প্রশ্ন করা হয়েছে।

**Sj. Hemanta Kumar Ghosal:**
কোন জায়গায় হয় কিনা?

**Mr. Speaker:** It does not arise.

**Sj. Hemanta Kumar Ghosal:**
এই নীতি অনুসারে কোন জায়গার কোন রিলিফ কমিটি থেকে প্রাইওরিটি লিস্ট পেয়েছেন কিনা—চাকদহ থেকে পেয়েছেন কিনা?

**Mr. Speaker:**
প্রাইওরিটি লিস্ট তৈরী করে ডিস্ট্রিবিউসনের সময়—
It is made available to those who are responsible for distribution. The Minister concerned does not prepare the priority list.

**Sj. Hemanta Kumar Ghosal:**
চাকদহ থেকে প্রাইওরিটি লিস্ট এসেছিল কিনা ডিস্ট্রিবিউট করার জন্য এটা জানেন কি?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
আমি বলেছি যে নোটিস চাই—প্রাইওরিটি লিস্ট এসেছিল কিনা, কবে এসেছিল, কার কাছ থেকে এসেছিল এগুলি বলতে গেলে।

**Sj. Ramanuj Halder:**
মন্ত্রী মহাশয় জানাবেন কি ইউনিয়ন রিলিফ কমিটিতে আরো যে দুইজন লোক আছেন বলেছেন তারা কারা?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
সরকারের দ্বারা মনোনীত দুইজন ব্যক্তি বলেছি।

**Sj. Mihirlal Chatterjee:**
আমি জানতে পারি কি ১৯৫৭ সালের মে মাসে যে প্রশ্ন জিজ্ঞাসা করা হয়েছিল, সেই প্রশ্নের জবাব ১৯৫৮ সালের ফেব্রুয়ারি মাসের শেষ দিকে কেন দেওয়া হোল?

**Mr. Speaker:**
কবে কোয়েশ্চেন করা হয়েছিল?

**The Hon'ble Prafulla Chandra Sen:** The question was given some time in June, 1957.

**Sj. Mihirlal Chatterjee:**
প্রশ্ন ছিল—
whether any gratuitous relief is being given within the Chakdah thana at present?
১৯৫৭ সালের মে মাসের অবস্থা সম্বন্ধে যদি প্রশ্ন দেওয়া হয়ে থাকে তাহলে স্যার, তার জবাব ১৯৫৮ সালের ফেব্রুয়ারি মাসের শেষ দিকে কেন দেওয়া হয়?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
এক একটা প্রশ্নে যদি দুশোটা করে সাপ্লিমেন্টারী হয়—তাহলে জবাব দিতে ত বছর বছর লাগবে।

[3-30—3-40 p.m.]

**Mr. Speaker:** Government sent up the answer on the 30th January 1958. Local investigation had to be made before the answer was received and there is some amount of delay. Perhaps it would have been much better if the answers were made available to the members earlier, and I think Government would take notice of my observation that they should do their best to answer questions as early as possible.

**Sj. Niranjan Sen Gupta:**
মন্ত্রী মহাশয় বলেছেন ইউনিয়ন রিলিফ কমিটিতে ইউনিয়ন বোর্ডএর প্রেসিডেন্ট, লোকাল এম-এল-এ, এগ্রিকালচারাল এ্যাসিস্টেন্ট, আর দুইজন নমিনেটেড লোক নেওয়া হয়েছে—আমার প্রশ্ন হল, এই নমিনেটেড লোকদের মধ্যে কাদের নিয়ে গঠিত হয়েছে?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
আমি আপনার কথা বুঝতে পারলাম না। রিলিফ কমিটি সম্বন্ধে আর কিছু বলার নাই আমার।

**Sj. Niranjan Sen Gupta:**
আমার প্রশ্ন হল, আপনি একটা জবাব দিয়েছেন যে, দুজন নমিনেটেড লোক নেওয়া হয়েছে, এই দুজনের মধ্যে কাদের নিয়ে কমিটি গঠিত হয়েছে?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
এটা এই প্রশ্ন থেকে উঠে না।

**Mr. Speaker:** These usually are the persons who constitute the relief committee and two persons are nominated by the Government. Naturally it follows that such persons enjoy confidence.

**Sj. Chitto Basu:**
ইউনিয়ন রিলিফ কমিটি যে সংখ্যা দেন, অর্থাৎ তাঁরা যে প্রাইওরিটি লিস্ট তৈরী করেন সার্কল অফিসার কি সেগুলি পরে পরিবর্তন করতে পারেন?

**Mr. Speaker:** That question does not arise.

**Sj. Hemanta Kumar Ghosal:**
সাপ্লিমেন্টারীর জবাব যা দিয়েছেন মন্ত্রী মহাশয় তাহলে তো আর কোন কোয়েশ্চেনইতো হতে পারে না, এই যদি এটিচুড হয়......

**Mr. Speaker:** I have noticed it. Being asked further to explain he said that there is nothing about the relief committee. Therefore, he cannot possibly reply.

**Distressed areas of Midnapore district and the relief measures**

***26.** (Admitted question No. *250.) **Sj. Ananga Mohan Das:** Will the Hon'ble Minister in charge of the Relief Department be pleased to state—

(ক) বর্তমানে মেদিনীপুর জেলার কোন্ কোন্ অঞ্চল দুঃস্থ এলাকারূপে গণ্য হইয়াছে;

(খ) সরকার ঐ-সকল অঞ্চলের জনগণের দুর্দশা দূর করিবার জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন; এবং

(গ) ঐ-সকল ব্যবস্থা বাবত কত পরিমাণ টাকা বা খাদ্যশস্য বরাদ্দ করিয়াছেন?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
(ক) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) যেখানে সম্ভব টেস্ট রিলিফের কাজ চালু করা হইয়াছে ও প্রয়োজনমত ঋণ বিতরণ করা হইতেছে। প্রকৃত দুঃস্থ অক্ষম লোকদিগকে খয়রাতি সাহায্য দেওয়া হইতেছে। প্রায় প্রতি ইউনিয়নেই সস্তাদরের চাউলের দোকান খুলিয়া জনসাধারণকে সাহায্য করা হইতেছে।

(গ) মেদিনীপুর জেলায় সাহায্য-ব্যবস্থার জন্য বর্তমান আর্থিক বৎসর ১৫-১১-৫৭ তারিখ পর্যন্ত নিম্নলিখিত সাহায্য মঞ্জুর করা হইয়াছে:

নগদ—১৪,৫৩,২০০ টাকা।

খাদ্যশস্য—

গম—৩২,০৭৮ মন ২০ সের।

আটা—১১,৩৯০ মন ১৮ সের।

**Sj. Basanta Kumar Panda:**
মন্ত্রী মহাশয় বলবেন কি, ১৯৫৭ সালে মেদিনীপুর জেলায় কত টাকার টেস্ট রিলিফএর কাজ হয়েছিল?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
আমি নোটিশ চাই।

**Sj. Basanta Kumar Panda:**
মন্ত্রী মহাশয় বলবেন কি, কত টাকার ঋণ বিতরণ করা হয়েছিল?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
সে কথা এখানে জিজ্ঞাসা করা হয় নি?

**Sj. Natendra Nath Das:**
এখানে বলা হয়েছে, যেখানে সম্ভব টেস্ট রিলিফএর কাজ হয়েছিল এবং সমস্ত দুঃস্থ অঞ্চলেই টেস্ট রিলিফএর কাজ হচ্ছে না, মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি সমস্ত দুঃস্থ অঞ্চলে কবে কাজ চালু হবে?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
একটা সংবাদ আমার কাছে আছে যে, ১৫ই নবেম্বর পর্যন্ত কি বাবত কত টাকা মোটামুটি খরচ হয়েছে তা বলতে পারি,

খয়রাতি সাহায্য নগদ টাকা—১ লক্ষ ২৯ হাজার ৪০৬ টাকা;

গম—৪ হাজার ৫৭২ মণ;

আটা—১১ হাজার ৯ মণ;

টেস্ট রিলিফএ নগদ টাকা—৫ লক্ষ ২৫ হাজার ৬৮৪ টাকা;

গৃহনির্মাণ—২৬ হাজার ৭ শত টাকা;

কৃষিঋণ—৭ লক্ষ ৪০ হাজার টাকা:

কারিগরি ঋণ—২৫ হাজার।

**Sj. Natendra Nath Das:**
এটা আমার প্রশ্নের জবাব হল না, আমি বলেছিলাম সমস্ত দুঃস্থ অঞ্চলে টেস্ট রিলিফএর কাজ চালু হবে কিনা, আপনি বলেছেন যেখানে সম্ভব টেস্ট রিলিফ কাজ চালু হয়েছিল—আমি জিজ্ঞাসা করছি সমস্ত দুঃস্থ অঞ্চলে টেস্ট রিলিফএর কাজ চালু হবে কিনা?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
টেস্ট রিলিফ সব জায়গায় দেওয়া সম্ভব নয়।

**Sj. Saroj Roy:**

লাইব্রেরী টেবিলএ যে স্টেটমেন্ট রেখেছেন তাতে দেখছি, সদর উত্তর মহকুমায় অল্পাধিক প্রায় সব থানাতেই হয়েছে আপনি দয়া করে একটু বিশ্লেষণ করে বলবেন কি কোন কোন অঞ্চলকে বাদ দিয়ে দুঃস্থ অঞ্চল বলে মেনে নিয়েছেন, নাকি কয়েকটা থানাকেই দুঃস্থ এলেকা বলে মেনে নিয়েছেন?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট যেখানে যেখানে মনে করেন সাহায্য দেওয়া দরকার, টেস্ট রিলিফএর কাজ করা উচিত সেখানেই করা হয়। আমরা এখান থেকে কোন এলেকাকে দুঃস্থ বলি না।

**Sj. Saroj Roy:**

আপনি (খ)এর উত্তরে সস্তাদরের টেস্ট রিলিফএর যে কথা বলেছেন তাতে আমি জানতে চাচ্ছি সেখানে ঐ দুঃসময়ে টেস্ট রিলিফএ সস্তাদরের চাল কতদরে দেওয়া হয়েছিল?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

আমি নোটিশ চাই।

**Sj. Basanta Kumar Panda:**

১৯৫৭ সালের কোন কোন ইংরাজী মাসে মেদিনীপুরে সস্তাদরের ইউনিয়ন দোকানগুলি খোলা হয়েছিল?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

আমি নোটিশ চাই।

**Sj. Saroj Roy:**

স্পীকার মশাই, আমি আপনার একটুখানি দৃষ্টি আকর্ষণ করছি যে, ১৯৫৭ সালের টেস্ট রিলিফ হয়ে গিয়েছে, টাকাও খরচ হয়ে গিয়েছে, এখন ১৯৫৮ সালে অর্থাৎ এক বছর পরে যদি প্রশ্নের জবাবে উনি বলেন 'আমি নোটিস চাই'—তাহলে আমরা দাঁড়াই কোথা? ১৯৫৭ সালে যে কাজ হয়ে গিয়েছে ১৯৫৮ সালে তার সস্তাদরের চালের দর অর্থাৎ রেট কি দেওয়া হয়েছিল একথা জিজ্ঞাসা করাতে মন্ত্রী মশাই বলেছেন 'নোটিস চাই'—তাহলে পর আমরা কি একথা মনে করতে পারি......

**The Hon'ble Prafulla Chandra Sen:**

রেটএর কথা এখানে জিজ্ঞাসা করা হয় নি।

**Sj. Hemanta Kumar Ghosal:**

১৯৫৮ সালে বাংলাদেশে টেস্ট রিলিফ কত হয়েছে অর্থাৎ এখনো চলছে এবং কত করে রেট দেন বলতে পারেন কি?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

রেট ভ্যারি করে।

**Mr. Speaker:** Wage may vary from district to district. If you had put a question about the rate at which they were paid in Midnapore in 1957, I have no doubt the answer would have been given, but I do not think that there is unanimity in rate in every district.

**Sj. Ajit Kumar Ganguli:**

দুঃস্থ কাকে বলা যায়।

**The Hon'ble Prafulla Chandra Sen:**

তা ঠিক নাই।

**Sj. Ajit Kumar Ganguli:**

আমরা শুনেছি শতকরা দুই-তিনজনকে মাত্র ধরা হয়।

**The Hon'ble Prafulla Chandra Sen:**
এটা ঠিক নয়।

**Sj. Ajit Kumar Ganguli:**
কোন কন্ফিডেন্সিয়াল সার্কুলার দেওয়া হয়েছে কিনা যে, শতকরা দুই-তিনজনকে যেন খয়রাতি সাহায্য দেওয়া হয়?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
আমি মাননীয় সদস্যকে একথা বলতে পারি যে, এরকম কোন গোপন সার্কুলার দেওয়া হয় নি।

**Sj. Ajit Kumar Ganguli:**
সাবডিভিসনাল অফিসার ইচ্ছামত সার্কুলার দিতে পারেন?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
আমি তো বলেছি কোন গোপন সার্কুলার নাই।

**Sj. Ajit Kumar Ganguli:**
মেদিনীপুর জেলায় কত টেস্ট রিলিফএর কাজ হয়েছে?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
নোটিশ চাই?

[3-40—3-50 p.m.]

**Sj. Natendra Nath Das:**
মাননীয় মন্ত্রী মহাশয় (গ) প্রশ্নের উত্তরে যে ফিগার দিয়েছেন, সেটা সমগ্র মেদিনীপুর জেলার উপর, তিনি কি এটা মহাকুমার উপর দিতে পারবেন?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
অনুগ্রহ করে যদি মহাকুমা সম্বন্ধে প্রশ্ন করা হতো, তাহলে নিশ্চয়ই দিতাম। কিন্তু এখানে আপনি জেলা সম্পর্কে প্রশ্ন করেছেন।

**Distribution of cattle-purchase loan in Serampore subdivision**

***27.** (Admitted question No. *265.) **Sj. Panchugopal Bhaduri:** Will the Hon'ble Minister in charge of the Relief Department be pleased to state—

(ক) হুগলী জেলার শ্রীরামপুর মহকুমার জন্য বর্তমান বৎসরে মোট কত টাকার কৃষিঋণ বরাদ্দ করা হইয়াছে;

(খ) উপরোক্ত মহকুমার কোন্ থানায় কত টাকার কৃষিঋণ গত মে মাস পর্যন্ত বিলি করা হইয়াছে;

(গ) কি পদ্ধতিতে এবং কোন্ কোন্ প্রতিষ্ঠান অথবা সংগঠনের মারফত ঋণ বিলি করা হইয়াছে;

(ঘ) ইহা কি সত্য যে, শ্রীরামপুর মহকুমার রাজ্যধরপুর ইউনিয়নের জন্য বরাদ্দ কৃষিঋণ মহকুমা হেড কোয়ার্টার শ্রীরামপুর অথবা রাজ্যধরপুর হইতে বিলি না করিয়া চণ্ডীতলা হইতে বিলি করা হইয়াছে; এবং

(ঙ) সত্য হইলে, কি কারণে ঐরূপ করা হইয়াছে?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

(ক) ১৮ই নবেম্বর পর্যন্ত ১,৫০,০০০ টাকা।

(খ) কেবলমাত্র চণ্ডীতলা থানায় ৯,৩৫০ টাকা।

(গ) কৃষিঋণ আইনের (১৮৮৪) বিশেষ নিয়মাবলী অনুসারে যুক্ত আবেদনপত্র প্রধান ও ইউনিয়ন বোর্ডের সাহায্যে সরকারী কর্মচারী মারফত ঋণ বিলি করা হইয়াছে।

(ঘ) না।

(ঙ) প্রশ্ন উঠে না।

**Sj. Panchugopal Bhaduri:**
মাননীয় মন্ত্রী মহাশয়, বলবেন কি এই কৃষিঋণের মধ্যে গোঋণ বা ক্যাটল পার্চেজ ঋণ ধরা হয়েছে কিনা?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
এখানে জিজ্ঞাসা করা হয়েছে কৃষিঋণ; গোঋণের কথা তো এখানে নাই।

**Sj. Panchugopal Bhaduri:**
এর মধ্যে গোঋণ ইনক্লুড করেন নি তাহলে?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
দুটো আলাদা আলাদা বিষয়।

**Sj. Panchugopal Bhaduri:**
মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন—চণ্ডীতলা থানা ছাড়াও শ্রীরামপুর মহকুমায় কৃষিঋণের জন্য কত দরখাস্ত এসেছিল—সে ধারণা আপনার আছে কিনা?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
আজ্ঞে না, তা বলতে পারবো না। কারণ প্রশ্নে সে কথা ছিল না।

**Sj. Panchugopal Bhaduri:**
এই সমগ্র শ্রীরামপুর মহকুমার জন্য যে দেড় লক্ষ টাকা বরাদ্দ হয়েছে, তা থেকে চণ্ডীতলা থানার বরাদ্দ ৯,৩৫০ টাকা বাদ দিলে যে ১ লক্ষ ৪০ হাজার টাকার উপর দাঁড়ায়, সেটা নিশ্চয়ই মহকুমার অন্যান্য থানার জন্য ধার্য হয়েছে। এখন আমার প্রশ্ন হচ্ছে—সেই অন্য থানার ধার্য ঋণের অঙ্ক আপনার কাছে কিছু আছে কি?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
আমি দেখছি. আমার কাছে কিছু আছে—শ্রীরামপুর থানায় ১০,৯৬৫ টাকা, উত্তরপাড়া থানায় ৩৫০ টাকা, চণ্ডীতলা থানায় ৫৪,২৮৫ টাকা, আর জাঙ্গীপাড়া থানায় ৫৯,৪০০ টাকা।

**Dr. Suresh Chandra Banerjee:**
এই যে এক এক জেলায় কৃষিঋণ বরাদ্দ হয়, কি বোসসএ, কি প্রিন্সিপলএ কোন জেলায় কত টাকা দেওয়া হবে তা ঠিক করেন?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
সমস্ত জেলা থেকে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটরা এক একটা করে আমাদের জানান তাদের কি প্রয়োজন এবং সেই অনুসারে টাকা স্যাংসন করা হয়।

**Dr. Suresh Chandra Banerjee:**
জেলা ম্যাজিস্ট্রেটরা কি করে তা ঠিক করেন, কি করে জানবেন তা?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
জেলা ম্যাজিস্ট্রেটরা যদি জেলার খবর না জানেন তাহলে কে জানবে? তা নাহলে আমরাই বা কি করে জানবো?

**Sj. Panchugopal Bhaduri:**
প্রায় এক বছরের উপর সেইসব এলাকায় কৃষিঋণ বরাদ্দ করা হয় নাই, শুধু চণ্ডীতলা সম্পর্কে এখানে উল্লেখ আছে, আর বাদবাকী জায়গাতে এক বছরের উপর দরখাস্ত পড়ে আছে, অথচ দেওয়া হয় নাই—সে খবর রাখেন কি?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
পূর্বেই তো বলেছি কোন কোন জায়গায় দেওয়া হয়েছে। দেওয়া হয় নাই একথা বলা যায় না।

**Sj. Ajit Kumar Ganguli:**
মাননীয় স্পীকার মহাশয়, লক্ষ্য করবেন ঐ কৃষিঋণের আইন তো ১৮৮৪ সালের প্রায় একশো বছর হয়ে গেল, এই আইনটা বদলাবার ইচ্ছা কি সরকারের আছে?

**Mr. Speaker:** That question does not arise.

**Sj. Hare Krishna Konar:**
মন্ত্রী মহাশয় বলবেন কি জঙ্গীপাড়া, শ্রীরামপুর ও উত্তরপাড়া থানায় এই দেয় টাকার মধ্যে এত পার্থক্য কি ভিত্তিতে করা হল?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
সোজা কথা। মাননীয় সদস্যের হয়ত জানা নাই যে শ্রীরামপুর থানা প্রায় আরবান।

**Sj. Hare Krishna Konar:**
শ্রীরামপুর থানার গ্রামাঞ্চলের লোকসংখ্যা ও জাঙ্গীপাড়া থানার মোট লোকসংখ্যা কত মন্ত্রী মহাশয় বলতে পারেন?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
আমি সেটা মুখস্ত করে রাখি নাই।

**Sj. Hemanta Kumar Ghosal:**
উনি বলেছেন, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট যে এমাউন্ট লোন চান, সেই অনুসারে আমরা এখান থেকে দেই, তাহলে আমার প্রশ্ন হচ্ছে—১৯৫৭ সালে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট যে এমাউন্ট চেয়েছিলেন সেই এমাউন্ট কি দেওয়া হয়েছিল?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
আমি সেটা না দেখে বলতে পারবো না।

**Sj. Monoranjan Hazra:**
মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন বেগমপুর ইউনিয়নের দু-হাজার টাকা ফেরত গিয়েছিল কিনা?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
খোঁজ করে দেখব।

## UNSTARRED QUESTIONS

**(answers to which were laid on the table)**

### Ejectment of refugee small traders occupying Government roadside lands

**15.** (Admitted question No. 349.) **Sj. Pabitra Mohan Roy:** Will the Hon'ble Minister in charge of the Works and Buildings Department be pleased to state—

(*a*) whether the Government issued any definite instructions to take legal steps and eject the refugee small traders occupying the roadside lands in West Bengal; and

(*b*) whether the Government is aware that Shrimati Renuka Ray, former Refugee Relief and Rehabilitation Minister, assured the Udbastu Byabasayee Samiti that without alternative arrangement no legal steps would be taken against them?

**The Minister for Works and Buildings (the Hon'ble Khagendra Nath Das Gupta):** (*a*) Instructions have been issued from time to time for removing encroachments on Government roadside lands and these instructions cover certain cases of unauthorised occupation by refugees also.

(*b*) No such general assurance seems to have been given.

**Sj. Pabitra Mohan Roy:**
রিফিউজী স্মল ট্রেডারস যতদিন না বিকল্প পুনর্বাসন পাচ্ছে, ততদিন লিগ্যাল এ্যাকসন বন্ধ রাখবেন কি?

**The Hon'ble Khagendra Nath Das Gupta:**
১৯৫৪ সাল এপ্রিল পর্যন্ত যে সমস্ত রিফিউজী বসেছে, তাদের সম্পর্কে প্রচেষ্টা চলছে বিকল্প পুনর্বাসন যেখানে সম্ভব সেখানে দেবার। কিন্তু ১৯৫৪ সালের পরে যদি কোন রিফিউজী এসে বসে থাকে, তাহলে তাদের ওঠাবার জন্য সর্বপ্রকার চেষ্টা করা হচ্ছে।

**Sj. Pabitra Mohan Roy:**
আপনি যা বললেন তাতে দুটো বছরের মেনশন করলেন, সব জিনিস শুনতেও পাই নি, যতদিন না বিকল্প পুনর্বাসন পাওয়া যাচ্ছে, ততদিন লিগ্যাল এ্যাকশন যাতে না নেওয়া হয়, তারজন্য আপনার ডিপার্টমেন্টকে ইনস্ট্রাকসন দেবেন কিনা?

**The Hon'ble Khagendra Nath Das Gupta:**
আমি তো বললাম ১৯৫৪ সাল পর্যন্ত যে সমস্ত রিফিউজি এসে এইভাবে জবর দখল করে বসে আছে, রাস্তার উপর, তাদের পুনর্বাসনের প্রচেষ্টা চলছে। যেখানে পুনর্বাসন প্রচেষ্টা সাফল্যলাভের সম্ভাবনা আছে, সেই স্থানে যাতে তাদের বিরুদ্ধে লিগ্যাল স্টেপ না নেওয়া হয়, তারজন্য চেষ্টা করা হচ্ছে।

**Sj. Pabitra Mohan Roy:**
আর যারা ১৯৫০ সালে এসে বসেছে, তাদের উপর এই লিগ্যাল এ্যাকশন নেওয়া বন্ধ করতে পারবেন কি?

**The Hon'ble Khagendra Nath Das Gupta:**
তারা কোন কোন স্থানে ১৯৫০ সালের পরে ও এসে বসেছে। তারা প্রথমে যেটুকু জমি জবরদখল করে বসেছিল, পরে তার চেয়েও বেশী জমি জবরদখল করবার চেষ্টা করেছে। যেখানে আগে টীনের ঘর ছিল, সেখানে আজ তারা পাকা ঘর করবার ব্যবস্থা করছে। এইসকল কারণে সেখান থেকে তাদের ওঠাবার চেষ্টা করা হচ্ছে।

[3-50—4 p.m.]

**Sj. Jagannath Majumder:**
কোন আইন অনুসারে এইসব রিফিউজীদের উৎখাত করা হচ্ছে?

**The Hon'ble Khagendra Nath Das Gupta:** According to the Highways Act.

**Mr. Speaker:** There is something as legal step which means that step permissible under law. So what is your difficulty?

**Sj. Pabitra Mohan Roy:**
মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন একটা সার্টেন অর্ডারএর কথা যে সেই সময় হবে না। আমি সেই সময়ের ভিতরেই কথা বলছি।

**Mr. Speaker:** I may request the Hon'ble Ministers to confine their answers to the subject matter of the questions.

**Sj. Jagannath Majumder:**
বাংলার ১৯৫৪ সালের আগে যেসব রিফিউজী দোকান করেছিল—রাস্তার ধারে দোকান করেছিল, তাদের মধ্যে যাদের বিরুদ্ধে কেস হয়েছে সেই কেসগুলি উইথড্র করার প্রচেষ্টা ডিপার্টমেন্ট করবেন কিনা?

**The Hon'ble Khagendra Nath Das Gupta:**
এই কেসগুলি উইথড্র করার ক্ষমতা ডিপার্টমেন্টএর নেই।

**Sj. Jagannath Majumder:**
ফার্দার প্রসিড না করবার প্রচেষ্টা করবেন কি?

**The Hon'ble Khagendra Nath Das Gupta:** What is the meaning of proceeding further?

**Sj. Niranjan Sengupta:**
মন্ত্রী মহাশয়ের কাছে বেতিয়ার কয়েকজন রিফিউজী ডেপুটেসনএ গিয়েছিল। তখন তিনি তাদের আশ্বাস দিয়েছিলেন যে ১৯৫৪ সালের আগে যারা ছিল তাদের উপর স্টেপ নেওয়া হবে না, অথচ এখন স্টেপ নেওয়া হচ্ছে। এই ইনস্ট্রাকশন ফলো করা হয় নি এর কারণ কি?

**The Hon'ble Khagendra Nath Das Gupta:**
পূর্বেই বলেছি কোন কোন ক্ষেত্রে কোন কোন দোকানদার তাদের দোকানের পরিধি বাড়াবার প্রচেষ্টা করেছে। আবার কোন কোন দোকনদার তদের ঘর—চালা ঘর, পাকা করবার চেষ্টা করেছে, সেইসব ক্ষেত্রে সরকার থেকে করা হয়েছে।

**Sj. Niranjan Sengupta:**
যেখানে সেটা করা হয়েছে তা ছাড়া অন্য জায়গায়ও মামলা করা হয়েছে?

**The Hon'ble Khagendra Nath Das Gupta:**
আগেই বলেছি যে এই সম্পর্কে কিছু বলবার নেই।

**Sj. Chitto Basu:**
এই ধরুন, যারা ১৯৫৪ সালের আগে এসেছে, তারা যে জায়গা দখল করে ছিল, সে সম্বন্ধে একটা লিস্ট সরকারের কাছে আছে।

**Mr. Speaker:** Are you giving information or asking for information?

**Sj. Chitto Basu:** I want information from him.
আমার কোয়েশ্চেন হচ্ছে—১৯৫৪ সালের আগে যারা এসেছে এবং কোন জায়গা দখল করে দোকান খুলেছে তাদের একটা পুরা বিবরণী, সম্পূর্ণ লিস্ট সরকারের কাছে আছে কি?

**The Hon'ble Khagendra Nath Das Gupta:**
সেইরকম লিস্ট আছে বলে আমার জানা নেই।

**Sj. Jagannath Majumder:**
এই যে আপনাদের সার্কুলার—১৯৫৪ সালের আগে যে সমস্ত রিফিউজী দোকান করেছিল, তাদের অলটারনেটিভ প্লেস দিয়ে উচ্ছেদ করা হবে—এই সার্কুলার যেসব অফিসার ডিসরিগার্ড করেছে সেইসব অফিসারএর বিরুদ্ধে কোন এ্যাকশন নেবেন কি?

**Mr. Speaker:** Do you know the nature of the circular which has been disregarded?

**Sj. Jagannath Majumder:** He has said that circular in this respect has been issued that the refugees who started business before 1952 legal action will not be taken against them unless alternative accommodation has been found for them.

**Mr. Speaker:** You just now said that the circular was disregarded—what is the contents of the circular?

**Sj. Jagannath Majumder:**
হ্যাঁ, জানি, সেইরকম কেস আছে। নদীয়ার দেওর বাজারে সেইরকম দুই হাজার কেস আছে। যে সার্কুলার দেওয়া হয়েছিল তা ডিসরিগার্ড করে তাদের বিরুদ্ধে কেস করা হয়েছে।

**Mr. Speaker:** Mr. Majumder, I may tell you that if I were the Minister I would have asked you to tell me what were the particulars of the circular. I think "Dayer Bazar" is a market place—it is a locality and there may be one person of that name and there may be a dozen such persons.

**Sj. Jagannath Majumder:** There are two such cases and the Hon'ble Minister knows it. In these two cases the order or instruction has been disregarded.

**The Hon'ble Khagendra Nath Das Gupta:**
যদি কেউ এই সার্কুলার ডিসরিগার্ড করেছে, এইরকম কোন ইনফরমেশন কোন সদস্য আমাকে দেন তাহলে নিশ্চয়ই অনুসন্ধান করে তার স্টেপ নেওয়া হবে।

**Sj. Jagannath Majumder:**
মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি যে এই সম্বন্ধে স্থানীয় এম-এল-এর কোন দরখাস্ত বা টেলিগ্রাম করেছিল কিনা। সেই
Local M.L.A. to Sj. Fazlur Rahman.

**The Hon'ble Khagendra Nath Das Gupta:**
বহু টেলিগ্রাম ও দরখাস্ত সর্বদাই আসছে।

**Sj. Niranjan Sengupta:**
এইরকম একটা লিস্ট তৈরী করে সেই লিস্ট অনুসারে তাদের এস্যুরেন্স দেওয়া হবে কি?

**Mr. Speaker:** You should ask "Will the Hon'ble Minister kindly examine the matter".

**The Hon'ble Khagendra Nath Das Gupta:**
বেতিয়া বাজারে অলটারনেটিভ একমোডেশন দেবার জন্য প্রচেষ্টা চলছে এবং তারজন্য একটা স্কীম তৈরী হয়েছে। বেতিয়া বাজারে যারা ১৯৫৪ সালের পূর্বে জবরদখল করে দোকান করে বসেছিল তাদের অলটারনেটিভ এ্যাকমোডেশন দেবার প্রচেষ্টা চলছে।

**Sj. Bankim Mukherjee:**
মাননীয় মন্ত্রী মহাশয় এই যে বললেন বহু টেলিগ্রাম ও মেসেজ তার কাছে প্রতিদিন আসে, সেইগুলি কতদিন অপঠিতভাবে থাকে?

**The Hon'ble Khagendra Nath Das Gupta:**
সঙ্গে সঙ্গে পাঠ করা হয়।

**Sj. Bankim Mukherjee:**
তিনি বলেছেন যে বহু টেলিগ্রাম আসে কিন্তু এই বিষয়ে কোন পার্টিকুলার টেলিগ্রাম এসেছিল কিনা?

**The Hon'ble Khagendra Nath Das Gupta:**
টেলিগ্রাম যা আসে তার উত্তর সঙ্গে সঙ্গেই দেওয়া হয়।

**Sj. Pabitra Mohan Roy:**
কলিকাতার যশহর রোড এবং দমদমে কয়েকটা কেস—যারা ১৯৫৪ সালের আগে এসেছে, তাদের সম্পর্কে কোন কথা মন্ত্রী মহাশয় জানেন কি?

**The Hon'ble Khagendra Nath Das Gupta:** No.

**Sj. Pabitra Mohan Roy:**
এই সম্বন্ধে খোঁজ দিলে নেবেন কি?

[No reply]

**Sj. Bijoylal Chattopadhyay:**
বেতিয়া বাজারে অনেক লোক দোকান করেছিল তাদের দোকান ভেঙ্গে দেওয়া হয়েছে। সেখানে তাদের তাড়াতাড়ি পুনর্বাসনের ব্যবস্থা করবেন কিনা?

**The Hon'ble Khagendra Nath Das Gupta:**
আমি পূর্বেই বলেছি যে তাদের অলটারনেটিভ এ্যাকমোডেশন দেবার প্রচেষ্টা চলছে।

**Janab S. M. Fazlur Rahman:**
এইসব রিফিউজীরা গভর্নমেন্টএর কাছ থেকে হাজার হাজার টাকা লোন নিয়ে দোকান করেছে একথা মন্ত্রী মহাশয় জানেন কি?

**The Hon'ble Khagendra Nath Das Gupta:**
আমি জানি না।

**Sj. Chitto Basu:**
কোন্ আইনের বলে এই এভিকশন অর্ডার দেওয়া হয়?

**The Hon'ble Khagendra Nath Das Gupta:**
এর উত্তর পূর্বেই দিয়েছি।

**Sj. Chitto Basu:**
প্রথমে হাইওয়েজ এ্যাক্ট লাগান হয় তারপর পুলিস এ্যাক্ট প্রয়োগ করা হয়।

**Mr. Speaker:**
আইনটা দেখুন।
Now the question time is over. We shall resume the debate.

4—4-10 p.m.]

## Enquiry Re: Date of Speaker's ruling

**Sj. Bankim Mukherji:**
মাননীয় স্পীকার মহাশয়! কালকে জ্যোতিবাবু আপনার কাছে যে পয়েন্ট অব অর্ডার তুলেছিলেন আপনি আজকে তার রুলিং ৪টার সময় দেবেন বলেছিলেন।

**Mr. Speaker:** I think Mr. Jyoti Basu has told you something about it. I will give my ruling on Tuesday next. I contacted him over the phone and we had a talk. I said "You better return and we will have a talk on this matter. On Tuesday I will give my ruling".

**Sj. Bankim Mukherjee:**
তাহলে বলতে হয়—শ্রীঅম্বিকা চক্রবর্তী আপনার কাছে চিঠি লিখেছিলেন, প্রতিবাদ করে তারপর তিনি টেলিফোন করবার পর দিতে বলেছিলেন—

**Mr. Speaker.** That must have been the case. Sj. Ambica Chakrabarty also telephoned to me—he wanted to see me. I said "Very well, you come and see me during recess".

**Sj. Bankim Mukherji:**
এটা আপনি দেখবেন। তার অনুরোধ ছিল এটা পড়ে শোনাবার জন্য।

**Mr. Speaker:** I will let you know.

**Sj. Bankim Mukherji:**
দ্বিতীয় প্রশ্ন—আমরা এখনও জানি না বাজেট আলোচনা কি পদ্ধতিতে হবে।

**Mr. Speaker:** If you will kindly come to my chamber, I will discuss the procedure with you. If you agree, well and good; if you do not agree, we will see what we can do about it.

**Debate on the motion of address in reply to Governor's speech**

**Sj. Somnath Lahiri:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়! রাজ্যপাল মহাশয়ার ভাষণে যখন শুনলাম, শ্রমিক এবং মালিকের সম্পর্কের প্রভূত উন্নতি সাধিত হয়েছে এবং মুখ্যমন্ত্রীর বাজেট বক্তৃতায় যখন দেখলাম যে দেশের অর্থনীতি দ্রুত উন্নতিশীল বলে তিনি রঙ্গীন ছবি এ‍ঁকেছেন তখন আমার একটা দিনের কথা মনে পড়ল। সেদিন রাজভবনে উৎসব ছিল, প্রজাতন্ত্র দিবস পালনের জন্য কল্যাণরাষ্ট্রের বাৎসরিক উৎসব উদ্‌যাপিত হচ্ছে এবং সেই রাজভবনে রাত্রির শেষ ভাগে যখন পেয়ালায় পেয়ালায় আনন্দ উচ্ছ্বসিত হয়ে উঠছিল, সেইদিন রাত ১০টার সময় একজন লোক আত্মহত্যা করে। অবশ্য ভয় পাবেন না, সে রাজবাড়ীতে আত্মহত্যা করে নি, করেছিল রাজবাড়ী থেকে তিন মাইল দূরে হাওড়ায়। তার নাম মনোরঞ্জন সরকার। সে কল্যাণরাষ্ট্র সম্বন্ধে রঙ্গীন ছবি আঁকবার কোনদিন সুবিধা পায় নি, কিন্তু কল্যাণরাষ্ট্র গড়ার যে বুনিয়াদ দেশের উৎপাদন বাড়ান সেই কাজে সে ব্যাপৃত ছিল। তা সত্ত্বেও ২৬শে জানুয়ারী, ঐ উৎসবের দিন, মনের দুঃখে আত্মহত্যা করবার আগে একখানা চিঠি লিখে গিয়েছিল এবং তাতে সে জানিয়েছিল যে সে হাওড়া কটন মিলের একজন শ্রমিক, এবং তার কাজ করবার সম্পূর্ণ ইচ্ছা থাকা সত্ত্বেও এবং তার কোন দোষ না থাকা সত্ত্বেও সেখানকার গুজরাতী মালিক শুধু মাত্র নিজের খেয়ালে সমস্ত কারখানায় লক-আউট ডিক্লেয়ার করে দেন। প্রায় এক মাস ধরে সে চেষ্টা করেছিল, সেই লক-আউট অবস্থায় বেকার অবস্থায় কোন চাকরি যদি পায়, এবং তাতে সংসার প্রতিপালন করতে পারে, সে ফেরিওয়ালার কাজ করতে গিয়েছিল, হাওড়া ময়দানে এবং বেলঘরিয়ায়, কিন্তু সেখান থেকে এই কল্যাণরাষ্ট্রের পুলিস তাকে বেআইনী কাজ করছে বলে তাড়িয়ে দেয়। এমন অবস্থায় যখন সে কোন কিছুই করতে পারে নি তখন গলায় দড়ি দিয়ে মরা ছাড়া আর কোন পথ এই কল্যাণরাষ্ট্রে সে খুঁজে পায় নি এবং তা করেছিল ঐ উৎসব আনন্দের মধ্যে প্রজাতন্ত্র দিবসে। এইভাবে একটা কর্মঠ মানুষের জীবনে আকস্মিক মৃত্যুর যবনিকা পড়ল এবং হয়ত আমাদের মন্ত্রীমহলে এমন কি রাজ্যপালের বক্তৃতায়ও সে সম্বন্ধে কল্যাণরাষ্ট্রের ভবিষ্যৎ ভেবে কোন আতঙ্কের কথা উত্থাপিত হবে না। বরং রাজ্যপালের ভাষণে বার বার দেখলাম যে ট্রাইবিউন্যাল ইত্যাদির ব্যবস্থা করে তিনি নাকি শ্রমিকদের এবং কর্মচারীদের প্রায় স্বর্গে পৌঁছে দেবার ব্যবস্থা করেছেন। কিন্তু আমি আপনার কাছে জানতে চাই যে সেই মনোরঞ্জন সরকার যে প্রাণ নষ্ট করা ছাড়া পরিত্রাণের কোন উপায় দেখে নি, সে যে কারখানায় কাজ করত—সেই হাওড়া কটন মিলে তখন একটা ট্রাইবিউন্যাল চলছিল—টেক্সটাইল অমনিবাস ট্রাইবিউন্যাল। আইন আছে যে ট্রাইবিউন্যাল চলাকালে কারখানা লক-আউট করতে গেলে সরকারের অনুমতি নিতে হবে। কিন্তু সেখানকার মালিক শ্রেণী সরকারকে থোড়াই করে, এবং হাওড়ার সেই গুজরাটী মালিক বাঙ্গালী শ্রমিকদের বার করে দিয়ে লক-আউট করেছিল। অর্থাৎ প্রত্যক্ষভাবে এ কথাই বলা যেতে পারে যে হাওড়া কটন মিলের মালিক মনোরঞ্জন সরকারের মৃত্যুর জন্য, তাকে হত্যা করার জন্য দায়ী। আমার মনে হয় সরকারের দায়িত্ব তার চেয়ে বেশী। কারণ, এই ভারতবর্ষে আইন থাকা সত্ত্বেও, বক্তৃতাবাজীর কোন অভাব না থাকলেও একজন বাঙ্গালী কর্মক্ষম যুবক যে খাটছিল এবং যে খেটে খেতে চেয়েছিল তাকে অপমৃত্যু থেকে বাঁচানর কোন ব্যবস্থা তাঁরা করতে পারেন নি। আমাদের বাংলাদেশের সরকার মালিক-শ্রেণীর কতখানি দাসানুদাস তার এই একটা উদাহরণ এই লক-আউটটা। আপনি জানেন সারা ভারতবর্ষে যতগুলো লক-আউট হয়েছে ১৯৫৬ সালে তার অর্ধেকের বেশীর ভগ—৫১ পার্সেন্ট হয়েছে শুধু পশ্চিমবাংলায়। তাতে বোঝা যায় এই পশ্চিম বাংলায় মালিক শ্রেণীর দাপট এত বেশী যে তারা সরকারী ট্রাইবিউন্যাল ইত্যাদিকে থোড়াই করে থাকে যদি তারা মনে করে শ্রমিককে শাস্তি দেওয়ার প্রয়োজন হয়েছে তখন লক-আউট ডিক্লেয়ার করে, এবং শ্রমিক যদি মিল থেকে বেরিয়ে আসতে আপত্তি জানায় তাহলে কংগ্রেসী সরকারের পুলিস সেখানে ঢুকে সেই সমস্ত শ্রমিককে বার করে দিয়ে মালিক শ্রেণীর স্বার্থরক্ষা করে। তারপর শুধু কি লক-আউট? তার উপরে আছে রেশনালাইজেশন। এখানে এই কথা নিয়ে কয়েকবার আলোচনা হয়েছে। জুট মিলগুলোর মর্ডানইজেশন করবার জন্য কেন্দ্রীয় সরকার জুট মিলের দেশী এবং বিদেশী মালিকদের দুই কোটি টাকা লোন হিসাবে বকশিস দিয়েছেন যাতে তাঁরা যতটা খুসী মডানইজেশনএর নামে ছাঁটাই করে চলেছেন। আমরা আগে শুনেছি এক প্রশ্নোত্তরে এবং রাজ্যপালের ভাষণেও যে রেশনালাইজেশন এমনভাবে যেন না হয় যে একজন

শ্রমিকও ছাঁটাই হয়, সেই রকম ডিসিসন তাঁর গভর্নমেন্ট করেছেন। ফিফটিন্থ লেবার কনফারেন্স যা দিল্লীতে হল তাতেও ইউনএনিমাস ডিসিসন এই রকম হয়েছিল। তারপরে পশ্চিমবঙ্গ সরকার একটা এ্যাড-হক কমিটি গঠন করেছিলেন গত বছর অগাস্ট মাসে এই রেশনালাইজেশন সম্বন্ধে তদন্ত করবার জন্য। এতে অন্ততঃ এইটুকু আশা করা যেতে পারে যে সেই তদন্ত কমিটি এপয়েন্ডেড হওয়ার ফলে এইরকম রেশনালাইজেশন এবং মডার্নাইজেশনএর ফলে ছাঁটাই বন্ধ হবে। সমস্ত শ্রমিকদের আই-এন-টি-ইউ-সি এবং এ-আই-টি-ইউ সি একমত হয়ে এ্যাড হক কমিটিতে সুপারিশ করেছিল যে তদন্ত চলাকালে রেশনালাইজেশন-র ফলে আর যেন ছাঁটাই না হয়। কিন্তু কলিকাতার ইন্ডিয়ান জুট মিলস এসোসিয়েশনএর সাহেবরা এবং দেশী মালিকেরা এ সমস্তকে থোড়াই করে, কোন পরোয়া করে না। আগস্ট মাসে কমিটি বসেছে, তারপরে গত মাসে জানুয়ারি মাসে এবং ফেব্রুয়ারি মাসেও দু দুটো জুট মিলে মর্ডানাইজেশন হয়েছে এবং তার ফলে মোট প্রায় দু হাজার শ্রমিক বদলান হয়েছে এবং এমন কি পার্মানেন্ট যারা তারাও কোন কাজ পাবে না, এবং নতুন যারা কাজ পাবে তারাও এমন অসুবিধাজনক অবস্থায় পাবে যে তারা ওখানে কাজ করতে পারবে কিনা সন্দেহ। এইত অবস্থা। এর আগে গোটাকতক মিল খুঁটিনাটি কাজের জন্য বন্ধ হয়েছে, এবং আরও কতকগুলি মিল রেশনালাইজ করেছে। সেই সকল হ্যাটারসে তাঁতের শ্রমিক কাজ পায় নি। কিন্তু আমাদের শ্রমমন্ত্রী গত অধিবেশনে এবং তার আগের অধিবেশনে খুব লম্বা চওড়া বক্তৃতা করে বলেছিলেন যে আমি অন্ততঃ এদের রিট্রেঞ্চমেন্ট বেনিফিট দেবার চেষ্টা করছি। অথচ আপনি শুনলে অবাক হবেন যে, প্রায় এক বছর হয়ে গেছে সেই ভিক্টোরিয়া জুট প্রডাকটস এবং আর একটা কারখানা চাঁটিবাটি গুটিয়েছে, কিন্তু কোন রিট্রেঞ্চমেন্ট বেনিফিট আজ পর্যন্ত দেবার ব্যবস্থা আমাদের সরকার করে উঠতে পারেন নি।

[4-10—4-20 p.m.]

আর এই সমস্ত কারখানাগুলি চালু করাতো দূরের কথা—অর্থাৎ এই কংগ্রেসী আমলে যে একটা কারখানা শোলাপুরে বন্ধ হয়ে গেছল তা শ্রমিক এবং সরকার পক্ষ মিলে সেই কারখানা চালু করবার ব্যবস্থা করেছে যাতে রুজিরোজগার শ্রমিকদের কিছু পরিমাণে রক্ষা পেয়েছে। কিন্তু এই বাংলা সরকার মালিক শ্রেণীর এমনি অন্ধ ভক্ত, কোন কিছুই করবার ক্ষমতা তাদের নাই। এ ছাড়া কথায় কথায় রিট্রেঞ্চমেন্ট মালিক পক্ষ করে থাকে। ট্রাইব্যুনাল সাধারণতঃ পাওয়া যায় না। যদি বা কখনও ট্রাইব্যুনাল দেওয়া হয়—ট্রাইব্যুনালের বিচার শেষ না হওয়া পর্যন্ত মাইনে দেওয়া হবে না। সুতরাং এন্তার ছাটাই চলতে থাকে। এ বিষয়ে রক্ষা করবার জন্য আমাদের বাংলা সরকার কোন ব্যবস্থা করেন নি। অথচ আপনি শুনলে অবাক হবেন—কেরালায় কমিউনিস্ট পরিচালিত সরকার—মাত্র এক বছর গঠিত হয়েছে, সেই সরকার প্রথমেই এই আইন করেছে যে, যখন এভাবে লোক ছাটাই হবে কেস সম্বন্ধে ফাইনাল ফয়সলা না হওয়া পর্যন্ত মালিক পক্ষ মাইনে যদি নাও দেয়, তাহলে সরকার থেকে তাদের অর্ধেক মাইনে দেওয়া হবে তা আইন করে পাশ করেছে। আমার মনে হয়, আমাদের সরকারও কমিউনিস্ট সরকারের কাছ থেকে শিক্ষাগ্রহণ করলে, তাদের উপকার হবে, শ্রমিকদেরও উপকার হবে।

তারপর রাজ্যপাল মহোদয়া বলেছেন যে আয় নাকি বৃদ্ধি হয়েছে, শ্রমিকদের কর্মচারীদের ইত্যাদি। অন্যান্য কথায় আমার যাবার সময় নাই, যাচ্ছিও না, শুধু গভর্নমেন্ট কর্মচারীদের কথা তুলে ধরছি। এই গভর্নমেন্টএর ১ লক্ষ ৪৪ হাজার কর্মচারী আছে, এরাই হচ্ছে সবচেয়ে বড় কর্মচারীর সংখ্যা ; এদের সম্বন্ধে প্রথমে একটা নমুনা দিই, উদাহরণ দিই। কেরালা প্রদেশ থেকেই আপনার সামনে উপস্থিত করছি। কেরালা ছোট্ট রাষ্ট্র, বাংলাদেশের মত এত সঙ্গতি নেই এটা সত্য কথা। কিন্তু তা সত্ত্বেও নন-গেজেটেড স্টাফ, গভর্নমেন্ট সারভেন্ট যাদের জন্য এতদিন পর্যন্ত ৮·৮ কোটি টাকা বছরে খরচ করত—তা হচ্ছে টোটাল রাজস্বের প্রায় ৩০ ভাগ। সেখানে তাদের পক্ষে নতুন করে মাইনে বাড়ান বাংলাদেশের তুলনায় ঢের বেশী কঠিন, তাদের পুরোপুরি মাইনে দিতে গেলে সমস্ত রাজস্ব পর্যালোচনা করা দরকার বলে একটা কমিটি নিয়োগ করেছে। কিন্তু কমিটি নিয়োগ করেই তারা ক্ষান্ত হয় নি। পশ্চিমবঙ্গ সরকার কমিটি নিয়োগ করতেও রাজী নয়। তারা অন্তর্বর্তীকালীন রিলিফ হিসাবে নন-গেজেটেড স্টাফ যাদের ৮·৮১ কোটি টাকা দেওয়া হত তাদের আরও এক কোটি ১২ লক্ষ টাকা মঞ্জুর করেছে, অর্থাৎ শতকরা

সাড়ে বার পার্সেন্ট মাইনে বৃদ্ধির ব্যবস্থা করেছে অন্তর্বর্তীকালীন মজুরী হিসাবে। পরে আরও বাড়াবার আশা আছে। আর পশ্চিমবাংলা কি করছেন? তাদের নন-গেজেটেড স্টাফ ১ লক্ষ ৪৪ হাজার যাদের মধ্যে ৯৫ হাজার স্টাফএর মাইনে মাগ্গীভাতা সহ রোজগার ১০০ টাকা বা তার নীচে—এরকম দরিদ্র শ্রমিক কর্মচারীদের জন্য অনেক জল ঘোলা করার পর প্রথমে দু টাকা এবং পরে ৫ টাকা মজুরী করেছে, অর্থাৎ শতকরা দুই হতে পাঁচ পর্যন্ত। এই অবস্থায় মাইনের দিক দিয়ে সরকারী কর্মচারীদের ফেলে রাখা হয়েছে। এই অবস্থায় মাইনের দিক দিয়ে সরকারী কর্মচারীরা দাবী করছে—আমাদের জুডিসিয়াল পে কমিশন দেওয়া হোক। পশ্চিমবঙ্গ সরকার ১৯৫০ সাল থেকে আরম্ভ করে আজ সরকারী কর্মচারীদের কোন ব্যাপারে এক পয়সা স্কেল পরিবর্তন হয় নি। এবং মাগ্গীভাতা ঐ পাঁচ টাকা যা হয়েছে তার বেশী কিছু হয় নি। এখানে ৫০ টাকা মাইনের কর্মচারীদের মাগ্গীভাতা ২৫ টাকা, আর কেরালায় প্রায় ৩২ থেকে ৪০ টাকা। বোম্বেতে পায় ৪০ টাকা। কেন্দ্রীয় সরকারে পায় ৪০ টাকা কিন্তু পশ্চিমবাংলায় এই সরকার ২৫ টাকা দিয়েই মনে করেন যে যথেষ্ট হচ্ছে। এইরকম অবস্থায় ফেলে রাখার জন্য তাদের মধ্যে যে বিক্ষোভ ইত্যাদি উঠে তা দমন করবার জন্য যে আইন কন্ডাক্ট রুলস, সেই পুরাণো বস্তাপচা আইন বৃটিশ আমলের, তা এখনও চাপিয়ে রেখেছেন এদের ঘাড়ে। সেদিন অবাক হয়ে খবরের কাগজে লেখা এবং বিবরণে দেখলাম গভর্নমেন্ট হস্‌পিটালএর কর্মচারীরা নাকি মিছিল করে আসছে সেক্রেটারিয়েটএ এবং মন্ত্রী মহাশয় নাকি তাদের সঙ্গে দেখা করেছিলেন, বড় আনন্দ হল, অবাক হয়ে ভাবলাম পশ্চিমবঙ্গ সরকার কি তাহলে কেরালা সরকার হয়ে গেল, শ্রমিক কর্মচারীরা আসছে মিছিল করে আর মন্ত্রী মহাশয় তাদের অভ্যর্থনা করছে?

তারপর তলায় পড়ে দেখলাম যে তা নয় এটা হচ্ছে একটা ছোট্ট ইউনিয়ন, যার নেতা হচ্ছেন আমাদের স্বনামধন্য কংগ্রেসী সদস্য মাননীয় শ্রীনেপাল রায়। সুতরাং যে আইন সাধারণভাবে সমস্ত সরকারী কর্মচারীদের বেলায় খাটবে সেই আইন সরকারের বশম্বদ ইউনিয়ন বশম্বদ নেতাদের পরিচালনায় ছোট্ট মিছিলের উপর খাটানো হবে না। বেশীর ভাগ সরকারী কর্মচারীদের জন্য তাঁরা কি ব্যবস্থা করেছেন? ব্যবস্থা করেছেন তাদের ইউনিয়ন গড়বার কোন অধিকার নেই, হুকুম দিয়েছেন যে, সমস্ত ডিপার্টমেন্টের যে ইউনিয়ন তারা যুক্তভাবে কোন ফেডারেশন গঠন করতে পারবে না, সভা মিছিল করতে পারবে না, প্রকাশ্যে কোন স্টেটমেন্ট দিতে পারবে না। এই অপরাধে গতবার ৬ জনকে সাসপেন্ড এবং বরখাস্ত করা হয়েছিল, সেটা আপনাদের মনে আছে। অনেক আন্দোলনের পরে তাদের তিন জনের উপর থেকে সাসপেনশন অর্ডার প্রত্যাহার করা হয়েছে, অথচ মাননীয় নেপাল রায়ের ইউনিয়নের মুষ্টিমেয় কতকগুলি লোককে এইভাবে অভ্যর্থনা জানানো হয় কিন্তু যে তিনজনকে সাসপেন্ড করে রাখা হয়েছে আজ পর্যন্ত তাদের সাসপেনসন অর্ডার প্রত্যাহার করা দরকার বলে এই সরকার মনে করেন না, যদিও যে দাবীর জন্য তাঁরা লড়েছিলেন, সেই দাবী যে ন্যায্য দাবী তা সরকারকে স্বীকার করতে হয়েছে, অন্তত পাঁচ টাকা মাগ্গীভাতা দিয়ে। তারপরে তাঁরা আবার নতুন করে সার্ভিস কনন্ডাক্ট রুলস করছেন এইজন্য যে ঐরকম কাজ করলে ইউনিয়ন মানা হবে না, কিন্তু ইউনিয়ন মানা হবে না বললেই ইউনিয়নের নেতাদের শাস্তি দেওয়া যায় না। সুতরাং কমিটি বসানো হয়েছে, ক্যাবিনেট কমিটি যে কমিটির অন্যতম উদ্দেশ্য শোনা যাচ্ছে যে ঐ অপরাধে ইউনিয়ন খারিজ হবে বা কর্মচারীদের চাকরী খারিজ হবে এইরকম একটা ব্যবস্থা যাতে করা যায় তারজন্য একটা কমিটি বসানো হয়েছে, এই হোল আমাদের দেশের অবস্থা।

আমার আর একটা জিনিস বলার দরকার আছে, সরকারী কর্মচারীদের উপর কি রকম আক্রমণ আরম্ভ হয়েছে, সেগুলো দেখাবার জন্য। কর্মচারীদের মধ্যেও তাদের দুর্দশার জন্য বিক্ষোভের সৃষ্টি হয়েছে—তার উদাহরণ হচ্ছে সম্প্রতি প্রায় ১৪ জন কর্মচারীকে ছাঁটাই করা হয়েছে, শুধু পুলিস রিপোর্ট বা সন্দেহজনক রিপোর্ট ইত্যাদির ভিত্তিতে। তার মধ্যে আমি শুধু ২টা বা ৩টা উদাহরণ দিচ্ছি যা আমাদের হাউসের জানা দরকার এবং সকলের জানা দরকার। এক নম্বর ছাঁটাইয়ের উদাহরণ হচ্ছে, রাজেন্দ্রচন্দ্র ভট্টাচার্য, ইনি বনগাঁ এস্টেট অ্যাকুইজিসনে কাজ করতেন, ইনি ইউনিয়নের নেতা তাই ১৬ বছর কাজ করেও অস্থায়ী ছিলেন, পার্মানেন্ট হতে পারেন নি। এইরকম প্রায় ৭৫ হাজার শ্রমিক এবং কর্মচারী আছেন, এঁকে বলে দেওয়া হয়েছে—his services will be no longer required.

এ বিষয়ে স্টাফ এ্যাসোসিয়েশনের সংগে আলাপ করতেও কর্তৃপক্ষ রাজী হন নি। আর একটা উদাহরণ দিই—মণিলাল চট্টরাজ স্পেশাল ল্যান্ড একুইজিশন অফিস, সিউড়ী—৪ বছরের সার্ভিস, এ'কে ছাঁটাই করে বলা হয়েছে—

character found unfit for Government service,

গভর্নমেন্ট সার্ভিস কেন করতে পারবে না তা বলা হয় নি। উনি এই হাউসের কমিউনিস্ট ব্লকের সদস্য ডাঃ রাধানাথ চট্টরাজের ছেলে, সুতরাং তার ক্যারেকটর খারাপ হবে মন্ত্রীসভার সদস্যদের কাছে সে বিষয়ে কোন সন্দেহ থাকতে পারে না। আর একটা উদাহরণ দিয়ে আমি শেষ করবো—অনিল গুপ্ত, মালদা কালেক্টরেট, উনি ইউনিয়ন করতেন বলে ৭ বছর ধরে টেম্পোরারী আছেন, এ'কে বলা হয়েছে—

prejudicial to national interests.

এইভাবে ১৪ জন ছাঁটাই হোল। এইভাবে শ্রমিক ও সরকারী কর্মচারীদের মনে আতংক সৃষ্টি করার চেষ্টা হচ্ছে, যাতে তারা তাদের ন্যায্য দাবিদাওয়া নিয়ে লড়াই না করতে পারে। আরো অনেক কথা বলার ছিল, কিন্তু সময় কম ব'লে বলা হল না। মাননীয়া রাজ্যপালিকার ভাষণে এই বলে সন্তোষ প্রকাশ করা হয়েছে যে, আমাদের বাংলাদেশে স্ট্রাইক ইত্যাদির ফলে ম্যান-ডেজ লস্টএর সংখ্যা কমে যাচ্ছে—১৮ লক্ষ থেকে ১০ লক্ষে নেমে এসেছে। আমি জানি না কে তাঁকে এই ফিগার সাপ্লাই করেছেন, যেই করে থাকুন, এখানে দুটো ফিগার সাপ্রেজ্ করা হয়েছে একটা হচ্ছে ম্যান-ডেজ লস্ট, আরেকটা স্টপেজ অফ ওয়ার্ক। এই স্টপেজ অফ ওয়ার্কএর সংখ্যা যা ১৯৫৬ সালে ছিল ১৭৭, তা বেড়ে ১৯৫৭ সালে ২২৬ হয়েছে। তারপর ওয়ার্ক ইন্‌ভলভ্‌ ১৯৫৬ সালে ছিল ১ লক্ষ ১৩ হাজার ১৯৫৭ সালে হয়েছে ১ লক্ষ ৩৬ হাজার। সুতরাং ঝড়ের আশংকা বেড়েই চলেছে। শ্রমিক ও কর্মচারীদের মনের মধ্যে বিক্ষোভ ধুমায়িত হচ্ছে। ডাণ্ডাবাজী ও জোরজবরদস্তি দ্বারা তাদের ধর্মঘট নষ্ট করতে পারবেন, কিন্তু যদি মনে করে থাকেন যে, শ্রমিক এবং কর্মচারীদের ন্যায্য দাবীদাওয়া দাবিয়ে দিয়ে পার পেয়ে যাবেন তাহলে তাঁরা মূর্খের স্বর্গে বাস করছেন।

[4-20—4-30 p.m.]

**Sj. Gokul Behari Das:**

মাননীয় স্পীকার মহাশয়, রাজ্যপালিকার ভাষণে আমাদের সরকারের যে নীতি উদ্‌ঘাটিত হয়েছে সেই নীতিটা হচ্ছে একটি দরিদ্র অনুন্নত সংগতিহীন অংগব্যবচ্ছেদে বেদনাকাতর ঘনবসতি সমস্যা বিজড়িত দেশের কথা। কাজেই আমি বলব, আমরা যদি এই অবস্থাগুলি স্মরণ না রাখি তাহলে তাঁর অভিভাষণ বিশ্লেষণ করা সম্বন্ধে সুবিচার করা হবে না। যে অংগব্যবচ্ছেদ ঘটেছে তারই অন্যতম ফল হল এই উদ্বাস্তু সমস্যা। একথা কেউ অস্বীকার করতে পারে না যে, উদ্বাস্তু সমস্যা পশ্চিমবংগের অর্থনীতিকে বিশেষভাবে পংগু করেছে। এই সমস্যা সমাধানের উপর আমাদের অনেক কিছু নির্ভর করে। পশ্চিমবাংলা সরকার উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য বাংলাদেশের বাইরে দৃষ্টি নিক্ষেপ করছেন এটা খুব সমীচীন বলেই আমরা মনে করি। বড়ই দুঃখের বিষয়, বিরোধীদলের নেতা বলেছেন পশ্চিমবংগ সরকার যদি উদ্বাস্তুদের পশ্চিমবংগের বাইরে পুনর্বাসনের চেষ্টা করেন তাহলে তাঁরা ঘোরতর আন্দোলন সৃষ্টি করবেন। আমি তাঁকে ধীরমস্তিকে এই বিষয়টি বিবেচনা করতে অনুরোধ করি। হেমন্তবাবুও সেদিন তাঁর বক্তৃতায় আন্দোলনের কথা বলেছেন। কিছুদিন পূর্বে আমি বিষ্ণুপুরে আদালতে একটি মোকদ্দমা পরিচালনা করবার জন্য গিয়েছিলাম। আদালতের খোলা দরজা দিয়ে আমি দেখতে পাই যে, এস-ডি-ওর গৃহের চারদিকে উদ্বাস্তুগণ পতাকা হস্তে স্লোগান হাঁকাচ্ছে। কিন্তু আমি লক্ষ্য করলাম যে, স্থানীয় লোকের সহানুভূতি তার সংগে নাই, এমনকি লক্ষ্য করলাম যে দর্শক হিসাবেও সেখানে স্থানীয় লোক উপস্থিত নাই। আমি এটা তাঁদের অনুরোধ করব তারা যেন স্থানীয় লোকের মতামত বিবেচনা করে দেখেন এবং এইরকম আন্দোলন করবার আগে তার কিরূপ বিষয়ে ফল হতে পারে সেটাও যেন তাঁরা বিবেচনা করেন। আমি সকলের পক্ষেই একথা বলব, সকলের মংগলের জনাই পশ্চিমবংগের বাইরে উদ্বাস্তুদের পুনর্বাসনের যে ব্যবস্থা গৃহীত হয়েছে তা যেন তাঁরা সর্বান্তকরণে গ্রহণ করেন। প্রফুল্লবাবু সন্দেহ প্রকাশ করেছেন যে,

দণ্ডকারণ্য পরিকল্পনা কার্যে পরিণত হবে না। যে সরকার ভাখরা নাঙ্গাল করতে পেরেছে, যে সরকার হীরাকুদ করতে পেরেছে সেই সরকার এই দণ্ডকারণ্য পরিকল্পনা কার্যে পরিণত করতে পারবে না এই আশংকার কোন কারণ আছে ব'লে আমি মনে করি না।

দরিদ্রদেশের অর্থনীতির কথা বলতে গিয়ে আমি একথা সরকারকে বলব যেখানে এইরকম অর্থকৃচ্ছ্রতা সেখানে অপচয় ও অপব্যয় নিবারণ করতে হবে। এবং দুর্নীতি করে যাতে আমাদের কষ্ট সঞ্চিত অর্থ অধিকাংশই গলাধঃকরণ না করে সে বিষয়ে সতর্কতা অবলম্বন করতে হবে। আমি শ্রী টি, টি, কৃষ্ণমাচারীর ভাষায় বলব—
"Beware, a man-eater is at large".
আমি জানি না এই বিষয়ে কি পন্থা অবলম্বন করা যেতে পারে, কিন্তু আমার মনে হয় যে, জেলা ভিত্তিতে সরকারের এনফোর্সমেন্ট ডিপার্টমেন্ট যদি সর্বদলীয় উপযুক্ত কোন প্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগ রক্ষা করেন তাহলে ভাল ফল পাওয়া যেতে পারে।

খাদ্যসংকট সম্বন্ধে পশ্চিমবঙ্গ সরকার যে নীতি গ্রহণ করেছেন সে সম্বন্ধে আমার মনে হয় সে নীতি সম্পূর্ণ করতে হ'লে চালের উচ্চতম মূল্যহার স্থির করা দরকার। উচ্চতম মূল্যের হার নির্ধারিত করে দিলে তার মধ্যে একটা নিশ্চয়তা আসবে এবং মূল্যের উচ্চগতি নিরুদ্ধ হবে। আমার মনে হয় পশ্চিমবঙ্গে বেকার সমস্যা সমাধানের একটা প্রধান উপায় কুটিরশিল্পের পুনরুদ্ধার করা। এ কথা সর্বজনবিদিত যে, কুটিরশিল্প মিলের প্রতিযোগিতায় আজ দুর্দশাপন্ন হয়েছে। যেমন তাঁতশিল্প সম্বন্ধে একটা ক্ষেত্র পৃথক করে রাখা হয়েছে যেখানে তাঁতশিল্প মিলের প্রতিযোগিতা থেকে মুক্ত হয়েছে এবং তার আধিপত্য স্থাপিত হয়েছে সেরকম আমি বলব কুটিরশিল্পের জন্য একটা পৃথক ক্ষেত্র রাখা হোক যেখানে মিল তার সঙ্গে প্রতিযোগিতা করতে পারবে না। এ সম্বন্ধে সরকার যে নীতি গ্রহণ করেছেন সেটা হচ্ছে মিলের সঙ্গে কুটিরশিল্পের ইন্টিগ্রেশন করা, কিন্তু সে সম্বন্ধে আমরা এখানে পর্যন্ত সরকারের কোন কার্য দেখতে পাই নাই। আমি তাঁদের অনুরোধ করব তাঁরা যেন সাহসের সঙ্গে এই নীতি কার্যে পরিণত করেন।

খাদ্য বৃদ্ধি সম্বন্ধে অনেক কথা বলা হয়েছে। আমি এ বিষয়ে আর বেশী কিছু বলবার প্রয়াস করব না, আমি বলব, ক্ষুদ্র ক্ষুদ্র সেচ ব্যবস্থার যে নীতি সরকার গ্রহণ করেছেন সেই নীতি যেন একটা সুপরিকল্পিত পরিকল্পনা নিয়ে জেলায় জেলায় শীঘ্রই কার্যে পরিণত করা হয়। আমি বেশী কথা বলতে চাই না, কিন্তু দরিদ্রতম বাঁকুড়া জেলার প্রতি আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করব। বাঁকুড়া জেলা দরিদ্রতম জেলা। শ্রীরামানন্দ চট্টোপাধ্যায় মহাশয়ের ভাষায় ক্ষয়িষ্ণুতম জেলা। বর্তমান সংকটের সময় এই জেলার প্রতি সরকারের বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি। সেখানকার দরিদ্রতম অধিবাসিগণ যেন সরকারের অনুগ্রহ লাভ হতে বঞ্চিত না হন, তাদের প্রতি যেন সজাগ দৃষ্টি রাখা হয়।

[4-30—4-55 p.m.]

আমি এই প্রসঙ্গে বলবো এই জেলার লোক কাঁসাই পরিকল্পনার উপর বিশেষ আস্থা স্থাপন করে। কিন্তু যতদূর অবগত হওয়া যাচ্ছে সেই কাঁসাই পরিকল্পনা কার্যকরী করতে বহু সময় অতিবাহিত হবে। আমি জানতে পেরেছি যে এই কাঁসাই পরিকল্পনার একটা বিশেষ অংশে যদি কিছু বেশী টাকা দেওয়া যায় তাহলে সেটা শীঘ্র সম্পন্ন হতে পারে এবং তার কল্যাণ বাঁকুড়ার অধিবাসিগণ পেতে পারে। সেইজন্য আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো তিনি যেন এ বিষয়ের প্রতি একটু দৃষ্টি দেন, এবং টাকার ব্যবস্থা হতে পারে কিনা, সে বিষয় অনুসন্ধান করেন।

বাঁকুড়া জেলায় লাক্ষা চাষের এবং লাক্ষাশিল্প প্রতিষ্ঠার প্রতিশ্রুতি সরকার দিয়েছিলেন, কিন্তু তার কোন লক্ষণ এখন পর্যন্ত দেখা যায় না।

আমাদের এই কথা জানবার ইচ্ছা হয়, যে বাঁকুড়ায় একটা সুতার মিল স্থাপন করবার কথা হয়েছিল, তাই বা কতদূর অগ্রসর হল?

আমি মনে করি আজ পর্যন্ত সরকার যা করেছেন, তারমধ্যে বহু প্রশংসনীয় কাজ রয়েছে। তবু আমি বলব শ্রীচৈতন্যের ভাষায় "এই বাহ্য, আগে কহ আর"। বিরোধী দলের বন্ধুরা এর মধ্যে কিছুই প্রশংসার কাজ দেখতে পান নি। আমাদের দেশের একটা প্রচলিত গল্পের কথা মনে হয়। কোন এক ব্যক্তি তার প্রতিবেশীর প্রতি ঈর্ষান্বিত ছিলেন। তার পুত্র একটা চাকরী পেয়েছিল, সে কথা তিনি বিশ্বাস করলেন না। তিনি বললেন তা হতেই পারে না, চাকরী আবার পেতে পারে? তারপর যখন সে কথা সত্য হল, তখন বললেন দেখ চাকরী হয়েছে বটে, তবে বেতন পাবে না। তারপর সে যখন আবার বেতন পেল, তখন বলা হল, ও টাকা চলবে না, ওসব মেকী টাকা। ঠিক তেমনি আজ বিরোধী দলের দৃষ্টিতে পশ্চিমবাংলা সরকারের সব কিছুই মেকী। এই কয়েকটি কথা বলে আমি কংগ্রেস পক্ষ থেকে যে মোশান আনা হয়েছে, তা সমর্থন করছি।

[At this stage the House was adjourned for 15 minutes.]

[*After adjournment.*]

[4-55—5-5 p.m.]

**Sj. Mihirlal Chatterjee:**
শ্রীযুক্ত অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণের প্রথম ভাগেই পশ্চিমবাংলার বর্তমানে সবচেয়ে সংকটময় যে সমস্যা, সেই সমস্যার কথা উল্লেখ করেছেন। সেই সমস্যা হইতেছে ভয়াবহ খাদ্য সমস্যা। সে সম্বন্ধে তিনি তাঁর বক্তৃতায় বলেছেন যে, আগামী বৎসর পশ্চিমবাংলায় অনুমান প্রায় ৭ লক্ষ টন খাদ্যদ্রব্য ঘাটতি হওয়ার সম্ভাবনা। এই ৭ লক্ষ টনের মধ্যে কি পরিমাণ খাদ্যদ্রব্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাওয়া যাবে সে সম্বন্ধে তিনি কোন ভরসা আমাদের দিতে পারেন নি। তিনি উল্লেখ করেছেন যে পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় গভর্নমেন্টের কাছ থেকে সাড়ে পাঁচ লক্ষ টন চাউল চেয়েছেন। বাংলাদেশের দুর্ভাগ্য, প্রাকৃতিক বিপর্যয়ের জন্যই হোক কিম্বা সরকারী দপ্তরের গাফিলতীর জন্যই হোক, বাংলাদেশের খাদ্যদ্রব্য সমস্যা এতদিনেও মিটলো না। স্বাধীনতার পর দশ বৎসর শাসন কর্তৃত্ব গ্রহণ করবার পরেও কেন্দ্রীয় সরকারের কাছে খাদ্যভিক্ষা করতে হচ্ছে।

**Dr. Kanailal Bhattacharyya:**
মাননীয় স্পীকার মহাশয়, ট্রেজারী বেঞ্চে কেউ নেই, বক্তৃতা দেবার কোন মানে হচ্ছে কিনা জানি না।

**Sj. Jagannath Kolay:** I am here.

**Sj. Nepal Ray:**
তাঁর পার্টির চীফ হুইপ প্রেজেন্ট রয়েছেন, আর কি চাই, স্যার?

**Sj. Mihirlal Chatterjee:**
বাংলা গভর্নমেন্ট কেন্দ্রীয় সরকারের কাছ থেকে সাড়ে পাঁচ লক্ষ টন চাউল ভিক্ষা করেছেন। কিন্তু কি পরিমাণ চাল বাংলা গভর্ণমেন্ট কেন্দ্রীয় গভর্নমেন্টের কাছ থেকে পাবেন সে সম্বন্ধে রাজ্যপাল ভরসা দিতে পারেন নি। বড় দুঃখ হয়, বছরের পর বছর ধরে এই ভিক্ষাবৃত্তি বাংলাদেশের করে কাটবে?

রাজ্যপাল তাঁর বক্তৃতায় বলেছেন যে, ময়ূরাক্ষী পরিকল্পনার দ্বারা প্রায় সাড়ে তিন লক্ষ একর জমিতে জল সেচের ব্যবস্থা করা হয়েছে। অধ্যক্ষ মহাশয়, আপনি এবং পশ্চিমবাংলার বিধানসভার সকল সদস্য নিশ্চয়ই জানেন যে, আমরা বরাবর এই কথা শুনে আসছি যে ময়ূরাক্ষী পরিকল্পনার মাধ্যমে ছয় লক্ষ একর জমিতে জলসেচ করা সম্ভব হবে। এই ময়ূরাক্ষী পরিকল্পনার নির্মাণের কাজ কয়েক বৎসর পূর্বে সমস্ত টাকা খরচ করে সমাপ্ত করা হয়েছে। এই পরিকল্পনায় ৬ লক্ষ একর জমি ধানের জন্য সেচ হবার কথা। কিন্তু সেই পরিকল্পনায় মাত্র সাড়ে তিন লক্ষ একর জমি জলসেচ পায় কেন? পশ্চিমবঙ্গ গভর্নমেন্টএর ইরিগেশন মন্ত্রী বা এগ্রিকালচারএর মন্ত্রীই হউন, তাঁদের কাছ থেকে এই কথা আমরা সুস্পষ্টভাবে জানতে চাই

যেখানে ছয় থেকে সাড়ে ছয় লক্ষ একর জমি সেচ পাবে, প্রচুর পরিমাণে ফসল উৎপাদন হতে পারবে, সেখানে কেন মাত্র সাড়ে তিন লক্ষ একর জমিতে জল সেচ পায় এবং বাকী আড়াই লক্ষ একর জমিতে ভালরকম ফসল কেন উৎপাদন হতে পারবে না। মাননীয় স্পীকার মহাশয়, আমি এই কথা জানি এই ময়ূরাক্ষী পরিকল্পনায় এক লক্ষ একর জমিতে শীতকালে গম এবং অন্যান্য ফসল উৎপাদন করবার জন্য জল সেচ করার কথা। কিন্তু সেই এক লক্ষ একর জমির মধ্যে কত একর জমি জলসেচ পাচ্ছে? আমরা আশা করেছিলাম এই সম্বন্ধে রাজ্যপালের ভাষণে তার কিছুটা উল্লেখ আমরা পাবো। এই বিধানসভার পূর্ববর্তী অধিবেশনে আমরা যে খবর জানতে পেরেছিলাম তাতে সরকারের তরফ থেকে জানান হয়েছিল যে, মাত্র এক হাজার একর জমিতেও শীতকালে ফসল উৎপাদনের জন্য জলসেচ দেওয়া হয় নি। যেখানে এক লক্ষ একর জমিতে শীতকালে জল দেবার কথা, সেখানে এই সরকার কেন এক হাজার একর জমিতেও জল সেচের ব্যবস্থা করতে পারে নি সেই কৈফিয়ত নিশ্চয়ই আমরা বাংলা সরকারের কাছ থেকে চাইতে পারি। এ সম্বন্ধে মন্ত্রী মহাশয়গণ নিরুত্তর এবং রাজ্যপালের ভাষণের মধ্যেও এ বিষয়ে কোন হদিশ খুঁজে পাই না।

স্যার, এই সাড়ে তিন লক্ষ একর জমিতে জলসেচ যা দেওয়া হয় সেটারও পরিপূর্ণ সৎ ব্যবহার করবার জন্য সরকারের কৃষি বিভাগ কি বিশেষ চেষ্টা করেন তা আমরা জানি নে। কেবলমাত্র মামুলি ধরণে এই সাড়ে তিন লক্ষ একর জমিতে জলসরবরাহ করা ব্যতীত এই জমি থেকে ফসল উৎপাদন আশানুরূপ বৃদ্ধি করবার কোন চেষ্টা হয় নি। যেখানে জলসেচের ব্যবস্থা হয়েছে সেখানেও ক্রপ প্যাটার্ন চেঞ্জ করবার জন্য, বেশী ফসল উৎপাদন করবার জন্য কিংবা দুই-তিনবার ফসল উৎপাদন করবার জন্য আমাদের পশ্চিমবঙ্গ সরকার কি প্রচেষ্টা করেছেন তার কোন পরিচয় আমরা এ পর্যন্ত পাই নি। আমার মনে হয়, পশ্চিমবঙ্গের যেসমস্ত জায়গায় জলসরবরাহের ব্যবস্থা পশ্চিমবঙ্গ সরকার করেছেন, সেই সমস্ত জায়গায়ও সেচের জলের বহুমুখী সদ্ব্যবহার করবার কোন পরিচয় এ পর্যন্ত পশ্চিমবঙ্গ সরকার দিতে পারেন নি। যদি কোন পরিচয় পশ্চিমবঙ্গ সরকার দিতে পারতেন, তাহলে হয়ত রাজ্যপালের ভাষণে বা অর্থমন্ত্রীর বাজেট স্পীচএ তার কোন উল্লেখ আমরা পেতাম। কিন্তু বড় দুঃখ হয় যে পশ্চিমবঙ্গে ফসল উৎপাদন বাড়ানর সুযোগ যতটুকু আছে, সেটুকুরও পূর্ণ সদ্ব্যবহার করবার জন্য পশ্চিমবঙ্গ সরকার উপযুক্ত চেষ্টা করছেন না। কতদিনে এই ব্যবস্থার উন্নতি হবে, সে সম্বন্ধে আমরা কোন আশার কথা পশ্চিমবঙ্গ সরকারের কাছ থেকে শুনতে পাই না। স্যার, রাজ্যপালের ভাষণে আমরা দেখেছি, রাজ্যপাল বলেছেন যে কারখানার মজুরদের অবস্থার যথেষ্ট উন্নতি হয়েছে এবং ১৯৪৭ সালে কারখানার শ্রমিকদের যা বাৎসরিক আয় ছিল, এখন সেই আয় দ্বিগুণ হয়েছে। কারখানার শ্রমিকদের, স্যার ধর্মঘট করার অধিকার আছে, কারখানার ভিতরে বাইরে নানা রকম ডিমনস্ট্রেশন করবার ক্ষমতা আছে, তাদের রক্ষা করবার জন্য নানা ট্রাইব্যুনাল ও ওয়েজ বোর্ড প্রভৃতি আছে কিন্তু পশ্চিমবঙ্গের যারা চাষী কিম্বা যারা ক্ষেতমজুর তাদের অবস্থা সম্বন্ধে আমরা যদি একটু আলোচনা করি তাহলে দেখবো পশ্চিমবঙ্গের চাষী এবং ক্ষেতমজুরকে রক্ষা করবার জন্য সরকার কোন ব্যবস্থা এ পর্যন্ত করতে পারেন নি। চাষীদের সম্পূর্ণভাবে ফেলে দেওয়া হয়েছে মিলমালিক ও মহাজনদের মুখের সামনে। মিলমালিকরা যেমন ইচ্ছা তেমনি চাষীদের উৎপন্ন ফসলের দাম কিছু কমিয়ে বা কিছু বাড়িয়ে সম্পূর্ণরকমভাবে ফাটকা খেলছে। দাম কমাবার বা বাড়াবার মধ্যে কোন হাত চাষীর নেই। এই বৎসর কেন্দ্রীয় সরকার চালের দাম বেঁধে দিয়েছেন সাড়ে উনিশ টাকা। ফাইন রাইসএর দাম সাড়ে উনিশ টাকা বেঁধে দিয়েছেন, কোর্স রাইসএর দাম ১৬ টাকা বেঁধে দিয়েছেন। সেন্ট্রাল গভর্নমেন্টএর ১৫ই জানুয়ারির গেজেটে এবং বাংলা গভর্নমেন্টের ৩০শে জানুয়ারির গেজেটে এই দাম প্রকাশিত হয়েছে। ১৬ টাকায় কোর্স রাইস যাতে পাওয়া যায় তার কি ব্যবস্থা করেছেন পশ্চিমবঙ্গ সরকার; এবং সাড়ে উনিশ টাকায় যাতে ফাইন রাইস বিক্রয় হয় তার ব্যবস্থা সরকার কি করেছেন? এই দাম যাতে এনফোর্সড হয় তার ব্যবস্থা কি করেছেন? গভর্নমেন্ট চাউলের নির্দিষ্ট দাম এনফোর্স না করে যথেচ্ছা দাম আদায়ের সুবিধা ছেড়ে দিচ্ছেন, মি[illegible] হাতে ও মহাজনদের হাতে, অসহায়ভাবে। এর ফলে উচ্চমূল্য ও খাদ্যাভাব দেখা দিচ্ছে। সাধারণ লোক সস্তায় চাল কিনতে পারছে না। বাংলাদেশে কোথাও ২৫-২৬ টাকা কোথাও ৩০ টাকা চালের দাম হয়েছে—কুচবিহারে

৩০ টাকা দাম হয়েছে। আর আমাদের এই রাজ্যে আমাদের গভর্নমেন্ট গেজেটেড পাবলিকেশন দ্বারা ঘোষণা করাচ্ছেন যে, ফাইন রাইসএর দাম হচ্ছে উনিশ টাকা আট আনা। স্যার অল্প কথায় আমি বলতে চাই বাংলার কৃষকদের ও কৃষিশ্রমিকদের বাঁচানর কোন চেষ্টা হচ্ছে না। স্যার, আপনি নিজে জানেন, আমি জানি আপনি চাষীর খবর রাখেন, বাংলাদেশের সমস্ত জেলায় চাষীর কাছ থেকে মিলওয়ালারা এবং বড় বড় মহাজনরা ঢলতা আদায় করে। এক মণে ৪২ সের ধান নেয় এবং এই অতিরিক্ত দুই সেরের দাম দেয় না। বিধানসভার সকলেই এই কথা বোধ হয় জানেন। আমি জানি মাননীয় ফজলুল হক সাহেব বাংলার চাষী শ্রেণীর লোকের অনেক উপকার করেছিলেন, তিনি এই চাষী প্রজাদের অনেকরকম অন্যায় আদায় ও অত্যাচার থেকে রক্ষা করেছিলেন আইন প্রণয়ণের দ্বারা। বাংলা গভর্নমেন্ট জানেন, আপনিও জানেন এবং এই হাউসএর সকলেই শুনেছেন, কালকে মাননীয় বিজয়লাল চ্যাটার্জি মহাশয় বলেছিলেন যে তাঁর জেলায় একটি হাট থেকে চার হাজার টাকা অন্যায়ভাবে চাষীদের কাছ থেকে আদায় হয়। বাংলাদেশের প্রত্যেক মিলওয়ালারা এবং মজুতদারদের কাছে ধান বিক্রয় করতে গেলে তারা প্রতি মণে ৪০ সের নেয় না, ৪২ সের ধান আদায় করে নেয়। এর কি কোন প্রতিকার হবে না? বাংলাদেশে চাষীদের রক্ষা করবার কোন ব্যবস্থা নেই। রাজ্যপালের ভাষণ পড়ে আমার মনে অত্যন্ত নৈরাশ্যের সঞ্চার হয়েছে। আমাদের দেশের যে কি ভবিষ্যৎ, আমরা তার বাস্তব পরিচয় কিছুই দেখতে পাচ্ছি না।

[5-5—5-15 p.m.]

**Janab Syed Badrudduja:** Mr. Speaker, Sir, I am extremely grateful to you for giving me an opportunity to take part in the debate this afternoon. Sir, the Governor's Address makes significant omissions and refers never to the failures of this administration in various directions. Sir, I do not for a single moment ignore or in any way, minimise the significance of various irrigation and other schemes undertaken by the Government for stepping up industrial or agricultural production in the land, nor do I shut my eyes to the attempts of this Government to combat the various forces generated by the ill-fated partition, to stabilise conditions in this country when the Eastern Bengal refugees streaming across the border in successive waves threw a challenge to the patience, to the wisdom and sagacity, to the skill and administrative efficiency of this administration. They integrated with consummate skill the disintegrating forces of the country towards political and social evolution. I am grateful to this government for all that it has done. I do not also minimise the significance of the progress that has already been achieved by this administration in various spheres.

The target for road development in the First Five-Year Plan—295 miles of National Highways, 453 miles of State Highways and 1545 miles of District roads—was reached before the end of the Plan. Up to the end of the First Five-Year Plan the target of the area of land to be irrigated was 31.1 per cent., the Second Five-Year Plan envisaging 56 per cent.; Social Services in the Second Five-Year Plan alone accounting for 35 per cent. of the total expenditure. But despite these colossal schemes of social reconstruction despite all the measures adopted by this Government, it appears that the food position has not yet appreciably improved. Though the overall industrial production showed certain increase in 1957 over the previous year, yet organised production is much too small an amount of the total picture to warrant any complacency on the part of the administration. As has been laid down by the Government itself, the general index of agricultural production in India with the crop year ending 1950 as base rose from 114.3 in 1953-54 to 123.0 in 1956-57. The index of total foodgrains, however, which was 119.1 in 1953-54 dropped to 114.4 in 1954-55 and 113.5 in 1955-56, rose again to 119.6 in 1956-57, showing

practically no increase whatsoever. The index of rice production, through various fluctuations, however dropped from 118.6 in 1953-54 to 118.1 in 1956-57, again recording no upward trend. In West Bengal, production of rice which was 5.2 million tons in 1953-54, dropped to 4.34 million tons in 1956-57. Thus despite all the measures taken, all the schemes undertaken by this Government, the position remains almost stationary. This is why the Governor has struck a dismal note at the outset of her speech. We will be short of our requirement, as my esteemed friend Mr. Mihir Lal Chatterjee has just pointed out, by 7 lakh tons of cereals this year—something dismal, something disappointing, something discouraging, something hopeless, something not consistent with the assurances that have been held out by the administration from time to time.

Sir, I will not dilate upon this matter because time at my disposal does not permit my indulging in details. On the other hand, Sir, the high rate of investment rising from 343 crores in 1953-54, 476 crores in 1954-55 rose as high as 667 crores in 1955-56 and 761 crores in 1956-57, mounting up to nearly 900 crores in 1957-58. As a result the money supply has also gone up from 1794.6 crores on March 31st, 1954 to 2240.2 crores on August 31st, 1957. But between them, Sir, these two factors have been responsible for generating inflationary forces which have had a decisive effect upon consumers' cost of living. This is the whole picture at the present moment. Of course towards the end of the year 1957, because of certain anti-inflationary measures adopted by the Government of India and the Reserve Bank, the price position has become slightly easy towards the end. This had some effect upon prices of commodities that had gone up.

The general price index which declined by 17.6 per cent. between the middle of 1953 and the middle of 1955 rose by as much as 23.4 by the middle of 1957. But due to a series of anti-inflationary measures adopted by the Government of India and the Reserve Bank, the position has slightly improved since then. Is that, Sir, the output? Is that the sum total of the effect of the measures adopted by this Government?

Sir, time does not permit my referring to the various aspects of the administration; I will only refer to the Government's latest move to have done away with cordons in the districts so that there may be free movement of rice. Unfortunately, however, people in the border areas are still suffering from the same disability. You know Murshidabad district; the paddy growing portion of Murshidabad is Kandi. It feeds not only Kandi subdivision, but other portions of Murshidabad as well. Times without number, have I tried to impress upon the Hon'ble Food Minister that the people of the border areas are hard put to it to procure their foodstuffs. In exchange for the rabi crop which is grown in the border areas, they get rice and paddy from the Char area of Murshidabad; but owing to restriction imposed on movement of paddy and rice to the border areas, people thereof have to suffer terribly. I have not however been able to produce any impression on the Minister's mind about their miserable plight. Time and again have I tried to show him that prices of rice and paddy have gone down in East Pakistan much below those obtaining in our State and that there is no apprehension any longer of the foodstuffs being smuggled across the border in the neighbouring State of Pakistan. But somehow, for reasons best known to him, for perhaps administrative reasons, he has not seen his way to improve the condition of the people there. The few fair prices shops that have been there have been much too insufficient to cope with the fast increasing demand of the people. This is not all. As I have already pointed out to the Revenue Minister that the Traverse Sheet, prepared during the recent survey has made a

pitiful mess of the whole affair. Unscrupulous and dishonest Amins right up to the Attestation Officers, prompted by illegal gratifications, have practically robbed and fleeced the people of the border areas—Char areas of Raninagar and Jullungy. They have made repeated representations; but nothing has been done so far; all representations have proved of no avail. To add to their distress all the more, to add to their miseries all the more, even representations made to the Attestation Officers have been of no avail. Even officers, deputed for the purpose of making enquiries for correction of entries, have been of no use to the distressed people with the result that people thereof drag on their miserable existence day in and day out, without hardly any relief, unrelieved by any ray of hope from any quarter.

Sir, these are not all. I shall now refer to the question of licences for carrying paddy beyond a certain limit fixed by the Government. Assurances were held out to poor agriculturists of the deficit areas, particularly in Murshidabad, that they would be allowed to carry paddy up to 9 maunds 35 seers from the Char areas without any licences; but for carrying more than 9 maunds and 35 seers, they must require licences.

[5-15—5-25 p.m.]

These assurances were held out and the poor agriculturists in hundreds applied for licences. They had to pay Rs. 3 each, they had to incur travelling expenditure for going to Berhampore from their respective places and back; but they had to be disillusioned at the eleventh hour. Some time after these assurances had been held out, they were told that nothing could be done and that only *bona fide* traders would be granted licences. This is the state of things that is going on unchecked, undeterred, unthwarted in the civilized administration of the present Government in the twentieth Century. I shall now refer to the displaced Muslims of the State. I am not one of those who would in any way deny any facility or grudge any sympathy or co-operation to refugees that have come across the border. They are our own people—brothers and sisters—blood of the same blood, bone of the same bone, flesh of the same flesh. Thanks to the efficiency, wisdom and sagacity of this Administration, the Government have tried to accommodate them as far as possible. Yet more has to be done. But may I at this stage impress upon the Administration that, in violation of Article 15 of the Constitution which lays down that there should be no discrimination against any citizen of the State, fundamental rights of the citizens of this State have not been protected, the guarantees provided in the Constitution have been observed more in the breach than in the performance. I would ask the Government to open, by all means, their purse-strings to provide facilities for East Bengal refugees as much as possible. But may I also appeal to the Government to sympathise with thousands of unfortunate citizens of this State who have been uprooted from their home and hearth. Cut off from the real moorings of life, they have drifted on the sea of cruel disappointments all along the line. I would appeal to the Government, in the name of humanity, to restore them their lands and properties of which they have been deprived for eight long years. Only the other day the Hon'ble Relief and Rehabilitation Minister stated on the floor of the House that owing to the fact that the results of the Enquiry Commissions appointed by both the West and East Bengal Governments in this connection have not yet been out, nothing tangible or appriciable could be done by the Government with regard to the people affected. These poor people have thus to suffer for eight long years. I am not speaking of those displaced Muslims who are covered by the Delhi Pact. I am only speaking of those

displaced persons of the State who never left this country, but have been dragging on since 1950 a miserable existence in this State, after having been dispossessed of their lands and properties eight years back. They are citizens of this State, entitled to the same status, the same position, the same facilities, the same opportunities, the same fundamental rights which any and every citizen of India is entitled to. But unfortunately, in the name of the Constitution and Constitutional properties, in the name of fundamental rights incorporated therein, in the name of the guarantees provided in the Constitution for all sections of citizens, in the name of the Secular State, they have been deprived of their legitimate rights. These Muslims have not been given real protection in this Secular State. Sir, this is the unfortunate tragic position with which we are faced at the present moment. The Muslim community, Sir, is the largest minority in India. I have pointed out, times without number, that the most neglected, the most despised, the most ignored section of people, that constitute an integral part of the Indian nation, have been denied their fundamental rights in the name of the Secular State. They have no quarter, no shelter, no recognition, no appreciation, no encouragement, no facilities, no opportunities in any sphere of life, and domain of thought, any field of activities. Half-a-dozen Ministers here and there, one or two Ambassadors appointed by, the Government do not touch the fringe of the whole problem. I am not grudging them their positions. Let them have more of opportunities, more of facilities, more of honour, more of emoluments. Let the Government have more Muslim Ministers. I do not grudge that. What I am saying is that those gentlemen over there do not solve the community's problem. A few crumbs from others' tables might satisfy a few individuals, but not certainly the demand of a fast growing community of fifty millions, with a great past, with a great history, with a great culture and cultural hegemony behind, with a positive and significant contribution to the political social and cultural life of the country. I want that in this State elementary rights of citizenship, fundamental rights should be implemented and guarantees provided in the Constitution should be observed not in the breach but in the performance. My esteemed friend Sj. Jatin Chakrabarty very rightly said yesterday that justice should not merely be done, but it must also appear to be such.

Coming to the question of unemployment, I must say that it is a serious problem. But there is lack of imagination in dealing with this colossal problem. Our educated youths are faced with the gloomy prospect of cruel disappointments all along the line. Many of them are decidedly more educated, more resourceful and promising than most of us here. Given opportunities, proper facilities, the real scope for the play of their genius, of the stuff they are made of, they might develop into great politicians, great administrators, great thinkers, great philosophers and great statesmen. They might contribute magnificiently towards the political, social, cultural, moral and spiritual reconstruction of the common mother-land. They are, however, being shut out of positions of trust The Government of West Bengal, in spite of all the efforts, in spite of all their endeavours, are not able to provide them with jobs. What a dismal picture! For only eleven hundred (1,100) appointments, forty-six thousands (46) of our young hopefuls had applied some time ago. Naturally about forty-five thousands (45) had to face disappointments. That is the position today. I do not, for a single moment discredit the efforts, I do not, for a single moment, dispute the noble endeavours of Government in this direction; but there is a way to get out of this difficulty. Stop retrenchment by all possible means. Take one thing at a time. Do not take too many things at a time. You will be in that way investing huge and colossal sums of money with no appreciable results whatsoever

Simply take up one thing at a time. Try to solve and improve the agricultural condition. Try to have more and more increased industrial production. Stop retrenchment. In this way you can reduce unemployment to a very great extent. In this connection, I cannot but make a passing reference to Muslim youths. Sir, after Muslim officers of this State had opted for Pakistan, a vacuum was created which could not be filled up. I do not blame the Government for that. I do not charge this Administration for not having been able to fill up this gap. I simply want to point out with all the emphasis at my command, that Muslim youths are not getting jobs; all doors of employment being practically banged in their face after partition.

**The Hon'ble Siddartha Sankar Roy:** Question.

**Janab Syed Badrudduja:** You may question......

(At this stage the honourable member reached his time limit but was allowed to speak.)

**Janab Syed Badrudduja:** Sir, my friend over there has questioned my statement. But facts are more telling than fiction. I shall show that not merely in the judiciary, the executive and the police, but also in all other services, Muslims are conspicuous by their absence; even ministerial jobs being denied unto them for these ten long years. I have appealed to the Honourable Chief Minister, who has been so generous, so accommodating, so sympathetic, so kind in the matter of admission of Muslim students in the Medical and Engineering Colleges, to lay down the standard of qualifications for posts in the various Services as in the case of admission to the Colleges referred to above. If numbers determine the character of the Administration, if quantity determines the shape of the Government, if numbers count and put a party in power, even though the party may be in the majority of one, if ministers and deputy ministers are appointed, irrespective of any political, cultural, intellectual or educational norm or standard, why should not six millions of Muslims in the State have their share in the various services by virtue of their numbers. But I do not even go so far. They should have their share in the appointments, consistent with a reasonable standard of efficiency. Sir, are we to understand that the party, which is lacking in numerical strength, will not be entitled to any position, any status, any recognition simply because it happens to be in a minority.

Sir, we have had these days glib talks about the theory, theory of co-existence. But can the oppressor and the oppressed, the persecutor and the persecuted, the exploiter and the exploited, the haves and have-nots, the majority and the minority, democracy and autocracy, co-exist?

If the majority community and the minority community are to exist together; but if the minority community have no quarter, no shelter, no recognition, no encouragement, no appreciation in any sphere of life or activity, under the rule of majority, I cannot conceive how the majority can have the right to enjoy the confidence of the minority. I do not see any reason how they can do it.

[5-25—5-35 p.m.]

**Sj. Bankim Chandra Kar:** Mr. Speaker, Sir, at the outset I thank you for giving me an opportunity to speak out my mind on the subject. While supporting the motion tabled by honourable member Sj. Bimalananda Tarkatirtha, I beg to lay before you a few of my observations. Her Excellency the Governor has given a graphic, true and correct picture of

the problems and policies of the State. She has presented before us the difficulties that we have to face this year and also about the achievements of the Government last year. The principal problem no doubt that has got to be tackled is the food problem and much criticism has been made on this matter. A clear picture also has been presented by Her Excellency in the address and she has frankly admitted that there has been and will be a huge deficit this year but if the people of the State co-operate and take more wheat products, the problem will be solved. Sir, you know that most of us take wheat products on one side of the day, and if we induce others who take rice only to use wheat products, there would be absolutely no difficulty as wheat is available in profuse quantity. Sir, adverse criticism has been made and levelled against the suggestion, but I do not find any sense in that sort of criticism. When rice is not available, why should we not use wheat? People should be taught to change their habits of diet partially in this problem State. Dr. Ghose—with due respect to him—has made certain concrete suggestions no doubt, but those suggestions, even if they are accepted and worked out, would solve the problem partially next year. But in case of drought and other adverse elements over which no human being has any control and due to which crop failure is bound to take place it would be impossible to tackle the situation. Sir, science cannot and has not been able to control the elements as yet, and no scientific method can prevent the drought or storm or other natural elements. Her Excellency in her speech has pointedly stated that the crop failure last year was due to drought. Of course, I would agree to say that there are avenues of further development of land so that they may yield more crop and the lands, which are lying fallow and uncultivated, may be made cultivable. But there are very little quantities of land in West Bengal which are lying waste and even those lands are not fit for cultivation. If possible, certainly all sorts of efforts should be directed to improve lands and to make them cultivable. The constructive suggestions given by Dr. Ghosh regarding agriculture and agriculturists are welcome, and our Government would be ready to accept valuable suggestions from whichever quarter it comes.

Regarding refugee problem which is the only other more or less permanent problem of the State, it is not likely to be finally solved in the near future unless, Sir, the Dandyakaranya Scheme is translated into action. Last year if only 9,000 refugees came down and crossed the border, this made the task of the Government easier. Sir, you yourself had been to Dandyakaranya and studied the situation there. You opined that it is a nice place from all points of view. There can be no denying the fact that if Dandyakaranya Scheme is effective, the refugee problem would be solved. In this connection I would request my friends in this House to wield their influence on the refugees to go over there as and when they would be asked to go. There may be mistakes in Government policies, but no sooner the mistake is detected, it is rectified. The huge problems of food, relief and rehabilitation require careful handling, and the method and the manner under which the Government is moving are sure to be successful in the long run but it would require some time. So, while dealing with the question of the refugees, I would like to refer to certain unfortunate facts that come to our knowledge every now and then. Sir, it is said that some refugees take loans in different districts in different names. It is also said that some refugees after taking loans do not purchase the lands or construct the houses for which the loans are given. I draw the attention of the Government to this and I hope a careful enquiry should be made to see whether those who take loans just utilise the same for purposes for which the loans are given, otherwise the very foundation of the policy would be shaken. When the refugees are struggling to settle

down, the Government has been helping them in all possible ways but at the same time it is the duty of every one of us to see that the Government is not cheated by black legs.

Regarding the question of unemployment, Sir, many things have been said. The fact undoubtedly is that a large number of young men are unemployed and it is another problem which is almost impossible to tackle with. Every year, educated young men come out of the Universities in thousands, but there is absolutely very little chance of employing them. Sir, instead of throwing mud at the Government schemes, I would like to know what should be the concrete solution of the problem. A big factory at Durgapur or a few hundreds of primary schools would not accommodate even one per cent. of the unemployed youths. I personally confess that I have thought over the matter. I could not find out any solution. I would humbly request my friends on the opposite side and also this side, specially the leaders of the opposition who have long experience, to give some concrete suggestions in the matter. It is, of course, out in the air that the Bengali young men are not being accommodated in certain firms which are controlled and managed by persons other than Bengalees, and I hope, Sir, our Government would certainly look into the matter. Regarding the question of unemployment I would suggest that a strong committee consisting of experienced members of this House should be formed and they would go into the matter and suggest ways and means to solve this all-important problem.

Sir, before I sit down, I want to refer to a certain point which has been raised by honourable member, Sj. Somnath Lahiri. He has said something about the unfortunate worker who has committed suicide. He was working in the Howrah Cotton Mill and he put the whole blame upon the Government. Sir, what I know of is this that the workers struck work for days together and became violent and cases after cases were started. The result was that loyal workers were not allowed to go and ultimately the mill authorities had to declare a lock-out. So, I would ask just now whether the blame should be placed at the doors of the Government or against the leaders who fomented the strike and were indirectly responsible for the death of the young man.

With these words, Sir, I support the motion.

[5-35—5-45 p.m.]

**Dr. Abu Asad Md. Obaidul Ghani:** Mr. Speaker, Sir, to my mind the Governor's address was a masterpiece of a very imaginative narrative, far from realities and actual conditions, and sidetracking the main issues and tasks facing the Government. It has made two very modest claims—I will narrate them also. One is about malaria control. I am ready to congratulate the Government—the Malaria Control Department—for its success. But I beg to submit that the bulk of the spade work was already completed during the war years by the British Government. There was also another factor. During the war, a very cheap and effective anti-malaria drug—Mepacrine—was made available to the people. This indeed found its way to the remotest village of Bengal. Similarly, we have now-a-days very few Kala-azar cases. This is due to the progress of science.

There is another claim made that the Government has set up 300 Health Centres all over the State. The figure is impressive, no doubt when we recollect that in 1948 there were only three such centres. But the Government forgets that the First Five-Year Plan had the target of having 650

Health Centres here, and by now we would expect them to have at least 1,000 such centres all over the State. So, their achievement is barely 30 per cent. of their target. Then, a question has been raised that these Health Centres are not to develop in an area which is not covered by the N.E.S. Block. I am surprised at this. I do not know—it might be the Government of India's instruction. But should not these Health Centres have priority over the N.E.S. Blocks? So far as the health of the State is concerned, I should think that Health Centres should be started wherever there is need for them, and N.E.S. Blocks may or may not follow in that area according to the needs of the situation. Besides, I definitely know that there are many Health Centres, situated within the N.E.S. Blocks, which are complete, but they have not yet started functioning. I can give you specific instances but, I am sorry, I have not the time and I cannot narrate them all just now.

**Mr. Speaker:** Would you like Health Centres for males or females?

**Dr. Abu Asad Md. Obaidul Ghani:** For both.

As for the omissions from the Governor's address, they are colossal—I have no time to narrate them also. I will just state a few:

(1) There is no mention about epidemics. I do not know how long we are going to suffer annually from the scourges of cholera and small-pox. The fact is that Government has not yet moved in the matter of better, safer and continuous water-supply, better sanitation and better drainage. As for preventive inoculation and vaccination, the combined machinery of the Government and the Calcutta Corporation is not adequate to cover the entire population. Even if they could do it, the lymph and vaccine production capacity of the Government and the Corporation is absolutely inadequate. In this connection, I beg to remind the Government that the Calcutta Corporation, at last, has recently, under the able leadership of our Mayor Dr. Triguna Sen, taken up seriously the anti-epidemic campaign in consultation with the Indian Medical Association, the Bustee Federation and various other representative organisations. But our Government seems to sit absolutely tight over this matter.

(2) Then there is the question of tuberculosis, the Great Killer, as described by the press. We do not know what Government has done about it. We have heard about the construction of a Tuberculosis Hospital. But is that the whole solution? I should have thought that early diagnosis and early treatment with anti-biotics are the main things in controlling this menace. But, as for early diagnosis, I have not heard of anything being done for the screening of the entire population. As regards early treatment, the very restricted distribution of antibiotics—Streptomycin—has been further restricted, so that at present there is hardly any free distribution of Streptomycin to the poor patients. This is an expensive treatment and the poor people of Bengal cannot afford to have it unless Government comes to their rescue.

So far as construction of Tuberculosis Hospitals is concerned, I would suggest that in the absence of huge sums of money, let cheap and light construction—cottages—be started all over the State near important towns and cities. If the cases could be isolated and treated in them, it would be much easier, cheaper and better for early treatment, than a vast programme of big Tuberculosis Hospitals.

(3) Similarly, of leprosy there is no mention in the Governor's address. By starting a hospital for lepers in a district, Government has just created another ghetto for the lepers. That is no solution, either medical or social.

If the lepers could be accommodated in different nearby places for treatment, it would not disrupt their social and economic life. In fact, arrangement should be made for sending specialists to all such centres in all cities and towns.

(4) There is another omission, and that is about mal-nutrition. The Governor is discreetly silent about it. Mass poverty is increasing and naturally the standard of living of the people is going down, and Government cannot do anything about it. This is another factor of public health importance, which is giving rise to epidemics and a large number of other diseases, specially tuberculosis, which could be avoided by simply a sort of positive health programme. Recently, we have seen a statement to the effect that a large number of peptic ulcer cases here are due to semi-starvation conditions. I do not know whether the Government has taken any note of it. These peptic ulcer cases are increasing due to mal-nutrition and semi-starvation conditions.

(5) Similarly, maternity arrangements are very inadequate. Only about 12 per cent. of the confinements can utilise hospital facilities in this respect, and the rest of the population are left to their fate and superstition.

(6) As for the vital statistics, the Governor's address is entirely silent about it—I believe, the Government is very discreet.

(7) There is another very important omission, and that is with regard to the encouragement of pharmaceutical industry. Recently, at the request of the Government of India, Soviet experts investigated the subject. Their recommendation was that a very good pharmaceutical industry could be built up in India at a cost of Rs. 35 crores. It appears to be expensive, but we must remember that it will save the Government about Rs. 35 crores annually in foreign exchange spent in importing drugs. The State Government could at least encourage the private pharmaceutical industries which are struggling for their very existence. I have got two letters from the Eastern Drug Co., Calcutta, who have submitted repeated petitions to the Government for supporting their products. They have got very good products—"Bromoraulten" is one of them. This is perhaps the first and only drug which is accepted by the Health Ministry of Great Britain, but unfortunately it has no place in our Health Ministry. I think that there are many Indian firms which, if encouraged by the Government, will be able to do a lot in this direction. Finally, I should say that the pharmaceutical industry should be sponsored by the Government and should be developed under Government supervision.

(8) Another omission is about the reorganisation of the health services. I do not know whose brain wave produced this scheme. But this has been done without any consultation with the Indian Medical Association—the only authentic, recognised and representative body of the medical profession. In December, 1957, the Central Council of the Indian Medical Association, in their sitting at Bangalore, passed a resolution and made very specific and very valuable recommendations. Their recommendations may be considered as the recommendations of a body of specialists and experts. But our Government has completely ignored that expert opinion. As recently as 17th of this month, the Indian Medical Association, West Bengal Branch, came out with a memorandum criticising this reorganisation scheme. I do not mean to say that I, as an M.L.A. on this side, am supporting their recommendation or their criticisms in toto. What I beg to submit is that the recommendations and criticisms of the Indian Medical Association are worth very serious consideration by the Health Ministry if they want to do anything on the score of health in the State.

[5-45—6-00 p.m.]

Here, I would cite a few defects only. Government in this reorganisation scheme is trying to rope in the top-ranking physicians and surgeons. It is a hopeless task. Persons who are used to evaluate themselves at Rs. 64 for consultation and Rs. 1,000 for operation, certainly Government is not in a position to compensate them and rope them in under this scheme. One or two such persons may be available. But Government will be well advised to insist on the teaching line alone so that professors and scholars can be taken up in this scheme. Even the junior specialists are not offered the grade which is alluring enough to them, although a very slight modification in the grade could rope in the entire lot of junior specialists with higher foreign qualification. Only the ordinary graduates are offered slight increase of salary. I welcome that. But the worst part of the scheme is that it completely ignores the non-medical employees of the health services. Their condition in the reorganised scheme is completely ignored. Besides, it does not envisage any increase in the personnel of the health services, and for that reason the public is absolutely cold about it.

The existing defect in the health services is that hospitals and health organisations are so terribly under-staffed that the public cannot get the attention which is necessary for them or which they expect. Our State has got about 16,000 qualified doctors. About 7,000 are in the rural areas serving more than 77 per cent. of the population, and 9,000 are in the urban areas serving less than 23 per cent. of the population. But the Government employs only 1,300 of those and the rest are left to struggle for their existence. Recently the Director of Health Services conducted a survey of doctors earning less than Rs. 100 a month. He got prompt replies from two thousand doctors. This consideration has been entirely ignored in the new scheme, although their utilisation would perhaps change the entire shape of things.

I would suggest that instead of making the doctors more over-worked, as the Government is still doing, it should employ more doctors. I will cite only one example. A busy Resident Physician of a very busy Calcutta hospital has been asked to take up the additional work of examining 90 cases under the E.S.I. scheme. How is it possible for a busy Resident Physician to do justice to the job I do not know.

Then we come to the reorganisation of the nursing services. There we are surprised to find that an attempt has been made to downgrade all the cadres except "A" grade. Besides, it does not provide any facilities of training. It does not guarantee employment to those who have completed the training. There is another very delicate point—transferability of service, because for female nurses in particular it is very difficult to adapt to quick orders of transfers. It disrupts their family life and their social life.

(9) Another omission is ambulance service. In the mofassil there is no ambulance service at all. Even in Calcutta ambulance service is so deficient that even in emergency cases, two to three hours elapse before an ambulance arrives.

(10) As for non-medical employees of the different Health services, including Hospital employees, the menial staff get only Rs. 20 to Rs. 50 and the compounders and clerks get about Rs. 50 to Rs. 100. About 50 per cent. of the menial staff are provided with quarters, and even among them one room is shared by two or three families at times. These conditions ought to change and improve, if we want improvement in health services.

Under these circumstances my obvious conclusion is that Government has absolutely no health plan and for that reason I regret, and I invite my friends opposite to join with me in that regret that I cannot support the vote of thanks to the Governor.

**Sj. Jagannath Majumder:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণে যে আলোচনা হয়েছে সেই আলোচনা প্রসঙ্গে এবং মাননীয় রাজ্যপালের যে বিবৃতি সেই বিবৃতির পরিপ্রেক্ষিতে নদীয়া জেলার কয়েকটি বিষয় সম্বন্ধে আমি আজ আলোচনা করতে চাই। রাজ্যপালের বিবৃতিতে দেশের বস্তির অবস্থা বর্ণনা করা হয়েছে। সব কথা বেশ পরিষ্কার করেই বলা হয়েছে এবং সে বক্তব্যে দেশের দারুণ অবস্থা প্রকট হয়েছে। এবং এই প্রদেশের মধ্যে নদীয়া জেলা একটা বিশেষ সংকটপূর্ণ জেলা। এই জেলায় বারবার বন্যা, অজন্মা ও ফসলহানি ইত্যাদি হওয়ার জন্য আজ নদীয়া জেলার অর্থনীতি ভেঙ্গে পড়েছে। দুইদিন পূর্বে জ্যোতিবাবু বলেছিলেন নদীয়ায় গ্রুয়েল কিচেন করে দুর্গতদের খেতে দেওয়া হচ্ছে। আমি জ্যোতিবাবুকে বলবো যে তিনি এখনকার খবর রাখেন না। গ্রুয়েল কিচেন পূর্বে বন্যার পরেই হয়েছিল কিন্তু বর্তমানে গ্রুয়েল কিচেন প্রথা নেই। সেখানে অন্যান্য প্রথায় দুর্গতদের ব্যবস্থা হয়েছে। কিন্তু বর্তমানে নদীয়ার যে অবস্থা তাতে এখনই গ্র্যাটুইটাস রিলিফ, টেস্ট রিলিফ এবং অন্যান্য সাহায্য অবিলম্বে আরো অধিকতরভাবে, ব্যাপকভাবে দেওয়া খুবই প্রয়োজন হয়ে পড়েছে। এবং এই সম্বন্ধে সংশিলষ্ট মন্ত্রী মহাশয়কে আরো বেশী অবহিত হতে বলি, কারণ আপনি জানেন যে কিছুদিন হল নতুন ফসল উঠেছে নদীয়া জেলায়, ফসল ভাল হয় নি, এখন চাষী বা ক্ষেতমজুরের হাতে কোন কাজও নেই, তাদের যদি এইরকম কাজের ব্যবস্থা এবং খেতে দেবার ববস্থা না হয় তাহলে আগামী কয়েক মাসের মধ্যেই সংকট আরো তীব্রভাবে দেখা দেবে।

আমি আর একটা বিশেষ সমস্যার উপর মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হচ্ছে গত বৎসর নদীয়াতে বৃষ্টিপাত কম হয়েছে এবং কম বৃষ্টিপাত হবার জন্য রাস্তার খাদে, রেলএর খাদে জল জমতে পারে নি, তারজন্য নদীয়ার চাষীরা যে পাট উৎপাদন করেছে সেই পাট পচাবার জন্য, ডুবাবার জন্য কোন জায়গা পায় নি। সেইজন্য যেসব মৎস্য-চাষীদের যে সমস্ত জলাশয় ছিল—নদী নালা, সেখানেই তারা পাট পচাতে বাধ্য হয়েছে। তার ফলে ব্যাপকভাবে নদীয়া জেলায় মৎস্য চাষ নষ্ট হয়েছে এবং হাজার হাজার মৎস্যচাষী মরণমুখী হয়েছে। এটাই হচ্ছে আজকে সেখানকার একটা বিশেষ সমস্যা। এবং যেসব জলাশয়ে সরকারকে খাজনা দিতে হবে সেই জলাশয়ের মৎস্য নষ্ট হওয়ায় তাদের খাজনা দেবার মত অবস্থা নেই। কাজেই সংশিলষ্ট মন্ত্রীর কাছে নিবেদন করবো—যেমন করে চাষীদের খাজনা মকুব করা হয়েছে, সেইরকমভাবে মৎস্যজীবীদের জলাশয়ের খাজনা মকুব করা উচিত। যেটুকু খাজনা তারা দিয়েছে সেইটুকু নিয়ে বাকীটা মকুব করলে মৎস্যজীবীরা বাঁচতে পারে। কারণ তাদের জলাশয়ের সমস্ত জল নষ্ট হয়ে গিয়েছে। এই বিশেষ সমস্যার প্রতি আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছি এর পূর্বে, আবার তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। এই মৎস্যজীবী সম্প্রদায় একটা বিরাট সম্প্রদায়। তারা আজ ধ্বংসের মুখে, তাদের ব্যবস্থা করা দরকার। পাট পচাবার জন্য কৃষি বিভাগ যাতে কোন ব্যবস্থা করতে পারেন তা করা উচিত। কিন্তু মৎস্যজীবীদের জলাশয়গুলিতে যদি এইভাবে, ব্যাপকভাবে পাট পচাতে হয় তাহলে মৎস্যের চাষ নষ্ট হবে এবং তার ফলে একটা বিরাট সম্প্রদায় ধ্বংসের মুখে পড়ে যাবে। তাই আমি এই কথাই বলবো এই সমস্যা অবিলম্বে সমাধান করুন। এবং অবিলম্বে মৎস্যজীবীদের যেরকম আর্থিক সাহায্য দেওয়া দরকার, তাদের বাঁচবার সেই সাহায্য দেওয়ার ব্যবস্থা করুন। আমি এই কথাই নিবেদন করতে চাই।

আর একটা বিশেষ সমস্যার কথা বলছি। আমাদের রাজ্যপালের ভাষণে বলেছেন যে কল্যাণীকে একটা শিল্প নগরীতে পরিণত করা হচ্ছে। কল্যাণী নদীয়ার এক প্রান্তে এবং একে শিল্প নগরীতে পরিণত করতে আমরাও সকলে চাই। এই নদীয়াতে আজ ব্যাপকভাবে রিফিউজী-দের সমাগম হয়েছে যারজন্য মিউনিসিপাল শহর, কৃষ্ণনগর, রাণাঘাট, নবদ্বীপ, শান্তিপুর, চাকদহ এইসব শহরও শিল্প নগরীতে পরিণত করা হ'ক এই আমার নিবেদন। এই সমস্ত জায়গায় বড় বড় শিল্প স্থাপন না করে অম্বর চরকা, সেরামিক ইনস্টিটিউট, সাবান, কাগজ,

চারুশিল্প প্রভৃতি মাঝারি শিল্প করে এই শিল্পের ভিতর দিয়ে এইসব শহরের বাসিন্দাদেরং সমাগত বাস্তুহারাদের কর্মসংস্থান করে বাঁচিয়ে রাখতে পারবেন এবং বেকারত্ব যাতে নষ্ট হয় বেকাররা যাতে কাজ পায় তারজন্য শিল্পের ব্যবস্থা অবিলম্বে করা দরকার।

[5-55—6-5 p.m.]

এ বছরে প্রস্তাবিত যে তিনটি কলেজ হবে তার মধ্যে একটা মহিলা কলেজ আমরা চাইছি—কৃষ্ণনগরে একটা মহিলা কলেজ হোক। কারণ রিফিউজিদের মধ্যে অধিকতর মেয়েরাই শিক্ষাবিলাসী, তাছাড়া কলেজ পাঠেচ্ছু স্থানীয় মেয়েদের সংখ্যাও বেড়ে চলেছে—আমাদের কৃষ্ণনগর কলেজে তাঁদের সকলেই জায়গা পান না। সেইজন্য আমরা চাই অবিলম্বে কৃষ্ণনগরে একটা মহিলা কলেজ করা হোক এবং এজন্য সংশ্লিষ্ট মন্ত্রীমহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তারপর বিপ্রদাস পালচৌধুরী টেকনিক্যাল স্কুলটি শুনছি আমাদের কৃষ্ণনগর থেকে স্থানান্তরে যাচ্ছে। কিন্তু আমাদের ওখানে টেকনিক্যাল স্কুলের প্রয়োজন খুব বেশী। কৃষ্ণনগরের প্রচুর ছেলে সেখানে লেখাপড়া শেখে, ও বৃত্তিমূলক লেখাপড়া শিক্ষা করে কাজে লিপ্ত হয়। সুতরাং সেই বিপ্রদাস টেকনিক্যাল স্কুল যদি কৃষ্ণনগর থেকে স্থানান্তরিত হয় তাহলে কৃষ্ণনগরের অধিবাসীদের বিশেষ অসুবিধায় পড়তে হবে। সেইজন্য বিপ্রদাস পালচৌধুরী টেকনিক্যাল স্কুলটি কৃষ্ণনগরেই থাকার ব্যবস্থা করা উচিত।

তারপর কৃষ্ণনগর সদর হাসপাতাল বহুদিন থেকে পরিবর্ধিত করবার চেষ্টা চলেছে। কিন্তু আজও তা কার্যে পরিণত হয়ে ওঠেনি, অথচ কৃষ্ণনগর হাসপাতালের পরিবর্ধন করা বিশেষ দরকার। শোনা যায় শক্তিনগরে ৫০ বিঘা জমির উপর কৃষ্ণনগর হাসপাতাল স্থানান্তরিত হবে, তাই যদি হয় তবে দেরি হচ্ছে কেন? যদি দেরি হবার সঙ্গত কারণ থেকে থাকে তবে এখন যে হাসপাতালটি আছে তাকেই পরিবর্ধন করা হোক। সেখানেই একটা মাল্‌টিস্টোরিড্‌ বিল্ডিং করে কৃষ্ণনগর হাসপাতালটি পরিবর্ধন করা হোক অবিলম্বে,—কৃষ্ণনগরের অধিবাসীদের পক্ষ থেকে এই দাবী আমি জানাচ্ছি।

আর একটা কথা মাননীয় অধ্যক্ষ মহাশয়েরও জানা আছে। ধুবুলিয়া মৌজায় অনেক দরিদ্র চাষী আছে যাদের জমির আজো কোন ক্ষতিপূরণ দেওয়া হয়নি। সেই যুদ্ধের সময় মিলিটারীর আমলে তাদের জমি একোয়ার্ড করা হয়েছে রিকুইজিশন করে, তার মধ্যে আনঅথরাইজড অকুপেশন করা জমিও আছে। তার জন্য বহু দরখাস্ত বহু আবেদন-নিবেদন করা হয়েছে, অনেকে অনেক চেষ্টা করেছেন। শ্রীমতী ইলা পালচৌধুরী মহোদয়া, এম, পি, চেষ্টা করেছেন, এমন কি স্পীকার মহোদয়ও নিজে সেই দরিদ্র চাষীদের বাঁচার জন্য চেষ্টা করতে ত্রুটি করেন নি। কিন্তু আজও তারা তাদের ন্যায্য পাওনা পাচ্ছে না। তাদের এই দুর্দশার যদি অবিলম্বে প্রতিকার না হয় তাহলে ঐ দরিদ্র বেচারাদের দুঃখের আর অন্ত থাকবে না। হয়ত বহু লোক অভাবের তাড়ণায় মারা যাবে। এদিকে তাদের যে-সমস্ত সি, পি, লোন এবং এগ্রিকালচারাল লোন দেওয়া হয়েছে তার আদায়ের জন্য সার্টিফিকেট জারী হচ্ছে। অথচ গভর্ণমেন্টের কাছে তাদের পাওনা এতকাল ধরে পড়ে রয়েছে!! তাদের বাঁচাবার একটা ব্যবস্থা অবশ্যই করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রী শ্রীযুক্ত বিমলচন্দ্র সিংহ মহাশয়ের দৃষ্টি বিশেষভাবে আকর্ষণ করছি। তাঁকে বহুবার বলেছি এবং আবারও বলছি তিনি যেন ঐ দরিদ্র চাষী সম্প্রদায়কে বাঁচান।

আর একটা কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করব। ন্যাশনাল ম্যালেরিয়া কন্ট্রোল-এর কর্মী প্রায় ৬ হাজার আমাদের বাংলাদেশে আছে। এবং এই ম্যালেরিয়া নিবারণ আমাদের এই প্রদেশেরই একটা প্রধান কাজ। মাননীয়া রাজ্যপালের অভিভাষণে একথা স্বীকার করা হয়েছে যে আমাদের প্রদেশে ম্যালেরিয়া নিবারণ করা হয়েছে। এত বড় কাজটা যারা করেছে সেই কর্মী সম্প্রদায়ের ৬ মাস চাকরী থাকে আর ৬ মাস চাকরী থাকে না। বাকি ৬ মাস যাতে সেইসব কর্মীদের চাকরী বজায় থাকে সেজন্য তারা বহু আবেদন-নিবেদন করেছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি জানেন সুয়েজ খাল তৈরীর আগে সে অঞ্চলে খুব ম্যালেরিয়ার প্রকোপ ছিল, তখন সেখানে আগে ম্যালেরিয়ার আক্রমণ বন্ধ করে তার পর খাল প্রস্তুত

হয়েছিল। আমাদের দেশেও তাই ডেভেলপমেন্ট-এর কাজ যদি করতে হয় তাহলে আগে ম্যালেরিয়া দূর করতে হবে, তবেই ডেভেলপমেন্ট-এর কাজ করা সম্ভব হবে। অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন প্রতি বৎসর আমেরিকান টেকনিক্যাল মিশন থেকে ৬৫ লক্ষ ডলার করে বরাদ্দ ছিল ম্যালেরিয়া নিবারণের জন্য, এবার সেটা বাড়িয়ে ৮৭ লক্ষ করা হয়েছে। অর্থাৎ ২২ লক্ষ ডলার এ বছর বেশী বরাদ্দ হয়েছে। সে ক্ষেত্রে ৬ হাজার ম্যালেরিয়া নিবারক কর্মীদের বাকী ৬ মাসের জন্য চাই ১৯ লক্ষ টাকা মাত্র। এর ব্যবস্থা কেন্দ্রীয় সরকার ও প্রাদেশিক সরকার ইচ্ছা করলে অনায়াসেই করতে পারেন। ডেভেলপমেন্ট-এর প্রোগ্রাম-এ বহুরকম কল্যাণমূলক কাজ আছে। যারা গ্রামে গ্রামে রাত্রির অন্ধকারে বৃষ্টির ভিতর ভিজতে ভিজতে গিয়ে ম্যালেরিয়া রাক্ষসীকে দেশ থেকে তাড়িয়ে দিচ্ছে সেই সকল ম্যালেরিয়া নিবারক কর্মী যারা ৬ মাস কাজ করছে তাদের আর বাকি ৬ মাসের কাজের ব্যবস্থা ঐ সমাজ-উন্নয়নমূলক কাজের মাধ্যমে অনায়াসেই করা যেতে পারে। এ-বিষয় সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি, এ নিয়ে বহু দরখাস্ত করা হয়েছে, এই বিধান সভার সভ্যদের কাছে এবং ডাঃ বিধানচন্দ্র রায় মহাশয়ের কাছে দরখাস্ত করা হয়েছে এবং আমার মনে হয় আমাদের অধ্যক্ষ মহাশয়ের নিজের নামও তার মধ্যে আছে, তিনি নিজে তাদের একজন প্যাট্রন। সুতরাং আমি আবার বলছি এই ম্যালেরিয়া কর্মীদের কথা নিশ্চয়ই বিবেচনা করতে হবে। তা ছাড়া তাদের কাজের প্রশংসা যেখানে রাজ্যপাল স্বয়ং করেছেন, সেখানে তাদের বাকি ৬ মাসের কাজের একটা ব্যবস্থা করাই দরকার।

**Mr. Speaker:** Have you thought of the obligation?

**Sj. Jagannath Majumder:** Rs. 19 lakhs will be required.

There is an additional grant from the American Technical Mission of Rs. 22 lakh dollars.
বৎসরে এডিশনাল ২২ লাখ ডলারের সাহায্য দেবার এই যে এগ্রিমেন্ট হয়েছে আমেরিকান টেকনিক্যাল মিশনের সঙ্গে আর আমাদের ভারত গভর্ণমেন্টের সঙ্গে তা কাগজে বেরিয়েছে. সেটা আমার কাছে আছে। সুতরাং এই ২২ লক্ষ ডলার এডিশনাল গ্রান্ট যেটা দেওয়া হবে তা হতে অন্ততঃ কিছু টাকা পশ্চিমবঙ্গ পাবে। এবং সেটা যদি পশ্চিমবাংলাকে দেওয়া হয় তাহলেই সেই টাকা থেকে ব্যবস্থা হতে পারে। এ সম্বন্ধে যদি কেউ কিছু জানতে চান তাহলে আমি এ-বিষয়ে সব বিবরণ জানাতে পারি। এই প্রসঙ্গে আমি বলতে চাই ফাইলেরিয়া কন্ট্রোল লার্ভা কন্ট্রোল এবং এডাল্ট মসকুইটো কন্ট্রোল ইত্যাদি কাজেও এই কর্মীদের লাগান যেতে পারে। সুতরাং এই সমস্ত দিক বিবেচনা করে তাদেব সম্বন্ধে আমাদের সকলেরই চিন্তা করা দরকার।

[6-5—6-15 p.m.]

**Sj. Chitto Basu:**
মাননীয় স্পীকার মহোদয়, রাজ্যপাল মহোদয়া যে ভাষণ আমাদের সামনে রেখেছেন তাতে তিনি প্রথমে খাদ্য সমস্যার প্রতি আমাদের দৃষ্টি আকর্ষণ করেছেন এবং সেই প্রসঙ্গে আমি একটি সংশোধনী প্রস্তাব দিয়েছি। তাতে আমি এ-কথা বলতে পারি যে পশ্চিমবঙ্গে যে খাদ্য-সংকট তা দূর করবার জন্য যে বাস্তব কার্য পন্থা গ্রহণ করা দরকার পশ্চিমবঙ্গ সরকার তা করেন নাই। বরং এমন কতকগুলি সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যার মধ্য দিয়ে জনসাধারণের এই সংকট দূর হবে না বরং একটা বিশেষ চক্র বা উপচক্র তা থেকে প্রচুর মুনাফা রাখতে পারবে। মিঃ স্পীকার, স্যার, বিগত নভেম্বর ডিসেম্বর সেসন-এ এসেন্সিয়াল কমোডিটিজ অ্যাক্ট অনুসারে কিছু পরিমাণ চাউল মিল থেকে বাজেয়াপ্ত করা হয়েছিল এবং বিভিন্ন অঞ্চলে মডিফাইড রেশনিং-এর দোকান মারফত সেগুলি বিতরণ করার ব্যবস্থা হয়েছিল। ফলে, আমরা দেখেছি নভেম্বর থেকে ১০ই ফেব্রুয়ারি পর্যন্ত সারপ্লাস কোন চাউল চাল-কলগুলি থেকে অন্য জায়গায়—কলিকাতা বা অন্যান্য অঞ্চলে পাঠান বন্ধ করা হয়েছিল। তার জন্য ছাড়পত্র, পারমিট-এর ব্যবস্থা হল। এর ফলে সে-সমস্ত সারপ্লাস এলাকায় চাষীরা মাথার ঘাম পায়ে ফেলে যে ফসল ফলিয়েছিল তারা সেই জমির ফসলের

ন্যায্য দাম পেল না। এবং দেখা গেল যেহেতু কলের মালিক ধান কেনেন না সেইহেতু ধানের দাম দ্রুত হ্রাস পেতে সুরু করল। কিন্তু মন্ত্রী মহাশয়ের সঙ্গে যারা সম্পর্ক রাখে সম্পর্কের সুযোগ নিয়ে অনেকে বড় বড় পরিমাণের পারমিট পেল। আমি আপনার কাছে নজির হাজির করতে পারি। ইন্ডিয়ান টী প্ল্যান্টার্স অ্যাসোসিয়েশনকে এক লক্ষ মণের উপর চাউল খরিদ করবার জন্য পারমিট দেওয়া হয়েছে এবং সেই পারমিট খাদ্যমন্ত্রী নিজেই দিয়েছেন।

এস, এল, গুহ রাইস মিল-এর দেবব্রত গুহ মহাশয়কে খাদ্যমন্ত্রী মহাশয় ভাল চিনেন জানেন। তাকে এক লক্ষ মণ চাউল কেনার পারমিট দেওয়া হয়েছে। আমরা দেখি চাউলের দর যখন নিম্নাভিমুখী, দাম কম তখন প্রচুর পরিমাণ মুনাফা এরা সংগ্রহ করেছেন। কিছুকাল আগে আপনারা দেখেছেন ১১ই নভেম্বর তারিখে সরকার পক্ষ থেকে ½ অংশ চাউলের লেভি করা হবে ঠিক হয়। আমরা আগেই বলেছি তা করে পশ্চিমবাংলার খাদ্য-সংকট দূর করা যাবে না। এবং প্রয়োজনীয় স্টক বিলি করা যাবে না। শুধু তাই নয় ½ লেভী করে কিভাবে মিল মালিক সম্প্রদায়কে সুযোগ-দান করেছে তার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের খাদ্যমন্ত্রী মহাশয় এখানে নেই তিনি হয়ত বলতে পারবেন, ১১ই ফেব্রুয়ারীতে বাসন্তী মিলের হিসাব থেকে দেখা যায় স্টক করার মত এক দানা চাউলও নেই। মাত্র ৬৪ মণ চাউল অবশিষ্ট আছে। এইভাবে মিথ্যা হিসাব রেখে অপরের দোকানে চাউল গুদামজাত করে দেশের জনসাধারণের টাকা নিয়ে পাপচক্র গড়ে তোলে। আর শুধু তাই নয় বড় বড় মন্ত্রী উপমন্ত্রীদের আত্মীয়-স্বজন—এখানকার আইন সভার কথা বলছি—বনমালী খাটুয়া চিত্তবাবুর বৈবাহিক, তাকে ২১ হাজার মণের পারমিট দেওয়া হয়েছিল। মণে ৫ টাকা করে যদি লাভ হয় তা হলে ১ লক্ষ টাকার বেশি মাত্র কয়েকদিনের মধ্যে লাভ করেছেন অর্থাৎ নভেম্বর মাস থেকে ১০ই ফেব্রুয়ারী পর্যন্ত এই ধরনের কয়েকটি লোককে, যারা মন্ত্রী মহাশয়ের অনুগ্রহপুষ্ট তাদের অনুগ্রহ বিতরণ করেছেন আর তারা লক্ষ লক্ষ টাকা মুনাফা শিকার করেছেন। ফলে আমাদের দেশের গরীব চাষী ভাইরা ফসলের ন্যায্য দর পায় নি এবং সাধারণ মানুষও বেশী দাম দিয়ে চাউল কিনতে বাধ্য হয়েছে। কাজেই জিজ্ঞাসা করি কর্ডন প্রথা চালু করে কি লাভ হল? তার কি কারণ ঘটল? চাষীর ঘর থেকে ধান বেরিয়ে গেল, যখন গ্রাম থেকে ধান শহরে চলে গেল পশ্চিমবঙ্গের বাহিরে চলে গেল তখন আমরা দেখলাম কর্ডন প্রথা তুলে দেওয়া হল। এইভাবে চাষীকে সর্বস্বান্ত করে দিলেন। যারা মাথার ঘাম পায়ে ফেলে ফসল উৎপাদন করল তারা জলের দামে ধান বিক্রী করতে বাধ্য হল। আর আমাদের সরকার মুষ্টিমেয় কতগুলি লোককে মুনাফাকার্যে সাহায্য করে তাদের খাদ্যনীতি পরিচালনা করেছেন। এর বিরুদ্ধে প্রতিবাদ আজই করা দরকার। আপনারা হয়ত বলবেন সব সমস্যার সমাধান করবার জন্য বাস্তব পথ আপনাদের আছে। এ সম্পর্কে একটা কথা বলা দরকার। আপনি জানেন মাননীয় স্পীকার মহাশয়, সুন্দরবন এলেকায় আমার তথ্য এ-কথা বলে প্রায় ১৪ লক্ষ বিঘা ধানি জমি আছে এবং সেই জমির থেকে ১ কোটি মণ ধান উৎপন্ন হয়, সেই ধান প্রতি বছর কিছু না কিছু নষ্ট হয় যেহেতু ভাল করে বাঁধ বন্ধের ব্যবস্থা নেই। সুন্দরবনের ২ হাজার ২ শো মাইল যে বাঁধ সেই বাঁধ বাঁধবার জন্য একটা সুষ্ঠু পরিকল্পনার কথা মাননীয়া রাজ্যপালিকার ভাষণে নেই। আমরা কিছুকাল আগে ভেবেছিলাম এবং কিছুক্ষণ আগে আমার বন্ধু বল্লেন যে ময়ূরাক্ষী এবং দামোদর থেকে যে সেচের ব্যবস্থা আছে তাকে পরিপূর্ণ সদ্ব্যবহার করে দো-ফসলা, তিন-ফসলা শস্যের ব্যবস্থা করা হোক—কিছুকাল আগে এই সংবাদ আমরা পেয়েছিলাম যে এই ধরণের পরিকল্পনা নাকি সরকারের আছে। সরকার থেকে বলেছিলেন যে ঐ অঞ্চলে ১ লক্ষ একর জমিতে গমের চাষ করা হবে, তার ফলে ১৫ লক্ষ মণ গম হবে, ১ লক্ষ একর জমিতে যে ডাল হবে, তার পরিমাণ হবে ৬ লক্ষ মণ, ১ লক্ষ একর জমিতে যে সরিষা হবে তার পরিমাণ হবে ৭ লক্ষ মণ, এবং তার মূল্য হবে ৩ কোটি ১ লক্ষ টাকা। এবং এই সরকারের তত্ত্বাবধানে কাজ করলে প্রায় ১॥ লক্ষ ভাগ-চাষী সেই কাজে নিযুক্ত হতে পারেন। আমরা দেখলাম মাননীয়া রাজ্যপালিকার ভাষণে সে সম্বন্ধে কোন কথার উল্লেখ নেই। শুধু তাই নয়, আপনার কাছে এ-কথা বলতে চাই যে পশ্চিমবাংলায় প্রায় ৩ কোটি বিঘা জমিতে যে ধান উৎপন্ন হয় তাতে ৩ কোটি লোকের

খাদ্যের সংস্থান হয় না অথচ জাপানে সোয়া ২ কোটি বিঘা ধানের জমিতে প্রায় ৫ কোটি ৭৬ লক্ষ লোকের চালের ব্যবস্থা হতে পারে—কি বিশেষ কারণ থাকতে পারে যার জন্য আমাদের দেশে তা হয় না? এর একটা মাত্র কারণ এই যে বিঘা প্রতি ফলন আমাদের কম। সুতরাং বিঘা প্রতি ফলন বাড়াবার জন্য আমাদের সরকারের যথাযথ ব্যবস্থা অবলম্বন করা দরকার কিন্তু কিছুতেই তারা তা করেন না। আমি বিগত অধিবেশনে এ-কথা বলেছিলাম যে ছোট-খাট সেচের ব্যবস্থা করা হোক। মাননীয় স্পীকার মহাশয়, আমি জানি আমাদের এলাকা থেকে এই ধরনের অনেক ছোট-খাট সেচের পরিকল্পনা কৃষি-বিভাগে পাঠানো হয়েছে টিউবওয়েলের জন্য, ছোটখাট খালের ব্যবস্থা করার জন্য, হাজামজা নদীগুলি সংস্কার করার জন্য, কিন্তু আমরা জানি না এই সমস্ত কাজগুলি করা হবে কি হবে না। যদিও বা হয়, আপনাদের এই পরিকল্পনা আছে যে সেই ব্যয়-বরাদ্দ যা হবে তার শতকরা ৫৫ ভাগ বন্টন করতে হবে আমাদের দেশের গরীব জনসাধারণকে।

তারপরে সারের কথা বলি—আমাদের বর্তমানে কতকগুলি ভাল সার দেওয়া হয় কিন্তু সেই জমির প্রকৃতি কি তা বিবেচনা করা হয় না, জমির সয়েল অ্যানালাইজ করা হয় না। তার ফলে যে এক ধানের বা দুই ধানের ভাল সার দেওয়া হয় তাতে জমির ফলন না বেড়ে জমির গুণগত বৈশিষ্ট্য নষ্ট হয়ে থাকে। আমরা দেখি সার সরবরাহ করার ব্যবস্থার ক্ষেত্রে একটা চক্র রয়েছে। আমরা জানি সরকারের কাছ থেকে বিশেষ বিশেষ কোম্পানী ৬৸৴ দরে সার নিয়ে আসেন এবং চাষীদের কাছে তার দাম হয় ১৩॥ এবং মিশ্র সার সরকারের কাছ থেকে সেইসব কোম্পানী নেন ৮ টাকা করে, কিন্তু চাষীর কাছে যখন গিয়ে পোঁছায় তখন তার দাম হয় ১১॥৹। এই সার সরবরাহ করার জন্য মুষ্টিমেয় মাত্র কয়েকটি কোম্পানী—যেমন, শ-ওয়ালেস কোম্পানী, ইণ্ডিয়া র‍্যালীজ, ইত্যাদি কোম্পানী এগুলি মনোপলি করে থাকে। কাজেই আমরা দেখতে পাচ্ছি সার বিতরণের কোন ব্যবস্থা নেই, সেচের ব্যবস্থা নেই, যার ফলে চাষাবাদ ভাল হতে পারে না। তারপরে সমবায় ব্যবস্থার পরিবর্তন করার জন্য যে কাজ করা দরকার তা আজও করা সম্ভব হয় নি। সমবায় আইনের পরিবর্তন এবং অন্যান্য সংশ্লিষ্ট জিনিষগুলির পরিবর্তন করা সরকারের পক্ষে সম্ভব হয় নি এবং তা কবে সম্ভব হবে সে-কথার উল্লেখ পর্যন্ত নেই। এই কটি কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-15—6-25 p.m.]

**Janab Lutfal Hoque:**
মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালিকার ভাষণ নিয়ে আজকে তিন দিন ধরে বিতর্ক চলছে—প্রত্যেকটা কথার চুলচেরা হিসাব ও নানারকম তথ্য দেখিয়ে বিরোধীপক্ষ থেকে এমন কথাও বলা হয়েছে যে, আমাদের পশ্চিমবাংলায় বিভিন্ন উন্নয়ন পরিকল্পনা ব্যর্থ হয়েছে যদিও এ কথায় কোনরকম সার্থকতা প্রমাণিত হয় না। আবার অপর পক্ষ থেকে বলা হচ্ছে যে সবই উন্নতি হয়েছে, কোনটাই ব্যর্থ হয় নি। কাজেই আমি বলব যে, উভয় দলের কথার মধ্যে যতই সত্যতা থাকুক না কেন, পরিপূর্ণ সত্য কোনটার মধ্যেই নাই। অতীত অবস্থার সঙ্গে তুলনামূলক বিচারে যে বর্তমান অবস্থার কিছুটা উন্নতি হয়েছে এবং আমাদের দেশ অনেক উন্নয়নমূলক পরিকল্পনার দিকে অগ্রসর হয়েছে এ-কথা কেউ অস্বীকার করতে পারে না যদি আমাদের সত্যের প্রতি সামান্যতমও শ্রদ্ধা থাকে। তবে এটা ঠিক কথা যে, সাধারণভাবে এইসব পরিকল্পনার ফল এখনো পাওয়া যায় নি। আমাদের দেশের যত অভাব-অভিযোগ আছে, যত সমস্যা আছে, দৈনন্দিন জীবনযাত্রায় যত বিড়ম্বনার মধ্যে দিয়ে দিনাতিপাত করতে হয় তার মধ্যে সবচেয়ে বড় সমস্যা হচ্ছে খাদ্য-দ্রব্যের সমস্যা এবং এটাই সব সমস্যার মূল সমস্যা। সরকার থেকে যে-সব উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে, যেমন বিরাট বিরাট বাঁধ সৃষ্টি করা হয়েছে, বড় বড় ক্যানাল সীসটেম তৈরী করা হয়েছে তার প্রয়োজনীয়তা নিশ্চয়ই আছে, কিন্তু আমার মনে হয় তার চেয়ে বেশী প্রয়োজন হল সীমাবদ্ধ জায়গায় ক্ষুদ্র ক্ষুদ্র সেচ পরিকল্পনা এবং এগুলি যদি করা যেত তাহলে অনেক ফসল পাওয়া যেত এটা নিশ্চয়ই বলা যেতে পারে। কিন্তু দুঃখের বিষয় এদিকে কোন প্রচেষ্টা নাই। যেসব বিরাট বিরাট পরিকল্পনা নেওয়া হয়েছে তা থেকে আশানুরূপ ফল পাওয়া যাচ্ছে না। এরকম বহু পাহাড়ী ছোট ছোট

নদী আছে যেগুলি সংস্কার করা হলে পর, এবং অনেক জায়গায় আবার নদীগুলির মুখ অর্থাৎ পুরানো কোর্স ঠিক করে দিলে পর বন্যা-নিয়ন্ত্রণের কাজে অনেক সহায়তা হত এবং সেচ পরিকল্পনারও কার্যে রূপায়িত হত, যার দ্বারা কৃষিব্যবস্থার যথেষ্ট উন্নতি হতে পারত। কাজেই আমি এ দিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করি। একজন শিক্ষক হিসাবে আমি সরকারের কার্যাবলীর বিচার করব। কিছুদিন আগে মাধ্যমিক শিক্ষকদের অবস্থা নিয়ে যে পরিস্থিতির উদ্ভব হয়েছিল এবং দেশে যেরকম একটা অনিশ্চয়তার ভাবধারা প্রবাহিত হয়েছিল, এবং মানুষে মানুষে যেমন কথা কাটাকাটি এবং মান-অপমানের প্রশ্ন নিয়ে যেভাবে দ্বন্দ্ব আরম্ভ হয়েছিল তাতে আমি সরকারের প্রকৃতই উদার দৃষ্টিভঙ্গির নিশ্চয়ই প্রশংসা করব, একথা আমি অকুণ্ঠিতভাবেই বলতে পারি; কিন্তু আমাদের দেশের জনসাধারণের পক্ষ থেকে আমি আমাদের দেশের শাসনতন্ত্রের কর্ণধারগণকে বিশেষভাবে আবেদন জানাব যেন কোনরকম আত্মসন্তুষ্টির মনোভাব না প্রকাশ করা হয়, কেন না, মানুষকে বাঁচাতে হলে, দেশের মানুষকে মানুষ করতে হলে এবং দেশকে সঠিক পথে পরিচালিত করতে হলে সর্বাগ্রে আমাদের দেশের শিক্ষা-দীক্ষাকে উন্নত করা প্রয়োজন এবং তার জন্য শিক্ষকদের কোনপ্রকারেই অবহেলা করা চলতে পারে না। কোন দুস্থ, সভ্য ও উন্নতিকামী দেশ, কোন ওয়েলফেয়ার ষ্টেট কখনো শিক্ষকদের অবহেলা করে চলতে পারে না। যদি কোন দেশে এই শুভবুদ্ধি ও শ্রেয়বুদ্ধি না থাকে তাহলে আমি বলব সেই দেশের ভবিষ্যত চিরকাল অন্ধকারের গর্ভে নিমজ্জিত হবে। কাজেই আমি বলব, আজকে যদি শিক্ষকদের স্কুল কয়েক ঘন্টা ধরে ছেলেপিলেদের শিক্ষার তত্ত্বাবধান করার পরও তাদেরকে গৃহ-শিক্ষকতার কার্য করতে হয় জীবিকার্জনের জন্য এবং এইভাবে তাদের এনার্জি নষ্ট করতে হয় তাহলে ছেলেপিলেদের প্রকৃত মানুষ করতে পারা যাবে না, তাই আমি সাজেষ্ট করব যে সরকারের এমন ব্যবস্থা অবলম্বন করা উচিত যাতে গৃহ-শিক্ষকতা অবিলম্বে বন্ধ হয়ে যায় এবং তাদের বেয়ার নেসেসিটিজ যাতে তাঁরা পরিপূর্ণ মাত্রায় পেতে পারেন তার ব্যবস্থা করতে হবে। এটা না হলে আমাদের দেশে প্রকৃত শিক্ষা কোনদিন দেওয়া যেতে পারবে না। যাঁদের হাতে আমাদের দেশের ভবিষ্যত নাগরিকদের মানুষ করে গড়ে তোলার ভার রয়েছে তাঁদের গৃহ-শিক্ষকতার উপর নির্ভর করতে হয় এটা লজ্জার কথা সন্দেহ নাই। এবং তাতে করে ছেলেদের মনুষ্যত্ববিকাশের পথেও বিঘ্ন সৃষ্টি হয়। কাজেই প্রাথমিক শিক্ষা-ক্ষেত্র থেকে আরম্ভ করে মাধ্যমিক ও কলেজীয় শিক্ষা পর্যন্ত এই ব্যবস্থার প্রতিকার করতে হবে।

তারপর, আমাদের মাননীয়া রাজ্যপালিকা বর্তমান খাদ্য-সংকটের ব্যাপারেও বিশেষ চিন্তান্বিত হয়েছেন। তারপর, আমি আমাদের দেশের শ্রমজীবীদের কথা বলব। আমাদের দেশের এ-সব অশিক্ষিত শ্রমজীবী আছে তাদের কথা ভুলে গেলে চলবে না। অর্গানাইজড্ ইন্ডাস্ট্রি সম্বন্ধে আমাদের আইনকানুন যথেষ্ট আছে। কিন্তু গ্রামীন শিক্ষা, যেমন বিড়ি তৈরী—এতে বহু লোক জীবিকার্জন করে—এদের কথা নিয়ে আমাদের এখানে কোন পক্ষের থেকেই কোনপ্রকার আলোচনা হয় নি। এই সমস্যাটা বর্তমানে যে পশ্চিমবাংলায় বিরাট আকারে দেখা দিয়েছে তা বোধ হয় অনেকেই জানেন না। আমাদের পশ্চিমবাংলায় স্ত্রী-পুরুষ উভয় মিলে প্রায় ৪০ হাজার লোক বিড়ি তৈরী করে তাদের জীবিকার্জন করে। এবং এর সঙ্গে যে-সমস্ত ফ্যামিলী সংশ্লিষ্ট তা ধরলে প্রায় দেড় লক্ষ লোক হবে। কিন্তু আশ্চর্যের বিষয়, একটা রিপোর্টে বলা হয়েছে যে, মাত্র নাকি ২৫০ (?) শ্রমিক আছে এবং একটি মাত্র ফ্যাক্টরী আছে। এত বড় ভুল বৃত্তান্ত কি করে রেকর্ডেড হয় বুঝতে পারি না।

[6-25—6-35 p.m.]

আমি বলবো—একে ব্যাখ্যা করবার কোন প্রয়োজন নাই। নিশ্চয়ই একে কঠোর হাতে দেখা হবে—কোন সমস্যার দ্বারা এই জীবন ওতঃপ্রোতভাবে জড়িত। জলপাইগুড়ি থেকে আরম্ভ করে বাঁকুড়া পর্যন্ত প্রতি জেলার ছোট-খাট দোকানদার—ছোট-খাট ষ্টল খুলে দশটী, বারটী কি পঞ্চাশটা শ্রমিক আছে, তারা হয়ত এইভাবে নিজেদের জীবিকার্জনের মত কিছু কিছু পারিশ্রমিক পায়—১।।৶ থেকে ২ টাকা, কি দু-টাকা চার আনা পায়। এই কলিকাতায় ২।।৶ পর্যন্ত আছে। আমি সেখানকার সমস্যার কথা বলছি। ৮ থেকে ১১ পর্যন্ত ওয়েজে শ্রমিকদের

খাটতে হয় প্রতি দিন। একটা শ্রমিকের চার জন ফ্যামিলী মেম্বার যদি ধরেন, তাহলে এই ৯। আনায় কি করে সমস্যার সমাধান হয়? পশ্চিমবাংলার প্রতি হাজার বিড়ির জন্য মজুরী বেঁধে দিয়েছেন ২/ আনা। পশ্চিমবঙ্গ গভর্নমেন্টের শ্রমবিভাগকে একথা বার বার জানিয়েছি। কিন্তু আমি হতাশ হয়ে বলতে বাধ্য হচ্ছি যে, যে আজ পর্যন্ত তার কোন প্রতিকার পাই নি। আজ এই দরিদ্র শ্রমিকদের উপর হাইকোর্টের ২২৬ ধারার অ্যাক্ট ফেলে দেওয়া হয়েছে, হাজার হাজার টাকার খরচের পাল্লায় তাদের ফেলা হয়েছে। অথচ সেই আইন এনফোর্স করবার জন্য বরা বার আমি আবেদন করেছি। কিন্তু আজ পর্যন্ত অরণ্যে রোদন ছাড়া আর কোন আশ্বাস পাই নি। কাজেই এ-কথা বলতে বাধ্য হচ্ছি যে এর সংগে নানারকম দলীয়, উপদলীয় চক্রান্তের একটা খেলা এই দরিদ্র শ্রমজীবিদের জীবিকা নিয়ে চলছে—তা প্রকাশ করলে, একটা বিরাট ইতিহাস এসে যায়। কাজেই আমি বলবো যে দল বা উপদল দরিদ্র মানুষের জীবিকা নিয়ে এইভাবে রাজনীতির খেলা খেলবেন, একটী গ্রুপ আর একটীকে ডিসক্রেডিট করে দেবে, আর আমাদের সরকার নির্বাক হয়ে দেখবেন, এটা চলতে দেওয়া উচিত নয়। তাই আমি সরকারকে এ-বিষয়ে অবহিত হতে বলবো। এই আবেদন তাঁদের কাছে করি। যে মিনিমাম ওয়েজেজ এ্যাক্ট আছে, সেটা প্রতি পাঁচ বছরে একবার করে রিভিসান করতে হবে। সেই মিনিমাম ওয়েজেজ এ্যাক্ট আজ পাঁচ বছর কেন, ছ'বছর, সাত বছর হয়ে গেছে, আজও তা এনফোর্স করা হল না। কাজেই এ-বিষয়ে সরকার একটু অবহিত হোন। আমি এ-বিষয়ে শ্রমদপ্তরের কাছে অত্যন্ত করুণ আবেদন জানিয়েছি। এ-বিষয়ে অবহেলা করা মানে খাদ্যোৎপাদনের উপর কুঠারাঘাত করা হবে। আজ খাদ্য-সমস্যার দিনে যেখানে পশ্চিমবাংলায় প্রায় ৩ লক্ষ লোক এই কাজের দ্বারা প্রতিপালিত হচ্ছে, সেখানে আজ তাদের মুখের আহার কেড়ে নেবার পথ এতে প্রশস্ত করে দেওয়া হবে।

আর সময় নেই বলে আমার আসন গ্রহণ করতে হচ্ছে।

**Sj. Apurba Lal Majumdar:**

মাননীয় স্পীকার মহোদয়, রাজ্যপালের ভাষণের মধ্য দিয়ে পশ্চিমবাংলার দুঃস্থ মানুষ যা আশা করেছিল, যে আশার ক্ষীণরশ্মি পোষণ করেছিল, তা থেকে তারা মার্মান্তিকভাবে ব্যর্থ হয়েছে, নিরাশ হয়েছে। গতবার তিনি যে ভাষণ দিয়েছিলেন, তাতে যেটুকু তাদের বেদনার স্বীকৃতি ছিল, এইবারকার ভাষণে তার লেশমাত্র চিহ্ন আমরা দেখতে পাই না। গতবারের ভাষণে তিনি বলেছিলেন ১৯৫৭ সালে চালের দর ছিল ২৩ টাকা ১২ নয়া পয়সা।

**Mr. Speaker:**

নতুন কিছু বলুন। চালের কথা শুনে শুনে তো কান ঝালাপালা হয়ে গেল।

**Sj. Jatindra Chandra Chakraborty:**

ঐটাই তো আসল জিনিষ।

**Sj. Apurba Lal Majumdar:**

এইবারকার ভাষণে স্বীকৃতি এইটুকু আশা করেছিলাম। ভাষণের মধ্য দিয়ে গতবারের তুলনায় এইবার চালের দর আরো অনেক বেশী বেড়ে গেছে। কিন্তু তার স্বীকৃতি, তাঁর বিবৃতির মধ্যে নাই। ইণ্ডিয়া গভর্ণমেন্ট ডব্লিউ, পি, ইন্ডেক্স-এ স্বীকার করেছেন ২৮শে জানুয়ারী, ১৯৫৮ তারিখে। কলকাতায় তখন চালের দর মণ প্রতি ২৫ টাকা দর ছিল, এই স্বীকৃতি রাজ্যপালের ভাষণের মধ্যে নাই বলে আমি এই কথা বলছি।

তারপর পঞ্চবার্ষিক পরিকল্পনার সম্বন্ধে দু-একটা কথা বলতে চাই। প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনায় কথা উনি বলেছেন। কিন্তু এই প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনার ব্যর্থতা এবং এই পরিকল্পনার নামে নিম্ন এবং মধ্যবিত্ত শ্রেণীর উপর যে দুর্বিসহ বোঝা চাপানো হয়েছে, সেই সম্পর্কে রাজ্যপাল নীরব রয়েছেন। অর্থনীতি সম্পর্কে সাধারণ জ্ঞান যাঁদের আছে, তাঁরা নিশ্চয়ই স্বীকার করবেন—কোন প্ল্যান পিরিয়ড-এ যদি সেই প্ল্যানকে সত্যই সার্থকতার পথে নিয়ে যেতে হয়, তাহলে একটা স্টাবিলাইজড প্রাইস পলিসি সরকারের থাকা দরকার।

অবশ্য এই প্ল্যান পিরিয়ড-এ দেখা যায়, প্রাইসিং পলিসির উপর বিশেষভাবে জোর দেওয়া হয়েছে। তবুও অর্থনীতির বিভ্রাট হচ্ছে, সমাজতান্ত্রিক ও ধনতান্ত্রিক ক্ষেত্রে যেটা সবচেয়ে বড় জিনিষ, সেই প্রাইস পলিসি বা স্ট্যাবিলাইজ্‌ড প্রাইস দরকার। অতএব আমাদের রাজ্যপালের ভাষণে সেই সম্পর্কে, প্রাইসিং পলিসি সম্পর্কে কোন কথা দেখতে পাই নি। দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার প্রথম বছরে যত টাকা ডেফিসিট ফাইন্যান্স করা হয়েছে, তার চেয়ে দ্বিতীয় বছরে তার ডাবল ডেফিসিট ফাইন্যান্স করা হয়েছে। সেজন্য আমাদের দেশের লোকের টোটাল আউটপুটএর চেয়ে টোটাল চাহিদা অনেক বেশি মাত্রায় বেড়ে গেছে এবং তার অবশ্যম্ভাবী ফলস্বরূপ আন্তর্জাতিক ক্ষেত্রে আমরা একটা এক্সচেঞ্জ ক্রাইসিস দেখছি। অন্য দিকেও আমাদের দেশের আভ্যন্তরীণ কনজিউমার্স ইন্ডেক্স দিনের পর দিন বেড়ে চলেছে এবং অর্থনৈতিক ক্ষেত্রে যে ইমবালান্সএর সূত্রপাত হয়েছে, যে অর্থনৈতিক সংকট দেখা দিয়েছে তাতে সবচেয়ে বেশি আঘাত হেনেছে লো-ইনকাম গ্রুপএর উপর সবচেয়ে বেশি আঘাত হেনেছে। তাই কস্ট অব লিভিং ইন্ডেক্স একদিক থেকে বাড়ছে, আর সঙ্গে সঙ্গে প্ল্যান পিরিয়ডএ ইনফ্লেশন দেখা দেওয়ায় ডেফিসিট ফাইন্যান্সিং হচ্ছে। সেই সঙ্গে সঙ্গে আমরা চাই মেজার্স অব কন্ট্রোল। এখানে এসেন্সিয়াল কমোডিটিজ, সাধারণ নিত্য-ব্যবহার্য জিনিষপত্রের দাম যেভাবে বেড়েছে তারজন্য তার কন্ট্রোল ব্যবস্থার কোন কথা এই ভাষণের মধ্যে পাই না। তাই কিছু দিন আগে—

Panel of economists of the planning commission.

দিল্লীতে এক বৈঠকে মিলিত হয়েছিলেন এবং এই কথাই প্ল্যান কমিটি ইকনমিষ্টস্‌রা উল্লেখ করেছেন—কন্‌জিউমার গুড্‌স যাতে কম দামে সাধারণ লোকে পেতে পারে তার জন্য কন্ট্রোল করা দরকার, বিশেষ করে ফুড-স্টাফ-এর মোর অর লেস ফুল-ফ্লেজেড কন্ট্রোল দরকার, কম্পালসরি প্রোকিউরমেন্ট এবং র‍্যাশনিং ডিস্ট্রিবিউসন-এরও উল্লেখ তাঁরা করেছেন। কিন্তু এই করা সত্বেও রাজ্যপালের ভাষণের মধ্য দিয়ে প্ল্যানিং অব প্রাইস কন্ট্রোল সম্বন্ধে কোন ইঙ্গিত আজ পর্যন্ত পাচ্ছি না। এটা অত্যন্ত মর্মান্তিক। তার কারণ কন্‌জিউমার গুড্‌স-এর দিনের পর দিন যেভাবে দাম বেড়ে চলেছে, তাতে তা সাধারণ মানুষের ক্রয়-ক্ষমতার বাইরে চলে গেছে এবং তার জন্য যেভাবে লিভিং ইনডেক্স দিন দিন বেড়ে চলেছে, সোস্যাল ইনজাসটিস বেড়ে চলেছে, তাতে যদি স্ট্যাবিলাইজড প্রাইস পলিসি না থাকে, তাহলে পঞ্চবার্ষিক পরিকল্পনার মধ্য দিয়ে সবচেয়ে বেশি যাদের স্বার্থ ক্ষুন্ন হচ্ছে, যাদের উপর সবচেয়ে বেশি শোষণব্যবস্থা নেমে এসেছে, সে হচ্ছে লোয়ার ইনকাম গ্রুপের মানুষ। তাদের উপর সোস্যাল ইনজাসটিস বেশি করে হচ্ছে। তাদের জন্য রিজনেবল ইকুইটি অব সেক্রিফাইজ করার কাজে যদি ডেফিসিট ফাইন্যান্স হয়, দেশের ডেভেলপমেন্ট পরিকল্পনা ফাইন্যান্স করতে গিয়ে যদি রিজনেবল ইকুইটি অব সেক্রিফাইজ না থাকে, তাহলে এইরকম পরিকল্পনা অর্থহীন।

আমাদের নিত্য-ব্যবহার্য জিনিষপত্রের দাম দিনের পর দিন যেভাবে বেড়ে চলেছে, যেমন তামাক, সুপারি, মরিচ, লঙ্কা ও অন্যান্য খাদ্য-দ্রব্যের দাম বেড়ে চলেছে, তা দেখলে বোঝা যায়। গত বছর যেখানে চালের ইন্ডেক্স আগস্ট মাসে ১৯৫৬ সালে যা ছিল, তা ৭০ পার্সেন্ট বেড়ে গিয়েছে। কস্ট অব লিভিং ইন্ডেক্স—কলিকাতা সহরে শ্রমিকদের দিকে তাকালে দেখতে পাব—গত বছর যা ছিল, তা থেকে এবার ৫০ ভাগ বা ৫০ পার্সেন্ট বেড়ে গিয়েছে। তবে মুদ্রাস্ফীতির আমলে ইনফ্লেশন অ্যান্ড ডেফিসিট ফাইন্যান্স চলছে। আমরা সরকারের কাছে আশা করেছিলাম তাঁরা এই এসেন্সিয়াল কমোডিটিজ সম্বন্ধে একটা মেজার গ্রহণ করবেন, সেগুলো কন্ট্রোল করবেন এবং র‍্যাশনিং সিসটেম-এ কম্পালসরি প্রোকিউরমেন্ট-এর মাধ্যমে সাধারণ মানুষের [illegible] মান যে দিনের পর দিন নীচে নেমে চলেছে, তার দিকে লক্ষ্য রাখবেন, সেটাকে বাধা দেবেন। আমাদের দেশের দরিদ্র—লো ইনকাম গ্রুপের মানুষদের বাঁচান দরকার। বড়ই লজ্জার বিষয় সেই সম্পর্কে কোন ইঙ্গিত রাজ্যপালের ভাষণের মধ্যে আমরা দেখতে পাই নি।

[6-35—6-45 p.m.]

সেই জীবনযাত্রার মানকে অন্ততঃ এই পর্যায় রাখার জন্য কনজিউমার গুডসকে আরও কন্ট্রোলএর মধ্যে নিয়ে এসে দেশের দরিদ্র এবং লো ইনকাম গ্রুপএর মানুষদের বাঁচানো দরকার। এটা আমাদের লজ্জার সঙ্গে বলতে হয় যে এই সম্পর্কে কোন ইঙ্গিত আমরা রাজ্যপালের ভাষণের মধ্যে পাই নি।

উদ্বাস্তু সম্পর্কে দু'-একটি কথা বলতে গিয়ে প্রথমেই বলতে হয় যে এইবার রাজ্যপাল তাঁর ভাষণের মধ্যে আত্মতুষ্টির ভাব দেখিয়েছেন এই ব'লে যে, গত বৎসর মাত্র ৯ হাজার উদ্বাস্তু এসেছে পূর্ববাংলা থেকে এদেশে এবং প্রায় আড়াই লক্ষ উদ্বাস্তু পূর্ববাংলা থেকে এসেছিল। কিন্তু সরকারের স্মরণ রাখা দরকার যে গত ১১ই নবেম্বর ১৯৫৭ সালে আমাদের লোকসভায় ভারত গভর্নমেন্টএর তরফ থেকে মিঃ মেনন বলেন যে পূর্ববাংলা থেকে দু' লক্ষ হিন্দু এখানে আসার জন্য পূর্ব পাকিস্তানে অত্যাচারিত হয়ে হাই কমিশনারএর কাছে দরখাস্ত করেছে এবং মাইগ্রেশন সার্টিফিকেট না পাবার জন্য লক্ষ লক্ষ উদ্বাস্তু পূর্ববাংলা থেকে এদেশে আসতে পারছে না। ঐ বাংলাদেশের সরকারের সম্পর্কে কি কোন ব্যবস্থা করেছেন, কেন্দ্রীয় সরকারের সঙ্গে কি তাঁরা কোন কথাবার্তা করেছেন, যদি বর্ডার আমরা বন্ধ ক'রে দিই, মাইগ্রেশন ক'রে চ'লে আসার যদি কোন বন্দোবস্ত না থাকে, এই নীতি যদি আমরা নিয়ে থাকি এবং তারপরেও যদি আমরা আত্মতুষ্টি লাভ ক'রে থাকি যে পূর্ববাংলা থেকে আর কোন লোক আসছে না, তা হ'লে এটা সত্যের অপলাপ হবে এবং এটাতে শুধু কলঙ্কই আমাদের সরকারের মুখে লেপে দেবে। আমাদের দেশে যে বিভিন্ন ক্যাম্পএ উদ্বাস্তু রয়েছে ২ লক্ষ ৬৫ হাজার, এই ২ লক্ষ ৬৫ হাজার উদ্বাস্তুকে বাংলার বাইরে পাঠানোর যে কথা চলছে, এই সম্পর্কে বহু তথ্য বহু আইনসভার সদস্য আপনার সামনে উত্থাপন করেছেন এবং, স্পীকার মহাশয়, আমিও বহু তথ্য আপনার সামনে উত্থাপন করেছি এবং দণ্ডকারণ্যে, বাংলার বাইরে পাঠাবার যে প্রশ্ন, এই ২ লক্ষ ৬৫ হাজার উদ্বাস্তুকে বাইরে পাঠানোর প্রশ্ন, বাংলাদেশে যে ৩১ লক্ষ ৬০ হাজার উদ্বাস্তু আছে তার মধ্যে ২৯ লক্ষ উদ্বাস্তু বাংলার মধ্যেই থাকবে; তাদের বাংলার বাইরে পাঠাবার ক্ষমতা বা তার প্রশ্নই উঠছে না। শুধু এই প্রশ্ন উঠছে—আড়াই লক্ষ উদ্বাস্তু যারা বিভিন্ন ক্যাম্পএ রয়েছে তাদের সম্পর্কেই ও'রা তো বলছেন। এই যে বাংলায় আড়াই লক্ষ উদ্বাস্তু ক্যাম্পএ আছে তার মধ্যে পার্মানেন্ট লায়াবিলিটি ক্যাম্পএ রয়েছে ৭ হাজার, যারা চাষজীবী বা ব্যবসায়ী, তাদের সংখ্যা ১ লক্ষ ১ হাজারের মত। এদের জমির সংস্থান পশ্চিম-বাংলার মধ্যে নেই, এই কথাই বলা হচ্ছে। এদের পরিবারের সংখ্যা হবে ৬ কি ৭ হাজার। এদের যদি ১০ বিঘে ক'রে জমিও দেওয়া যায় তা হ'লে বাংলাদেশে ৩ লক্ষ ৩৬ হাজার জমি হ'লেই এদের পুনর্বসতি চলে। এ সম্পর্কে আমরা বারবার তথ্য দিয়েছি। সরকারও এ তথ্যের খবর রাখেন। তবুও একথা বলতে হয় যে, কিছুদিন আগে পশ্চিমবাংলার তরফ থেকে যে হিসেব দেওয়া হয়েছিল বাংলার পাঁচটা জেলার, ৩০এ অক্টোবর তারিখে "স্টেটসম্যান" কাগজে যে সংবাদ বেরিয়েছে, তাতে তাঁদের কমিটির তরফ থেকে একথা স্বীকার ক'রে নেওয়া হয়েছে যে, আমাদের পশ্চিমবাংলায় ২ লক্ষ একরের বেশি পতিত জমি রয়েছে। সেই জমিকে ডেভেলপ করলে এই সমস্ত ক্যাম্পে উদ্বাস্তুর পুনর্বাসন হয়ে যাবে। কিন্তু তা সত্ত্বেও বারবার নির্লজ্জের মত এই অবাস্তব কথা বলা হয় যে পশ্চিম বাংলায় এক ফোঁটাও জমি নেই। যদি এখানে আমরা বলি, জমি স্যাচুরেশন পয়েন্টএ চ'লে গেছে। কিন্তু কিভাবে স্যাচুরেশন পয়েন্ট ঠিক করেন?—একটা ডেভেলপ্‌ড এবং আনডেভেলপ্‌ড, যেটা ফ্যালো ল্যান্ড এবং সেখানে ন্যাচারাল রিসোর্সেস আমরা অপটিমাম ইউটিলাইজেশন করি নি। এবং অপটিমাম ইউটিলাই-জেশন যদি না ক'রে থাকি তা হ'লে পরে তাকে ডেভেলপ করলে, উন্নয়ন করলে, ইন্ডাস্ট্রি ডেভেলপ করলে, সেই স্যাচুরেশন পয়েন্টকে আমরা আর বহু দূরে ঠেলে দিতে পারি। কিন্তু সেদিকে দৃষ্টি না দিয়ে এই অবাস্তব দৃষ্টিভঙ্গি নিয়ে, অবৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি নিয়ে এই জিনিসটাকে আরও জটিলতর ক'রে তুলি এবং আমরা জানি দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার ৪ কোটি ৮০ লক্ষ টাকা ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে ফ্যালো ল্যান্ড, অনুন্নত জমি উন্নত করবার জন্য দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় শুধুমাত্র ৪ কোটি ৮০ হাজার টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে। এই ৪ কোটি ৮০ লক্ষ টাকা তারা পাঁচ বৎসরে ব্যয়বরাদ্দ করবেন, কিন্তু এই

দণ্ডকারণ্য পরিকল্পনায় যে ১০০ কোটি টাকার কথা বলা হয়, সেই ১০০ কোটি টাকা যদি আমরা বাংলাদেশের পতিত জমি উদ্ধারের জন্য ব্যয় করি, পুনর্বাসনের উপযোগী ক'রে তুলতে পারি, তা হ'লে আমার মনে হয়, সমস্ত উদ্বাস্তুদের পুনর্বাসন সম্ভব করা যেতে পারে। এই সম্বন্ধে আর একটা কথা আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টিতে আনতে চাই। আমাদের এই শিয়ালদয় ও হাওড়া স্টেশনএ যে ১০ হাজার উদ্বাস্তু দিনের পর দিন অমানুষিক নির্যাতনের ও যন্ত্রনার মধ্যে আমাদের চোখের সামনে নির্যাতিত হচ্ছে আমরা তা জানি, কিন্তু সরকারের কাছ থেকে আজও একটু উদারতা ও মানবিকতা আশা করি। কিন্তু আমি জানি, আমাদের চোখের সামনে—আমি গত দু' সপ্তাহ আগেও সেখানে গিয়েছিলাম—দেখেছি পাঁচ শত রোগী বসন্তে ছটফট করছে। তাই আমি সরকারের কাছে আবেদন করছি, তাঁরা যদি সত্যই উদ্বাস্তুর দরদী, মানুষের দরদী হয়ে থাকেন, আমাদের চোখের সামনে দিনের পর দিন যে চিত্র দেখছি, লোকের জীবনী যেভাবে ক্ষয় হয়ে যাচ্ছে তাকে রোধ করবার জন্য এই সময় এগিয়ে এসে তাকে বাঁচাবার চেষ্টা করবেন। এই কথা ব'লে আমি রাজ্যপালের ভাষণের বিরোধিতা করছি।

**Sj. Deo Prakash Rai:** Mr. Speaker, Sir, I would have been the first person to thank the Governor and congratulate the State Government if only the Governor, had at least tried to analyse the long-standing grievances of the people of Darjeeling. Except for the opening of one new Poultry Multiplication Centre at Kalimpong, there was no mention at all of Darjeeling in Her Excellency's speech. But Sir, chickens and eggs are not our problem. The backword hill people are in overwhelming majority in the district of Darjeeling and its adjoining areas of Mal-Matelli in the district of Jalpaiguri. I would like to draw the attention of the Government to the problem of the backward people of Darjeeling when epoch making changes are going to be made in the life of the hill people of Assam by amending Article 244 of the Constitution in the Parliament. A review of the various political demands of the people of Darjeeling made from time to time will show that their political movement is to be traced back prior to the days of Morley-Minto Reforms. I do not wish to recapitulate those demands here in a parochial spirit or with a view to encouraging any separatist tendency, but I do so only to emphasise the urgency of the problem for its speedy solution. Mr. Speaker, Sir, I am not here to clamour for the separation of the district of Darjeeling from West Bengal as the trusted lieutenant of the ruling party Sj. Narbahadur Gurung, Labour Deputy Minister, has been doing. I take liberty of saying this because this Deputy Minister is the man who, in 1952 waited upon the Prime Minister of India and again in 1955 appeared before the S.R.C. as the champion of the hill people with the demand for separation of Darjeeling from West Bengal. I know that he has not withdrawn that resolution so far and I take it that he is still championing this cause in his capacity as a Deputy Minister. But, Sir, unlike the Deputy Minister I have come here with a concrete and constitutionally feasible proposal for the demarcation of new boundaries of the district of Darjeeling for the formation of an Autonomous District Council for the district of Darjeeling within the State of West Bengal. Sir, ten years have already passed after Independence but little has been done to improve the lot of the hill people of the district of Darjeeling.

[6-45—6-55 p.m.]

**There is a deep-rooted apprehension in the minds of these hill people of Darjeeling that being a microscopic minority, they are being outnumbered by the advanced and majority community and discriminated against in all walks of life. This sense of frustration is the root cause for the demand for separation of Darjeeling from West Bengal even after independence. This persistent demand for separation of the District of Darjeeling from the State of West Bengal should be an eye-opener......**

**The Hon'ble Siddartha Sankar Roy:** On a point of order, Sir. The honourable member was trying to say that Darjeeling should be separated from West Bengal and should be formed into a separate union and for the purpose of substantiating his argument he is placing his views. Now, my point of order is this: I do not care whether his arguments are good or bad but this argument, if it can be made at all, should be made in Parliament. As far as this State Legislature is concerned, this matter cannot be discussed here, and I hope, Sir, you will rule it out of order.

**Mr. Speaker:** What have you got to say?

**Sj. Deo Prakash Rai:** Sir, by way of personal explanation I may say that the Hon'ble Minister is labouring hard under a wrong notion. I did not say that Darjeeling should be separated from the State of West Bengal. What I am trying to place before the House is the genuine demand of the people for an Autonomous District Council for Darjeeling and not the separation of the district from West Bengal.

**Mr. Speaker:** I accept your statement.

**Sj. Deo Prakash Rai:** Now, Sir, to come back to my point, this sense of frustration compells them to ask for the separation of Darjeeling from West Bengal. Therefore, Government should seriously and sincerely understand the problem and tackle it. Whatever, has been done for the district of Darjeeling under the national plan has been done most hesitatingly and in a patronising spirit and to air the superiority of the powers that be without least caring for the sentiments of the hill people, let alone the question of seeking co-operation from them.

**Mr. Speaker:** Your time is running fast.

**Sj. Deo Prakash Rai:** Sir, the personnel of the administration being mostly non-hillmen, suspicion rises in the minds of the hillmen that they are being and will be treated as hewers of wood and drawers of water only. It is a well-known fact that out of a total population of 5 lakhs Nepali speaking people in the district of Darjeeling, in the last census of 1951 the figure has mysteriously deflated to mere 88,000.

(At this stage the member having reached his time limit resumed his seat.)

**Sj. Tarapada Chaudhuri:**

মাননীয় সদস্য বিমলানন্দ তর্কতীর্থ মহাশয় যে ধন্যবাদ প্রস্তাব দিয়েছেন সেই প্রস্তাব সমর্থন উপলক্ষে গ্‌টিকয়েক কথা আপনার সামনে রাখতে চাই। প্রথমত, এই ১৯৫৬ সাল থেকে ১৯৭৬ সাল পর্যন্ত ২০ বৎসরের একটা পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং সেই পরিকল্পনার মাধ্যমে দেশের মাথাপিছু আয় ২৮১ টাকা থেকে ৫৪৬ টাকা করা হবে—এরকম একটা টার্গেট ধরা হয়েছে। সেখানে নেট ইনভেস্টমেন্ট পার্সেন্টেজ এই ন্যাশন্যাল ইনকামএর ফার্স্ট প্ল্যানএ করা হয়েছে ৭·৩ পার্সেন্ট, সেকেন্ড প্ল্যানএ করা হয়েছে ১০·৭ পার্সেন্ট, থার্ড প্ল্যানএ ধরা হয়েছে ১৩·৭ পার্সেন্ট, ফোর্থ প্ল্যানএ ধরা হয়েছে ১৬ পার্সেন্ট এবং ফিফ্‌থ প্ল্যানএ ধরা হয়েছে ১৭ পার্সেন্ট; অর্থাৎ ১০,৮০০ কোটি টাকা ফার্স্ট প্ল্যানএ এবং পঞ্চম প্ল্যানএর শেষভাগে সেটা দাঁড়াবে ২৭,২৭০ কোটি টাকা। ৫৮৬ টাকা যে মাথাপিছু আমাদের আয়, সেটা সর্বভারতের নিম্নতম আয়। এইভাবে পাঁচটা পঞ্চবার্ষিকী পরিকল্পনার উপর করা হয়েছে। আজকে যদি আমরা দেশে শিল্প রূপায়ণ করি তবে উপস্থিত যে পরিপ্রেক্ষিতে আমরা কাজ করছি তাতে দেখা যাবে—
agriculture is the largest industry
এবং এই ইন্ডাস্ট্রি ৭৫ ভাগ নির্ভর করে আমাদের ওয়েদার গড মনসুনএর উপর। এখানে যত ইরিগেশন আমরা করেছি সেটা সমস্ত ধরে নিলেও। এই প্রসঙ্গে আমি বলব, সত্যই

একদিন লেনিন সিরিয়াল সম্বন্ধে বলেছিলেন—
cereal is the currency of all currencies
আজকে যদি এই কারেন্সি অব অল কারেন্সিস ধরি তা হ'লে আমাদের সবচেয়ে বেশি দৃষ্টি দিতে হবে এই খাদ্য উৎপাদনের প্রতি। কিন্তু পূর্বে খাদ্য সম্বন্ধে বিরাট আলোচনা হয়ে গেছে, সেই আলোচনার অবতারণা ক'রে সময় নষ্ট করতে চাই না। আমি শুধু বলতে চাই কিসের মাধ্যমে একটা সুষ্ঠু পরিবেশ সৃষ্টি হবে যাতে খাদ্য-সমস্যার সমাধান হ'তে পারবে। আজ পরিকল্পনার পর পরিকল্পনা গ্রহণ করছেন কেন? কোন্ মূলসূত্রে? সেই মূলসূত্র হচ্ছে আমাদের সারা দেশে এমন একটা ইকনমিক সিস্টেম আনতে হবে যার মাধ্যমে আমরা উৎপাদন করতে পারি। আমরা সেকেন্ড ফাইভ ইয়ার প্ল্যানএ ইন্ডাস্ট্রিয়াল প্রডাকশন সাক্সেসফুল হওয়ার পর। এজন্য কম্পোনেন্ট বেসিস ইন এগ্রিকালচার। আমি সেজন্য আপনার কাছে ধরতে চাই যে, এটা কিসের উপর নির্ভর করছে? আজ দেশগড়ার কাজে পরিকল্পনার মাধ্যমে কি সে অর্গানাইজেশন যে অর্গানাইজেশনএর মাধ্যমে আমরা কাজ চালাব? আমি এটা নিবেদন করতে চাই যে আজকে সমস্ত প্ল্যান নির্ভর করছে একটা স্টেট প্ল্যানএর উপর। সেই কম্বাইন্ড স্টেট প্ল্যান ওয়ার্কড আউট হচ্ছে সরকারের কম্যুনিটি ডেভেলপমেন্ট অর্গানাইজেশনএর মারফত। এই অর্গানাইজেশনএর প্রধান কাজ কি? এর প্রধান কাজ হচ্ছে, শুধু যে কতকগুলি হেল্থ সেন্টার, এডুকেশন, এগ্রিকালচার, কটেজ ইন্ডাস্ট্রি করা এবং তার ডেভেলপমেন্ট করা।

[6-55—7-5 p.m.]

কিন্তু এই ডেভেলপমেন্ট কোনদিন পসিবল হবে না যদি তাঁরা সেই সাইকোলজিক্যাল ক্লাইমেট সৃষ্টি করতে না পারেন। টিমিং মিলিয়নস আছে, তার মধ্যে যদি সাইকোলজিক্যাল ক্লাইমেট তৈরি করা না হয়, সে সংস্থা আছে তার পেছনে যদি লোকের সাপোর্ট সৃষ্টি না করা যায়, নন-অফিশিয়াল লীডারশিপ অ্যাভেলএবল ইন দি লোকালিটি, তাদের যদি সত্যিকার মবিলাইজ না করা যায় তা হ'লে সাকসেসফুল হ'তে পারে না। যেমন একদিকে চাই গ্রামে
determination to achieve standard of living.
তেমনি আর একদিকে চাই সরকারের একটা
determined effort to help and assist every villager by carefully planned measures.
তবেই এটা সাকসেসফুল হ'তে পারে, নইলে সাকসেসফুল হ'তে পারে না এবং তার জন্য অর্গানাইজেশন দেওয়া হয়েছে দুটোঃ একটা অর্গানাইজেশন হচ্ছে পঞ্চায়েত, আর একটা হচ্ছে কো-অপারেটিভ—এই প্ল্যানএর মধ্যে তা করা হয়েছে। আমি সে সম্বন্ধে আপনার কাছে বলতে চাই, আজকে এডুকেশনাল সিস্টেম যা নিয়ে আনএমপ্লয়মেন্ট কোয়েশ্চেন এসেছে তার কোনদিন সলিউশন হবে না, হ'তে পারে না, যদি এই এডুকেশন সিস্টেমকে চেঞ্জ না করা যায়। আজকে আমাদের এগ্রিকালচারাল অ্যান্ড কটেজ ইন্ডাস্ট্রি ডেভেলপ করার জন্য ঋণ করতে হবে টু সুট দি নীডস অব দি কান্ট্রি। আজকে আমাদের ডাক্তারী এডুকেশন, উকিলের এডুকেশন, গভর্নমেন্ট সার্ভেন্ট এডুকেশন ছিল, কিন্তু হোল এডুকেশন সিস্টেমকে
reorganised to suit the needs of the country
করলে পর
to subscribe to the requirements of the village industry of the agriculturists
করলে তবেই বেকার-সমস্যার সমাধান হবে, নইলে হবে না। আমাদের দেশে সত্যিকার মিলে বা ফ্যাক্টরিতে যারা কাজ করে তাদের যে ইউনিয়ন আছে তারা আন্দোলন করতে পারে। এমন বন্ধু আমাদের এখানে কেউ কেউ আছেন যাঁরা গ্রামাঞ্চলের মুখও দেখেন নি এখনও। সেখানে আনএমপ্লয়মেন্টকে, আন্ডার-এমপ্লয়মেন্টকে হিসাব ক'রে দেখানো হয়েছে যে সত্যিকারের ভারতবর্ষের প্রত্যেকটা নরনারী যদি দুইদিনমাত্র কাজ করে, দেশের কাজ এতটুকুও করে এবং তাদের যদি এক টাকা ক'রে মজুরি দেওয়া হয় তা হ'লে আড়াই শো কোটি টাকা ইনকাম হয়। কাজেকাজেই একটা ইকনমিক রেভোলিউশন আনতে হবে এবং সেই রেভোলিউশনএর পশ্চাতে থাকবে কি? পশ্চাতে থাকবে এই ইকনমিক শ্রমদান। তা হ'লে আমাদের এগিয়ে আসতে হবে, লোকের মধ্যে উৎসাহ সঞ্চার করতে হবে। এরকম দুইদিন মাত্র খাটলে আমি বিশ্বাস করি না যে কোন এক্সটারনাল রিসোর্সেএর দরকার আছে এবং কারও আছে ভিক্ষুকের মত হাত পাতার

দরকার আছে। যদি আমরা মানুষকে মানুষ ক'রে তুলতে পারি, আমাদের পলিটিক্যাল লীডারশিপএর মধ্যে দিয়ে যে লীডারশিপএর বড়াই আমরা করি, যদি ম্যাক্সিমাম সেল্ফ-স্যাক্রিফিশিয়েন্সি থেকে তাদের মবিলাইজ করতে পারি, আনইউটিলাইজড রিসোর্সেস দেন অ্যান্ড দেন ওনলি আমরা কাজে লাগাতে পারি। কাজেই আমি এ কথা বলব যে শুধু ঐদিকে তাকিয়ে থাকলে হবে না, আমরা যারা অ্যাসেমব্লিতে এসেছি—যে কোন দলের হই না কেন—সমস্ত দলনির্বিশেষে দেশ আমাদের দিকে তাকিয়ে আছে যে আমরা লীডার্স অব দি কান্ট্রি রুরাল রিকনস্ট্রাকশন ওয়ার্ক যখন এসেছে, তখন আমার মনে হয় যে এখানে কোন পার্টির প্রশ্ন আসে না। সেখানে উই ক্যান জয়েন হ্যান্ডস, সব দেশের লোককে উদ্বুদ্ধ করতে হবে শ্রমদানের কাজে। সেটা আজ গ্রামদান মুভমেন্ট হ'তে চলেছে। কাজেই আজকে আপনাদের কাছে নিবেদন করছি যে সত্যিকারের কোন পলিটিক্যাল আন্ডারটোন না রেখে রুরাল রিকনস্ট্রাকশনএর কাজে আত্মনিয়োগ করুন।

**Sj. Benarashi Prosad Jha:**

माननीय अध्यक्ष महोदय, राज्यपाल महोदया के भाषण के ऊपर आज तीन दिनों से हमारे विरोधी पक्ष के सदस्यों ने जो अपना ठीकठीक अनुभव प्रकट किया है, मैं उस पर पूर्णरूप से सहमत हूं। खाद्य समस्या पर राज्यपाल महोदया ने जो अपना भाव प्रकट किया है वह बिलकुल ही असन्तोषजनक है। उन्होंने खाद्याभाव अवश्य बतलाया है किन्तु इतना ही समुचित नही है। उन्होंने यह नहीं बतलाया कि पश्चिम बगाल में अन्न समस्या का हल कैसे हो सकता है तथा इस संबंध में सरकार की कार्रवाई क्या होगी। जब तक सरकार इस अन्न समस्या को हल नही कर पाती तब तक जितनी भी परिकल्पनायें या योजनायें हैं, और जो बनायी जा रही है, वह मेरी समझ से कामयाब नहीं हो सकती हैं। साथ ही इस बात को लेकर सारे राज्य में अशान्ति और असन्तोष ही बना रहेगा।

अब वह समय नहीं रह गया कि राज्यपाल या हमारे मन्त्रीवर्ग अपने अपने भाषणों में आंकणों को दिखला कर विधान परिषद के सदस्यों या आम जनता को इस बात का आश्वासन दे दें कि हम आपलोगों की कठिनाइयों और अभावों को किसी न किसी रूप में पूरा करेंगे। अब तो सदस्यगण और जनता यह जानना चाहती है कि सरकार इस अन्न के विकट समस्या को दूर करने के लिए क्या ठोस कार्रवाई करना चाहती है। जनता तो अन्न चाहती है, वह खाना चाहती है और वही यदि उसे न मिला तो किसी भी देश का या किसी भी राष्ट्र का कल्याण नहीं हो सकता है।

राज्यपाल महोदया के भाषण में यह निर्देशन है कि यहां के निवासी यदि चावल कम खाकर गेहूं खाने का अभ्यास करें तो अन्न की कठिनाई का किन्हीं अंशों में निवारण हो सकता है। किन्तु यह बात समझ में नहीं आती कि जो लोग चावल खाने के अभ्यासी हैं वे भला अपना निर्वाह गेहूं पर कैसे कर सकते हैं। राज्यपाल महोदया ने कहीं भी अपने भाषण में यह नही बतलाया है कि हमारे देश में चावल की बनिस्वत गेहूं की उपलब्धी की स्थिति अच्छी है। राज्यपाल महोदया की ओर से सदस्यों को यह विश्वास दिलाया गया है कि सरकार इस अन्न समस्या को हल करने के लिए विविध कार्य करेगी किन्तु हमलोगों के अनुभवों और राज्यपाल के भाषण द्वारा यह विदित होता है कि खाद्य स्थिति ज्यों की त्यों बनी ही रहेगी। सरकारी मंत्री से लेकर कर्मचारीवर्ग तक कोई भी इस संबंध में दत्तचित्त होकर स्थिति सुधार के लिए प्रयत्नशील नहीं देखे जा रहे

हूं। राज्यपाल महोदया ने अपने भाषण में बार बार उल्लिखित किया है कि खाद्य समस्या को लेकर उनकी सरकार बहुत ही चिन्तित है। पर उनकी या उनकी सरकार की चिन्ता से ही तो देश की जनता का पेट भरनेवाला नहीं है।

हमारे कोयले खदान के श्रमिकों को हमारे बंगाल सरकार की ओर से जो अन्न दिया जाता है—गेहूं दिया जाता है—उसका विवरण अध्यक्ष महोदय, मैं सब से पहले आपके सम्मुख रखना चाहता हूं। इसके संबंध में मैंने खाद्य मंत्री को तार के द्वारा सूचना दी थी कि आपके जो अधिकारी या ऐजन्ट मुकर्रर किए गये हैं खाद्य वितरण के लिए, उनके द्वारा हमारे मजदूरों को जो गेहूं दिया जाता है, वह ठीक-ठीक नहीं दिया जाता है। उसका वितरण ठीक ढंग से नहीं होता। जितना गेहूं मजदूरों को मिलना चाहिए उतना उन्हें नहीं मिलता। उस संबंध में मंत्री महोदय ने अभी तक क्या कार्रवाई की मुझे कुछ भी पता नहीं है। मजदूरों को जो अन्न या गेहूं देने के लिए दिया जाता है वह उन्हें उपलब्ध नहीं हो पाता। उन्हें थोड़ी भी मात्रा में जो मिलना चाहिए वह भी नही मिल पाता और वही गेहूं काफी मात्रा में बाजारों में ९ आने १० आने सेर पर मिल रहा है। इससे भला जनता में सन्तोष की बात कैसे हो सकती है?

दूसरी बात यह है कि राज्यपाल महोदया ने अपने भाषण में यह बताया है कि गत वर्ष अनावृष्टि के कारण कृषकों को जो कष्ट हुआ है उसके लिए हमारी सरकार ने कृषकों को करीब-करीब १·३ करोड़ रुपया कृषि ऋण के रूप में दिया है। सदन के सदस्यगण यह जानना चाहते हैं कि इस ऋण के प्राप्त करने के पश्चात् कृषि उत्पादन में क्या वृद्धि हुई, कृषकों को उससे क्या फायदा हुआ, कृषि ऋण जो दिया गया तो लाभ क्या हुआ, शायद सरकार इसे नहीं देखती है।

मैं जिस क्षेत्र से निर्वाचित हो कर यहां आया हूं, वह कोयले के खदान और कारखाने का क्षेत्र है। फिर भी वहां बहुत से चासीलोग रहते हैं। वहां बहुत सी जमीन जो खेती के लायक है परती पड़ी हुई है। वहां पानी का अभाव है। यदि सरकार का ध्यान इस ओर आकर्षित हो और वह पानी का प्रबंध करे, तो कृषकों का काफी कल्याण हो सकता है। पानी की कमी के कारण चासी चास नही कर पाते। यदि पानी उन्हें मिल जाय तो वे चास कर सकते हैं और साग-सब्जी बो सकते हैं। इसलिए अध्यक्ष महोदय, आपके द्वारा सरकार का ध्यान इस ओर आकर्षित कराना चाहता हूं ताकि सरकार इस पर विचार करे।

तीसरी बात राज्यपाल महोदया ने जो अपने भाषण में उद्धृत किया है वह है शिक्षा। उन्होंने अपने भाषण में कहा है कि शिक्षा के सभी क्षेत्रों में प्राथमिक, द्वितीय, विश्वविद्यालय और प्रोद्योगिक क्षेत्रों में क्रमोन्नति हुई है। मैं शिक्षा प्रेमी हूं, शिक्षा के प्रति मेरा अनुराग भी है। मुझे तो बड़ी प्रसन्नता होती यदि राज्यपाल महोदया अपने भाषण में यह बतलाने का प्रयास करतीं कि इन संस्थाओं में अध्ययन करनेवाले विद्यार्थियों की संख्या कितनी है। मेरे ख्याल से पश्चिम बंगाल जैसे विस्तृत राज्य में शिक्षा का अभाव ही है। किसी भी देश के उत्थान और किसी भी देश की जागृति के साथ शिक्षा का

गहरा संबंध है और इस माने में बंगाल शिक्षा क्षेत्र में सदैव अग्रणीय रहा है। किन्तु आजकल जब अभिभावक बच्चों का नाम लिखाने के लिए यहां के कालेजों या विश्वविद्यालयों में जाते हैं तो उन्हें वहां से यह कह कर लौटा दिया जाता है कि यहां जगह नहीं है इसलिए आपके बच्चे का नाम नहीं लिखा जा सकता है। एक तो यहां पढ़ाई का शुल्क बहुत ही अधिक है दूसरे शिक्षण संस्थानों में स्थानों की कमी है अतएव पढ़नेवाले लड़के हताश हो कर वापस चले जाते हैं। ऐसी हालत में राज्यपाल महोदया ने अपने भाषण में यह कहीं नहीं दिखाया कि इस प्रदेश में कितने स्कूल और कितने कालेज होने चाहिए। मुझे तो आश्चर्य होता है कि उन्होंने विद्यालयों के विस्तार की सरहना क्यों और कैसे की।

यह भी सर्वविदित है कि शिक्षा संस्थानों में कार्य करनेवाले अध्यापकों का मासिक वेतन भी बहुत ही कम है। शिक्षक राष्ट्र के कल्याण कार्य में लगे हैं लेकिन जब तक उनके रहन-सहन का स्तर ऊंचा नहीं उठाया जायगा तब तक हमारे देश के बच्चों का पूर्ण विकास नहीं हो सकता और न शिक्षकवर्ग ही दत्तचित्त से कार्य सम्पादन कर सकते हैं। अतः सरकार उनकी मांग की ओर अवश्य ध्यान दे। शिक्षकों में असन्तोष के नाते ही कई दिन आगे विद्यालयों और विश्वविद्यालयों के शिक्षकों ने भूख हड़ताल की थी। प्रसन्नता की बात है कि उनकी मांगें स्वीकार कर ली गई हैं।

राज्यपाल महोदया ने अपने भाषण में इस बात की चर्चा की है कि विधान परिषद् ने माध्यमिक शिक्षा विधेयक स्वीकृत कर लिया है। माननीय सदस्यों को भली भांति ज्ञात है कि इस बात को लेकर शिक्षाकेन्द्र में तथा जनता में कितना असन्तोष है। गणतंत्र राज्य का यह प्रथम कर्त्तव्य होना चाहिए कि जब कभी भी कोई विधेयक सभा के समक्ष पेश किया जाय तो उस विषय के विशारदों और जनता का मत जान लेना परमावश्यक है। पर यहां की सरकार ने इस विधेयक को पास कराने में किसी का भी ध्यान न रखा।

राज्यपाल महोदया ने अपने भाषण में शरणार्थियों के लिए भी आंसू बहाया है। उनके भाषण के अध्यान और मनन से ज्ञात होता है कि शरणार्थियों के दुःख से वे बहुत ही मर्माहत और दुखी हैं। किन्तु क्या उन्हें पता है कि इनके कल्याण के निमित केन्द्रीय सरकार से जो अनुदान मिला था वह धनराशि ज्यों की त्यों अभी तक पड़ी हुई है? उन्होंने समाचार पत्रों में इस बात की चर्चा पढ़ा होगा कि इनकी देख-रेख के लिए ऐसे व्यक्तियों की आवश्यकता है जो सहृदय हों और करुणायुक्त हों, जिससे उनके द्वारा उनके दुख का निवारण हो। उनके कल्याणार्थ जो धन प्राप्त हो उसका समुचित वितरण उनके बीच हो तथा उसका लेखा जोखा ठीक से हो। राज्यपाल ने यह भी उल्लेख किया है कि शरणार्थियों के पुनर्गठन के लिए राज्य ६ क्षेत्रों में विभाजित किया गया है। इसका विभाजन इसलिए किया गया है कि क्षेत्रीय अधिकारी इनका निरीक्षण ठीक ढंग से कर सकें। पर प्रश्न तो यह होता है कि अधिक क्षेत्रों के निर्माण से या अधिक अधिकारियों की नियुक्ति से ही तो इनकी समस्या हल नहीं होती। इनकी स्थिति में सुधार के लिए सरकार का उचित ध्यान और ठोस कार्य ही अपेक्षित है।

राज्यपाल महोदया ने अपने भाषण में दुहराया है कि शरणार्थियों के पुनर्गठन की समस्या बड़ी कठिन है अतः इसे संकीर्ण राजनैतिक दृष्टिकोण से नहीं देखना चाहिए। किन्तु राज्यपाल महोदया को विदित हो कि सरकार की किसी भी अनुचित कार्यवाई की आलोचना या विरोध विरोधी पक्ष के सदस्य भले ही क्यों न करते हों किन्तु शरणार्थियों के पुनर्गठन का जहां तक प्रश्न है सभी विरोधी पक्ष के सदस्य सरकारी पक्ष से अधिक सहानुभूति रखते हैं। हमलोग तो चाहते हैं कि किसी प्रकार भी शरणार्थी समस्या का समाधान शीघ्र से शीघ्र हो जाय। हम विरोधी पक्ष के सदस्य इसीलिए बार बार मांग करते हैं कि शरणार्थी समस्या का हल कैसे हो रहा है।

राज्यपाल महोदया ने अपने भाषण में पुलिस की चर्चा करते हुए बतलाया है कि सारे राज्य में पूरी शान्ति बनी हुई है। जनता और पुलिस के बीच पूर्ण शान्ति और सहयोग का सुन्दर चिन्ह दिखाई पड़ रहा है। किन्तु माननीय स्पीकर महोदय, इस विवरण को पढ़ कर मैं तो बड़ा ही आश्चर्यचकित हो गया। शायद राज्यपाल महोदया ने राजभवन में सुनी-सुनायी हुई बातों पर ही पूर्ण विश्वास कर लिया है। स्वराज्य के पश्चात् यह बात साधारणतः देखने मे आती है कि पुलिस विभाग के अधिकांश कर्मचारी अपने कर्त्तव्यो की उपेक्षा कर रहे हैं। जनता की सहायता करने के स्थान पर उनके सामने अनेकों कठिनाईया और मुसीबतें रखते हैं। इसलिए मैं तो यही कहूंगा कि अपने कर्त्तव्य को सुचारु ढंग से निवाहते हुए जन-प्रिय बनें। जनता के प्राण-धन की रक्षा करें।

माननीय राज्यपाल महोदया ने अपने भाषण में यह बताया है कि श्रम-प्रबन्धन-संबंध द्वारा १९५७ में बहुत ही अच्छा कार्य हुआ है। श्रम और उद्योग में संघर्ष तो हुए हैं पर पंचायत के द्वारा उनका निवारण हो चुका है। शायद उन्हें ज्ञात नही है कि कई परिस्थितियों में पेट की भूख के कारण श्रमिकों को इन समझौतो के लिए बाध्य होकर झुकना पड़ा। इसमें सद्भावना और श्रमिक कल्याण की कोई दृष्टिकोण नही है। यह तो विवशता और लाचारी की बात है।

राज्यपाल महोदया ने अपने भाषण में यह कहा है कि जूट मिलों का वैज्ञानिक-करण ठीक ही है क्योंकि तभी तो भारतीय (पाट वस्तुओं के निर्माता) संसार की प्रतिद्वन्दिता में खड़े हो सकेंगे। लेकिन वे यह क्यों विस्मृत कर बैठती हैं कि महात्माजी ने यह बार-बार कहा था कि हमारा देश विशाल है यहां की जनसंख्या अत्यधिक है अतः हमें पाश्चात्य देशों की अधाधुन्ध अनुकरण विज्ञान में नही करनी चाहिए नही तो हमारे देश के गरीब मजदूर वेकार हो जायगे। यह कैसी आश्चर्य की बात है कि आज उसी महात्माजी के सिद्धान्तों के अनुयायी प्रतियोगिता के बहाने जूट मिलों के नवीन-करण की बात करते हैं। यह तो बड़े ही खेद और दुःख की बात है।

एक ओर सरकार यह दम भरती है कि वह मजदूरों के लिए सब कुछ करेगी और दूसरी तरफ ऐसी योजनाओं का समर्थन भी करती है कि जिसके कारण अधिक से अधिक मजदूर बेकार हो रहे है। उन्होंने यह भी कहा है कि तीन-दल श्रमिक परामर्शगण स्थापना हुई है जिसके अध्यक्ष होंगे श्रम मंत्री। इसके द्वारा महत्वपूर्ण बातों पर विचार-विमर्श होगा। क्या ऐसा कह कर राज्पाल महोदया हमलोगों को ऐसा आश्वासन

और विश्वास दिलाना चाहती हूं कि सरकार द्वारा उद्योगपति और श्रमिकों की जो यह परामर्शदात्री समिति गठित हुई है उससे भविष्य में श्रमिकों का अधिक कल्याण होगा? मैं एक अनुभवी श्रमिक कार्यकर्त्ता के नाते कह सकता हूं कि इससे कल्याण होने की कोई संभावना नहीं है।

[7-5—7-15 p.m.]

**Sj. Samar Mukhopadhyay:**

মাননীয় স্পীকার মহাশয়, রাজ্যপালিকার ভাষণের উপর বলতে যেয়ে আমি যে সমস্যার কথা বলব সেটা হচ্ছে বাস্তুহারা সমস্যা। রাজ্যপালিকার ভাষণে যেভাবে বাস্তুহারাদের কথা বলা হয়েছে তাতে একদিকে যেমন বাস্তব অবস্থাকে সম্পূর্ণ চেপে যাওয়া হয়েছে তেমনি অপর দিকে গভর্নমেন্ট বাস্তুহারাদের পুনর্বাসন সম্পর্কে একটা যে নতুন নীতি সম্প্রতি গ্রহণ করেছেন, সেই নীতির কথা মোটেই বলা হয় নি। গত এপ্রিল মাসে দার্জিলিংএ যে মন্ত্রিসম্মেলন হয়েছিল তাতে একটা নতুন নীতির কথা ঘোষণা করেন কেন্দ্রীয় পুনর্বাসন মন্ত্রী শ্রী খান্না। সেই নীতির মূল কথাই হচ্ছে ইনফ্লাক্স বন্ধ করা এবং বর্ডার সীল করা। কার্যতঃ তাঁরা এটা আগেই করেছেন, যার ফলে মাত্র ন' হাজার উদ্বাস্তু এসেছে ১৯৫৭ সালে। এটা হচ্ছে তাঁদের বাস্তুহারাদের প্রতি প্রতিশ্রুতিভঙ্গ ও বিশ্বাসঘাতকতা। এ সম্বন্ধে বিভিন্ন জায়গা থেকে এবং বিভিন্ন রাজনৈতিক দলের পক্ষ থেকে এবং জনসাধারণের পক্ষ থেকেও প্রতিবাদ উঠেছে যে, কেন এই সিদ্ধান্ত গ্রহণ করার আগে জনমতকে গুরুত্ব দেওয়া হ'ল না। দ্বিতীয়তঃ তাঁরা দার্জিলিংএর সম্মেলনে এ কথা বলেছিলেন যে খুব দ্রুত ক্যাম্পগুলি উঠিয়ে দেবেন এবং ক্যাম্পএর বাস্তুহারাদের পশ্চিমবঙ্গের বাইরে পাঠাবেন। পরে কাগজে বেরিয়েছিল যে ছ'মাসের মধ্যে তাঁরা এই সিদ্ধান্তকে কার্যকরী করবেন। পুনর্বাসন বিভাগ এ'রা উঠিয়ে দিচ্ছেন এবং উঠিয়ে দেবার কাজ ইতিমধ্যেই শুরু হয়ে গিয়েছে। এবং টার্গেট ডেটএর মধ্যে ক্যাম্পগুলি তুলে দিয়ে বাস্তুহারা সমস্যা আছে ব'লে তাঁরা স্বীকার করবেন না। এবং দ্বিতীয় পরিকল্পনার মধ্যে অর্থাৎ ১৯৬১ সালের মধ্যে বাস্তুহারা পুনর্বাসনের দায়িত্ব শেষ ক'রে দিবেন। তাঁদের ঐ নীতির আরেকটা দিক হচ্ছে বাস্তুহারাদের যেসমস্ত সুযোগসুবিধা অর্থাৎ ফেসিলিটিজ দেওয়া হয়েছিল তা কার্টেল করা হচ্ছে। এখন এই যে নীতি এর থেকে সহজেই বুঝা যায় যে, বাস্তুহারাদের পুনর্বাসনের যে দায়িত্ব তাঁদের আছে তা তাঁরা ক্রমে ক্রমে পরিত্যাগ করছেন। সেজন্যই আজকে ক্যাম্পএর উদ্বাস্তুদের উপর নতুন ক'রে আক্রমণ আরম্ভ করা হয়েছে। তাঁরা বলছেন, পশ্চিমবঙ্গ স্যাচুরেশন পয়েন্টএ রীচ করেছে, পশ্চিমবঙ্গে আর জমি নাই, সুতরাং বাস্তুহারাদের বাইরে পাঠাতে হবে। তারপর আমরা যখন জমির তথ্য দেখাই, এবং গভর্নমেন্টও সেসব তথ্য স্বীকার করেছেন, কিন্তু তার জবাবে তাঁরা বলেছেন যে, যে জমি আছে তা ডেভেলপ করতে এত টাকা খরচ হবে যে সেই পরিমাণ টাকা গভর্নমেন্টএর নাই। কিন্তু আমরা বলি, এটা জমির প্রশ্ন নয়, বাংলার বাইরে তাদের যেখানে পাঠানো হবে সেখানেও তো তাদের সেই জমিতেই রাখতে হবে এবং গভর্নমেন্ট যেসব জমির হিসাব দিয়েছেন—কোথায়ও বোম্বের চন্ডা জেলা, কোথায়ও মহীশূর ও অন্যান্য প্রদেশে যেসব জমি—সেসব জমি কিরকম সে সম্বন্ধে গভর্নমেন্টএর নিজেরই স্বীকৃতি আছে। গতবার তাঁরা যে দলিল আমাদের সামনে দিয়েছিলেন তাতেই তখন বলেছিলেন—

> "There is a great paucity of good land either in West Bengal or in the different States......From enquiries made it has been found that even if some land is available in this State or in other States, the cost of reclamation and development of the land may become so high that it becomes uneconomical to use it."

অর্থাৎ পশ্চিমবঙ্গের যে জমির কথায় বলছেন যে এইগুলি আনইকনমিক্যাল, সেইভাবেই পশ্চিমবাংলার বাইরের সেই জমিগুলিও আনইকনমিক্যাল। সেখানকার জমির উন্নয়নের জন্যও বিরাট পরিমাণ টাকা খরচ করতে হবে, কিন্তু সেই টাকা তাঁরা পশ্চিমবঙ্গে খরচ করতে প্রস্তুত নন। সেই টাকা এখানে খরচ করা হ'লে এখানকার জমিতে ফসল হ'ত এবং এখানকার খাদ্যসমস্যা

কিছুটা প্রশমিত হ'ত। এবং বিশেষ ক'রে সেই জমিতে ক্যাম্পএর উদ্বাস্তুদের বসানো সম্ভব হ'ত। গভর্নমেন্টএর প্রকাশিত এই 'ওয়েস্ট বেঙ্গল টুডে—১৯৫৪', এই বইএর ১৫০ পৃষ্ঠায় লেখা আছে ইকুইটেবল সারপ্লাস, সেটা ১৮ লক্ষ ৩৯ হাজার একর।

[7-15—7-25 p.m.]

তার ৫০ পৃষ্ঠায় লেখা আছে কালচারেবল সারপ্লাস। সেটা হচ্ছে ১৮ লক্ষ ২৯ হাজার একর। এবং সেটা ১৯৫০-৫১ সেন্সাসএর রিপোর্ট। ১৯৫১ থেকে ১৯৫৭-৫৮ পর্যন্ত, এই কয়েক বৎসরে একেবারে এক বিরাট পরিমাণ জমি হঠাৎ উবে চ'লে যাবে তা হ'তে পারে না। সুতরাং ল্যান্ড পশ্চিমবাংলায় আছে। তবে এটা হ'তে পারে যে সাব-মার্জিন্যাল ল্যান্ড। এর ডেভেলপমেন্ট কস্ট বেশি হ'তে পারে এ কথা স্বীকার করি। কিন্তু তাঁরা বলছেন, ডেভেলপমেন্টএর টাকা নেই। অথচ অন্য রাজ্যে ল্যান্ড ডেভেলপমেন্টএর জন্য ইকুয়াল অ্যামাউন্ট খরচ হবে। শুধু সেই টাকা বাংলাদেশের ভিতরে খরচ হবে না, বাংলাদেশের বাইরে খরচ হবে। তাই টাকা নেই। এই যুক্তি কি ক'রে গভর্নমেন্ট দিতে পারেন তা আমি বুঝি না। এমন কি সেন্টারএ যে রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্ট আছে তার একটা দলিলে আমি দেখতে পেলাম ল্যান্ডএর ব্যাপারে, সেখানে মিনিস্ট্রি অব রিহ্যাবিলিটেশন লিখছেন—

"The lands which have been offered in other States are of marginal and sub-marginal character and require extensive development in the sphere of clearance of forest, tractorisation, irrigation, communication and health and sanitation measures, etc."

সুতরাং হিউজ টাকা তাঁরা বাইরে খরচ করবেন, কিন্তু পশ্চিমবাংলার ভিতর এখানকার জমির উন্নতির জন্য টাকা পাওয়া সম্ভব হবে না। এর কারণ ক্যাম্প রিফিউজিদের গভর্নমেন্ট পছন্দ করেন না। তাঁরা নিজেরা এ কথা স্বীকার করেছেন এবং প্রফুল্লবাবু নিজেই এই হাউসএ বলেছেন যে ক্যাম্প রিফিউজিদের শতকরা ৮০-৯০ জন বামপন্থীদের ভোট দিয়েছিল; এবং সেইজন্য ক্যাম্প রিফিউজিদের আগামী নির্বাচনের আগেই পশ্চিমবাংলা থেকে বিদায় না করলে পশ্চিমবাংলায় আবার কংগ্রেসের পক্ষে অধিক সংখ্যক আসন দখল করায় আশংকা আছে। দেখা যায় আজ তাঁরা ক্যাম্প রিফিউজিদের উপর বহু জায়গায় প্রতিহিংসামূলক ব্যবহার করছেন।

তাঁদের পক্ষ থেকে বলা হয়েছিল, বাংলাদেশের বাইরে কাউকে পাঠাতে হ'লে যাঁরা ভলান্টারিলি যাবে তাদেরই কেবল পাঠানো হবে। কিন্তু এখন বিভিন্ন ক্যাম্পএ আক্রমণ শুরু হয়েছে। ভলান্টারিলি পাঠানো হবে, এই কথা বলার পর তাঁরা ঘোষণা করলেন যে বাংলাদেশের বাইরে না গেলে তাদের ক্যাশ ডোল কেটে দেওয়া হবে। আপনারা জানেন ইতিমধ্যেই আন্দোলন আরম্ভ হয়ে গিয়েছে, বাঁকুড়ায় বাসুদেবপুরে ৯১টি ফ্যামিলির ডোল কাটা হয়েছে, বীরভূম জেলায় একটি ক্যাম্পএ ৬টা ফ্যামিলির ডোল কাটা হয়েছে, তিলপাড়ায় ৩টা ফ্যামিলির ডোল কাটা হয়েছে এবং কচুজোড়ে ২৩টা ফ্যামিলির ডোল কাটা হয়েছে। বিভিন্ন ক্যাম্পএ এখন বলা হচ্ছে—তোমরা যদি বাইরে না যাও তা হ'লে তোমাদের ডোল বন্ধ ক'রে দেওয়া হবে। এই হচ্ছে ভলান্টারি যাওয়ার বন্দোবস্ত। তা ছাড়া স্যাচুরেশন থিওরির ক্ষেত্রে তাঁরা বলছেন, পশ্চিমবাংলার ইন্ডাস্ট্রির ক্ষেত্র স্যাচুরেটেড হয়ে গিয়েছে। গতবারের বক্তৃতায় রাজ্যপাল যে কথা বলেছিলেন, এবারে সে কথাটি তিনি বলেন নি। কিন্তু পশ্চিমবাংলার ইকনমিক ডেভেলপমেন্টএর ক্ষেত্রে যেসকল পসিবিলিটিজ রয়েছে, সেই পাবলিসিটি সম্বন্ধে আজকে সমস্ত এক্সপার্টরা স্বীকার করেন, এমনকি বিধানবাবুও তাঁর নিজের এক বক্তৃতায় ৪ঠা নবেম্বর জিওলজিস্টদের এক কনফারেন্সএ তিনি নিজে স্বীকার করেছেন এবং সেটা গভর্নমেন্ট পাবলিকেশন, 'ওয়েস্ট বেঙ্গল উইকলি'তে বেরিয়েছিল। তাতে লেখা হয়েছে যে বিধানবাবু নিজে বলেছেন যে পশ্চিমবাংলা, বিহার, উড়িষ্যা এবং মধ্যপ্রদেশের কন্টিগুয়াস পার্টস এত মিনারাল রিসোর্সেস আছে এবং সেখানে হেভি ইন্ডাস্ট্রি ও ব্যাপক ইন্ডাস্ট্রিয়ালাইজেশনএর জন্য সেই এলাকা এত সুযোগ্য যে সেই এলাকাকে আমরা ইন্ডিয়ান রুর ব'লে গণ্য করতে পারি। তিনি এ কথাও বলেছেন যে, ইন্ডাস্ট্রি হচ্ছে আমাদের অর্থনীতির অগ্রগতির মূল ভিত্তি। কিছুদিন আগে টাটা কোম্পানির জাহাঙ্গীর গান্ধী ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিলএর এক মিটিংএ বলেছিলেন যে, পশ্চিমবাংলা, বিহার, এই সংলগ্ন এলাকা ইন্ডাস্ট্রিয়াল এলাকা হিসাবে ডেভেলপ করা যায়। আজকে বিভিন্ন এক্সপার্টরা সেইসমস্ত কথা

বলছেন। দামোদর ভ্যালি শিল্পবিকাশের পক্ষে অত্যন্ত ফেবারেবল জায়গা এবং সেখানে আজ শিল্পকে বিকাশ করা সম্ভব। সুতরাং এ প্রশ্ন উঠতে পারে না যে এখানে স্যাচুরেশন এসে গিয়েছে, বাংলার অর্থনীতিতে আর বিকাশের সম্ভাবনা নেই। এটা বাজে কথা, ধোঁকার কথা। আজকে প্রশ্ন হচ্ছে, গভর্নমেন্ট ইন্ডাস্ট্রিয়ালাইজেশনএর বন্দোবস্ত করবে, কি করবে না। যখন সেই কথা তাঁদের কাছে বলা হয় তখন তাঁরা বলেন—আমাদের কাছে টাকা নেই। অথচ প্রচুর টাকা সেন্ট্রাল গভর্নমেন্ট খরচ করছেন এবং তাঁরা ঠিক করেছেন দণ্ডকারণ্য স্কীমএ একশো কোটি টাকা খরচ করবেন। যেখানে একটা গভীর জঙ্গল সেই জঙ্গল পরিষ্কার করবার জন্য তাঁরা দণ্ডকারণ্য স্কীমএ টাকা খরচ করবেন। সেই দণ্ডকারণ্য ডেভেলপমেন্ট করতে যে কি বিরাট পরিমাণ টাকা লাগবে সে কথা গভর্নমেন্টএরই স্বীকৃতি আছে। এবং তাঁরা এ কথাও স্বীকার করেছেন যে, সেই দণ্ডকারণ্যে যেখানে তাদের নিয়ে যাওয়া হচ্ছে সেখানে সব সাব-মারজিন্যাল ল্যান্ড। কিন্তু সেই টাকা আজকে পশ্চিমবাংলায় খরচ হবে না, যেখানে তার চেয়ে কম টাকায় বেশি পরিমাণ ডেভেলপমেন্ট হ'তে পারে। পুরুলিয়া ব্যাকওয়ার্ড ডিস্ট্রিক্ট, বাঁকুড়া ব্যাকওয়ার্ড ডিস্ট্রিক্ট, এবং যেখানে লোক আজ চরমভাবে দারিদ্র্যের মধ্যে পড়েছে। সেইসব জায়গায় আজ ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট হচ্ছে না, কাগজে ছবি বেরিয়েছে যে সেখানকার ফ্যামিলির পর ফ্যামিলিতে প্রত্যেক লোক, বালক, বালিকা পর্যন্ত মাথায় বোঝা নিয়ে রাস্তায় বেরিয়েছে কোথায়ও কাজ পাবে ব'লে। এইসমস্ত জায়গায় আজ ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট হচ্ছে না। দু'-তিন দিন আগে বাঁকুড়া থেকে এই সম্পর্কে যে একটা মেমোরেন্ডাম ডাঃ বিধানচন্দ্র রায়ের কাছে তাঁরা পাঠিয়েছেন, তারই একটা কপি আমি পেয়েছি। সেখানে কতকগুলি ইউনিয়ন বোর্ডএর প্রেসিডেন্ট—সভ্য, মণ্ডল কংগ্রেসের সদস্য, বিভিন্ন শিক্ষক প্রতিষ্ঠানের এবং অন্যান্য সংগঠনের প্রতিনিধি, তাঁরা যুক্তভাবে সই ক'রে এটা পাঠিয়েছেন। তাঁরা এখানে বলছেন-- আমাদের বাঁকুড়া এবং পুরুলিয়া জেলায় আধুনিক শিল্প মোটেই নাই এবং তাঁরা বলছেন, এখানে টাটা, বার্নপুর, সিন্দ্রি প্রভৃতির ন্যায় শিল্প গ'ড়ে তোলা নিতান্ত দরকার। এবং এই প্রকার শিল্প গ'ড়ে তোলবার জন্য দামোদর নদের দক্ষিণ তীরে বাঁকুড়া, পুরুলিয়া জেলা প্রভৃতির অংশে তিলুড়ী, শালতোড়া, মেজিয়া, বড়জলা, রঘুনাথপুর থানা ইত্যাদি উপযুক্ত স্থান বলিয়া বিবেচিত হইতে পারে। এই অঞ্চলে বোলপুর এবং দামোদর নদের উত্তর তীরে আসানসোল ও ধানবাদ মহকুমায় আধুনিক শিল্পের জন্য প্রয়োজনীয় জল, বেশি পরিমাণ জলবিদ্যুৎ, রেল-লাইন, রাস্তা প্রভৃতির প্রচুর সমাবেশ রয়েছে; সুতরাং ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্টএর যথেষ্ট স্কোপ পশ্চিম-বাংলায় আছে। সেখানে যদি বলা হয় ইকনমিক স্যাচুরেশন এসে গিয়েছে, তা হ'লে আমি বলতে বাধ্য হব যে এর দ্বারা দেশের লোককে ধাপ্পা দেওয়া হচ্ছে। এখন প্রধান প্রশ্ন তাঁদের দাঁড়াচ্ছে টাকা নেই। কিন্তু টাকা যে নেই, এ কথা সত্য নয়। কারণ দেখা যায় তাঁদের হাত দিয়ে টাকা জলের মত খরচ হচ্ছে। বহু টাকা তাঁরা জঙ্গলে খরচ করছেন, যেখানে বাস্তুহারারা যেতে চায় না। আজকে তাদের জোর ক'রে বলা হয় যে দণ্ডকারণ্যে যেতে চাচ্ছ না, রাজনৈতিক প্রভাবে তোমরা পড়ছ। এ কথা ঠিক নয়। কারণ দেখা যায় পশ্চিমবাংলার বাইরে যাদের পাঠানো হয়েছে, উড়িষ্যায় যাদের পাঠানো হয়েছে, আজও ছয়-সাত বছর ধ'রে তারা ক্যাম্পএ প'ড়ে আছে। শেয়ালদা স্টেশনএর ধারে দশ হাজার উদ্বাস্তুর কথা শুনলেন। বেতিয়া থেকে ফিরে এসেছে এইরকম বহু ফ্যামিলি সেখানে রয়েছে। এবং কিছুদিন আগে খবরের কাগজে বেরিয়েছে যে আবার বেতিয়া থেকে ফিরে আসবার কথা তারা চিন্তা করছে। চরবেতিয়ায় যাদের ১৯৫৪ সালে পাঠানো হয়েছিল এখনও তাদের ক্যাম্পএ ফেলে রাখা হয়েছে এবং বাংলাদেশের বাইরে বিভিন্ন জায়গায় এইসমস্ত [illegible] পাঠিয়ে তাদের শিক্ষা, সংস্কৃতি এবং সমস্ত কিছুর প্রতি চরম অবহেলা ক'রে তাদের জীবন নষ্ট করা হচ্ছে। এখান থেকে ওখানে জবরদস্তি ক'রে তাদের পাঠিয়ে দেওয়া হচ্ছে এবং এমন জায়গায় ফেলা হচ্ছে যেখানকার আবহাওয়া ও পরিবেশ তাদের পক্ষে সুষ্ঠু নয়। সেখানকার জমি শক্ত, ফসল ফলানো যায় না এবং সেখানকার [illegible] ব্যবহার অত্যন্ত খারাপ। তাই সেইসমস্ত লোক আবার ফিরে আসবার কথা ভাবতে শুরু করেছে। এই হচ্ছে গভর্নমেন্টএর পুনর্বাসন নীতি। গভর্নমেন্ট লোন কমিয়ে দিয়েছেন এবং তারা বলছেন, এখানে জমি নেই। উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য আমরা জমি পাচ্ছি না। অথচ প্রায় দশ হাজার বায়নানামা হয়েছে। নিজেরা টাকা দিয়ে কোর্টএ রেজিস্ট্রি করেছেন এইরকম প্রায় চার হাজার বায়নানামা গভর্নমেন্টএর কাছে দাখিল করা সত্ত্বেও এখনও সেইসব স্বীকৃতি

পায় নি। এমনকি যেসমস্ত লোন অ্যাপ্রুভাল হয়েছিল সেইসমস্ত লোনও দেওয়া হয় নি। আমরা শুনছি ১৯৫২, ১৯৫৩, ১৯৫৪ সাল থেকে লোন অ্যাপ্লিকেশনস প'ড়ে রয়েছে। সুতরাং আজকে উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য গভর্নমেন্ট যে নীতি গ্রহণ করেছেন, এই নীতি যদি তাঁরা চালিয়ে যেতে চান তা হ'লে সারা পশ্চিমবাংলায় বিক্ষোভ দেখা দেবে। ইতিমধ্যেই উদ্বাস্তুদের মধ্যে চরম বিক্ষোভ দেখা দিতে শুরু করেছে। এবং এ কথাও আপনাদের জানিয়ে দিতে চাই, এই আইন পরিষদের ভিতর তাঁদের বর্তমান নীতি যদি জোর-জবরদস্তি ক'রে চালিয়ে যান এবং যদি তাঁরা পুনর্বাসনের দায়িত্ব এড়িয়ে যেতে চান তা হ'লে পশ্চিমবাংলার উদ্বাস্তুরা শুধু নয়, পশ্চিমবাংলার সাধারণ মানুষ এদের সঙ্গে মিলিত হয়ে এক প্রবল আন্দোলন সৃষ্টি করবে, যাকে রোখবার ক্ষমতা সরকারের থাকবে না। কারণ দেখা যায় গভর্নমেন্টএর যে নীতি উদ্বাস্তু পুনর্বাসন সম্বন্ধে, ঠিক সেই একই নীতি তাঁরা খাদ্যের ক্ষেত্রে গ্রহণ করেছেন, একই নীতি তাঁরা শিল্পের ক্ষেত্রে গ্রহণ করেছেন। তাঁরা শিল্পবিকাশ করতে চান না, বা করতে পারেন না। তাঁরা এখানে জমির উন্নয়ন করতে চান না এবং উন্নয়ন করবার মত তাঁদের পরিকল্পনাও নেই। যদি আজ পশ্চিমবাংলায় জমির উন্নয়ন না হয়, শিল্পের বিকাশ না হয়, তা হ'লে শুধু উদ্বাস্তু পুনর্বাসনই নয়, পশ্চিমবাংলার অর্থনৈতিক জীবনে চরম বিপর্যয় আসবে।

[7-25—7-35 p.m.]

সেইজন্য পশ্চিমবাংলার উন্নতি—সামগ্রিক উন্নতি ও ডেভেলপমেন্ট—এবং উদ্বাস্তু পুনর্বাসন আজই একই সূত্রে গ্রথিত হয়ে গিয়েছে এবং এর মূলে আছে আজ গভর্নমেন্টএর নীতির মৌলিক পরিবর্তনের প্রশ্ন। কিন্তু গভর্নমেন্ট ঠিক তার উলটো দিকে যেতে শুরু করেছেন। সেইজন্য বাস্তুহারা ও পশ্চিমবঙ্গের মানুষের জীবনে মৌলিক প্রশ্ন বা ফান্ডামেন্টাল কোয়েশ্চেন হচ্ছে -বাংলাদেশের ডেভেলপমেন্ট হবে, কি হবে না? বাংলাদেশের জমির উন্নতি ও শিল্পের বিকাশ হবে কি হবে না? সাথে সাথে ছোট ও মাঝারি শিল্পে বেকাররা কি কাজ পাবে বা পাবে না? পূর্ববঙ্গ থেকে যেসকল বাস্তুহারা এসেছে তাদের জন্য কর্মসংস্থানের এবং কৃষকদের জন্য জমির এবং সমস্ত লোকের অর্থনৈতিক মান উন্নয়ন করতে হ'লে মৌলিক নীতির পরিবর্তন দরকার। কিন্তু গভর্নমেন্টএর এই নীতি উলটো দিকে চলতে আরম্ভ করেছে। এমন কি গভর্নমেন্টএর স্ট্যাটিস্টিক্যাল ব্যুরো -তারা একটা স্ট্যাটিস্টিক্স তৈরি ক'রে আগেই দেখিয়েছিল যে পশ্চিমবাংলার উদ্বাস্তু পুনর্বাসনের জন্য ১১৩ কোটি টাকা দরকার। সেন্ট্রাল গভর্নমেন্ট সেটাকে কার্টেল ক'রে ৬৬·৮ কোটি টাকা করেছেন। কিন্তু তাঁরাও তাঁদের এক দলিলে স্বীকার করেছেন যে এই টাকার চেয়ে আরও বেশি টাকা দরকার এবং এই টাকা অপ্রচুর ব'লে মনে হয়। সুতরাং এটাকে রিভাইজ করার প্রয়োজন আছে। কিন্তু আমরা এখানে দেখলাম যে পশ্চিমবাংলায় রিহ্যাবিলিটেশনএর জন্য ৬০ কোটি টাকা পাওয়া যাবে এবং এই ৬০ কোটি টাকায় হিসাবের ভিত্তিতে প্রফুল্লবাবু দার্জিলিং কনফারেন্সএ বক্তৃতা দিয়েছেন। তার রিপোর্ট প'ড়ে দেখলাম যে তিনি বলেছেন যে এতেই হয়ে যাবে। আবার ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিলএর সামনে ডাঃ রায় বলেছেন এক রাফ এস্টিমেট ক'রে যে ৬০ কোটি টাকা হ'লেই হবে। অথচ সেন্ট্রাল গভর্নমেন্ট স্বীকার করছেন যে ৬৬·৮ কোটি টাকার চেয়েও আরও বেশি টাকা লাগবে। তাই সেন্টার যখন বেশি দিতে চাইছেন তখন বাংলা গভর্নমেন্ট তাকে আরও কমাতে চাইছেন। এ ছাড়া 'স্টেটসম্যান' কাগজে বেরিয়েছিল যে, এই বৎসর যে টাকা দেওয়া হয়েছে সেন্টার থেকে তার ৭৫ পার্সেন্ট টাকা খরচ হয় নি। বাংলা সরকার বলছেন যে, লোন বাবত টাকা জানুয়ারি, ফেব্রুয়ারি—সাধারণতঃ এই দু'-তিন মাসের মধ্যে লোন দেওয়া হয়। এর মধ্যে লোন ক্লিয়ার না করলে সেই টাকা সেন্টারএ ফিরে চ'লে যায়। অথচ আমরা দেখছি যে লক্ষ লক্ষ উদ্বাস্তু ঋণ না পেয়ে পথে পথে ভিক্ষা করছে। এবং চরম দুর্দশার মধ্যে তারা অবস্থান করছে। তা ছাড়া যেভাবে ঋণ দেওয়া হচ্ছে তাতে তাদের কোন কাজেই আসে না। তাদের তিন-চারটা ইনস্টলমেন্টএ টাকা দেওয়া হয় যার ফলে তারা অভাবের তাড়নায় খরচা ক'রে ফেলে এবং পরে তাদের বাড়ির টিনের শীট বিক্রি ক'রে বাড়ি ছেড়ে চ'লে যেতে বাধ্য হয়। এই যে সাংঘাতিক অবস্থা, এই অবস্থা সম্বন্ধে রাজ্যপালের রিপোর্টএর মধ্যে কোন উল্লেখ নেই। আমি সব কথা বলতে পারব না, কিন্তু কতকগুলি ক্যাম্প কলোনির কথা আমি খুব তাড়াতাড়ি ব'লে যাচ্ছি। কালকে আমার কাছে এসেছিল রানাঘাটের রূপশ্রী পল্লীর লোক। তাঁরা বললেন

সে—আমরা বহু আবেদন-নিবেদন করেছি, কিন্তু আমাদের ভাঙ্গা ঘরগুলির চালের আচ্ছাদন নেই, ঘরের দরজা নেই। আমাদের ভাত কুকুরে খেয়ে যায় ও কুকুর পাশে এসে শুয়ে থাকে, কোন প্রটেকশন নেই এবং ঘর সারিয়ে দেবার কোন ব্যবস্থা গভর্নমেন্ট করেন নি। এখন কি করব বলুন? তা ছাড়া বিভিন্ন ক্যাম্প কলোনি, তাদের অবস্থা সাংঘাতিক। আমি শুনলাম একজন বিধবা মহিলা উদ্বাস্তু আজ দু' বৎসর ধ'রে পি এল ক্যাম্পএ যেতে চেষ্টা করছে, এমনকি তিনি শ্রীযুক্তা পুরবী মুখার্জির সংগে গত ২৮এ ডিসেম্বর দেখা ক'রে গিয়েছেন, কিন্তু তাঁর কোন ব্যবস্থা হয় নি, পি এল ক্যাম্পএ নেওয়া হয় নি। এবং তিনি এই ১৬ তারিখে আত্মহত্যা করতে গিয়েছিলেন এবং পুলিস তাঁকে অ্যারেস্ট ক'রে নিয়ে এসেছে। এখন হয়তো তাঁকে আত্মহত্যা করার চেষ্টা অপরাধে তাঁকে জেলে বন্ধ হয়ে থাকতে হ'তে পারে। এ ছাড়া স্কোয়াটার্স কলোনিগুলি রেগুলারাইজ করা হয় নি। সেইজন্য গভর্নমেন্টএর কাছে আমার বক্তব্য, তাঁদের সম্পূর্ণ নীতির আমূল পরিবর্তন করতে হবে। এবং বিরোধীদের যদি তাঁরা সহযোগিতা চান তা হ'লে তাঁদের পরামর্শ মত উদ্বাস্তুর পুনর্বাসন প্রশ্নকে বিবেচনা ক'রে কার্যক্রম গ্রহণ করতে হবে।

**Sj. Bhabataran Chakravarty:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদ জানিয়ে মাননীয় সদস্য শ্রীবিমলানন্দ তর্কতীর্থ মহাশয় যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবকে সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলতে চাই। এই ভাষণকে অবাস্তব কেন বলা হ'ল তা আমি বিশেষ মনোযোগ সহকারে এই ভাষণ পাঠ ক'রে বুঝতে পারলাম না। এই ভাষণের মধ্যে কোন সমস্যাকে এড়িয়ে যাবার চেষ্টা হয় নি, কোন সমস্যার গুরুত্ব ছোট করার চেষ্টা হয়েছে ব'লেও আমি মনে করতে পারি না। সরকার যা করেছেন তার উল্লেখ আছে এবং যা করতে চান তার আভাস দেবার চেষ্টা হয়েছে। মাননীয় সদস্য শ্যামাদাসবাবু ব'লে গিয়েছেন যে, সরকার এই কয়েক বৎসরে যা করেছেন তা শুধু দেশবাসী নয়, বাইরে থেকে যেসমস্ত মহামান্য অতিথিরা এসেছেন তাঁরাও এ কথা স্বীকার করেছেন এবং তাঁদের উক্তির মধ্যেই এ কথার উল্লেখ আছে। আমি বিভিন্ন অতিথির স্বীকারোক্তি এখানে উল্লেখ করতে চাই না। আমি উল্লেখ করব আমাদের দেশবাসী সে কথা স্বীকার করেছে। দেশবাসীর কাছে আমরা যদি সে স্বীকৃতি না পেতাম তা হ'লে এতগুলি সংখ্যায় এখানে আসতে পারতাম কিনা সন্দেহ। বিরোধীদলের মাননীয় সদস্যরা যা বলেন বা যা বলবার চেষ্টা করেন তা যদি দেশের লোকের স্বীকৃতি পেত, তা হ'লে তার প্রমাণ-স্বরূপ আমরা এতগুলি সংখ্যায় কি এখানে আসতে পারতাম? আমরা দেখেছি নির্বাচনের সময়ে অনেকেই অনেক বড় বড় কথা বলেছেন, কিন্তু আমরা যা করেছি তাই বলেছি, যা করতে চাই তাই বলেছি, কোনরকম ধাপ্পা দেবার চেষ্টা করেছি সে কথা অন্তত আমার জানা নেই। আমরা শুনেছি বিরোধীদলের কর্মীদের বলতে যে তাঁরা সরকার হাতে পেলে প্রত্যেককে পাঁচ বিঘা ক'রে জমি দেবেন, এক টাকায় ষোল সের চা'ল দেবেন, যাদের খড়ের ঘর আছে তাদের প্রত্যেককে পাকা ঘর ক'রে দেবেন, যাদের খেটে খেতে হয় তাদের হাতে শাসনক্ষমতা এলে তাদের আর খেটে খেতে হবে না, শ্রম আর কাউকে করতে হবে না, সকলেই চেয়ারে ব'সে কাগজ-কলম পিষবে। এই প্রচার বহু শুনেছি।

আজকে খাদ্যসমস্যা নিয়ে সকলেই চিন্তা করছেন, তার ইংগিত তিনি তাঁর ভাষণে দিয়েছেন আমাদের এই বিষয় সজাগ হবার জন্য। এই সমস্যা থেকে যাতে উত্তীর্ণ হ'তে পারি, এই সমস্যা সমাধান করতে পারি তার জন্য সচেতন হবার জন্য তিনি আমাদের আবেদন জানিয়েছেন। আজকে এই খাদ্য সমস্যা সমাধান করতে গিয়ে আমাদের একদিকে চাষীকে উপযুক্ত মূল্য দেবার কথা চিন্তা করতে হবে, অন্যদিকে যারা শহরবাসী, যারা শ্রমিক, যারা মজদুর, যাদের কিনে' খেতে হয় তাদের কথাও চিন্তা করতে হবে।

[7-35—7-45 p.m.]

আমরা জানি কিছুদিন আগে যখন এক জেলা থেকে অন্য জেলায় ধান-চা'ল চালান দেওয়া বন্ধ করা হয়েছিল তখন চাষীদের তরফ থেকে আমাদের অতি কম মূল্যে ধান বিক্রি করতে হচ্ছে ব'লে অভিযোগ এসেছিল বহু জায়গা থেকে। সেদিন অ্যাসেম্বলি হাউস থেকে যখন বাহিরে

যাই তখন দেখি চব্বিশপরগনার কোন কৃষিজীবী সঙ্ঘ কয়েকটা আবেদন বার করেছিল। তার মর্ম এই যে এখানকার যারা নাকি সদস্য, যেমন আমরা—যে কোন দলেরই আমরা হই—শুধু মধ্যবিত্তের প্রতিনিধি, আমরা চাষীদের স্বার্থ দেখি না। এই ধরনের প্রচারপত্রে আমরা দেখতে পেলাম তাঁরা বলতে চেয়েছেন—এত কষ্ট ক'রে ধান উৎপন্ন করি, সেই ধানের যেন উপযুক্ত মূল্য পাই। শহরবাসী বা শ্রমিকেরা আবার যেন সস্তায় ধান-চাল পায় সরকারকে এই দুইএর মধ্যে সামঞ্জস্য সাধনের ব্যবস্থা করতে হবে। অবশ্য ধান-চাল এবং খাদ্যশস্য সর্ব প্রথম দরকার। যারা গরীব তারা যেন চাল ও নুন—এই দুটো জিনিস পায়। সেইজন্য তার সমাধানের চেষ্টা সরকারকে করতে হবে। কৃষকের স্বার্থ যাতে বজায় থাকে এবং যাঁরা কিনে খায়—শহরবাসী এবং মজুর—তাদেরও ক্রয়শক্তির বাহিরে না যায় এই দুই দিকে লক্ষ্য রেখে তাঁদের নীতি নির্ধারণ করতে হবে। দেশের মধ্যে যে কাজ হয়েছে এ দেশবাসী সকলেই বুঝতে পারছে। তারা আজ চোখের সামনে দেখতে পাচ্ছে, কোন প্রকারে বিভ্রান্ত হচ্ছে না। তারা চোখের সামনে দেখছে স্বাস্থ্যকেন্দ্র কত হয়েছে, তারা দেখছে দেশ থেকে ম্যালেরিয়া দূর হয়েছে, তারা দেখছে স্কুল-পাঠশালার সংখ্যা প্রাথমিক থেকে আরম্ভ ক'রে অনেক বেড়েছে, তারা দেখছে রাস্তাঘাট অনেক হয়েছে, সেচ-ব্যবস্থার অনেক উন্নতি হয়েছে। এসমস্তই তারা চোখের সামনে দেখছে। কাজেই কোন প্রকারে তাদের বিভ্রান্ত হওয়া সম্ভব নয়। তবে এ কথা বলি না যে আমরা সর্বকিছুই ক'রে ফেলেছি, সব গ্রামেই রাস্তা নিয়ে গিয়ে পেঁছাতে পেরেছি বা সব লোককে শিক্ষা দেবার ব্যবস্থা করেছি। বিরোধী পক্ষের নেতা জ্যোতিবাবু বলেছেন—আমরা কলিকাতা বিশ্ববিদ্যালয়ে শিক্ষা বিনা বেতনে দেবার ব্যবস্থা এখনও করতে পারি নি। এ কথা সত্য যে আমরা অনেক কিছু করতে পারি নি, সে সম্বন্ধে আমরা সম্পূর্ণ সচেতন। খাদ্য-সমস্যার সমাধান এখনও হ'তে পারে নি, কিন্তু দেশকে যে এগিয়ে নিয়ে যাবার দিকে চলেছি এ বিশ্বাস অন্ততঃ আমরা রাখি।

**Sj. Phakir Chandra Ray:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয়া রাজ্যপাল তাঁর অভিভাষণে বলেছেন যে তাঁর মন্ত্রিসভার লক্ষ্য কল্যাণরাষ্ট্র প্রতিষ্ঠা করা। এটা আমরা সকলেই জানি এবং বহুদিন থেকে কংগ্রেস ঘোষণা করেছেন যে তাঁরা কল্যাণরাষ্ট্রের প্রতিষ্ঠা করবেন। কিন্তু তাঁর মন্ত্রিসভা যে রাষ্ট্র গঠন করবেন ব'লে ঘোষণা করেছেন, তাতে যে যন্ত্র নিয়ে তাঁদের চলতে হচ্ছে সেই যন্ত্র সেই রাষ্ট্রগঠনের পক্ষে মোটেই উপযুক্ত নয়। সে যন্ত্র মাথাভারী, সে যন্ত্র দুর্নীতিতে ভরা এবং বহু প্রকার অযোগ্যতা তার ভিতরে রয়েছে। বিভিন্ন বিভাগে একের সংগে অন্যের সংযোগ নাই, সহযোগিতা নাই। এই প্রকার যন্ত্রের সাহায্যে কল্যাণরাষ্ট্র গঠন করা হবে, এ কথা যদি বলা হয় সেটা আমি স্বীকার ক'রে নিতে পারি না। যদি সত্যিকারের কল্যাণরাষ্ট্র গঠন করা এই মন্ত্রিসভার উদ্দেশ্য হয়ে থাকে তা হ'লে তাঁর ভাষণে বলা দরকার ছিল যে এই যন্ত্রকে উপযোগী করবার জন্য কি কি ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে। কিন্তু সারা অভিভাষণের ভিতরে কোথায়ও এ সম্বন্ধে একটি কথাও নাই, কোথায়ও একটি ইঙ্গিতও নাই, যা থেকে আমরা বুঝতে পারি যে এই যন্ত্রের পরিবর্তনের জন্য তাঁরা ব্যবস্থা করছেন। সে যন্ত্র কি রকম? আজ দেশে সবচেয়ে তীব্র সমস্যা হচ্ছে খাদ্য-সমস্যা। খাদ্য-সমস্যা সমাধানের জন্য যেসব বিভাগ আছে—সেচ বিভাগ, কৃষি বিভাগ—তাতে দেখি যে জেলায় কৃষি বিভাগের সংগে সেচ বিভাগের যোগাযোগ বা সহযোগিতা নাই। জেলা থেকে, কৃষি দপ্তর থেকে পরিকল্পনা গেলে ডিরেক্টরেটএ সেই পরিকল্পনা বিবেচনা করা হয়। প্রথমত, গ্রাম থেকে যখন জেলায় গেল সে অনেক সময় তাতে যাবে, তারপর আবার সেখান থেকে যখন ডিরেক্টরেটএ গেল, সেখানে যেতেও অনেক সময় লাগল। বহুদিন প'ড়ে থাকল, তারপর ডিরেক্টরেট থেকে যখন ফাইনান্সএ গেল, সেখানে যে কতদিন প'ড়ে থাকল তার ঠিক-ঠিকানা নেই। সীড মাল্টিপ্লিকেশন ফার্ম গঠন করা হবে, গ্রীষ্মের আগে পরিকল্পনা গেল, বর্ষার পরে সেখান থেকে যখন স্যাংশন এল তখন সময় আর থাকে না। কাজেই দেখা যায়, এইসব কাজ করতে হ'লে শাসনযন্ত্র যাঁদের হাতে তাঁদের মনোভাব আদৌ কাজের উপযোগী নয়। তাঁরা মন্ত্রিসভার মনোভাব গ্রহণ করতে পারেন না। এইভাবে যদি শাসনযন্ত্র চলতে থাকে তা হ'লে এই শাসনতন্ত্র নিয়ে কল্যাণরাষ্ট্র গঠন করছেন এ কথা যদি বলা হয়, তা হ'লে সেটা ঠিক বলা হবে এ কথা আমরা মনে করতে পারি না। দেশের সমস্যা বহুপ্রকার, কিন্তু এরা করছেন কি? গ্রাম পঞ্চায়েত গঠন করতে যাচ্ছেন

আর বলছেন গ্রামে গ্রামে আমরা সমবায় সমিতি গঠন করব এবং অ্যাডমিনিস্ট্রেশনকে ডিসেন্ট্রালাইজ ক'রে বিভিন্ন কেন্দ্রে শক্তি চারিয়ে দেব। ইউনিয়ন বোর্ড আছে, আবার নূতন পঞ্চায়েত হচ্ছে; নানা প্রকার সমবায় সমিতির পরিকল্পনা নিয়েছেন কিন্তু বাস্তবে দুই-একটারই সার্থকতা দেখছি। পল্লীগ্রামের কাজকর্মের অ্যাডমিনিস্ট্রেটিভ ইউনিট হচ্ছে ইউনিয়ন বোর্ড। ইউনিয়ন বোর্ডএর উপর অনেক কাজকর্মের ভার থাকে। সেখানে ইউনিয়ন বোর্ডএর মেম্বাররা ইলেক্টেড, প্রেসিডেন্ট ইলেক্টেড। তাঁদের উপর যেসমস্ত কাজ চাপানো হয় সেই কাজ করার মত দায়িত্ব পালন করতে বাধ্য নন। গ্রামকে যদি গঠন করতে হয় তা হ'লে ঠিক যে শাসনতন্ত্র গ্রামে গিয়ে পড়বে তার যদি সেখানে উপযুক্ততা না থাকে তা হ'লে কাগজেকলমে যত ভাল নীতিই হউক না কেন, তার ফল ভাল হ'তে পারে না। এই জিনিসের যদি আজ পরিবর্তন করতে হয় তবে মন্ত্রিমণ্ডলীর সর্বাগ্রে দৃষ্টি দিতে হবে উপযুক্ত লোক নেওয়ার উপরে, শিক্ষার দিকে। কিন্তু শিক্ষার ক্ষেত্রে দেখতে পাই যে শিক্ষকেরা অসন্তুষ্ট। শিক্ষা-ব্যবস্থা যাই হউক, মাল্টি-পারপাস স্কুলের নামে বড় বড় বিল্ডিং তৈরি হচ্ছে, অথচ শেখাবার মাস্টার নেই। এইভাবের অব্যবস্থা যদি চলতে থাকে তা হ'লে যত ভাল বন্দোবস্তই থাক দেশে যোগ্য শাসনব্যবস্থা সম্ভবপর নয়। এইসমস্ত জিনিসের উল্লেখ রাজ্যপালের অভিভাষণে নাই। কাজেই আমি এই ধন্যবাদ প্রস্তাবের সঙ্গে একমত হয়ে ধন্যবাদ দিতে পারছি না।

## Adjournment

The House was then adjourned at 7-45 p.m. till 3 p.m. on Monday, the 24th February, 1958, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on **Monday**, the 24th February, 1958, at 3 p.m.

**Present:**

Mr. Speaker (the Hon'ble Sankardas Banerji) in the Chair, 13 Hon'ble Ministers, 7 Deputy Ministers and 194 Members.

[3—3-8 p.m.]

**Obituary reference to the death of Abul Kalam Azad**

**Mr. Speaker:** Hon'ble Members, I have a very sad duty to perform. You all know that **Maulana Abul Kalam Azad,** Education Minister in the Central Government is dead, and it is my melancholy duty to refer to his death which took place on Friday last.

Maulana Abul Kalam Azad belonged to an old Delhi family. He was born in 1889 in Mecca where his father had settled down since 1857. The family however came back to Calcutta and settled here in 1898 and Maulana Azad adopted Bengal as his homeland.

In 1912 Maulana Azad, when he was a young man of 24, started an Urdu paper Al-Hilal and he became well known for his journalism and also for the independence he showed. He joined the Khilafat movement started by Mahatma Gandhi and the Ali Brothers. He also took part in the Non-co-operation movement under Mahatma Gandhi's leadership and was elected President of the Indian National Congress in 1923 at the early age of 35. He was again President of the Congress from 1935 to 1946, during the crucial years of transfer of power to the Indian people and piloted the affairs of the Congress with great tact and sagacity. Maulana Azad was an erudite scholar and a humanist. All those who have come in contact with him have been profoundly impressed by his learning, urbanity and a detached outlook of life. Although Maulana Azad's scholarship related mainly to Islamic studies, he was profoundly read in modern European languages and had extensively toured in European countries and also wrote a number of books.

For his political activities he had suffered imprisonment for long terms during the British regime. After independence he became the Education Minister at the centre and continued to be so till the time of his death. He was the last of the stalwarts who had fought for freedom along with Mahatma Gandhi, Muhammad Ali, Shaukat Ali and C. R. Das. His loss to the country will not be easy to fill.

I have also to refer to the death of **Mr. Dhirendra Nath Chatterji,** a member of this House from Chhatna (Bankura) Assembly Constituency who passed away on the 21st February, 1958 at the age of 55. Sj. Chatterji at the very prime of his youth took part in the Non-co-operation movement in 1921 and since then he has been a faithful worker of Congress till his last day. He was elected a member of this Assembly first in 1952 in the first general election after Constitution and again in 1957. He was connected with various public activities and institutions. He was the Chairman of Bankura District Board, and a member of the Bankura District School Board and Bankura Library Association. He was a member of All India Congress Committee, West Bengal Pradesh Congress Committee and the

General Secretary of the District Congress Committee. He was a bachelor and was suffering from cancer for the last one year. He was an amiable man having a charming personality which made him beloved to all.

I would request honourable members to show their respect to the memory of the deceased gentlemen by rising in their seats and observing silence for two minutes.

[Members rose in their seats and remained standing in silence for two minutes]

Thank you, ladies and gentlemen. You will kindly resume your seats. The Secretary will send messages of condolences to the members of the bereaved families. As a mark of respect to the memory of the deceased, the House will stand adjourn today, and the business of this day will be carried forward tomorrow. The House will meet again tomorrow at 3 p.m.

## Adjournment

The House was accordingly adjourned at 3-8 p.m. till 3 p.m. on Tuesday, the 25th February, 1958, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Tuesday, the 25th February, 1958, at 3 p.m.

**Present:**

Mr. Speaker (the Hon'ble SANKARDAS BANERJI) in the Chair, 16 Hon'ble Ministers, 9 Deputy Ministers and 211 Members.

[3—3-10 p.m.]

**Obituary Reference.**

**Mr. Speaker:** Before we begin the day's work, I would have to mention the death of the late **Santosh Kumar Banerji,** a Member of Parliament.

Hon'ble members, I regret to announce the death of Shri Santosh Kumar Banerji which took place on Sunday last. He was elected in the Lok Sabha from Cooch Behar in the last general election in 1957. He was connected with the Tea Industry of North Bengal and was a Member of the Indian Tea Board. He was also a member of the several labour welfare committees set up by the Government of West Bengal. He died suddenly of Coronary Thrombosis at a comparatively early age of 53.

I would request the honourable members to rise in their seats and observe two minutes silence.

[The honourable members rose in their seats and observed silence for two minutes.]

**Mr. Speaker:** Before the day's work begins I may tell the honourable members, and I think everybody will agree that there will be no questions today and the question time will be utilised in so far as the debate is concerned. The honourable members approached me and said that if we proceed in the normal way we cannot possibly finish the business.

**Adjournment Motions.**

**Sj. Subodh Banerjee:** Sir, I gave notice of an adjournment motion consent to which has been refused. I seek your permission to read it.

**Mr. Speaker:** Kindly read it.

**Sj. Subodh Banerjee:** The Assembly do now adjourn to discuss a matter of urgent importance and of recent occurrence viz., that in the afternoon of 23rd February, last while the workers of Hindusthan Iron and Steel Co., Ltd., Jessore Road, Dum Dum, were moving peacefully in a procession, several goondas aided by the local police attacked them which was followed by indiscriminate tear-gassing and lathi-charging by the police on the peaceful processionists resulting in severe injury to some of these workmen and arrest of a large number of innocent persons.

**Dr. Dhirendra Nath Banerjee:** Sir, I also gave notice of an adjournment motion. *My motion reads thus:—*

"That the business of the House do adjourn for the purpose of discussing a definite matter of urgent public importance and of recent occurrence, *viz.*, the arrest of peaceful demonstrators in Balurghat who had foregathered at the Police Parade Ground in front of the District Magistrate's quarters and in front of the District Magistrate's Court in order to represent the demands of the Balurghat All Party Zilla Sadar Sthanantar Pratirodh Committee to the Government."

**Sj. Pramatha Nath Dhibar:** I also gave notice of an adjournment motion. My motion runs thus:—

"The House do now adjourn to discuss a matter of urgent public importance, namely, the situation arising out of the arrest and lathi charge upon 1,500 Purulia peasants at Khargpur on Monday the 24th February who were coming to Calcutta to place a Charter of Demands before the Assembly for food and relief to the distressed persons and other development of the district."

## Point of Order.

**Sj. Jyoti Basu:** On a point of order, Sir.
স্পীকার মহোদয়—আমি আপনাকে মনে করিয়ে দিতে চাই—এর আগের দিন বিতর্কের সময় আপনার দৃষ্টি আমি আকর্ষণ করেছিলাম, একটা পয়েন্ট অব প্রিভিলেজএর ব্যাপারে একজন এখানে যা বলেছেন সেই নিয়ে একজন বাইরের লোক সম্বন্ধে শ্রীনেপাল রায় যা বলেছেন, সেটা আমি মনে করি অন্যায় হয়েছে এবং আপনি বলেছিলেন যে, আপনি তাঁর সমস্ত স্পীচটা পড়ে আপনার বক্তব্য বা রুলিং দেবেন। এই যে ব্যাপার, এর [illegible] যে ঘটনা ঘটেছে এইসঙ্গে সেটাও বলে রাখি। এবং আমি আশা করি, সবটা শুনে আপনি আপনার রুলিং দেবেন। শ্রদ্ধেয় অম্বিকা চক্রবর্তী মহাশয় আমার কাছে এসেছিলেন এবং জানতে চাইলেন প্রকৃত কি হয়েছে। শুনে তিনি বললেন—"আমি একজন বাইরের লোক ; আমার বিরুদ্ধে বলা হল যে আমি ৮-১০ লক্ষ টাকা আত্মসাৎ করেছি, একজন অফিসারের সঙ্গে কারসাজি করে ডিপার্টমেন্টএর একজন অফিসারের যোগসাজসে এবং আমি নাকি ৮ হাজার টাকার রসগোল্লা খেয়েছি এবং ৩ হাজার টাকা খরচ করেছি ট্যাক্সি চড়ে। আমি তাকে বলেছিলাম—"আপনিও ত অনেকদিন এ্যাসেম্বলীতে ছিলেন, আপনি ত জানেন যে কিছুই করা যায় না।" আমি শুনলাম তিনি নাকি আপনার কাছেও এ্যাপ্রোচ করেছিলেন। চিঠি নাকি দিয়েছেন।

**Mr. Speaker:**
না, চিঠি দেন নি—টেলিফোনে কথা বলেছিলেন।

**Sj. Jyoti Basu:**
যাই হোক—এর আগেও এইরকম ঘটনা হয়েছে। একজন প্রিন্সিপালকে বলা হয়েছিল—ঐ একই লোক বলেছিলেন।

**Mr. Speaker:** I will give you the ruling Mr. Bose.

**Sj. Jyoti Basu:**
আমি যা বলতে চাই—সেটা খুব পরিষ্কার কথা। সরকারের টাকা চার-পাঁচ লক্ষ, বা আট-দশ লক্ষ টাকা যদি কেউ বা কাহারা মেরে দিয়ে থাকে—সেই টাকা দিয়ে কেউ যদি রসগোল্লা খায় বা গাড়ী চড়ে, তাহলে নিশ্চয় সেখানে সরকার তার বা তাদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করবেন—অর্থাৎ মামলা করবেন এবং দোষী হলে জেলে দেবার চেষ্টা করবেন। তাহলে আমরা নিশ্চয়ই জানতে পারব—কি ঘটনা হয়েছে এবং তাতে কে দোষী, কে নির্দোষ। কিন্তু এখানে মুস্কিল হচ্ছে, ও'রা সেটা করবেন, কি করবেন না—তা আমরা জানি না। কিন্তু একজন অফিসার

তার নামও বলা হয়েছে জে, বি, সেন অব অকল্যান্ড হাউস—রিফিউজী ডিপার্টমেন্টের একজন অফিসার। এই ভদ্রলোকের সম্বন্ধে কে বিচার করবে? কালকে একজন মাননীয় সদস্য এখানে দাঁড়িয়ে বললেন যে এটা ইন অর্ডার আছে। গভর্নমেন্টের একটা বিভাগের একজন অফিসারের দুর্নীতি সম্বন্ধে বলা হয়েছে কিন্তু এটাও ঠিক যে তার সঙ্গে একজন বাইরের লোককেও টেনে আনা হয়েছে। তাদের বিভাগীয় একজন অফিসার, করাপসানের মধ্যে যদি জড়িত থাকে—সে অভিযুক্ত হোক ভাল কথা। যেখানে সেইরকম করাপশান থাকবে, আমরা নিশ্চয়ই তার বিরুদ্ধে ফাইট করব এবং এই ব্যাপারে শ্রদ্ধেয় বন্ধু নেপাল রায় মহাশয় যে কথা বলেছিলেন তার সঙ্গে আমি একমত। এই হাউসএর সদস্যদের একটা কমিটি দ্বারা তদন্ত করা হোক—বিশেষ করে এই অফিসার কি করেছেন না করেছেন, কিভাবে এই টাকা নষ্ট করেছেন এ বিষয়ে একটা নিরপেক্ষ কমিটি করা উচিত—সে বিষয়ে আমি মাননীয় সদস্য নেপালবাবুর সঙ্গে একমত। কারণ বিভাগীয় তদন্ত হলে অফিসারকে তারা হয়ত বাঁচিয়ে দেবেন—অফিসারের কিছুই হবে না একজনও হতে পারে—যেটা বারবার হয়েছে। সরকারের অবশ্য অধিকার আছে তাদের অফিসারদের সম্বন্ধে তদন্ত করার—এবং সেটা, বিভাগীয় তদন্ত হলে, হয়ত তারা নির্দোষ প্রমাণিত হবে। কিন্তু ঐ যে বাইরের লোক যাকে এর মধ্যে জড়িত করা হয়েছে—তিনি যাবেন কোথায়? এটা একটা অত্যন্ত গুরুতর ব্যাপার আট-দশ লক্ষ টাকার ব্যাপার। সুতরাং আমি আপনাকে জানাই আপনি সরকারকে অনুরোধ করুন—তারা যাতে অনুমতি দেন—এখানেরই একটা কমিটি করা হয় কারণ আমরাও সেখানে থাকতে চাই এবং এই ঘটনা সম্পর্কে তদন্ত করতে চাই।

এতগুলি টাকার ব্যাপার। আর তা যদি না হয় তাহলে এরকম হতে পারে যে চীফ জাস্টিসকে আমরা বলতে পারি কিনা এ তদন্ত করতে। এটা আমরা অনুরোধ করতে পারি করবেন কি করবেন না—তিনিই জানেন। চীফ জাস্টিস যদি না করেন, তাহলে এই হাউস থেকে তদন্ত করা যায়—এদিক থেকে লোক থাকুক ওদিক থেকেও প্রতিনিধি নিয়ে দেখা যাক। তা না হলে একটা রুলিং আপনি দিন আজ যে, তাদের কি হবে না হবে। যদি আপনার রুলিংএ আপনি মনে করেন যে একজন বাইরের লোককে টেনে আনা যায়, আপনার কোন উপায় নাই—তাহলে একমাত্র উপায় হচ্ছে রিট্যালিয়েট করা, প্রতিবারে আমাদের বক্তব্যে এ্যাডমিনিস্ট্রেসনকে জড়িয়ে এক-একজন তাদের নামগুলি টেনে আনা—এ ছাড়া কোন উপায় নাই। কিন্তু এটা রিট্যালিয়েশন-এর ব্যাপার নয়, আগে একটা নিয়ম, একটা পদ্ধতি ঠিক করতে হবে। এই হল এক নম্বর।

[3-10—3-20 p.m.]

দ্বিতীয়তঃ আর একটা তদন্তের কথা ঠিক কে বলেছিলেন আমার মনে নাই বোধ হয় শ্রীযতীন চক্রবর্তীই বলেছিলেন। সেটা হচ্ছে লিডার অব দি হাউস এবং লিডার অব দি এ্যাডমিনিস্ট্রেশনএর সম্পর্কে বলা হয়েছে তার একটা তদন্ত হোক। তা না হলে কি হবে? উনি বলেছেন দলিল আছে, সবাই দলিল এনে হাজির করছেন না। নিশ্চয়ই আজকে একটা জবাব দেবেন, হয়ত এখনি দেবেন, আমি জানি না কিন্তু আজই দিন আর পরেই দিন—এসব দলিলপত্র আমাদের কাছে নাই। কোনদিকে কি করে আমরা বুঝতে পারছি না। সেজন্য বলি তারও একটা তদন্ত হোক, সেই তদন্ত এই হাউসএর মারফত হতে পারে একটা কমিটি করে—কিংবা চীফ জাস্টিস অব দি হাই কোর্ট দ্বারা হতে পারে এবং জজের নাম বলে দিলে আমরা তাঁর কাছে যেতে পারি। আমার মনে হয় এ যদি না করেন তাহলে মুস্কিল হবে এই যে—অম্বিকাবাবু যিনি বাইরের লোক তাঁকে ডিফেন্ড করবার জন্য এখানে কেউ নাই, যে সমস্ত অফিসারের নাম করা হয়েছে, তাদের ডিফেন্ড করার জন্য মন্ত্রীরা আছেন কিন্তু মন্ত্রী সম্বন্ধে যখন বলা হয়েছে তখন এগুলি কে তদন্ত করবে? কেউ তদন্ত করবে না। কাগজে বেরুল, তার কি হল না হল বুঝা গেল না, অথচ করাপসানএর ব্যাপার সেটা আমরা কেন টেক আপ করতে পারি না, তার মধ্যে যেতে পারি না কি হচ্ছে না হচ্ছে—সেটা কোন দলগত কথা নয়—যদি মন্ত্রী তিনি যত বড় মন্ত্রীই হউন—যদি দেখা যায়, মুখ্যমন্ত্রী মহাশয় ঐ ব্যাপারে দোষী সাব্যস্ত হন—যে কথা বলা হয়েছে, তাহলে তিনি ছেড়ে চলে যাবেন এ্যাডমিনিস্ট্রেসান, আর যদি দেখা যায় রিফিউজী ডিপার্টমেন্টএর অফিসার দোষী তাহলে নিশ্চয়ই তার সাজা হবে এ বিষয়ে সন্দেহ নাই এবং তাঁর সঙ্গে যারা জড়িত কোর্টএর আশ্রয় নিয়ে তাদের জেল দেওয়া হবে, নিশ্চয়ই

হবে। আমাদের পার্টির কথা অন্য, যদি কেউ দোষী সাব্যস্ত হয় তাহলে সেই সব লোকের স্থান থাকবে না পার্টিতে। এই সমস্ত দিক থেকে এ্যাডমিনিস্ট্রেসানএর দিক থেকে, পাবলিক ইন্টারেস্টএর দিক থেকে এসব থাকা দরকার এবং আমি আশা করি রুলিং যখন দেবেন আপনার কি মন্তব্য এ সম্বন্ধে সেটা শুনতে চাই। তা না হলে এটা খুব খারাপ ব্যাপার হচ্ছে, এখানে যে কেউ আমরা যা খুসী বলে গেলাম তার দায়িত্ব কেউ নিলেন না—এ জিনিস হতে পারে না।

## Ruling of Mr. Speaker.

**Mr. Speaker:** We are now dealing with the ruling......So far as the charges against Dr. B. C. Roy, the Chief Minister, are concerned, I have not heard yet what he has to say and whether after his statement a prima facie case has been made out or not. That has to be considered before I give any decision at all. So far as the charges of Mr. Nepal Roy are concerned, I have given my very best consideration to it and I may tell you straightaway that I do not think that I have done anything improper. Mr. Ganesh Ghosh and Mr. Subodh Banerjee both of them came into my Chamber just before the House met and I was then perusing my own ruling and I thought there was no harm in making the ruling available to them and in fact I read out to them what I wrote and I shall read it out to the members of the House now. I can assure you, Mr. Basu, that I have taken pains for the purpose of writing out this ruling--may be I am right—may be I am wrong--but I have given this matter my very best attention. The ruling is in these terms.

I have carefully gone through the speech of Sj. Nepal Roy. He started laying a charge of misappropriation against a person who was a member of this House but who is now a private citizen. My attention was drawn by Sj. Bankim Mukherjee to the speech of Sj. Nepal Roy. I find from the official proceedings that on three several occasions I made it clear to Sj. Mukherjee that I will not allow the charge of corruption to be made unless it could be clearly linked up with the administration as my personal view throughout has been that no private citizen as he is not a member of the house and as he is not in a position to defend himself should be attacked. A private citizen can only be attacked if and when his activities are linked up with the administration. Bearing this in mind I have gone through the speech of Sj. Nepal Roy. I told Sj. Roy "I am allowing this on the assumption that it has something to do with the administration". Sj. Roy's ready rejoinder was—

হ্যাঁ, স্যার, আমি তা এনে দিচ্ছি, এর সঙ্গে যে সরকারী কর্মচারীর যোগসাজস রয়েছে, ঐ অকল্যান্ড হাউসের বড় কর্তা মিঃ জে বি সেনএর সঙ্গে জড়িত আছেন। তাঁর বিরুদ্ধেও অভিযোগ করছি, ঐ ভদ্রলোক ও সভাপতি ভদ্রলোকের এক জেলায় বাড়ী এবং একেবারে তাঁর কব্জার মধ্যে ছিলেন।

After this had been stated there were interruptions. Sj. Nepal Roy again stated as follows:

বাড়ীর ভিৎ খোঁড়ার আগেই পুরা টাকা দেওয়া হয়েছে অর্থাৎ সমস্ত টাকা আত্মসাৎ করবার জন্য সরকারী [illegible] যোগসাজসে এই কাজ করা হয়েছে। এখানে একজন এ. আর, ও, ছিলেন—অমিতাভ ঘোষ বলে, তিনি এর বিরুদ্ধে অভিযোগ করেছিলেন যে এ হতে পারে না এ করতে দেব না। তাঁকে এঁরা সকলে মিলে সরিয়ে দিলেন এবং সেখানে সুবিধামত লোক নেওয়া হল।

Thereafter he proceeded to make comments about the absurdity of an audit report. Sj. Roy also in the course of his speech mentioned that he had in his possession a large number of receipts signed by Sj. A. Chakraborty by which he proposed to substantiate the charges. In fact, he wanted to tender them but I did not allow him to do so.

It was perfectly clear that Sj. Nepal Roy's charge was that Mr. J. B. Sen of Auckland House in collusion and conspiracy with Mr. Chakraborty acted in a fashion which led to misappropriation of a very large sum of money which had been advanced to the refugees for building houses. In this House we cannot decide whether the charges are true or false. A member is entitled to criticise, and if he chooses to do so severely, a stranger if he bona fide believes the charges to be true and the activities of the stranger are connected with the Administration. I cannot under the facts and circumstances of this case hold that it was an attack on a private citizen not connected with the administration. The reference to the audit report is not strictly relevant but it must be borne in mind that Legislature is not a court of law and rules of evidence normally applicable to law courts are not applicable here. Mr. Jyoti Basu has raised an important question which I propose to answer. I do not propose to make any comment regarding what has been stated against Sj. Jagat Bose, as the matter is now pending before the Privilege Committee which is actually hearing the matter. Sj. Basu has made a second point—that one member cannot attack another member unless administration is linked up with it. I entirely agree. But Mr. A. Chakraborty is not a sitting member and therefore the rule which Sj. Basu has in mind does not apply. I might add that it would have been better if we could have a rule like the one that exists in Lok Sabha. I am quoting the rule here.

> "No allegation of a defamatory or incriminatory nature shall be made by a member against any person unless the member has given previous intimation to the Speaker and also to the Minister concerned so that the Minister may be able to make an investigation into the matter for the purpose of a reply......".
>
> "Provided that the Speaker may at any time prohibit any member from making any such allegation if he is of opinion that such allegation is derogatory to the dignity of the House or that no public interest is served by making such allegation."

[3-20—3-30 p.m.]

This rule is there so far as the Lok Sabha is concerned. This House will soon be framing its rules. The Rule-Making Committee may include a rule like this in the rules, the preparation of which is under their consideration. At the moment we have no such rules.

Mr. Jyoti Basu then proceeds to say that Mr. Chakraborty was a member of this House, in other words, he is a private citizen. Mr. Basu then proceeded to say that if he was a thief, there should be a trial and so on. In this House we cannot go into it. That is a matter for the Department. My duty is perfectly clear. If a charge is made whether against a member of the House or against a private citizen, so long as the charge is linked up with the administration, it is relevant. If it is vilification unconnected with the administration, it is utterly irrelevant and should not be allowed and should be expunged—but that is not the case here.

I would like to remind the members of this House that a similar attack was made by Mr. Jatin Chakravorty against Dr. B. C. Roy wherein the names of private citizens, who are not members of this House, were brought up. I allowed it since the charge was connected with the activities of the administration. The point that I wish to make is purely this. The charge brought by Mr. Jatin Chakravorty was of this nature that the Minister concerned has financially gained because he offered a lot of more money for a transaction in consideration whereof he got a piece of land cheap. He did not stop there. He brought in the names of other persons.

I need not repeat that these persons are also linked up with it. They also likewise will not be able to come to this House to defend themselves and say whatever they wish to. This House cannot be converted into a court of law. I do not think that the legal principles connected with the administration of this House permit me to hold a trial of persons who are not members of this House. This House has no power to do anything whatsoever in the shape of inflicting punishment against any person whatsoever. We are not principally concerned here with the question of penalty. If the administration is guilty of corruption and bribery, it is our primary duty, as honourable members of this House, to criticize severely. If it is directed against a member, surely the member can say anything by way of an explanation—whether the explanation is satisfactory or not, we cannot help it. If a plausible explanation is there, the duty of this House ceases. If there is a charge of corruption against any particular officer of this Government and if pointed attention of the department concerned has been drawn to it, we have nothing further to do. I cannot sit down and invite members of this House to call for Shri Ambica Chakravarty and two dozen more refugees or strangers and outsiders, summon them before the bar of this House to give evidence and to hold a regular trial. That is not our province. After the pointed allegation against Mr. J. B. Sen of the Auckland House and reference to materials to which the attention of the Hon'ble Minister concerned has been drawn, I think it is the duty of the Hon'ble Minister to make such investigation as he considers proper by taking the good offices of the police or any other administrative body like the Enforcement Branch as he considers fit. If, as a result of the investigation, the Hon'ble Minister finds that a case, which will stand in a court of law, has been made out on the basis of which a charge can be framed in consultation with his legal advisers—I mean the Legal Remembrancer of West Bengal—it would be the duty of the Government to prosecute the particular officer concerned and any other outsider who may be responsible for acting in collusion or conspiracy with him. Beyond that I do not think we have the power to go even one step further. I have taken the precaution of looking into the House of Commons procedure, the rules and so on and so forth. Without a proper investigation—it is not an enquiry by the House—in accordance with the law of criminal procedure nobody on earth can get the necessary materials for framing a charge. If the Government is so minded to do it, it would do it, but I hope—and through the ruling of mine I am asking the Government—that having regard to the serious nature of the charge, Government will kindly act in the best possible way and according to law.

That is the ruling.

**Sj. Jyoti Basu:**
আপনি তো আপনার রুলিং দিলেন, কিন্তু আপনার মারফতে সরকার কি করবেন তা আমরা জানলাম না। আমরা তদন্ত করতে পারি কিনা, এবং সরকার আমাদের হাতে ছেড়ে দেবেন কিনা? সেদিন তো অনেক বড় বড় কথা শুনেছিলাম। আজকে শুনতে চাই সরকার এটা সম্বন্ধে কি করবেন!

**Mr. Speaker:** I have told you.

**Sj. Jyoti Basu:**
সরকারের ডিসিসান কি আপনি বলেছেন?

**Mr. Speaker:** No.

**Sj. Jyoti Basu:**
যদি প্রাইমাফেসী কেস থাকে আমরা পুলিসের কাছে দিতে পারি। আমরা জানতে চাই, মন্ত্রী মশাই তো এখানে বসে আছেন—সেদিন তিনি বড় বড় কথা শুনিয়েছেন।

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** The position is quite clear, as you have said, Sir. It is the duty of the Minister in charge of the Department to make such enquiry as he chooses. If he chooses to call a few members of the House to join him in the enquiry it is his lookout. But as Government I certainly refuse to give up our position and responsibility regarding our officers to the judgment of any group of members of the House, however big they may be.

**Sj. Jyoti Basu:**
আর আপনার সম্বন্ধে? সেটা কে বিচার করে?

**Mr. Speaker:** Mr. Basu, you have heard me. I have said that Mr. Chief Minister has not given his explanation yet. Let him give his explanation.

**Sj. Jyoti Basu:**
আপনি তো বললেন একটা কেস সম্বন্ধে, কিন্তু আপনার সম্বন্ধে কি হবে?

**Dr. Hirendra Kumar Chattopadhyay:**
কথাটা হচ্ছে, আপনি তখন স্পীকার ছিলেন না। আমরা অধীর দের সম্বন্ধে অনেক আবেদন নিবেদন করেছিলাম। সে সময় ডিপার্টমেন্টাল এনকোয়ারী করে তাঁকে ডিসমিস করা হয়েছিল। কিন্তু হাই কোর্টএ যখন বিচার হল তখন সেই ডিসমিস্যাল অর্ডার উইথড্র করতে হল এবং তাঁকে রিইনস্টেট করতে হল। তাই আমাদের ডিপার্টমেন্টাল এনকোয়ারীর উপর বিশ্বাস থাকে না। আমি মুখ্যমন্ত্রীর কাছ থেকে জানতে চাই চীফ জাস্টিসএর হাতে--চাগলা কমিশনের মত এটা ছাড়বেন কিনা।

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** Certainly not.

**Sj. Jyoti Basu:**
তাহলে এটার কি হবে?

**Mr. Speaker:** I will only tell you this; let there be no heat; let there be no unpleasantness. It is a point of law—a point of sufficient importance. I have tried to do all that I can, but I do not claim to be a person who is infallible. I have no such pretensions whatsoever. In my experience of thirty years in the Bar, I have found repeatedly that I had come to one conclusion and another conclusion is arrived at by some other persons. Where the Hon'ble High Court found a person guilty in a large number of cases the Supreme Court reversed their decision. In a Division Bench presided over by two Judges they may not agree with each other. Therefore, it means nothing at all if a Government servant has been suspended and dismissed and later on reinstatement has been ordered. You are citing one case: I can cite one thousand cases. It makes no difference. It means nothing at all. The point is whether the Tribunal or whether the body of men trying the case have fairly and honestly tried to carry out their duties.

Judges are same as ordinary human beings. Departmental enquiries, if not tainted, are perfectly in order and I cannot assume that they are tainted in this case. For instance, Dr. Chatterjee, if you give a medical certificate I am bound to assume that it is in order. I cannot assume that you have given a wrong certificate.

[3-30—3-40 p.m.]

**Dr. Hirendra Kumar Chattopadhyay:**
এটা কি একটা এনার্জি হল?

**Mr. Speaker:**
হ্যাঁ হল।

**Dr. Hirendra Kumar Chattopadhyay:** In spite of the fact that the mother of Adhir Dey was arrested at the gate of the Assembly!

**Sj. Jatindra Chandra Chakravorty:**
মিঃ স্পীকার স্যার, দুটো কথা আমি আপনার কাছ থেকে জানতে চাই। প্রথম হল—ঐ আগের দিন বৃহস্পতিবার আমার বক্তৃতা দেবার পর ডাঃ রায় তাঁর পার্সোনাল এক্সপ্লানেশন দিতে উঠেছিলেন। তখন তিনি একটা কথা ব্যবহার করেছিলেন—এ্যাবসলিউট লাই। সেটা সম্পর্কে আমাদের মাননীয় সদস্য বঙ্কিম মুখার্জী মহাশয় আপনার দৃষ্টি আকর্ষণ করেছিলেন যে এটা আনপার্লামেন্টারী। কিন্তু আমি যে......

**Mr. Speaker:** Normally it is.

**Sj. Jatindra Chandra Chakravorty:**
কিন্তু আমাদের ধারণা ছিল এটা আনপর্লামেন্টারী। আমি যখন বক্তৃতার কপি যোগাড় করেছি তখন আপনি তাতে যে কথা বলেছিলেন, তাতে দেখলাম—এই রকম কথা আপনি বলেছেন—
If anybody calls me a cheat I shall certainly call him a liar.
এখন আমরা কি এটাকে আপনার নির্দেশ বলে মেনে নেব? কারণ ভবিষ্যতে আমাদের অত্যন্ত অসুবিধা হতে পারে।

**Mr. Speaker:** Mr. Chakravorty, do not dilate upon it and lose your valuable time. I will deliver a ruling. I entirely agree with you that the dignity of the House must be maintained and all words which have been found to be unparliamentary, a list of which appears both in May's book as well as other treatises, are never to be used and should be expunged if they are there, no matter who is the person responsible for the use of them. But in this matter I will say nothing so far. Dr. Roy came up to the House and gave a certain personal explanation and if my memory is right he said, "I will add to it when I answer back" and the matter rests there. Dr. Roy is yet to make a statement. If I find that in the actual circumstances of the case the Chief Minister used language which is not permissible under the law, I shall see it expunged. There should be no further discussion.

**Sj. Jatindra Chandra Chakravorty:**
দ্বিতীয় পয়েন্ট আমার ছিল এই। দু নম্বর কথা হল এই আপনি বারবার এই কথা বলছেন ডাঃ রায় এখনো তাঁর জবাব দেন নাই। সেদিন তিনি একটা পার্সোনাল এক্সপ্লানেশন দিয়েছেন। আজকেও হয়ত পার্সোনাল এক্সপ্লানেশন হোক বা জবাব দেবার সুযোগ তিনি পাবেন। কিন্তু আমি সেদিন আমার বক্তৃতার আগে যে কথা বারবার জোরের সংগে বলেছি সেটা হল এই যে করাপশন অর্থ হল......

**Mr. Speaker:** I cannot allow you. I have heard your speech.

**Sj. Jatindra Chandra Chakravorty:**
শুনে নিন আমার কথা।

আমি জানতে চাই ডাঃ রায় তাঁর জবাব দেবার পর, যে কথা আমি বলেছিলাম, তার জবাব একবার দিয়েছেন, আবার তাঁকে জবাব দেবার সুযোগ আপনি দেবেন। আমাদের পক্ষ থেকেও সেই ব্যাপারে আরো কিছু বলবার সুযোগ প পাব কিনা সেটা আমি জানতে চাই।

**Mr. Speaker:** You know the ordinary parliamentary etiquette. I am repeatedly telling everybody in the House that when charges of corruption are made there is a high water mark and everybody is entitled to give an explanation and not once but twice or three times I will allow him. I again tell you that the charge was made without previous notice and

therefore any document or paper which may be necessary to refute the charge I shall permit him to use, and everybody in the House is entitled to this privilege.

If you say that you were in Calcutta on the 17th July and you have done this and supposing you have irrefutable evidence of being in Delhi, do you mean to say that you will not have an opportunity of getting before on a certain day following and place it? I will not allow any further discussion, Mr. Chakravarty. You may consider it unfair, but I will not do it. I am not saying that it is the end of the matter. Dr. Roy will give a personal explanation.

[3-40—3-50 p.m.]

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** I mentioned it very clearly the other day that I shall give personal explanation and I have already dealt with the matter. He has mentioned about the matter in the House and I shall have my say later on. I shall place it on record and it is my privilege to speak on it.

**Sj. Jyoti Basu:**
আপনি একটা ভুল করছেন। ডাঃ রায় একটা এক্সপ্লানেশন দিয়েছেন। এখন মন্ত্রী হিসেবে তিনি বক্তৃতা দেবেন, যা খুসী উনি বলতে পারবেন, সে কথা হচ্ছে না। কথা হচ্ছে পার্সোনাল এক্সপ্লানেশন দুবার দেওয়া যায় না।

**Mr. Speaker:** I am in charge of the House. These are matters on which I would not like ordinary honourable members to speak on it unless I am making a mistake that Dr. Roy would not address the Assembly. He heard, he believed, him speak over the mike. He came to the House and he said "I want to say a few words". It I allow one member, I shall have to allow other members later.

**Dr. Narayan Chandra Ray:**
এখানে আপনি যে রুলিং দিয়েছেন—

**Mr. Speaker:**
তাতে সেটিসফাইড নন।

**Dr. Narayan Chandra Ray:**
না, তা না—আমি জিজ্ঞাসা করছি, এখানে প্রশ্ন ছিল।

**Mr. Speaker:** You are discussing not only in a disorderly manner, but you are disturbing me too. You may certainly discuss a matter, but not in that way.

**Dr. Narayan Chandra Ray:**
মিঃ স্পীকার স্যার, আমাদের এই তরফ থেকে এই প্রশ্নটা তোলা হয়েছিল। এখন আপনি এখানে কোন একটা নীতি যদি নির্দেশ করে না দেন, যাতে ভবিষ্যতে কোন জায়গায় কোন মানুষ আর একজনকে আক্রমন করবার জন্য একজন অফিসারের নামোল্লেখ করে অভিযোগ করতে পারবে না। এ সম্বন্ধে আপনার কোন রুলিং আছে কিনা, সেটা জানতে চাই।

**Mr. Speaker:** I will tell you, Dr. Roy. You are making your point on this issue. The ruling has to be given on the point of order raised. The other day a point of order was taken by Mr. Basu, the Leader of the Opposition. I immediately called up the point of order. I carefully went through it and I have answered the point of order raised on that day. For the first time Mr. Basu has been kind enough to say what is going to happen if an honourable member exercises his privilege of speech for the sake of a certain stranger—it is linked up with the stranger—who is

arrested by an officer? What is the safeguard against such an act. I have carefully been listening to what you say. I will tell you, gentlemen, there is something known to the world, known to every one of you and it is not for me to remind you that in parliamentary life, in social life there is a thing like code of honour. And that is the only thing on which a gentleman relies when it comes to normal life. If you, the representatives of hundreds and thousands of men, give the go-by to all sense of decorum, forget the code of honour, the code of morality and the high traditions which are attached to this chair which I have the privilege to occupy, is there no protection? I looked up carefully May's Parliamentary Practice. I can only assure you, Dr. Roy, that these privileges are given so that honourable members can appear in the House and criticise the administration freely with one sole object in life, the object being the prosperity of the nation. That is the object for which special privilege can be given. I can tell you what that position is. I can tell you what the position has come to today. In the Bar absolute privilege was given......

**Dr. Ranendra Nath Sen:**
আপনার অত বক্তৃতার দরকার নাই। সব অবান্তর।

**Mr. Speaker:**
আপনার নাই—কিন্তু আমার দরকার আছে।
I do not think that is fair and decent. If you ask me to answer a point, I am entitled to answer it in the way I like. I know you do not want it because it does not suit your purpose.

**Sj. Bankim Mukherjee:**
আমি কয়েকবার একটা পয়েন্ট অব প্রিভিলেজ সম্বন্ধে বলতে চেষ্টা করেছি। জিনিসটা হচ্ছে—এই যে ব্যাপার শ্রীযুত নেপাল রায় যে অভিযোগ করেছেন, সে সম্বন্ধে আপনি রুলিং দিয়েছেন যে ডিপার্টমেন্টাল ব্যাপারের সঙ্গে যদি এই অভিযোগ সংশ্লিষ্ট থাকে, তবে সেটা, সত্যই হোক, মিথ্যাই হোক—নিশ্চয়ই ইট ইজ ইন অর্ডার। ঠিক কথা—সেটা আপনি বলতে পারেন। কিন্তু এখানে দেখতে পাওয়া যাচ্ছে ডিপার্টমেন্টাল ছাড়াও অন্য লোক এখানে যুক্ত রয়েছে। তার সম্বন্ধে সুবিচার হবার একমাত্র উপায় ছিল—যদি সেটা বিভাগীয় তদন্ত না হয়ে সাধারণের তদন্ত হত। কিন্তু গভর্নমেন্টের সৎসাহস নেই সেইরকম সাধারণ তদন্ত করবার। আমি শ্রীযুত নেপাল রায়কে অনুরোধ করব এবং চ্যালেঞ্জ করছি তিনি এ্যাসেম্বলীর সুযোগ বা সুবিধা না নিয়ে বাইরে গিয়ে এই অভিযোগ করুন।

**Sj. Bijoy Singh Nahar:**
ঐভাবে চ্যালেঞ্জ করে কি উনি ভয় দেখাচ্ছেন?

**Sj. Nepal Roy:**
বাইরেও আমি বলেছি। দরকার হলে এর পর আবার বলব। আই এ্যাকসেপ্ট দি চ্যালেঞ্জ স্যার।

**Sj. Bankim Mukherjee:**
স্যার, আমার যেটা পয়েন্ট অব প্রিভিলেজ সেটা হচ্ছে—

**Sj. Nepal Roy:**
আমি দলিল ডকুমেন্ট সংযোগে অভিযোগ প্রমাণ করব।

**Mr. Speaker:** Mr. Roy and everybody, I have been trying to help every member. I have been trying to decide a point as fairly as I can. If you do not want it and go on shouting, if that pleases and appeases you, please go on. Mr. Mukherjee, I think Jyoti Babu made that point also clear. I do not understand the reason for your raising that point again.

**Sj. Bankim Mukherjee:**

এ ছাড়াও আর একটা পয়েন্ট আছে। সেটাও অন এ পয়েন্ট অব প্রিভিলেজ, স্যার। সেদিন ঐভাবে কথা বলতে বলতে নেপাল রায় মহাশয় যা বলেছেন তাও এর মধ্যে প্রিভিলেজ সংক্রান্ত ব্যাপারের মধ্যে পড়ে। কারণ সেই ব্যক্তি—তিনি একজন কমিউনিস্ট পার্টির নেতা—এই রকম বলেছেন। সুতরাং আমি বলতে চাই—অন এ পয়েন্ট অব প্রিভিলেজ অন বিহাফ অব দি কমিউনিস্ট পার্টি—যে পার্টির একজন নেতাকে এইরকমভাবে বললে অভিযোগের অর্থ দাঁড়ায় যদি কোন বিষয়ে ঐরকম কিছু হয়ে থাকে তাহলে কমিউনিস্ট পার্টিও কিছুটা সংশ্লিষ্ট আছে। সেই অভিযোগই হয়েছে।

**Mr. Speaker:** In this House we will only consider individual members—the party itself is not privileged. Mr. Chakraborty may be a very big man of the Communist Party. Certainly he will get such protection as lies in my power. I have always made it clear that so far as any party is concerned, Rightist or Leftist, every member will get the same treatment.

## Debate on the motion in reply to Governor's speech.

**Mr. Speaker:** I wish to say a few words before the debate begins. You know everybody deliberately agreed that there would be no questions and answers today and the extra time would be utilised in the debate Therefore I would request all members on both sides strictly to adhere to the time table, so that I may not have to remind them by switching on the lights about their time and ask them to sit down. You may now go on Mr. Mullick Chowdhury.

**Sj. Suhrid Mullick Chowdhury:**

মাননীয় স্পীকার, স্যার—রাজ্যপাল মহোদয়ার বক্তৃতার মধ্যে বলা হয়েছে যে এদেশের আইন-শৃংখলার ক্ষেত্রে রাজ্যের পরিস্থিতি শান্তিপূর্ণ ছিল। কিন্তু আমরা যদি দেশের প্রকৃত অবস্থা পর্যালোচনা করি, তাহলে আমরা দেখতে পাব যে তিনি যে কথা বলেছেন, দেশের প্রকৃত চিত্র তা থেকে অন্যরকম। আমরা দেখতে পাই যে পশ্চিমবাংলার প্রতিটি জেলায়, এমন কি কলকাতা শহরেতে পর্যন্ত, অপরাধীর সংখ্যা দিনের পর দিন বেড়ে যাচ্ছে। ডায়েরী খুলে যদি দেখা যায় এবং চলতি বছরের সঙ্গে যদি অন্যান্য বৎসরের তুলনা করা যায়—তাহলে দেখা যাবে যে অপরাধীর সংখ্যা ডায়েরিতে ভুক্ত করা হয়েছে, তা অন্যান্য বৎসরের তুলনায় অনেক বেশী। এখানে শুধু কলকাতার ব্যাপারটা আমি আপনার সামনে তুলে ধরতে চাই। সেখানে দেখবেন ১৯৫৭ সালে মার্ডার কেস ৪৬টি, রবারী ২৯টা, বার্গলারী ১০০৭, চাইল্ড-লিফটিং ৬৯টা সাইকেল থেফট্ ৪৯টা—অন্যান্য চুরি, অন্যান্য কেসেস অব থেফট্ ৪৪৭৭টা। আর পাশাপাশি জেলার খবর যদি নেওয়া হয়, সেখানেও দেখা যাবে অন্যান্য বৎসরের তুলনায় সেখানেও এই সমস্ত অপরাধের সংখ্যা নিয়মিতভাবে বেড়েই চলেছে। তারপর আর একটা জিনিস লক্ষ্য করবার সেটা হচ্ছে এই যে কলকাতার বুকের ওপর, কর্পোরেশনএর রাস্তার উপর এবং সেখানে যে সব ম্যান-হোলএর লোহ রয়েছে, সাধারণের বা সরকারী যেসব সামগ্রী রয়েছে, সেগুলি লরী করে রাজপথের উপর দিয়ে চোর চুরি করে নিয়ে যাচ্ছে, কিন্তু আজ পর্যন্ত সে সম্পর্কে কোন ব্যবস্থা পুলিস পক্ষ থেকে করা হয় নি। এই রকম ব্যাপার, খড়াপুরে সংঘটিত হয়েছে—রেলওয়ে ইয়ার্ডএর ভিতর জিনিসপত্র চুরি যাওয়ার খবর হামেশাই পাওয়া যায়, কিন্তু তার কোন হদিশ পাওয়া যাচ্ছে না। এইরকম অপরাধ এখানের সমস্ত জেলায় চলেছে। সেখানে আমরা দেখতে পাই প্রতিটি থানায় ইনসপেক্টর থাকেন বটে, কিন্তু তার সঙ্গে সঙ্গে থাকে অনারারী ভলান্টিয়ার্স যারা দালালি করে এইসব ইন্সপেক্টরএর এবং তাদের মাধ্যমেই এই সমস্ত চুরি ও অপরাধ প্রশ্রয় পেয়ে থাকে। এইরকম ঘটনা প্রত্যেকটি থানায় ঘটছে, দেখতে পাওয়া যাবে। তা ছাড়া আরও বিভিন্ন রকমের অপরাধ—শিশুদের নিয়ে, নারীদের নিয়ে অবাধ গতিতে চলেছে। তা ঠেকাবার কোন ব্যবস্থাই পুলিস পক্ষ থেকে আজ পর্যন্ত করা হয় নি। এইভাবে যদি চলতে থাকে, তাহলে দেশের অবস্থা কোথায় গিয়ে দাঁড়াবে সেই কথাটা পুলিস মন্ত্রী ও সরকার যেন একটু ভেবে দেখেন। এই প্রসঙ্গে বলতে গিয়ে আমাকে বলতেই হবে যে এই যে আজকে এইসব অপরাধের সংখ্যা

দিনের পর দিন বেড়েই চলেছে তার পিছনের কারণ হচ্ছে যদি আপনি দেখেন ডায়েরী খুলে, সেখানে আপনি দেখতে পাবেন যেসব অপরাধের ডায়েরী করা হয়, তার ২৫ ভাগের বেশী বিচার করার জন্য বিচারালয়ে পাঠান সম্ভবপর হয় না।

[3-50—4 p.m.]

তার মধ্যে এই ২৫ ভাগের মধ্যে মাত্র ১০ ভাগ অপরাধীর শাস্তি দেওয়া সম্ভবপর হয়। বাদবাকী আসামী সম্পর্কে পুলিস কোন ব্যবস্থা করে না। এইরকম ঘটনা ইতিপূর্বে ঘটেছে। আমরা জানি সকলেই জানি এখানে হত্যাকান্ড সংঘটিত হয় কিন্তু তার কোন হদিশ হয় না পুলিসের গাফিলতির জন্য। তার একটা ঘটনার কথা আমি তুলে ধরতে চাই। ১৯৫১ সালের ৫ই সেপ্টেম্বর একটি মার্ডার কেস সংঘটিত হয় কর্নওয়ালিশ স্ট্রীটে। আসামী পাঁচ বৎসর নিরুদ্দেশ থাকে। প্রেসিডেন্সি ম্যাজিস্ট্রেটের কোর্টে কেসটি ছিল। গত ১৯৫৭ সালের নভেম্বর মাসের ২০শে তারিখে আসামী ধরা পড়ে। গত ৩রা ডিসেম্বর তাকে কোর্টএ হাজির করা হয়। ম্যাজিস্ট্রেট সাক্ষ্য প্রমাণাদির জন্য ইনভেস্টিগেশন অফিসারকে তলব করেন কিন্তু কাগজপত্র জোড়াসাঁকো পুলিস স্টেশন বা লালবাজারের কোথাও পাওয়া যায় না। অথচ ১৯৫২ সালের মার্চ মাসে পাবলিক প্রসিকিউটর সমস্ত সাক্ষ্য প্রমাণাদি দেখে এই হত্যাকান্ড সম্পর্কে যে চার্জ-শীট দাখিল করেন তাতে বলা হয় এই হত্যাকান্ড ইচ্ছাকৃত হত্যাকান্ড। সেই সময় ডায়েরীতে আসামীর বিরুদ্ধে ১৩ দফা প্রমাণ সংগৃহীত আছে দেখা যায়। অথচ মজা এই যে ডায়েরী নিখোঁজ হলো পোস্টমর্টেমএর রিপোর্ট নিখোঁজ হল, আর্সেনিক ও কেমিক্যাল একজামিনেশন রিপোর্ট নিখোঁজ হল, এবং অন্যান্য সমস্ত আঞ্চলিক সাক্ষ্য প্রমাণাদি দেওয়াও সম্ভব হলো না। যদিও ঐ সকল রিপোর্ট সংগ্রহ করা এবং ঐ সংশ্লিষ্ট বিভিন্ন বিভাগ থেকে পাওয়া অসম্ভব ছিল না; ফলে আসামী বেকসুর খালাস হয়ে গেল প্রমাণের অভাবে।

এই প্রসঙ্গে ২৪-পরগনা জেলার টালিগঞ্জ থানা এলেকায় কিছুকাল পূর্বে সংঘটিত অন একটি হত্যাকান্ড সম্পর্কেও দেখতে পাওয়া যাবে এই হত্যাকান্ডের সঙ্গে সংশ্লিষ্ট আসামীদের কোনও প্রদেশের কংগ্রেসী গভর্নর পুলিশের নিকট অসত্য বিবরণী দিয়ে আসামীদের বাঁচাবার চেষ্টা করেছেন। এই তো অবস্থা। আসামীদের যদি এ ধরণে রক্ষা করা হয়, উচ্চপদস্থ সম্ভ্রান্ত ব্যক্তি যদি এভাবে আসামীদের সব সময় সমর্থন করে তাহলে এই হত্যাকান্ড দিনের পর দিন বেড়েই চলবে তা আমরা কাগজে প্রতিদিন দেখতে পাই এবং পাচ্ছি।

তারপর আই-জি, পিএর একটা স্টেটমেন্টএর কথা আপনার সামনে উপস্থিত করছি। তিনি তাঁর একটা স্টেটমেন্ট-এ সংবাদপত্রের প্রতিনিধির নিকট বলেছেন— সম্প্রতি হাওড়া জেলায় ৩৪ জন আসামীকে গ্রেপ্তার করা হয় তিনি শ্রী এইচ এন সরকারের নির্দেশমত যে ফার্ম মেজার নেওয়া হয় তার ফলেই এরা গ্রেপ্তার হয়। ঐ শহরে অত্যন্ত বেশী উপদ্রব সুরু হয়েছিল। কিন্তু, সরকার মহাশয় বলেছেনে যে কয়েকজন ইনফ্লুয়েন্সিয়াল ব্যক্তি এই সমস্ত আসামীদের মুক্তির জন্য চেষ্টা করছেন। তাঁর মতে এখানকার ছয়টি দলের সর্দার স্থানীয় ৬০ জন ব্যক্তিকে গ্রেপ্তার করলেই এই উপদ্রব দমিত হতে পারে। তাঁর মতে এই সমস্ত দলের পেছনে কয়েকজন ইনফ্লুয়েন্সিয়াল ব্যক্তি আছেন তাদের মধ্যে কেউ কেউ গত নির্বাচনের সময় দলগত প্রাধান্যের জন্যে এদের সংগঠিত করেন এবং নিয়মিত তাদের অর্থ সাহায্য ও অন্যান্য সাহায্য করে থাকেন। ইনি একটি বিশেষ কেসএর কথাও বলেন। সেখানে একজন ক্ষমতা সম্পন্ন ব্যক্তি চুরি ও অন্যান্য অপরাধে ধরা পড়ে। তার ফলে কর্তৃপক্ষ স্থানীয় ব্যক্তিদের নিকট পুলিস অফিসারের বিরুদ্ধে অভিযোগ করা হয়। এমন কি মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায়ের কাছেও জানাইয়া উহার মুক্তির চেষ্টা করা হয়।

তা ছাড়া সম্প্রতি আনন্দবাজার পত্রিকায় একটি খবর পড়েছি যে পুলিশের কার্যে রাজনৈতিক নেতাদের অবাঞ্ছিত হস্তক্ষেপের আরও ঘটনা দেখা যাবে আসানসোল, চুঁচড়া ও অন্যান্য অঞ্চলে। পত্রিকায় প্রকাশিত হয়েছে যে আসানসোল মহকুমায় পুলিস বিভাগের মধ্যে যে সৎ ও কর্মদক্ষ কর্মচারী না আছেন তাহা নহে কিন্তু তাদের বাধা দুদিক থেকে, প্রথমতঃ সহকর্মিদের মধ্যে অনেকেই আদর্শ ও কর্তব্যনিষ্ঠ নহেন। দ্বিতীয়তঃ রাজনৈতিক নেতারা ব্যক্তি ও দলের স্বার্থে

পুলিস অফিসারদের উপর তাঁদের প্রভাব প্রয়োগ করে থাকেন। কিছুকাল পূর্বে রানীগঞ্জের জনৈক লব্ধপ্রতিষ্ঠ মাড়োয়ারী ব্যবসায়ী ৮ লক্ষ টাকা আয়কর ফাঁকি দেয়। রানীগঞ্জের পুলিস সার্কেল ইন্সপেক্টর এই বিষয়ে সাহসের সঙ্গে তদন্ত সুরু করেন। এমন সময় উক্ত ব্যবসায়ী জনৈক এম. এল. এ মারফত কোন একটা জনহিতকর কার্যে ১ লক্ষ ২৫ হাজার টাকা সরকারের হস্তে দান করেন। সঙ্গেসঙ্গেই সার্কেল ইন্সপেক্টরএর বদলীর আদেশ হয় এবং আয়কর ফাঁকির তদন্তও সেই সঙ্গে চাপা পড়ে।

এই সঙ্গে খড়্গপুরের আর একটি ঘটনা এখানে উল্লেখ করা যেতে পারে। গত ১১ই জুলাই ১৯৫৭ সাল থেকে ২৭শে জুলাই ১৯৫৭ তারিখের মধ্যে ১৪০ পিস টিন চুরি হয় খড়্গপুর ইয়ার্ড থেকে। এই চুরি ঘটিত ব্যাপারে উচ্চপদস্থ পুলিস কর্মচারী খড়্গপুর পুলিস টাউন ইন্সপেক্টর জড়িত আছে বলে অভিযোগ আছে। পুলিসএর রিপোর্টএ এই ব্যাপারে বাঁকুড়া, বিষ্ণুপুর অঞ্চলের কোন কোন বিশিষ্ট কংগ্রেস নেতৃবর্গের নামও জড়িত আছে। ফলে দীর্ঘ কাল হয়ে গেল এই চুরির মামলার কোন কিনারা না করে মামলাটি ধামাচাপা দেওয়া হয়েছে। এ ছাড়া আরও অনেক ঘটনা আছে চোলাই মদ বিক্রী ইত্যাদি ঘটছে।

[The hon'ble member having reached his time limit resumed his seat.]

**Mr. Speaker:** Honourable members, I am sorry I have deprived the Chief Minister of presenting the report of the Joint Committee on the Calcutta Slum Clearance Bill, 1957, which should have been done before the debate started. I am allowing him to place it now.

## Report of the Joint Committee on the Calcutta Slum Clearance Bill, 1957.

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** Sir, I beg to place before the House the report of the Joint Committee on the Calcutta Slum Clearance Bill, 1957.

## Debate on the motion of address in reply to Governor's speech.

**Mr. Speaker:** Sj. Haridas Mitra may kindly speak

**Sj. Haridas Mitra:**
মিঃ স্পীকার স্যার, মাননীয় রাজ্যপালিকার ভাষণে প্রথমে লক্ষ্য করলাম যে বলা হয়েছে ১৯৫৬ সালে উদ্বাস্তু আগমন এদেশে হয়েছিল প্রায় আড়াই লক্ষ আর এ বছর অর্থাৎ ১৯৫৭ সালে হয়েছে মাত্র নয় হাজার। এর কোন কারণ মাননীয়া রাজ্যপালিকার ভাষণের মধ্যে আমরা দেখতে পেলাম না। বরঞ্চ একটা আত্মসন্তুষ্টির মনোভাব এই ভাষণের মধ্যে ফুটে উঠেছে। আমি জিজ্ঞাসা করতে চাই, তিনি কি জানেন যে পাকিস্তানে সম্প্রতি যে অবস্থার উদ্ভব হয়েছে তাতে সেখানে সংখ্যালঘুদের পক্ষে বাস করা অত্যন্ত কঠিন হয়ে পড়েছে। তিন লক্ষ মানুষ আজকে পশ্চিমবাংলায় তথা ভারতে আসবার জন্য পাকিস্তানে ভারতের ডেপুটি হাই কমিশনারের অফিসে প্রতিদিন হানা দিচ্ছেন। তাঁরা তাঁদের সম্পত্তি বিক্রী করেছেন, ঘটিবাটি পর্যন্ত বিক্রী করে দিয়েছেন, অথচ প্রতিদিনই তাঁদের হয়রানি হতে হচ্ছে হাই কমিশনারের ঢাকা অফিসে। ১৫ শো মাইল সীমান্ত, যেটা ভারতবর্ষে আসবার সীমান্ত পথ, সেখানে পাকিস্তানের সৈন্য মোতায়েন করা হয়েছে। জার্মানীতে হিটলারের সময় যে কনসেনট্রেসন ক্যাম্পের কথা আমরা শুনেছি, সেখানেও ঐরকম ফিরোজ খাঁ নুন হুকুম দিয়েছেন ভারতীয় হিন্দুদের জন্য কনসেনট্রেশন ক্যাম্প খুলবার। যাদের এ হুকুম দিয়েছেন, তাঁরা ভারতবাসী—তাঁরা ওখানে গিয়েছিলেন এখান থেকে পাসপোর্ট এবং পাকিস্তানের ভিসা নিয়ে। ভিসার তারিখ পেরিয়ে গেছে, তাই আইন অনুযায়ী ভিসা জমা দিয়েছেন, নতুন ভিসার আশায়, অথচ তাঁদের কোনও রসিদ দেওয়া হয় নি। আজকে তাঁদের বলা হচ্ছে যে বিনা ভিসায় তাঁরা এসেছেন। আজকে পশ্চিমবাংলা সরকারকে, ভারত সরকারের কাছে ঢাকা থেকে ভারতে মাইগ্রেসন দেবার এই নীতির পরিবর্তনের দাবী জানাতে হবে। তা না হলে এর সুযোগ নিয়ে, এই পশ্চিমবাংলার রাজ্যপালের ভাষণের সুযোগ

নিয়ে সমস্ত পাকিস্তান বিশ্বের দরবারে দেশদেশান্তরে বারবার প্রচার করবে যে তাঁরা পূর্ব পাকিস্তানের সংখ্যালঘুদের নিরাপত্তার ব্যবস্থা করে দিয়েছেন, তাঁরা সংখ্যালঘুদের স্বার্থকে, সম্ভ্রমকে, ইজ্জৎকে, সংস্কৃতিকে বজায় রাখবার বন্দোবস্ত করেছেন। মাননীয়া রাজ্যপালিকার এই ভাষণের প্রতিটি অক্ষর তাঁরা উদ্ধৃত করে আত্মপ্রচার করবেন। আমার মনে হয় একথা রাজ্যপালিকার ভাষণের মধ্যে পরিষ্কার রাখা উচিত ছিল, যে পূর্ব পাকিস্তানের হিন্দুর প্রায় তিন লক্ষ সংখ্যালঘুর দরখাস্ত রয়েছে, ভারতে আসবার জন্য। আরো হয়ত ১০ লক্ষ লোক এখনি এখানে আসতে চায়। তাদের আসবার পথ ভারত সরকার বন্ধ করে দিয়েছেন, ভারত সরকার সর্ত আরোপ করেছেন। এর তীব্র প্রতিবাদ আমরা করি।

[4—4-10 p.m.]

তারা রিফিউজী হবার কোন সুযোগ পাবেন না। এই সর্তের উপরে আজকে সেখান থেকে আসার পথ সত্যকারের বন্ধ করা হয়েছে। আমি মনে করি যে বিশেষ করে যে সমস্ত বাঙ্গালী এখান থেকে গিয়ে পাকিস্তানে আজকে আটকে রয়েছেন পাকিস্তানে যাদের ভিসা কেড়ে নেওয়া হয়েছে, যাদের পাসপোর্ট জমা করে নেওয়া হয়েছে—নানান রকম মিথ্যা চার্জে তাদের ফেলা হচ্ছে, নিরাপত্তার মূলে যাদের কুঠারাঘাত করা হচ্ছে, সেই সমস্ত ভারতবাসীকে, যাদের অধিকাংশ বাঙ্গালী, তাদের রক্ষা করার দায়িত্ব কি শুধু ভারত সরকারের? আমি ডাঃ বিধানচন্দ্র রায়কে অনুরোধ করব, তিনি ভারত সরকারকে এ বিষয়ে চাপ দিন, আমাদের এই বিধানসভা থেকে মন্ত্রিসভা থেকে, একযোগে এ সম্বন্ধে চাপ দেওয়া হোক। কারণ একদিকে সেখানে পুলিসের লাঞ্ছনা, আরেকদিকে পাকিস্তানের সৈন্য দলের অত্যাচার, আর ব্যবসাদারদের হামলা—সমস্ত নিপীড়ন মিলে আজকে সেখানে যে সমস্ত ভারতবাসী পাকিস্তানে রয়েছেন, তাদের জীবন ভাবন বিপন্ন হয়ে পড়েছে। তাদের জীবনেব এই দায়িত্ব আমাদের পরিষ্কারভাবে নিতে হবে। ফিরোজ খাঁ নুনের যে হুমকি সে হুমকির উপযুক্ত প্রত্যুত্তর দেবার আজকে প্রয়োজন হয়ে পড়েছে এবং সে প্রত্যুত্তর দেবার দায়িত্ব যদিও ভারত সরকারের, তবুও তাকে চাপ দেবার দায়িত্ব পশ্চিমবাংলা সরকারকে নিতে হবে। উদ্বাস্তু নীতির একটা পরিবর্তন আমরা লক্ষ্য করছি। দার্জিলিং কনফারেন্সএর পর থেকে একটা জিনিস পরিষ্কার হয়ে উঠেছে যে দায়িত্ব পরিহারের চেষ্টা বর্তমান পশ্চিমবাংলা সরকারের হয়েছে। তাঁরা বলছেন যে তাঁরা দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে সমস্ত সরকারী ক্যাম্প তুলে দেবেন। এবং এইসমস্ত ক্যাম্পএ যে দুই লক্ষ ৬৫ হাজার উদ্বাস্তু রয়েছেন তাদেব তাঁরা বাংলার বাহিরে পাঠিয়ে দেবেন। এই ফেব্রুয়ারি মাসের ১১ তারিখে ডাঃ রায়ের সঙ্গে এবং প্রফুল্ল সেন মহাশয়ের সঙ্গে আমরা সাক্ষাৎ করেছিলেম—সুদীর্ঘ আলোচনা হয়েছে, আমরা বারবার তখন তাঁদের উভয়কে বলেছিলাম বাংলাদেশে জমি রয়েছে, এবং কোথায় কি জমি আছে তার হদিশও আমরা তাঁদের কাছে দিয়েছি, এবং আমরা পরিষ্কারভাবে এই কথা বলেছি যে দুই লক্ষ একর জমি মালদা, বীরভূম, মেদিনীপুর, জলপাইগুড়ি ইত্যাদি যে সমস্ত জায়গায় রয়েছে সেইসব জমির উন্নতি করুন, সেইসব জমিতে সেচের উন্নতির ব্যবস্থা করুন, বৈজ্ঞানিক উপায়ে চাষের বন্দোবস্ত করুন। ডাঃ রায় আমাদের বলেছিলেন টাকা নাই, জমি থাকতে পারে। প্রকৃষ্ট উন্নতি করবার মতন এত টাকা আমাদের নেই। আমি তাঁকে পরিষ্কারভাবে জিজ্ঞাসা করতে চাই যে এস্টেটস এ্যাকুইজিশনএ সরকারের হিসেব ছিল ১২ লক্ষ বিঘা জমি পাবেন এবং তা ক্ষেতমজুরকে দেওয়া হবে কিন্তু তার মধ্যে কতটা জমি পশ্চিমবাংলার ক্ষেতমজুররা পেয়েছে? পশ্চিমবাংলার কৃষিজীবী দরিদ্র মানুষ কতটা জমি পেয়েছে? তার হিসেব কি ডাঃ রায় বলতে পারেন? এখানে বাগজোলা স্কীম হয়েছিল, সোনারপুর স্কীম হয়েছিল, এবং উদ্বাস্তু চাষীরা খাল কেটে, বিল ভরাট করে সেই জমিকে কৃষির উপযুক্ত করেছিল, সেখানে আমরা দেখেছি এখানকার চাষীর সঙ্গে উদ্বাস্তু চাষীদের একটা বিষম ঝগড়া বাঁধিয়ে দেবার চেষ্টা হয়েছে, মারামারি করবার চেষ্টা হয়েছে। পরিষ্কারভাবে এই সরকারকে আমরা জানাতে চাই, আমাদের দাবী অত্যন্ত পরিষ্কার। যেখানে পশ্চিমবাংলার কৃষকের জমি পাওয়ার প্রশ্ন আছে, জমিদারী দখল করার পর যে সমস্ত জমি বর্তমানে সরকারের প্রাপ্য হবে তার কোনও জমি উদ্বাস্তু কৃষকদের দিতে হবে না। কিন্তু সুদীর্ঘকাল ধরে যে সমস্ত জমি অনাবাদী হয়ে আছে, পতিত হয়ে আছে, যার জমিদার, দাবীদার, ভাগীদার কেউ নেই সেই জমিতে উদ্বাস্তু কৃষকের জন্য সরকার অন্ততঃ বৈজ্ঞানিক উপায়ে চাষ করবার সুযোগ দেন, সেচের সুষ্ঠু ব্যবস্থা

করে দেন। সমস্ত পশ্চিমবাংলার একটা সামগ্রীক উন্নতির জন্য, সমস্ত পশ্চিমবাংলার এই আনডেভেলপড ইকনমি-কে ডেভেলপ করবার জন্য এই সমস্ত বলিষ্ঠ চাষী মানুষদের তারা সুযোগ দেন। এই হচ্ছে আমাদের তাদের কাছে দাবী। তারপরে বাংলার পার্শ্ববর্তী প্রদেশে যেমন বিহারের সাঁওতাল পরগনা, উড়িষ্যার, পশ্চিমবাংলার সংলগ্ন জায়গা, আসামের সুর্মাভ্যালি, ত্রিপুরার অংশ বিশেষ প্রভৃতি জায়গার কথা বর্তমানে চিন্তা কেন করা হচ্ছে না? শুধুই সুদূর রাজস্থান মধ্যপ্রদেশ বেতিয়াতে নিয়ে যাওয়া হবে? আমি নিজে বেতিয়া গিয়েছি সেখানে ঘুরে ঘুরে দেখে এসেছি, যে ভয় কি এই—যে বাংলা ভাষাভাষী লোক যদি এইসব প্রদেশের আশেপাশে আনাচে-কানাচে সংলগ্ন সীমান্তে বসান হয় তাহলে ভবিষ্যতে বাংলা ভাষাভাষী লোকেদের সেইসব জায়গা ছেড়ে দিতে হবে? এই ভয় কি আসলে আছে? আমি এখন দণ্ডকারণ্যের সম্বন্ধে কিছু বলব। বিগত বিধানসভায়, আমরা প্রস্তাব পাশ করেছিলাম, সে প্রস্তাবে ছিল দণ্ডকারণ্যে কি করতে চান, কি ধরনের স্কীম এবং তাদের উদ্দেশ্য কি এই সম্বন্ধে পরিষ্কার আমাদের যদি জানান তবে আমরা সেটা বিবেচনা করব। আমি একথা বলছি না যে কোন বাঙ্গালী বাংলাদেশের বাহিরে কখনই যাবে না। কিন্তু বাংলাদেশের বাহিরে যাওয়ার পূর্বে তারা জেনে নিতে চায়, বুঝে নিতে চায়, পরখ করতে চায়, সেখানে তাদের কি অবস্থা হবে? আমাদের পশ্চিমবাংলা সরকার আমাদের সেই রকম স্কীম এই বিধানসভার সামনে আজও রাখেন নি। বিধানসভার প্রস্তাব অনুযায়ী কোন কাজ করেন নি এই দণ্ডকারণ্য সম্বন্ধে। সেই স্কীম যদি রাখতেন তাহলে আমরা সেই সম্বন্ধে বিবেচনা করতে পারতাম। আমি ডাঃ রায়কে এবং মাননীয় প্রফুল্ল সেন মহাশয়কে অনুরোধ করছি, যতক্ষণ পর্যন্ত সেই স্কীম না রাখবেন এবং আমরা যতক্ষণ পর্যন্ত না সেই স্কীমটা পরীক্ষা করে দেখতে পাব, ততক্ষণ পশ্চিমবাংলা থেকে কোন একজন উদ্বাস্তুকেও বাংলার বাহিরে নিয়ে যাওয়া চলবে না। আপনারা ডোল বন্ধ করে দিচ্ছেন বিভিন্ন ক্যাম্পএ, সর্বহারা মানুষের অপরাধ তারা বাহিরে যেতে চাইছে না। আমি আপনাদের হুশিয়ার করে দিচ্ছি উপোষ করিয়ে আপনি তাদের রাখতে পারবেন না, সেখানে তাদের বিরাট আন্দোলন গড়ে উঠবে। তাদের সেখানে বিপুল প্রতিরোধ গড়ে উঠবে। প্রতিরোধের সামনে, আন্দোলনের সামনে আপনারা অকারণে যাবেন না। প্রত্যেকটা আন্দোলনেই তো আপনারা ন্যাজে গোবরে হয়ে শেষ পর্যন্ত কম্প্রোমাইজ করেন। এই তো কদিন আগে শিক্ষক আন্দোলনে করলেন, কিন্তু অযথা, অকারণে এই নিষ্ঠুরতা এই হৃদয়হীনতার মধ্যে আপনারা যাবেন না—এই আমার অনুরোধ।

আমি স্কোয়াটার্স কলোনীর দুই একটা কথা বলব। ১৩৭টা স্কোয়াটার্স কলোনী আপনারা রেগুলারাইজ করবেন বলে ঘোষণা করেছেন। এবং ১৯৫৬ সালে শঙ্কর মিত্র মহাশয় যখন মন্ত্রী ছিলেন তখন তিনি একটা সার্কুলার দিয়েছিলেন যে সার্কুলারএর নম্বর হচ্ছে ১৮২৯৮, রেফঃ ১৪-৮-৫৬ পরিষ্কার ঐ সার্কুলারএর মধ্যে লেখা ছিল যে সমস্ত কলোনী অন দি প্রসেস অব রেগুলারাইজেশন সেসব কলোনীতে কোন উচ্ছেদ চলবে না। আজকে কয়েকদিন আগে রিজেন্ট কলোনীতে দুই গাড়ী পুলিস নিয়ে যাওয়া হয়েছিল, একজন ধনী ভদ্রমহিলার জমি থেকে ৯টা প্লট উচ্ছেদ করে দেবার জন্য। যেখানে পরিষ্কার দেখা গেল যে রিজেন্ট কলোনীর সেই সমস্ত প্লটগুলি ওন দি প্রসেস অব রেগুলারাইজেশন এবং সেই মর্মে ডাইরেক্টর অব স্কোয়াটার্স কলোনী আমাকে চিঠিও লিখেছেন, তবে কেন এরকম হয়? আর একটি অত্যন্ত সিরিয়াস বিষয়ে আমি, ডাঃ রায় আপনাকে, বিশেষ কোরে জানাতে চাই। আপনি সোশ্যালিস্টিক সোসাইটি তৈরি করছেন, সমাজতান্ত্রিক রাষ্ট্রকে গড়ে তুলছেন, আর আমার আজাদগড় কলোনীর ভিতরে ১৫টা প্লট দরিদ্র বাস্তুহারা মানুষকে আপনি ছেড়ে দেবার নোটিশ গত ২৮শে তারিখে দিয়েছেন—কার জন্যে? তিনি হচ্ছেন মিসেস কে আর চৌধুরী। যিনি শিলংএর আই-জি অব পুলিস—তাকে ৪২ কাঠা জমি ছেড়ে দিতে হবে, আপনার নোটিশে। কিসের জন্যে, কোন অধিকার আছে আপনার? যেখানে ১৫টা উদ্বাস্তু পরিবার আপনার সরকারের কাছ থেকে কোনও সাহায্য না নিয়ে বরং নানা অত্যাচার সহ্য করে ৭০ হাজার টাকা খরচ কোরে বাড়ীঘর নিজেরা তৈরী করেছে, টিউব-ওয়েল বসিয়েছে, পাকা দালান করেছে আপনি তাদের তুলে দেবেন। কেন না ঐ যে ধনী পুলিসের আই-জি তাকে জমি ছেড়ে দিতে হবে। যেখানে অত্যন্ত পরিষ্কারভাবে আপনি বলেছেন, আপনার সরকারের ঘোষণা রয়েছে, আপনার সরকারী নীতি রয়েছে, যে, যে

সমস্ত কলোনী অন দি প্রসেস অব রেগুলোরাইজেশন, যেখানে মানুষ বসেছে, সেখান থেকে উঠাবেন না। আর আপনি করছেন কি? একজন ধনী ব্যক্তির স্বার্থের জন্যে তার সুবিধার জন্যে, আপনি ১৫ জন বাস্তুহারা দরিদ্র পরিবারকে সেখান থেকে তুলে দিতে চান? কোন অধিকারে আপনি এটা করতে চান? জিজ্ঞাসা করি এখানে কোন আদর্শের দ্বারা, কোন ন্যায় নীতির দ্বারা কোন মনুষ্যত্ববোধের দ্বারা আপনার সরকার চালিত? আপনি আগরপাড়ায় বিড়লার টেক্সম্যাকো কোম্পানির জন্য ৩০০ পরিবারকে তুলে দিচ্ছেন, এবং সেই টেক্সম্যাকো কোম্পানি পিছনের পল্লীগুলির ৩০০ পরিবার যাদেরকে তুলে দিচ্ছেন তাদের আপনি লোনও দিয়েছিলেন। তারা কো-অপারেটিভ বেসিসএ স্কুল করেছে, ২৯ হাজার টাকা সেই স্কুল বিল্ডিং-এ খরচ করেছে। আমি আপনাকে তার জন্য চিঠি লিখে পাঠিয়েছিলাম—আপনি জবাব দেন নি। মেমোরেন্ডাম পাঠিয়েছিলাম তাদের পক্ষ হয়ে, তাহারও জবাব দেন নি। টেক্সম্যাকো বিড়লার কোম্পানী; তার আশেপাশে ঐ কোম্পানির প্রচুর জমি রয়েছে যেখানে তারা ডেভেলপমেন্ট করতে পারে। এই ৩০০ পরিবার যেখানে বসেছে, যেখানে নিজেদের চেষ্টায় তারা বাড়ী তৈরী করেছে, অথবা সরকারী লোনেও ঘর তুলেছে। সেটা ছেড়ে দিলে তো অনায়াসে চলতে পারে। আপনারা সেটা পর্যন্ত করার প্রয়োজন মনে করছেন না। শুধু তাই নয়, এই টেক্সম্যাকো কোম্পানির সংগে ১৯৪৮ সালে আপনার সরকারের একটা শর্ত হয়েছিল যখন তারা এর আগে ফ্যাক্টরীর জন্য জমি বাড়িয়ে নেয়। সেই শর্ততে পরিষ্কার যা লেখা ছিল, তা আমার কাছে আছে। তাতে লেখা ছিল যে বাঙ্গালীকে, ঐ স্থানীয় লোককে সেই টেক্সম্যাকো কোম্পানীতে চাকরী দিতে হবে। ঐ সব শর্ত অনুযায়ী তারা জমি ছেড়ে দিয়েছিলেন। কোম্পানি বলেছিলেন তারা সেখানে যে হাসপাতাল তৈরী করবে, সাধারণ লোকও চিকিৎসার সুযোগ পাবে, যেমন সেখানকার শ্রমিকরা পাবে। বিড়লার কোম্পানি, কোন শর্ত রাখে নি। গভর্নমেন্টএর সংগে যে সমস্ত টার্মস হয়েছিল—কোন একটা টার্ম টেক্সম্যাকো কোম্পানি মানে নি, বা মানবার প্রয়োজন বোধ করে নি। কোন বাঙ্গালী, স্থানীয় মানুষকে দুই-একজন ছাড়া চাকরী পর্যন্ত দেয় নি।

[4-10—4-20 p.m.]

হাসপাতাল করেন নি, রাস্তাগুলির ব্যবস্থা করেন নি, আজকে আবার আপনারা ল্যান্ড এ্যাকুইজিশন করবার জন্য সেখানকার তিনশো পরিবারকে নোটিস দিয়েছেন; ফলে, তারা পুনরায় উদ্বাস্তু হতে চলেছে। আমরা চিঠি লিখেছি, আপত্তি জানিয়েছি, আপনারা তার উত্তর পর্যন্ত দিচ্ছেন না। মাননীয় ডাঃ রায়কে একটি খোলা কথা বলি, এর একমাত্র কারণ আমার মনে হয়, এইসব জায়গা থেকে, আমরা লক্ষ্য করে দেখেছি কংগ্রেস প্রার্থীরা এবার নির্বাচিত হন নি। এরজন্যই কি আপনারা এতগুলি গভর্নমেন্ট ক্যাম্প যার ২ লক্ষ ৬৫ হাজার অধিবাসী তাদের পশ্চিমবাংলার বাইরে ঠেলে পাঠিয়ে দেবেন? এই বলে আপদ বিদেয় হোক, যাতে ভবিষ্যতে ওখানে কংগ্রেস সীট নিরাপদ হয়ে যায়? কোনো জায়গার স্কোয়ার্টার্স কলোনীর একটি লোকও গত নির্বাচনের সময় কংগ্রেসকে ভোট দিয়ে জিতিয়ে দেন নি, এটা আপনারা সবাই জানেন। (এ ভয়েস ফ্রম কংগ্রেস বেঞ্চ দাদা ভুল বকছেন।) নিশ্চয় ভুল নয়, সারা বাংলার একটা জায়গা বাদে সেখানেও স্কোয়াটার্স কলোনী নেই। আমি স্কোয়াটার্স কলোনী সম্বন্ধে ডাঃ রায়ের কাছে গত ১১ই ফেব্রুয়ারির কনফারেন্সএর সময় এ্যাপীল করেছিলাম। আমি বলেছিলাম স্কোয়াটার্স কলোনীর অধিবাসীদের জন্য হাউস-বিল্ডিং লোনের ব্যবস্থা করতে হবে। কিন্তু তিনি তাও করেন নি। আর গভর্নমেন্ট কলোনীগুলিতে আপনারা চার কাঠা জায়গা, দু বান্ডিল টিন আর সাড়ে সাতশো টাকা লোন দিয়েই মনে করলেন দায়িত্ব খালাস। তারপর তারা, এই উদ্বাস্তুরা, খাবে কি?

তারপর ১১টা মিল করবো বললেন। কিন্তু ৫টার বেশীত কাজ সুরু করেন নি। কবে করবেন, জানাবেন কি?

**Sjkta. Labanya Prova Ghosh:**

মাননীয় অধ্যক্ষ মহোদয়, রাজ্যপাল তার ভাষণে হিসাবে দিয়েছেন যে তাঁর সরকার কি কি করেছেন।

দেশের দুঃখকষ্টের ব্যাপকতা আজ ভয়াবহ আকারে চতুর্দিকে দেখা দিয়েছে। এই দুঃখের পরিমাণ এবং দিকসমূহ ও সমস্যাসমূহ দরদ দিয়ে আলোচনা করার প্রয়োজন ছিল এবং সামনের বৎসরের কর্মযাত্রার প্রতি তাঁর নির্দেশ দান করা উচিত ছিল। কারণ জনগণের শক্তিতে ও সরকারের সহায়তায় আজ দেশে কষ্টের হাত থেকে উত্তীর্ণ হতে হবে। এবং সেই লক্ষ্যে, সেই সহযোগিতার পথে কর্মধারা কি হতে পারে? তার নির্দেশ রাজ্যপাল কিছু দেবার প্রয়োজন বোধ করেন নি, দুঃখের প্রতি তাঁর সমবেদনা নেই। দীর্ঘকাল ধরে অনুন্নত পুরুলিয়ার অর্থনৈতিক জীবন বিপন্ন, তার উপর ভয়াবহ অন্নকষ্ট। পুরুলিয়ার শাসনব্যবস্থা আজ পঙ্গু, অপব্যবস্থিত। বাংলার সমস্ত জেলার মধ্যে পুরুলিয়া আজকে সবচেয়ে দুর্গত। সেই পুরুলিয়াবাসীর দুঃখ-কষ্টের প্রতি গভর্নরের ভাষণে সমবেদনা নেই। রাজ্যপালের ভাষণের ভিতর দিয়েই বাংলার অন্যান্য স্থানের বিষয়েও যা উল্লেখ করা হয়েছে, তা থেকে রাজ্যপালের মনোভাব আমরা অনুভব করছি। দুঃখের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি রাজ্যপালের ভাষণ পরিসংখ্যান বিভাগের প্রচারপত্র হয়েছে মাত্র। রাজ্যের বিভিন্ন মানুষের বিভিন্ন দুঃখ বেদনার প্রতি ও তাঁদের বিভিন্ন সমস্যার প্রতি তাঁর উপলব্ধি নেই। তারপর দেশের খাদ্য পরিস্থিতি সম্বন্ধে আমি উল্লেখ করতে চাই। এই সভার সদস্যরা তথা জনসাধারণ জানেন যে আমরা তদন্ত করে দশ জনের অনাহার জনিত মৃত্যুর ঘটনা দিয়েছি। আপনারা জানেন আমাদের জেলায় ব্যাপক শস্যহানী হয়েছে, নিদারুন অন্নকষ্টের কথা আমরা বারম্বার বলেছি। আমাদের জেলার এ বৎসরের শস্য উৎপাদনের যে হিসাব খাদ্যমন্ত্রী মহাশয় আমাদের দিয়েছেন তা যে কত অবাস্তব ও ভিত্তিহীন তা আপনারা সকলে জানেন।

অনাহারে মৃত্যুর ঘটনাগুলির বিষয় সরকার এখনও পর্যন্ত প্রকাশ্যে কিছু বলতে সাহস করেন নি। অনাহারে মৃত্যুর ঘটনা এবং জেলায় শস্যহানির পরিমাণ বিষয়ে সম্মিলিত তদন্তের জন্য আমরা বরাবরই দাবী করছি। কিন্তু সরকার তা করতেও সাহস করেন নি এবং অন্নকষ্টের প্রতি দায়িত্ব এড়াবার জন্য সত্য অবস্থাকে সরকার চাপা দিতে চান। সরকার এই যে ভিত্তিহীন তথ্য দিতে চান, এটা কোন সরকারের জনকল্যাণ করার মনোভাবের পরিচায়ক নয়, জনসাধারণের বাঞ্ছিত শাসনধারাও নয়। মন্ত্রীমণ্ডলীর এই মনোভাবের পরিবর্তন সাধনের জন্য রাজ্যপালের পথ প্রদর্শন করা উচিত ছিল।

**শাসনব্যবস্থাঃ** অত্যন্ত দুঃখের বিষয় এক বছরের উপর হয়ে গেল রাজ্যসরকার এখনও পর্যন্ত পুরুলিয়ার শাসনব্যবস্থাকে স্বাভাবিক পর্যায়ে দাঁড় করাতে পারলেন না। রাজ্যসরকারের পক্ষে এটা গৌরবজনক নয় যোগ্যতার ও ব্যবস্থাশক্তির দৃষ্টিতে। প্রয়োজনীয় সংখ্যক অফিসার এখনও নিযুক্ত হয় নি। অধিকাংশ বিভাগই এখন ব্যবস্থাহীন অবস্থায় পড়ে রয়েছে। এ সম্পর্কে উদ্যোগ, আয়োজন, পরিকল্পনা কিছুই এখনও সুরু হয় নি। আমাদের শাসনের সকল ক্ষেত্রেই, অপব্যবস্থা, অভিনয় এবং জটিলতা চলছে। প্রয়োজনীয় সংখ্যক ম্যাজিস্ট্রেট না থাকায় জেলার শাসনক্ষেত্রে ও বিচারক্ষেত্রে কাজ পড়ে থাকছে। কাজ জমে থাকার ফলে বহু জনের মামলা মাসের পর মাস ঝুলিয়ে রাখা হয়েছে, এবং তাতে জনসাধারণের অশেষ হয়রাণী ভোগ করতে হচ্ছে ও বিচারের নামে অবিচার চলছে। অফিসারের অভাবে, এমন কি বিচারক্ষেত্রে ম্যাজিস্ট্রেটরা পুলিসের উপর সম্পূর্ণ নির্ভর করে কাজ চালাচ্ছেন, যা সম্পূর্ণ অবাঞ্ছিত এবং ন্যায়বিচারের পরিপন্থী। উপযুক্ত অফিসারের অভাবে ঋণদান ও অন্যান্য সহায়তা কাজের মধ্যে অতি বিশৃঙ্খলা ঘটছে। আমরা শুনেছি স্থানীয় কর্তৃপক্ষ থেকে পাঁচজন সার্কেল অফিসার চাওয়া হচ্ছে। বহু দিন থেকে এর প্রয়োজনের কথা বলা হয়েছে, কিন্তু এখনও পর্যন্ত তা না দেওয়ায় কাজ গুরুতরভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। একটা জেলার শাসনব্যবস্থার মূল কাঠামোই যদি এইভাবে চলে, এবং তা যদি মাসের পর মাস ধরে চলতে থাকে, তাহলে তার দ্বারা সরকারের বহুবিঘোষিত পরিকল্পনা, জনকল্যাণ, উন্নয়ন প্রভৃতির কাজ সম্ভব হবে কি করে? বাংলার আগত এই নতুন জেলার বিভিন্ন সমস্যার প্রতি রাজ্যপাল মনোযোগ প্রদান করবেন আমরা আশা করেছিলাম। সরকার থেকে এই জেলায় জানান হয়েছে যে পুরুলিয়া জেলায় যারা বঙ্গভুক্তির পর থেকে বাংলা সরকারের অধীনে চাকরী করছেন তাদের মধ্যে থেকে ১৮০ জনকে সরকার

বিহারে ফেরত দেবার জন্য দাবী করেছেন। কর্মরত কর্মচারীদের প্রতি এই ব্যবস্থা যে নিতান্ত অবাঞ্ছনীয়, এদের বিনা সম্মতিতে এখন ফেরত দেওয়া যে অসংগত, এ বিষয়ে গভর্নর কর্তৃক মন্ত্রীমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করা উচিত ছিল।

বিহার শাসন থেকে আগত কর্মচারীদের বিষয়ে এখনও পর্যন্ত চূড়ান্ত ব্যবস্থা হল না। গভর্নর তার প্রতি লক্ষ্য দেন নি বলে, আমরা অত্যন্ত দুঃখিত। বাংলার পর্যায়ে শাসন পুরুলিয়া জেলার শাসনব্যবস্থাকে এই দীর্ঘ এক বৎসরের অধিককালের মধ্যে বাংলার ধারায় রূপান্তরিত করার চেষ্টা সরকার করেন নি। আমরা দেখতে পাচ্ছি বিশেষ উদ্দেশ্যেই তাঁরা করেন নি। জনগণের সুবিধাজনক ব্যবস্থাগুলি প্রবর্তন করতে বললে, সরকার বলেন আইনের পরিবর্তন সময়সাপেক্ষ, জটিল ব্যাপারের জন্য আরও সাবধানতা চাই। অথচ আমরা দেখতে পাচ্ছি জনগণকে অসুবিধায় ফেলার মত বাংলার আইনের প্রয়োগ হচ্ছে, এবং তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থার পরিবর্তন হচ্ছে। কিন্তু জনগণের সুবিধানজক ব্যবস্থার প্রবর্তন হচ্ছে না। জনগণের অসুবিধাজনক বাংলার সেলস ট্যাক্স প্রবর্তন করার সুবিধা সরকারের হচ্ছে। কিন্তু বাংলার আইনে জনগণের সুবিধাজনক কোর্ট-ফি আইন সরকার প্রবর্তন করার সুবিধা বোধ করছেন না। বঙ্গ-বিহার হস্তান্তর আইন অমান্য করে কর্মচারীদের অনেক পাওয়া সুযোগসুবিধা নষ্ট করার মত ব্যবস্থা করতে সরকারের সময়ের অভাব হচ্ছে না, অথচ ওখানকার কর্মচারীদের "পে স্কেল" বাংলার পর্যায়ে করার সুবিধা সরকারের হচ্ছে না।

[4-20—4-30 p.m.]

বাংলা সরকারের দৃষ্টিতে ন্যায়সংগত বলে কর্মচারীদের বর্তমান পে-স্কেল করা হয়েছে। বাংলায় আগত পুরুলিয়ার কর্মচারীরাও কর্মচারী এবং মানুষ তাহলে এই ন্যায়সংগত অধিকার থেকে তাদের একদিনের জন্যও বঞ্চিত রাখা খুবই অন্যায় হচ্ছে। বিহারের ধারায় গঠিত পুরুলিয়ার শিক্ষাজীবনের পরিবেশে হঠাৎ পরিবর্তন আনাও অবাঞ্ছিত। তা সত্ত্বেও যুক্তিসংগত কারণে বহু ক্ষেত্রে নিষেধ করা সত্ত্বেও শিক্ষক নিয়োগ বিষয়ে বাংলার আইন জারি করা হচ্ছে। কিন্তু দরিদ্র শিক্ষকদের সুবিধার লক্ষ্যে বাংলার পে-স্কেল তাদের দেওয়া হচ্ছে না—এইজন্য যে বাংলার আইন করার অসুবিধা আছে। বাংলার অসুবিধাজনক জামিন ব্যবস্থা প্রবর্তনের সময় সরকারের হচ্ছে—কিন্তু সুবিধাজনক রেজিস্ট্রেশন ব্যবস্থার প্রবর্তন করার সময় সরকারের হচ্ছে না। এমন কি, চাকরির ক্ষেত্রে বাইরে থেকে লোক নিয়োগ করে জেলার ছেলেদের অধিকার ও ভবিষ্যৎ নষ্ট করার সময় সরকারের হচ্ছে। অথচ জেলার বিভিন্ন বিভাগের উদ্বৃত্ত কর্মচারিদের বিহার আইনের গৃহীত পুরাতন কর্মচারী বলে গণ্য করা হচ্ছে না। বাংলার আইনের অজুহাতে নতুন চাকরিয়া বলে তাদের গণ্য করা হচ্ছে। সময়, সুযোগ, জটিলতা প্রভৃতি এই সমস্ত প্রশ্ন মিথ্যা অজুহাত মাত্র। এ শুধু জনপীড়ন ও শোষণের মনোভাবেরই পরিচায়ক হচ্ছে। এই নবাগত জেলার সরকারের সর্বাঙ্গীন আইন ব্যবস্থার যে গুরু দায়িত্ব সরকারের ছিল, সে দায়িত্ব সরকার পালন করেন নি। তার প্রতি মন্ত্রীমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করা রাজ্যপালের অপরিহার্য কর্তব্য ছিল কিন্তু দুঃখের বিষয় তিনি তা করেন নি।

**Dr. Brindabon Behari Basu:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়—মাননীয় রাজ্যপাল মহাশয়া তাঁর ভাষণে পশ্চিমবঙ্গের যে চিত্র তিনি এঁকেছেন, এবং সেইসঙ্গে পশ্চিমবঙ্গ সরকারের যে নীতি তিনি জানিয়েছেন—তা অত্যন্ত অবাস্তব এবং বর্তমান পশ্চিমবঙ্গের সমস্যাসংকুল অবস্থার সঙ্গে তাকে সমাধান করবার কোন সুযোগ, তার কোন নির্দেশ তার মধ্যে দেন নি। তার বিবৃতিতে প্রধানতঃ বিভিন্ন বিভাগের পরিসংখ্যানের স্থান পেয়েছে এবং অতীতের কার্যগুলি ও নীতির ব্যাখ্যা পুনরায় উল্লেখ করা হয়েছে। তার ভাষণের এক জায়গায় তিনি স্বাস্থ্য বিভাগের কথা বলেছেন—স্বাস্থ্য বিভাগের মধ্যে পশ্চিমবাংলায় প্রধানতঃ দুইটি বিভাগ অত্যন্ত পশ্চাৎপদ—চাইল্ড-ওয়েলফেয়ার ও মেটারনিটি। এই সম্বন্ধেই আমি আজ কিছু বলব। চাইল্ড-ওয়েলফেয়ার ও মেটারনিটি পশ্চিমবঙ্গে অত্যন্ত পশ্চাৎপদ বিভাগ। গত ১০ বৎসরের মধ্যে মাত্র ৩৬টি চাইল্ড-ওয়েলফেয়ার ও মেটারনিটি ক্লিনিক খোলা হয়েছে। যদিও পঞ্চবার্ষিক পরিকল্পনায় এই বিভাগের দ্রুতভাবে কাজ করার কথা ছিল, কিন্তু তা সম্ভব হয় নাই। তারপর এই বিভাগ—পশ্চিমবঙ্গ স্বাস্থ্য

বিভাগের মধ্যে একটা অত্যন্ত গুরুতর বিভাগ হল ই. এস. আই. এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ, স্টেট ইনসিওরেন্স—সরকারী কর্মচারী বিভাগ। এই বিভাগের আওতার মধ্যে প্রায় ৪ লক্ষ শ্রমিক এসেছে—তাদের চিকিৎসার যে অত্যন্ত অব্যবস্থা চলেছে তা তার বিবৃতির মধ্যে স্থান পায় নি আমরা দেখেছি যে এই বিভাগ খোলার সময় থেকে সরকারের প্রতিশ্রুতি ছিল এই বিভাগের জন্য সম্পূর্ণ সেপারেট হসপিটাল থাকবে, সেপারেট স্টাফ থাকবে এবং শ্রমিকরা যথোপযুক্ত চিকিৎসার সুযোগ পাবে। কিন্তু দেখতে পাচ্ছি আজ পর্যন্ত তাদের জন্য কোন সেপারেট হসপিটাল হয় নি। উপরন্তু যে সমস্ত হসপিটাল আছে, তার মধ্যেই তাদের অল্প সংখ্যক বিছানা দেওয়া হয়েছে এবং বিছানায় অধিকাংশ শ্রমিকের স্থান হয় না। কাজেই অধিকাংশ শ্রমিক প্রয়োজন মত ইনডোর ট্রিটমেন্টএর সুযোগ পায় না। তা ছাড়া স্পেশ্যালিস্ট ডাক্তার যা রাখা হয়েছে অধিকাংশই তারা কোন না কোন হাসপাতালের বহির্বিভাগ বা অন্তর্বিভাগে চাকরি করেন এবং দিনের মধ্যে মাত্র কয়েক ঘণ্টার জন্য স্টেট ইনসিওরেন্সএ কাজ করে থাকেন—যার ফলে শ্রমিকদের অত্যন্ত অসুবিধা ভোগ করতে হয়। কিন্তু এই অসুবিধাই শেষ নয়—তাদের আরও অসুবিধা ভোগ করতে হয়। স্পেশ্যালিস্টএর কাছে যখন সেই প্যানেল ডাক্তাররা সেই শ্রমিকদের পাঠান, তখন একদিনে তাদের কাজ শেষ হয় না। তারা সেখানে গিয়ে দেখে যে তিন-চারশ রোগী সেখানে লাইন দিয়ে দাঁড়িয়ে আছে। সুতরাং একদিনে স্পেসিয়ালিস্টদের দিয়ে তাদের দেখানর সুযোগ হয় না। তার কারণ দেখা গিয়েছে, স্পেশ্যালিস্টরা হয়ত ১ ঘণ্টা বা দুই ঘণ্টার জন্য আসেন কিন্তু রোগীর সংখ্যা থাকে চারশো। ঐ দিনে যে সমস্ত শ্রমিক স্পেশ্যালিস্টদের কাছে আসেন, সেইদিন কারখানায় তারা ছুটি ভোগ করতে পারেন না এবং সেদিনের মজুরি তাদের নষ্ট করতে হয়। সরকার এইদিকে আমার মনে হয় বিশেষ করে দৃষ্টি দেন নি। কারণ যদিও শ্রমিকরা গাঁটের পয়সা খরচ করে প্রতি মাসে তাদের আয় থেকে প্রিমিয়াম দিয়ে থাকেন এবং এই বাবদ যথেষ্ট টাকা সরকারের হাতে গচ্ছিত থাকা সত্ত্বেও তারা এই বিভাগকে উন্নত করতে কোন চেষ্টা করেন নি। পল্লী অঞ্চলের ইউনিয়ন হেল্থ সেন্টার প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে যে সংখ্যায় করা উচিত ছিল তা তারা করতে পারেন নি। যেগুলি বর্তমানে আছে, তার অবস্থাও এত শোচনীয় যে তার বর্ণনা দেওয়া সম্ভবপর নয়। আমি কয়েকটা উদাহরণ এখানে দেব। পল্লী অঞ্চলের হেল্থ সেন্টারগুলিতে আজ পর্যন্ত আধুনিক যন্ত্রপাতি সরবরাহ করা হয় নি। সাবডিভিশনাল হসপিটালগুলির অবস্থা বা থানা হেল্থ সেন্টারগুলির বিশেষ কোন বিভাগ আজও খোলা হয় নি। ১০-১৫-২০টা বেডযুক্ত হাসপাতাল সেখানে আছে, কিন্তু সেখানে সার্জিক্যাল ওয়ার্ড, মেটারনিটি ওয়ার্ড নেই—এমনকি টিউবারকুলোসিসএর জন্য কোন আউটডোর আজ পর্যন্ত খোলা হয় নি। বিশেষ উদাহরণস্বরূপ হাওড়া জেলার একটা হাসপাতালের কথা বলব। হাওড়া জেলার জেনারেল হসপিটাল ২০০ শত শয্যা বিশিষ্ট একটি হাসপাতাল। সেখানে ১৯২৪ সালে মাত্র একটি এক্স-রে প্ল্যান্ট এসেছিল। সেই একটি এক্স-রে প্ল্যান্টএ এক লক্ষ শ্রমিকের কাজ হয় এবং ১৫টা ইউনিয়ন হেল্থ সেন্টার এবং চারটি থানা হাসপাতালের কাজ করা হয়। অথচ এই মেশিনটা বৎসরের মধ্যে কয়েক মাস কাজের অযোগ্য থাকে। তারপর সে হাসপাতাল আজ পর্যন্ত যদিও কলকাতার সন্নিকটে সেই জেনারেল হসপিটাল ডাইরেক্টলি সরকারের পরিচালিত। অথচ সেখানে কোন ক্লিনিক্যাল এনেসথেটিস্ট বা কোন ক্লিনিক্যাল প্যাথলজিস্ট নেই। হাওড়া জেলা শ্রমিক অঞ্চল, সেই অঞ্চলের এক লক্ষ শ্রমিক স্টেট ইনসিওরেন্সএর আওতায় এসেছেন। সেখানে দৈনিক টি-বি আউটডোরএ ১৫০ থেকে ২০০ রোগী তাদের চিকিৎসার জন্য উপস্থিত হয় এবং তার মধ্যে শতকরা একটি রোগীও বৎসরের মধ্যে কোন সরকারী হাসপাতালের ইনডোরএ ভর্তি হবার সুযোগ পায় না। এবং যে আউটডোরটি চালু আছে সেই আউটডোরটি অতীতের একটা মিনিয়েলস কোয়াটারস ছিল। সেই কোয়াটারএর সামান্য একটু পার্টিসন করে আউটডোররূপে ব্যবহার করা হচ্ছে। এইভাবে দেখতে পাচ্ছি রাজ্যপালের বক্তৃতার মধ্যে হাসপাতালের কোন উন্নতি হয় নি এবং তার প্রমাণ দেখতে পাওয়া যায় হাওড়া জেলা হাসপাতালের দিকে চাইলে।

[4-30—4-40 p.m.]

**Sj. Durgapada Das:**
স্পীকার মহোদয়, রাজ্যপালের ভাষণে অনেকেই বলে গিয়েছেন যে আত্মতুষ্টির চিত্র অঙ্কিত হয়েছে। আমিও একথা মনে করি—আত্মতুষ্টির চিত্রই সেখানে আঁকা হয়েছে এবং বাস্তবের সঙ্গে তার সামঞ্জস্য কিছু আছে বলে মনে হয় না। কৃষি প্রধান দেশে চাষের কথা, খাদ্যের কথা নিয়ে আরম্ভ করেছেন, এবং চাষের ভয়ানক রকম উন্নতি হয়েছে এইরকম কথাই আমরা এই ভাষণে পাচ্ছি। চাষের প্রয়োজনীয়তার দিক থেকে সেচের প্রয়োজনীয়তাই প্রথমে ওঠে। সেই সেচের জন্য আমাদের জেলায়, বিশেষ করে যে ময়ুরাক্ষী পরিকল্পনা হয়েছে সেই ময়ুরাক্ষী পরিকল্পনা দ্বারা অনেকেই উপকার পাচ্ছেন—একথা মুক্তকণ্ঠে স্বীকার করতে হবে। সাড়ে তিন লক্ষ একর জমিতে সেখানে জল দেওয়া হচ্ছে বলা হয়েছে কিন্তু জল দেবার জন্য যে রীতিনীতি আছে, সেটা কোথা থেকে তৈরি করা হয়েছে জানি না। সেখানে জল দেবার জন্য কতকগুলি দিন ও তারিখ ঠিক করা হয়েছে—সেই তারিখ না হলে জল দেওয়া হবে না।

বীরভূমের চাষী যদি বলে আষাঢ় মাসের প্রথম দিকে জল দাও, আষাঢ়ের চাষ শুরু করি, তাঁরা বলবেন তা নয়, তাদের যা দিন আছে সেই দিনে তারা জল দেবেন। পরে আবার কতদিন পরে জল দেওয়া হবে তার একটা ব্যবস্থা করা আছে। তাঁরা যদি বলেন চাষ করেছি কিছুটা মাটি ফাটছে, ধান মরছে, জল দাও, সরকার বলবেন তা নয়, এবং কত একরে কত ডিউরেসন প্রভৃতি এই দরের বড় বড় টেবিল সামনে ফেলে দিয়ে অঙ্কের ব্যাপারটা বুঝিয়ে দেবেন, কিন্তু অঙ্কে ধান বাঁচে না, ধান বাঁচলোও না বহু জায়গায় ধান মরলো। বহু জায়গায় অনাবৃষ্টির জন্য গতবার দেখেছি ক্যানেল তৈরী হয়েছে, বহু ব্যয় হয়েছে। প্রথম যখন তৈরী হয়েছে তখন কিছু কিছু ভুলভ্রান্তি হয়েছে। হয়ত এমন জায়গা দিয়ে গেছে যেখানে পার্শ্ববর্তী অঞ্চলে জল উঠবে না। ক্যানেলে পুরা জল রয়েছে, অথচ দুই পাশে ধান মরছে, সেখানে কোন জায়গায় হয়ত ক্যানেল সংস্কার করতে হবে, একটা ছোট ক্যানেল হয়ত বের করতে হবে। কোন জায়গায় সেখানে ক্যানেল শেষ হয়েছে সেখানে কিছুটা হয়ত বাড়িয়ে দিতে হবে, কোন জায়গায় গেট করতে হবে কিন্তু সেগুলি কতদিন পরে হবে তা আমরা জানি না। চাষের জন্য বীজ সরবরাহের কথা বেশী করে উল্লেখ করা হয়েছে, ভাল বীজ সরবরাহের নাকি ব্যবস্থা হয়েছে। বীজ সরবরাহ হয় ঠিকই, কিন্তু কখন হয়? ঠিক যখন বীজ লাগাতে হয়, ফেলতে হয় তখন যায় না। অন্য জায়গা থেকে বীজ নিয়ে এসে যখন তারা বীজ ফেলল, ধান উঠলো কিম্বা অন্য ফসল উঠলো, যখন তারা সেগুলো গোলায় মড়ায়এ রাখতে যাচ্ছে, তখন কৃষি বিভাগের চাষের বীজ এলো। সেই বীজ ফেলার জন্য নয়, সেগুলি অন্য কাজে ব্যবহৃত হতে পারে, প্রকৃত কাজের জন্য সেগুলিকে তখন ব্যবহার করা হয় না, চাষী হিসাবে জোর করে আমি একথা বলতে পারি। স্যার গতবর্ষে যা দেওয়া হয়েছে তা মোটেই পর্যাপ্ত ছিল না এবং তার দাম দিন দিন বাড়িয়ে দেওয়া হচ্ছে। ধানের দর কত হবে না হবে সে আলাদা কথা, চাষের অন্যান্য জিনিসের দর কি হবে তা জানা নেই, কিন্তু গভর্নমেন্ট সেখানে সার তৈরী করছেন, সেই সিন্দ্রীর কারখানায় সারের দাম দিনের পর দিন বাড়িয়ে দেওয়া হচ্ছে। শিশল করা হচ্ছে বলে বলা হচ্ছে, শিশল তৈরি হবে তার সম্বন্ধে আগে কিছু বলতে পারা যায় না তবে আমাদের মনে হচ্ছে যে কিছুদিন পরে প্যাটেলনগরের কথা যেমন বলা হয় ঠিক তেমনি করে বলা হবে, যে সেগুলি অন্য কাজে লাগবে, যে কাজে ব্যবহৃত হচ্ছে সেই কাজে লাগানো যাবে না। খাদ্য তৈরি সম্বন্ধে বীরভূম জেলার কথা বলা হয়েছে যে সেরকম উৎপন্ন হয় নি—একথা বারবার বলেছি, আজও বলছি যে খাদ্যনীতি নভেম্বর মাসে যেভাবে পরিচালিত হয়েছিল—যখন রেস্ট্রিকসন করা হয়েছিল তখন যে নীতি অবলম্বন করা হয়েছিল সেই নীতি দিয়ে আমাদের দেশের কিছু সুবিধা হয় নি এবং যারা কিনে খান কোলকাতায় তাদেরও কোন সুবিধা হয় নি। তখন বলা হয়েছিল মিলে ৩০এ নভেম্বর পর্যন্ত যে স্টক আছে, সেই স্টক কোলকাতা থেকে টালীগঞ্জ কিম্বা রামকৃষ্ণপুর তালতলা থেকে লোক গিয়ে কিনবে। শুনতে বেশ ভাল লাগছে ওখান থেকে চাল এসে তোমাদের সুবিধা হবে, চাল নেবার ব্যবস্থা করে দিয়েছি, কিন্তু মস্ত বড় ডিফারেন্স আছে, সেই ডিফারেন্সের কথা আমি বলতে চাচ্ছি। ওখানকার যারা মিলওনার যারা অগ্রহায়ণ মাসে সাড়ে তের টাকা পর্যন্ত দর দিয়ে ধান কিনেছিল তারা সেই ধানের চালকে কোলকাতায় এসে

বেচতে পারতেন কোলকাতায় যখন ২৬-২৭ টাকা দর ছিল। তাহলে তাদের নিজেদের লাভের দর পাবার জন্য কৃষিজীবিদের কাছ থেকে পরবর্তী সময়ে আমনের প্রথম দিকে সে ধান উঠলো নয়-দশ টাকা দরে যাদের বেচতে হোল সেটা তারা বার-তের টাকা দাম নিতে পারতেন। তখন যারা ধান বিক্রী করেছিলেন তারা হচ্ছেন আমার মত দরিদ্র চাষী, সেই দরিদ্র চাষী যারা চাষের সময় ১৫ টাকা পর্যন্ত দর দিয়ে ধান কিনেছিলেন বা ধার করে নিয়েছিলেন, তারা তাদের ধান পরিশোধের জন্য, তাদের জমি যাতে চলে না যায় তার ব্যবস্থা করবার জন্য বেশী দামে কিনেছিলেন—তাদের বাধ্য হয়ে বেচতে হোল নয় টাকা এগার আনা থেকে ১০ টাকা পর্যন্ত। এখন আবার সেই নীতির পরিবর্তন হয়েছে। যারা বড়লোক চাষী তারা ঠিকমত দাম পাবে, কিন্তু গরীব চাষী বাধ্য হয়ে বেচেছিল, তার দাম সে পেল না। এইরকম যদি দিনের পর দিন নীতির পরিবর্তন হয় তাহলে অসুবিধা হয়। যদি বুঝতাম যে ঐরকম নীতির ফলে এখানকার যারা কিনে খান কোলকাতা অঞ্চলের যারা কনজিউমার্স তাদের কিছু প্রফিট হয়েছে, তাহলে বুঝতাম কিন্তু তা হয় নি। যারা ডিলার্স তাদের জন্য যদি এই নীতি পরিচালিত হয় তাহলে অন্ততঃপক্ষে এই গভর্নমেন্টের সুনাম হবে না একথা জোর করে বলে দিতে পারি। লেভি এসেছে, আজকে লেভি করার ব্যবস্থা হয়েছে, ভাল কথা, অবাধে চলাচল হয়েছে ধান চালের, বীরভূমে লেভি আছে, বর্ধমানে লেভি আছে, কোলকাতার পার্শ্ববর্তী অঞ্চলে লেভি নেই। অবস্থা কি দাঁড়াবে? চলাচলের ব্যবস্থা আছে পুরোপুরি, বীরভূম থেকে মিল ওনার ধানের মিলিং না করে সেই ধানকে কোলকাতায় পাঠিয়ে দেন, বেশী দামে বিক্রী করে দেন। সেখানকার মিল ওনারদের সঙ্গে ব্যবস্থা থাকে এখানকার মিল ওনারদের। তারা চাল তৈরী করে সেই চালকে বেশী দরে বেচতে পারবে এবং বীরভূমে যারা করবেন তাদের ঐ যে ২৫ পার্সেন্ট দিতে হবে তার দাম লোকসান হবে বলে তারা কিনতে চাইবেন না। তাতে বাফারস্টক তৈরি করবার জন্য যে টার্গেট ঠিক করা হয়েছে সে পর্যন্ত পেঁছাবে কিনা সে সম্পর্কে যথেষ্ট সন্দেহ আছে। স্বাস্থ্য সম্পর্কে বলা হয়েছে যে চিকিৎসার ব্যবস্থা খুব সম্প্রসারিত হচ্ছে। আমি বলবো রামপুরহাটে বছরের পর বছর ধরে একটা হাসপাতাল নির্মাণ হচ্ছে সেটা এখনও শেষ হয় নি এবং আর একটা জিনিসের কথা উল্লেখ না করে পারি না যে রামপুরহাটে লোকালয়ের মধ্যে একটা মর্গ আছে, সেখানে বিকৃত অবস্থায় শবদেহ নিয়ে আসা হয়—বারবার শুনি যে কোথায় একটা সাইট সিলেকসন হয়েছে, কিন্তু আজও পর্যন্ত সেই মর্গটাকে লোকালয়ের মধ্য থেকে সরিয়ে বাইরে নিয়ে যাবার ব্যবস্থা হোল না।

**Dr. Golam Yazdani:**

মিঃ স্পীকার স্যার, রাজ্যপালের ভাষণে অনেক অবাস্তব কথা বলেছেন যা এখানে বিভিন্ন বক্তার মুখে পরিস্ফুট হয়ে উঠেছে। আমি কতকগুলি ঘটনা এখানে উল্লেখ করবো।

রাজ্যপাল মহোদয়ার ভাষণের এক জায়গায় আছে নর্থ বেঙ্গলএ রামীগাছ বলে এক রকমের গাছ আছে। তার সম্ভাবনার কথাও তিনি উল্লেখ করেছেন। এই রামীগাছ বা চীনা ঘাস জলপাইগুড়িতে চাষ করে তার থেকে সুতা তৈরী করা হয়েছে। এই চীনাঘাস ইউ, এস, এ, এবং অস্ট্রেলিয়াতে ব্যাপকভাবে হয় যথেষ্ট হয় এবং তার সম্ভাবনাও যথেষ্ট রয়েছে। নর্থ বেঙ্গল সম্বন্ধে বলতে গিয়ে আমি কতকগুলি কথা না বলে পারছি না। নর্থ বেঙ্গল, দেশ বিভাগের পর অন্যান্য অংশ থেকে বিচ্ছিন্ন হয়ে পড়েছে। এই বিচ্ছিন্ন হওয়া অংশকে বাংলার অন্যান্য জায়গার সঙ্গে যোগাযোগ করে দেওয়ার ব্যবস্থা আজও পর্যন্ত হয় নি—সরকারের তরফ থেকে। ফরাক্কা বাঁধ যেটা করার কথা ছিল এবং কেন্দ্রীয় সরকারের যেটা বিবেচনাধীন তা কতটা করা হয়েছে সে সম্বন্ধে আমরা জানি না, তবে এ বিষয়ে আমাদের বাংলা সরকারের বিশেষভাবে নজর দেওয়া উচিত। ফরাক্কা বাঁধ যখন হচ্ছে না তখন অন্যান্য যোগাযোগ ব্যবস্থা করা উচিত ছিল। কিন্তু দুঃখের বিষয় সেসব দিকে বিশেষভাবে মনোযোগ দেওয়া হয় নি। উত্তরবঙ্গে যেতে হলে মুর্শিদাবাদ হয়ে কিংবা রাজমহল হয়ে, মানিকচক ঘাট কাটিহার হয়ে যেতে হবে। তারা প্রত্যেকে জানেন এই যাতায়াত ব্যবস্থাগুলি কি কষ্টকর। সহজেই এই ব্যবস্থা হতে পারে। অথচ সরকার যে কেন উদাসীন তা আমরা জানি না। মানিকচকঘাট থেকে বাসে উঠতে হলে কিছুদিন আগে পর্যন্ত বালুর উপর দিয়ে এক মাইল হেটে যেতে হত। ধুলিয়ান এবং খেজুরী-ঘাটের অবস্থাও খারাপ। সেখানে যাওয়ার কোন সুবিধা নাই। কাজেই যে উত্তরবঙ্গ বিচ্ছিন্ন

হয়ে পড়েছে তাকে নিয়ন্ত্রিত করবার জন্য কোনরকম ব্যবস্থা সরকারের তরফ থেকে হচ্ছে না। অন্যান্য বিষয় ধরতে গেলে আমাদের গভর্নমেন্ট-এর যে হিসাব আছে তা থেকে সংখ্যাদি দিয়ে দেখাতে পারি উত্তরবঙ্গ কিভাবে প্রত্যেকটি বিষয়ে অবহেলিত হয়ে আসছে।

[4-40—4-50 p.m.]

*Irrigation, Cottage indusry, roads, education*
ইত্যাদি প্রত্যেক বিষয়ে আমাদের কাছে হিসাব আছে, সেই হিসাবগুলি সরকারী হিসাব থেকে নেওয়া। তাতে দেখতে পাচ্ছি প্রত্যেক জেলার জন্য যা খরচ করা হয়েছে আমি মোটামুটি এখানে বলে দিচ্ছি—উত্তরবঙ্গে প্রত্যেকটি জেলার জন্য খরচ হয়েছে ২ লক্ষ ৭ হাজার টাকা আর অবশিষ্ট বাংলার জন্য খরচ হয়েছে ৪০ লক্ষ ৯৬ হাজার টাকা। কটেজ ইন্ডাস্ট্রিতে মাত্র ৭২ হাজার টাকা, আর অবশিষ্ট বাংলায় ৭ লক্ষ ১৮ হাজার টাকা। রাস্তা নির্মাণ হয়েছে উত্তরবঙ্গে জেলাপ্রতি ৬০ মাইল আর অবশিষ্ট বাংলায় হয়েছে ১৮০ মাইল। উত্তরবঙ্গে শিক্ষার জন্য খরচ হয়েছে ২ লক্ষ ৭৮ হাজার প্রতি জেলায়, আর অবশিষ্ট বাংলায় প্রতি জেলায় খরচ হয়েছে ৫ লক্ষ ৪৮ হাজার টাকা। স্বাস্থ্যের জন্য হাসপাতাল তৈরী হয়েছে উত্তরবঙ্গের প্রত্যেক জেলায় ৩·৪, আর অবশিষ্ট বাংলায় হয়েছে ১০·৫৬, হেল্থ সেন্টার হয়েছে ৬·৪, আর অবশিষ্ট বাংলায় হয়েছে ১৪·৮৪। ম্যাটারনিটি উত্তরবাংলায় প্রতি জেলায় ·৬, অবশিষ্ট বাংলায় ৪·৫৬, টিউবওয়েল খনন করা হয়েছে ২৫৯, অবশিষ্ট বাংলায় ৬০৭·৫। ট্রাইবালদের জন্য খরচ হয়েছে উত্তরবঙ্গের প্রতিটি জেলায় তিন লক্ষ ৮০ হাজার, অবশিষ্ট বাংলায় ৪ লক্ষ ৩ হাজার। এই সংখ্যা থেকে আমরা এই উপসংহারে আসি যে প্রত্যেকটি বিষয়ে উত্তরবঙ্গ অবহেলিত হয়েছে এবং বিশেষ করে শিক্ষার বিষয়ে আমি দেখি যে, অবশিষ্ট বাংলায় লিটারেটের সংখ্যা হচ্ছে ২১·৫৪, উত্তরবঙ্গে ১৩·৯। বিশেষ করে মালদহতে দেখি ১৩·০৩ পার্সেন্ট লিটারেট। এবং এখানে ইন্ডাস্ট্রির অবস্থা যা তা অত্যন্ত কম। ইন্ডাস্ট্রির কথা বলতে গিয়ে আম ও সিল্কের কথা না উল্লেখ করে পারা যায় না। মালদহের আম সরকারী তরফ থেকে ডিহাইড্রেট এবং স্ক্রিনিং করার ব্যবস্থা করার কথা ছিল। সিল্ক কালিয়াচকে ৮৫ পার্সেন্ট হয়, যা বাংলাদেশে হয় তার ৮৫ পার্সেন্ট মালদহেতে হয়, আর তার ৯০ পার্সেন্ট কালিয়াচকে হয়। কিন্তু সেখানে এক রেয়ারিং মিল ছাড়া অন্য কোন স্পিনিং মিল নাই। অথচ সেই সিল্ক ইন্ডাস্ট্রি যদি গড়ে তোলা যায় তাহলে বাংলাদেশের গৌরবের বস্তু হবে এবং অন্যান্য প্রদেশের সিল্কের ব্যাপারে কম্পিটিশন করতে পারে। কিন্তু আজ পর্যন্ত সরকার সেদিকে মনোযোগ দেন নি। মালদহের কাঁসার একটা ব্যবসা আছে, কিন্তু সেই ব্যবসাও আজ উপেক্ষিত, এবং তার প্রতিও সরকারের কোন দৃষ্টি নাই।

**Janab Syed Kazem Ali Meerza:** Mr. Speaker, Sir, the most important point in the Governor's speech has been the food problem of this State. No doubt, we have been passing through difficult times due to natural calamities which are beyond the power of control of humanity. But it cannot be denied that the Government has taken all possible steps to combat this very serious problem most efficiently with all the resources at its disposal. The question, I am sure, will be dealt with more elaborately by the Hon'ble Food Minister, but I would say this, that the famine condition which prevailed during the year 1943 for a short period could not be tackled by the then Government and thousands of lives succumbed to the famine condition. Mind you, Sir, the duration of the period of famine was short but during the present famine and drought condition of the State we have seen the havoc caused by the unprecedented flood, especially in the districts of Murshidabad and Nadia, at a time when bumper crop was expected, destroying not only the crops but the hearths and homes and all belongings of people of this area including the reserve stock for the whole year of their family as well as the seeds. Then came the drought and successively crop after crop ended up in failure. I dare say, Sir, that this condition had reached such abnormal State that to tackle this task and such calamity was next to impossible, but the Government of West Bengal had the efficiency and courage not only to declare that it

would not allow the people to become the victims of starvation but would send supplies of food to the affected areas to save the people from the hand of death, and the Government has shown that there has not been a single death due to starvation. Reliefs in various forms have been given; ration shops and test relief work started on a large scale. A problem which was beyond human control has been controlled by this Government. I leave this point here, but before I do so I would say that people of all classes, creeds, faiths and religions received help equally without any distinction or reservation. We have suffered together; we have fought together for our very existence; when such calamities face us, the policy of our Government has shown that we make no difference between different parties and each and all are treated in one and the same manner.

Now, Sir, coming to another point which had been dealt with by the honourable member on the Opposition side with regard to the Muslim displaced persons, I would say that my friend was not generous enough to look into this very vexed problem from a very clear angle of vision but, may I say, with wilful distortion and omission of facts. It is not at all correct to say that the Government of West Bengal has been negligent in this respect and that the rights, privileges and care of the minorities of this State have not received the fullest attention and consideration of the Government. Only the other day Hon'ble P. C. Sen in reply to questions in this connection had informed the House that many displaced Muslims have been restored back to their properties, that all avenues are being explored, and that it is engaging the serious attention of the Government in this respect. Let us face facts and realities. Days of communalism and hatred are over and it will serve no useful purpose in propagating communal feeling with political background misleading the people, for personal motives. I do not mean any particular individual. I would go still further to say that those who engage themselves in such aspirations for political reasons are trying to hit at the very security of the country to which we belong.

[4-50—5-5 p.m.]

If we are sincere to our Constitution it will show that it has given complete liberty to all religions, caste and creed. Hindus or Muslims or people of any other faith must adapt themselves and remember that as a nation we are one and as citizens of this great country - India—we belong to India. India is our home and we shall live, die and sacrifice together for our motherland shoulder to shoulder for the well-being, honour and integrity of our country. It is to the interest of all to remember this, as I feel that we are a nation first, than anything else, and communalism has no room which must be buried once for all, never to haunt us in any form or shape on religious ground by people of any faith or religion, for, this communalism in the past has taught us the bitter lesson of the division of India and the loss of life of the innocents which is there to tell its story in most lamentable letters. And who were responsible for this? The stalwarts of communalism. It is no use fanning the flames of communalism. Come to reality and give it an approach in the manner how best we can sincerely formulate policies of good-will and understanding so that we can live like mothers, sisters and brothers—as the children of the soil of India.

My friend sitting on the opposite bench—I am sorry to find that he is not in the House at the present moment—coming from my district as the single exception from the 16 elected representatives from my district in

this House, after being defeated in one of the constituencies from where he stood must remember the verdict of the people which has sufficiently shown, specially the minority, that they have full faith for their rights, safety and security in the hands of the Congress and the present Government. He talks about the minorities of the border being ill-treated. May I tell him that whenever he himself has lodged a complaint, rightly or wrongly, to our Chief Minister, the matter had immediately been taken up and action taken, but may I remind him that the dangerous anti-State propaganda which was carried on during the election purely on communal line must have its repercussion, reaction and effect and who is responsible for them? I would through you Sir, request my friend to be more realistic. I profess no ill-will towards him, but in the interest of my community to give this very vital and important matter such obnoxious approach even with the slightest odour of communalism should not be brought to pollute the political life of this country. Enough harm is being done by Sheikh Abdullah not only to the security of this country but also to the security and welfare of the minorities to which he himself belongs by his erratic, enraged and wild utterances. Minorities in vast majority have given their verdict. We belong to India and India is our home and for the welfare of India we shall shed every drop of our blood. Why I say this is that in this State there are elements who are propagating a feeling among the minorities on a false pretext. Therefore I have mentioned this, Sir, and people, I daresay who fall in line with the Sheik have no room to drive the minorities with blinded eyes into the flames of destruction.

Before I resume my seat I can tell my friend that we, the members of this House belonging to the Congress party from the minority community, are fully alive to this very knotty problem and other matters concerning the minority. Steps have been taken by our Government and will be taken. It is no use saying "No"; facts and figures are there. If I am correct, the honourable member has mentioned that we on this side of the House do not represent the minority. His emotional utterances will not deter us or the people outside from our path. The elections have proved and the minorities have proved by electing their representatives. The members of the minority on either side of the House are the real proof who are the real representatives who claim and rightly claim the confidence of our people.

Sir, the honourable member who is not here today criticized the Government the other day and he paraded his love for the minorities. Had he been here today, I would have asked him to say what he did with regard to Kashmir? When the minorities belonging to this State made a statement in the Press that Kashmir belonged to India and the minorities have full confidence in their State, in their country and in their Government, which was on non-party basis and minority from every party of this State came forward to put their signature to that statement, my friend when he was approached refused to sign the statement. Why did he refuse? This shows where his allegiance lies. I will not say any thing further, Sir. Thank you.

**Sj. Jyoti Basu:**
মিঃ স্পীকার স্যার, আপনি শুনেছেন—উনি কি বললেন? উনি একজন মেম্বারের সম্বন্ধে রেফার করলেন, তার নামটা করেন নি, বোধ হয়, জনাব বদরুদ্দোজার সম্বন্ধেই বলেছেন।
He was referring to Janab Badrudduja.

**Janab Kazem Ali Mirza:** Yes.

**Sj. Jyoti Basu:**
এতে কি এই দাঁড়াচ্ছে না যে, জনাব বদরুদ্দোজার এ্যালিজেন্স ভারতবর্ষের প্রতি নাই? এই কথা উনি বললেন, জনাব বদরুদ্দোজার এ্যালিজেন্স ভারতবর্ষের প্রতি নাই। আপনি কি এটা নোটিস করেছেন?

**Sj. Bijoy Singh Nahar:**
উনি শুধু বলেছেন—উনি স্টেটমেন্টএ সই করতে রাজী হন নাই, রিফিউজ করলেন।

[Noise and interruption.]

**Sj. Jyoti Basu:**
আমরা যাঁরা এখানে বসে আছি—সকলেই ভারতবর্ষের নাগরিক আমরা সবাই ভারতবর্ষের কনস্টিটিউশনএর প্রতি আনুগত্য স্বীকার করে এখানে এসেছি। এখন হঠাৎ যদি কেউ বলে বসেন যে ওদিকে এমন কোন লোক আছে যার সেই আনুগত্য নাই, তাহলে সেটা নিশ্চয়ই কোয়েশ্চেনএবল।

[Noise and interruption.]

**Janab Syed Kazem Ali Meerza:** What I have said, I have said. It is for you to draw your conclusion.

**Sj. Jyoti Basu:**
আর একটা ব্যাপার হচ্ছে—শুনছি উনি নাকি আবার মন্ত্রী হয়েছেন। তাঁর মুখ থেকে এইরকম কোয়েশ্চেনয়েবল কথার যথেষ্ট গুরুত্ব আছে, রেসপন্সিবিলিটি আছে।

**The Hon'ble Siddartha Sankar Roy:**
স্যার, আমি একটু পরিষ্কার করে বলে দিচ্ছি। মাননীয় লিডার অব দি অপজিশন বোধ হয় সেদিন এখানে ছিলেন না, যখন জনাব বদরুদ্দোজা বক্তৃতা দিয়েছিলেন। তিনি যদি উপস্থিত থাকতেন, তাহলে সেটা বুঝতে পারতেন। ওদিকে তাঁর বন্ধু অমরবাবু আছেন, গণেশবাবু আছেন, তাঁদের যদি তিনি জিজ্ঞাসা করেন, এদিকে ডাঃ প্রফুল্ল ঘোষ মহাশয় আছেন, তাঁকে যদি জিজ্ঞাসা করেন, তাহলে নিশ্চয়ই তিনি জানতে পারবেন, সেদিন বদরুদ্দোজা সাহেব কি ধরনের বক্তৃতা দিয়েছিলেন! তা একেবারেই কম্যুন্যাল বক্তৃতা! তার উত্তরে আমাদের এদিকের মাননীয় সদস্য যে বক্তৃতা দিলেন, তাতে তিনি এই কথাই বলতে চাচ্ছেন যে, জনাব বদরুদ্দোজা একদম কম্যুন্যাল বক্তৃতা দিয়েছিলেন, তার মভাল্ডটাই কম্যুন্যাল। কারণ আমরাই যখন কাশ্মীর সম্বন্ধে সবাই মিলে সব পার্টি মিলে একটা স্টেটমেন্টএ সই করলাম, তখন তিনি সই করতে রাজী হলেন না। এই থেকে আপনারা যা খুসী কনক্লুশনএ আসতে চান, আসুন।

[At this stage the House was adjourned for five minutes.]

[After adjournment.]

[5-5—5-15 p.m.]

**Sj. Ramanuj Halder:**
মাননীয় স্পীকার মহোদয়—মাননীয়া রাজ্যপালের ভাষণে বাংলার প্রকৃত বাস্তব বিষয়ে উল্লেখ নাই—এজন্য অত্যন্ত দুঃখিত। তার ভাষণ শুধু একটা মামুলী ধরণের বক্তৃতার মধ্যে সীমাবদ্ধ। জাতীয় জীবনের মানকে উন্নীত এবং মহিমান্বিত করবার জন্য দীর্ঘ এক যুগ প্রায় কংগ্রেস শাসনাধীনে থেকে বাংলার জনগণ কি প্রেরণা লাভ করেছে, তাদের সত্য নিষ্ঠা, তাদের আদর্শ ও দেশাত্মবোধ কতখানি জাগরিত হয়েছে—এই সমস্ত বিষয়ে পুঙ্খানুপুঙ্খরূপে উল্লেখ নাইবা করলাম। পল্লীবাংলার অগণিত জনগণের জীবনের সাধারণ চাহিদা হচ্ছে—খাওয়া-পরা এবং মাথা গুঁজবার জন্য একটা আশ্রয়। এই অনিবার্য চাহিদা পূরণ করতে সরকার কতখানি সমর্থ হয়েছে—এটা বিশেষ করে বিবেচনা করা দরকার। অনেক কিছু করা হয়েছে বলে আত্ম-তৃপ্তি অনুভব ও আত্মগৌরব প্রচার করা অপেক্ষা এখনও করতে যা বাকী, তার ইঙ্গিত এবং যেসমস্ত সমস্যা আমাদের সামনে রয়েছে, সেই সমস্যা সমাধানের পথ নির্দেশ আমরা মাননীয়া রাজ্যপালের ভাষণে আশা করেছিলাম। সাধারণ মানুষ আজ যে অসহায় অবস্থার মধ্যে পড়ে

রয়েছে, তাদের সমস্যা সমাধানের জন্য বর্তমান সরকার প্রায় ব্যর্থ হয়েছেন। এখানে আমরা দেখতে পাচ্ছি যে ধন কৌলিণ্যের প্রাধান্য ক্রমশঃ অগ্রসর হচ্ছে—ভূমিহীন চাষীর হাতে। হলধর চাষীর হাতে আজও ভূমিকে পেণছে দেওয়া হয় নি। কুমারাপ্পা সাহেবের উক্তি যথার্থ যে—স্বাধীন ভারতে ধনী অধিকতর ধনী হচ্ছে এবং দরিদ্র অধিকতর দরিদ্র হচ্ছে। এখন ল্যাংকেসিয়ার মানচেস্টার প্রভৃতির শ্বেতকায় বণিকের পরিবর্তে ভারতীয় কৃষ্ণকায় সিংঘানিয়া, বিড়লা, মুন্দ্রা, প্রভৃতি ব্যবসায়িগণ স্থলাভিষিক্ত হয়েছেন মাত্র। জনসাধারণ আজ অত্যন্ত অসহায় অবস্থার সম্মুখীন। এখানে সাত লক্ষ টন খাদ্য ঘাটতির কথা বলা হয়েছে, কিন্তু সেই খাদ্য সমস্যা সমাধানের নতুন কোন ইঙ্গিত নেই, শুধু আটা ব্যবহার করা, গম ব্যবহার করার কথা উল্লেখ করা হয়েছে। দ্রুত ত্বরিৎগতিতে আমাদের দেশের ভূমিকে দ্বি-ফসলী ভূমিতে পরিণত করে আউস ধান, ষেটে বা ঝামি ধান চাষ করে কিছু পরিমাণ খাদ্য সমস্যা সমাধান করা যেতো ; সে বিষয়ের কোন উল্লেখ পর্যন্ত নেই। যতদিন পর্যন্ত ভূমিহীন কৃষকের হাতে ভূমি না ফিরে যাবে, বৃহৎ বৃহৎ শিল্পের মালিকানার লোপ না হবে ততদিন পর্যন্ত অর্থ কৌলিণ্যের কাঠামোর যদি সমাজতন্ত্রবাদের কথা বলা হয়—তাহলে আমি মনে করব—শার্দুলকে রাসভে চর্মাকৃত করা হবে মাত্র। এতে আমাদের আশা আকাঙ্খা পূরণ হবে না। সার বা কৃষিঋণ যা দেওয়া হচ্ছে তা অত্যন্ত অসময়ে ও অপরিমিত দেওয়া হচ্ছে। এবং চাষীকে অত্যন্ত দূরে গিয়ে অত্যন্ত বেশী সময় নষ্ট করে তা সংগ্রহ করতে হয়—এ বিষয়ে কোন সন্দেহ নেই। আমি জানি এমন অনেক অভিযোগ আছে যে, কৃষি বিভাগ থেকে যে সার সরবরাহ করা হয়েছে, সারের জন্য যে ঋণ সরবরাহ করা হয়েছে, তা আদায়ের জন্য এমন চাষীর উপর নোটিস দেওয়া হয়েছে যে, সরকারের কাছ হতে ঋণ গ্রহণ করে নি, তাকেই ঋণ পরিশোধের নোটিস দেওয়া হচ্ছে। খাল খনন একটা প্রহসনে পরিণত হয়েছে। খালের উভয় পার্শ্ব মাত্র কিঞ্চিৎ কিঞ্চিৎ মাত্র চেণচে (স্ক্র্যাপ করে) দেখান হচ্ছে, কি পরিমাণ খাল খনন করা হচ্ছে। আমি বিশেষ করে জানি যে মাটির কাজে সাক্ষী পর্যন্ত রাখা হয় না। সেই খালটি মাটি কাটার পূর্বে কতখানি গভীর ছিল এবং মাপ দেবার সময় সেই গভীরতা বাদ দিয়ে দেওয়া পর্যন্ত হয় নি। বীজ সরবরাহের কথা বলা হয়েছে। বীজ সরবরাহ অত্যন্ত অসময়ে করা হয়। অতি অল্প পরিমাণে সরবরাহ করা হয়। চাষে উন্নতি আমাদের দেশে এতখানি হয়েছে? বর্তমানে একর প্রতি বাৎসরিক গড় ফসলের হার মাত্র ৮শ পাউন্ড। ইজিপ্ট, ইটালী, জাপানএর কথা না হয় ছেড়েই দিলাম। তারা ত আমাদের চার-পাঁচগুণ উৎপাদন বেশী করেই। কিন্তু সামান্য কিছুদিন হল যে চীনদেশ স্বাধীনতা লাভ করেছে সেই চীন ১৬শ পাউন্ড পর্যন্ত প্রতি একরে ফসল ফলায়।

সুন্দরবনের সমস্যার কথা আমি একটু বলতে চাই। সেটা হল বাঁধ মেরামতের কথা। আমরা লক্ষ্য করে দেখেছি যে, বৎসরে বৎসরে লক্ষ লক্ষ টাকা ব্যয় করা হচ্ছে এবং স্তরে স্তরে তথাকথিত অভিজ্ঞ নিপুন রাজকর্মচারী নিযুক্ত আছে তৎসত্ত্বেও কিন্তু প্রতি বৎসরেই সুন্দরবনের বিভিন্ন অঞ্চলে বাঁধ ভেঙ্গে লবণাক্ত জলে বিস্তৃত ভূমি প্লাবিত হয়ে ফসলহানি হচ্ছে। যে খাদ্যনিয়ন্ত্রণ ব্যবস্থা করে রাখা হয়েছিল—সেই ব্যবস্থায় ব্যক্তিবিশেষের অর্থ সমাগম হয়েছে মাত্র এবং এক শ্রেণী পণ্য স্বীকারী কালোবাজারীর দল যথেষ্ট লুণ্ঠনের সুযোগ পেয়েছে, যার ফলে সুন্দরবনে বিশেষ করে নিয়ন্ত্রিত এলাকার চাষীরা অসহায় অবস্থার সম্মুখীন হয়েছে। শিল্প ব্যবস্থার কথা ধরা যাক। কুটির শিল্প ব্যবস্থায় সরকারের নীতি সম্পূর্ণ ব্যর্থ হয়েছে।

**Sj. Satya Kinkar Mahato:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়—মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে সংশোধনী দেওয়া হয়েছে আমি তার সমর্থনে দুই-চারটা কথা বলব। বহুদিন যাবৎ বৃটিশ শাসনে থেকে ভারতবর্ষ অনুন্নত ও অবনত হয়েছিল। কাজেই দেশ স্বাধীন হবার পর নানাবিধ উন্নয়নমূলক কাজের পরিকল্পনা করে দেশের সেই অবস্থার পরিবর্তনের চেষ্টা করা হচ্ছে। দুঃখের বিষয় দেশ স্বাধীন হবার পর ভাষাভিত্তিক প্রদেশ বণ্টনের সমস্যা নিয়ে মানভূমে জটিল পরিস্থিতির উদ্ভব হয়েছিল, কারণ মানভূমির অবস্থা তখন বিহারে থাকবে না বাংলায় আসবে—এই অবস্থা সৃষ্টি হবার জন্য প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার প্রথম পাঁচ বৎসর এবং দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার এক বৎসর আমরা বিহারের শাসনের মধ্যেই ছিলাম।

[5-15—5-25 p.m.]

সেজন্য বিহার সরকার পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে নানাবিধ উন্নয়নমূলক কাজ তারা সেখানে সুষ্ঠুভাবে করতে ইচ্ছা করলেন না—আমরা গ্রামের চাষীবাসী মানুষ আমরা দেখে থাকি যে জমির মোকদ্দমা হয়ে থাকে সেটার অবস্থা এরকমই হয় কারণ সেটা অনিশ্চিতের মধ্যে থাকে সেটা কার পক্ষে যাবে সেটা ঠিক থাকে না। আমরা ভেবেছিলাম মানভূমে এরকম একটা অবস্থাই হয়েছে। তারপর আমরা আশা করেছিলাম যে বাংলার সঙ্গে যুক্ত হওয়ার সঙ্গে আমাদের এই যে অভাব, আমাদের যে উন্নয়ন পরিকল্পনার কাজ আছে সেগুলি দিয়ে আমাদের অনুন্নত অঞ্চলকে বাংলাদেশের অন্যান্য জেলার সঙ্গে সমুন্নত করে তুলবে। কিন্তু দুঃখের বিষয় বাংলাদেশের সঙ্গে যুক্ত হওয়ার পরেও প্রায় দেড় বছর হয়ে গেল উন্নয়নমূলক কাজের যে স্বাভাবিক ধারা তাও মানভূমে হয় নাই। বিশেষ করে সেচ শিক্ষা এই সমস্ত বিষয়ে উন্নয়নমূলক কাজ ত্বরান্বিত করবেন এটাই আমরা আশা করেছিলাম। কিন্তু সেখানে কার্যের ধারা দেখে আমরা হতাশ হয়েছি নিরাশ হয়েছি। উদাহরণস্বরূপ এখানে দু-চারটি কথা বলা আবশ্যক বলে মনে করি। বিহার সরকার উদ্দেশ্যমূলকভাবে কতকগুলি কাজ করেছিলেন। আমি মনে করেছিলাম যে বাংলার সঙ্গে যুক্ত হওয়ার সঙ্গে সঙ্গে এসব বন্ধ হয়ে যাবে কিন্তু দেখছি যে আজ দেড় বছর হয়ে গেল সেইসব কাজ তেমনি ভাবেই চলছে। যেমন তারা হিন্দী স্কুল করেছিলেন সেখানে না আছে ছাত্র, না আছে ভাল ব্যবস্থা তবু সেখানে তারা রেগুলার টাকা পেয়ে যাচ্ছে, অথচ সেখানে যে বাংলা স্কুল আছে সেইসব স্কুলে মঞ্জুরী দেওয় হয় নি। এইরকমভাবে সেচের কাজেও দেখছি সেখানে বিহার সরকার যে কাজ করেছিলেন তাতে জলের কোন ব্যবস্থা হল না এবং আমরা মনে করি সমস্ত টাকাই জলে গেল। এরকমভাবে আমরা দেখছি যে যে উন্নয়ন কাজ এতদিন পর্যন্ত হয়েছে সেখানে সেটা বিহারের অংশ এটা প্রমাণ করার জন্য হয়েছে। আমরা আশা করেছিলাম এবার সুবিচার পাওয়া যাবে কিন্তু দুঃখের বিষয় সুবিচার মানভূম একটুও পায় নি। কিন্তু বিহার সরকারের আইনের মধ্যে যেসব সুবিধা ছিল সেটাও বাংলার সঙ্গে যুক্ত হওয়ার দরুণ তা থেকে মানভূম বঞ্চিত হয়েছে, কিন্তু যেটুকু অসুবিধা ছিল বিহারের আইনে সেগুলি ত্বরান্বিত করা হয়েছে। তাই আমি বলবো যে মানভূমে হতাশার ভাব সৃষ্টি হয়েছে এবং অবিলম্বে সেখানে যদি কোন উন্নয়নমূলক কাজ না হয় তাহলে মানভূম কোনকালেই বাংলার অন্যান্য অঞ্চলের সঙ্গে সমান অবস্থায় আসবে না। এজন্য আমি বলবো যে গত সাত-আট বছর ধরে বিহার সরকারের সময় থেকে যেভাবে ঐ অঞ্চল নিগৃহীত হয়েছে এবং যেরকম অনুন্নত হয়ে আছে তাতে আজকে একটি বিশেষ পরিকল্পনা নিয়ে ঐ অঞ্চলের উন্নতির জন্য বাংলা সরকারের এগিয়ে আসার দিন এসেছে। মাননীয় গভর্নরের ভাষণে সেরকম কিছু না দেখে সেরকম কোন পরিকল্পনা না দেখে আমি অত্যন্ত দুঃখিত হয়েছি। সেজন্য গভর্নরের এই ভাষণ আমি সমর্থন করি না।

**Sj. Nakul Chandra Sahis:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় রাজ্যপালিকার ভাষণের উপর যে একটা কথা বলতে চাই সেটা হচ্ছে পুরুলিয়া জেলার হরিজনদের সম্পর্কে তিনি বিশেষ কোন কথা বলেন নি এবং সেটা না বলার জন্য আমি বিশেষ দুঃখিত। কারণ সমস্ত বাংলার হরিজনদের তুলনায় পুরুলিয়া জেলার হরিজনদের অবস্থা খুবই খারাপ - আর্থিক, সামাজিক এবং শিক্ষার দিক দিয়ে, তথাপি রাজ্যসরকার পুরুলিয়া জেলার হরিজনদের বিষয়ে বিশেষ কোন ব্যবস্থা করেন নাই, ফলে হরিজনরা আপনি দুঃখকষ্ট পাচ্ছে। সেজন্য আমরা আশা করেছিলাম যে বাংলার মধ্যে যেসমস্ত সম্প্রদায় সব থেকে বেশী দুর্গত তাদের বিষয়ে রাজ্যপালিকা আলোচনা করে তাঁর সরকারকে নির্দেশ দেবেন একটা ব্যবস্থা করার জন্য, কিন্তু তিনি তা করেন নি। এ বিষয়ে আমরা সরকারের সঙ্গে যোগাযোগ করি, তারা বলেন সমগ্র রাজ্যের হরিজনদের জন্য ব্যবস্থা আছে, কাজেই পুরুলিয়ায় হরিজনদের জন্য আলাদা ব্যবস্থা করা সম্ভব নয়, কারণ সেটা গণতন্ত্র বিরোধী বলে তারা মনে করেন। কিন্তু সমগ্র ভারতে সকল লোকের সমান সুযোগসুবিধা থাকা সত্ত্বেও এই গণতন্ত্রের মধ্যে হরিজন এবং আদিবাসীদের জন্য বিশেষ ব্যবস্থা হয়েছে, তা যদি গণতন্ত্রে সম্ভব হয়ে থাকে তাহলে পুরুলিয়ায় হরিজনদের জন্য বিশেষ ব্যবস্থা কেন সম্ভব হবে না? ভারতে

হরিজন এবং আদিবাসী প্রভৃতি অনুন্নত সম্প্রদায়ের অবস্থার উন্নতি করবার জন্য বিশেষ ব্যবস্থা হয়েছে, তা যদি গণতন্ত্রসম্মত হয়ে থাকে তাহলে এই সমস্ত বিপন্ন হরিজনদের বেলায় কেন তা হবে না এবং তাতে দোষই বা কি হতে পারে তা বুঝতে পারি না। পুরুলিয়ায় হরিজনরা রাজ্যের অন্যান্য জেলার হরিজনদের চেয়ে দুর্গত, বাংলার অন্যান্য জেলায় যে সংখ্যক শিক্ষিত হরিজন ছেলে আছে, পুরুলিয়ায় সেই সংখ্যক শিক্ষিত ছেলে নেই। ধনী হরিজন পুরুলিয়ায় একেবারে নেই বললেই চলে, এমনকি দুই বেলায় পেট ভরে খেতে পারে এমন কোন লোক পুরুলিয়া জেলায় খুবই কম। বাংলার অন্যান্য অঞ্চলের হরিজনদের যা অবস্থা তার থেকে পুরুলিয়ার হরিজনদের অবস্থা খুবই শোচনীয়। কাজেই পুরুলিয়ায় হরিজনদের জন্য বিশেষ ব্যবস্থা করার দাবিটা বিশেষ অযৌক্তিক হবে বলে মনে করি না। আদিবাসীদের ভূমিসংরক্ষণ এবং শিক্ষা প্রভৃতি বিষয়ে যেসব সুযোগসুবিধা দেওয়া আছে হরিজনদের বেলায় সেরকম কোন সুযোগসুবিধা দেওয়ার কথার উল্লেখ নেই। পুরুলিয়ায় হরিজনদের বিশেষ করে ঐসব সুযোগসুবিধা দেওয়া একান্ত দরকার কারণ পুরুলিয়ায় হরিজনদের অবস্থা আদিবাসীদেরে চেয়ে খুবই খারাপ। কিন্তু রাজ্যপালিকা তাঁর ভাষণে এ সম্বন্ধে কোন কথা উল্লেখ করেন নি। সেজন্য আমি লাবণ্যপ্রভা দেবীর প্রস্তাবকে সমর্থন করি।

[5-25—5-35 p.m.]

**Janab Elias Razi:**

মিঃ স্পীকার স্যার, রাজ্যপালিকার ভাষণের উপর দুই পক্ষ থেকেই অনেকে অনেক কথা বলেছেন, কিন্তু রাজ্যপালিকার ভাষণে আমরা দেখতে পাচ্ছি যে, বাস্তব অবস্থার সঙ্গে এর কোন মিল নাই। এটা এজন্য বলছি যে, আমাদের মালদহ জেলার অবস্থা যদি দেখি তাহলেই বুঝতে পারব অন্যান্য জেলার অবস্থাও সেইরকমই হবে। মালদহ জেলার কোন একটি থানা দেখি, যেমন, হরিশ্চন্দ্রপুর, খরবা, কালিয়াচক, গাজল, রোতুয়া, কি মালদহ জেলার পার্শ্ববর্তী জেলা যেমন দিনাজপুরের ইটাহার থানার অবস্থা যদি আমরা দেখি তাহলে বুঝতে পারব সত্যিকার ফসলের অবস্থা কি আছে। এটা আজকে নতুন নয়, আজ তিন-চার বৎসর যাবৎ উপর্যুপরি যেরকম অবস্থা হয়েছে তার ফলে লোককে সংকটের মুখে দাঁড়াতে হয়েছে। গভর্নমেন্ট থেকে যে খয়রাতি সাহায্য দেওয়া হচ্ছে এবং যে খয়রাতি সাহায্য দেওয়া প্রয়োজন এবং যেটুকু দিলে সত্যিকার লোকের উপকার হয় তার বহু কমই প্রকৃতপক্ষে দেওয়া হচ্ছে। ফসল না হবার জন্য বা নানা রকম সংকটের দরুন আর্থিক অবস্থা খারাপ হয়েছে ; এবং টেস্ট রিলিফএর দ্বারা সেই অবস্থা দূর করার চেষ্টা হচ্ছে, কিন্তু টেস্ট রিলিফএর কাজ দুদিন হচ্ছে তো তিনদিন হচ্ছে না, ফলে অবস্থা ভালো না হয়ে আরো খারাপের দিকে যাচ্ছে। নিয়মিত কাজ না হওয়ায় অধিকাংশ কর্মক্ষম লোক বেকার অবস্থায় থাকছে। তাই আমি বলছি সরকারের তরফ থেকে আরো নিয়মিত টেস্ট রিলিফ এবং খয়রাতি সাহায্যের ব্যবস্থা হওয়া উচিত। বিশেষ করে খাদ্যাবস্থা আজকে যা দাঁড়িয়েছে তাতে আরো সামগ্রিক নিয়ন্ত্রণ থাকা দরকার। রাজ্যপালিকার ভাষণে দেখছি আমাদের খাদ্য প্রায় ৮ লক্ষ টন ঘাটতি হবে। বাস্তবিক পক্ষে আমার মনে হয় আরো বেশী ঘাটতি হবে। পশ্চিমবঙ্গ গভর্নমেন্ট যেন সেন্ট্রাল গভর্নমেন্টের কাছ থেকে এই ঘাটতি আদায় করার চেষ্টা করেন। এবং যেখানে যেখানে খাদ্য বেশী উৎপাদন হচ্ছে সেখান থেকে আভ্যন্তরীণ সংগ্রহ করে যেখানে ঘাটতি আছে সেখান মিটাবার ব্যবস্থা করেন। খাদ্যোৎপাদন আমাদের আরো বাড়াতে হবে। এই উৎপাদন বাড়াবার জন্য ছোট ছোট সেচ ব্যবস্থা করতে হবে। কিন্তু এই সেচ বাড়াবার জন্য কোনই ব্যবস্থা আমাদের সরকার করছেন না। মালদহের যে থানার কথা বলছি, যেমন হরিশ্চন্দ্রপুর থানার তিন-চারটি ইউনিয়নে বোরো ধান প্রচুর পরিমাণে উৎপন্ন হতে পারে, কিন্তু সেখানে সেচের ব্যবস্থা না থাকার ফলে হাজার হাজার বিঘা জমির ফসল নষ্ট হয়ে যাচ্ছে। এই সমস্ত ছোট ছোট সেচ ব্যবস্থার দ্বারা যেখানে জল নাই যেখানে সেচের সাহায্যে জলের ব্যবস্থা হতে পারে এবং যেখানে জল আটকে থাকে সেখান থেকে তা বের করে দেওয়া যেতে পারে। এই সমস্ত ব্যবস্থা না করলে সংকট আরো ব্যাপক আকারে দেখা দেবে। যে বীজ দেওয়া হয় তা টোট্যাল রিকোয়ারমেন্টএর চেয়ে অনেক কম। টোট্যাল রিকোয়ারমেন্টএর অন্ততঃ ৫০ পার্সেন্ট সরকারকে দিতে হবে এবং ৩০ পার্সেন্ট

অন লোন বা ধারে দিতে হবে। তারপর, আরেকটা কথা আমরা রাজ্যপালিকার ভাষণে দেখতে পাচ্ছি. তিনি ফ্যাক্টরী লেবার সম্বন্ধে বলেছেন, কিন্তু গ্রামে যে অসংখ্য লেবার আছে, যারা কোন কাজ পাচ্ছে না, তাদের তিনি কোন কথা উল্লেখ করেন নি। তিনি বলেছেন যে ফ্যাক্টরী লেবাররা ১৯৪৭ সালে যা মজুরী পেত এখন তার চেয়ে অনেক বেশী মজুরী পাচ্ছে। কিন্তু গ্রামের যারা ডেইলি লেবার তারা ১৯৪৭ সালে যে মজুরী পেত আজও তারা তাই পাচ্ছে, অথচ জিনিসপত্রের দর দিনদিনই বেড়ে যাচ্ছে। সেজন্য ডেলী লেবারদের অবস্থা সংকটজনক হয়েছে এবং হচ্ছে। তাঁরা বেকার সমস্যা সমাধানের জন্য অনেক উপদেশ দেন, কিন্তু আমি বলতে চাই যে, মুনাফার-লোভে উৎপাদন বাড়ালে বেকার সমস্যার সমাধান কিছুতেই হবে না। ভোগের জন্য উৎপাদন বাড়ালেই বেকার সমস্যার সমাধান হতে পারে। আমরা একথা জানি আমাদের দেশে যেমন শহরে শিক্ষিত কর্মক্ষম যুবক আছে তেমনি গ্রামেও অনেক কর্মক্ষম অর্ধশিক্ষিত যুবক আছে যারা কাজ করে পরিবার প্রতিপালন করতে পারে এবং দেশের জন্যও কাজ করতে পারে, কিন্তু হাজার হাজার কর্মক্ষম যুবক আজকে কাজের জন্য চারদিকে ছোটাছুটি করছে। তারপর রাজ্যপালিকার ভাষণে একটি কথা আছে যে, আজকে বিদ্যুৎ দিয়ে গ্রামে অনেক কাজ হচ্ছে এবং আলোর অনেক সুবিধা হয়েছে, কিন্তু বাস্তবিকপক্ষে শহরের চেয়ে দিগুণ হার গ্রামের লোকদের দিতে হয়। এজন্য আমরা দেখতে পাচ্ছি, গ্রামের লোকদের প্রকৃত কোন সুবিধা হয় নি। এটা নিশ্চয়ই সত্য নয় যে, গ্রামের লোকের অবস্থা সহরের লোকের অবস্থার চেয়ে ভাল, এটা মনে করলে ভুল হবে। সেজন্য আমার প্রস্তাব হচ্ছে এই ইউনিট হার সম্বন্ধে বিশেষভাবে চিন্তা করা দরকার।

**Sj. Hemanta Kumar Ghosal:**

স্পীকার মহাশয়, খাদ্যসংকট নিয়ে আজকে আমাদের এখানে যে আলোচনা হয়ে গেল তাতে মোটামুটি দুইদিক থেকেই স্বীকার করা হয়েছে যে, খাদ্যসংকট অন্যবারের তুলনায় এবারে বেশী। কেউ কম করে আবার কেউ বেশী করে বলেছেন, কিন্তু মোটামুটিভাবে খাদ্যাবস্থা যে এবারে সাংঘাতিক তা ঠিক। আমি দেখছি ১৯৫৭ সালে যা ধানের দর উঠেছিল তার শেষ দাম ছিল ১৫ টাকা আর ১৯৫৮ সালে সেই ধানের দাম শুরু হল ১৪ টাকা থেকে। কাজেকাজেই দর হিসাবে দেখলাম বাজার যখন শেষ হল ১৯৫৭ সালে ১৫ টাকায় আর ১৯৫৮ সালে শুরু হল ১৫ টাকা থেকে। আমার বক্তব্য হচ্ছে এর শেষ কোথায়। আমরা দেখছি কলকাতায় প্রায় ২৭ লক্ষ লোক, এ'দের ফিড করাবার দায়িত্ব আমরা কেন্দ্রীয় সরকার থেকে দেখতে পাচ্ছি না। সরকার থানা কর্ডন করলেন এই সংকটকে এড়ানোর জন্য। কিন্তু আমরা দেখলাম থানা কর্ডনিংএর পরে লোকের হাতে যা ধান ছিল তা মজুতদারের গুদামে গিয়ে জমা হল। সুন্দরবনের বিভিন্ন গঞ্জে ৫০ পার্সেন্ট অব দি টোট্যাল প্রডাকশন যার ৩৫ পার্সেন্ট, ৪০ পার্সেন্টএর বেশী প্রডাকশন হয় নি এ্যাভারেজএ তার ৬০ পার্সেন্ট ইতিমধ্যেই মুনাফাখোরদের হাতে চলে গিয়েছে। এখন তার ফলে আমরা দেখছি পৌষ মাসেই অনশন শুরু হয়েছে। লোকে কোন কাজ পাচ্ছে না, বিভিন্ন জায়গা ছাড়তে শুরু করেছে। এই বাস্তবচিত্র বাংলাদেশের বিভিন্ন গ্রামে দেখতে পাচ্ছি। কাজের সন্ধানে লোকে নানাদিকে ছোটাছুটি করছে, কিন্তু কাজ না পেয়ে রিক্ত হস্তে বাড়ী ফিরে আসছে।

[5-35—5-45 p.m.]

টি, আর মারফত কিছু লোককে প্রতিপালন করবার বন্দোবস্ত হয়েছে। এ সম্বন্ধে নানা রকম অভিযোগ আছে এবং সেই অভিযোগ সরকারী দপ্তরেও আছে। আর রিলিফ কমিটি যা টি, আর-এ গঠিত হয়েছে তাতেও কোন প্রতিকার হবার নয়। আমরা এটা দেখেছি যে পে-মাস্টাররাই এই টি আর-এর মারফত একটা ক্রাইসিস সৃষ্টি করেছেন, তাঁদের একটা অদ্ভুত সুবিধা হয়েছে। তাঁরা উপরতলা থেকে তদ্বীর করে ডাইরেক্টলি এ্যাপয়েন্টমেন্টএর ব্যবস্থা করেন। এ ব্যাপারে রিলিফ কমিটির কিছু করবার থাকে না। পে-মাস্টারদের রিমুনারেশন বিশেষ কিছু নাই। তাদের বলে দেওয়া হয়—যাও, তোমরা চরে খাও। ফলে পে-মাস্টার বলে যে একটা পদের সৃষ্টি হয়েছে, সেখানেই প্রচণ্ডরকমের দুর্নীতির একটা বাসা হয়েছে। তার কারণ তার কোন রিমুনারেশনএর ব্যবস্থা কিছু নাই।

সরকার গতবার বলেছিলেন খাদ্য বাড়াতে হবে। তারজন্য তাঁরা কিছু সীড ডিস্ট্রিবিউশনএর ব্যবস্থা করেছিলেন। আমি ২৪-পরগনা জেলার উদাহরণ দিয়ে বলতে পারি, বাংলাদেশের অন্যান্য জেলায়ও এরকম হয়েছে। ছোলা বীজ ডিস্ট্রিবিউশন হয়েছে প্রত্যেক ইউনিয়নে একশো মণ করে বিনা পয়সায়। এই ছোলা বীজ বিতরণ করা হয় খাদ্য বাড়াবার জন্য। কিন্তু দেখা গেল অগ্রহায়ণ-পৌষ মাসের শেষে এই বীজ বিতরণের জন্য দেওয়া হল। যখন গাছ বড় হয়েছে, ফুল ধরেছে, তখন এই বীজ গিয়ে হাজির হল ও বিতরণ আরম্ভ হল, কৃষক বিনা পয়সায় বীজ পেল।

তারপর লোন ডিস্ট্রিবিউশনএর ব্যাপারেও ঠিক তাই হয়। যখন দরকার তখন লোন পায় না। চাষের পরে গিয়ে লোন ডিস্ট্রিবিউশন হয়। আর স্মল ইরিগেশন ব্যাপারে এক অদ্ভুত নিয়ম আছে। যেখানে ক্রাইসিস বাংলাদেশে, সেখানে তাদের নিয়ম আছে ৫০ পার্সেন্ট দিলে এই স্মল ইরিগেশন হবে। তার মানে দরিদ্র সাধারণ মানুষের এই ৫০ পার্সেন্ট দেবার সামর্থ্য থাকবে না, কাজেই এই স্মল ইরিগেশনএর সুযোগও তারা গ্রহণ করতে পারবে না। চাষের কি করে উন্নতি হবে, বীজ কি করে বিতরণ হবে, স্মল ইরিগেশনএর কি করে ব্যবস্থা হবে, এসব কোন ব্যাপারেই চাষীদের সঙ্গে পরামর্শ সরকার করেন না। উপরতলা থেকে একটা কাঠামো তৈরী হবে যে অমুক জায়গায় অমুক হবে, আর সেইটা চাষীদের উপর, দেশের লোকের উপর চাপিয়ে দেওয়া হবে। কিন্তু যারা উৎপাদন বাড়াবে, তাদের সঙ্গে কোন পরামর্শ করা হয় না। তাদের সঙ্গে পরামর্শ ব্যতিরেকে উৎপাদন বাড়ান যাবে না। সরকার ঐটা বাদ দিয়ে আর সবই করেন।

আর ক্যাটেল পারচেজ লোন দেওয়া হচ্ছে কখন? না, চাষ যখন উঠে গেল, তখন সেগুলি দেওয়া হচ্ছে। কাকে দেওয়া হবে, তার কিছু ঠিক নাই। শেষ সময়ে দেওয়া হল, কিছু কিছু এদিক ওদিক চলে গেল। তারপর যাও ডিস্ট্রিবিউশন হয়, তাতে চাষের কোন উন্নতি হয় না। তার ফলে আমরা দেখছি—সবচেয়ে মূল যে নীতিটুকু তাঁরা ঘোষণা করেন, তাও কার্যকরী করবার জন্য সাধারণ মানুষের সঙ্গে পরামর্শ করবার কোন মেশিন্যারী নাই এবং তার কোন চিন্তাও তাদের নাই। তার ফলে যেটুকু কাজ হবার জন্য থাকে, তাও শেষ পর্যন্ত সম্পূর্ণ ওয়েস্টেজ হয়। সেই জন্য আমি বলবো তাঁদের এই নীতিকে পরিত্যাগ করতে হবে। তাই আমার সাজেশন হচ্ছে বর্ষার জলের উপর নির্ভর করে থাকলে চলবে না, চাষ হবে না। এই যে নিয়ম করেছেন ৫০ পারসেন্ট লোকাল লোকে কন্ট্রিবিউট না করলে আপনারা স্মল ইরিগেশনএ জল দেবেন না, এইটা তুলে দিতে হবে, যদি আপনারা স্মল ইরিগেশনএ চাষের উন্নতি করতে চান।

দ্বিতীয় হচ্ছে চাষীর হাতে জমি দেবার ব্যাপারটা কি হলো? সেটা খুব তাড়াতাড়ি করতে হবে, নইলে কার জমিতে সে প্রোডাকসন বাড়াবে? এটা ইমিডিয়েটলি করা দরকার।

তারপর জমি থেকে চাষীদের এভিকশন ভীষণভাবে হচ্ছে। এই এভিকশন বন্ধ করবার জন্য ইমিডিয়েট স্টেপ নিতে হবে।

তা ছাড়া আমি বলেছি প্রত্যেক জায়গায় কৃষকদের সঙ্গে পরামর্শ করে উৎপাদন বাড়ানোর ব্যবস্থা করতে হবে। এই সিড লোন ও এগ্রিকালচারাল লোন প্রভৃতি ডিস্ট্রিবিউসন ব্যাপারে যাঁরা হাতেকলমে কাজ করেন, তাঁদের সঙ্গে পরামর্শ করে করতে হবে।

টেস্ট রিলিফের কাজে এক টাকা করে মজুরী দেওয়া হয়। এটা মার্কেট রেটএর সঙ্গে আকাশ পাতাল তফাৎ। টেস্ট রিলিফের মজুরী অন্ততঃপক্ষে দু টাকা করে দিতে হবে, রেশন দেবার ব্যবস্থা করতে হবে, চীফ গ্রেন রেশন। টেস্ট রিলিফ দিয়ে যাকে বাঁচাতে চান, তাকে সেই মজুরী দিয়ে বাঁচাতে পারবেন না। সেই মজুরী নিয়ে এক সপ্তাহও মাটি কাটার কাজের শক্তি থাকে না। সেইজন্য ওটা সংশোধন করতে হবে। যার ফলে মানুষের এনার্জি, ম্যানপাওয়ারকে যথাযথভাবে কাজে লাগানো যায়—যেসব জিনিস রাস্তাঘাট ইত্যাদি ডেভেলপমেন্টের কাজে যা করছেন, সেই কাজে যাতে ম্যানপাওয়ার ওয়েস্টেজ না হয়, তার এনার্জি নষ্ট হয়ে না যায়, তার জন্য তাকে ফিট করবার ব্যবস্থা করতে হবে। আটার কিছু পোরসানএর চালের ব্যবস্থা করতে হবে।

আপনারা এখন ২৫ পারসেন্ট মিল থেকে নেবেন ঠিক করেছেন। কিন্তু যে ধান ইতিমধ্যে মনুনাফাখোরদের হাতে চলে গেছে, তার একটা হিসেবনিকেশ হওয়া দরকার। জনসাধারণের সহযোগিতায় সেই ধান কতটুকু উদ্ধার করতে পারবেন সে সম্বন্ধে একটা পজিটিভ স্টেপ নেবার ব্যবস্থা করা দরকার। তার প্রতিকারের জন্য সরকার কি ব্যবস্থা করছেন—তা আমরা জানি না, দেশের লোকেও তা জানে না। তা নাহলে একটা ভয়াবহ অবস্থার সৃষ্টি হবে। ক্রাইসিস দেখা দেবে, আরো সংকট সৃষ্টি হবে। এক মাস দুমাস লোক্যাল স্টক মেনটেন করতে হবে, সার্টিফিকেট ইস্যু ও লোন আদায় বন্ধ করতে হবে। এ্যাডিশনাল লোন দিয়ে, সীড দিয়ে, স্মল ইরিগেশনএ ৫০ পার্সেন্ট দেবার ব্যবস্থা তুলে দিয়ে, টেস্ট রিলিফের মজুরী বাড়িয়ে দিয়ে একটা কমপ্লিট স্কীম নিন। সেইভাবে যদি আপনারা অগ্রসর হন, তাহলে সিচুয়েসানকে কিছুটা প্রতিরোধ করতে পারবেন। নতুবা অবস্থা এমন ভয়াবহ হবে যে বাংলাদেশের সাধারণ মানুষকে বাঁচিয়ে রাখা অসম্ভব হবে এবং তারপর যে অবস্থা সৃষ্টি হবে, যে বিক্ষোভ দেখা দেবে, তাকে আর লাঠিগুলি দিয়ে ঠেকান যাবে না।

**Sj. Benoy Krishna Chowdhury:**
মাননীয় স্পীকার মহাশয়, মাননীয়া রাজ্যপাল খাদ্য সংকটের কথা স্বীকার করলেও খাদ্য সংকট যে মূলতঃ কৃষি সংকট, তা তিনি এড়িয়ে যাবার চেষ্টা করেছেন। এটা সত্য, বর্তমান যে অবস্থা আছে, যে খাদ্য উৎপাদন হয় এবং খাদ্যদ্রব্যের দর যাতে সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার নাগালের ভেতর থাকে এই সমস্যা গুরুতর সমস্যা। সেই সম্পর্কে অনেক মাননীয় সদস্য আলোচনা করেছেন, তার মধ্যে আমি যাচ্ছি না। এটা গুরুতর সমস্যা হলেও এটা প্রধান ও মূল সমস্যা নয়। প্রধান হচ্ছে খাদ্য সমস্যা।

আজকে একথা অকুণ্ঠভবে স্বীকার করতে হয় যে প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনার শেষে এই কথা বলা হয়েছিল যে খাদ্য সমস্যার সমাধান করা হয়েছে, কৃষি সংকটেরও সমাধান করা হয়েছে। কিন্তু গত সেপ্টেম্বর মাসে এ. আই. সি. সি. সেখানে ভারতের অর্থনীতি সম্বন্ধে যে আলোচনা হয়, সেখানে মাননীয় পরিকল্পনা মন্ত্রী শ্রীযুক্ত নন্দ থেকে আরম্ভ করে অজিতপ্রসাদ জৈন থেকে আরম্ভ করে, অর্ধেক মাননীয় সদস্য পর্যন্ত স্বীকার করেছেন, পরে আবার প্রাগজ্যোতিষপুর অধিবেশনে ওয়ার্কিং কমিটির এক প্রস্তাব মারফতেও স্বীকার করা হয়েছে—খাদ্যপরিস্থিতি গুরুতর হয়েছে। কৃষি সমস্যার সমাধান হয় নাই। কৃষি সমস্যার সমাধান না হলে পর খাদ্যসমস্যা ভীষণ হবে, সমস্ত পরিকল্পনা বানচাল হয়ে যাবে। একজন বিশিষ্ট অর্থনীতিবিদ মত প্রকাশ করেছেন যে একটা কৃষি প্রধান দেশে যদি কৃষিজাত দ্রব্য ভোগ্যপণ্য বিদেশ থেকে আমদানী করতে হয়, তাহলে তার চেয়ে শোচনীয় আর কিছু হতে পারে না।

[5-45—5-55 p.m.]

সেই শোচনীয় পরিস্থিতিতেই আমরা রয়েছি। পরিকল্পনার প্রথম বৎসরে, অর্থাৎ ১৯৫১ সালে, আমাদের খাদ্যশস্য আমদানির পরিমাণ বেড়ে প্রায় ৪৭ লক্ষ ২৫ হাজার টন হয়েছিল। তারপরে পরিকল্পনা নেওয়া হ'ল এবং পরিকল্পনায় বলা হ'ল যে খাদ্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা আনাই প্রথম পরিকল্পনার প্রথম এবং প্রধান লক্ষ্য। তারপরে ১৯৫৩ সালে যখন প্রকৃতির আনুকূল্যে বাম্পার ফসল হ'ল তখন সেই প্রকৃতির আনুকূল্যকেই পরিকল্পনার কৃতিত্ব হিসাবে ঘোষণা করা হ'ল। কিন্তু তারপরে সেখানে আমদানি ক'মে এল এবং ১৯৫৪ সনে ক'মে এসে সেটা দাঁড়ায় ৭ লক্ষ টনে, আবার পরে ৮ লক্ষ টনে। কিন্তু বোধ হয় প্রকৃতির এতখানি অহমিকা সহ্য হয় নি। সেজন্য প্রকৃতি যখন বন্যা এবং অনাবৃষ্টির দ্বারা পরিকল্পনার স্বরূপ সেখানে ধ'রে দিলেন তখন আবার সেই আমদানি বাড়তে লাগল। অর্থাৎ সেটা ১৯৫৬ সালে বেড়ে ১৪ লক্ষ টনে গেল এবং ১৯৫৭ সালে সেটা বেড়ে ৩৭ লক্ষ টনে এসে দাঁড়িয়েছে। সেদিক থেকে আজ এসব বোঝা দরকার। ফুডগ্রেনস এনকোয়ারি কমিটি যে আলোচনা করেছেন তাতে তাঁরা দেখিয়েছেন যে প্রথম পরিকল্পনায় আমরা খাদ্য উৎপাদনের দিক থেকে যে টার্গেট নিয়েছিলাম তার মাত্র শতকরা ৬৮ ভাগ উৎপন্ন করতে পেরেছি। অর্থাৎ মাত্র ৭·৬ মিলিয়ন টন উৎপন্ন হয়েছে। এই ফুডগ্রেনস এনকোয়ারি কমিটি এই দুই বছরে খাদ্য উৎপাদনের গতি যেদিকে রয়েছে এবং তার যে রেট অব ডেভেলপমেন্ট সেদিকে লক্ষ্য ক'রে তাঁরা বলেছেন যে, যদিও

সেখানে টটার্গেট নেওয়া হয়েছে ১৫.৫ মিলিয়ন টনসএর, কিন্তু তা হলে খুব বেশি হলেও ১০.৩ মিলিয়ন টনসএর বেশি খাদ্য উৎপাদন হওয়ার কোন সম্ভাবনা নেই। অর্থাৎ সেখানেও দুই-তৃতীয়াংশের বেশি পরিকল্পনা সিদ্ধ হওয়ার কোন সম্ভাবনা এই ব্যাপারে নেই। কিন্তু কেন এই জিনিস হয়? অথচ এর ভেতরে এই সমসাময়িককালে, ১৯৫২ সাল থেকে ১৯৫৬ সালের মধ্যে খাদ্য উৎপাদন প্রায় শতকরা ২০ ভাগ বেড়েছে. অর্থাৎ ১৮ মিলিয়ন টনসএর উপরে সেখানে খাদ্য উৎপাদন বেড়েছে এবং তার রেট হচ্ছে ৪.৮। অর্থাৎ তাঁরা যা পরিকল্পনা করেছিলেন তার চেয়ে প্রতি বছরেই খাদ্য উৎপাদন বেশি হচ্ছে। সেজন্য গোড়ায় গলদ কোথায় সেই কথা আজকে ভাবতে হবে।

কৃষিসংকট সমাধানের প্রধানত দুটো দিক আছে। তার একটা হচ্ছে সোশাল রিফর্মএর দিক, সামাজিক বিপ্লবের দিক এবং সেখানে মূল কথা হচ্ছে ভূমিসংস্কার আইন প্রভৃতি আনার দিক। আর একটা দিক হচ্ছে টেকনিকাল রিফর্মএর দিক—যার প্রধান কথা হচ্ছে উন্নত ধরনের বীজ, সার সরবরাহ, উন্নত কৃষি-পদ্ধতির প্রচলন করা এবং সর্বোপরি কৃষকদের সাহায্য করার জন্য পর্যাপ্তপরিমাণে স্বল্পমেয়াদী ও দীর্ঘমেয়াদী ঋণের ব্যবস্থা করা। এখানে প্রথমে যদি আমরা ভূমিসংস্কারের দিক থেকে দেখি তা হলে সেখানে যদিও ওয়েস্ট বেঙ্গল এস্টেটস অ্যাকুইজিশন অ্যাক্ট পাস করা হয়েছে, ল্যান্ড রিফর্মস অ্যাক্ট পাস করা হয়েছে কিন্তু আজকে এ কথা অস্বীকার করার উপায় নেই যে এইসব থাকা সত্ত্বেও ভূমিসংস্কারের দিক থেকে এগুলি ব্যর্থ হয়েছে। এটা শুধু আমাদের কথা নয়, ল্যান্ড রিফর্মস প্যানেলএর যে টেনান্সি কমিটি হয়েছে তাঁরা পর্যন্ত স্বীকার করেছেন এবং এই মন্তব্য করেছেন যে,

Analysing the causes of failure of the Tenancy Committee pointed out the following salient facts.

এই ব'লে তাঁরা গ্যাপস ইন দি ল' দেখিয়েছেন। তারপর তাঁরা দেখিয়েছেন যে আইন যা করা হয়েছে তা অত্যন্ত জটিল ব'লে কৃষকরা বোঝে না এবং আইনের সুযোগ নেবারও কোন ব্যবস্থা নেই। অথবা অনেক সময় যেটুকু সুযোগ নেওয়া যায় তার সম্বন্ধে তাঁরা বলেছেন যে.

Even where the tenants are aware of their rights they are geneally too weak in their position both economic and social to insist on their rights.

তারপর বলা হয়েছে

'ack of strong administrative machinery within the reach of the tenant

এ ছাড়া বলা হয়েছে যে রেভেনিউ অফিসাররা সামাজিক চেতনার দিক থেকে তাঁরা অনেক সময় কৃষকদের বিরোধী এবং মালিকদের পক্ষে মত পোষণ ক'রে থাকেন। সেজন্য এইসমস্ত কারণেই এইগুলো ব্যর্থ হ'তে চলেছে। আজকে এটা সকলেই জানেন যে ভূমিসংস্কার আইনের খুঁটিনাটির দিকে না গিয়েও এর মূল তিনটা লক্ষ্য ছিল। একটা ছিল যে ভূমিহীন যারা ক্ষেতমজুর এবং ভাগচাষী তারা যাতে বাড়তি জমি কিছু পায় অর্থাৎ জমির মালিক হয়ে প্রধানতঃ তাদের চাষের কাজে নতুনভাবে উদ্বুদ্ধ করাই এর একটা প্রধান উদ্দেশ্য ছিল। কিন্তু সেদিক থেকে সে উদ্দেশ্য মোটেই সার্থক হয় নি। আজকে আইনে এমন সব ফাঁক রাখা হয়েছে যাতে নানা রকম বেআইনীভাবে হস্তান্তর ক'রে মালিকরা জমি হাতে রাখতে পারছেন। এ সম্বন্ধে বারবার বলা হয়েছে, কিন্তু কোন ফলই হয় নি। ম্যালাফাইডি ট্রান্সফার সম্পর্কে ৫এ অনুযায়ী এনকয়্যারি করার কথা আমরা শুনেছি এবং লাখখানেক নাকি এই রকম কেসও আছে, কিন্তু তার সম্বন্ধে কতদূর যে কি করা হয়েছে তা আজ পর্যন্ত আমরা জানি না। সেগুলি জানার আজকে প্রয়োজন আছে এবং এদিক থেকে যদি কিছু ব্যবস্থা না করা হয় তা হ'লে এটা ব্যর্থ হয়ে যাবে। দ্বিতীয়ত, এর আগে একটা উদ্দেশ্য ছিল সিকিউরিটি অব টেনান্সি, অর্থাৎ যারা চাষ করে তারা যাতে নিরাপত্তা পায় তার ব্যবস্থা করা। কিন্তু সেসব না হয়ে আজকে তারা ব্যাপকভাবে উচ্ছেদ হচ্ছে যার ফলে চাষ আরও বেশি ব্যাহত হচ্ছে। এটাই হচ্ছে আজকে নির্মম বাস্তব সত্য। তৃতীয়ত, খাজনার চাপ থেকে চাষীদের যথাসম্ভব কমানো একটা উদ্দেশ্য ছিল। কিন্তু খাজনার চাপ কমা তো দূরের কথা, বরং বহুক্ষেত্রে খাজনার চাপ বৃদ্ধি পেয়েছে। আমি জানি যে মেদিনীপুরের বিভিন্ন জায়গায় ঘোষণা করা হয়েছিল যে ৯ টাকার বেশি সাজা চাষীদের খাজনা দিতে হবে না। কিন্তু সেখানে বিস্তৃত এলাকায় এই দাবি করা হচ্ছে যে ঐ পুরানো খাজনার টাকাটা ৫ টাকা মণ দরে ধান দিয়ে মিটিয়ে দিলে তার কাছ

থেকে কোন খাজনা নেওয়া হবে না। এই রকম ধরনের যে চেষ্টা সেখানে চলছে তার বহু দৃষ্টান্ত দিতে পারা যায়, কিন্তু সেইসব দৃষ্টান্ত দিয়ে আমি সময় নষ্ট করতে চাচ্ছি না। সেজন্য এ কথা সত্যি যে অতি শীঘ্র যদি আইনের এইসমস্ত ফাঁক বন্ধ না করা হয় তা হ'লে অবস্থা আরও খারাপ হবে। আর চাষীদের ঐ মূল তিনটি ব্যাপারে—জমিবণ্টন, সিকিউরিটি অব টেনান্সিএর খাজনার চাপ কমানো—যদি মৌলিক কিছু না করা যায় তা হ'লে ভূমিসংস্কার ব্যর্থ হ'তে বাধ্য। তৃতীয়ত, টেকনিক্যাল রিফর্মএর দিক থেকে প্রধান কথা হচ্ছে সেচের কথা। সেচের দিক থেকে আমরা বারবার বলেছি যে আমরা বড় বড় পরিকল্পনার বিরোধী নই, কিন্তু এটা একটা বাস্তব সত্য যে বড় পরিকল্পনাগুলি ম্যাচিওর করতে দেরি হয়। সেজন্য এখন যেখানে ফল দরকার সেখানে মাইনর ইরিগেশন স্কীমএর গুরুত্ব অনেক বেশি। এখানে মাননীয়া রাজ্যপাল মহাশয়ার যে ভাষণ আছে তাতে সেখানে বলা আছে যে, যদিও বহুদিন ময়ূরাক্ষী পরিকল্পনার কাজ শেষ হয়েছে তা হ'লেও ৬ লক্ষ একর জমিতে যেখানে জল দেবার কথা ছিল সেখানে সাড়ে তিন লক্ষ একর জমির বেশিতে জল দেওয়া সম্ভবপর নয়। বীরভূমের লোকেরা ঐ সাড়ে তিন লক্ষ একর জমি জল পায় ব'লে স্বীকার করে না। ডি ভি সি থেকে যেখানে ১১ লক্ষ একর জমিতে জল দেবার কথা শেষ পর্যন্ত মাত্র এক লক্ষ একর জমিতে জল দিয়েছে ব'লে এ'রা ঘোষণা করছেন। আমরা দেখেছি চীনেতে ১৯৫২ সাল থেকে ১৯৫৬ সালের ভেতরে যে সেচ-ব্যবস্থা হয়েছে তাতে ১ কোটি ৩৫ লক্ষ একর নূতন জমিতে সেচ-ব্যবস্থা হয়েছে। হোয়াই নদীর পরিকল্পনা থাকা সত্ত্বেও সেখানে শতকরা ৮০ ভাগ সেচ-ব্যবস্থা হয়েছে মাইনর ইরিগেশন স্কীমএর দ্বারা। আমরা জানি যে প্রাগজ্যোতিষপুরে যে আলোচনা হয়েছিল তাতে মাইনর ইরিগেশন স্কীমকে গুরুত্ব দেওয়া হয়েছে। কিন্তু এটা শুধু ঘোষণা বা প্রস্তাব করলেই হবে না, তার জন্য উপযুক্ত বরাদ্দ কোথায়? কারণ বরাদ্দের দিকে লক্ষ্য ক'রে তখন দেখি যে তার জন্য কোন বরাদ্দ নেই। অতএব এটা শুধু প্রস্তাবেই পরিণত হবে। দ্বিতীয়, সেখানে উন্নত সারের উৎপাদনের দিক আছে। কারণ আমরা দেখছি যে ১৫ ৫ মিলিয়ন টন সার উৎপাদন করবেন ব'লে দ্বিতীয় পরিকল্পনায় এ'রা লক্ষ্য গ্রহণ করেছেন এবং সেই লক্ষ্যের ভেতরে এ'দের হিসাব হচ্ছে যে ২৪ পার্সেন্ট অব দি নিউ প্রডাকশন হবে উন্নত সারের দ্বারা। অথচ আমরা দেখছি যে বছরের পর বছর সারের দর বেড়ে যাচ্ছে। আমি এখানে সারের দরের সম্পর্কে দু-একটা কথা বলব। ১৯৫৩-৫৪ সালে এক ব্যাগ অ্যামোনিয়াম সালফেট-এর দাম যেখানে ৩৬৵০ ছিল সেটা ১৯৫৬-৫৭ সালে বেড়ে ৩৮ টাকা হয়েছে। ফার্টিলাইজার মিকশ্চার যেটার ১৯ টাকা ব্যাগ ছিল সেটা ক্রমান্বয়ে ২১৸৶০, ২২।০ এবং বর্তমানে ২৩॥০ হয়েছে। বোন ডাস্ট যেটা ৬।০ মণ ছিল সেটাও ক্রমান্বয়ে ৬৸৴০ থেকে ৭।৴০ হ'ল। অতএব এই দিকটাও দেখা দরকার। আমি জানি যে বছরে বাম্পার ক্রপ হয়েছিল সে বছরে অন্যতম প্রধান জিনিস ছিল যে সারটা ঋণে দেওয়া হয়েছিল। সার ঋণ দেবার দিক থেকে কারণ যে এখানে টাকাটা অন্য ব্যাপারে খরচ হয়, কিন্তু সেখানে সার হিসেবে ঋণ দিলে পর সেটাকে সার হিসেবে ব্যবহার করতে হয় এবং তাতে সত্যিকার অনেক উন্নতিও হয়েছিল। কিন্তু সেই ঋণ দেবার ব্যবস্থা এখন বন্ধ করা হয়েছে। তৃতীয়ত, যেটা এগ্রিকালচারাল লোন বর্তমানে সেটাই সবচেয়ে প্রধান। কারণ এন ই এস হোক, সি ডি পি হোক বা উন্নত ধরনের চাষের কথাই বলুন বা জাপানী প্রথায় চাষের কথাই বলুন, এইসমস্ত গরীব নিরন্ন চাষীর কাছে এইসব বলা বৃথা যদি না তাকে গ্রান্টগুলো ব্যবহার করার জন্য তার উপযোগী যে অর্থ সেই অর্থ যদি সাহায্য না করা যায়। এ বিষয়ে চীনে আমরা দেখেছি যে সেখানে প্রথম পরিকল্পনার ভেতরে রাষ্ট্র থেকেই ২১২ কোটি টাকা সাহায্য দেবার ব্যবস্থা করা হয়েছিল ৩০৪ কোটি টাকার মত ঋণের ব্যবস্থা ছিল। এ ছাড়াও কৃষকরা কো-অপারেটিভএর মারফত নিজেরা প্রায় ২ হাজার কোটি টাকার মত সেখানে তার ব্যয় করেছে। অথচ এগ্রিকালচারাল রুরাল ক্রেডিট সার্ভের ভেতরে আমরা দেখছি যে যেখানে সারা ভারতবর্ষে ৫০০ কোটি টাকা তাদের প্রয়োজন সেখানে তার ভেতরে গভর্নমেন্ট তরফ থেকে এবং যেগুলিকে ইনস্টিটিউশনাল লোন বলা হয় তার মাত্র শতকরা ৮ ভাগ চাষীরা পায়। অর্থাৎ বর্তমানে যেটুকু ঋণ তারা গ্রহণ করে সেই ঋণের মাত্র শতকরা ৮ ভাগ আসছে সরকারের তরফ থেকে এবং ইনস্টিটিউশনাল লোনএর জন্য ব্যাঙ্ক প্রভৃতির মারফত যা হয় তার উপর তাদের বাকিটার জন্য নির্ভর করতে হয়। এই কারণের জন্য আত্মীয়স্বজন ও গলাকাটা মহাজনদের উপরে

তাদের নির্ভর করতে হয়। সেজন্য ঋণ তাদের কাছে আশীর্বাদ না হয়ে অভিশাপ হয়ে উঠেছে। অতএব এইসমস্ত ক্ষেত্রেতে যদি আমরা না এগোই তা হ'লে সমস্ত কথা হয় বাগাড়ম্বর ছাড়া আর যে কিছু নয় এটা আজকে বোঝা প্রয়োজন।

[5-55—6-5 p.m.]

এই অনুন্নত দেশের অর্থনীতিকে যদি এগিয়ে নিয়ে যেতে হয়, শিল্পবিস্তার করতে হয়, তা হ'লে অর্থনীতির নিয়ম হচ্ছে কৃষিক্ষেত্রে একটা প্রাইমারি অ্যাকুমুলেশন অব ক্যাপিটাল—এখান থেকে মূলধন সংগ্রহ ক'রে নিয়ে শিল্পবিস্তার ও অন্যান্য ক্ষেত্রে বিস্তারের জন্য এগুতে হয়। আমার সময় কম, নইলে দেখাতাম কেমন ক'রে চীনে যে যে বছর ভাল ফসল হয়েছে সেই সেই বছর ফসল বৃদ্ধির দরুন দেশের রেভেনিউ বৃদ্ধি পেয়েছে কেমন করে ফসল বৃদ্ধি হওয়ার ফলে ব্যবসা-বাণিজ্যের প্রসার হয়েছে, জাতীয় সম্পদ বেড়েছে এবং সাধারণ মানুষের পারচেজিং পাওয়ার বৃদ্ধি পেয়েছে। আজকের দিনে যেখানে ফরেন এক্সচেঞ্জ শর্ট, কৃষিক্ষেত্রে সেই বৈদেশিক মুদ্রা খেলাবার একমাত্র পথ এই এক্সপোর্ট বাড়ানো এবং আমদানি কমানো। আমাদের দেশের রপ্তানি বাড়াতে হবে, কেন না আজকে কৃষিজাত দ্রব্য অথবা কৃষিজাত পণ্য যেসমস্ত বিদেশ তৈরি করে তাদের উপর মাত্র পাওয়ার দিক থেকে আমাদের প্রধানত নির্ভর করতে হয়। সেজন্য সমস্ত সমস্যার দিক থেকে মূলনীতি হিসাবে যদি আমরা গ্রহণ করি সেদিক থেকে এটাকে যদি সমাধান করবার জন্য এখন থেকে অবহিত না হই তা হ'লে পর আমাদের অবস্থা খুব খারাপ হবে যতই আমরা বাগাড়ম্বর করি। সত্যই যদি ওয়ার্কিং কমিটি অব দি কংগ্রেস বুঝে থাকেন যে আজকে সমস্ত পরিকল্পনা বানচাল হতে যাচ্ছে এই অ্যাগ্রারিয়ান ক্রাইসিস-এর দরুন তা হলে পর সমাধানের যে সঠিক পথ সেটা নিন এবং তার জন্য সমস্ত ভেস্টেড ইন্টারেস্টএর দিকে তাকানো ছেড়ে দিয়ে সমগ্র আর্থনীতিক কল্যাণের পথ নিন। এই ক'টি কথা ব'লেই আমার বক্তব্য শেষ করছি।

**The Hon'ble Abdus Sattar:**

মাননীয় অধ্যক্ষ মহোদয়, কোন প্রকার আত্মসন্তুষ্টির মনোভাব না নিয়ে, বাস্তবের উপর দাঁড়িয়ে, ঘটনার উপর ভিত্তি ক'রে আমি বলছি পশ্চিমবাংলার মালিক ও শ্রমিকদের অবস্থার উন্নতিসাধন হয়েছে। ১৯৫৬ সালে শ্রম-দিবস অপচয়ের সংখ্যা ছিল ১৮ লক্ষ ১০ হাজার। ১৯৫৭ সালে হ'ল ১০ লক্ষ ৩ হাজার। এই অপচয় কম হওয়ার জন্য নিশ্চয়ই উৎপাদন বৃদ্ধি হয়েছে, দেশের সম্পদ বেড়েছে এবং তার জন্য সেই যে লভ্যাংশ তার অংশ শ্রমিক সমাজ পেয়েছে। এ সংগে আমি উল্লেখ করতে চাই ১৯৫৬ সালে পূজা বোনাসের দাবিতে শ্রম-দিবসের অপচয়ের সংখ্যা যেখানে ছিল ২ লক্ষ ৩০ হাজার সেখানে ১৯৫৭ সালে মাত্র হয়েছে ৪ হাজার। এ জিনিস সম্ভবপর হয়েছে ও উভয় পক্ষের মধ্যে এই মনোভাব সৃষ্টি হয়েছে যে অনাবশ্যক ঝগড়া না বাধিয়ে, অনাবশ্যক বিরোধের মধ্যে না গিয়ে আপোষ-আলোচনায় মীমাংসা করা যায়। এই মনোভাব বৃদ্ধির সংগে সংগে আমি নিবেদন করতে চাই যে, এই সময়ের মধ্যে যে ২১৬টি ধর্মঘট এবং লক-আউটএর সংবাদ যা শ্রম দপ্তরে এসে পেণছেছে, তার মধ্যে ১৩৮টি আপোষ-আলোচনার মাধ্যমে ও ৩০টি নিজেদের চেষ্টায় মীমাংসা হয়েছে, ৪৬টিতে বিনা শর্তে কাজে যোগ দিয়েছে এবং অন্য দু'টি অন্যভাবে মিটে যায়। শ্রম দপ্তর সব সময় চেষ্টা করে কেমন ক'রে উভয়ের মধ্যে সামঞ্জস্য বিধান ক'রে এই পশ্চিমবাংলার মালিক ও শ্রমিকদের অবস্থার উন্নতিসাধন ক'রে শিল্পের প্রসার করা যায়। কারণ শ্রম দপ্তর বিশ্বাস করে যে কখনও শিল্পের ক্ষেত্রে উন্নতি না হ'লে সেই শিল্পে নিযুক্ত শ্রমিকদের অবস্থা কখনও ভাল হ'তে পারে না। যে শিল্পকে ভার বহন করতে বলা হবে সেই শিল্পের নিশ্চয়ই এই অবস্থা হওয়া চাই সে যেন ভার বহন করতে পারে। কাজ বন্ধ হয় নি এমন বিরোধের সংখ্যা ছ' হাজারের বেশি। ১৯৫৭ সালে তার মধ্যে সাড়ে চার হাজার নিষ্পত্তি হয়ে গেছে। ৪৫০টি অ্যাডজুডিকেশনএ গিয়েছে আর ৪৭৪টি রেফার্ড হয়েছে। শ্রম দপ্তর নিশ্চেষ্ট নাই; তার কর্মতৎপরতা বেড়েছে। এই তৎপরতা আরও বাড়তে পারে যদি আজকে উভয় পক্ষ শ্রম দপ্তরকে সাহায্য করে।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি এই প্রসঙ্গে নিবেদন করতে চাই, শ্রম দপ্তরে খ্ুটিনাটি বিষয় যা এসেছে তার নিষ্পত্তি করতে গেলে বহু সময়ের অপচয় হবে এবং তার জন্য বহু জরুরি কাজ আটকে যাবে। আমি যারা ট্রেড ইউনিয়ন অর্গানাইজেশন করে তাদের সমস্ত দলমতনির্বিশেষে নিবেদন করতে চাই যাতে ক'রে উভয় দলের মধ্যে শ্রম দপ্তরের সাহায্য ব্যতিরেকে মীমাংসা হয় সেদিকে নজর দিতে।

মাঝে মাঝে চটকল বন্ধ হওয়ার জন্য আমাদের অস্বস্তিকর অবস্থার সৃষ্টি হয় স্বীকার করি। চটকল দুটো করণে বন্ধ হয়, কোথায়ও কোথায়ও মিসম্যানেজমেন্টএর জন্য বন্ধ হয়, কোথায়ও কোথায়ও র‍্যাশানালাইজেশনএর জন্য বন্ধ হয়। যেখানে এই রকম কল বন্ধ হয়, সেখানে শ্রম দপ্তর তৎপরতার সঙ্গে ছুটে যায় কেমন করে সেই কর্মহীন শ্রমিকের বিকল্প সংস্থান ক'রে দিতে পারা যায়। যেখানে তা ক'রে দিতে পারা যায় নি সেখানে তাদের আইনসঙ্গত যেসমস্ত বেনিফিট যাতে দিতে পারা যায় সেদিকে চেষ্টা করা হয়। এই প্রসঙ্গে কোন মাননীয় সদস্য ভিকট্রি জুট প্রডাক্টস্‌এর নাম উল্লেখ করেছেন। ভিকট্রি জুট প্রডাক্টস্‌এর কথা বহুবার এই বিধানসভায় আলোচিত হয়েছে, বারেবারে বলা হয়েছে যে সেই মিলের যারা মালিক তারা পাকিস্তানের বাসিন্দা। এখানে তাদের বিশেষ ধনসম্পত্তি নেই যাতে ক'রে তাদের সেইসমস্ত ধনসম্পত্তি আটক ক'রে এইসমস্ত শ্রমিকদের ক্ষতিপূরণ দিতে পারা যায়। তথাপি তাদের প্রভিডেন্ট ফান্ডএর যে টাকা ছিল শ্রমিকরা তা পাইপয়সা পর্যন্ত পেয়েছে এবং এখন চেষ্টা করা হচ্ছে যাতে ক'রে এইসমস্ত শ্রমিকদের ক্ষতিপূরণ দিতে পারা যায়। এই প্রসঙ্গে আমি নিবেদন করতে চাই যে আজকে যে রেশনালাইজেশনএর কথা উঠেছে তার ভিত্তি হচ্ছে সেই জুট এনকোয়ারি কমিশন। অনেকের মতে, বিশেষজ্ঞদের মতে আন্তর্জাতিক ক্ষেত্রে যদি দুনিয়ার বাজারে পশ্চিমবাংলার পাট প্রতিদ্বন্দ্বিতায় টিকতে না পারে তা হ'লে তার যে ক্ষতি হবে সেই ক্ষতি শুধু মালিক সমাজ বহন করবে না, সেই ক্ষতির ধাক্কা শ্রমিকদের কাছে গিয়েও পেঁছিবে। আজকে পশ্চিমবাংলায় ১০ লক্ষ একর জমিতে পাট জন্মায়। কাজেই তার ধাক্কা কৃষক সমাজের কাছে গিয়েও পেঁছিবে এবং দুনিয়ার বাজারে প্রতিদ্বন্দ্বিতায় টেকবার জন্য রেশনালাইজেশনকে স্বীকার ক'রে নেওয়া হয়েছে এবং যাতে অনাবশ্যক ছাঁটাই সৃষ্টি করতে না পারে তার জন্য কমিটি নিয়োগ করা হয়েছে। সেই কমিটিতে ত্রিদলীয় সভ্যরা আছেন এবং কমিটি সন্তোষজনকভাবে কাজ চালাচ্ছেন। আজ পর্যন্ত সেই কমিটির চারটা সভা হয়েছে এবং রেশনালাইজেশন নিয়ে তাঁরা আলোচনা করছেন। আমরা আশা করি তাঁরা একটা সিদ্ধান্তে আসতে পারবেন যাতে ক'রে এই প্রশ্নের সুমীমাংসা হয়ে যাবে।

তারপর অনেকে এমপ্লয়িজ স্টেট ইনসিওরেন্স, এমপ্লয়ীজ প্রভিডেন্ট ফান্ডএর কথা বলেছেন। আজকে প্রভিডেন্ট ফান্ডএর মধ্যে এসেছে ৬ লক্ষ ৫৩ হাজার ৩ শত ২১ জন শ্রমিক এবং ইনসিওরেন্সএর মধ্যে এসেছেন ২ লক্ষ ৮০ হাজার শ্রমিক। চা-বাগানে যেসমস্ত শ্রমিক কাজ করেন তাদের মধ্যে প্রভিডেন্ট ফান্ড চালু করা হয়েছে এবং এইসমস্ত স্টেট ইনসিওরেন্স আপাততঃ হাওড়া এবং কোলকাতায় চালু আছে এবং যদি এই আইন সন্তোষজনকভাবে কার্যকরী হয় তা হ'লে আমরা বিস্তৃত ক্ষেত্রে একে প্রয়োগ করব।

[6-5—6-15 p.m.]

আপাততঃ এই যারা ইনসিওরেন্সএর মধ্যে এসেছেন সেইসমস্ত শ্রমিকদের জন্য হাসপাতালে ১৪০টা আসন সংরক্ষিত আছে—সাধারণ আসন এবং ৫০টা টি-বি রোগের জন্য। এই প্রসঙ্গে আমি উল্লেখ করতে চাই যে এই শ্রমিক সমাজ, তারা কোলকাতারই হউক, তারা হাওড়ারই হউক, তারা পশ্চিমবাংলার জনসমাজ থেকে বিচ্ছিন্ন নয়। আজকে জনস্বাস্থ্যের উন্নতি হয়েছে, সেইজন্যেই তার যা ভাগ তা শ্রমিক সমাজকেও পেঁছায়; এবং আজকে এই কথা আমরা অস্বীকার করি না যে যেমনভাবে অন্যান্য লোকের চিকিৎসা করতে চাই তেমন আজকে করতে পারি নাই। কোন জিনিস একদিনে তৈরি হয় না, এ কথা মনে রাখতে হবে। ভারতবর্ষের বৃহত্তর কল্যাণের জন্য, শ্রমিক সমাজের বৃহত্তর কল্যাণের জন্য তাঁদেরকে পৃথক করে অন্য জনসমাজ থেকে দেখলে চলবে না, তারা দেশেরই অংশ এ কথা মনে রাখতে হবে। এবং শ্রমিক সমাজের অন্যান্য

কল্যাণ দেশের অন্যান্য অংশের মত সঙ্গেসঙ্গেই হবে। তারপর চা-বাগানের কথা—আমি দুই-তিন বার নিজে গিয়ে দেখে এসেছি। এ কথা আজকে আমি বলতে পারি যে সেখানে আইনের যেসমস্ত ধারা চালু হয় নি সেসমস্ত ধারাতে আছে যে সেখানে ড্রেনের কথা আছে, মলমূত্র তাদের কথা আছে, ক্যানটিন, ক্রেচেস্ এবং হাত-পা ধোবার কথা আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বহু চা-বাগানে গিয়েছি, চা-বাগানের ক্রেচেস আমি ভাল দেখেছি, ভাল হাসপাতাল দেখেছি, ভাল স্কুল দেখেছি। শিক্ষা সম্বন্ধে আমি বলতে চাই যে শুধু চা-বাগানে নয়, আজকে স্কুলবোর্ড থেকে সমগ্র জলপাইগুড়ি জেলা, সমগ্র দার্জিলিং জেলায় যেখানে চা-বাগানগুলি অবস্থিত আছে, সেখানে প্রাথমিক শিক্ষার ভার গ্রহণ করা হয়েছে। আজকে চা-বাগানের কর্তৃপক্ষের মর্জির উপর ঐ চা-বাগানের ছেলেমেয়ের শিক্ষার ভার ছেড়ে দেওয়া হয় নি, আজকে সেখানে স্টেট গভর্নমেন্ট শিক্ষার ভার নিয়েছে।

তারপর এখানে একজন মাননীয় সদস্য কৃষি শ্রমিকদের কথা বলেছেন। আমি তাঁর কাছে নিবেদন করতে চাই যে পশ্চিমবাংলার শ্রম দপ্তর কৃষি শ্রমিকদের অবস্থা সম্পর্কে ঔদাসীন্য মত মোটেই প্রদান করে না। এই প্রসঙ্গে আমি নিবেদন করতে চাই, এ কথা ভুললে চলবে না যে আজকে কৃষি শ্রমিকের সমস্যা কি? তা হচ্ছে তাদের বার মাস কাজ না পাওয়া। বার মাস কাজ পেতে হ'লে আজকে কৃষিকে উন্নত করতে হবে, যেমন আজকে আমরা ইঞ্জিনিয়ারিং শিল্পকে, বস্ত্র শিল্পকে, অন্যান্য শিল্পকে উন্নত করতে পেরেছি বা করতে পারব ব'লে মনে করি। আজকে কৃষিকে উন্নত না ক'রে কখনও কৃষি শ্রমিকদের উন্নতি করতে পারা যাবে না। এই প্রসঙ্গে আমি নিবেদন করতে চাই যে কোথায়ও কোথায়ও, কোন কোন কারখানাতে কিছু ছাঁটাই হ'লেও আমি বলতে পারি বিনয়ের সঙ্গে এবং দাবির সঙ্গে যে কুটির শিল্পের মাধ্যমে বহু লোককে কর্মের সংস্থান দিতে পারা যায়। এখানে আসবার আগে আমি বর্ধমান জেলা এবং নবদ্বীপ জেলার সীমান্তে গিয়েছিলাম। সেখানে আমি দেখেছি বহু লোক তাঁতের মাধ্যমে জীবিকার্জন করছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই প্রসঙ্গ আর না বাড়িয়ে আমার বক্তব্য শেষ ক'রে বলতে চাই এবং দৃঢ়তার সঙ্গে বলতে চাই যে আজকে পশ্চিমবাংলার মালিক এবং শ্রমিকের অবস্থার প্রভূত উন্নতি হয়েছে এবং আমি আজকে যারা দলনিরপেক্ষ কর্মী, যাঁরা শ্রমিক সংস্থায় কাজ করেন, তাঁদের এই অবস্থাকে আরও উন্নত করবার জন্য সহযোগিতা প্রার্থনা ক'রে আমি আমার বক্তব্য শেষ করছি।

**The Hon'ble Prafulla Chandra Sen:**
মাননীয় স্পীকার মহোদয়, ২ মাস ২২-২৩ দিন পূর্বে বোধ হয় ২রা ডিসেম্বর, আমাদের এখানে খাদ্যসংকট সম্বন্ধে বিতর্ক হয়েছিল—যাকে বলে ফুল-ড্রেস ডিবেট—এবং তার পরদিন আশ্রয়প্রার্থীদের পুনর্বাসন সম্বন্ধেও ডিবেট হয়েছিল। এই সময়ের মধ্যে অবস্থার যে খুব পরিবর্তন হয়েছে মাননীয় সদস্যরাও জানেন এবং আমিও জানি যে তা হয় নি। খাদ্য সম্বন্ধে এবার বিরোধী দলের বন্ধুরা খুব বেশি কথা বলেন নি এবং যা বলেছেন তা মৃদু ভাবেই বলেছেন; কারণ এই সময়ের মধ্যে বিশেষ কোন পরিবর্তন ঘটে নি। ২রা ডিসেম্বর তারিখে আমি যখন কৃষি বিভাগের প্রাথমিক হিসাব থেকে বলেছিলাম যে, এই বছর ঘাটতি ১২ লক্ষ টন হবে তখন বিরোধী দলের সদস্যরা আমার উপর খুব খুশি হয়েছিলেন। যাক এতদিন পর খাদ্যমন্ত্রী ১২ লক্ষ টন ঘাটতি স্বীকার করেছেন। এটা একটা খুশি হবার কথা বটে। কিন্তু এখনে আমাদের স্ট্যাটিস্টিক্যাল ব্যুরো বৈজ্ঞানিক প্রথায় পরিসংখ্যান যা দিয়েছেন তাতে দেখছি যে, আমাদের এখন প্রায় ৭ লক্ষ টন ঘাটতি হবে। এতে আমাদের বিরোধী পক্ষ বন্ধুদের মধ্যে অনেকে ক্ষুণ্ণ হয়েছেন। বার লক্ষ টন যা ছিল তা একরকম ছিল, তখন আমাকে প্রশংসা করেছেন, আজকে ৭ লক্ষ টন হয়েছে, কাজেকাজেই ক্ষুণ্ণ হবার কথা। খাদ্য সম্বন্ধে বিশেষ কিছু না ব'লে মাননীয় সদস্যরা আমাদের কৃষি দপ্তরের বহু নিন্দা করেছেন। আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা চর্বিতচর্বণ করতে ভালবাসেন, গত দশ বছর ধ'রেই এই একই কথা শুনছি। তাই আমিও যদি চর্বিতচর্বণ কিছু করি, আশা করি তাঁরা অসন্তুষ্ট হবেন না। ১৯৪৭ সাল পর্যন্ত যে পাঁচ বছর তার চা'ল উৎপাদনের গড় হিসাব পশ্চিমবাংলার ৩২ লক্ষ টন, ১৯৫২ সালে যে পাঁচ বছর শেষ হয়েছে তার গড় উৎপাদন ৩৪ লক্ষ টন, ১৯৫৭ সালে যে পাঁচ বছর শেষ হয়েছে তার গড় উৎপাদন ৪১ লক্ষ টন। এবার এত শুখো ও বুখো ও ভুট, তা সত্ত্বেও গড় উৎপাদন

হয়েছে ৪২ লক্ষ টন। ড্রট সত্ত্বেও আমাদের উৎপাদন বৃদ্ধি হয়েছে। বিরোধী দলের নেতা শ্রীযুক্ত জ্যোতি বসু মহাশয় এবং বিরোধী দলের আরেকজন বিশিষ্ট সদস্য যাঁর বক্তৃতা আমি মন দিয়ে শুনি—শ্রীযুক্ত বিনয় চৌধুরী—এঁ'রা দু'জনেই চীনদেশের কথা উল্লেখ করেছেন। চীন আমাদের বন্ধু দেশ, কিন্তু চীনদেশ সম্বন্ধে আমাদের সম্যক জ্ঞান থাকা দরকার। চীন-দেশের লোকসংখ্যা আমাদের চেয়ে বেশি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন চীনদেশের আয়তন আমাদের দেশের অপেক্ষা তিনগুণেরও অধিক। চীনদেশের ভৌগোলিক আয়তন যা আছে তার ১১ ভাগ জমিতে চাষ হয়। যা তাদের জিওগ্রাফিক্যাল এরিয়া তার মাত্র ১১ ভাগ জমিতে চাষ হয়, আর আমাদের এখানে ভৌগোলিক আয়তনের শতকরা ৫২ ভাগ জমিতে চাষ হয়। পশ্চিমবাংলায় ৬৭ ভাগ জমিতে চাষ হয়। একটা অঙ্ক দিলেই আমাদের অবস্থার সঙ্গে তাদের অবস্থার পার্থক্য উপলব্ধি করতে পারবেন। আমাদের যা জমি আছে তার শতকরা ৭৫ ভাগে আমরা কৃষিকার্য করছি, আর চীনদেশে শতকরা ২৩ ভাগে চাষ হয়। এর থেকে পার্থক্যটা বোঝা যায়। চীনদেশে খুব খারাপ জমি—সাব-মার্জিন্যাল ল্যান্ড—তাতে তাঁরা চাষ করেন না, সেজন্য তাঁদের অ্যাভারেজও বেশি। পাঁচ-ছ' বছর আগে একজন বিশিষ্ট কৃষি-বৈজ্ঞানিক এসেছিলেন—স্যার রাসেল। তাঁকে আমি জিজ্ঞাসা করেছিলাম—মশাই, আমাদের দেশে অ্যাভারেজ উৎপাদন কম কেন? তিনি বললেন—তোমাদের দেশে মার্জিন্যাল ও সাব-মার্জিন্যাল জমিতেও ধান উৎপন্ন করো।

[6-15—6-25 p.m.]

কাজেকাজেই তোমাদের দেশে গড় ফলন তো কম হবেই। আমি এতক্ষণ ধ'রে যে অঙ্কটা দেখছিলাম—চীনদেশে ভৌগোলিক আয়তনের শতকরা ১১ ভাগ জমিতে চাষ হয় আর ভারতবর্ষের ভৌগোলিক আয়তনের শতকরা ৫৬ ভাগ জমিতে চাষ হয় এবং আমাদের বাংলাদেশে ভৌগোলিক আয়তনের শতকরা ৬৭ ভাগ জমিতে চাষ হয়। ও'দের দেশে যেসমস্ত ইউজেবল জমি আছে তার শতকরা ২৩ ভাগ জমিতে চাষ হয়। আর আমাদের দেশে সেখানে শতকরা ৭৫ ভাগ জমিতে চাষ হয়। কাজেকাজেই আমাদের অত্যন্ত খারাপ জমিতে চাষ হয় এবং যেসমস্ত বন্ধুগণ বললেন, কেন আমরা আশ্রয়প্রার্থী ভাইবোনদের এখানে বসবাস করাতে পারছি না, জমির কেন অভাব, এর উত্তর তার মধ্যেই নিহিত আছে। সকলেই বুঝতে পারবেন আমাদের যে দুর্দশা। কাজেকাজেই আমাদের চীনদেশের মত যদি আয়তন বেশি থাকত, চীনদেশের মত আমরা যদি ভাল জমিতে চাষ করতে পারতাম তা হ'লে আমাদের উৎপাদন ঢের বেশি বাড়াতে পারতাম। কিন্তু ইতিমধ্যেই আমরা যে উৎপাদন বাড়িয়েছি সে বিষয় কোন সন্দেহ নাই। শুকা সত্ত্বেও আমাদের দেশে উৎপাদন মন্দ হয় নি। এখানে পশ্চিমবঙ্গ সম্বন্ধে একটা জিনিস মাননীয় বন্ধুগণ মোটেই বোঝেন না। সেটা হচ্ছে এই, যে কথা শ্রমমন্ত্রী মহাশয় একটু আগে উল্লেখ করলেন যে আমাদের পশ্চিমবাংলায় পার্টিশনএর আগে আড়াই লক্ষ একর জমিতে পাট চাষ হ'ত। আজকে সেখানে ১১ লক্ষ একর জমিতে পাট চাষ হচ্ছে। কাজেকাজেই এই দু'টা জিনিস মিলিয়ে দেখুন—পাটচাষে আমরা এত জমি এনেছি, অথচ আমাদের ধানের ফলন বাড়ছে। কাজেকাজেই আমাদের দেশে ধানের ফলন যে খুব বেশি বেড়েছে সে বিষয় সন্দেহ নেই। তবে এমন সব জমিতে আমরা ধান চাষ করি যাতে ধান চাষ করা উচিত নয়; তাতে জোয়ার চাষ করা উচিত, মকাই চাষ করা উচিত, বজরা চাষ করা উচিত। এইসমস্ত জমিতে আমরা ধান চাষ করছি। আমাদের কৃষির দৃষ্টিভঙ্গি হয়তো সমস্ত পরিবর্তন করতে হবে। আমাদের দেশের লোকে খাদ্য কিভাবে খাবেন, কি খাদ্য তাঁরা খাবেন, অর্থাৎ ফুড হ্যাবিটস হয়তো আমাদের পরিবর্তন করতে হবে এবং এ বিষয় চিন্তা করতে হবে। আমরা এই অবস্থার মধ্যে কি খাদ্যনীতি গ্রহণ করেছি? অনেকেই খুব ভয় পেয়েছিলেন যে আমাদের দেশে অত্যন্ত খাদ্যাভাব দেখা দেবে। কিন্তু এটা অমূলক। আমাদের মাননীয় সদস্যরা যদি ভয় পান তা হ'লে জনসাধারণরা আরও ভীত ও ত্রস্ত হবেন এবং দেশে একটা প্যানিক সৃষ্টি হবে। ভয় পাবার কিছু নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয় জানেন, গত বছরে আমরা সাড়ে পাঁচ লক্ষ টন গম কেন্দ্র থেকে পেয়েছি এবং ১ লক্ষ ২৫ হাজার টন চাল আমাদের কেন্দ্র দিয়েছিলেন এই সাড়ে পাঁচ লক্ষ টন গমের উপর। কাজেকাজেই গত বছর আমরা ৬ লক্ষ ৭৫ হাজার টন খাদ্য পেয়েছি। এবার যদি ৭ লক্ষ টন আমাদের ঘাটতি হয় বা তার চেয়েও কিছু কম ঘাটতি হয় তা হ'লে

কেন্দ্রের কাছ থেকে দেড় লক্ষ টন চা'ল পাব এবং গম সাড়ে পাঁচ লক্ষ টন কেন, সাড়ে ছয় লক্ষ টন পেতে পারি, সাত লক্ষ, আট লক্ষ টন পেতে পারি। কাজেকাজেই এই খাদ্য সম্বন্ধে আতঙ্ক সৃষ্টি করবার কোনই কারণ নেই। আমরা আমাদের দেশে খাদ্য-ব্যবস্থা সম্বন্ধে যে নীতি গ্রহণ করেছি তাতে অনেকেই বলেছেন, এমনকি বিরোধী দলের মাননীয় নেতা মহাশয় বলেছেন—আমরা বেশি ক'রে আরও প্রকিওরমেন্ট করতে চাই। ঠিক কথা। কেউ বলেছেন শতকরা ৭৫ ভাগ করব, কেউ বলেছেন শতকরা ৫০ ভাগ লেভী করব রাইস মিলের উপর। আমরা সেখানে সমস্ত দিক বিবেচনা ক'রে নির্ধারণ করেছি যে শতকরা ২৫ ভাগ করব। কোন কোন মাননীয় সদস্য (বিরোধী দলের) বলেছেন—মশাই, সব জেলাতে করছেন না কেন? আমরা আটটা জেলায় লেভী করেছি।

মাননীয় সদস্য দুর্গাপদ দাশ মহাশয় বলেছেন, বর্ধমানে করেছেন, হুগলিতে করছেন না কেন? হুগলিতেও আমরা করেছি, আমরা বর্ধমানে করেছি, বাঁকুড়ায় করেছি, বীরভূমে করেছি, হুগলিতে করেছি, চব্বিশপরগনায় করেছি, মেদিনীপুর, হাওড়া এবং পশ্চিম দিনাজপুরে করেছি—এই আটটা জেলাতে করেছি। এতে ক'রে হয়তো আমরা দু' লক্ষ টন চা'ল পেতে পারি কিংবা পৌণে দু' লক্ষ টন চা'ল পেতে পারি কেন্দ্রের কাছ থেকে। তা ছাড়া পাঁচ-ছ'-সাত লক্ষ টন গম যদি আমরা পাই এবং দেড় লক্ষ টন পরিমাণ চা'ল যদি পাই তা হ'লে আমাদের এই চা'লের যে সমস্যা সেটা মিটে যাবে।

অবশ্য মাননীয় ডাঃ ঘোষ মহাশয় যেমন ব'লে থাকেন এবং আমিও অনেকবার বলেছি যে, চা'লের যে সমস্যা সেটা সবচেয়ে বড় সমস্যা নয়। আমাদের দেশে অন্যান্য খাদ্যদ্রব্য যা আছে তার কথা ভাবতে হবে। অত্যন্ত আনন্দের বিষয়। কিন্তু আর কোন মাননীয় সদস্য সে কথা উল্লেখ করলেন না, কেন না তাতে প্রোপাগান্ডা হবে না। কারণ জিনিসপত্রের দাম অসম্ভব রকম ক'মে গিয়েছে। যেখানে গত বৎসর এই সময় মুসুর ডা'লের দাম ছিল ২০ টাকা, তা এখন ১৯ টাকা; কলাইএর দাম ছিল সাড়ে চব্বিশ টাকা, এখন ২০ টাকা; অড়হরের দাম ছিল ১৯ টাকা, এখন ১৭ টাকা; ছোলার দাম ছিল সাড়ে তের টাকা, এখন সোয়া বার টাকা; আলুর দাম ছিল পৌণে আট টাকা, এখন সোয়া ছ' টাকা; নুনের দাম ছিল ২ টাকা ৮৭ নয়া পয়সা, এখন ২ টাকা ৩৭ নয়া পয়সা; লংকার দাম ছিল ৮০ টাকা, এখন ৪৫ টাকা; গোলমরিচের দাম ছিল ১০০ টাকা, এখন ৮০ টাকা; হলুদের দাম ছিল ২৮ টাকা, এখন ১৯ টাকা; ধ'নের দাম ছিল ২২ টাকা, এখন ১৮ টাকা; আর সরষের তেল, যার জন্য আমাদের এই হাউসএ অনেক তর্ক হয়েছে, বিতর্ক হয়েছে, অনেকে ক্রোধ পর্যন্ত প্রকাশ করেছেন। সেই সরষের তেলের দাম গত বছর এই সময় ছিল ৮৬ টাকা, আর এখন হয়েছে ৬৩ টাকা।

গতবার সেকেন্ড ডিসেম্বর তারিখে এখানে খাদ্য বিতর্কের দিনে আমাদের এক বিবৃতিতে বলেছিলাম যে একটা ব্যালান্সড্ ডায়েট নির্দিষ্ট ক'রে দিয়েছিলাম এবং বলেছিলাম, তাতে আট আনা পাঁচ পয়সা লাগবে। এখন আমি এই দরের হিসাব করে দেখছি সাত আনার কমে আমাদের হয়ে যাবে। কাজেকাজেই খাদ্য-সমস্যা যে খুব বেশি সংকটময় হয়েছে, আমি তা স্বীকার করি না। অবশ্য আমাদের দেশে লোকসংখ্যা যেভাবে বাড়ছে, আমাদের দেশে আশ্রয়-প্রার্থী ভাইবোনরা যে পরিমাণ আছেন, এ আমাদের ভাবতে হবে। নিশ্চয়ই ভাবতে হবে এবং তা ভাবতে গেলে যেখানে পশ্চিমবাংলার ল্যান্ড ইউটিলাইজেশন এত বেশি, যা পৃথিবীর আর কোন দেশে নেই। যেখানে ল্যান্ড ইউটিলাইজেশন পশ্চিমবাংলার মত হয়েছে সেখানে আর লোক বসানো চলবে না। চাইনার উদাহরণ দিয়ে বলব, সেখানে আর লোক বসানো চলতে পারে না। কাজেকাজেই আমাদের কৃষি-ব্যবস্থার মধ্যে এই খাদ্যসমস্যার মূল নিহিত আছে। আমরা এখানে আর বেশি লোক বসাতে পারি না।

মাননীয় ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষ মহাশয় বলেছিলেন একটা নাকি ছবিতে বেরিয়েছে যে বাঁকুড়া থেকে দলে দলে লোক চ'লে আসছে। কে না জানে বাঁকুড়া থেকে লোক আসে। আমাদের পশ্চিমবাংলায় উড়িষ্যা থেকে লোক আসে দলে দলে; আমাদের পশ্চিমবাংলায় অন্ধ্র থেকে লোক আসে দলে দলে, বিহার থেকে লোক আসে দলে দলে; আমাদের পশ্চিমবাংলায় দলে দলে লোক আসে মধ্যপ্রদেশ থেকে, উত্তরপ্রদেশ থেকে; আমাদের দেশে লোক বেকার থাকে।

কাজেকাজেই যদি বর্ধমান জেলায় কাজ করবার জন্য বাঁকুড়া জেলা থেকে দলে দলে লোক আসে তাতে লজ্জা করবার কিছু নেই। আমাদের দেশে শ্রমের কাজ আমরা যদি করি তাতে লজ্জার কিছু নেই।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে প্রতি মাসে আমাদের পশ্চিমবাংলা থেকে প্রায় দশ কোটি টাকা মানিঅর্ডার হয়ে চ'লে যায় অন্য প্রদেশে। আমি প্রাদেশিকতার কথা বলছি না। এই দশ কোটি টাকা যদি পশ্চিমবাংলায় থাকত তা হ'লে আমাদের বহু সমস্যার সমাধান হয়ে যেত। মাননীয় সদস্যদের—এ পক্ষেরই হোন বা ও পক্ষেরই হোন—এদিকে দৃষ্টি দিতে হবে। কি ক'রে আমরা শ্রমের কাজ করব, কি ক'রে আমরা ছোট ছোট দোকানের কাজ করব, এদিকে আমাদের দৃষ্টি দিতে হবে।

এত অসুবিধা থাকা সত্ত্বেও আমরা অনেক দিক দিয়ে কাজে এগিয়ে গিয়েছি। যেমন কৃষির কাজে এগিয়ে গিয়েছি, ভাল বীজ উৎপন্ন ও ভাল বীজ সরবরাহের ব্যবস্থা হয়েছে। মাননীয় ডাঃ ঘোষ বললেন, ভাল বীজ এমন হওয়া চাই যার জারমিনেশন টেস্ট হ'তে হবে ৯৫ পার্সেন্ট, এবং বললেন বীজের জারমিনেশন টেস্ট যদি ৯৫ পার্সেন্ট না হয় তা হ'লে হয় ডাঃ আহমেদকে মন্ত্রিত্ব ত্যাগ করতে হবে, অথবা ডিরেক্টর অব এগ্রিকালচারকে তাঁর পদ ত্যাগ করতে হবে। এই কথা ডাঃ ঘোষ তিনদিন আগে বলেছেন। এটা তাঁর পক্ষে বলা শোভা পায় না। আমি মাননীয় সদস্যদের জানাতে চাই, আজকে আমরা কৃষি বিভাগ থেকে বীজ টেস্ট ক'রে দেখি এবং যদি ভাল জারমিনেশন টেস্ট না হয় অর্থাৎ জারমিনেশন টেস্ট ৮০, ৮৫ পার্সেন্ট টেস্ট যদি কোন বীজের না পাই তা হ'লে সে বীজ আমরা দিই না। তবে আমাদের পশ্চিমবাংলায় শুধু যদি ধানবীজ সরবরাহ করতে চাই তা হ'লে বোধ হয় ৫০ লক্ষ মণ ধানবীজ দরকার। কিন্তু তা আমরা পারব না। অবশ্য এখন ফার্মএর ব্যবস্থা হয়েছে। আমরা থানায় থানায় সীড ফার্ম খোলার পরিকল্পনা গ্রহণ করেছি, তা থেকে আমরা আশা করছি দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা শেষ হবার সংগে সংগে আমাদের প্রয়োজন মত ধানবীজ আমরা সরবরাহ করতে পারব।

মাননীয় সদস্য ডাঃ ঘোষ মহাশয় আর একটা কথা বলেছিলেন হরিণঘাটা থেকে যে দুধ তোমরা করছ তার মধ্যে কিছু ভাল দুধ আছে, কিন্তু টোন্ড মিল্কও তোমরা করছ। টোন্ড মিল্ক অন্যান্য দেশে ভেড়াতে খায়, শুয়োরে খায়, গোরুতে খায় বলেছেন। এটা অত্যন্ত লজ্জার কথা, দুঃখের কথা। আমাদের প্রদেশে- পশ্চিমবাংলায় দুধের উৎপাদন বেশি নয়। পাঞ্জাব এবং ইউ-পি বাদে আমাদের ভারতবর্ষের অন্যান্য স্থানে—কি পশ্চিমবাংলায়, কি উড়িষ্যায়, কি বিহারে—কোথায়ও আমাদের গো-সম্পদ খুব ভাল নয়। গো-জাতির উন্নয়ন দরকার এবং তার জন্য চেষ্টা করা হচ্ছে। ডাঃ ঘোষ বললেন ৫২ হাজার পাউন্ড দুধ তোমরা দৈনিক দিচ্ছ হরিণঘাটা থেকে। তাতে কলকাতায় যে ২৬ লক্ষ লোক আছে তার এক-তৃতীয়াংশও হয় না। সত্য কথা। কিন্তু কলকাতা শহরে দুধ সরবরাহ আমরা আরও বেশি বাড়াতে পারব এই দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষের দিকে।

[6-25—6-35 p.m.]

কিন্তু কলকাতার দুধ সরবরাহের যে ব্যবস্থা সেটা আরও বেশি বাড়াতে হবে এই দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার সময়ের মধ্যে। আমাদের দেশে অন্যান্য আরও অনেক জিনিসের অভাব আছে। যেমন মাছ। মাছ আমরা ভালমত খেতে পাই না। আমি জানি ডাঃ ঘোষ মাছ খেতে ভালবাসেন। [লাফটার।] এতে লজ্জার কিছু নেই। আমরা যে আবশ্যকমত মাছের বন্দোবস্ত করতে পারি না সেটাই হচ্ছে লজ্জার কথা। তাই বর্তমানে মাছ যখন কম একটু অল্প ক'রেই খান। আমরা যখন মাছ বেশি ক'রে দিতে পারব সেদিন বেশি ক'রে খেতে পারবেন। মাছের অভাব, তেমনি ডিমেরও অভাব, তেলের আরও বেশি অভাব; সুতরাং এসব একটু কম ক'রে খেতেই হবে সুদিনের প্রত্যাশায়। এর চেয়েও বড় সমস্যা এবং আমি যে কথা বারবার ব'লে থাকি তারই পুনরাবৃত্তি করব—আমাদের দেশে জমির এত অভাব সেদিকে আমি সকলকে—এই পক্ষেরই বা ঐ পক্ষেরই হোক, সকল সদস্যকে নিবেদন করব—এই অবস্থায় ফ্যামিলি প্ল্যানিংএর কথা আমাদের ভাবতে হবে।

[murmurs of comments all over the House.]

আমি বাস্তব অবস্থার কথাই বলছি এবং সেই উদ্দেশ্যে হিসাব দিচ্ছি আমাদের আশ্রয়প্রার্থী ভাইবোনদের মধ্যে বাসের হার (মৃত্যুর হার বাদ দিচ্ছি) শতকরা বেড়েছে ২·৬, আর সমস্ত পশ্চিমবাংলায় বেড়েছে ১·৬। সুতরাং আজকে জন্ম শাসন যদি করতে না পারি তা হ'লে আমাদের দেশের এই স্থানাভাব সমস্যা সমাধান হ'তে পারবে না। ডাঃ প্রফুল্ল ঘোষ মহাশয় রিলিফ সম্বন্ধে অতি বাস্তব সত্য কথাই বলেছেন—এইসব লোককে বসিয়ে বসিয়ে রেখে খাওয়াবেন না। আমাদের দিক থেকেও আমরা এই নীতিই সাধারণত গ্রহণ করেছি যে আমরা বসিয়ে বসিয়ে কাকেও খাওয়াব না। কিন্তু এদের মধ্যে যারা অত্যন্ত দুঃস্থ বা পঙ্গু তাদেরও তো কিছু দিতেই হবে। এমন সময় আসে—যেমন বর্ষাকালে—যখন কাজ দেওয়া যায় না, তখন গ্র্যাচুইটাস ডোল দিতে হবে। ডাঃ ঘোষ মহাশয় এখানে নেই, থাকলে শুনে খুশি হতেন ১লা এপ্রিল ১৯৫৭ সাল থেকে কারেন্ট ইয়ারএর ৯ই ফেব্রুয়ারি পর্যন্ত আমরা টেস্ট রিলিফ খাতে ১ কোটি ৯৫ লক্ষ টাকা খরচ করেছি; আর গ্র্যাচুইটাস রিলিফ বাবত ব্যয় করেছি ৯৬·৬০ লক্ষ টাকা, হাউস-বিল্ডিং গ্রান্ট দিয়েছি ২৬ লক্ষ টাকা, আর্টিজান্স লোন দিয়েছি ৮ লক্ষ ২০ হাজার টাকা এবং এগ্রিকালচারাল লোন ১ কোটি ৩১ লক্ষ টাকা। প্রত্যেক জেলার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে আমরা নির্দেশ দিয়েছি নানা রকম টেস্ট রিলিফএর কাজ যাতে তাঁরা করেন। পূর্বে একটা প্রশ্নের উত্তরে যা বলেছি—চরকার মাধ্যমেও আমরা টেস্ট রিলিফএর কাজ করছি। বহু পুকুর কেটেছি ও রাস্তাঘাট করেছি। তারপর ছোট ছোট ইরিগেশন স্কীম—সেটা জলনিকাশের জন্যই হোক বা সেখানে বাঁধের জন্যই হোক—আমরা বহু ছোটখাট ইরিগেশন স্কীম করেছি। এর জন্য যে টাকার প্রয়োজন সেটা আমরা খরচ করব। একজন মাননীয় সদস্য বলেছেন দু' টাকা মজুরি দিতে হবে। বন্ধুবর শ্রীযুক্ত হেমন্ত ঘোষাল মহাশয় বলেছেন, তাঁর অবগতির জন্য জানাচ্ছি আমাদের পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় কৃষি মজুরির হার কি। যখন আমাদের দেশে হারভেস্ট হয় তখন মজুর লোকের খুব ডিমান্ড। আমাদের দেশে এজন্য চাহিদার অনুপাতে পর্যাপ্ত সংখ্যক লোক পাওয়া যায় না। তখন বিহার থেকে, উড়িষ্যা থেকে, অন্ধ্র থেকে লোক আসে। সেই সময় ডায়মন্ড হারবাবে ১৬ই ডিসেম্বর মজুরি ছিল দেড় টাকা; ১৮ই ডিসেম্বর বারাকপুরে ছিল এক টাকা বার আনা, কেন না সেটা ইন্ডাস্ট্রিয়াল এরিয়া; বারাসতে ছিল এক টাকা চার আনা দৈনিক ওয়েজেস—সেটা শুকো; নদিয়াতে—রানাঘাটে বার আনা ছিল, সদরে দেড় টাকা ছিল। ১৮ই ডিসেম্বর সদরে এক টাকা চার আনা, তারপর মুর্শিদাবাদ সদরে এক টাকা বার আনা ছিল, লালবাগে এক টাকা দু' আনা, কাঁদি—এক টাকা চার আনা, জঙ্গীপুর দেড টাকা; বর্ধমান আসানসোল দেড় টাকা, কালনা দেড় টাকা, বীরভূম সদর দেড় টাকা, বাঁকুড়া সদর এক টাকা চার আনা, বিষ্ণুপুর এক টাকা চার আনা। এই এক টাকা চার আনার বদলে বর্ধমানে এক টাকা আট আনা পাবে ব'লে ওখান থেকে দলে দলে লোক বর্ধমান এসেছে। তারপর মেদিনীপুর সদর নর্থ এক টাকা চার আনা, ঘাটাল এক টাকা আট আনা, সদর সাউথ এক টাকা চার আনা, তমলুকে দু' টাকা; হুগলি—সদর এক টাকা চোদ্দ আনা, শ্রীরামপুর এক টাকা বার আনা, আরামবাগ এক টাকা বার আনা, চন্দননগর এক টাকা বার আনা; জলপাইগুড়ি (খগেনবাবুর এলাকা)—সদর দু' টাকা, আলিপুরদুয়ার দু' টাকা; দার্জিলিং—সদর এক টাকা বার আনা, কার্সিয়াং দু' টাকা, শিলিগুড়ি দু' টাকা, কালিম্পং এক টাকা আট আনা; ওয়েস্ট দিনাজপুর—সদর এক টাকা এগার আনা, রায়গঞ্জ এক টাকা আট আনা; কোচবিহার—সদর এক টাকা আট আনা, দিনহাটা এক টাকা আট আনা, মাথাভাঙ্গা আড়াই টাকা, মেখলিগঞ্জ এক টাকা বার আনা।

কাজেকাজেই হারভেস্টিংএর সময় কৃষি মজুরেরা যে দর পায় তার চেয়ে বেশি দর যদি টেস্ট রিলিফএ দেওয়া হয় তা হ'লে আমাদের কাজের সর্বনাশ হয়ে যাবে। কেউ কাজ করবে না। তাই আমরা ঠিক করেছি টেস্ট রিলিফ ব্যাপারে টেস্ট রিলিফ ওয়েজেস যা হবে তার রেট হবে এক টাকা থেকে দেড় টাকা এবং এটাই আমরা উপযুক্ত মনে করি। জলপাইগুড়িতে অবশ্য দেড় টাকা দিতে হবে। আমাদের কয়েকজন বিরোধী দলের বন্ধু বলেছেন যে আমরা নাকি রিফিউজি রিহ্যাবিলিটেশন বাবদ বরাদ্দ টাকার অনেক টাকা খরচ করতে পারছি না। আমাদের সংবাদপত্রে এই দু'-একদিন আগে খুব লম্বা একটা খবর বেরিয়েছিল। তাতে হিসাব দেওয়া হয়েছে যে আমাদের লোনএর খাতে রিলিফএর টাকা খরচ করতে কষ্ট হয়। সেখানে বক্তব্য লোন খাতে। যেখানে বরাদ্দ আছে ৩ কোটি ৪১ লক্ষ টাকা সেখানে ১৯৫৭ সালে ৩১এ ডিসেম্বর

পর্যন্ত আমরা খরচ করেছিলাম ২ কোটি ১৫ লক্ষ, আর ১৯৫৮ সালের ৩১এ জানুয়ারি পর্যন্ত খরচ করেছি ২ কোটি ৪৬ লক্ষ টাকা, আর ৮ই ফেব্রুয়ারি পর্যন্ত খরচ করেছি ২ কোটি ৭৫ লক্ষ টাকা এবং এই সমস্তটা অ্যাকাউন্টান্ট-জেনারেল অব বেঙ্গলএর কাছে পাস্‌ড হয়ে আসতে একটু টাইম-ল্যাগ হয়, কিন্তু আমার বিশ্বাস মার্চের মধ্যে এই বরাদ্দের সমস্ত টাকাটাই আমরা খরচ করব এবং কেন্দ্রীয় সরকারের কাছে আমরা যে বরাদ্দ চেয়েছি সেই টাকাটাও খরচ করতে পারব।

এখানের অনেক মাননীয় বন্ধু দণ্ডকারণ্যের কথা বলেছেন। আমাদের ডাঃ ঘোষ দণ্ডকারণ্যের সম্বন্ধে বলেছেন, কেউ কেউ নাকি তাঁকে বলেছে যে দণ্ডকারণ্যে কেউই যাবে না। আমাদের মাননীয় অধ্যক্ষ মহাশয়, তিনি দণ্ডকারণ্যে গিয়েছিলেন এবং সেখানে ন'-দশ দিন ছিলেন - অবশ্য নিজের খরচে। দণ্ডকারণ্যের সম্বন্ধে যখন সকলেই অনেক কথাই বলছেন তখন যখন হাউস ছিল না তখন নিজ চোখে আট-ন' দিন সেখানে থেকে সব দেখেছেন এবং ঘুরে এসে তিনি যে সংবাদ দিয়েছেন সেই খবরে আমরা খুবই আশ্বস্ত হয়েছি এবং আমি মনে করি দণ্ডকারণ্যে আমাদের মত সকল লোকের যাওয়া দরকার। দণ্ডকারণ্য ৮০ হাজার স্কোয়ার মাইল।

**Mr. Speaker:**
বিরোধী দলের নেতাও রাজী হয়েছেন আমার সঙ্গে যেতে।

**The Hon'ble Prafulla Chandra Sen:**
বেশ, বেশ, খুব আশা ও আনন্দের কথা সন্দেহ নেই। আমরা সেখানে তবে একসঙ্গেই যাব —জ্যোতিবাবুর সঙ্গেই আমরা যাব। দণ্ডকারণ্যের আয়তন ৮০ হাজার স্কোয়ার মাইল। এবং আমাদের পশ্চিমবঙ্গ, পুরুলিয়া, পূর্ণিয়া প্রভৃতি অ্যাডেড এরিয়া নিয়ে পশ্চিমবাংলার এরিয়া হচ্ছে ৩৫ হাজার স্কোয়ার মাইল। দণ্ডকারণ্যের এই ৮০ হাজার স্কোয়ার মাইলের মধ্যে এমন জায়গা আছে যেখানে রেনফল বৎসরে ৬০ ইঞ্চেস, এমন জায়গা আছে সেখানে খুব ভাল নদী, ভাল বন আছে, ভাল খনিজ সম্পদ—মিনারাল ওয়েল্থ পর্যাপ্ত পরিমাণে আছে। সেখানে বিদ্যুৎ সরবরাহেরও ব্যবস্থা করা হবে, ভাল ভাল পাকা রাস্তা তৈয়ার করার ব্যবস্থা হবে। এই ৮০ হাজার স্কোয়ার মাইলের মধ্যে ২০ হাজার স্কোয়ার মাইল ল্যান্ডও যদি আমরা রিক্লেম করতে পারি, পুনর্বাসনের জন্য উপযোগী করতে পারি এবং প্রতিটি স্কোয়ার মাইলের পিছু যদি ৪০০ লোককে বসাতে পারি তা হ'লে আমরা ৮০ লক্ষ লোককে বসাবার ব্যবস্থা করতে পারব। আজ তাই ভাবছি যে দণ্ডকারণ্যে সকলে মিলে যাব কিনা। আমার কাছে শুনে আপনারা আশ্চর্য হবেন যে স্পীকার মহাশয় সেখানে গিয়েছিলেন এবং তাঁর অভিজ্ঞতা খুব আশাপ্রদ এই কথা শুনে ইতিমধ্যেই তাঁর কাছে এক হাজার অ্যাপ্লিকেশন এসেছে দণ্ডকারণ্যে যাবার জন্য। দণ্ডকারণ্যে যাবার জন্য দরখাস্ত আমার কাছেও এসেছে। বিরোধী দলের সদস্যরা এবং অন্যান্য সকলে যদি এ বিষয়ে সহযোগিতা করেন তা হ'লে পশ্চিমবঙ্গ ও ভারতবর্ষের পক্ষে তা কল্যাণকর হবে। আমি বেশি সময় আর নেব না। আমি শুধু এই কথাই বলব যে আমাদের দেশে খাদ্য যে বেড়েছে সে বিষয় নিঃসন্দেহ এবং আমাদের দেশের কুটির শিল্পও বেড়েছে তাও নিঃসন্দেহ কিন্তু আমাদের দেশে আর জমি নেই, বাড়তি লোককে আর জমি দেওয়া যেতে পারে না। ল্যান্ডএর utilisation to the maximum quantum reach করেছে। মার্জিনাল অর সাব-মার্জিনাল জমিও আজ নেই। আমাদের দেশকে চায়নার সঙ্গে তুলনা ক'রেও কিছু লাভ নেই। আমরা এখানে আর একটা লোককেও পুনর্বাসন দিতে পারব না। এই বাস্তব কথাটা মনে রেখে এই দণ্ডকারণ্য পরিকল্পনা আমাদের সকলেরই গ্রহণ করা উচিত। শেষ সময় আমি বলতে চাই খাদ্য বিষয়ে আমাদের সমস্যা জটিল হ'লেও তাতে আশঙ্কিত বা আতঙ্কিত হবার কোন কারণ নেই।

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** Sir, the speech of Her Excellency the Governor always puts before the House or attempts to put before the House the position of the country according to what the Government think should be put before the House. Nobody can say that we have absolutely got what we wanted, that there are no needs, there are no deficiencies in this State. It would be foolish to say that, because in any country which

*is developing, as this country is developing, it would be a wrong thing to suggest that we have got what we have wanted, we have reached the final stage of our development.*

[6-35—6-45 p.m.]

I hope I always say that no people of a country should have that complacency because once you have the complacency you become almost a dead person, because you have nothing to struggle for or against. One of the most important problem of this State, apart from the food problem and the refugee problem, is undoubtedly the unemployment problem. I was looking into the figures and I find that within the last two or three years we have increased the number of posts, for example, we have got about 11 to 12 thousand teachers appointed for relieving the unemployment among the educated class. We have got about 26 thousand students who are being trained in the different technical institutions. We have got about 6 thousand people—to name a few—who are being employed in the Transport Department and so on. My friend Sj. Prafulla Sen has said that the cottage and small industries have also developed. Therefore there is no doubt that the number of posts have increased within the last few years but the number of people wanting posts are also inreasing in rapid stride. What has happened is that the number of employment that we can find and the number of people who seek employment, the relationship between the two is such that there is always the demand of employment more than we can supply. But we have got to think out new ways by which we can increase the employment potential in this State. A question has been raised whether the size of the Second Five-Year plan has been reduced. It is not correct. As I have said before the total amount provided for or allotted to this State is Rs. 153 crores originally and 4 crores more for the transferred areas of Behar,—157 crores including 16 crores for the Damodar Valley Project and that figure still remains. What has happened is that we have not been able yet to get the Government of India's help that they promised during the first two years of the Second Five-Year Plan, but let nothing deter us. We propose to continue implementing the items of the Second Five-Year Plan so long as we are able to do so.

Another question has been raised as regards the position of the Bengali language in this State. I might tell my friends the position as we see it in Article 345 of the Constitution and according to that Article the State Legislature may by law adopt any one or more of the languages in use in West Bengal, for example, Bengali—this is to be enacted—as the language or languages to be used for all or any of the official purposes of that State. This will be the official language of the State but until that law is passed by the Legislature English is our official language. Article 210 of the Constitution says—the business in the Legislature shall be transacted in the official language or languages of the State. I have just now said until a law is passed in this State making Bengali the official language, the business of the Legislature shall be transacted in English or it may be transacted in Hindi or in English. These are the provisions of Article 210—provided that the Speaker or the Chairman may permit any member who cannot adequately express himself in any of the languages mentioned above to address the House in his mother tongue. Article 348 states that all bills and amendments, all acts passed and ordinances promulgated, all rules, orders, regulations and bye-laws issued under this Constitution or under any Act shall be in English until the Parliament otherwise provides by law. Article 348(3) says that if the Legislature has prescribed the language other than English, then a translation thereof in English on the authority of the Governor of the State

shall be published in the State Gazette and shall be deemed to be the authoritative text expressed in English. Articles 248(1) and 348(2) say—until Parliament by law otherwise provides all proceedings of the High Court shall be in English, but the Governor may, with the President's previous assent, authorise the use of Hindi or the official language of the State in the proceedings of the High Court of the State. Therefore, it will be seen that the first thing we have got to decide is to try and put in a law whereby we can get everything done in Bengali. Then the next position that we have got to think of is with regard to the official purposes. The more important thing is the question of education of our young men in the different stages of educational career. That has to be thought of and we in the Government are trying to evolve a scheme for giving effect to our objectives.

Now, the next point that has been raised is the question about the "Build your own house scheme". Personally, I am very anxious that the people of this State should take up this "build your own house scheme". During the flood of 1956 a large number of houses, as you know about two lakhs houses—mostly mud houses had been demolished. We went to see these places and we found they had partially gone down. The question was—what is to be done with regard to rebuilding of these houses? Usually, the Government of India provided Rs. 300 for such rebuilding for each house.

[6-45—6-55 p.m.]

We tried to find out a method by which we could replace the mud-houses by brick houses and within the figure of Rs. 300 which is to be provided by the Government of India. This could only be done if the people themselves were prepared to manufacture their own bricks and burn them, we providing them with coal. Altogether about 13 crores of bricks have been manufactured and burnt by our people which is not a very small achievement for our rural people. Altogether 14,000 houses have been built and 21 villages have been rebuilt—I mean, the villages the lands of which had been washed off have been rebuilt. Besides that, this "Build Your Own House" scheme has developed in our people—and I hope it will continue to develop in our people—a measure of self-help. Instead of depending upon outsiders, upon brick-builders, to supply them with bricks or instead of reproducing the mud-houses again, they can now build their own houses on more solid foundations.

Now, there are one or two small matters which I can also mention here with regard to Malda. The question of communication with Malda had been brought up before the Government of India since 1949. At first it was thought that we might be able to get the Farakka Barrage done early enough to make it unnecessary for any other step being taken for establishing communication with Malda. I believe that it is the duty of the Government of India and I have said so—to replace the communication that was existing before the partition through Lalgola area. There is no earthly reason why the people of the Malda area should not have their communication easier than what it is today. For various reasons, however, the Farakka Barrage is not yet in view. Therefore, I have been pressing for a solution and only four days ago a man from the Railway Board came to me for having a railway line from Khejuriaghat to Malda so that we can provide for a power ferry near Khejuriaghat and there would not be the uncertainty that, we know, happens whenever there is a crossing to be made at the other places, viz., Maniharighat and Sakrigalighat. (The Hon'ble Siddartha Sankar Roy: It should be Dhulian Ganges.)

Now, in order to avoid the wastage of precious mangoes of Malda, we decided a year and a half ago to have, if nothing else, an air-strip so that the mangoes could be brought over to Calcutta or to other areas and be supplied to the people there at a fairly reasonable rate. I am glad to say that the Central Government have agreed to finish the air-strip by the end of March so that it might catch the mango season early enough.

With regard to the other problems regarding Malda which have been mentioned by my friends, I need not go into them at the present moment.

Now, I come to the subject-matter of corruption. My friend Mr. Chakravorty, in order to prove that there was corruption not merely in the Government but in the head of the Government also, has raised certain issues either to deliberately mislead the people here or due to ignorance. Sir, in order to establish his point, he, first of all, started by saying that the Maharaja of Burdwan got some advantages through the Government. The first point that he made was that the benefit of collecting arrears through the Government machinery under the Estates Acquisition Act was extended to the Maharaja of Burdwan only. This is absolutely untrue. The provision is in the Act and anybody can satisfy himself about the conditions laid down in the Act. Up till now the Government have received 643 applications of which 315 have been granted and the rest are being scrutinised. The second point he made was that the Collector objected to his proposal of taking over the Maharaja's area under sections 7 and 9. This is, again, absolutely untrue. The Collector's letter is here. He wrote, "We may not have any objection to take over collection of the area but we will be requiring some additional staff".

The third point made was that debutter was excluded from ordinary acquisition because the Maharaja had more debutter properties than secular. The total amount of income of the Maharaja of Burdwan was between 81 and 93 lakhs annually, and with regard to the debutter property the amount received varied between 6 and 7 lakhs. This is from the records of the Court of Wards under which the property was controlled. Then he said that the Maharaja's Palace—this is most important—was valued at 7 lakhs but that he was paid 11 lakhs. The fact is that the valuation came up to 15 lakhs 16 thousand and the Maharaja was actually paid 13 lakhs: 2 lakhs less than the valuation. Besides this, the Maharaja has only recently handed over some of his properties under the provisions of the Charitable Endowments Act (Act VI of 1890) for the purpose of providing facilities for University education at Burdwan. The letter runs thus, "I make over to the Government of West Bengal the properties described in the schedule to be held in trust under the provisions of the Charitable Endowments Act for the purpose of providing facilities for University education in Burdwan. It is, however, understood that of the properties thus made over, I shall be permitted to retain possession of the building known as Raj Mahal bearing municipal holding No. 166 for two years at the lowest." The value of the various lands and buildings is estimated at 25 lakhs. The whole of the Maharaja's Palace has been handed over to the Government of West Bengal for the purpose of having a University centre in Burdwan. This is the background.

The other point that my friend had made was that in order to satisfy the Maharaja or to help him or to pamper him, I had definitely made him the Chairman of the B. C. Roy Polio Clinic. As it so happens I got a letter yesterday which, I understand, has been published in the papers today. "As one of the trustees of the B. C. Roy Polio Clinic, I think it is my duty to clear some misconception in the public mind about the institution. The B. C. Roy Polio Clinic was founded by the late Dr. Santosh Bose of

Beliaghata. After almost incredible efforts he secured with the help of friends large donations, one of over 2 lakhs of rupees from Shri Giridharilal Mehta. He named the institution after Dr. B. C. Roy and also named the trustees amongst whom were the Maharaja of Burdwan, Prabhudayalji Himatsingka, Shri Naresh Nath Mukherjee and others.

[6-55—7-5 p.m.]

"The foundation stone of the institution was laid by the Prime Minister of India. The institution received no Government help and was managed by a Managing Committee of which I was the Chairman"—this is from Dr. Nalini Ranjan Sen Gupta. "After some time serious differences in the Managing Committee on matters of principle compelled me as the Chairman to request the Government to take over the institution. In March 1957 the Treasurer felt compelled to stop payment and one of us had to advance several thousands of rupees for carrying on the essential work of the hospital. I repeatedly begged the Chief Minister to take over the institution, as otherwise I would have to close the hospital. The hospital was then taken over by the Government with all its assets and liabilities. If there is any grievance against Dr. B. C. Roy it is this that because of the association of his name he has done less for this institution than we expected of him. I trust you will be pleased to publish this letter as early as possible."

Therefore, Sir, the two main arguments that my friend has produced are that I have accommodated the Maharaja with an extra amount of money and also put him in charge of the Polio Clinic—I do not know what the connection between the two is—and because of this he had been good enough to sell his property to me at Rs. 1,000 a cottah. Sir, my friend had the papers with him, and I remember on two occasions you asked him whether he was speaking from documents which he had in possession and he replied 'yes', and the paper that he had with him was a copy which I have got here. I shall come to that presently.

Sir I just give you a little background of the property. On the 31st May, 1904, the Maharajadhiraja Bejoy Chand Mahatab executed a lease in favour of Akhil Chandra Mukherji, 24, Pepulputty Lane, for an area of 8 bighas, more or less, known as No. 2, Rowland Lane. The lease was for a period of 100 years on a monthly rent of Rs. 200 for the first 50 years and Rs. 300 for the next 50 years. There was also an option given in the original lease to the lessee or his representatives or his assignees to purchase the landlord's interest, that is to say, the rent-receiving interest and reversionary interest in the property on payment of a consideration of Rs. 1,50,000 if the purchase was completed within the first 50 years and Rs. 2,25,000 if the purchase was completed within the next 50 years. The first fifty years would be ending on 31st May, 1954, the original document being on 31st May, 1904. On the 2nd April, 1908, four years after, Akhil Mukherji transferred his leasehold interest to a man called Sharager subject to a mortgage. The premises No. 2 Rowland Lane, which consisted of 8 bighas of land, were divided into six plots—33, 34, 35 and 36 Rowland Road and 20 and 21 Mullen Street.

On the 2nd September, 1911, the Registrar of the Calcutta High Court sold the properties in mortgage sale to (a) Maurice Mayohas three plots numbering 33 and 34 Rowland Road and 21 Mullen Street, about which my friend have mentioned the other day, covering about four bighas of land and (b) other parties the rest of the four bighas. On the 11th of October, 1912 by a deed executed between Maurice Mayohas and the purchasers of the other three plots the rent of Rs. 200 was apportioned.

Maurice Mayohas had to pay a rent for his three plots amounting to Rs. 115-8 as. per month for the first fifty years and Rs. 173-4 as. per month for the next fifty years out of Rs. 200 and Rs. 300 payable as rent according to the original lease of 31st May. On the 10th August, 1928 Maurice Mayohas and Sambhu Nath Sett morgaged 33 and 34 Rowland Road and 21 Mullen Street to Hindusthan Co-operative Insurance Society, Ltd. In 1935 the Society purchased 33 and 34 Rowland Road and 21 Mullen Street in a mortgage sale from Maurice Mayohas Sett. The Hindusthan Insurance Society sold its leasehold interest in premises No. 34 Rowland Road to Mrs. Archana Roy on January 6, 1943 and on the same date the leasehold interest in 21 Mullen Street was sold to the other party. On July, 1945 the Hindusthan Insurance Society agreed to sell to me its leasehold interest in premises No. 33 Rowland Road for a sum of one lakh of rupees for which Dr. Roy paid an earnest money of Rs. 16,000 at the time of such agreement in 1945. The actual transfer was made on the 6th of May, 1954 on payment by Dr. Roy of the balance of the purchase money for the leasehold interest of 33 Rowland Road. This money he raised by mortgaging his personal residence, 36, Wellington Street. Under the option clause as provided under the lease of 1904 given by the Maharaja Bijoy Chand Mahtab of Burdwan, the right to purchase the landlord's interest in the property during the first fifty years was to expire on 31st May, 1954. Notices as such were served by the lessees concerned to 34 Rowland Road, 21 Mullen Street and 33 Rowland Road to exercise such option to purchase the landlord's reversionary interest in the respective properties.

Now, I come to the deed from which my friend was reading. By an Indenture of lease Maharajadhiraj Bijoy Chand Mahtab Bahadur of Burdwan since deceased leased out the property to one Akhil Chandra Mukherjee. Eventually Hindusthan Co-operative Insurance Society, Ltd., got the property in execution of a decree and by the Indenture dated the 6th May, 1954 Hindusthan Co-operative Insurance Society assigned and transferred premises No. 33, Rowland Road to Dr. Bidhan Chandra Roy who shall have the right of ownership and possession of the same as granted by the lease dated the 31st May, 1904. And whereas it was *inter alia* provided by the said lease dated the 31st May, 1904, that the lessee shall sell the proprietary interest in the demised's premises free from encumbrances to the lessor and in consideration of this one lakh and fifty thousand rupees shall be paid. The intention was purchase of the said proprietary interest.

[7-5—7-15 p.m.]

"And whereas the Hindusthan Insurance Co-operative Society, the purchaser in title—the proposer has on or about the 18th of March, 1954, given notice to the Vendor in whom the right of reversionary proprietary interest of the said premises, 33 Rowland Road constituting the portion of the above said premises, 2 Rowland Lane is now vested, of his intention to purchase the reversionary proprietary interest of the lessor in the said premises, 33 Rowland Road containing more or less 2 bighas 5 cottahs 36 sq. ft. of land for a sum of Rs. 42,226 which is an aliquot part of the said settled consideration of Rs. 1 lakh 50 thousand for more or less 8 bighas of land demised under the said lease, dated the 31st May, 1904;

Whereas, the Vendor as said in the agreement contained in the said lease has agreed to sell the said reversionary proprietary interest in premises No. 33 Rowland Road to the purchaser; now this Indenture, etc., etc., in consideration of the said sum of Rs. 42,226/6 already paid by the purchaser to the Vendor on or before the execution of this, present being the aliquot part in full, the Vendor's reversionary proprietary interest

being more or less 2 bighas 5 cottahs 36 sq. ft. of land held by the purchaser in leasehold right under the lease, dated the 31st May, 1904, the Indenture does hereby grant transfer, etc., etc.......".

ডিমান্ড—এইটাই জিজ্ঞাসা করছি। আমার ধারণা তা তিনি পারেন না, অর্থাৎ এসেম্বলী প্রসিডিওর রুলস ভুল। যদি সংবিধান বিরোধী হয় তাহলে সে রুল টি'কতে পারে না। সংবিধানে পরিষ্কার আর্টিকেল ২০২তে রয়েছে যে এইভাবে, এই ফরমে ডিমান্ড ফর গ্র্যান্টস আনতে হবে ঐ বিষয়ে আমাদের সিটিং হওয়ার পরে যে রুল হয়েছিল তাতে স্পীকার আফটার স্পীকার তার উপর একটু চুণকাম করে গেছেন। এবং সেটা 'লেজিসলেচার'-এর সামনে আসে নি। তার ফলে ঐ রকম রুল তার ভিতর ঢুকে আছে যে এটা হবে না, ওটা হবে না ইত্যাদি। জেনারেল ডিবেট সম্বন্ধে কোন প্রশ্ন নাই। সেখানে আমার প্রশ্ন জেনারেল ডিবেট বা কাট মোশন কোনটা বাদ দেওয়া যায় একটা ফাইনান্স বিলে। প্রত্যেক বিলে যেমন ফার্স্ট রিডিং, সেকেন্ড রিডিং, থার্ড রিডিং আছে, সেই হিসাবে এই বাজেট যখন ফাইনান্স বিল তার ফার্স্ট রিডিংএ জেনারেল ডিসকাশন এই রকম এ্যানালজি রয়েছে। তারপর ক্লজ বাই ক্লজ, আর গ্র্যান্ট বাই গ্র্যান্টের ডিমান্ড, তারপরে থার্ড রিডিং-এর এ্যানালজি হচ্ছে এখানে ভোট অন এ্যাকাউন্টের এপ্রোপ্রিয়েশন। সেইজন্য সেখানে ২০২(২) বলা হয়েছে দুটো ভাগাভাগি হবে—একটা জেনারেল ডিসকাশন, আর একটা ভোট অন এ্যাকাউন্ট। তার মানে থার্ড রিডিং-এর প্রভিশন রয়েছে—যেটা এ্যাপ্রোপ্রিয়েশন বিল সেখানে ট্রেজারী বেঞ্চ বলতে পারেন না, আমরা জেনারেল ডিসকাশন করব কি করব না, কাট মোশন দেব কি দিতে পারব না। দুটোই দিতে হবে। সেখানে আমাদের যে প্রসিডিওর রুল রয়েছে তাতে দু'দিনে হয় না, অন্ততঃ ৩ দিন লাগে। তার জন্য অনধিক ৪ দিন জেনারেল ডিসকাশনের সেই রুল সংশোধিত ক'রে একদিন জেনারেল ডিসকাশন, এবং অনধিক ২০ দিন কাট মোশন সেই রকম করতে গেলে কতদিন ধরতে হবে? গিলোটিন-এর জন্য একদিন রাখতে হবে; আমাদের যে রুল আছে তাতে গিলোটিন-এর একদিন, এবং ৩ দিন অন্ততঃ জেনারেল ডিসকাশনের জন্য। আর কাট মোশনেও ৩ দিন। এইভাবে অন্ততঃ ৪ দিনের কমে হয় না। দেখতে হবে যথেষ্ট পরিমাণে আলোচনা হল কি না গিলোটিন দেবার আগে। এখানে বলা হচ্ছে আমরা সবটা আলোচনা করব জুন মাসে। তা হতে পারে সে বিষয়ে আমি অর্থমন্ত্রী মহাশয়ের সঙ্গে একমত যে মার্চ মাসের চেয়ে জুলাই, আগষ্ট, সেপ্টেম্বরের ভিতর বাজেট ডিসকাশন হয় তো বহু দিক থেকে সুবিধা হয়। কিন্তু দুঃখের বিষয় এসেম্বলী আমাদের ইচ্ছামত সব সময় হতে পারে না। এ জন্য সংবিধান রয়েছে। তার জন্য বলেছি যে ৩০এ সেপ্টেম্বর পর্যন্ত যাতে ফাইনান্সিয়াল ইয়ার হয়—মুখ্যমন্ত্রী মহাশয় যা বলেছেন, এবং তার রিজনসও আছে। আমাদের দেশে অধিকাংশ ফসল ৩০এ সেপ্টেম্বরের ভিতর উঠে যায় এক আমন ধান ছাড়া সমস্ত ভারতবর্ষে। আর যেহেতু আমাদের এটা একটা এগ্রিকালচারের দেশ, আমাদের বাজেট এস্টিমেট করবার পক্ষে তাতে সুবিধা হয়। আমাদের তাতে আপত্তি নাই। কিন্তু রুল ২০৩তে পরিষ্কার বলছে—সাপ্লিমেন্টারী বাজেট বা ভোট অন এ্যাকাউন্টের প্রপার প্রসিডিওর ঐটা। গভর্নমেন্ট যদি চান যে দুবার হবে, সেটা তাঁদের দায়িত্ব—একবার ৪ মাসের আর একবার ৮ মাসের। তাঁদের কাছে এসেম্বলীতে আসা দুর্ভাগ্য, আমরা সেটা সৌভাগ্যই মনে করি যে ২০ দিন + ২০ দিন অর্থাৎ ৪০ দিন নিয়ে এটা হবে। তাঁদের পক্ষে ভাল যত কম এসেম্বলী ডাকা হয়। যত কম বিরোধী পক্ষের কথা শুনতে হয়, ততটা সুবিধা। কিন্তু ২০৩-এর বন্ধনে দুর্ভাগ্যক্রমে তাদের দুবার করতেই হবে; অর্থাৎ এবারও ফুল ডিমান্ড করতে হবে ৪ মাসের জন্য। আর সাপ্লিমেন্টারি গ্র্যান্ট থাকে তাহলে হয়ত ৪ দিন না লাগতে পারে কিন্তু এই ডিমান্ড প্রত্যেক মন্ত্রীরই হতে পারে। সাপ্লিমেন্টারী বাজেটের বেলা যে রকম সেই রকম সম্পূর্ণ বাজেট বা ৪ মাসের জন্য ও পরিপূর্ণ আলোচনার ভিতর দিয়ে এই জিনিসটার সিদ্ধান্ত হওয়া উচিত। যেভাবে আর্টিকেল ২০৩(২)তে লেখা আছে তাতে সন্দেহের কোন জায়গা নেই। পরিপূর্ণ ডিসকাশনের সুযোগ দিতে হবে এবং প্রত্যেক ডিমান্ড প্রত্যেক মন্ত্রীকে আলাদা ডাকতে হবে। তার জন্য কাট মোশনের আলোচন বন্ধ হয় না, কেন না গ্র্যান্টটা ডিফাইন্ড হয়ে আছে কন্ট্রোলার-জেনারেল এবং অডিটর-জেনারেলের দ্বারা।

[3-30—3-40 p.m.]

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** Sir, my friend is usually very careful so far as law, regulations, etc. are concerned, but I think he has missed the bus this time. Article 150 says, "The accounts of the Union and of the States shall be kept in such form as the Comptroller and Auditor-General of India may, with the approval of the President, prescribe." It is for the purpose of keeping the accounts. The Auditor-General never prescribes as to what head a particular expenditure is to be put in. However, usually my fiend is very cautious and I entirely agree with him that the procedure should be article 203, viz., that first of all, all estimates of expenditure which are not charged expenditure shall be submitted in the form of demands for grants to the Legislative Assembly, and the Legislative Assembly shall have power to assent, or to refuse to assent, to any demand, or to assent to any demand subject to a reduction of the amount specified therein. That is perfectly correct, but if he had only taken the precaution to see two artcles afterwards, section 206, it says, "Notwithstanding anything in the foregoing provisions of this Chapter, the Legislative Assembly of a State shall have power to make any grant in advance in respect of the estimated expenditure for a part of any financial year pending the completion of the procedure prescribed in article 203 for the voting of such grant and the passing of the law in accordance with the provisions of article 204 in relation to that expenditure." Pending the placing before the House of the demand by each Ministry with regard to its own department and voting on those items or discussions on any cut motions and voting on those items, it is open to the Legislative Assembly to make any grant in advance in respect of the estimated expenditure for a part of a financial year. That does not mean that we shall not have a general discussion of the budget, or that we shall not place before the House the demand from each department for the members of the House to propose any reduction or alteration in the demand so made. Pending the completion of the procedure prescribed in article 203 for the voting of such grant, I am asking on behalf of the Governor or in the name of the Governor or as recommended by the Governor to make a grant in advance in respect of any financial year and the reason I have already said, and my own feeling is that the actual result of this transaction is acceptable to my friend Shri Bankim Mukherjee. I say again that the full discussion—four days' discussion as provided for in the rules for the General Budget *plus* up to 20 days' discussion on cut motions that is provided for in the rules will be done in the month of June. Pending that, for a part of the financial year we are asking this Vote on Account.

**Sj. Bankim Mukherji:**

স্যার, আমার মনে হয় প্রধানমন্ত্রী মহাশয়ের এই ভ্রম ১৬ বৎসরেও সংশোধিত হয় নাই। ১৯৫২ সালে তিনি এই স্লিপই দিয়েছিলেন। অর্থাৎ আর্টিকেলস ২০৬এর উপর দিকটা তিনি দেখেছেন যে

> "pending the completion of the procedure prescribed in article 203 for the voting of such grant and the passing of the law in accordance with the provisions of article 204 in relation to that expenditure".

এটাই দেখেছেন। কিন্তু ২০৬, সেকশন (২) দেখুন।

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** "The provisions of articles 203 and 204 shall have effect in relation to the making of any grant under clause (1) and to any law to be made under that clause as they have effect in relation to the making of a grant with regard to any expenditure......" But the provision of (2) is subject to provision 1(a) where it says completion of procedure will be under article 203, which would be taking place later.

**Sj. Bankim Mukherji:**
২০৬(২) অত্যন্ত পরিস্কার। আমাদের ২০৩ এবং ২০৪এর প্রসিডিওরের ভিতর দিয়ে যেতে হবে। সেটা অত্যন্ত পরিস্কার। এখন এর মানে কি দাঁড়াল? পেন্ডিং দি কম্প্লেশন, আমি যা বুঝেছি পুরা বছর যতক্ষণ কম্‌প্লিটেড না হচ্ছে ২০৩ অ্যান্ড ২০৪ ততক্ষণ পর্যন্ত ল হ'ল না। ততক্ষণ খরচ করা যাবে না। যতক্ষণ ২০৩ অ্যান্ড ২০৪এর সাহায্যে আইন না করা হ'ল ততক্ষণ ভোট অন এ্যাকাউন্ট করতে পারেন। ২০৩ অ্যান্ড ২০৪ অনুসারে চলতে হবে। প্রথমে ২০৩ অ্যান্ড ২০৪ সেটা হচ্ছে ১২ মাস যতক্ষণ কমপ্লিট না হচ্ছে ততক্ষণ ৪ মাসের জন্য চাইতে হবে কিন্তু ১২ মাসের জন্য ২০৩ অ্যান্ড ২০৪ পালন করতে হবে। এবং ৪ মাসের জন্যও ২০৩ অ্যান্ড ২০৪ পালন করতে হবে।

**Mr. Speaker:** If you want a ruling, you will have it to-morrow morning. So far as my decision is concerned, the matter ends here.

It is an interesting point of law. I have nothing whatever to do. I have been carefully reading the articles together with the rules. I have heard you—and believe me—with great respect and I have heard that also. And on an important point like this, to my mind, there should be a written rule which I should stick to. In all fairness that has passed in my mind; may be I am right or may be I am wrong, but you will get my ruling to-morrow morning

**Sj. Bankim Mukherji:**
শুধু আমাদের এই থাকবে যদি প্রয়োজন হয় ডেট বাড়াতে হবে।

**Mr. Speaker:** As regards the point of order reaised yesterday, I remember every wording of it. Since at the moment you think that I am against you, I do not want to deal with that now.

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** I can put this to Sj. Bankim Mukherjee. What I have raised before the House is a Demand and section 203 says that it shall be submitted in the form of a grant and the Legislature shall have power to assent to a Demand of this kind. Any member may say that he will reject such demand. I do not know where it is stated that the Demand shall be made by each individual Minister. The Demand shall be made before the Assembly and the Assembly shall have power to assent to or refuse the assent to any demand or assent to the demand in a modified form. Here is a Demand on a particular head and it is for the members of the Assembly to show their interest in it by saying that the Demand on the Community Development Project for 61 lakhs be reduced to 21 lakhs. It is open to them to say that. I have thought that it is no use into detail going since you will be discussing each individual demand in detail in June. I thought that it was much better in order to satisfy article 203 to place the whole Demand and it is open to any member of the Assembly to either assent to or refuse the assent to or reduce the amount. I have given you the amount. I have given you the head. Now it is for you to decide whether you agree or not.

**Sj. Bankim Mukherji:**
এইরকম কদর্থ করলে পর এনুয়াল বাজেট প্লেস করে কি হবে?

**Mr. Speaker:** Mr. Mukherjee, I would like to place one point which will assist all of us. I have had some discussions with some honourable members in my chamber about the cut motions. I find from this little book that the honourable members have been kind enough to give notice of about 1,000 cut motions. I do not think you seriously want to concentrate on all those cut motions. If you have any particular cut motions in mind or if you feel—as I found in the previous year, 20 or 25 cut motions were chosen

[3-30—3-40 p.m.]

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** Sir, my friend is usually very careful so far as law, regulations, etc. are concerned, but I think he has missed the bus this time. Article 150 says, "The accounts of the Union and of the States shall be kept in such form as the Comptroller and Auditor-General of India may, with the approval of the President, prescribe." It is for the purpose of keeping the accounts. The Auditor-General never prescribes as to what head a particular expenditure is to be put in. However, usually my fiend is very cautious and I entirely agree with him that the procedure should be article 203, viz., that first of all, all estimates of expenditure which are not charged expenditure shall be submitted in the form of demands for grants to the Legislative Assembly, and the Legislative Assembly shall have power to assent, or to refuse to assent, to any demand, or to assent to any demand subject to a reduction of the amount specified therein. That is perfectly correct, but if he had only taken the precaution to see two artcles afterwards, section 206, it says, "Notwithstanding anything in the foregoing provisions of this Chapter, the Legislative Assembly of a State shall have power to make any grant in advance in respect of the estimated expenditure for a part of any financial year pending the completion of the procedure prescribed in article 203 for the voting of such grant and the passing of the law in accordance with the provisions of article 204 in relation to that expenditure." Pending the placing before the House of the demand by each Ministry with regard to its own department and voting on those items or discussions on any cut motions and voting on those items, it is open to the Legislative Assembly to make any grant in advance in respect of the estimated expenditure for a part of a financial year. That does not mean that we shall not have a general discussion of the budget, or that we shall not place before the House the demand from each department for the members of the House to propose any reduction or alteration in the demand so made. Pending the completion of the procedure prescribed in article 203 for the voting of such grant, I am asking on behalf of the Governor or in the name of the Governor or as recommended by the Governor to make a grant in advance in respect of any financial year and the reason I have already said, and my own feeling is that the actual result of this transaction is acceptable to my friend Shri Bankim Mukherjee. I say again that the full discussion—four days' discussion as provided for in the rules for the General Budget *plus* up to 20 days' discussion on cut motions that is provided for in the rules will be done in the month of June. Pending that, for a part of the financial year we are asking this Vote on Account.

**Sj. Bankim Mukherji:**

স্যার, আমার মনে হয় প্রধানমন্ত্রী মহাশয়ের এই ভ্রম ১৬ বৎসরেও সংশোধিত হয় নাই। ১৯৫২ সালে তিনি এই শ্লিই দিয়েছিলেন। অর্থাৎ আর্টিকেলস ২০৬এর উপর দিকটা তিনি দেখেছেন যে

> "pending the completion of the procedure prescribed in article 203 for the voting of such grant and the passing of the law in accordance with the provisions of article 204 in relation to that expenditure".

এটাই দেখেছেন। কিন্তু ২০৬, সেকশন (২) দেখুন।

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** "The provisions of articles 203 and 204 shall have effect in relation to the making of any grant under clause (1) and to any law to be made under that clause as they have effect in relation to the making of a grant with regard to any expenditure......" But the provision of (2) is subject to provision 1(a) where it says completion of procedure will be under article 203, which would be taking place later.

ফার্টিলাইজার আরো দিতে হবে। এবৎসর যা দেখছি একমাত্র জুটে ইল্ড পার একার উৎপাদন বেড়েছে। কিন্তু অভিজ্ঞ লোকেরা বলছেন যে, জুটের ইল্ড পার একার আরো বাড়তে পারে আরো ভালো ফার্টিলাইজার দিলে পর—এটাই হচ্ছে গিয়ে অভিজ্ঞ লোকের মত। কিন্তু আমাদের খাদ্যমন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন কালকে আমাদের শোনালেন যে, বাংলাদেশে খারাপ জমিতে চাষ হয় ব'লে ফসলের ফলন কম হয়। আমি তাঁকে চ্যালেঞ্জ করছি, তিনি বাংলাদেশের যেকোন গ্রামে চলুন দেখে আসবেন সেখানে জমিতে গত ৫০ বৎসরে ৪০ পার সেন্টের কম হয়েছে কি না। দুয়েকটা জায়গায় অবশ্য আধুনিক পদ্ধতিতে চাষ হচ্ছে। গভর্নমেন্ট ফার্টিলাইজারে কাজ হয়নি তা আমি মনে করি না। কিন্তু গত ৫০।৬০ বৎসর ধরে আমাদের অবনতিই হয়েছে বাঁধ ইত্যাদি মরে যাবার ফলে, এবং কৃষকদের দারিদ্র্যই হচ্ছে সবচেয়ে বড় কথা। এত বছরের মধ্যে দরিদ্র কৃষকদের কোন উন্নতি হয় নি। তাঁর একটা ফেবারিট কথা হচ্ছে ভাল জমি ও খারাপ জমিতে মিশে গিয়ে চাষের পড়তা কমে যাচ্ছে। তা হ'লে বাংলাদেশের ভাল জমি থেকে খারাপ জমি আলাদা করে দিন। বাংলাদেশের যে কোন গ্রামে চলুন, দেখবেন, গত ৫০ বৎসর শতকরা ৪০ ভাগ জমিতে ১২ মণ ধান হয়—এভারেজ ইল্ড পার একার ১০ মণ—তবে কম যে কিছু হচ্ছে তাতে কোন সন্দেহ নাই। জুটে কিছু বেশী হয়েছে, কিন্তু সেটা কেন? সেটা ইন্ডাস্ট্রিয়েলিস্টদের প্রয়োজনেই হচ্ছে। কিন্তু কথা হচ্ছে, এই জুট বেশী হওয়ায় চাষীর কি লাভ হয়েছে? তারা যে খরচ করে তাও তো পাবার উপায় নাই। ইন্ডিয়ান জুট মিল অ্যাসোসিয়েশন থেকে যে রিপোর্ট ও বুলেটিন দেওয়া হয়ে থাকে তা যাঁরা এই ব্যবসার সঙ্গে ঘনিষ্টভাবে সম্পর্কিত তাঁরাই জানেন যে আই-জে-এম-এ অত্যন্ত ফলস স্টেটমেন্ট দেয়।

[3-50—4 p.m.] —

এই যে স্টক সম্বন্ধে যাতে করে যখন ফসল কাটা হয়, তখন তাঁরা দেখান এত স্টক হয়েছে যাতে বাজার দর কম হয়। এর পূর্বে কি হতো? সেন্ট্রাল গভর্নমেন্টের যে ইম্পোর্ট অ্যান্ড এক্সপোর্ট রিজিওনাল অফিস রয়েছে, তাঁরা একটা বুলিটীন বের করতেন—স্টক সম্বন্ধে স্টেটমেন্ট দিয়ে। তাঁরাও আজ কিছুদিন যাবৎ সেই বুলেটীন বের করা বন্ধ করে দিয়েছেন। কাদের স্বার্থে? যেহেতু এই ইম্পোর্ট অ্যান্ড এক্সপোর্টের ব্যাপার কেন্দ্রীয় সরকারের। বাংলা-সরকারের কি এতে কোন দায়িত্ব নাই? বাংলার পাটচাষী তাদের বাঁচাবার বাংলা-সরকারের কি দায়িত্ব নয়? আজ আমরা শুনছি বিহারের পাটচাষীরা আসছে বছরে আর পাট চাষ করবে না। এখানে আমাদের যারা পাটচাষী কিছু সুবিধা তাদের নাই।

তারপর হচ্ছে র জুট থেকে গভর্নমেন্টের একটা মোটা আয় হতো। অবশ্য সেবিষয়ে অনেক বক্তব্য ছিল। কিন্তু গভর্নমেন্টের বুদ্ধির ভুলে আমরা বহু কোটী টাকা হারিয়েছি। তাহলেও কেন্দ্রীয় সরকার থেকে মোটা একটা টাকা আমরা পেতাম। যেহেতু আজকে র জুট এক্সপোর্ট বন্ধ হয়ে গেছে, তার ফলে আমাদের এই টাকাটা চিরকালের জন্য মারা গেল। তার একটা সোর্স অব ট্যাক্স ছিল। অথচ আমাদের ধারণা জুটের দর এমন ধরা হয়, যে দর কৃষকের পক্ষে ক্ষতিকর। আর জুট ইন্ডাস্ট্রি বলে কি? তাঁরা বলেন, ইন্ডাস্ট্রিয়াল ক্রাইসিস আসছে কেন? না, র জুটের অত্যন্ত বেশী দাম দিতে হয়। অথচ কৃষক দাম পায় না তাহলে দামটা যায় কোথায়? আমাদের ধারণা দশ কোটী টাকার উপর এই ফাঁক দিয়ে মেরে নিয়েছেন মুনাফাখোরেরা। কিন্তু বাংলা দেশের গভর্নমেন্ট এবিষয়ে কোন প্রতিকার করেন নাই। আমরা বার বার করে বলে যাচ্ছি শুধু আজ নয়—দেশবন্ধু দাসেরও জুট সম্বন্ধে একটা পরিকল্পনা ছিল। বাংলার জুট হচ্ছে বাংলার প্রাণ। বাংলা গভর্নমেন্ট সেটা ভাবেন না। বাংলা গভর্নমেন্ট যদি সেটা দখল করতে পারেন, তাহলে সোনার খনি তাঁরা দখল করতে পারবেন। র জুটের উপর ট্রেড কেন বাংলা গভর্নমেন্ট নেয় না—এই নির্দেশ দিতে আমরা ভয় পাই। কেন না বাংলাদেশের গভর্নমেন্ট ট্রান্সপোর্টের ব্যবসায় যে কৃতিত্ব দেখিয়েছেন, তাতে আমার মনে হয় আরো সর্বনাশ হবে। যাহোক তাঁদের কৃতিত্বটা এবার সামলান! কেন না এটা হচ্ছে একটা পথ। আমরা তাঁদের কোন কৃতিত্ব দেখতে পাই কি? না। স্টেট ট্রান্সপোর্টে গতবৎসর বলছেন ৩৮ লক্ষ টাকা আয় কম হয়েছে।

১৯৫৬-৫৭ সালে ২১ লক্ষ ২৭ হাজার টাকা লাভ ছিল। আর ১৯৫৭-৫৮ সালে ২ লক্ষ ৬৩ হাজার টাকা লোকসান হয়েছে। অর্থাৎ ২৪ লক্ষ টাকা কম আয় হয়েছে। বড় সাংঘাতিক কথা! ১৯৫৮-৫৯ সালে বলছেন, ২ লক্ষ থেকে ৬০ হাজার টাকা কম আয় হবে। আমার আশংকা হচ্ছে ভাড়া বৃদ্ধি করবার জন্য বাজেট এই হচ্ছে একটা কৌশল। ট্রামের বাসের ভাড়া বৃদ্ধি করে আমাদের পকেট মেরে বলা হবে ৬০ হাজার টাকা তোমাদের খোক পকেট থেকে মারা হবে। কাজেই এই গভর্নমেন্টকে বাংলাদেশের ব্যবসার দিকে মতি দিতে বলতে ভয় হচ্ছে।

বাংলার চা সম্বন্ধে তাঁরা যেভাবে চলেছেন, জ্যোতিবাবু সেদিন বলেছেন আমাদের দুটো যে সম্পদ, তা তাঁরা তচনচ করে দিতে চাচ্ছেন ভবিষ্যতের জন্য। কেন? কাজেই আমরা যে কথা বুঝতে পারছি যে, বাংলাদেশে খাদ্য সম্বন্ধে, চাষের সম্বন্ধে যে কয়টী জিনিষ দরকার সেটী হচ্ছে গিয়ে একদিকে ফার্টিলাইজার, আর একটা ইরিগেশন, আর একদিকে ল্যান্ড রিফর্ম। এই ল্যান্ড রিফর্মের ব্যাপারটা নিয়ে গভর্নমেন্ট সংকটে পড়েছেন, গভীর সংকটে। সেই সংকটের কথা নিয়ে আমরা যখন অনেক চীৎকার করেছিলাম, সিলেক্ট কমিটী থেকে আরম্ভ করে এই হাউসে পর্যন্ত, যে এত কম্পেন্সেশন দিতে গেলে পর অনেক আগেই জমিদারী প্রথা উঠে জেত। এস্টেট একুইজিশন, ফ্লাউড কমিশনও তাই বুঝেছিলেন। তখন তাঁদের অতি সুদক্ষ কর্মচারীর মতে সন্তুষ্ট হয়ে হিসেব দিয়ে বলেছিলেন—এত কোটী টাকা দিলে সব হয়ে যাবে। আজকে আর তাঁরা হালে পানি পাচ্ছেন না। তখন তাঁরা আমাদের কথা শোনেন নাই। যখন ল্যান্ড রিফর্ম বিল আসবে তখনও তাঁরা শুনবেন না। এখনো আমরা বলছি, এই সমস্ত বড় বড় লোককে বেশী টাকা দেবার কোন প্রয়োজন এখন করে না। তারপর অবশ্য যদি ল্যান্ড রিফর্ম বিলে যদি সংস্কার আসে, তখন আলোচনা করা যাবে। এই যে লুট হয়েছে, তা টাকা দিয়ে বন্ধ করতে পারা সম্ভব নয়।

আমাদের ধারণা হয়েছে খাদ্যের ব্যবস্থা করতে গেলে ফার্টিলাইজার বাড়াতে হবে, ল্যান্ড রিফর্ম এমন করতে হবে যেখানে কৃষকের ইনিসিয়েটিভ গজায়, যেখানে তাদের কোন ইনিসিয়েটিভ নাই। তিন ভাগের জমি—ভাগচাষী, গুলো ও সাঁজা জমি। তাদের কোন ইনিসিয়েটিভ নাই।

তারপর এই সমস্ত ব্যাপারে দেখতে পাচ্ছি টেস্ট রিলিফ মারফৎ দিয়ে কিছু দিতে। এই টেস্ট রিলিফ যদি একটা কো-অর্ডিনেটেড প্ল্যানে হতো, তাহলে পর স্থায়ী কিছু হতে পারতো। এই টেস্ট রিলিফে এই কোটী দু' কোটী টাকা খরচ করছেন বলেছেন, তাতে হচ্ছে চৈত্র বোশেখে মাটী এনে কাঁচা রাস্তায় ঢালা হয়, আর জৈষ্ঠ্য মাসে বর্ষায় সেটা ধুয়ে মুছে যায়। তবে গরীব মানুষ কিছু খেতে পায়—এইটা যা লাভ হয়। যদি টেস্ট রিলিফ কো-অর্ডিনেটেড হতো, রাস্তাঘাট যদি ইরিগেশনের সঙ্গে মিলে হতো, টেস্ট রিলিফ প্রভৃতি যদি একসঙ্গে মিলে হতো, তাহলে আমার ধারণা শুধু যে গরীব লোকে খেতে পেত তা নয়, একটা সঙ্গে আর একটা কো-অর্ডিনেটেড প্ল্যানে হতো, রিলিফের কাজও ভাল হতো। আসছে বছরও চালিয়ে যান। সব কিছু কন্ট্রাক্টরের মাধ্যমে করতে হবে, তার কি অর্থ? টেস্ট রিলিফ হোক—কিছু বললে বলবেন ঐখানে তো মুস্কিল! পাকা রাস্তা হয় না কেন? পাকা রাস্তা করতে গেলে ইট পোড়াতে কয়লা কোথায় পাবো? কেন পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্ট দেবেন—সিভিল ওয়ার্কসের ব্যাপার। তারা দেবেন না। কেন এই সিভিল ওয়ার্কস ডিপার্টমেন্ট তা দেবে না? কেন এগুলো কো-অর্ডিনেটেড করতে পারা যাবে না? এই রকম একটা মন্ত্রণার কথা শুনেছিলাম, কাগজে পড়েছিলাম। সেখানেও যদি তাঁরা আমাদের পরামর্শের কোন মূল্য থাকে, অনুগ্রহ করে যদি ডাকেন, তাহলে কৃতার্থ হতে পারি। এই সমস্ত ব্যাপার কেন একটা কো-অর্ডিনেটেড প্ল্যানে হবে না? ঐ বড় বড় ইরিগেশন দিয়ে বাংলা কভার করা যাবে না। অথচ বাংলার প্রতিটা জমিতে সেচের ব্যবস্থা চাই এবং তা সম্ভব। একবার বর্তমান সেচমন্ত্রী হেসেছিলেন আমি যখন ঝিল, বিল প্রভৃতি কাটবার পরামর্শ দিয়েছিলাম। আশাকরি এখন তাঁর অভিজ্ঞ ব্যক্তিরা সেই সমস্ত কথা বলছেন এবং তাঁর মতও তিনি কিছু পরিবর্তন করবেন।

তিনি হেসে বলেছিলেন যে, বঙ্কিমবাবু, গড়িয়ে শেষে কি ঐ কুয়োর ভেতর পড়ে হাত-পা ভেঙ্গে মরবেন? তিনি আমার প্রতি কৃপাবশে এই সমস্ত কুয়ো খোড়েন নি, তারজন্য ধন্যবাদ। শুধু আমাকে বাঁচিয়ে রাখবার জন্য—সে কথা বলেছিলেন।

তারপর আর একটা জিনিষ দেখলাম—কো-অপারেটিভ ডিপার্টমেন্টে ইনভেস্টমেন্ট ৭০ লক্ষ টাকা কম বরাদ্দ করা হয়েছে এবং তারপর যেটুকু দেখতে পাচ্ছি যে কতকগুলি জায়গায় সিভিল ওয়ার্কসে রাস্তার জন্য ৫৫ লক্ষ টাকা কম খরচ হয়েছে এবং ক্যাপিটাল একাউন্ট ধরলে সিভিল ওয়ার্কসে দেখা যায় ১ কোটী ২৪ লক্ষ টাকা কম খরচ হয়েছে।

সুন্দরবন ডেভেলপ্‌মেন্টের জন্য ২১ লক্ষ্য টাকা কম খরচ হয়েছে। সি-ডি-পি ও এন-ই-এস-এ ২৬ লক্ষ টাকা কম খরচ হয়েছে, মডেল ভিলেজে ৭৪ লক্ষ টাকা কম খরচ হয়েছে, রিফিউজিদের ব্যাপারে ১ কোটী ৩৬ লক্ষ টাকা কম খরচ হয়েছে। মোট প্রায় ৫ কোটী টাকা কম খরচ করা হয়েছে এবং এর জন্য কেন্দ্র থেকে ৩ কোটি ২৭ লক্ষ টাকা কম সাহায্য পাওয়া গেছে। এই গভর্নমেন্ট দু' কোটী সওয়া দু' কোটী টাকা খরচ করলে কেন্দ্র থেকে ঐ তিন কোটী টাকার উপর পাওয়া যেত। কিন্তু সেগুলি পেতে তাদের সামথ্য নাই। কেন্দ্র থেকে এই টাকা-গুলি নিলে পর কি কাজগুলি হত না? সমস্ত কাজ—রিফিউজি রিলিফ রিহ্যাবিলিটেশন. কো-অপারেটিভ, কমিউনিটি ডেভেলপ্‌মেন্ট, সুন্দরবন ডেভেলপ্‌মেন্ট এবং রাস্তাঘাট তৈরি। আমি জানি আমার নদীয়ার বন্ধু উচ্ছ্বসিত সংগীত গেয়েছেন, নদীয়া যাবার রাস্তার—পথের সংগীত। তিনি এককালে যে পথে একহাঁটু ধুলোর ভেতর দিয়ে যেতেন, সেই পথে তিনি আজ মনের আনন্দে মোটরগাড়ীতে চলে যান। বিশ বছরে তাঁদের অবস্থার এই পরিবর্তন হয়েছে। কিন্তু বিশ বছর আগে নগ্ন পদে ধুলোর ভেতর দিয়ে যেতে এক রকম আনন্দ পেতেন; আর আজ সেখানে মোটর গাড়ীতে যাবার সুযোগ পেয়েছেন, আর এক রকম আনন্দ পাচ্ছেন মনে। এই যা পার্থক্য হয়েছে।

[4—4-10 p.m.]

বাংলাদেশের গ্রামগুলিতে যেখানে শতকরা ৭০।৮০ জন লোক প্রতিদিন চলে, সেই ইউনিয়ন বোর্ডের রাস্তা, মিউনিসিপ্যালিটির রাস্তা, এমন কি কলকাতা করপোরেশনের রাস্তার অবস্থা কি? কি টাকা বরাদ্দ হয় এবং কেন হয় না? ইউনিয়ন বোর্ড প্রভৃতির সাধ্য নেই মিউনিসি-প্যালিটির সাধ্য নেই, এই সমস্ত রাস্তার ঠিক ঠিক সংস্কার করা। কিন্তু এখানে টাকা বরাদ্দ হয় নি। অবশ্য যে কাজ এ পর্যন্ত করেছেন, সেটুকুর জন্য প্রশংসা করতেই হবে। ধন্যবাদ দিতেই হবে। যে রাস্তা করেছেন—বাংলাদেশের চলাচলের অবস্থা অত্যন্ত ভয়ঙ্কর ছিল বড় বড় রাস্তা, হাইওয়ে প্রভৃতি যা হয়েছে—তার জন্য নিশ্চয়ই তারা ধন্যবাদের পাত্র। যে পানীয় জলের ব্যবস্থা কিছু কিছু হয়েছে—নলকূপ প্রভৃতি, তার জন্য তারা ধন্যবাদের পাত্র কিন্তু তারা যেন এতে সন্তোষলাভ করেন না—কম্‌প্লাসেন্সি যেন না আসে এবং উচ্চস্বরে নিজেদের গাঁথা যেন না গাইতে যান। কারণ বাংলাদেশের প্রবলেম সাংঘাতিক—গ্রামের প্রবলেম, রাস্তাঘাট, কূয়া ইত্যাদি কিন্তু আমি সব চেয়ে বেশী আশ্চর্য হচ্ছি—মডেল ভিলেজ হচ্ছে, তাতে ৭৪ লক্ষ টাকা কম। কালকে ডাঃ রায় বললেন, কতকগুলি মডেল ভিলেজের কথা কিন্তু সেত আমরা জানতে চাই—বিল্ড ইওর ওন হাউস—তার যে প্রকান্ড স্কীম। বন্যার পরে, সেখানে কি দেখলাম? দেখলাম যে পর্বতের মূষিক প্রসব। আজ ২ বৎসর পরে জানতে পারলাম কি? না, ২১টা গ্রামে মডেল ভিলেজ তৈরি হবে এবং ২৫ হাজার বাড়ী তৈয়ার হয়েছে। শুনেছি বাংলাদেশ এক-তৃতীয়াংশ নাকি বন্যায় বিধ্বস্ত হয়েছে। এখানে বাংলাদেশের গ্রামের সংখ্যা যদি নেওয়া যায় - তাহলে দেখা যাবে যে ১৫ হাজার গ্রাম আছে এবং শুনতে পাচ্ছি ২৩ হাজার বাড়ী হয়েছে কিন্ত যদি ১৫ হাজার গ্রামে তা ডিস্ট্রিবিউট করে দেওয়া হয় তাহলে এক একটী গ্রামে ১টী থেকে ২টী পাকা বাড়ী তৈরি হয়েছে। ছিলও ত তাই। এক একটা গ্রামে ১টা ২টো পাকা বাড়ী তো থাকেই। এবং তারা এখানে বাড়ী করে নিয়েছে গভর্নমেন্টের পয়সায়। আর পাকা বাড়ী যাদের থাকে, তারাই তো গভর্নমেন্টের পয়সা'য় আরও পাকা বাড়ী করে—এইটেই তো আমাদের অভিযোগ। আরও দেখতে পাচ্ছি—১৯৫৮-৫৯ সালে ফেমিন, রিলিফে কম বরাদ্দ হয়েছে। মডেল ভিলেজ

স্কীম প্রভৃতিতে ৩।।০ কোটী টাকা আরও কম বরাদ্দ হয়েছে। কিন্তু সব চেয়ে বেশী আশ্চর্যের বিষয় হচ্ছে এডুকেটেড আনএমপ্লয়মেন্টে ১৩ লক্ষ টাকা কম বরাদ্দ ধরা হয়েছে। এই একটা জিনিষ আছে—এডুকেটেড অর্থাৎ শিক্ষিত লোক যে বেকারী তাকে ঘোচাবার জন্য ১৩ লক্ষ টাকা তো কেন্দ্রীয় সরকারও দেয়। এত দরদ আমরা শুনতে পাই। অর্থমন্ত্রী মহাশয় মাঝে মাঝে মিডল ক্লাসের প্রতি এত দরদ দেখান! এই শিক্ষিত বেকার—তার জন্য মাত্র ১৩ লক্ষ টাকা বরাদ্দ করতেন এবং তা ৪০ কোটী টাকার এক সরসের পরিমাণও নয়। কি সর্বনাশ হয়ে যেত এই ১৩ লক্ষ টাকা বরাদ্দ করলে! কিন্তু তা করলেন না। এখানে আমার সব চেয়ে ভয়ঙ্কর রকমের অভিযোগ হচ্ছে—বাংলাদেশ আজ যে অবস্থায় পরিণত হয়েছে—বাংলাদেশের ব্যবসা, বাণিজ্য আজ অপরের হাতে, বাঙ্গালীর আর কোন কিছু নেই। হয় বিদেশী, না হয় অবাঙ্গালী। বাংলাদেশের কৃষক চাষী, চাকুরে, এবং কিছু লার্নেড প্রফেশন আছে। এ ছাড়া বাংলার কিছু নাই। সেখানে বাংলাদেশে কি এই এডুকেটেড আনএমপ্লয়েড প্রবলেমই নয়? আজ দুঃখের বিষয় আমার বন্ধুবর প্রফুল্ল সেন মহাশয় এখানে উপস্থিত নেই। তিনি কাল বলেছিলেন যে বাঙ্গালীরা শ্রমবিমুখ, বাঙ্গালীরা শ্রমের কাজ করতে চায় না। কাল তিনি যখন ঐ বক্তৃতা দিচ্ছিলেন, তখন অদৃষ্টের পরিহাস যে খিদিরপুর ডক থেকে বিতাড়িত কয়েকজন শ্রমিক এখানে দাঁড়িয়ে তার বক্তৃতা শুনেছেন এবং তারা এসে আমাকে বলে যে এই হয়েছে—কয়েক মাস পূর্বে খিদিরপুর লেবার এক্সচেঞ্জের মারফতে ৩,১০০ জন লোককে কাজ দেয়। তার মধ্যে ৩ হাজার জন অবাঙ্গালী! ১০০ জন বাঙ্গালী। তাদের সম্পূর্ণভাবে টেস্ট করে ফিজিক্যালি ফিট প্রভৃতি দেখে নেওয়া হয়। এই কয়েক মাস তারা কাজ করে গিয়েছে। তাদের কাজের বিরুদ্ধে কোন অভিযোগ নেই যে তারা খারাপ কাজ করেছে। কিন্তু যখন পাকা চাকরি দেওয়া হল—তখন দেখা গেল এই ১০০ জনকে বাদ দিয়ে ৩ হাজার অবাঙ্গালী কাজ পেলেন। এই ১০০ জন কেন পেল না? হয়ত বলবেন, ডক, পোর্ট এটা হল কেন্দ্রীয় ব্যাপার। হতে পারে কেন্দ্রীয় ব্যাপার কিন্তু বাংলা সরকারের কি দায়িত্ব নাই? এই বাঙ্গালী শ্রমজীবী যদি তারা আসে, তাদের বিশেষ করে প্রটেকশন দেওয়া তাদের কাজ দেওয়া? আশ্চর্য দেখতে পাচ্ছি ৩,১০০ জন লোকের মধ্যে ৩ হাজার জন কার্যে নিযুক্ত হল। আর বাঙ্গালী ১০০ জনই ছাটাই হয়ে চলে যাচ্ছে। এর চেয়ে লজ্জার কথা আর কি আছে? অথচ এখানে মন্ত্রী মহাশয় বড় বড় করে বললেন, বাঙালী কাজ করতে চায় না। এরা কাজ করতে গিয়েছিল এবং ডকের পরিশ্রম, মোট ঠেলা—এমনি বাবুয়ানি করতে যায় নি। মোট ঠেলার কাজ তারা করে ছিল এবং আজও তারা প্রস্তুত আছে—ঐ দুর্গাপুরে, বার্নপুরে ২৬ হাজার লোক নিযুক্ত হচ্ছে—যার জন্য বিহার থেকে গ্রামকে গ্রাম উঠে আসছে। অথচ বাঙালী উদ্বাস্তু—বাংলার গ্রামের লোক—যারা আজ কাজ চাচ্ছে,—হয়তো তাদের কাজের আউট-পুট কম হবে কিন্তু তা সত্বেও বাংলা-সরকারের কি উচিত নয় এই সমস্ত লোককে কাজ দেওয়া ও সুবিধা করে দেওয়া। আজকে যাদের হাতে এই সমস্ত এমপ্লয়মেন্ট তারা বাঙালী নয়। আগে এইটুকু ছিল যে হাই গ্রেড অফিসারস বাঙালী নিযুক্ত হত কিন্তু আজকে সেখানে এমন কি ডাক্তারির কাজ থেকেও বাঙালীকে সরান হচ্ছে। এই জিনিষ চলেছে পশ্চিমবাংলার ভিতরে। এবং করছেন কারা? তারা হচ্ছে এই গভর্নমেন্ট ও মন্ত্রী মণ্ডলীর অত্যন্ত বন্ধুগোষ্ঠী, সেইজন্য এই সমস্ত যে অনাচার চলেছে, তার প্রতি তারা দৃষ্টি দিচ্ছেন না। যাই হোক এডুকেটেড এমপ্লয়মেন্টে ১৩ লক্ষ টাকা কম বরাদ্ধ, এটা একটা অত্যন্ত দুঃখের বিষয়। তারপর প্ল্যান। প্ল্যানের পরিকল্পনার কথা শুনতে পাই। ১৯৫৬-৫৭ সালে ২৩।। কোটী টাকা বরাদ্দ, ১৭ কোটী টাকা খরচ হয়েছে; ১৯৫৭-৫৮ সালে ২৮।। কোটী টাকা হল, তারপর সেটা কমে সে জায়গায় ২৬।। কোটী টাকা রিভাইসড-এ হল এবং এ্যাকচুয়ালে হয়ত দেখা যাবে আরও কমে গিয়েছে। এবং তাতেও ৬ কোটী টাকা ঘাটতি। আর ১৯৫৮-৫৯ সালের বরাদ্দ হয়েছে ২৪।। কোটী টাকা, তার মধ্যে ৫ কোটী টাকা পাবলিক লোন থেকে নেওয়া হবে। পাবলিক লোন গত বৎসরে যে আপনার ৬ কোটী টাকা ঘাটতি আছে সেটাকে পূরণ করতেই তো শেষ হয়ে যাবে। টাকা পাচ্ছেন কোথায়? এবং তার ব্যবস্থা কোথায়? এবং এই কি ক্রমবর্ধমান প্ল্যান? যে ৫ বৎসরের পেসে যাবে, পেস তো দেখতে

পাচ্ছি ক্রমশই শম্বুক গতিতে এগুতে আরম্ভ করেছে। এই বহু বিঘোষিত পঞ্চবার্ষিক পরিকল্পনা বাংলাদেশে আছে কি? না গুটিকত কুটীরশিল্প। তাও সেখানে যেটুকু আশা ছিল, কমিউনিটি ডেভেলপমেন্ট প্ল্যান এবং ন্যাশনাল এক্সটেনশন সার্ভিসে সেখানেও দেখতে পাচ্ছি যে সেখানেও এত লক্ষ টাকা কম খরচ হচ্ছে। এবং সবচেয়ে আশ্চর্য হচ্ছি যে এই সমস্ত জায়গায় যেটুকু কাজ হবে সেটুকুন কাজও হতে পারত যদি জনসাধারণকে উৎসাহিত করে এর ভিতর এনে দেওয়া যেতে পারত। কিন্তু সেখানে আমার বন্ধু—জালান সাহেব, এমন একটা পঞ্চায়েৎ আইন করেছেন, যাতে জনসাধারণের আর অগ্রসর হবার পথ নেই। গতবারে তিনি বললেন—আচ্ছা, নমিনেশন করা হবে না, ইলেকশন করা হবে। কবে পঞ্চায়েৎ পাশ হয়ে গেছে কিন্তু পঞ্চায়েতে এখনও সেই নমিনেশন পদ্ধতিই আছে। কনস্টিটিউশন ভারতবর্ষের যে সংবিধান সেই সংবিধানের যে গণতন্ত্র যার মধ্যে গণতন্ত্রের কিছুটা চেহারা আছে, তা অন্য দেশের গণতন্ত্র থেকে পৃথক। গ্রামের গণতন্ত্রের উপর ভিত্তি করেই ভারতবর্ষের গণতন্ত্র কিন্তু এরা এমনই গভর্নমেন্ট, এমনই কংগ্রেসের বন্ধু, যে সে ভিৎটাকে নষ্ট না করে কিছুতেই ক্ষান্ত হতে পাচ্ছেন না। কোথা থেকে সেই গণতন্ত্রের বিকাশ হবে? কমিউনিটি ডেভেলপমেন্ট কদ্দুর এগুবে? কতকগুলি রাস্তা ও টিউব-ওয়েল এই কি সব? সেদিকেও দেখতে পাচ্ছি—সেদিক দিয়েও তারা কিছুমাত্র অগ্রসর হচ্ছেন না। যাই হোক, এখন এরা খুব কান্নাকাটি করছেন, ফাইনান্স কমিশন সম্পর্কে। আমি তাদের সেই ক্রন্দনেতে সমবেদনা জানাতে কেন, আমিও তাদের কান্নায় যোগ দিচ্ছি এবং আমিও মনে করি যে পশ্চিমবাংলার উপর অনেক কিছু অন্যায় করা হয়েছে। কিন্তু আমি জিজ্ঞাসা করি, এই এডিশনাল ডিউটিস অব এক্সাইজ তার রিপোর্টের পেজ ৬২তে দেখতে পাচ্ছি সেখানে ধরা হয়েছে—বম্বে ৯ কোটী ৭ লক্ষ; বাংলা ২ কোটী ৮০ লক্ষ, ইউ পি ৫ কোটী ৭৫ লক্ষ; মাদ্রাজ ২ কোটী ৮৫ লক্ষ। এখানে এক্চুয়ালের উপর করা হয়েছে। কিন্তু ২ কোটী ৮০ লক্ষ হয় কেন? বাংলাদেশে আমি জানি, কন্জাম্পশন পার হেড বম্বের চেয়ে বেশী ছাড়া কম নয়; বম্বের যদি লোকসংখ্যা আমাদের চেয়ে ডবলও হয়, তাহলেও আমাদের দেশে ৪॥ থেকে ৪ কোটী হওয়া উচিত। ঐ এ্যাডিশনাল ডিউটি অব এক্সাইজ সেটা তো আপনার এক্চুয়ালের উপর হয়েছে। এর কারণ আমাদের কর্মচারীদের শৈথিল্য, অকর্মন্যতা, এবং আপনার দেশের লোকের ট্যাক্স ফাঁকি দেবার প্রভৃতির জন্য এ্যাকচুয়ালস কম হয়েছে। আমাদের এ্যাকচুয়ালস যদি বেশী থাকত, তাহলে আমরাও নিশ্চয় পেতাম। অন্যান্য ব্যাপারে নিশ্চয়ই ইনকাম-ট্যাক্স প্রভৃতি কম হয়েছে ধরা। আমি সেখানে জিজ্ঞাসা করি গভর্নমেন্ট সেখানে কি করবেন, তা কি ভেবেছেন? আমি আর কয়েকটী কথা বলেই শেষ করব। কত ওয়েস্ট হচ্ছে! শুনতে পাই মন্ত্রী মহাশয়ের কক্ষের জন্য ৮০ হাজার টাকা ব্যয়ে কৃষ্ণনগরের একটী বাড়ীর খবর কাগজে পড়েছি—আমি বলতে চাই না, ৫০ হাজার টাকা মেরামতের খরচ এবং ১০ বছরের লীজ। টিটাগড় ট্রেনিং সেন্টারের ব্যাপারে কাগজে যা পড়েছি তাতেও সেখানে আর একটা চাগলা কমিশন হওয়া উচিত। মৎস্য বিভাগের কথা রোজই কাগজে বেরুচ্ছে যে, কিভাবে গোটাকতকের একটা কর্টেরি দাম কম করিয়ে রাখছে।

[4-10—4-20 p.m.]

অথচ গভর্নমেন্ট সেখানে নিষ্ক্রিয়। এতবড় পশ্চিমবঙ্গ সরকার যাঁরা আমাদের দাবড়ে ঠাণ্ডা করেন, মাথার উপর দিয়ে চলে যান তাঁরা এই গোটাকতক আড়তদারদের শায়েস্তা করতে পারেন না এটাই আমরা বিশ্বাস করব। তাঁরা তাঁদের বন্ধু বলে তাঁদের পরিপোষণ করতে হবে এতে কোলকাতা বা বাংলাদেশের লোক মারা যাক দুঃখ নেই। এই হচ্ছে তাঁদের মনোভাব। সেজন্য আমি বলব কেরালার মতন একটা এড্মিনিস্ট্রেটিভ বডি এক্সপার্টদের নিয়ে করতে রাজী আছেন, কিন্তু তাঁরা তা পারবেন না। এটা করলে কিন্তু অনেক ওয়েস্টেজ বাঁচবে, করাপশান বাঁচবে। তাঁরা মাঝে মাঝে কোয়াপারেশনের কথা বলেন। তাঁদের কোয়াপারেশনের দুটো দিক দেখলাম—একটা হল রিফিউজি সম্বন্ধে একটা য়্যাডভাইসারী বোর্ড হয়েছে। লোকের ধারণা বুঝি সেটাই তাদের সম্বন্ধে সব করেন। কিন্তু আমাদের হাতে ট্রেনিং সম্বন্ধে বা ক্যাম্প সম্বন্ধে কি ক্ষমতা আছে? কেন যে এই য়্যাডভাইসারী বোর্ডের হাতে রিফিউজির সমস্ত প্রবলেমের সমাধানের ভার দেওয়া হয় না তা বুঝি না। দ্বিতীয়তঃ এই বোর্ড ডাকা হয়েছিল

স্কীম প্রভৃতিতে ৩॥০ কোটী টাকা আরও কম বরাদ্দ হয়েছে। কিন্তু সব চেয়ে বেশী আশ্চর্যের বিষয় হচ্ছে এডুকেটেড আনএমপ্লয়মেন্টে ১৩ লক্ষ টাকা কম বরাদ্দ ধরা হয়েছে। এই একটা জিনিষ আছে—এডুকেটেড অর্থাৎ শিক্ষিত লোক যে বেকারী তাকে ঘোচাবার জন্য ১৩ লক্ষ টাকা তো কেন্দ্রীয় সরকারও দেয়। এত দরদ আমরা শুনতে পাই। অর্থমন্ত্রী মহাশয় মাঝে মাঝে মিডল ক্লাসের প্রতি এত দরদ দেখান! এই শিক্ষিত বেকার—তার জন্য মাত্র ১৩ লক্ষ টাকা বরাদ্দ করতেন এবং তা ৪০ কোটী টাকার এক সরসের পরিমাণও নয়। কি সর্বনাশ হয়ে যেত এই ১৩ লক্ষ টাকা বরাদ্দ করলে! কিন্তু তা করলেন না। এখানে আমার সব চেয়ে ভয়ঙ্কর রকমের অভিযোগ হচ্ছে—বাংলাদেশ আজ যে অবস্থায় পরিণত হয়েছে—বাংলাদেশের ব্যবসা, বাণিজ্য আজ অপরের হাতে, বাঙ্গালীর আর কোন কিছু নেই। হয় বিদেশী, না হয় অবাঙ্গালী। বাংলাদেশের কৃষক চাষী, চাকুরে, এবং কিছু লার্নেড প্রফেশন আছে। এ ছাড়া বাংলার কিছু নাই। সেখানে বাংলাদেশে কি এই এডুকেটেড আনএমপ্লয়েড প্রবলেমই নয়? আজ দুঃখের বিষয় আমার বন্ধুবর প্রফুল্ল সেন মহাশয় এখানে উপস্থিত নেই। তিনি কাল বলেছিলেন যে বাঙ্গালীরা শ্রমবিমুখ, বাঙ্গালীরা শ্রমের কাজ করতে চায় না। কাল তিনি যখন ঐ বক্তৃতা দিচ্ছিলেন, তখন অদৃষ্টের পরিহাস যে খিদিরপুর ডক থেকে বিতাড়িত কয়েকজন শ্রমিক এখানে দাঁড়িয়ে তার বক্তৃতা শুনেছেন এবং তারা এসে আমাকে বলে যে এই হয়েছে—কয়েক মাস পূর্বে খিদিরপুর লেবার এক্সচেঞ্জের মারফতে ৩,১০০ জন লোককে কাজ দেয়। তার মধ্যে ৩ হাজার জন অবাঙ্গালী! ১০০ জন বাঙ্গালী। তাদের সম্পূর্ণভাবে টেস্ট করে ফিজিক্যালি ফিট প্রভৃতি দেখে নেওয়া হয়। এই কয়েক মাস তারা কাজ করে গিয়েছে। তাদের কাজের বিরুদ্ধে কোন অভিযোগ নেই যে তারা খারাপ কাজ করেছে। কিন্তু যখন পাকা চাকরি দেওয়া হল—তখন দেখা গেল এই ১০০ জনকে বাদ দিয়ে ৩ হাজার অবাঙ্গালী কাজ পেলেন। এই ১০০ জন কেন পেল না? হয়ত বলবেন, ডক, পোর্ট এটা হল কেন্দ্রীয় ব্যাপার। হতে পারে কেন্দ্রীয় ব্যাপার কিন্তু বাংলা সরকারের কি দায়িত্ব নাই? এই বাঙ্গালী শ্রমজীবী যদি তারা আসে, তাদের বিশেষ করে প্রটেকশন দেওয়া তাদের কাজ দেওয়া? আশ্চর্য দেখতে পাচ্ছি ৩,১০০ জন লোকের মধ্যে ৩ হাজার জন কার্যে নিযুক্ত হল। আর বাঙ্গালী ১০০ জনই ছাটাই হয়ে চলে যাচ্ছে। এর চেয়ে লজ্জার কথা আর কি আছে? অথচ এখানে মন্ত্রী মহাশয় বড় বড় করে বললেন, বাঙালী কাজ করতে চায় না। এরা কাজ করতে গিয়েছিল এবং ডকের পরিশ্রম, মোট ঠেলা—এমনি বাবুয়ানি করতে যায় নি। মোট ঠেলার কাজ তারা করে ছিল এবং আজও তারা প্রস্তুত আছে—ঐ দুর্গাপুরে, বার্নপুরে ২৬ হাজার লোক নিযুক্ত হচ্ছে—যার জন্য বিহার থেকে গ্রামকে গ্রাম উঠে আসছে। অথচ বাঙালী উদ্বাস্তু—বাংলার গ্রামের লোক—যারা আজ কাজ চাচ্ছে,—হয়তো তাদের কাজের আউট-পুট কম হবে কিন্তু তা সত্বেও বাংলা-সরকারের কি উচিত নয় এই সমস্ত লোককে কাজ দেওয়া ও সুবিধা করে দেওয়া। আজকে যাদের হাতে এই সমস্ত এমপ্লয়মেন্ট তারা বাঙালী নয়। আগে এইটুকু ছিল যে হাই গ্রেড অফিসারস বাঙালী নিযুক্ত হত কিন্তু আজকে সেখানে এমন কি ডাক্তারির কাজ থেকেও বাঙালীকে সরান হচ্ছে। এই জিনিষ চলেছে পশ্চিমবাংলার ভিতরে। এবং করছেন কারা? তারা হচ্ছে এই গভর্নমেন্ট ও মন্ত্রী মণ্ডলীর অত্যন্ত বন্ধুগোষ্ঠী, সেইজন্য এই সমস্ত যে অনাচার চলেছে, তার প্রতি তারা দৃষ্টি দিচ্ছেন না। যাই হোক এডুকেটেড এমপ্লয়মেন্টে ১৩ লক্ষ টাকা কম বরাদ্ধ, এটা একটা অত্যন্ত দুঃখের বিষয়। তারপর প্ল্যান। প্ল্যানের পরিকল্পনার কথা শুনতে পাই। ১৯৫৬-৫৭ সালে ২৩॥ কোটী টাকা বরাদ্দ, ১৭ কোটী টাকা খরচ হয়েছে; ১৯৫৭-৫৮ সালে ২৮॥ কোটী টাকা হল, তারপর সেটা কমে সে জায়গায় ২৬॥ কোটী টাকা রিভাইসড-এ হল এবং এ্যাকচুয়ালে হয়ত দেখা যাবে আরও কমে গিয়েছে। এবং তাতেও ৬ কোটী টাকা ঘাটতি। আর ১৯৫৮-৫৯ সালের বরাদ্দ হয়েছে ২৪॥ কোটী টাকা, তার মধ্যে ৫ কোটী টাকা পাবলিক লোন থেকে নেওয়া হবে। পাবলিক লোন গত বৎসরে যে আপনার ৬ কোটী টাকা ঘাটতি আছে সেটাকে পূরণ করতেই তো শেষ হয়ে যাবে। টাকা পাচ্ছেন কোথায়? এবং তার ব্যবস্থা কোথায়? এবং এই কি ক্রমবর্দ্ধমান প্ল্যান? যে ৫ বৎসরের পেসে যাবে, পেস তো দেখতে

খাদ্যমন্ত্রীর চেয়ে কম যান না। আমাদের মুখ্যমন্ত্রী বাজেটের প্রস্তাবনায় নানারকম স্ট্যাটিস্টিক্স পরিবেশন করে দেখাতে চেষ্টা করেছেন যে আমরা খুব একটা উন্নতির শিখরে আরোহন করেছি, ক্রমশঃ আমরা হাই পিচ অব প্রগ্রেসের দিকে যাচ্ছি। এবং তা প্রমাণ করতে গিয়ে তিনি বলেছেন যে ইন্ডাস্ট্রিয়াল প্রডাক্‌শন বেড়েছে, কস্ট অব লিভিং কমেছে এবং প্রাইস কমে যাচ্ছে। কিছুটা ইন্ডাস্টিয়াল প্রডাক্‌শন বেড়েছে এবং কস্ট অব লিভিং যে কমেছে তার ভেতরে কিছুটা সত্য আছে। তারপরে তিনি ফুডের সম্বন্ধে বলেছেন যে, ফুডের প্রোডাক্‌শন বেড়েছে, কিন্তু এ বছরে খাদ্যের যে মারাত্মক ঘাটতি সে সম্বন্ধে তিনি একটি কথাও একেবারেই উচ্চারণ করেন নি। এই সঙ্গে সঙ্গে যেটা তিনি গোপন করে গেছেন সেটা হল খাদ্যের দর। গতকাল আমাদের এখানে মাননীয় খাদ্যমন্ত্রী যে অভিভাষণ দিয়েছিলেন তাতে তিনি মাছ, আলু, সরষের তেলের যে দর কমেছে তা তিনি নানারকম তথ্য পরিবেশন করে আমাদের কাছে দেখাবার চেষ্টা করেছিলেন। কিন্তু যে বিভাগের জন্য তিনি সারা বাংলাদেশের কাছে দায়ী সেই খাদ্য বিভাগে খাদ্যের কি দর, চালের কি দর এবং সেই চালের দরের গতি কোন দিকে সে-সম্বন্ধে তথ্য তিনি গোপন করে গেছেন। মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন ১৯৫৮ সালের ফেব্রুয়ারী মাসে দাম কম ছিল। কিন্তু ১৯৫৮ সালে ফেব্রুয়ারী মাসে দাম কার থেকে কমল? ১৯৫৮ সালের ফেব্রুয়ারীর যে দাম সেটা ১৯৫৭ সালের ডিসেম্বরের চেয়ে শতকরা ২ পার্সেন্ট বেশী; সেটা আবার ১৯৫৬ সালের ডিসেম্বরের চেয়ে ৮·৫ পার্সেন্ট বেশী এবং তাও আবার ১৯৫৫ সালের ডিসেম্বরের চেয়ে ৩৪ পার্সেন্ট বেশী। অর্থাৎ গত ৩ বছর যাবৎ একাধিকক্রমে খাদ্যের দাম যে বেড়ে চলেছে সেই তথ্যটা মুখ্যমন্ত্রী মহাশয় কিম্বা খাদ্যমন্ত্রী মহাশয় আমাদের কাছে পরিবেশন করবার প্রয়োজন বোধ করেন নি এবং অতি সন্তর্পনে সে-কথা গোপন করে গেছেন। মুখ্যমন্ত্রী ১৯৫৮-এর ফেব্রুয়ারীর কস্ট অব লিভিং ইন্ডেক্স সম্বন্ধে বলেছেন। এই কস্ট অব লিভিং ইন্ডেক্স ১৯৫৭ সালের ফেব্রুয়ারীর কস্ট অব লিভিং ইন্ডেক্সের চেয়ে বেশী। ১৯৫৭ সালের ফেব্রুয়ারীর কস্ট অব লিভিং ইন্ডেক্স ছিল ৯৮·৪, আর তিনি ১৯৫৮ সালের ফেব্রুয়ারীর লিভিং ইন্ডেক্স ১০৪ বলেছেন। ১৯৫৬ সালের ফেব্রুয়ারীর লিভিং ইন্ডেক্স ১৯৫৭ সালের ফেব্রুয়ারীর ইন্ডেক্স থেকেও ৮ পার্সেন্ট কম ছিল। কিন্তু এসব কথা তিনি বলেন নি। এখন এই যদি প্রাইসের পজিশন হয় মূল্যের অবস্থা হয়- তাহলে তিনি যে এক থেকে ১০০ টাকা আয় সম্পন্ন লোকেদের কথা উল্লেখ করেছেন তাদের জীবনযাত্রার উপর কি আঘাত এসেছে সেটা আমরা সহজে অনুমাণ করতে পারি। কারণ এই শ্রেণীর লোকদের বাজেটের শতকরা ৬৫ ভাগ খাদ্যের জন্য তাঁরা ব্যয় করে থাকেন। ১ থেকে ১০০ যাদের আয় তারাই শুধু নয় ১০১ থেকে ২০০ যাদের আয় এবং ২০১ থেকে ৩৫০ যাদের আয় তাদেরও সেই একই অবস্থা। এ বিষয়ে আমি কয়েকটা তথ্য এখানে পরিবেশন করতে চাই।

[4-20—4-30 p.m.]

১০১ থেকে ২০০ টাকা যাদের আয় তাদের ইন্ডেক্স দেখাচ্ছি—

জানুয়ারী ১৯৫৬—৯১

জানুয়ারী ১৯৫৭—৯৭

জানুয়ারী ১৯৫৮—১০৩·৪

আর খাদ্যের দর যদি জানতে চান তারও ইন্ডেক্স দিচ্ছি—

জানুয়ারী ১৯৫৬—৮৪

জানুয়ারী ১৯৫৭—৯৯·৯

জানুয়ারী ১৯৫৮—৯৮·৬

২৫১ থেকে ৩৫০ যাদের আয় তাদের হচ্ছে—

জানুয়ারী ১৯৫৬—৯১·২

জানুয়ারী ১৯৫৭—৯৬·২

জানুয়ারী ১৯৫৮—১০২

আর খাদ্যের দর হ'ল ঐ সময়ে ৮৩·৭, ৯১·৩ আর ৯৫·৮। সুতরাং কালকে ফুড মিনিস্টার খুব আত্মসন্তুষ্টির মনোভাব প্রকাশ করেছেন এবং গভীর ষড়যন্ত্রমূলক মনোভাব নিয়ে তিনি একথা গোপন করেছেন। আমি আরও বলতে চাই—খাদ্য সম্বন্ধে গত ২১এ জানুয়ারী তারিখের পূর্বে যে অবস্থা ছিল ২১এ জানুয়ারীর পরে যে নাটকীয় পরিবর্তন ঘটল তার গোড়ার কারণ কি সে সম্বন্ধে তিনি আমাদের কিছু শুনালেন না। গত বছর নভেম্বর তারিখের পূর্বে চাল লেভী করার কথা ছিল; মিল থেকে শতকরা ৫০ ভাগ এবং নভেম্বরে নূতন চালের বেলায় শতকরা ৭৫ ভাগ লেভি করার কথা ছিল। দাম ছিল ১৬ টাকা। কিন্তু ২১এ জানুয়ারীর পর দু'রকম ব্যবস্থারই পরিবর্তন হ'ল। কেন হ'ল সে রহস্য উদ্ঘাটিত হয় নি। খাদ্যমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর কাছে আমি এ-বিষয়ে কৈফিয়ত চাচ্ছি। মুখ্যমন্ত্রী ইন্ডাস্ট্রিয়াল প্রোডাক্‌শনের কথায় বলেছেন, ইন্ডাস্ট্রিয়াল প্রোডাক্‌শন আপাততঃ কমে যাছে। মুখ্যমন্ত্রী মহাশয় নিজেও বলেছেন—ভ্যারিয়েবল ডিভিডেন্ট সিকিউরিটি প্রাইসেস কমে গিয়েছে। ১৯৫৬ সালের অক্টোবরে তা যেখানে ছিল ১২৪·৯, ১৯৫৭ সালের অক্টোবরে সেখানে কমে হয়েছে ৯৭·৪। এবং আনুসংগিক অবস্থা কি হ'ল? হ'ল এই বেকারের সংখ্যা বেড়ে গেল। সম্প্রতি আই-এল-ওর যে রিপোর্ট পাওয়া গেছে, তাতে দেখছি ১৯৫৭ সালে আমাদের দেশে ১৭ পার্সেন্ট চাকুরি-প্রার্থীর সংখ্যা বেড়ে গেছে। আমরা দেখতে পাচ্ছি ইস্‌রাইল, বার্মা, এমন কি পাকিস্তানে পর্যন্ত এই অবস্থা সহজ করেছে, আর আমাদের দেশে ১৯৫৭ সালে নতুন করে অধিক সংখ্যক চাকরীপ্রার্থী এসে হাজির হয়েছে। এই যে ছবি, মুখ্যমন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করি, এটা কি প্রস্‌পারিটির ছবি, সমৃদ্ধির ছবি না অধোগতির ছবি? এটা অত্যন্ত ডিস্‌ম্যাল ছবি বলে মনে করি। এবং অত্যন্ত সংকটময় অবস্থার মধ্যে আমরা অগ্রসর হয়েছি বলে মনে করি।

এ্যাড্‌মিনস্ট্রেশন সম্বন্ধে আমি দু-একটী কথা বলতে চাই। আমরা পঞ্চবার্ষিক পরিকল্পনার সার্বভৌমত্বের আওতায় বাস করছি। পঞ্চবার্ষিক পরিকল্পনায় এ্যাড্‌মিনস্ট্রেশনের ক্ষেত্রে যে সমস্ত সুপারিশ ছিল সে সুপারিশগুলি রক্ষা করা হচ্ছে কিনা আমি জানি না। এ সম্পর্কে আমি জানাতে চাই ফার্স্ট ফাইভ-ইয়ার প্ল্যান-এর ভিউতে আমরা দেখতে পাচ্ছি অবজেক্‌টিভ ইন এ্যাড্‌মিনস্ট্রেশন বলা হয়েছে ইন্টেগ্রিটি, এফিসিয়েন্সী, ইকনমি, পাবলিক কো-অপারেশন। মুখ্যমন্ত্রী মহাশয় তাঁর বাজেট বক্তৃতায় বলেছেন হোয়াই ওয়েস্ট? এই যে অপচয় হচ্ছে সেগুলি বন্ধ করার জন্য মাননীয় বঙ্কিমবাবু বলেছেন এবং অপচয়ের দৃষ্টান্তও সম্পর্কে আমি জানাতে চাই ফার্স্ট ফাইভ-ইয়ার প্ল্যান-এর রিভিউতে আমরা দেখতে পাচ্ছি যে সমস্ত ব্যবসা পশ্চিমবঙ্গ সরকার করেছেন তাতে গত বছর নয় লক্ষের উপর ঘাটতি দিয়েছেন এবং প্রত্যেক বছর আরও বেশী ঘাটতি দিচ্ছেন। এই বছরও দিয়েছেন। সমস্ত দিকে অপচয়ের চিহ্ন পরিস্ফুট হয়ে উঠছে। এ্যান্টি-করাপশান ডিপার্টমেন্ট তারা গঠন করেছেন কিন্তু সংবাদপত্রে আমরা দেখেছি যে করাপশান সম্বন্ধে যে বিল ক্যাবিনেটে আনা হ'ল করাপশান বন্ধ করার জন্য, সে বিল গভর্নমেন্ট, সরকারী কর্মচারীরা বাধা দেবার দরুন আনতে অগ্রসর হ'তে পারেন নি। একথা যদি সত্য হয়ে থাকে তা হলে যে এ্যাড্‌মিনস্ট্রেশনের ভিত্তি ভূমি ইনকরাপটিবল হওয়া উচিত যে এ্যাডমিনস্ট্রেশনের ষোল আনা এফিসিয়েন্সীর পরিচয় দেওয়া উচিত। যে এ্যাড্‌মিনিস্ট্রেশনের ভিত্তি ভূমি পাবলিক কো-অপারেশন—তার দিকে সরকারী হস্ত প্রসারিত করা উচিত। সেই ভিত্তিভূমি কতটা তৈরি হ'ল, প্রস্তুত কতটা হয়েছে সে সম্বন্ধে সহজেই আমাদের মনে সংশয় জাগে।

সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যানের বইএর ১২৮ পৃষ্ঠায় আমরা দেখতে পাচ্ছি—ইট ওয়াজ অলসো পয়েন্টেড আউট—ইন্টিগ্রিটি সম্বন্ধে বলা হয়েছে—

that laxity on the part of employees of Government was found due to the fact that honest and good workers were not sufficiently rewarded and inefficiency and dishonesty were insufficiently penalised.

এ সম্পর্কে এই হাউসে বহু আলোচনা হয়েছে, এই ধরনের কিছু নজির যে এ্যাডমিনিস্ট্রেশনে রয়েছে তা জানা না থাকলেও কিছুটা আন্দাজ আছে। যে এফিসিয়েন্সী না হলে পর পর পঞ্চবার্ষিকী পরিকল্পনাকে সফল করা যাবে না, সেই এফিসিয়েন্সীর দিকে সরকার এক পা

অগ্রসর হওয়াত দূরের কথা বরং পশ্চাতপদ হয়েছেন। আর একটা বিষয় কোরাপসন সম্পর্কে সেটি সম্বন্ধে বলা আছে সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যানে—ডিলে, বটল নেক, সৃষ্টি করা হয়। সে সম্বন্ধে আমাদের দৈনন্দিন অভিজ্ঞতা রয়েছে। যখন আমরা সরকারী দপ্তরের সংস্পর্শে আসি তখন এই ডিলে এবং বটল নেক আমাদের প্রত্যক্ষ অভিজ্ঞতার ভেতর চলে আসে। সিমেন্টের কথা বলতে চাই, এই সিমেন্টের পার্মিট নিয়ে যে কত খেলা হচ্ছে তা আমরা সম্বাদপত্রে দেখেছি। ইউনিয়ন সরকার নাকি পরামর্শ দিয়েছেন প্রতিটি রাজ্যকে যে তোমরা সিমেন্ট ডিকন্ট্রোল করে দাও, ফ্রি মার্কেটে বিক্রী করবার ব্যবস্থা করো। কিন্তু আজ পর্যন্ত আমরা জানি না যে পশ্চিমবঙ্গ সরকার সিমেন্ট ডিকন্ট্রোল করেছেন কিনা, যতদূর জানি তারা সিমেন্ট ডিকন্ট্রোল করেন নি, অথচ অন্যান্য রাজ্য সিমেন্ট ডিকন্ট্রোল করেছে। তারপরে এফিসিয়েন্সীর কথা, য়্যাপেলবীর রিপোর্ট এই হাউসে উচ্চারিত হয়েছে, অনেকবার, য়্যাপেলবীর রিপোর্টে একটা কথা আছে ডিভলিউসন অব রেসপনসিবিলিটি। যদি এ্যাডমিনিস্ট্রেশনকে কর্মতৎপর করতে চান তবে ডিভলিউসন অব রেসপনসিবিলিটি করতে হবে। ডিভলিউসন অব রেসপনসিবিলিটির দিকে আমরা এতটুকুও অগ্রসর হয় নি।

তারপরে আমরা দেখতে পাচ্ছি, বাংলাদেশের মন্ত্রীসভা সম্বন্ধে বলা হয়, বাংলাদেশের সরকার সম্বন্ধে বলা হয় যে, একটিমাত্র মন্ত্রী আছেন, তিনি হোলেন ডাঃ বিধানচন্দ্র রায়, সব বিষয়ে তার পরামর্শ ছাড়া কাজ চলে না। তিনি যদি সম্মতি না দেন, তাঁর যদি পরামর্শ না নেওয়া হয় তবে কোন কাজে অগ্রসর হওয়া যায় না। সেদিক থেকে আমি বলতে চাই যে এফিসিয়েন্সীর কোন লক্ষণ আমরা এ্যাডমিনিস্ট্রেশনের ভেতর দেখছি না। এই সূত্রে আমি বলতে চাই যে পশ্চিমবঙ্গ সরকারের দপ্তরে যে ১ লক্ষ ৬২ হাজার নন গেজেটেড অফিসার্স আছেন তাদের ভেতর চিরকালই কি শতকরা ৫৬ জন টেম্পোরারী থাকবে, তাদের কি কোনদিন পার্মানেন্ট করা হবে না? এর ভেতর ফুড রিলিফ ডিপার্টমেন্টে নাকি শুনেছি ৯৫ পার্সেন্ট চিরকাল টেম্পোরারী আছেন। তাদের ছুটি মাইনাপত্র সবকিছুতে একটা বৈষম্য আছে এবং আমরা জানি সেখানে পাঁচ-ছয় রকমের স্কেল অব পে আছে, এটাকে র‍্যাশনালাইজ করবার কোন বন্দোবস্ত করা হয় নি। সেক্রেটারীয়েট লেভেল-এ দুই রকম স্কেল অব পে আছে, ডিরেক্টরেটে এবং ডিস্ট্রিক্ট লেভেলএ দুই রকম স্কেল অব পে আছে তা ছাড়া ইর্নাফরিয়ার স্টাফ ৪০ হাজার। আমি গতবারে সাজেস্ট করেছিলাম একটা কমিটি করা হোক স্টাফ রিকোয়ারমেন্ট কমিটি, র‍্যাশনালাইজেশন কমিটি। এই দুটো কমিটি করে মাইনা র‍্যাশনালাইজ করা হোক এবং স্টাফ রিকোয়ারমেন্ট য়্যাসেস করে টেম্পোরারী স্টাফের সংখ্যা কমিয়ে পার্মানেন্ট করা হোক। এটা না হওয়ার দরুণ ২০ বছর যাদের চাকরী তাদের এক মাসের নোটিশ দিয়ে চাকরী থেকে বরখাস্ত করা যায় তারা যদি টেম্পোরারী থাকে। আমি একটা উদাহরণ দিচ্ছি—দিনেশ মিত্র বলে একজন কর্মচারী তার কেস হাইকোর্টে দিয়েছিল। ডিসমিস হবার আড়াই বছর পর হাইকোর্টে দিতে এসে সে চাকরিতে যোগ দেয়, কয়েকদিন পরে তার চাকরী যায়। আমরা শুনেছি গভর্নরের বিশেষ ক্ষমতাবলে নাকি তার চাকরী গিয়েছে।

আর একটা যোগাতাব কথা বলছি, সেটা মাননীয় বঙ্কিমবাবু বলে গেছেন, সেটা হোল এই যে ফাইনান্স ডিপার্টমেন্টে ১৮ জন গেজেটেড অফিসার রয়েছেন, ফাইনান্স সেক্রেটারী শুদ্ধ অথচ সেখানে এ্যাডিসনাল একসাইজ ডিউটির বেলায় যে টাকা পেলাম সেটা কেন এরকম, তার কারণ হোল সেখানে কমোডিটিওয়াইজ কোন রেকর্ড রাখা হয় না, অন্যান্য স্টেটে এটা রাখা হয়েছে। ডিলার্সদের কাছে দুয়ারে দুয়ারে ঘুরে তথ্য সংগ্রহ করে সেই তথ্য ফাইনান্স কমিশনের কাছে পরিবেশন করা হয়েছে যারজন্য বঙ্কিমবাবু বলেছিলেন যে পাঁচ কোটি টাকার জায়গায় আমরা মোট দুই কোটি ৮০ লক্ষ টাকা পেয়েছি।

[4-30—4-40 p.m.]

**Sj. Sasabindu Bera:**

মাননীয় স্পীকার মহাশয়, প্রায় সওয়া ছচল্লিশ কোটির টাকার অগ্রিম ব্যয়বরাদ্দ নিয়ে আজ আলোচনা আরম্ভ হয়েছে। আমি প্রথমেই এই যে ব্যয়বরাদ্দের ব্যবস্থা এ সম্বন্ধে আমি আমার আপত্তি জানাই। আইন বা কনস্টিটিউশনএর বিধান অনুযায়ী যে ব্যবস্থাই থাক না কেন বছরের

প্রথমে সম্পূর্ণ বাজেট এই বিধানসভার সামনে আনা এবং সেটিকে পাস করিয়ে নেওয়ার একটা নীতিগত স্বার্থকতা আছে। যে নীতিকে এই নতুন ব্যবস্থার দ্বারা সম্পূর্ণরূপে বরবাদ করে দেওয়া হল। নতুন বাজেট বরাদ্দ আসবার পূর্বে এই বিধানসভার সদস্যদের মধ্যে দিয়ে তাদের মতামত প্রতিফলিত হয় দেশের বিভিন্ন এলাকায় যে কি অবস্থা বর্তমান রয়েছে, শাসনের ক্ষেত্রে শৃঙ্খলার ক্ষেত্রে কি ব্যবস্থার প্রয়োজন, কি পরিবর্তনের প্রয়োজন সেই কথাগুলি আলোচনা হয় বিস্তৃত বাজেট আলোচনার মাধ্যমে যার দ্বারা সরকারের নীতি আগামী বৎসরে জন্য কি হবে, সেটা সম্পূর্ণরূপে নির্ধারিত হয়, অন্ততঃ হওয়া উচিত বলে আমরা মনে করি। এই যে বাজেট সম্পূর্ণ বাজেট এখানে আছে সেটি এই বিধানসভার মধ্যে পাস হতে না অপেক্ষা রাখে যদিও দলের আধিক্যের জন্য সরকারের সেই বাজেটটাকে পরিবর্তন করা সম্ভব হয় না। নীতিগত দিক দিয়ে সেই বাজেটকে পরিবর্তন করবার সুযোগ থাকে, আগামী বৎসরে সরকার কি নীতিতে রাজ্য শাসন করবেন সেই নীতির দিকে লক্ষ্য রেখে। কিন্তু এই যে ভোট অন এ্যাকাউন্ট বা অগ্রিম বাজেট বরাদ্দের ব্যবস্থা করা হল তার দ্বারা সেই সুযোগ হতে আমরা বঞ্চিত হচ্ছি। এই ব্যবস্থার দ্বারা এইটাই প্রকাশিত হচ্ছে যে এই সরকার জনসাধারণের এই প্রতিনিধিদের মতামতের অপেক্ষা রাখে না। এই সরকার আগামী বৎসরে তারা কি ব্যয় করবে না করবে কিভাবে তাদের শাসনব্যবস্থা চালাবে সে সম্বন্ধে দেশের বিভিন্ন এলাকায় কি অবস্থায় রয়েছে সে সম্বন্ধে আলোচনা করতে তারা রাজী নন। তারা জানেন নিজেদের দল ভারী আছে বলে নিজেদের জোরে তারা যা ইচ্ছা করতে পারেন—এইরকম একটা মনোভাবই আজ প্রতিফলিত হচ্ছে, যখন তারা ভোট অন এ্যাকাউন্টএর মাধ্যমে আগামী বৎসরের কিছুকালের জন্য যদৃচ্ছা ব্যয় করবার সুযোগলাভের চেষ্টা করছেন। আমি এতে আমাদের প্রবল আপত্তি জানাই। এবং এই কথাই বলতে চাই, আজ এই ভোট অন এ্যাকাউন্টএর মধ্যে দিয়ে যে মনোভাব সরকারের প্রকাশিত হয়েছে তার দ্বারাই আমরা দেখছি যে সরকার গণতান্ত্রিক পদ্ধতিকে পরিবর্তন করে পরিত্যাগ করে সম্পূর্ণ স্বেচ্ছাচারিতার সঙ্গে নিজেদের শাসন ক্ষমতাকে চালিয়ে যাবার চেষ্টা করছেন। আমরা সরকারের বিভিন্ন বিভাগ যদি আলোচনা করবার চেষ্টা করি তাহলে দেখি তাদের এই মনোভাবই সর্বত্র স্পষ্ট হয়ে উঠেছে। তাদের নিজেদের দলের জোর আছে বলে তাঁরা এখানে যে উক্তিগুলি করেন, বা যে ব্যয়বরাদ্দগুলি পেশ করেন সেগুলির জোরকোরে পাশ করিয়ে নিয়ে যান—জনসাধারণের মতামতের বা সুখদুঃখের বা সাধারণ অবস্থার কোন অপেক্ষাই রাখেন না। খাদ্যসংক্রান্ত ব্যাপারে আমি এইটুকু বলি যে খাদ্য ব্যাপারে তাদের নীতি শুধু খাদ্য পরিমাণের একটা স্ট্যাটিসটিকসএর উপরে নির্ভর করে রচিত। সে স্টেটিসটিকসএর সত্যতা সম্বন্ধে জনসাধারণের মনে প্রশ্ন থাক বা না থাক, সে আলোচনা আমি করছি না। এই খাদ্য ব্যাপারে সরকার যে মনোভাব দেখিয়েছে সেটি হচ্ছে এই যে সরকারী হিসাব অনুযায়ী যে খাদ্য রয়েছে এবং আমদানী করা যেতে পারে যে খাদ্য, সেই খাদ্যের দ্বারা, যদি জনসাধারণ তাদের খাদ্যনীতিকে একটু পরিবর্তন করে তাহলে, আমরা বর্তমান সংকট কাটিয়ে নিয়ে যেতে পারি। তারা শুধু খাদ্যের পরিমাণের দিকটাই বিচার করে দেখেছেন। কিন্তু খাদ্যমূল্য জনসাধারণের জীবনকে যেভাবে দুর্বিষহ করে তুলেছে সেদিকটায় তারা আদৌ দৃষ্টিপাত করেন নি। বিধানসভার মধ্যে এই গত কয়েকদিনের আলোচনার ক্ষেত্রে আমরা সেটা দেখলাম না। দরিদ্র জনসাধারণের অর্থনৈতিক অবস্থা দিনের পর দিন সঙ্গীন হয়ে উঠেছে, এবং তারই পরিপেক্ষিতে আজকে প্রত্যেকটি জিনিসের দুর্মূল্যতা যে তাদের জীবনে কি বোঝা হয়ে দাঁড়িয়েছে সেটি অনুভব করবার সরকারের শক্তি বা ইচ্ছা নাই। জনসাধারণের জীবনের সঙ্গে তাদের সংযোগ আলাদা হয়ে গিয়েছে। তাই এই অবস্থা হয়েছে। জনসাধারণ আজকে সম্পূর্ণরূপে উপেক্ষিত। আজকে সরকারের বিভিন্ন নীতির আলোচনা করতে গিয়ে আমি প্রথমেই সেটেলমেন্ট বিভাগের আলোচনা করতে চাই। যদিও এই সেটেলমেন্টএর যে ত্রুটিবিচ্যুতি হয়েছে সেগুলিকে সংশোধনের জন্য সেটেলমেন্টএর কার্যকালকে বাড়িয়ে দেবার ব্যবস্থা করা হয়েছে। তাহলেও দেখছি যে ত্রুটি-বিচ্যুতি বিশেষ করে সরকারের সেটেলমেন্ট কর্মচারীদের যে দুর্নীতির জন্য আমাদের বিগত সেটেলমেন্টএর কার্য সুষ্ঠুভাবে সম্পাদিত হয় নি, বিশেষ করে যারা দরিদ্র কৃষক, দরিদ্র বর্গাদার এবং ভাগচাষী ইত্যাদি তাদের স্বার্থগুলি উপেক্ষিত হয়েছে, সেই মূল কারণগুলি আজও বর্তমান রয়েছে। আজও দেখছি সেই সেটেলমেন্ট কর্মচারীদের মধ্যে দুর্নীতি পূর্ণরূপে বর্তমানেও রয়েছে। আজও দেখছি তাদের উপরে এমন কোন নির্দেশ দেওয়া হয় নি যার দ্বারা

তারা প্রকৃতভাবে ভূমির ক্ষেত্রে, ভূমির সঙ্গে চাষীর সম্পর্কের ক্ষেত্রে প্রকৃত সত্য নির্ধারণের জন্য যে ব্যবস্থাগুলি প্রয়োগ করা প্রয়োজন সেগুলির জন্য তারা কিছু করছেন। সেইজন্য দেখছি সেটেলমেন্ট অফিসগুলি স্থানীয় প্রভাবশালী ব্যক্তিদের দ্বারা প্রভাবিত হচ্ছে। এবং গরীব বর্গাদার, কৃষক তারা প্রতি পদে উপেক্ষিত হচ্ছে। এর ফলে সময় বাড়িয়ে দেবার যে মূল উদ্দেশ্য, আমরা যে জন্য সময় বাড়িয়ে দেবার কথা বলেছিলাম সেই উদ্দেশ্য সম্পূর্ণরূপে ব্যাহত হচ্ছে। সেটেলমেন্টএর কার্য সুষ্টুরূপে সম্পাদিত না হওয়ার ফলে দরিদ্র কৃষক, বর্গাচাষী, সাঁজাচাষীরা তাদের স্বার্থকে সম্পূর্ণভাবে রেকর্ডএর মধ্যে আনতে সক্ষম হচ্ছে না। এই প্রসঙ্গে ভূমি রাজস্ব বিভাগের আরেকটা দিকে আমি দৃষ্টি আকর্ষণ করছি। ইংরেজ আমলে তখনকার দিনে যা অবস্থা ছিল আজও দেখছি সেই অবস্থাই বর্তমান। আজকে দেশের বিভিন্ন এলাকায় রাস্তাঘাট নির্মাণের জন্য সরকার যে ভূমিগুলি দখল করছেন সেই দখলীকৃত ভূমিগুলি, যেসমস্ত দরিদ্র কৃষকদের কাছ থেকে নেওয়া হয়েছে তাদের ক্ষতিপূরণের ব্যবস্থা সরকার করছেন না। এক এক ক্ষেত্রে চার বছর পরেও দেখা যাচ্ছে যে তাদের ক্ষতিপূরণের কোন ব্যবস্থাই করা হচ্ছে না। সরকারের যে নিয়মতান্ত্রিকতা তারই মাধ্যমে পড়ে সেই সমস্ত কৃষক যাদের সামান্য জমি জমার উপর নির্ভর করে নিজের এবং পরিবারের জীবিকার্জন করতে হয়। তাঁরা এইভাবে জমি থেকে বঞ্চিত হয়েছে অথচ তাদের ক্ষতিপূরণ তারা পাচ্ছে না। এইদিকে সরকারের বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করি। সরকারের যে অগণতান্ত্রিক মনোভাব সে মনোভাবই প্রতিফলিত হয়েছে সরকারী কর্মচারীদের মধ্যেও। এই হাউসে সকলেই অবগত আছেন যে কিছুকাল পূর্বে হাওড়ার উলুবেড়িয়ার মহকুমা শাসকের বিরুদ্ধে একটা প্রবল বিক্ষোভ দেখা দিয়েছিল এবং তার মূল কারণগুলি হচ্ছে এই যে জনসাধারণের স্বার্থকে উপেক্ষা করে, এই স্থানের কর্মচারীবৃন্দ সম্পূর্ণ নিজেদের খামখেয়ালীর মত এবং ঐ এলাকার কংগ্রেসের দ্বারা প্রভাবিত হয়ে জনসাধারণের স্বার্থকে পরিপূর্ণরূপে উপেক্ষা করেছে। আজকে নলকূপের বণ্টনের ব্যাপারে দেখা গিয়েছে যে সমস্ত সরকারী কর্মচারীরা জনসাধারণের প্রয়োজন, এবং তাদের মতামতকে সম্পূর্ণরূপে উপেক্ষা করে কয়েকজন লোকের ইচ্ছামত তারা এই নলকূপগুলি বণ্টন করেছে। এদিকে সরকার ঘোষণা করছে যে হাওড়া জেলায় এত নলকূপ হয়েছে অথচ এমন এলাকা রয়েছে যেখানে বহুল জনসংখ্যা, অতি দরিদ্র জনসংখ্যা জলের অভাবে দুর্দশাগ্রস্ত এবং তারজন্য কলেরা মহামারীরূপে দেখা দিয়ে বহু লোকের জীবন হানি করছে। তারপর, শিক্ষা বিভাগের প্রতি দৃষ্টি দিলে দেখতে পাওয়া যায়, সেখানেও দুর্নীতি এবং স্বেচ্ছাচারিতার মনোভাব পরিস্ফুট হয়ে উঠেছে। সম্প্রতি সরকার শিক্ষকদের পাবলিক সার্ভিস কমিশনএর সম্মুখে হাজির হবার জন্য নির্দেশ দিয়েছেন, এতেই শিক্ষকদের প্রতি এই সরকারের চরম মর্যাদাবোধের অভাব পরিস্ফুট হয়ে উঠেছে।

[The Honourable member having reached the time-limit resumed his seat.]

[4-40—4-50 p.m.]

**Sjkta. Labanya Prova Ghosh:**

মাননীয় অধ্যক্ষ মহোদয়, মুখ্যমন্ত্রী মহাশয় আমাদের সামনে যে বাজেট এনেছেন তাতে নানা পরিসংখ্যান তথ্য দিয়ে দেখিয়েছেন কিভাবে রাজ্যের জীবনযাত্রার মান বেড়েছে, কিভাবে খাদ্যশস্য বেড়েছে এবং কিভাবে সুখসমৃদ্ধি বেড়েছে। এই পরিসংখ্যান তথ্যের উপরই আমাদের বিশ্বাস হারিয়ে গেছে।

বঙ্গ-বিহার প্রশ্নের বিবাদের মধ্যে আমরা দেখছি সরকারী তথ্য কত ভীত্তিহীন হতে পারে। বৃটিশ আমলেও উন্নতির হিসাব অঙ্কের বাঁধুনীতে দেখান হত। আজও তেমনি হচ্ছে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি জনসাধারণের দারিদ্র বাড়ছে, অনাহার ক্রমশই বাড়ছে, জিনিসপত্রের মূল্য নিত্যই বাড়ছে এবং খাদ্যদ্রব্যের অনটনও দিনের পর দিন বেড়ে চলেছে।

একদিকে অর্থ খরচ করেও যেমন দেশের সম্পদ বাড়ছে না, কল্যাণকর কাজ অগ্রসর হচ্ছে না, অন্যদিকে তেমনি আবার এইসব কাজ চালাবার জন্য ভরসা করে যে শাসনযন্ত্রকে চালু রাখবার খরচ দেওয়া হচ্ছে, সেই শাসনযন্ত্রই বিকৃত হয়ে দেশের দুঃখ কষ্ট আরও বাড়াচ্ছে। দুদিক দিয়েই এই বাজেট বরবাদের সামিল হয়ে দাঁড়িয়েছে।

আয়ের দিক থেকে বাজেট এখন ঋণসর্বস্ব হয়ে দাঁড়িয়েছে। এটা জাতির গৌরব নয়। ভিক্ষাই এখন তিন কোটি মানুষের শাসন জীবনের মূল্যবান বাজেটের আশ্রয় হয়ে দাঁড়িয়েছে। অর্থের জন্য ঋণের অংকই বাড়ছে। খাদ্যের জন্য কেন্দ্রীয় সরবরাহের উপর আজ আমরা নির্ভরশীল। এর থেকে ক্রমবর্ধমান মুক্তির পথে কোন পথ নির্দেশ অর্থমন্ত্রী মহাশয় করতে পারেন নি।

লোকের দুঃখ দারিদ্র, দুর্ভিক্ষ যেমন বাড়ছে, তার নিরাকরণের নামে আবার ক্রমবর্ধমান শোষণরূপ কর ব্যবস্থা প্রয়োগ করে দুঃখ নিরাকরণের অভিনয় হচ্ছে।

রাজ্যের লক্ষ লক্ষ মানুষের শ্রমশক্তি, উদ্যোগ শক্তিকে, তাদের স্বাবলম্বন শক্তিকে নিয়োগ কার ব্যবস্থাই জাতির আসল সম্পদ। সেই শক্তির উৎসকে, উৎসারিত করার কোন কর্ম লক্ষ্য অর্থমন্ত্রীর পরিকল্পনায় নেই। আজ দুঃখের সংগে বলতে হচ্ছে বর্তমান ব্যবস্থাপনায় উন্নতির লক্ষণতো কোথাও দেখা যাচ্ছে না। উপরন্তু যা ব্যয় করা হচ্ছে তাও বহুলাংশে বরবাদ হচ্ছে। এবং আমাদের জেলার জীবন থেকেই তা উপলব্ধি করছি। যে জেলা সমগ্র রাজ্যের মধ্যে অনুন্নত, দীর্ঘকাল ধরে অত্যাচারিত এবং শোষিত হয়ে রয়েছে, সেই জেলার প্রতি নতুন দায়িত্ব নিয়ে সরকার যে আচরণ করলেন তার ভিতর দিয়েই সমগ্র রাজ্যের জন্য সরকারী কর্মধারা মূর্ত হয়ে উঠেছে।

আপনারা বলেন কৃষি অর্থনীতির প্রাণকেন্দ্র। কিন্তু আমাদের জেলায় গত এক বছরে কৃষির জন্য কোন কিছুই করা হয় নি।

অনাবৃষ্টির ফলে এই রাজ্যে ভয়াবহ অনটন হয়েছে। সরকারী অব্যবস্থা উদাসীন্যের ফলে অবস্থা আয়ত্বের বাইরে যাচ্ছে। আমাদের জেলায় অনাহারে মৃত্যুর মত গুরুত্বপূর্ণ ঘটনা ঘটা সত্ত্বেও সরকারী অর্থ নিষ্ক্রিয় রয়েছে। জেলার ভয়াবহ খাদ্য পরিস্থিতি অনাদৃত রয়েছে।

শাসনযন্ত্র চালাতে বহু টাকা ধার্য আছে, কিন্তু আমাদের জেলায় শাসনযন্ত্রের অতি প্রাথমিক ব্যবস্থা আজও গড়ে উঠলো না। শাসনযন্ত্রের নামে সরকারী টাকায় জেলার সমাজবিরোধীদের রাজনৈতিক উদ্দেশ্যে পোষণ করা হচ্ছে। বিচার বিভাগেও আমাদের জেলায় ঐ অবস্থায় আছে। স্বাভাবিক গতিতে কাজ চলার অভাবে লোকে নিদারুণ দুর্গতি ভোগ করছে। বিচার বিভাগে বিচারক হিসাবে, জেলার এমন সমাজবিরোধী লোক নিযুক্ত হয়েছে, যার ফলে বিচার বিভাগের উপর সাধারণ লোকের আস্থা নষ্ট হয়েছে।

শিল্প উন্নয়ন প্রভৃতির নামে বহু টাকা ধার্য হয়েছে। কিন্তু আমাদের জেলার যে কুটির শিল্প, জেলাকে বিশেষ ভরসা দিতে পারে, সেগুলির উন্নতি আজও হল না। যেমন লাক্ষা, লৌহ, তসর, বাসন, পাথর ও আরও বহুবিধ শিল্প। জেলায় খনিজ সম্পদ বহু আছে, তার প্রতিও মনোযোগের লক্ষণ আমরা দেখতে পাই নি। আমাদের জেলায় কয়েকটি বিশেষ বৃহৎ শিল্পের সম্ভাবনা রয়েছে, সেই লক্ষ্যেও কোন প্রকার চেষ্টা নেই।

বিদ্যুৎ সরবরাহের যে ব্যবস্থা সহজ, তারও চেষ্টা নেই। আমি দৃষ্টান্ত হিসাবে বলতে পারি 'ঝালদার' কথা। সেখানে সহজে বিদ্যুৎ পাওয়া যেতে পারে, লাক্ষা, লৌহের প্রভৃত উন্নতি হতে পারে।

**Sj. Sisir Kumar Das:** Sir, the same charge of correption I sall lay against the administration today Blessed are those who are pure in heart for theirs is the Kingdom of Heaven. We are living in the Kingdom of Heaven. The pure heart yesterday omitted to read a portion of the document executed by Maharaja Uday Chand Mahatab in favour of Dr. Bidhan Chandra Roy, viz., "the Vendor doth (viz., the Maharaja Uday Chand Mahatab doth) without prejudice to or affecting in any way the right and interest of the Vendor as lessor under the lease, dated the 31st May 1904 regarding the remaining portion of the premises formerly No. 2, Rowland Lane which portion is now respectively Nos. 35 and 36 Rowland Road and 20 Mullen Street, hereby grant, convey, transfer and assure unto the purchaser

(that is, Dr. Bidhan Chandra Roy)". That portion the pure heart omitted to read yesterday. The meaning of this is that Maharaja Uday Chand Mahtab was granting a favour in favour of Dr. Bidhan Chandra Roy, viz., he was releasing only a portion of the property on payment of a proportionate part of the consideration, viz., Rs. 1 lakh 50 thousand which he reserved the right to refuse in respect of 35 and 36 Rowland Road. The relevant question is, what was the inducement on the part of Dr. Bidhan Chandra Roy which induced the Maharaja Uday Chand Mahtab to give it to Dr. Bidhan Chandra Roy and his group. That is the question. The point is that some sort of consideration passed from Dr. Bidhan Chandra Roy due to which the Maharaja granted that favour to Dr. Bidhan Chandra Roy and not to the lessees of the other two parts.

Further, Dr. Bidhan Chandra Roy admitted in examination-in-chief before the Alipore Court—I shall read the relevant portion—"After I had approached the insurance company to take the leasehold interest I approached the lessor (viz., the Maharaja of Burdwan) to give the ownership to me." Therefore, it is false to say that it was the Hindusthan Insurance who gave....

**Mr. Speaker:** In all fairness you should give the reference—from what book and from what page you are reading it.

**Sj. Sisir Kumar Das:** I am reading from the paper book—page 23 in the case—Appeal from Original Decree No 338 of 1956—the suit being Krishna Das Nandy versus Bidhan Chandra Roy—before the Hon'ble High Court—16 lines from the top.

[4-50—5 p.m.]

**Mr. Speaker:** How many lines did you read?

**Sj. Sisir Kumar Das:** I read three lines.

Therefore the main charges of Mr. Jatindra Chakravorty stand unassailed. There he might have said something of which he has got records with him but the charge of corruption against Dr. Bidhan Chandra Roy stands unrebutted and that stands even by his own admission

Dr. Bidhan Chandra Roy, as Director of Hindusthan Company, obtained a privilege from the Hindusthan Company as purchaser which as a Director, as the trustee of the Insurance Company he could not purchase. There is another misconduct on the part of Dr. Bidhan Chandra Roy. That is illegal.

**The Hon'ble Siddartha Sankar Roy:** Under what Act,
কোন এ্যাক্ট অনুসারে?

**Sj. Sisir Kumar Das:** Under the Companies Act.

**The Hon'ble Siddartha Sankar Roy:**
পড়ে দেখুন, স্টেট ইন্সিওরেন্স কোম্পানীর ডাইরেক্টর কিনতে পারে কিনা?

**Sj. Sisir Kumar Das:** That is the law. A Director cannot purchase from the company.

Without proceeding with this matter further I shall lay another charge against the administration, namely, that this House has been reduced to absurdity, to nothingness. Big houses are being purchased, zemindars are being partronised by purchasing old, dilapidated houses. Lakhs and lakhs of rupees have been spent without the knowledge of the House. Not even the Congress members know when a purchase takes place. I am very sorry

that I have to mention facts which may not be palatable to certain members of the House. A house has been purchased from Narajole Raj at a price, I understand, of Rs. 2,50,000. When the house was purchased there was no plan how to utilise it, but after the house was purchased there was a plan how to utilise that house. The zemindars approach the Government for their old, dilapidated houses to be purchased. They are obliged by getting very high prices. A house is first acquired and then subsequently planning takes place as to what is to be done with it. There has recently been an offer by the Lalgola Raj about a house. That is going to be acquired but the Government has no idea as to what to do with it. Similarly, a house of the Maharaja of Cossimbazar in Cossimbazar, a very old, dilapidated house is going to be purchased for a big sum of money involving several lakhs. Nobody knows what is the intention behind it but the Chief Minister never consults this House nor consults even his party before purchase of these properties. There he is obliging the zemindars. Only in the budget you will find that these purchases have been made for these purposes. That is why I am saying that this House is reduced to absurdity. He has purchased the Lalgola House, he has purchased the Cossimbazar house, he has purchased Maharaja Prodyot Tagore's house, he has purchased a property in Rash Behari Avenue where a day hostel for women students has been created. What is the money spent for that hostel? Five lakhs has been spent for that house where some 20 or 30 girl students come during the day time to read there. That is how the fund of the State has been misused by the Government. This squandering is going on and there is no check against such procedure. I say to my friends on the other side that these things should be stopped. It is in the interest of the country that every pie must be utilised for the best available purpose. Purchases are again made and by the Development Minister and afterwards, when the purchases have been made, some development plan has got to be thurst in so that the justification may come in why the houses were purchased. I would ask for an explanation and I would ask for a list to be furnished by the Chief Minister as to how many buildings he has purchased and at what prices and for what purposes. Now, the house he has purchased in Rash Behari Avenue is for a girls' hostel for 30 or 40 girls. The Burdwan house was purchased first of all for vagrants' home.

With regard to other matters, such as the removal of headquarters from Dinajpur, no information has been given to the Assembly that the headquarter of the district of Dinajpur is going to be removed to some other place. The House is never consulted. Things are done and then they are placed before the House for sanction. There is a plan for the division of the 24-Parganas District, but the House has not been informed. The practice should be that the House should be consulted first so that there may be a check on the activities of the Cabinet—not the Cabinet—but Dr. Roy. I do not think that anybody else except Dr. Roy knows about these matters. Even things are done without consulting the whole Cabinet or the House.

**Mr. Speaker:** How do you know?

**Sj. Sisir Kumar Das:** If the Cabinet is not consulted, the House must be consulted before such things are done.

**Sj. Phakir Chandra Ray:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় তাঁর বক্তৃতায় বলেছেন যে, প্রডাকশান বাড়িয়ে চলতে হবে, অপচয় বন্ধ করতে হবে আর আমাদের অগ্রাধিকার কোনটাকে দিতে হবে সে সম্বন্ধে ধারণা থাকা চাই। আমি একথা বলতে চাই কারেক্ট সেন্স অব প্রায়োরিটি—অর্থাৎ কোনটাকে অগ্রাধিকার দিতে হবে সে বিষয়ে জ্ঞানের তাঁর অ্যাডমিনিস্ট্রেশনএ অভাব আছে।

দেশে খাদ্যাভাব খুব ও সেইজন্য জোর দেওয়া হচ্ছে, বড় বড় সেচ পরিকল্পনায়, ডি-ভি-সি, ময়ূরাক্ষী, কংসাবতী ইত্যাদির উপর। কিন্তু বড় বড় সেচ পরিকল্পনায় যে দেশের অধিকাংশ জমির চাষ হয় না—স্মল ইরিগেশন স্কীমএর খুবই যে দাম আছে এই বোধ তাঁর এ্যাডমিনিস্ট্রেশনএ আছে বলে মনে হয় না। আমরা জানি ডেরিলিক্ট ট্যাঙ্ক ইমপ্রুভমেন্ট এ্যাক্ট বলে একটা আইন আছে সেই আইনের উদ্দেশ্য হচ্ছে যে গ্রামে যে সমস্ত পুকুর হেজেমেজে গিয়েছে সে পুকুরগুলি যাতে আরো সেচের উপযোগী হয় সেই ব্যবস্থা করা। কিন্তু এটা কেবল আইনেই পর্যবসিত হয়ে আছে—সেটা কার্যকরী হয় নি।

[5—5-10 p.m.]

কার্যকরী হলে এই আইন শুধু সেচের পক্ষে সহায়ক হবে না, এই আইন আমাদের খাদ্যের আর একটা দিক যে মাছ সেই মাছ চাষের পক্ষেও যথেষ্ট কাজে লাগবে। কিন্তু দুঃখের বিষয় যে আইন থাকা স্বত্ত্বেও এই আইনকে কার্যকরী করার উপযুক্ত ব্যবস্থা সরকারের পক্ষ থেকে হচ্ছে না। আমরা আর একটা সমস্যার সম্মুখীন হয়েছি—সেটা হচ্ছে ডি-ভি-সি ; ইরিগেশন ডিপার্টমেন্ট বলছে যে ডি-ভি-সির যে সমস্ত কমান্ডেড এরিয়া সেখানে সেচ বিভাগ কোন কাজ করবে না। আবার ডি-ভি-সির কাছে গেলে সে বলবে যেসব ছোটখাট দাঁড়া কাটতে হবে সে কাজ আমরা করব না, সেসব ইরিগেশন ডিপার্টমেন্ট কিম্বা এগ্রিকালচার করবে। ফসলের জল টানের জন্য যখন বহু ধান নষ্ট হয়ে যাচ্ছে তখন জলের জন্য কৃষি বিভাগের কাছে গিয়ে বলা হল আপনারা যদি কিছু ইরিগেশন পাম্পের ব্যবস্থা করেন তাহলে বহু ফসল বাঁচবে এবং যেসমস্ত জল অপচয় হচ্ছে সেই সমস্ত জলকেও কাজে লাগান যাবে। কিন্তু বৃথাই এখনও পর্যন্ত সেই পাম্পের ব্যবস্থা করা তাদের পক্ষে সম্ভবপর হল না। বিবিধ খাতে দেখা যায় যে ফায়ার সার্ভিসএর উপর বিশেষ কিছু অনুগ্রহ করা হয় নি বরঞ্চ তার থেকে টাকাটা কমিয়ে দেওয়া হয়েছে। আমরা যারা মফঃস্বলে থাকি জানি যে পল্লীগ্রামে ফায়ার সার্ভিস থাকতো পল্লীগ্রামের কত উপকার হয়। কাজেই যেসমস্ত ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া উচিত ছিল সেসমস্ত ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হয় নি। অপচয় বন্ধ করার ক্ষেত্র জেনারেল এ্যাডমিনিস্ট্রেশন সে সম্বন্ধে বলব। এখানে যে টাকাটা খরচ হয় সেটা ঠিকভাবে বিভিন্ন বিভাগকে রিঅর্গেনাইজ করে, সার্ভিস রুলসগুলোকে রিভাইজ করে সমস্ত এ্যাডমিনিস্ট্রেশনকে যদি র‍্যাশনালাইজ করা হয় তাহলে দেখা যাবে যে এখন আমরা যে ব্যয়ে যতটা কাজ পাচ্ছি অপেক্ষাকৃত কম ব্যয়ে তার চেয়ে ঢের বেশী কাজ আমরা পাব। এবং তখনই ধীরে ধীরে ওয়েলফেয়ার স্টেট গঠন সম্ভব হবে। স্টেটের পাবলিক ইউটিলিটি সার্ভিস যখন বেড়ে যাচ্ছে, তারজন্য তখন এ্যাডমিনিস্ট্রেটিভ মেসিনারিকে বাড়াতে হবে। অবশ্য এরজন্য নতুন নতুন ডিপার্টমেন্ট না খুলে যদি সার্ভিস-গুলোকে র‍্যাশনালাইজ করা যায় এবং এই পার্সোনেল দিয়ে যদি ট্রেনিংএর ব্যবস্থা করা যায় তাহলে এই পার্সোনেল দিয়ে যে কাজ আমরা চাচ্ছি সেই কাজই পেতে পারি।

আর একটা কথা রাজ্যপাল তাঁর ভাষণে বলেছেন যে বৃহত্তর শিল্প কেন্দ্রীয় গভর্নমেন্ট এখানে নির্মাণ করছেন। বৃহৎ শিল্প নির্মাণের কাজ যখন কেন্দ্রীয় গভর্নমেন্ট নিয়েছেন তখন পশ্চিমবাংলা সরকার আবার নতুন করে বেশী বেশী টাকা এই খাতে লাগানোর যে কি মানে সেটা ঠিক বোঝা যায় না। এই বৃহত্তর শিল্প এখানে হচ্ছে আর ভারতবর্ষের বিভিন্ন দিক থেকে লোক এসে পড়ছে এবং দেখছি যে সেখানে প্রতিদ্বন্দ্বিতার ক্ষেত্রে যারা বাঙ্গালী তারা স্থান পাচ্ছে না। সেজন্য বলছি যে যেটুকুন টাকা পশ্চিমবাংলা সরকারের হাতে আছে সেই টাকা বৃহত্তর শিল্পে না দিয়ে যদি কুটিরশিল্পে সেটা নিয়োগ করা হয় তাহলে আমাদের দেশে শিল্পোন্নয়ন হবে এবং তাতে বাঙ্গালীদের জীবিকাসংস্থানের কাজ হবে। একটা জায়গায় দেখলাম যে গ্রামের জন্য বাস রুট খাতে টাকা ধরা হচ্ছে। বর্ধমান জেলার অনেক জায়গার কথা জানি যেখানে ফেয়ার ওয়েদার বাস সার্ভিস হতে পারে ও আছে। অনেকগুলো রাস্তা আছে—যাদের দুই-চার মাইল রাস্তা যেখানে পাকা করে দিলে সেখানে সারা বছর বাস সার্ভিস চলতে পারে। পারাজ শিল্লা বলে একটি রাস্তার কথা বর্ধমান ডিস্ট্রিক্ট বোর্ডএর চেয়ারম্যান গভর্নমেন্টের নজরে এনেছিলেন। এই রাস্তাটা ইরিগেশন ডিপার্টমেন্ট পাকা করবেন বলে একবার ঠিক করেছিলেন, কিন্তু ডি-ভি-সির আপত্তিতে সেটা শেষ পর্যন্ত আর হল না। বর্ধমানের আর-টি-এতে

গভর্নমেন্ট এনকোয়ারী করেছেন, মাইগ্রেশন ডিপার্টমেন্টএ খোঁজ নিয়েছেন, কনস্ট্রাকশন ডিপার্টমেন্টএ খোঁজ নিয়েছেন এবং সেই সমস্ত খোঁজ নিয়ে দেখা গেছে যে ডিস্ট্রিক্ট বোর্ড যে কথা বলেছেন সে কথা সত্য। কিন্তু চার-পাঁচ মাস পরে জানিয়ে দেওয়া হল যে এই খাতে আর টাকা দেওয়া যাবে না। এখন যদি দেওয়াই যাবে না তাহলে কয়েকটি রুটে বাস চলার প্রভিসনই বা রাখা হল কেন? আমার মনে হয় এই থেকে লোকের মনে একটা ধারণা হবে যে এর দ্বারাই পক্ষপাতিত্ব করা হচ্ছে। সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যান ধরা নেই তা সত্ত্বেও এমন কিছু কিছু ভিলেজ রুট আছে যেখানে বাস রুটের জন্য টাকা ধরা হয়েছে। সুতরাং সেখানে যদি ধরা হয় তাহলে অন্য রাস্তার জন্য বাজেটে প্রভিসান থাকা দরকার ছিল। এই কটি কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করলাম।

**Sj. Jatindra Chandra Chakravorty:**
সভাপাল মহাশয়, আমিও সাধারণ শাসন পরিচালনায় যে দুর্নীতি আছে সে সম্পর্কে কিছু উল্লেখ করতে চাই। গতকাল আমি এর আগে যখন দুর্নীতির কথা বলেছিলাম সেই সময় মুখ্যমন্ত্রী মহাশয় আমার বিরুদ্ধে অভিযোগ করেন।

**Mr. Speaker:** Mr. Chakravorty, I may point out to you that reference to earlier debates is not permissible in the same session according to rules?

**Sj. Ganesh Ghosh:**
আপনি একটা রুল দেবেন।

**Mr. Speaker:** I will refer you to May's Parliamentary Practice—Reference to Debates of the Current Session. Kindly read it out.

**Sj. Ganesh Ghosh:**
মিঃ স্পীকার, আপনি ত মে'স পার্লিয়ামেন্টারী প্র্যাক্টিস থেকে পড়েছেন।

**Mr. Speaker:** Rules of debate are governed by May's Parliamentary Practice. Reference to debates of the current session is discouraged even if such reference is not irrelevant as it tends to re-open matters already discussed. (Ref. May's Parliamentary Practice, page 433, Edn. 15th.)

**Sj. Jatindra Chandra Chakraborty:**
যে ডকুমেন্টটা পড়া হয় নি সেটা মাননীয় সদস্য শিশির দাশ মহাশয় পড়ে শুনিয়েছেন। এখন মুস্কিল হচ্ছে আমি কিছু বলতে গেলেই আমার সেন্টেন্স কমপ্লিট হতে না হতেই আমি বসতে বাধ্য হই।

**Mr. Speaker:** You can not shout me down. Please sit down. I am still on my legs. I am only requesting you to note that there are certain rules of debates. I will see that you get all the time that has been allotted to you to make your speech properly in a clear and quiet atmosphere. Don't go on repeating as you have done in the past. Mr. Das wanted to make a point and I allowed it because I thought he wanted to make something clear which was perhaps unread. I allowed him to read although I was aware of the rules. Since I find repetition is going to take place, take it from me that this is my ruling. I am not allowing you any more to go into the earlier question which had been debated yesterday. If you do it by force, I will order it to be expunged.

**Sj. Hemanta Kumar Ghosal:**
আপনি বলতেই দিচ্ছেন না, আর কি হবে?

**Mr. Speaker:**
আপনি বসুন।

**Sj. Jatindra Chandra Chakraborty:**
আপনি আমার সেন্টেন্সটা কমপ্লিট করতেই দিচ্ছেন না।

[Sj. Sisir Das rose to speak.]

**Mr. Speaker:** Mr. Das, I will not allow you to speak now.

[Interruptions and noise.]

[5-10—5-20 p.m.]

**Sj. Jatindra Chandra Chakraborty:**
আমি বুঝতে পাচ্ছি না, এতে ভয় বা আশঙ্কার কি আছে। স্যার, 'হাফ-ট্রুথ ইজ ওয়ার্স দ্যান অনট্রুথ'। এখানে হাফ-ট্রুথ বলা হয়েছে, বাকিটুকু শিশির দাস মহাশয় প্রকাশ করেছেন ১৬ হাজার টাকা আর্নেস্ট মানি হিসাবে ডাঃ রায়... .

[Interruptions and noise.]

**Mr. Speaker:** May I tell you that I do not mind anything if something is said against Dr. Roy—I am not worried a bit about it. It is for Dr. Roy to account for it in the House for his own doings and undoings. Yesterday the question had been fully debated. If I remember aright Sj. Sudhir Roy Chowdhury wanted to say something and I thought there was some point in his doing so. He said there were some documents which remained unread. Though it amounted to a repetition and according to May's Parliamentary Practice it should be discouraged but purely from the point of view of fairness I thought Mr. Das ought to be given that opportunity. Mr. Das read out two documents—one a deed in question and the other was the paper book used in the High Court where there was some reference. Now, if there is repetition again I shall rule it out and my ruling stands

**Sj. Jyoti Basu:**
স্পীকার মহাশয়, কোন পুনরাবৃত্তি হোলে আপনি নিশ্চয়ই বলতে পারেন যে এটা হওয়া উচিত নয় এবং আপনি মেজ পার্লামেন্টারী প্র্যাকটিস থেকে যা পড়লেন সেখানেও পরিষ্কার লেখা আছে ওটা ডিসকারেজ করা উচিত। তার মানে এটা ব্যানড এবং কখনও কেউ বলতে পারবে না এমন কোন কথা মে'স পার্লামেন্টারী প্র্যাকটিসে পাবেন না এবং আমাদের এতদিনের এক্সপিরিয়ান্স এইরকম রুলিং কখনও দেখি নি। আপনি বলতে পারেন পুনরাবৃত্তি করলেন না, হাউসের সময় নষ্ট হচ্ছে। এটা স্যালিউটারী প্রিন্সিপিল নয় এবং কেউ যদি বলেন তাহলে আপনি তাঁর দৃষ্টি আকর্ষণ করতে পারেন। আপনি শুনুন না কি বলছেন, তারপর না হয় বলে দেবেন সব ইর্রিলিভ্যান্ট বলছেন।

**Mr. Speaker:** Mr. Basu, I would like your assistance in this matter.

**Sj. Jyoti Basu:**
আমার বক্তব্য হচ্ছে, আপনি ও'দের বলে দিলেন কেউ একটা কিছু লিখবেন না, তাতে লাভ কি হবে? আপনি যে অর্ডার দিলেন তাতে কি দাঁড়াবে—আমরা বলে যাবো, কেউ লিখুন বা নাই লিখুন এবং তারপরে আমরা পয়েন্ট অব প্রিভিলেজ তুললো এই অধিকার স্পীকারের আছে কিনা।

**Mr. Speaker:** I would like to discuss this matter and finally decide it now. If I am right I shall maintain it.

**Sj. Jatindra Chandra Chakraborty:**
আপনি কাল থেকে এটা চেপে দেবার চেষ্টা করছেন।

**Mr. Speaker:** Mr. Chakravorty, I would ask you to kindly sit down. You are not to insinuate against the Speaker of unfair means.

**Sj. Jatindra Chandra Chakravorty:** I am not insinuating.

**Mr. Speaker:** You are doing it. I am taking it as such.

**Sj. Jatindra Chandra Chakravorty:**
আমার কথাটা আপনি শেষ করতে দিলেন না। আইন আমাকে ব্যাক করছে, যে রুলস আছে সেই রুলস আমাদের ব্যাক করছে।

**Mr. Speaker:** Please sit down. I refuse to discuss with you.

**Dr. Kanailal Bhattacharya:** In that case it is better to stop the debate.

**Mr. Speaker:** You please sit down. Do'nt be so discourteous. I do not require anybody's advice on that score. The question is if it is irrelevant it should be discouraged. I am drawing the attention of the honourable member concerned that this matter was discussed at great length on three occasions. On the first occasion when the charge was levelled, a short answer was given. Then yesterday there was a feeling among some members that part of the document which should have been placed had not been placed before this House. It was in that view of the matter that I permitted those passages to be placed. This question is being raised here again. I entirely agree with you that it is a question of privilege and some final ruling ought to be there. What do you suggest, Mr. Basu? What should be the method of discouragement?

**Sj. Jyoti Basu:**
আপনি যা বলছেন নিশ্চয়ই মেম্বাররা সেটা মনে রাখবেন এবং বক্তৃতার সময় তারা সেইভাবে বলবেন কিন্তু আমাদের মুস্কিল হচ্ছে উনি যদি বক্তৃতা খানিকটা শেষ না করেন তাহলে উনি কি বলতে চাচ্ছেন সেটা বুঝতে পাচ্ছি না, শ্রীশিশির দাস মহাশয় এইরকম একটা প্যাসেজ পড়েছেন বলে একটু গোলমাল লেগে গেল, ঠিক জিনিসটা বুঝলাম না।

**Mr. Speaker:** It was relating to the same subject matter.

**Sj. Jyoti Basu:**
উনি অন্য কিছু পড়তে পারেন। কালকের ম্যাটারটা বলছেন না, শিশিরবাবু নতুন প্যাসেজ পড়েছেন সেটা কালকে পড়া হয় নি। এখানে উনি সেটাকে রেফার করে অন্য কি একটা বলতে যাচ্ছিলেন।

**Mr. Speaker:** It amounts to repetition. It ought to be expunged.

[5-20—5-30 p.m.]

**Sj. Jyoti Basu:**
আমরা এক্সপাঞ্জ করার কতগুলি ব্যাপারে নিশ্চয়ই এগ্রি করতে পারি কিন্তু বেশীর ভাগ ব্যাপারে এগ্রি করি না- এটা আমি পরে আপনাকে বলছি।

**Mr. Speaker:**
আমি ডিসিসন পরে দেব।

**Sj. Jyoti Basu:**
আপনি ডিসিসন দেবেন, কিন্তু আমরা এই বুঝি আমরা যদি ইর্রিলিভেন্ট বা আনপার্লিয়ামেন্টারী কিছু বলি আপনি তাহলে ডিসকারেজ করতে পারেন।

**Mr. Speaker:** I do not think I can go to that length. I merely disapprove.

**Sj. Jyoti Basu:**
যদি আনপার্লিয়ামেন্টারী কিছু না বলা হয়......

**Mr. Speaker:** I will listen to him.

**Dr. Hirendra Kumar Chattopadhyay:** What are the methods of discouragement? Drawing attention of the speaker to this thing is also discouragement. You have asked the reporters not to take down.

**Mr. Speaker:** Discouragement is preventing repetition.

**Sj. Deben Sen:**
আপনি 'মে'স পার্লিয়ামেন্টারী প্র্যাকটিস থেকে অংশ পড়ে শোনালেন তার অর্থ ধরতে পারি নি, কালকে যে আলোচনা হয়েছে তার সম্বন্ধে আমরা পুনরালোচনা করতে পারি না, অথবা কালকে যে ডিসিশন নিয়েছেন সেটা আমরা পুনরুল্লেখ করতে পারি না, এ, দুটোর মধ্যে ডিফারেন্স আছে। রুলসএর কথা হল, ডিটারমিনেশন যেটা হয়েছে রিফ্লেকট অন এনি ডিটারমিনেশন অফ দি এসেম্বলী—আপনি কি এখানে সেইটাই মিন করছেন, না, কালকে যে আলোচনা হয়েছে সেটার সমালোচনা করতে পারব না—তাহলে আমাদের সব ডিসকাশনই বন্ধ হয়ে যাবে।

**Mr. Speaker:**
একটা পার্টিকুলার 'টপিক'এ জেনারেল পলিসি সম্বন্ধে যদি বলতে চান বলতে পারেন কিন্তু
For instance, during the budget discussion, you can condemn the Government for the policy they follow. You can also condemn the Government during the debate on the Governor's address.
এটা আপনারা করতে পারেন।
That is not repetition, but supposing one particular topic relating to one particular transaction is discussed on an earlier occasion and discussed at length.
আজকে বাজেট আলোচনা আরম্ভ হল। বাজেটের মধ্যে ফুল ডিসকাশন করতে পারেন।

**Sj. Deben Sen:**
আমি সেটাই জানতে চাচ্ছি।

**Mr. Speaker:** I must speak in my own way.

**Sj. Dasarathi Tah:**
আপনার বিরুদ্ধে আমাদের এখানে বিক্ষোভ সৃষ্টি হয়েছে, আমাদের মনে হচ্ছে আপনি আমাদের ধমকাচ্ছেন।

**Mr. Speaker:**
এতে বিক্ষোভের কিছু নাই।
I am here to serve the House honestly and fairly as fairly as I can. As I allow a speaker to condemn others, I have also to protect others from being condemned unfairly. That is one thing. Secondly, I am bound by the rules of debate as contained in May's Parliamentary Practice and our own rules. I have construed these rules of May in a certain fashion. Now, I asked for the assistance of the Leader of the Opposition as to what should be the interpretation of these rules because if I come to a decision, as I have done a few minutes ago, members may misunderstand me. So, Sj. Jyoti Basu stood up and gave his views not that it means that I am going to accept what he has said, but certainly he has every right, as Leader of the Opposition, to point out to me his interpretation of that particular rule. It is farthest from my mind to be disrespectful to any honourable member of this House.

**Sj. Deben Sen:**
কালকে এ নিয়ে আলোচনা হয়েছে, কোন ডিসকাসন হয় নি, আজকে কি আমরা সেটা রেফার করতে পারব না?

**Mr. Speaker:** If it is the intention of the members that I should not be allowed to finish my speech, let me stop. My attempt to maintain order has been taken as amounting to insult thrown to honourable members.

**Sj. Hemanta Kumar Ghosal:**
আপনার কাছে আমাদের এটা অনুরোধ আপনি অর্ধেকটা বললেন, তাই আমরা বুঝতে পারলাম না।

**Mr. Speaker:** It was far from my mind to be disrespectful to honourable members. My personal point of view with regard to this matter is this I made it clear in my earlier ruling yesterday. With reference to Ambika Babu's case I discouraged the mention of his name because he was a stranger to this House. In Dr Roy's case lest the honourable members may think that as it concerned the Chief Minister I would not allow it, I allowed it to be read when Mr. Sudhir Chandra Ray Chaudhuri complained that an important part had been left out. I allowed it to be read, lest the honourable members may feel that because it concerned the Chief Minister I was giving him undue help. The point is this—if Mr. Jatin Chakravorty feels that he is not referring to the incident relating to Dr. Roy's purchase business but to something else, he is at liberty to speak. I would tell him that as I stand at the moment my decision at the moment is that that matter should not be reopened because this particular topic is not a question of general policy—it is one particular topic and one particular transaction and it should not be reopened.

**Dr. Hirendra Kumar Chatterjee:** It is written there "when it is decided"—is the transaction decided?

**Mr. Speaker:** Yes, by vote. The entire thing was put to vote.

**Dr. Hirendra Kumar Chatterjee:** Yesterday the Chief Minister said, "I am not speaking as Chief Minister now" and what explanation he gave was his personal explanation.

[Interruption and noise.]

[5-30—5-55 p.m.]

**Sj. Jatindra Chandra Chakravorty:**
আমরা আপনার রুলিং মেনে নিচ্ছি। আপনি বলেছেন, বাড়ী খরিদ করা সম্পর্কে আমি যেন উল্লেখ না করি। আমি এ সম্পর্কে বলতে চাই, যে ডকুমেন্ট পড়ে শোনান হল তা থেকেই এটা বহুলাংশে প্রমাণিত হয় আমি করাপশন ও দুর্নীতি সম্বন্ধে টপমোস্ট লেভেলএ যে অভিযোগ করেছিলাম সেই অভিযোগ অনেকাংশে সত্য। লোকসভায় যখন অধ্যাপক হীরেণ মুখার্জী বক্তৃতা দিচ্ছিলেন এই বলে

তখন মাননীয় আইনমন্ত্রী তাঁকে বাধা দিয়ে এই কথা বলেন, যে ইঙ্গিত অধ্যাপক হীরেন মুখার্জি মহাশয় করেছিলেন জেসপএর ডাইরেক্টর ছিলেন বলে, তার জবাবে এই কথা বলেছেন, যেটা ষ্টেটসম্যান কাগজে পরিষ্কার করে বেরিয়েছে যে মাননীয় মুখ্যমন্ত্রী বিধানচন্দ্র রায়ের অনুরোধে তিনি সেই জেসপ কোম্পানির ডিরেক্টর হয়েছিলেন। যে অভিযোগ এর আগে করা হয়েছিল দুর্নীতি সম্পর্কে এবং মাননীয় মুন্দ্রার বন্ধু হিসাবে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে আমরা এখানে দেখতে পাচ্ছি। এই সমস্ত দুর্নীতির অভিযোগ সম্বন্ধে যদিও আমরা গতকাল যে কথা বলেছিলাম। আজ সৎসাহস যদি থাকে, যে তদন্তের কথা বিরোধী দলের মাননীয় নেতা বলেছেন যে চীফ জাস্টিসএর দ্বারা সেই তদন্ত হোক, প্রকাশ্য তদন্ত হোক। মাননীয় মুখ্যমন্ত্রী সম্বন্ধে আমি এই কথা বলতে চাই সেই সৎসাহস তাঁর থাকলেও যদি তাঁর হৃদয় পবিত্র হয় এবং নিস্কলুস হয়, যেটা তিনি দাবী করেছেন, সেই প্রকাশ্য তদন্তের সময় আরও বহু দলিলপত্র সেখানে দাখিল করা যেতে পারে, এবং যার থেকে প্রমাণিত হতে পারে যে বহুলাংশে আমার যে অভিযোগ সেটা সত্য।

মাননীয় স্পীকার মহাশয়, আপনি যে কথা বলেছেন যে আমি আইনজ্ঞ নই, সে কথা ঠিকই বলেছেন।

**Mr. Speaker:**
আপনি আইনজ্ঞ, যদিও আইন পরিক্ষায় পাশ করেন নি।

**Sj. Jatindra Chandra Chakravorty:**
আপনি যে কথা বলেছেন, আইন সম্বন্ধে ততখানি অভিজ্ঞ আমি নই, সে কথা সত্য। সেইজন্য যে সমস্ত দলিলপত্র আমরা পেশ করেছি সেই সকল দলিলপত্র সম্বন্ধে অন্য রকম অর্থ করা হয়েছে। সেইজন্য আমি আবার দাবী করি যে মুখ্যমন্ত্রী মহাশয়ের যদি সৎসাহস থাকে তাহলে চীফ জাস্টিসএর কাছে সেই প্রকাশ্য তদন্তের সামনে তিনি আসুন। মাননীয় স্পীকার মহোদয়, আমি এই কয়েকটি কথা বলে, এই সম্পর্কে আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি।

**Sj. Hemanta Kumar Ghosal:**
উনিত আপনার দলের।

**Mr. Speaker:**
আপনারা ছোট ছোট জিনিস নিয়ে এই ডিবেটের মধ্যে এমন করেন যে, এটা ডিপ্লোরেবল, সেটা উনিই করুন আর আপনিই করুন। রাগ করবেন না, নিজেদের রেডিকুলাস করে কার সুবিধা হয়?

(হাস্যরোল।)

সিরিয়াস ডিবেটের মধ্যে যতিনবাবু বলছেন, তার মধ্যে একটা ইন্টারাপসন হল, হাসাহাসি হল, তাতে কি সুবিধা হয়? প্লীজ গো অন।

**Sj. Jatindra Chandra Chakravorty:**
আমি সাধারণ এ্যাডমিনিস্ট্রেশন সম্বন্ধে, পুলিস সম্বন্ধে বলবো। আমি এই পুলিস সম্পর্কে কয়েকটা কথা বলতে চাই যেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ শ্রমিক মালিক বিরোধের ক্ষেত্রে আমরা দেখছি এ্যানটি-রাউডি সেকসন থেকে অনাবশ্যকভাবে হস্তক্ষেপ করা হয়। যখন শ্রমিক, মালিক বিরোধ চলছে এবং সেই বিরোধ যখন শ্রম দপ্তরের কাছে বা এ্যাপেলেট ট্রাইবুন্যালে সেই মামলা চলছে, সেই সময় শ্রমিকদের উপর এ্যানটি-রাউডিসম্ সেকশনের পক্ষ থেকে লোক গিয়ে অনাবশ্যক হস্তক্ষেপ করা হয়।

**Mr. Speaker:** How many minutes more you want?
আপনার দশ মিনিট সময় ছিল। কয়েক মিনিট গোলমালে চলে গিয়েছে, আর কয় মিনিট আপনি চান?

**Sj. Jatindra Chandra Chakravorty:**
আর পাঁচ মিনিটের মধ্যে আমি শেষ করে দেব।

এ্যানটি-রাউডিসম সেকশন থেকে অনাবশ্যকভাবে হস্তক্ষেপ করা হয়, যদিও এ্যানটি-রাউডিসম সেকশন যথেষ্ট ভাল কাজ করছেন। কিন্তু কতকগুলি জায়গায় তাদের পক্ষ থেকে একসেস কমিটমেন্ট করা হয়। যেমন দু-একটা উদাহরণ দিই।

তারাচাঁদ প্রেস, সেখানে ২৩শে মার্চ, ১৯৫৭ সালে, তিন সপ্তাহ ধরে ধর্মঘট চলছিল, এবং তাদের সেই মামলা শ্রম দপ্তরের কাছে চালু ছিল, সেই সময় মালিকএ্যানটি-রাউডিসম সেকশনে ফোন করবার ফলে, এ্যানটি-রাউডিসম সেকশনের একজন ইন্সপেক্টার এসে, সেখানকার শান্তিপূর্ণ ধর্মঘটী যারা প্রেস থেকে অনেক দূরে বসে ছিল, তাদের উপর গিয়ে ধমক দেয় এবং সেখান থেকে তাদের চলে যাবার জন্য হুকুম দেয়।

তারপর দুই নম্বর হচ্ছে রয়েল ক্যালকাটা টার্ফ ক্লাব সম্পর্কে। ১৯৫৭ সালে এ্যাপেলেট ট্রাইবুন্যালের কাছে তাদের একটা মামলা ছিল। চারজন শ্রমিক নেতা, সেই ইউনিয়নের, তাদের বরখাস্ত করা হয়, এবং তারা সেখানকার কোয়ার্টার্সএই থাকে। আমি নিজে গিয়ে ডেপুটি কমিশনার, এ্যানটি-রাউডিসম সেকশনের সঙ্গে সাক্ষাৎ করি এবং তাঁকে এই কথা জানাই যে, মামলা বিচারাধীন আছে এবং যতদিন পর্যন্ত সেই মামলা নিষ্পত্তি না হয়, ততদিন পর্যন্ত সেখানে মালিক পক্ষ থেকে আপনারা গিয়ে, তাদের কোয়ার্টার্স থেকে বের করে দেবার জন্য কেন

রকম ভয় ও হুমকি দেখাতে পারেন না, বিশেষ করে এটা আপনার এক্তিয়ারের বাইরে। এটা শ্রমিক, মালিক বিরোধের ব্যাপার, শ্রমদপ্তরের ব্যাপার, বর্তমানে এটা হাই কোর্টে, ট্রাইবুন্যালে আছে, সেখানে মামলা চলছে।

আর একটা কেস কিছুদিন আগে আমার এলাকায় হয়েছে। সেখানে এ্যানটি-রাউডিসিম সেকশনের একজন ইন্সপেক্টর একটা বাজে অজুহাত দেখিয়ে বিবেক পাণ্ডা বলে একটি যুবককে ধরে নিয়ে গিয়েছে। সেটার মামলা বর্তমানে কোর্টে চলছে, সুতরাং সে সম্পর্কে আমি কিছু বলতে চাই না। কিন্তু এই ধরণের গ্রেপ্তার করা সম্পর্কে, আমি ডেপুটি কমিশনারের কাছে গিয়ে অত্যন্ত গুরুতর অভিযোগ করেছি। এ পর্যন্ত তার তদন্ত হয় নি। এ্যানটি-রাউডিসম সেকশনএর পক্ষ থেকে এই যে মাঝে মাঝে অনাবশ্যক হস্তক্ষেপ করা হয়, তার প্রতি আমি মন্ত্রীমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি। অন্ততঃপক্ষে শ্রমিক, মালিক বিরোধের ক্ষেত্রে এ'রা যেন অনাবশ্যক হস্তক্ষেপ না করেন। যদি সেখানে গুণ্ডামীর কথা ওঠে, যদি গুণ্ডামী হয়ে থাকে, সেখানে যে পুলিস রয়েছে, সেই থানা অফিসার তাঁরাই যথেষ্ট, তাঁরাই সে সম্বন্ধে ব্যবস্থা অবলম্বন করতে পারেন। আমি যে কয়েকটি উদাহরণ দিলাম তার মধ্যে কোন জায়গায় সেই সুযোগ ছিল না, গুণ্ডামী করার। কারণ, তারাচাঁদ প্রেসের শ্রমিকরা যখন ধর্মঘট করে চলেছিল, তাদের সম্পর্কে পার্ক স্ট্রীট থানা অফিসার যে রিপোর্ট পাঠিয়েছেন, তাতে লেখা আছে যে শ্রমিকরা অত্যন্ত শান্তিপূর্ণ আছে। তা সত্ত্বেও মালিকের পক্ষ থেকে এ্যানটি-রাউডিসম সেকশনএ টেলিফোন করবার পর সেখান থেকে ইন্সপেক্টর এসে শ্রমিকদের হুমকী দেয়, তাদের ভয় দেখায়। এবং যেটা তাদের এক্তিয়ার ছিল না, যে কোয়াটার্স থেকে তাদের চলে যাবার জন্য হুকুম দিতে পারেন। হাইকোর্টে মামলা চলাকালিন সময়, আমরা দেখেছি, তাঁরা এইভাবে কাজ করছেন। আমি ইউনিয়নের সভাপতি হিসাবে ডেপুটি কমিশনারের কাছে এই মামলার কথা বলা সত্ত্বেও, আমি দেখেছি সেখান থেকে অফিসাররা গিয়ে, ক্যালকাটা রয়েল টার্ফ ক্লাবের সেক্রেটারীর নির্দেশ মত সেখানকার শ্রমিকদের কোয়ার্টাস থেকে বার করে দেবার জন্য ভয় দেখান হয়েছে। আমি এই ব্যাপারে মাননীয় পুলিসমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করি। তখন এই ব্যাপার নিয়ে হাইকোর্টে যে মামলা চলছিল, তার নকল নিয়ে যখন তাঁর কাছে পাঠাই, তখন তাঁরা সেই হস্তক্ষেপ করা থেকে বিরত হন।

এ্যানটি-রাউডিসম সেকশন সম্পর্কে আমি এতগুলি মন্তব্য করলাম। তাঁদের যেসমস্ত অফিসার আছেন, তাঁরা বহুক্ষেত্রেই তাঁদের যেটুকু ক্ষমতা আছে তার বাইরে গিয়ে, বিনা কারণে লোককে নানা রকম উত্যক্ত করেন। এ বিষয়ের প্রতি আমি পুলিস মন্ত্রীর বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি এবং এই সম্পর্কে যাতে তদন্ত করা হয় তার জন্য দাবী জানাচ্ছি।

**Mr. Speaker:** I wish to impress upon everybody to-day that I think I was right. There are precedents to this effect. A decision particularly over a personal matter, if there has been discussion and debate earlier, cannot be restarted once again. The only thing on which prior debate can be referred to in the same session is with regard to a Bill. If something has happened, take for instance, you have talked something over a Bill, you can do it over again. But with regard to a personal matter involving anybody, if there is a discussion once, it cannot be done again.

[At this stage the House was adjourned for fifteen minutes]

[*After adjournment*]

[5-55—6-5 p.m.]

**Mr. Speaker:** Before we proceed with the day's business I wish to draw the pointed attention of the honourable members of this House to Rule 14 of the Assembly Procedure Rules. If you have got your copy of the book with you kindly see the rule. This is the practice of our Assembly, and so long as the rule is there, the rule will be strictly adhered to. I shall certainly not try to suppress the honourable members, but I shall certainly try to confine the members to the wordings of the rule. This is a point which

every member ought to be interested in, because it deals with the points of order. The rule runs thus: "The Speaker shall decide all points of order which may arise, and his decision shall be final." I am asking you to kindly see also Rule 14(2) which reads as follows: "Any member may at any time submit a point of order for the decision of the Speaker, but in doing so shall confine himself to stating the point"—I should say not to indulging in a speech. You have got to state your points of objection. You have got to state thus: "Sir, I object to this on this ground"—a little clarification will be permitted, but I shall not permit so long as the rule remains in the Rule Book other people to plead for others. The member raising the point of order must argue his own case within the limits of the rule. I shall not allow any other member to speak. Other members will speak when I will seek their assistance in the same way as I did in the case of Mr. Jyoti Basu. I asked Mr. Jyoti Basu, "what your view was" and Mr. Jyoti Basu gave what his view was. The honourable members will kindly remember this.

Now, Mr. Sen, you are looking at me wistfully. If you wish to say anything, you can say.

**Sj. Deben Sen:**

মাননীয় সভাপাল মহাশয়, রুল ১৪এর যে ইন্টারপ্রিটেশন আপনি এখানে দিলেন, তা অতীতের প্র্যাকটিসএর সঙ্গে খাপ খায় না।

**Mr. Speaker:** I have made enquiry.

অতীত বলতে, আজিজ্বল হক সাহেবের রুলিংএর কথা যদি বলেন তাহলে তার সঙ্গে এটা খাপ খায়। সুতরাং অতীতের কথা বললে সকল প্রিডিসেসরএর কথাই বলতে হয়।

**Sj. Deben Sen:**

আমি নিবেদন করতে চাই- এই যে আপনার রুলিং তাতে মেম্বারদের প্রিভিলেজ রাইট অব স্পিকিং খর্ব করা হবে নাকি?

**Mr. Speaker:** The Speaker is most anxious to do justice and fairplay, but sometimes members forget that and they think that they have the right to speak at all times and over everything. That is entirely wrong.

Now, let us proceed with the day's business.

**Sj. Deben Sen:**

সভাপাল মহাশয়, এখানে আমার নিবেদন আপনি যা বললেন তা সবই সত্য। কিন্তু তাহলে আমি বলতে চাই—রুল ১৪(১)—যা আপনি রেফার করলেন—তা অবশ্যই আমাদের মানতে হবে কিন্তু রুল (২) সম্বন্ধে যে ইন্টারপ্রিটেশন দিলেন অর্থাৎ যিনি পয়েন্ট অব অর্ডার তুলবেন, তিনি ছাড়া আর কেউ বলতে পারবেন না, এটা অতীতের প্র্যাকটিসএর সঙ্গে খাপ খাবে কি?

**Mr. Speaker:** Relaxation will be permitted if and when I consider that there is room for relaxation.

## Statement re: Sonarpur Railway Accident

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** May I be permitted to place before the House further report regarding the accident. As I have told you, my friend Sj. Kalipada Mukherjee went there with the Inspector-General of Police and met the railway and police officers and members of the public. The accident took place within a few hundred yards from the Sonarpur Railway Station just in front of the North Cabin. It was stated that the time of the accident was 5-45 a.m. Five dead bodies were rescued from the debris. 44 persons received injuries of whom 27 were admitted to the Nil Ratan Sircar Hospital, one of whom has since died and the rest were administered first aid and discharged. It appears from the enquiry that

the station signal was rather defective which requires further investigation. The signal man of the cabin is missing. The engine driver of the south-going train has been put under arrest. Investigations are going on. The General Manager, Eastern Railways, and high railway officials visited the spot of accident. S. P., 24-Parganas, with a large number of police force was there. The railway authorities have sanctioned Rs. 400 per family of the deceased and Rs. 100 each to the injured person. Besides this, the Red Cross Society has given to family members of the five deceased persons—three dead bodies have been brought to Calcutta—a sum of Rs. 10 per family and Rs. 5 for food. Along with the Police and the Railway rescue squad, local people and volunteers have rendered first aid and other humanitarian services.

**Sj. Deben Sen:**

সভাপাল মহাশয়, একটা পয়েন্ট অব অর্ডারএ বলতে চাই--আমরা এই স্টেটমেন্ট সম্বন্ধে কিছু বলতে পারব কি?

**Mr. Speaker:**

আপনি যদি কিছু জানতে চান তাহলে জিজ্ঞাসা করুন।

**Sj. Deben Sen:**

এই যে এনকোয়ারী হবে, যদিও এটা সেন্ট্রাল গভর্নমেন্ট এবং রেলওয়ের ব্যাপার তবে আমাদের একটা ইমপ্রেশন হয়েছে যে বাংলাদেশে এই এক্সিডেন্ট বারবার হচ্ছে এই যেমন সেদিন দমদমে হল। এসব অস্বাভাবিকভাবে হচ্ছে তার কোন ন্যায্য কারণ বা হেতু আমরা খুঁজে পাই না যদি না এসবকে নেগলিজেন্স কারণে বলা না হয়। সেইজন্য আমি দুটো সাজেসন এখানে দিচ্ছি। এই যে এনকোয়ারী হবে, তাতে বেঙ্গল গভর্নমেন্টএর তরফ থেকে বা এ্যাসেমব্লী এর তরফ থেকে কেউ থাকতে পারবে কিনা।

**The Hon'ble Iswar Das Jalan:**

থাকতে না পারার কোন কারণ নেই।

**Mr. Speaker:** You know very well, Mr. Sen, you attended enquiries along with me that when an enquiry goes on, it is a public enquiry and you can always be present there. Of course you are not allowed to take part.

**Sj. Deben Sen:**

না, না। আমরা সেখানে সাক্ষী নিয়ে যাব--সে অধিকার থাকলেও আমরা সেখানে চাচ্ছি না। কিন্তু আমরা সেখানে ক্রস-এক্সজামিন করব। জেনারেল ম্যানেজার, ইস্টার্ণ রেলওয়ে ও স্টেশন মাস্টারকে আমরা ক্রস-এক্সজামিন করতে চাই।

**Mr. Speaker:** You know that the terms of reference will be settled by the Government of India. If the Government allows it, you have got the right.

**Sj. Deben Sen:**

আমি সেখানে বলতে চাই—বাংলা গভর্নমেন্টকে আমরা রিকুয়েস্ট করতে পারি কি যে আমরা এই এনকোয়ারীর মধ্যে থাকতে চাই। যেহেতু বারবার এইরকম ঘটনা ঘটছে।

**Mr. Speaker:** Dr. Roy made the point clear. He has written very strongly to the Government of India because repeated accidents result in the loss of innocent lives.

[6-5—6-15 p.m.]

**Sj. Hemanta Kumar Ghosal:**

আমরা ইনফরমেশন চাই যে যারা মারা গিয়েছে, আর যারা অক্ষম হয়ে পড়েছে, যারা কাজ করতে পারবে না, তাদের ফ্যামিলির স্টার্ভেশন সুরু হয়েছে......

**Mr. Speaker:** The Chief Minister has already said that money has been given to them.

**Sj. Hemanta Kumar Ghosal:**
মিঃ স্পীকার, স্যার, যারা আহত হয়েছে, কাজ করতে পারবে না, তাদের জন্য ১০০ টাকা এবং যারা মারা গেছে তাদের জন্য ৪০০ টাকা দিয়েছেন। এই টাকায় তাদের এ্যাকচুয়েলী চলবে কিনা। অন্ততঃ তারা বাঁচতে পারে এইরকম একটা এ্যাড দেওয়ার বন্দোবস্ত করা দরকার।

**Mr. Speaker:**
বেঙ্গল গভর্নমেন্ট সাজেশন ছাড়া করবার কি আছে?
Bengal Government would send suggestions. You know under the law damages can be claimed from the railways whether it will be Rs. 400 or more, that makes no difference.

**Sj. Hemanta Kumar Ghosal:**
এনকোয়ারিটা যাতে একটু তাড়াতাড়ি হয় তা করবেন।

**Mr. Speaker:**
নিশ্চয়।

**Sj. Sisir Kumar Das:** On a point of personal explanation.

**Mr. Speaker:** Two days have been allotted to this debate and if you want to talk out the two days, I have no objection.

**Sj. Sisir Kumar Das:** Sir, as regards the Narajole House and other zemindaries...........

**Mr. Speaker:** I will not allow you to raise it. Whatever you have said you have said. But if you want to give a personal explanation you may do so. I think you can plead your own case.

**Sj. Sisir Kumar Das:** When I said that Government has purchased the Narajole property, I never insinuated that anything underhand was done by the Raja of Narajole or Kumar of Narajole whose property has been purchased by Government. My only charge was that Dr. Roy without consulting the Assembly has purchased so many properties. That was what I said and I said nothing against any member of the House.

**Mr. Speaker:** Mr. Das, I can tell you that it is for Dr. Roy to answer that charge and it is not for me who is a humble man to answer that charge. Mr. Speaker has personal knowledge of the Lalgola House. But in my opinion if at the time of every purchase the Government has to consult the members of the House, that Government should resign at once and if I were in the Government I would not do it. However, there should not be any acrimony in the debate or any personal fling, for it affects the dignity of the House.

**Sj. Ananda Copal Mukhopadhyay:**
মাননীয় স্পীকার মহোদয়, আমার বক্তৃতার শুরুতে আপনার কাছ থেকে যে সাবধান বাণী পেলাম তার জন্য আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। অবশ্য বাজেট আলোচনার সময় গালাগালি দেবার সুযোগ আমাদের তরফ থেকে নেই। কারণ সরকার পক্ষের যাঁরা সদস্য তাঁরা সরকারের কার্যাবলীর মধ্যে দোষ এবং ত্রুটি যা আছে তাও যেমন আমরা তুলে ধরব তেমনি সরকার যেসমস্ত সুষ্টু কাজ করেছেন তাও আমরা তুলে ধরব। কাজেই গালাগালি যা দেব সেগুলো সেখানে সাজেশন হিসাবে যাবে। অবশ্য আজকে এই বাজেটের আলোচনার সুরু থেকে যে প্রস্তাব নিয়ে আমাদের এখানে আলোচিত হচ্ছে তা থেকে মনে হয় যে আমরা বাজেট আলোচনা থেকে অনেক দূরে চলে গেছি। কারণ বাজেট বিষয় আলোচনায় বঙ্কিমবাবু ছাড়া আর কেউ বাজেট সম্বন্ধে বলেন নি। তাঁদের মনে আজকে বাংলাদেশের বাজেটের ছবি নেই—কি করে বাংলাদেশের

সরকারকে তাঁরা হেয় প্রতিপন্ন করতে পারেন এই ছবিই আছে। আমি আপনার সাবধান বাণীর কথা স্মরণ রেখে তাই সে সম্বন্ধে বিশেষ মতামত না দিয়ে বাজেট সম্বন্ধে আমি আমার মতামত সীমাবদ্ধ রাখতে চাই।

আজকে পশ্চিমবঙ্গে বর্তমান আর্থিক বৎসরের বাজেট সম্বন্ধে আলোচনা করতে গিয়ে তার আর্থিক দিকে যে টাকা বরাদ্দ হয়েছে এবং যা ঘাটতি পড়ছে সেই কচকচির মধ্যে না গিয়ে আমি শুধু দুই-একটি জিনিস আপনার সামনে তুলে ধরতে চাই। নানান দুর্যোগ এই বাজেট আলোচনার সামান্য আগে থেকে ভারতবর্ষ এবং পশ্চিমবঙ্গে যখন ঘটে যাচ্ছে ঠিক সেই মুহূর্তে কারুর মনে এই আর্থিক সমস্যার যে কচকচানি তা নিয়ে আলোচনা করবার মনোভাব হয়ত আসছে না। অর্থাৎ এখানে দুর্ঘটনা, ওখানে কোলিয়ারীর দুর্ঘটনা, ট্রেনের দুর্ঘটনা ইত্যাদি ঘটনা ঘটে চলে আজকে পশ্চিমবঙ্গের সমস্যাগুলো বেড়ে যাচ্ছে। আমি সে সম্বন্ধে বিশেষ কিছু না বলে আজকে এই সমস্ত ঘটনার মধ্যে আমরা যে কিভাবে ঠিক পথে এগিয়ে চলছি তার কথাই বলতে চাই। সবচেয়ে বড় সমস্যা আজ দেশব্যাপী খাদ্য সমস্যা। খাদ্যসমস্যা আমাদের সামনে বর্তমান বছরে যে রূপ নিয়ে দেখা দিচ্ছে তার মধ্যে যেভাবে দৃঢ় হস্তে সরকার তাঁর করণীয় কাজ করে যাচ্ছেন সেই কথাই আমি আমার আলোচনার মধ্যে আনতে চাই। বর্তমান বছরে যদি আমরা ফসলের হিসাব দেখি তাহলে দেখব যে আমাদের এখানে টোটাল ডেফিসিট প্রায় সাত লক্ষ টন রয়েছে। এই ঘাটতি নিয়ে দেশকে কিভাবে এগিয়ে নিয়ে যাওয়া যেতে পারে এবং তার সম্বন্ধে সরকার কি করছেন তার কোন পুনরাবৃত্তি না করে আমি শুধু একটি কথা বলি যে যতদিন জাতীয় সরকার এদেশে প্রতিষ্ঠিত হয় নি ততদিন এরচেয়ে কম ঘাটতি থাকা সত্ত্বেও আমাদের এই প্রদেশে হাজার হাজার মানুষ সরকারের হাতে রাষ্ট্রের ক্ষমতা থাকার দরুণ ঘাটতি থাকা সত্ত্বেও একটিও মানুষ না খেতে পেয়ে যে মারা যাবে না সেই ভাবেই সরকার এগিয়ে চলছেন। আমি দেখতে পাচ্ছি যে সরকারী নীতির মধ্যে যেমন সবল দৃষ্টিভঙ্গী রয়েছে তেমনি সরকারের দৃষ্টিভঙ্গীর মধ্যে প্রত্যেকটা মানুষের অভাব সম্বন্ধে খোঁজ রাখবার সচেতন নজরও রয়েছে। এখানকার খাদ্য সম্বন্ধে যে নীতি গৃহীত হয়েছে তাতে সমস্ত পশ্চিমবঙ্গের জেলাগুলিতে অবাধে খাদ্য চলাচল করবে এবং তার মূল্য ৭টি জেলাতে নিয়ন্ত্রিতভাবে সরকার ধার্য করে দিয়েছেন যে এই মূল্যের বেশী সরকারী মূল্য বাড়বে না। আজ এই অবাধ চলাচলের দরুন কোলকাতা এবং অন্যান্য অঞ্চলে খাদ্যশস্য যাতে ব্যবসায়ীদের হাতে কুক্ষিগত না হয়ে যায় তার জন্য সরকার ব্যবস্থা রেখেছেন। মিল থেকে শতকরা ২৫ ভাগ চাল লেভি করে নিয়ে এসে কোলকাতায় যা দরকার এবং তার পাশে ইন্ডাস্ট্রিয়াল এলাকায় যা দরকার তাকে তাঁরা মেটাতে চাচ্ছেন।

[6-15—6-25 p.m.]

এখানে যদি আমি একটা প্রশ্ন উত্থাপন করি তাহলে অবান্তর হবে না—যে এখানে পশ্চিমবঙ্গে খাদ্য-সমস্যা সম্বন্ধে আলোচনা করে তার পথ নির্দ্ধারণ করবার জন্য এখানে একটা এড্‌ভাইসরী বডী গঠিত হয়েছে। এই বডীতে যখন আলোচনা হয় সদস্য হিসাবে আমি যোগদান করেছি, মনোযোগ সহকারে শুনেছি। আমাদের দলের এবং বিরোধী পক্ষের বন্ধুরা সমস্যাকে ঠিকভাবে ধরেন নি এটা তাদের আলোচনার মধ্য দিয়ে দেখতে পাচ্ছি। আমি নাম নিচ্ছি না। কেউ কেউ মনে করেন ।৵১০ করে চাল দিলেই খাদ্য-সমস্যা মিটে যাবে, কেউ কেউ মনে করেন কলকাতার মধ্যে ।৵১০ করে চাল কিনতে পারলেই খাদ্য-সমস্যা মিটে যাবে কতটা প্রয়োজন, অভাব কতটা আছে, আসবে কোথা থেকে এবং তারপর দর নিয়ন্ত্রণ করবে কিভাবে এ-কথা তারা চিন্তা করেন নি, বোধ হয় করতেও পারেন না। আমি তাই তাদের দৃষ্টি এ-দিকে আকর্ষণ করে বলতে চাই খাদ্য-সমস্যা সমাধানের স্টেপ সম্বন্ধে সরকার যে পদ্ধতি নিয়েছেন সেই পদ্ধতি দেশের সামনে থেকে খাদ্য-সমস্যা সম্পূর্ণভাবে দূর করতে পারবে বলে মনে করি। আমি এখানে আর একটা জিনিষ যা নিয়ে বিশেষভাবে আলোচনা হয় এবং বিশেষভাবে সকলের মনকে উদ্বুদ্ধ করে সে সম্বন্ধে বলি—সেটা হচ্ছে রিলিফ মেজার বিষয়ে প্রতি বৎসর সরকার কিভাবে এগিয়ে যাবে বা কি হবে পদ্ধতি। আমি দেখতে পাই যে যখনই রিলিফ-এর কথা উঠে তখন যেন মনে হয় যেখানে অভাব আছে, অনটন আছে, দারিদ্র্য আছে

সেখানে এই অভাব অনটন নিয়ে যেন রাজনৈতিক চক্রান্ত গড়ে উঠে। সরকারের যেখানে দায়িত্ব, জনসাধারণ যেখানে অন্নহীন হয়ে থাকে সেখানে রাজনীতি করার সময় থাকে না—সে সুযোগও থাকে না। অথচ যেখানে আজ রিলিফ পাচ্ছে না, তার দরুণ আন্দোলন হয়, যেখানে পাচ্ছে সেখানে তার মধ্য থেকে ত্রুটি-বিচ্যুতির জন্য সরকারী ব্যবস্থাকে বানচাল করবার জন্য এখানে দেখি চক্রান্ত হয়। রিলিফ খাতে সরকার যে ব্যয়-বরাদ্দ করেছেন গত বছর তার কাজের পদ্ধতি যদি দেখি এবং এ-বছর যে দাবী এনেছেন তার দিকে যদি আমরা দেখি, তাহলে আমরা দেখতে পাব যে গত বছর ড্রট এফেক্টেড এরিয়াতে সরকার ১·৩ কোটি টাকা এগ্রিকালচারাল লোন দিয়েছেন। আমরা দেখতে পাচ্ছি টেস্ট রিলিফ ওয়ার্ক-এর থ্রু দিয়ে এম্‌প্লয়মেন্ট লোককে দিচ্ছেন এবং ঐ বাবদ ১·১১ লক্ষ টাকা দেওয়া হয়েছে। আজকে আমি রিলিফ খাতে আলোচনা করতে গিয়ে বিল্ড ইয়োর ওন স্কীম এবং অন্যান্য পথ সরকার যা নিয়েছেন জনসাধারণ কল্যাণের জন্য তার সম্বন্ধে আলোচনা করতে গিয়ে শুনি—যে ডাঃ রায়ের মাথার মধ্যে যে বিল্ড ইয়োর ওন হাউজ স্কীম এটা হতে পারে না। এই নিয়ে সরকারী টাকার ছিনিমিনি হবে এ-কথা তারা বলে থাকেন। আবার আলোচনার মধ্যে দেখি যে যদি কোন জায়গায় এ-কথা বলা হয় যে নিজের কাজ নিজেরা আমরা করে নিই না—অমনি বাঙ্গালী কি শ্রম-বিমুখ, চৈতন্য কি হারিয়ে ফেলেছে—এ-সব কথা বলা হয়। কাজেই সরকার পক্ষ থেকে এ-কথা বলা হয়েছে যে এ তাই পরস্পর বিরোধী কথা। আমার মনে হয় ডাঃ রায়ের এই যে বিল্ড ইয়োর ওন হাউজ স্কীম পরিকল্পনা এই নূতন পরিকল্পনা বাংলার ধ্বংসোন্মুখ গ্রামগুলিকে নূতনভাবে বেঁচে উঠার পথ দেখাল। যে মানুষ এগিয়ে এসে তাদের অভাব-অনটনের মধ্যেও সরকারী সহযোগিতায় নিজেদের সেই নিশ্চিহ্ন হয়ে যাওয়া ঘুমিয়ে থাকা গ্রামকে জাগিয়ে তোলার চেষ্টা করছে সেখানেই গ্রাম সুন্দরভাবে গড়ে উঠেছে। আমরা যেখানে নিজেরা এগিয়ে গিয়ে করতে পারিনি সেখানেই পরিকল্পনা বাণচাল হয়েছে—এই পরিকল্পনা শুধু সরকারী কর্মচারীদের দ্বারা সফল হবে না—এই পরিকল্পনা জনসাধারণের নিজেদের চেষ্টায় সফল হবে। আজ এটাই হয়েছে যেখানে জনসাধারণকে উদ্বুদ্ধ করতে পারা যায় নি কিন্তু আমি সমস্ত মিলিয়ে এ-কথা বলতে চাই আজ যেমন নূতন নূতন টেষ্ট রিলিফ-এর মাধ্যমে রাস্তা গড়ার ভিতর দিয়ে লোকেদের এম্‌প্লয়মেন্ট দেওয়া হচ্ছে আবার অন্য দিকে যান-বাহনের যোগাযোগ স্থাপিত হচ্ছে।

বিল্ড ইয়োর ওন স্কীম-এ যেমন দুর্গতরা নিজেদের ঘর তৈরি করে নিচ্ছে তেমনি গ্রামকে সুন্দর করে গড়ে তুলছে। আজ সেখানে চাষীদের অর্থের অভাব, ড্রট হওয়ার দরুণ চাষীরা নিজেদের ফসল পেল না অর্থাভাবে চাষাবাদ করতে পারে না সেখানে সরকার এগিয়ে যাবে—এ-ক্ষেত্রে শুধু আমাদের একটা বিনীত নিবেদন সরকারের কাছে আছে যে কৃষি-ঋণ সরকার কৃষককে সময়ে দেবার ব্যবস্থা করুন। আমি গ্রামের ছেলে, কৃষকদের দুরবস্থা সম্বন্ধে আমার কাগজে পড়ে জানতে হয় না, আমি নিজেই গ্রামবাসীর মধ্যে থেকে জানতে পারি এবং জানি। এ-কথা যদি বিরোধী পক্ষের বন্ধুরাও বলেন তবে অসত্য বলে ধরবো না, সত্য বলেই ধরবো। কৃষি ঋণ কৃষিজীবীদের মাঝে যায় না, ক্যাটেল পারচেজ লোন পরে যখন দিতে হবে তখন যায় না এবং দেওয়ার পদ্ধতিও ঠিক নয়।

**Mr. Speaker:** I find that in the way the proceedings have gone on the parties are very seriously affected in the matter of time. Their representatives have come to me for some sort of re-adjustment. I request all members to talk as little as they can. If the present time-table is adhered to, many members will have to be cut off.

**Sj. Ananda Gopal Mukhopadhyay:**

কাজেই আমি এ-কথা স্পষ্ট করে বলতে চাই যে কৃষি-ঋণ সময়ে দেওয়া হোক। এই ক্যাটেল পার্চেজ লোন এ-কথাটা উঠিয়ে দিয়ে চাষীকে অন্যভাবে সাহায্য দিন। একজোড়া গরুর দাম যেখানে ১৫০-১৭৫ টাকা সেখানে ৫০ টাকা যদি ক্যাটেল পার্চেজ লোন দেওয়া যায় তাতে একটা গরুও কেনা যায় না, আর্দ্ধেক নয়। চাষীর কাছে সরকারী সাহায্য উপহাসে পরিণত যেন না হয়।

আমি আর একটা কথা এখানে অবতারণা না করে পাচ্ছি না—স্মল স্কীম অফ ইরিগেশন সম্বন্ধে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে শতকরা ৭৫ ভাগ টাকা পেতাম এবং জনসাধারণ ২৫ ভাগ টাকা দিত। আমার মনে আছে ১৯৫১-৫২ সালে আমাদের জেলায় স্মল স্কীম অফ ইরিগেশন-এ টারগেট ছিল প্রায় ৪০০ শত এবং আমরা সকলে মিলে একমত হয়ে দৃঢ়-প্রতিজ্ঞ হয়ে এই ৪০০ স্কীম সম্পূর্ণ করেছিলাম এবং নির্দ্দিষ্ট সময়ের মধ্যে লোকের দেয় ¼ ভাগ তারা দিয়েছিলেন শ্রমদান করে বা সামান্য অর্থ সাহায্য করে। গত কয়েক বছর যাবৎ কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আমরা শতকরা ৭৫ ভাগ পাবার প্রতিশ্রুতি পাচ্ছি না। আমার মনে হয় পশ্চিমবংগ বিধান সভার তরফ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে জানাতে পারি যে শতকরা ৫০ ভাগ টাকা সরকার থেকে দিলে বাকী ৫০ ভাগ টাকা গ্রামবাসী না দিতে পারলে স্মল ইরিগেশন হয় না তাই তারা মত পরিবর্তন করুন এবং ৭৫ ভাগ দিন এবং জনসাধারণ যদি ¼ ভাগ টাকা দিতে রাজী হয় তাহলে পশ্চিমবংগে স্মল স্কীম অফ ইরিগেশন ১২ থেকে ১৪ হাজার ছোট ছোট স্কীম সম্পূর্ণ হতে পারে বলে মনে করি। এবং এ সম্পর্কে গ্রামের লোকও উৎসাহী হয়ে কাজে লাগতে পারে। এই স্মল স্কীম অব ইরিগেশন-এর মধ্যে ট্যাংক ইম্প্রুভমেন্ট ধরা আছে। আমাদের জেলায় এই লোন যা দেওয়া হয় গত ২।৩ বছরে ১৫।২০টি ট্যাংক-এর বেশী পায় নি—যেখানে ২০০।৩০০ পড়ে আছে। এই ব্যাপারে ঔদাসীন্য কোথায় তা অনুসন্ধান করার প্রয়োজন হয়ে পড়েছে। এই স্কীম যদি হয়, কৃষির উন্নতি হবে, যদি না হয় কৃষির অবনতি হবে এবং দেশ খাদ্য-সমস্যার দিকে এগিয়ে যাবে।

[6-25—6-35 p.m.]

সমস্যা যখন এত কঠিন তখন আগে থেকে এ বিষয়ে সজাগ হওয়ার এবং প্রয়োজনীয়তা রয়েছে। এর পর আমি এখানকার বিফিউজিদের সম্বন্ধে বর্তমান সরকারের যে নীতি এবং বর্তমান সরকার যে পরিকল্পনা গ্রহণ করেছেন তার সম্বন্ধে দু-একটা কথা বলতে চাই। আমরা দেখতে পাচ্ছি যে, ক্যাম্পে যে বাস্তুহারা রয়েছে তার সংখ্যা ২ লক্ষ ২৫ হাজার। আজ আমি নিজে দেখছি যে, যখন দণ্ডকারণ্যের কথা উঠেছে তখন চারদিক থেকে প্রত্যেক ক্যাম্পে যে-সমস্ত উদ্বাস্তু আছে তাদেরকে যাতে পশ্চিমবংগের মধ্যেই পুনর্বাসনের ব্যবস্থা করা যেতে পারে তার চেষ্টা করতে হবে। এখানে আমি বলব পশ্চিমবংগের মধ্যে এত জমি পাওয়া এবং শুধুমাত্র সরকারী চেষ্টায় পুনর্বাসন হওয়া সম্ভবপর হবে না। এবং আমাদের সরকারেরও তাই অভিমত। তাই যদি সত্য হয়, বিধান সভার তরফ থেকে প্রতিনিধিস্থানীয় ব্যক্তিরা দণ্ডকারণ্যে গিয়ে দেখুন এবং পশ্চিমবংগে যে-সমস্ত উদ্বাস্তু আছে তাদের শুধু ফিজিক্যাল রিহ্যাবিলিটেশন নয়, যাতে তাদের ইকোনমিক রিহ্যাবিলিটেশন হতে পারে কিনা এবং তার পসিবিলিটী আছে কিনা তা দেখে আসুন, ভাল করে দেখুন। যদি দেখে মনে হয় যে জায়গাটা সুন্দর হবে তাহলে মাননীয় স্পীকার মহাশয়, আমার মনে হয় আরেকটা নতুন বাংলা দেশ গড়ে উঠতে পারে। যাই হোক, যে-কথা বলছিলাম খবরের কাগজেও বের হবে এবং কেন্দ্রীয় সরকারও হয়তো মনে করতে পারেন আবার একটা নতুন স্লোগান উঠছে, কাজেই প্রভিন্সিয়ালিজম-এর প্রশ্ন এসে যাবে। এ-ক্ষেত্রে আমার এই কথা না যে, তাদের যেতেই হবে। যদি জায়গা সুন্দর হয় তাহলে সেখানে যেতে কোন প্রকার আপত্তি থাকতে পারে না, কিন্তু দণ্ডকারণ্যে যাব না এই যদি কথা হয় তাহলে সেটা সমর্থন করা যেতে পারে না। আজকে উদ্বাস্তুগণ নানারকম কথা শুনে বিভ্রান্ত হয়ে পড়ছে—কিন্তু এভাবে তাদের বিভ্রান্ত করার অধিকার কারুর নাই। তাদের যদি কল্যাণ করতে চান তাহলে আমি এটুকু জোর দিয়ে বলব, যেহেতু সরকার দণ্ডকারণ্য পরিকল্পনা করতে যাচ্ছেন সেই হেতু "না" বলব সেইরকম মত যেন আমরা না গ্রহণ করি। এ সম্বন্ধে আমি, সভাপাল মহাশয়, আপনার মাধ্যমে অনুরোধ করব যে, দণ্ডকারণ্যে যদি প্রতিনিধিস্থানীয় ব্যক্তিরা গিয়ে দেখেন যে, যেখানে উদ্বাস্তুদের সুষ্ঠু পুনর্বাসনের পথ হয় তা হলে তখন তাঁরা তাঁদের কর্তব্য স্থির করবেন। পশ্চিম বংগে নেক্‌স্ট ফাইভ-ইয়ার প্ল্যানে এবং এই সংক্রান্ত ব্যাপারে যে সমস্ত কাজ কর্ম চলছে তার সম্পর্কে আলোচনা করতে গিয়ে গত বছর যেভাবে কাজ এগিয়েছে তার দু'-একটি কথা আমি উল্লেখ করতে চাই। আমরা অবশ্য এটা দেখতে পাই যে, প্রয়োজনমত কাজকে এগিয়ে নিয়ে যাবার মত অর্থ সাহায্যের অভাব আছে আমাদের, কিন্তু তার সঙ্গে

আমি এও বলব যে, যা আছে তাতেও সুষ্ঠু পুনর্বাসনের কাজ চলতে পারে। আমরা দেখতে পাচ্ছি যে, কমিউনিটি ডেভেলপমেন্টএর মধ্যে দিয়ে যে সমস্ত গ্রাম পড়েছে তাতে আমাদের টোট্যাল পপুলেশনএর পাঁচ ভাগের দুই ভাগ কভার করছে। টোট্যাল পপুলেশন যা আছে পশ্চিমবঙ্গে তার পাঁচ ভাগের দুই ভাগ কমিউনিটি ডেভেলপমেন্ট ও এন-ই-এস ব্লকএর মধ্যে পড়ছে। এর মধ্যে গ্রামকে সম্পূর্ণভাবে গড়ে তোলবার পরিকল্পনা সরকার নিয়েছেন, যদিও কোন কোন জায়গায় এই পরিকল্পনার কাজ এখনো কার্যকরী হয় নি। এর মধ্যে এগ্রিকালচার, কৃষির উন্নতি করবার জন্য বীজ, সার ইমপ্লিমেন্ট দেবার ব্যবস্থাও আছে, এগুলি সম্পূর্ণ কার্যকরী হলে সেখানকার চেহারা সুন্দর হতে পারে; এবং তার মধ্যে কটেজ ইন্ডাস্ট্রি, ওয়াটার-সাপ্লাই, অ্যাডাল্ট এডুকেশন স্কীম ইত্যাদি যে স্কীমগুলি আছে তা যদি ঠিকভাবে সেখানে ইমপ্লিমেন্টেড হয় তা হ'লে সেখানকার চেহারা সম্পূর্ণ পরিবর্তন হয়ে যেতে পারে। এ ক্ষেত্রে আমি সরকারকে আরেকটি অনুরোধ জানাব যে, কমিউনিটি ডেভেলপমেন্টএর উদ্দেশ্য গ্রাম সম্পূর্ণ ও সমগ্রভাবে কার্যে রূপায়িত হচ্ছে না, কমিউনিটি ডেভেলপমেন্টএর উদ্দেশ্য যাতে সিদ্ধ হয় এবং জনসাধারণের মন যাতে সেই আদর্শে অনুপ্রাণিত হয় ও ভাবিত হয় এ সম্বন্ধে আমাদের দেখা দরকার আমি যেমন এখানে শুনলাম—একজন বলেছিলেন, ৪০ বৎসরের আগেকার গাড়ি যেমন শুধুমাত্র হেড লাইট পরিবর্তন করে দিলেই ১০০ মাইল বেগে চলতে পারে না, তেমনি, আমাদের শাসন কাঠামোর পুরাতন মনোভাব নিয়ে শুধুমাত্র নতুন আদর্শ গ্রহণ করলেই আমাদের কার্য উদ্ধার হবে না এবং তা যে পারছে না তা আমরা আজকে স্পষ্টভাবেই দেখতে পাই। এ সম্বন্ধে সরকার যাতে আরও সজাগ হন এবং প্রয়োজনীয় তদন্ত ক'রে যাতে কাজ এগিয়ে যেতে পারে তার জন্য চেষ্টা করতে আমি সরকারকে দাবি জানাচ্ছি। সর্বশেষে আমি একটা সংস্কৃত শ্লোকের কথা উল্লেখ করব—

> অনন্তপারং কিল শব্দশাস্ত্রং
> স্বল্পং তথায়ুর্বহবশ্চ বিঘ্নাঃ।
> সারং ততো গ্রাহ্যমপাস্য ফল্গু
> হংসৈঃ যথা ক্ষীরমিবাম্বুমধ্যাৎ॥

আমি সব কথা বলতে পারলাম না, অনেক কিছুই বাকী থেকে গেল।

**Mr. Speaker:** Just a minute. I want to draw your attention to one thing. There are four members yet from this side of the House to speak. There are thirty minutes to be allotted to these four members. So far one Congress member has spoken. The remaining thirty minutes shall go to them. Since the matter has been left to me, if I make an equal allotment, it comes to 7½ minutes for each speaker. I leave it to you and your good sense to regulate your speeches. So long as a new point is made, I will allow your speeches. So long no new point is being made, I will not allow it. I would ask Sj. Narayan Choubey to speak.

**Sj. Narayan Chobey:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বাজেটে আমি লক্ষ্য করছি যে, অন্যান্য খাতে যেগুলি আমাদের গরীব মানুষের প্রতি খাতে লাগে, যেমন হাসপাতাল কিংবা আমাদের যে মাছ দেওয়া হয় ইত্যাদি সমস্ত বিষয়ে কিছু কিছু খরচ কমান হয়েছে, কিন্তু পুলিস বাজেটে খরচ কিছুই কমানো হয় নি, বরং বাড়ানো হয়েছে। একজন মাননীয় সদস্য বল্লেন, আমাদের ঠেঙ্গাবার জন্যই পুলিস খাতে খরচ বাড়ানো হয়েছে। দশ বৎসর হ'ল আমাদের দেশ স্বাধীন হয়েছে, এই দশ বৎসর পরেও আমাদের ঠেঙ্গাবার জন্য পুলিস খাতে খরচ বাড়াতে হ'ল এটাই আশ্চর্য। এবং আমাদেরও তার জন্য পুলিস খাতে বেশি করে টাকা দিতে হচ্ছে। পূর্বে আমাদের দেশকে পরাধীন করে রাখবার জন্য পুলিস ব্যবহৃত হ'ত, এখন আমাদের দেশ স্বাধীনতা পাওয়া সত্ত্বেও আমাদের এই কংগ্রেস গভর্নমেন্টএ পুঁজিপতিদের স্বার্থ রক্ষা করবার জন্য পুলিস ব্যবহৃত হচ্ছে। আমি তার উদাহরণ দেব। আজকে সমস্ত কাগজেই

দেখতে পাচ্ছি যেখানে সমাজবিরোধী কার্যকলাপ অনুষ্ঠিত হয়, সেখানেও পুলিস চুপচাপ থাকে। যদি কোন সাধারণ লোকের বাড়িতে চুরি-ডাকাতি হয় পুলিস সেখানে যায় না, এমন কি কোনরকম খবরদারী পর্যন্ত করে না।

[6-35—6-45 p.m.]

আজকে আমার প্রশ্ন করতে ইচ্ছা করছে—১৯৫৬ সালের শেষ দিকে, ইলেকশনের কিছু আগে—কলকাতার বুকে প্রায় সাড়ে তিনশো ইললিগ্যাল টেলিফোন বেরুল। তা নিয়ে কত হৈচৈ হ'ল সংবাদপত্রে। এই টেলিফোন এক্সচেঞ্জের ব্যাপার নিয়ে কেস হ'ল, শেষ পর্যন্ত কেস ধামা চাপা পড়ল, কোথাকার কেস কোথায় গেল, তার খবর আমাদের কাছে নাই। আমরা জানি—খবরের কাগজেও বেরিয়েছিল—খড়্গপুর ইয়ার্ডে ১৯৫৭ সালের জুলাই মাসের ১১ ও ২৭ তারিখে ১৪০টি টিন চুরি হয়ে গেল। তার প্রত্যেকটির দাম ছিল পাঁচশো টাকা করে। ওয়াগন নং সি,আর, ৬০১৬, সেগুলো বোম্বে থেকে শালিমার আসছিল। আর খড়্গপুর ইয়ার্ড থেকে সেগুলি চুরি হয়ে গেল এবং এই চুরির পেছনে পুলিস কর্তৃপক্ষের মতে বড় বড় হোমরা-চোমড়া আছেন। বিষ্ণুপুরের বিখ্যাত কংগ্রেস ব্যক্তির ঘরে মিত্রা বাসে করে সেগুলো পৌঁছে গেল, তারপর কি হ'ল তা কেউ জানে না। এবং এও আমরা শুনেছি যে খড়্গপুরের ডি-আই মিঃ মুখার্জি ওর সঙ্গে জড়িত ছিল। শুনছি বর্ধমান জেলার কুলটি থানার নিখোলি গ্রামে তাঁর একটা নতুন বাড়ি উঠছে। আমরা দেখেছি খড়্গপুরের ওয়ার্কশপ থেকে কলাইকুণ্ডা এরোড্রামের জন্য আমাদের ইন্ডিয়া গভর্নমেন্ট মাল তৈরি করবার জন্য ডুগার অ্যান্ড কোম্পানিকে কনট্রাক্ট দিয়েছিলেন—স্টিল হিনড্রেন্সএর কনট্রাক্ট। রেলওয়ে অফিসারদের সঙ্গে সংযোগ রেখে সেই ওয়ার্কশপ থেকে ৬ মাস ধরে চুরি করে নিয়ে যাচ্ছে। গত ২২-৯-৫৭ তারিখে পুলিস এনকোয়ারী করেছে, সার্চ করেছে। তারপর মাটির তলে যে মাল পাওয়া গেছে, তার জন্য বড় বড় মক্কেলদের কাউকে অ্যারেস্ট করা হয় নাই। দুটি মামলা আরম্ভ করা হয়েছে। আর কিছু নয়। বরং মিডনাপোর ডিস্ট্রিক্ট পুলিস যে কাজগুলি করছিল, আমাদের আই-বি পুলিস সেখানে গিয়ে সেটা নিয়ে এলেন সি-আই-ডির হাতে। তাঁরা বলেছিলেন পুলিস এর সঙ্গে যুক্ত আছেন। তবু তাদের বিরুদ্ধে কোন স্টেপ নেওয়া হয় নাই। বরং দেখেছি যে শ্রমিক কর্মচারী খবর দিয়েছিল, তাদের ধরিয়ে দিয়ে তাদের নামে বে-আইনী চার্জসীট দেওয়া হচ্ছে। এম, এল, সরকার ও এস, পি, সনাতন চার্জশীট পেয়েছে এবং আশা করা যাচ্ছে আরও অনেকে পাবেন।

আপনারা হিজলীর নাম অনেকে শুনেছেন, চার বছর আগে হিজলীতে ওয়াবেনের ষড়যন্ত্রে ৯০ হাজার টাকা চুরি হয়ে গিয়েছিল। তখন এনকোয়ারীর জন্য পশ্চিম বাংলার পুলিসকে খবর দেওয়া হ'ল। কিন্তু সেই টাকা আদায়ের কোন চেষ্টা হয় নাই, কোন এনকোয়ারী হয় নাই, এমন কি পুলিস কোন কেসও করে নাই। আজ পর্যন্ত হিজলীর ছাত্ররা সেই ৯০ হাজার টাকা পূরণের জন্য প্রতি মাসে তারা দু' টাকা করে দিয়ে যাচ্ছে। পুলিস এ সম্বন্ধে চুপচাপ আছে, কিছু করছে না। এই তো গেল পুলিসের চোর বাটপাড় বড় বড় মক্কেলদের সম্বন্ধে মনোভাব। আসলে দেখুন এই পুলিস কি কি বে-আইনী কাজ করেছে। আমাদের শ্রমমন্ত্রী হয়ত জানেন দার্জিলিং জেলার একজন চা-শ্রমিকের চাকরী গেলে সেই শ্রমিকের সমস্ত ফ্যামিলীকে চা-বাগান থেকে বের করে দেওয়া হয়। আজ পর্যন্ত দার্জিলিংএ হাট্টাবাহার চলছে এবং সেই হাট্টাবাহারে সাহায্য করবার জন্য কালীপদবাবুর পুলিস সেখানে যাচ্ছে এবং পুলিস সেখানে ঘর থেকে তাদের বের করে দিচ্ছে। এই হচ্ছে তাদের শ্রমিক সমঝোতার কাজ। আপনারা জানেন পুলিস এনকোয়ারীর রিপোর্টে বহু লোকের চাকরী যাচ্ছে, বহু লোককে অযথা হয়রানী করা হচ্ছে। আপনারা এও জানেন এই পুলিস এনকোয়ারীর জন্য অনেক বাঙ্গালী ছেলের চাকরী হচ্ছে না, তারা চাকরী পাচ্ছে না। এও আপনাদের জানা আছে পুলিস অপারগ নয়, কোন গণতান্ত্রিক আন্দোলন হলে তার সমস্ত খবরাখবর রাখে। শুধু খবর রাখে তা নয়, কোন গণতান্ত্রিক আন্দোলন হলে পর সঙ্গে সঙ্গে পুলিস সেখানে গিয়ে খবর নেয়—তোমার বাড়িতে অমুক লোক কেন এসেছিল? ইতিমধ্যে আপনারা জানেন দুধকুণ্ডার ক্যাম্পেতে রিফিউজিরা মুভমেন্ট করছে। সেই ক্যাম্প

রিফিউজিদের নেতা সুকুমার ঘোষ তার আত্মীয়ের সঙ্গে দেখা করতে গিয়েছিল। পরদিন পুলিস গিয়ে বলছে—তোমার ঘরে অমুক কেন এসেছিল? এইরকম ঘটনা ঘটছে। কিন্তু ওয়াগনএর মাল পাচার হয়ে যায়, পুলিস তার খোঁজ নিতে পারে না। গ্রামে গ্রামে জমিদার, জোতদার কৃষকের ঘর পুড়িয়ে দেয়; পুলিসের কাছে গেলে ডায়েরী তাঁরা নেন ঠিক, কিন্তু তার কোন এনকোয়ারী হয় না। ৬।২।৫৭ তারিখে খড়্গপুর থানার (লোক্যাল) আঙ্গুলপুর গ্রামের এনায়েতুল্লার বাড়ি জোতদার বাহাদুর খা পুড়িয়ে দিয়েছে। ডায়েরীও করেছে। কিন্তু যতক্ষণ না কৃষক সমিতির লোকেরা গিয়ে হল্লা করেছে, তার আগে আর পুলিস সেখানে যায় নি। এ ছাড়া আপনি জানেন বস্তীতে জুলুম চলেছে—সুদখোরের জুলুম, ক্যাম্প জুলুম, চোরের জুলুম। সমস্ত বস্তীতে, সে খড়্গপুরেই যান, বা আসানসোলেই যান, বা জগদ্দলে যান—সর্বত্রই দেখবেন সুদখোরের জন্য সকলে অস্থির। খড়্গপুরে আমি একটা ঘটনা জানি—গঙ্গাকুয়োর একজন রেলওয়ে শ্রমিক, দেড় বছর পর্যন্ত তার ঘর ছেড়ে রেলওয়ে ইয়ার্ডে বাস করছে। আর একজন রেলওয়ে শ্রমিক, বালেশ্বর সিং—সার্ভিস কন্ডাক্ট রুলস ফাঁকি দিয়ে সুদখোরের মারের ভয়ে তার ঘর ছেড়ে বাইরে বাস করছে। এজন্য পুলিসের কাছে যাওয়া হয়েছে। তাঁরা আশ্বাস দিয়েছেন তাঁরা কিছু বি,এল, কেস করবেন বলে ভাবছেন। এর আগেও তাঁরা এইরকম ভেবেছিলেন, গিয়ে কিছু লাভ হয় নাই। ১৯৫২-৫৩ সালে খড়্গপুরের একজন বিখ্যাত গুন্ডার বিরুদ্ধে বি,এল, কেস করবার কথা ছিল। এস-পি বলেছিলেন—বি,এল, কেস করে একে খড়্গপুর থেকে বের করে দেওয়া হোক। কিন্তু তখনকার একজন কংগ্রেস নেতা—যিনি তখন পুলিসমন্ত্রী ছিলেন না, শ্রমমন্ত্রী ছিলেন—সেই কালীপদবাবু তাকে ইন্টারভেন করেন। ফলে আজও সে সেখানে বর্তমান। তার তিন-চারটি বাড়ি হয়েছে। আর আমরা যে তিমিরে সেই তিমিরেই থাকব। পুলিস হয়ত বি,এল, কেস করবেন। মন্ত্রিরা বলবেন—ও কংগ্রেসের লোক, তোমরা ওর বিরুদ্ধে বি,এল, কেস কোর না। কাজেই কেস করলেও শেষপর্যন্ত টিঁকবে না।

এঁরা আইন-শৃংখলার কথা বার বার বলেছেন—সবাই বেশ সুখে আছেন, খাসা আছেন। কিন্তু আমি বলতে চাই, আপনাদের পলিসিটা না বদলালে বাংলায় আইন ও শৃংখলা আসবে না।

**Sj. Gurupada Khan:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আগামী বৎসরের বাজেট সম্বন্ধে আলোচনা করতে গিয়ে উভয় পক্ষের বক্তারা যে সমস্ত কথা বলেছেন তা আমরা ধৈর্য সহকারে শুনেছি। আমাদের দেশে যে সরকার যে আদর্শে আমাদের দেশকে এগিয়ে নিয়ে চলেছেন, তাতে ঠিকমত কাজ চলছে না এইরকম মন্তব্য করেছেন অনেকে। কিন্তু অভাব-অনটন, অন্যান্য দুঃখকষ্ট এবং দুর্ঘটনার মধ্য দিয়ে বলিষ্ঠ আদর্শ নিয়ে আমাদের দেশের সরকার যে আমাদের দেশকে এগিয়ে নিয়ে চলেছেন, সে বিষয়ে কোন সন্দেহ নাই। আমরা পৃথিবীর অন্যান্য দেশের সঙ্গে যদি এটা তুলনা করি, তা হলে তা উপলব্ধি করতে পারব। আমাদের বন্ধু-দেশ পৃথিবীর মধ্যে যাঁরা আছেন, স্বাধীনতার প্রথম দশ বছরের মধ্যে তাঁরা নিজেদের কতটা গড়ে তুলতে পেরেছিলেন এবং আমরাই বা কতটা গড়ে তুলতে পেরেছি বিভিন্ন দুর্ঘটনার মধ্যে, এটা যদি আমরা পর্যালোচনা করি, তা হলে দেখতে পাব আমাদের দেশ একটা বলিষ্ঠ আদর্শ নিয়ে ঠিক পথে এগোচ্ছে এবং সঠিকভাবে চলেছে। কোন বিদেশী পর্যটকের কোন কথা আমি বলতে চাচ্ছি না। আমাদের দেশে যাঁরা সরকারের আদর্শের সমালোচনা করেন তাঁদের কথা যদি কিছু কিছু তুলে ধরি, তা হলে দেখব তাঁরা অবশ্য স্বীকার করেছেন আমাদের ভারতবর্ষ এগিয়েছে অনেক দিক দিয়ে।

[6-45—6-55 p.m.]

ভারতের কমিউনিস্ট পার্টির চতুর্থ কংগ্রেসে গৃহীত রাজনীতিক প্রস্তাবে—যে "শান্তি ও স্বাধীনতার পতাকাবাহী স্বাধীন সার্বভৌম প্রজাতন্ত্র হিসাবে ভারতের এই অভ্যুদয় বর্তমান বিশ্ব পরিস্থিতিতে অন্যতম গুরুত্বপূর্ণ ঘটনা"। সেই ভারতে এই কয় বৎসরে "প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনায় যেসব সেচ প্রকল্প সম্পন্ন হয়েছে, সেই সব প্রকল্প এবং সেই সঙ্গের সিন্ধ্রি

কারখানা কৃষি উৎপাদনকে সাহায্য করেছে" (উক্ত রাজনীতিক বিবৃতির ৫ পৃষ্ঠা দ্রষ্টব্য)। এতেই প্রমাণ হয়--তাদের স্বীকৃতির দ্বারাই--যে দেশে বিভিন্নমুখী উন্নতি হয়েছে এবং বিভিন্নতর উন্নতির রুদ্ধ উৎসকে মুক্ত করা হয়েছে।

আমাদের অঞ্চল, বাঁকুড়া জেলার উত্তর-পূর্বাংশে কয়েক বৎসরই অনাবৃষ্টি হেতু উৎপাদন দুঃখজনকভাবে হ্রাস পেয়েছিল। দামোদর উপত্যকা পরিকল্পনায় দুর্গাপুর বাঁধ হতে দক্ষিণ-দিকস্থ ক্যানেলে এ বছর যে অঞ্চলে জল দেওয়া সম্ভব হয়েছে, সেই অঞ্চলে আমি নিজেও দেখেছি এবং বৃদ্ধ চাষীদের মুখে শুনেছি, সেই অঞ্চলে বহুদিন ঐরূপ উৎপাদন হয় নি।

**Sj. Hemanta Kumar Ghosal:**
স্যার, কি সব উনি বলছেন!

(**A Voice from the Congress Bench:**
শুনে যান, বাস্তব সত্যই বলছেন।)

এটা সম্ভব হয়েছে দামোদর উপত্যকার সার্থক রূপায়ণের পথে সঠিকভাবে অগ্রগমনের ফলেই। স্বাধীনতালাভের ১০ বৎসর মধ্যে বহুমুখী প্রচেষ্টা ও পরিকল্পনার ফলে আমাদের দেশ ক্রমোন্নতির পথে এগিয়ে চলেছে এতে সন্দেহের অবকাশ নাই। আমাদের বিরাট সমস্যা আছে, বহু দুঃখকষ্ট আছে এটা অবশ্য স্বীকার্য; কিন্তু বিভিন্ন জটিল সমস্যা, অভাব, অনটনের মধ্যেও আমাদের দেশে গঠনকার্য যে সার্থক ও কল্যাণকর পথে এগিয়ে চলেছে সেটা যেকোন দেশের তুলনায় মোটেই কম নয়। যখন আমরা শুনি ৪০ বৎসর একাদিক্রমে রাজত্বের পর "জনসাধারণের জীবনযাত্রার মান আরও উন্নত করবার জন্য কেন্দ্রীয় কমিটি গত কয়েক বৎসরে অনেকগুলি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন কিন্তু এ সত্ত্বেও অনেক প্রয়োজনীয় খাদ্যদ্রব্যাদি ও শিল্পজাত সামগ্রীর উৎপাদন ক্রমবর্ধমান চাহিদার অনুপাতে পিছনে পড়িয়া আছে।" এটা আমি উদ্ধৃত করছি সোভিয়েট ইউনিয়নএর কমিউনিস্ট পার্টির বিংশ কংগ্রেসে মিঃ ক্রুশ্চেভের বক্তৃতা থেকে। এই অবস্থায় মাত্র ১০ বৎসর সময়ের মধ্যে কংগ্রেস সরকার যেসব ছোট বড় পরিকল্পনা ও প্রচেষ্টার ফলে দেশকে উন্নততর করে তুলেছেন সেটা প্রশংসার যোগ্য, অকিঞ্চিৎকর বলা যেতে পারে না।

**Sj. Basanta Kumar Panda:**
মাননীয় অধ্যক্ষ মহাশয়, যেভাবে ট্যাক্সেশন দেশের মধ্যে চলেছে, সমাজনীতি যেভাবে চলেছে তাতে ঘাটতি বাজেট ছাড়া কোন উপায় নেই। কিন্তু যে অসহায় অবস্থায় তিনি আমাদের কাছে বলছেন যে কেন্দ্রের কাছ থেকে আমরা প্রকৃত টাকা পেলাম না আমি সে বিষয়ে তাঁর সংগে একমত হতে পারছি না। দিল্লীর উপর তাঁর প্রভাব আছে বলে আমি বিশ্বাস করি এবং তিনি যদি এ বিষয়ে আমাদের সহযোগিতা চান তা হলে বিরোধীপক্ষরা তাঁকে সহযোগিতা করতে প্রস্তুত। অর্থাৎ বাংলাদেশ থেকে প্রচুর পরিমাণে ইনকাম ট্যাক্স, এস্টেট ডিউটি এবং এক্সেস প্রফিট ট্যাক্সের টাকা এখান থেকে চলে যাচ্ছে। এ বিষয়ে তিনি দিল্লীর উপর কি পরিমাণ চাপ দিয়েছেন তা আমরা জানি না। কিন্তু আমরা এটুকু জানি যে দিল্লীর বর্তমান অবস্থা যা তাতে প্রদেশ থেকে যদি প্রচুর চাপ দেওয়া যায় তা হলে দিল্লী থেকে টাকা বের করা খুব কষ্টের কথা নয়। কদিন আগে দেখতে পেলাম যে হিন্দীভাষা প্রশ্নের ব্যাপারে রাজাগোপালাচারী থেকে আরম্ভ করে দক্ষিণের তিনটি প্রদেশ যেভাবে প্রচণ্ড চাপ দিল্লীর উপর দিয়েছে তাতে দিল্লী মাথা নত করতে বাধ্য হয়েছে। আজকে পশ্চিমবাংলা এবং পূর্বপাঞ্জাব পার্টিশনের ফলে যে পরিমাণ ক্ষতিগ্রস্ত হয়েছে, যে পরিমাণ আর্থিক ধ্বংসস্তূপে পরিণত হয়েছে তাতে আজকে দিল্লীর উচিত বা সেন্টারের উচিত আমাদের এখানে যা কিছু আবশ্যক সমস্ত বদান্যভাবে দেওয়া। আমাদের যে পরিমাণ টাকা দেওয়া হচ্ছে তার উপর এত সুদ নেওয়া উচিত নয়। তার উপর আমি এই বাজেট সম্বন্ধে বলব যে আমাদের কর নীতিও অত্যন্ত দায়ী। আমরা মুখে বলছি যে আমরা সোস্যালিস্টিক প্যাটার্ন অব সোসাইটি করছি, এবং সেটা প্ল্যান করে চলেছি এবং আজ প্ল্যানের সপ্তম বছরে এসে পড়েছি, কিন্তু যখন কোন দেশে প্ল্যান হয় তখন তার কর নীতিকেও প্ল্যানের সংগে খাপ খাইয়ে নিয়ে যেতে হয়। দিল্লীতে কয়েকটা কর নীতি

সেইভাবে হয়েছে। কর নীতি সোস্যালিস্টিক প্যাটার্ন অব সোসাইটিতে এবং প্ল্যানিং থাকাকালীন অন্ততঃ এইভাবে হওয়া উচিত যাতে যেখান থেকে বেশি টাকা পাওয়া যেতে পারে সেখানেই করের চাপ বেশি হবে এবং যেখান থেকে কম টাকা পাওয়া যাবে সেখানে করের চাপ কম হবে। কিন্তু এই নীতি বাংলাদেশে অনুষ্ঠিত হচ্ছে না। দিল্লীতে প্ল্যানের সময় থেকে এবং প্ল্যানের কিছু আগে থেকে কতকগুলি কর নীতি যা হয়েছে তাতে করের ক্রমবর্ধমান হার করা হয়েছে যে ইনকাম যত বেশি হচ্ছে করও সেই পরিমাণ বেশি হচ্ছে। এইভাবে সেন্টার থেকে কতকগুলি ট্যাক্স হয়েছে, যেমন—ইনকাম ট্যাক্স, এক্সেস প্রফিট ট্যাক্স, এস্টেট ডিউটি, ওয়েলথ্ ট্যাক্স। কিন্তু বাংলাদেশে ১০ বছর কংগ্রেস গভর্নমেন্ট চলা সত্ত্বেও একমাত্র ১৯৪৪ সালে এগ্রিকালচারেল ইনকাম ট্যাক্স ছাড়া আজ পর্যন্ত এমন কোন আইন করা হয় নি যাতে ক্রমবর্ধমান আয়ের উপর ক্রমবর্ধমান ট্যাক্স হবে। আজকে বেঙ্গল টেনান্সি অ্যাক্ট এখনও পর্যন্ত রিপিল করা হ'ল না। ল্যান্ড রিফর্মস অ্যাক্টে এই ব্যবস্থা রয়েছে যে একটা লোকের যত জমি বাড়বে জমির খাজনাও তার সেই পরিমাণ বাড়বে, কিন্তু কয়েক বছর চলে যাবার পরেও সেই আইন প্রয়োগ করার সময় হ'ল না। এ ছাড়া অন্য যে সমস্ত আইন রয়েছে তার মধ্যে ক্রমবর্ধমান আয়ের উপর ক্রমবর্ধমান ট্যাক্স নেই। অর্থাৎ বাংলাদেশের কয়েকটি আইন যেমন—সেলস ট্যাক্স, এক্সাইজ ট্যাক্স, কাস্টমসটা অবশ্য দিল্লীর ব্যাপার। এই সমস্ত ট্যাক্সের অবস্থা এই যে, যে পরিমাণ আয় হবে বা যে পরিমাণ বিক্রি হবে সেই পরিমাণ ট্যাক্স হবে। এইরকম ট্যাক্স কখনও সোস্যালিস্টিক প্যাটার্ন অব দি সোসাইটিতে খাপ খায় না। আবার কতকগুলি আইনের কথা বলব যাতে ভ্যালুয়েশন যখন বাড়বে তখন ট্যাক্স কম হয়ে যাচ্ছে—যেমন কোর্ট ফিজ অ্যাক্টএর কথা বলা চলে। দিনের পর দিন যত সুটের ভ্যালুয়েশন বেড়ে যাচ্ছে কোর্ট ফির পরিমাণ তত কমে যাচ্ছে। আবার স্ট্যাম্প অ্যাক্ট যাতে শুধু যে পরিমাণ ভ্যালুয়েশন সেই পরিমাণ ট্যাক্স হচ্ছে এবং তাতে কিছুই পরিবর্তন হচ্ছে না। অর্থাৎ যত ভ্যালুয়েশন বাড়বে তাতে ট্যাক্সটা কমে যাবে। সেজন্য আমি বলব যে এই বাজেটের যদি সমতা আনতে হয় তা হ'লে বাংলাদেশে এখনও অনেক জায়গা আছে যেখানে নূতন ট্যাক্স করা যেতে পারে এবং অনেক জায়গা আছে যেখান থেকে ট্যাক্স উঠিয়ে দেওয়া যেতে পারে। সেইভাবে আমি বলছি যে, ইন্ডিয়ান ইনকাম ট্যাক্স অনুসারে যেমন এগ্রিকালচারেল ইনকাম ট্যাক্স করেছেন সেইরকম এগ্রিকালচারেল এস্টেট ডিউটি আপনারা স্থাপন করতে পারেন। আমি গতবারে বলেছি এবং এবারেও বলছি যে আমাদের ওয়েস্ট বেঙ্গল এস্টেটস্ অ্যাকুইজিশন অ্যাক্টএর কিছু কিছু ডেফিনিশনএর ধারা পরিবর্তন করে কলকাতার মধ্যে সেটা যদি প্রয়োগ করেন তা হ'লে বাংলা গভর্নমেন্টের আয় অনেক বেড়ে যাবে। ধনীর বহু মূল্যবান সম্পত্তি, অবাঙ্গালীর বহু মূল্যবান সম্পত্তি বাংলাদেশের হাতে আসবে এবং তা থেকে বহু টাকা সরকারের হাতে আসবে। এর জন্য কালেকশন খরচা কম এবং তাদের যে পরিমাণ কম্পেনসেশন দিতে হবে সেটা ঐ আইনেই বিধান রয়েছে যে খুব বেশি হয় তা হ'লেও ৩ গুণের বেশি তো পাবে না—অর্থাৎ ঊর্ধ্ব সংখ্যা ২০ গুণ থেকে আয়ের উপর নিম্ন সংখ্যা ৩ গুণ পর্যন্ত টাকা পাবে। কিন্তু আজ পর্যন্ত সেটা কেন কলকাতার মধ্যে আনা হচ্ছে না সেটা আমি বুঝতে পারছি না। অতএব বলতে পারি যে ধনিকদের রক্ষা করবার জন্য এই আইনটাকে কলকাতার মধ্যে আনা হচ্ছে না। আমি বুঝতে পারি যে আমাদের কনস্টিটিউশনের আর্টিকেল ৭ সিডিউল থেকে স্টেটের যে ক্ষমতা আছে লিস্ট ২ এবং সেন্টারের ক্ষমতা আছে লিস্ট ৩এ তাতে আমরা কলকাতার সম্পত্তি অ্যাকোয়ার করতে পারি।

[6-55—7-5 p.m.]

আমি একথাও বলছি যে আমাদের ঐ আইনের জন্য প্রেসিডেন্টের সম্মতিও আমরা পেয়ে গেছি। সুতরাং কনকারেন্ট লিস্ট একটা রয়েছে সেই অনুসারে কলকাতার সম্পত্তি আমরা অনায়াসে নিতে পারি এবং তাতে প্রদেশের আয় বাড়া ছাড়া আর কিছু হবে না। তারপর আর একটা জিনিস, ধনিককুলের উপর আর একটা জিনিস থেকে ট্যাক্স বাদ পড়ে যাচ্ছে। কলকাতা হাইকোর্টে আদিম বিভাগে কোর্ট ফি অ্যাক্ট নেই, ফলে বহু মূল্যবান সম্পত্তির মামলা লোকে করে নিয়ে যাচ্ছে নামমাত্র কোর্ট ফি দিয়ে। সমস্ত মামলার উপর মাত্র ২২৷৷ কোর্ট ফি দিয়ে তারা কেস করে নিয়ে চলে যাচ্ছে, অনেক স্পেকুলেটিভ মামলাও করে নিয়ে যাচ্ছে। আমার

মনে হয় কোর্ট ফি অ্যাক্ট যদি অরিজিন্যাল সাইডের উপর যায় এবং যেটা এই হাউসের করার ক্ষমতা রয়েছে তা হ'লে অন্ততঃ ১ কোটি টাকা বাংলাদেশের মধ্যে আসতে পারে। তারপর আমি বলছি যে ব্যয়ের ব্যাপারে কতকগুলি ডিপার্টমেন্ট ওভারল্যাপ করছে যেগুলো রাখার কোন আবশ্যক নেই। আজকে বাংলাদেশে কোন ডিস্ট্রিক্ট বোর্ড রাখার আবশ্যক নেই। কারণ তার কাজটা স্কুল বোর্ড, হেলথ্ ডিপার্টমেন্ট এবং এন-ই-এস ব্লক কভার করে নিয়েছে। আজ বিভাগীয় কমিশনারদের পোস্টগুলো রাখার কোন আবশ্যকতা নেই, কেননা সেগুলো প্রায় শেষ হয়ে আসছে। তারপর একটা নীতি সম্বন্ধে বলছি এবং যেটা হচ্ছে ব্যয়ের নীতি। অর্থাৎ যেকোন কর্মচারী রিটায়ার করবার পর তাদের বার্ধক্য বয়সে পুনর্নিয়োগ করা হচ্ছে। আমি বলছি যে লোকের স্বাস্থ্যের অবস্থা এমন হয়েছে যে শুধু এডুকেশন ডিপার্টমেন্ট এবং জুডিসিয়াল ডিপার্টমেন্ট ছাড়া এখনই সমস্ত সরকারী কর্মচারীর এজ অব রিটায়ারমেন্ট ৫৮ বছর করা হোক। তবে যারা এডুকেশন ডিপার্টমেন্ট বা জুডিসিয়াল ডিপার্টমেন্টএ রয়েছেন তাঁদের বেলায় ৬০ বছর করা হোক। কিন্তু একটা কথা যে রিটায়ারমেন্টএর পর পুনর্নিয়োগ যেন কখনও করতে দেওয়া হয় না। এটা যদি না করা হয় তা হ'লে ফলে হচ্ছে কি না অতি বৃদ্ধ লোকরা কাজের মধ্যে আসছেন এবং দেশের মধ্যে বেকার সমস্যা বেড়ে যাচ্ছে ও যুবকরা কাজ করতে পারছেন না। আর একটা কথা হচ্ছে যে আমাদের এস্টেটস্ অ্যাকুইজিশন অ্যাক্ট ৪ বছর হতে চলল এবং এই আইনের মধ্যে ব্যবস্থা ছিল ভেস্টিংএর ৩ বছরের মধ্যে কম্পেনসেশন অ্যাসেসমেন্ট রোল তৈরি হবে। কিন্তু আজ পর্যন্ত সে সমস্ত কিছু হয় নি। আমি বড় বড় ইন্টারমিডিয়ারীর কথা বলছি না, অনেক মধ্যবিত্ত ইন্টারমিডিয়ারী রয়েছেন যাদের ঐ জমি থেকে আয়ের উপর একমাত্র জীবিকা ছিল। কিন্তু তারা আজকে সরকার থেকে টাকা পাচ্ছেন না বা তাদের জন্য অন্য কোন অল্টারনেটিভ ব্যবস্থা করা হচ্ছে না বা তাদের অন্য একটা কাজে লাগিয়ে দেবার কোন চেষ্টাই হচ্ছে না। তারপর অনেক এন-ই-এস ব্লক তৈরি করে দাবী করা হচ্ছে যে তার দ্বারা দেশের অনেক কাজ করা হচ্ছে। আমি বলছি যে আগে যখন জমিদারী প্রথা ছিল তখন জমিদাররা বাঁধ, ছোট ছোট সেচ ইত্যাদি কাজগুলো তারা যা খাজনা পেত তাই দিয়েই করত। কিন্তু আজ এন-ই-এস ব্লক থেকে জনসাধারণকে কেন বলা হচ্ছে যে তোমাদের সিকি টাকা না দিলে তোমাদের এখানে কাজ হবে না এবং কোথাও বলা হচ্ছে যে অর্ধেক টাকা না দিলে এখানে কোন কাজ হবে না। এবার স্কুল বোর্ড সম্বন্ধে বলব। স্কুল বোর্ডগুলির অবস্থা অত্যন্ত শোচনীয় হয়ে পড়েছে। সেখানে আগে লোক্যাল কমিটির ক্ষমতা ছিল প্রাথমিক শিক্ষকদের উপর কর্তৃত্ব করা, কিন্তু আজ আর সে ক্ষমতা নেই। প্রাথমিক শিক্ষা আজ ধ্বংস হতে চলেছে এবং দলীয় স্বার্থে প্রাথমিক শিক্ষকদের গত ইলেকশনের সময় রাজনীতিতে লাগানো হয়েছিল। আমি এমনও জানতে পেরেছি যে আগামী পঞ্চায়েত বোর্ডের জন্য যে সমস্ত ইলেকশন হবে তাতে প্রাথমিক শিক্ষকদের ঐ কাজে লাগানো হবে। আজ স্কুল বোর্ডের কর্তারা প্রাথমিক শিক্ষকদের যদি ঐভাবে অন্য কাজে লাগান তা হ'লে তাদের দ্বারা কি আর কখনও কোন কাজ হবে। তারা স্থানীয় লোকের কোন কথা এ বিষয়ে শোনে না। তারপর ১৯৩০ সালের যে রুরাল এডুকেশন্যাল অ্যাক্টএ যে সমস্ত ব্যবস্থা রয়েছে তার ফলে স্কুল বোর্ডের উচিত হবে এবং স্কুল বোর্ডের দায়িত্ব হচ্ছে এই যে প্রাইমারী স্কুলের বিল্ডিং তৈরির টাকা, তার ফার্নিচারের টাকা ইত্যাদি তাদের দিতে হবে। কিন্তু কোথাও এই সব টাকা দেওয়া হচ্ছে বলে আমি রিপোর্ট পাই নি। এই সমস্ত স্কুল বোর্ডের লোকেদের দলীয় কাজে লাগানো হয়েছে। টেস্ট রিলিফএ যে কাজ হয় সেটা আমি ভালো বলে মনে করি। কিন্তু বর্তমানে দেশের যা অবস্থা তাতে টেস্ট রিলিফ দল বিশেষের হাতে পড়ে, তাদের স্বগোষ্ঠি এবং তাদের স্তাবকদের এর দ্বারা রক্ষা করার একটা ব্যবস্থা করা হয়েছে। টেস্ট রিলিফ করা উচিত, কিন্তু টেস্ট রিলিফএ সরকারী কর্মচারী কর্তৃত্ব করবেন। টাকা ব্যয়ের এবং সমস্ত প্ল্যান করবার ব্যাপার ইত্যাদি ঐসমস্ত লোকের হাতে থাকবে।

**Sj. Chaitan Majhi:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী আমাদের কাছে যে বাজেট উপস্থিত করেছেন সেই বাজেট আজ দেশের জনগণের বাজেট হয় নি। শাসনযন্ত্রের দ্বারা অন্যায় শোষণ ও উপদ্রবকে চালাবার জন্যই আজ এই বাজেট অনুমোদন করতে হবে। কারণ আমরা তো দেখছি গরীব জনগণের যে টাকা সরকারের হাতে আমরা দিচ্ছি তা কেবল দেশের বরবাদ বাড়াবার জন্যই লওয়া

হচ্ছে। বনবিভাগের জন্য টাকা চাইছেন, কিন্তু আপনারা পুরুলিয়া জেলায় দেখুন যে, সেখানে সরকারী ব্যবস্থায় রেখে জঙ্গল ক্রমশই বরবাদ হয়ে যাচ্ছে। পুরুলিয়া জেলার এই জঙ্গল আদিবাসীদের এক মস্ত বড় ভরসা। আদিবাসীরা চিরকাল এই জঙ্গলের কাঠ, পাতা, ফল-মূলের দ্বারা জীবিকা নির্বাহ করত। আজ সমস্ত পুরুলিয়া জেলায় এই জঙ্গল উজাড় হয়ে গেছে। আমার অঞ্চলে যে রাকাব জঙ্গলে বাঘ বাস করত আজ সেখানে মশা বাস করার মতও ঝোপ নেই। জঙ্গলের এই দুরবস্থা হয়েছে সরকারী কর্মচারীদের জন্যই। তারা দুর্নীতির সঙ্গে জড়িত হয়ে জঙ্গল যে বরবাদ করছে আমরা এর শত শত প্রমাণ দিতে তৈরি আছি। এর উপর আবার সরকারী অব্যবস্থায় লোকে কাঠ পাতা পাচ্ছে না। অথচ এইরকম জঙ্গল ব্যবস্থার জন্যই সরকার আবার টাকা চাইছেন।

সরকার রাস্তাঘাটের জন্য আবার টাকা চাইছেন। আমাদের জেলায় কতকগুলি থানায় সারা বছর যাতায়াতের রাস্তাই থাকে না। যেমন—বাগমুণ্ডী, আড়ষা, জামতেড়িয়া ইত্যাদি। এই নিতান্ত জরুরী রাস্তার জন্য সরকার কোন ব্যবস্থা এ পর্যন্ত করেন নি। সরকারের হাতে টাকা দেওয়া হয়েছিল তবু এত জরুরী রাস্তাই সরকার করতে পারেন নি।

মানভূম অনুর্বর জায়গা—চাষ ভাল হয় না। সেজন্য কৃষির উন্নতির সঙ্গে শিল্পের উন্নতি করা বিশেষ দরকার অথচ পুরুলিয়ায় কুটিরশিল্পের কোন উন্নতি করা হ'ল না। কার্পাস চাষের জন্য পুরুলিয়ার মাটি উপযুক্ত। কিন্তু এসবের কোন ব্যবস্থাই হয় নি। সেজন্য আমি সংশোধনী প্রস্তাব সমর্থন করছি।

[7-5—7-15 p.m.]

**Sj. Shib Das Chatak:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী অর্থমন্ত্রীরূপে যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করতে উঠে আমি দু'-চারটা কথা সরকারের কাছে নিবেদন করব।

সর্বাগ্রে রাজ্যের বিভিন্ন রকমের শিক্ষাউন্নয়নমূলক কার্যের জন্য সরকারের শিক্ষা বিভাগকে আমার আন্তরিক অভিনন্দন জানাই। এই রাজ্যে, স্বাধীনতা পাবার পর থেকে অদ্যাবধি বিভিন্ন কারিগরী শিক্ষা, বহুমুখী বিদ্যালয় যাকে আমরা বলি মালটি পারপাস স্কুল, গ্রামাঞ্চলে বুনিয়াদী শিক্ষার স্কুল ও গ্রামে গ্রামে প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠা করায় গ্রামবাসীদের মধ্যে আশার সঞ্চার হয়েছে এবং এইসমস্ত শিক্ষার দ্বারা এই রাজ্যের বেকার সমস্যার সমাধান হবে বলে আশা করি।

এই রাজ্যের বিভিন্ন জেলায় ও মহকুমায় হাসপাতালগুলি সম্প্রসারণের কথা উল্লেখ করা হয়েছে। আমি আপনার মারফত স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব আসানসোল মহকুমার এল, এম, হাসপাতালটির দিকে। আসানসোলে প্রায় ১৫।২০ বছর আগে এল, এম, হাসপাতাল বলে একটা হাসপাতাল প্রতিষ্ঠিত হয়েছিল, এই হাসপাতালের শয্যাসংখ্যা মাত্র ৫০টা ছিল যখন আসানসোলের জনসংখ্যা ছিল ১৫।২০ হাজার মাত্র। আজকের দিনে শুধু আসানসোল শহরের জনসংখ্যা ১॥ লক্ষাধিক, তা ছাড়া মহকুমার জনসংখ্যা ৭।৮ লক্ষেরও বেশি। এই হাসপাতালটি একমাত্র হাসপাতাল যেটি মহকুমা হাসপাতাল বলে আজও পর্যন্ত আসানসোলবাসীর কাজ করে আসছে। আসানসোল হাসপাতালের শয্যাসংখ্যা মাত্র ৫০টি থাকায় সেখানকার জনগণের চিকিৎসা ঠিকমত হয়ে উঠে না এবং সেখানে মাত্র ১ জন চিকিৎসক নানারকম কাজে ব্যস্ত থাকার জন্য জনগণের কষ্টের অবধি থাকে না। আমরা জানি যে সরকার এই হাসপাতালটিকে ২২০ বেড সমন্বিত হাসপাতালে পরিণত করবার চেষ্টা করছেন এবং এই পরিকল্পনার কথা অনেকদিন যাবত আমরা শুনে আসছি। আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে এদিকে একটু দৃষ্টিপাত করতে অনুরোধ করব এবং এই হাসপাতালটির কাজ তাড়াতাড়ি সম্পন্ন করবার জন্য তাঁর কাছে বিশেষ আবেদন জানাচ্ছি। আমি অত্যন্ত দুঃখের সহিত মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে আপনার মাধ্যমে জানাতে বাধ্য হলাম যে গত ২।৩ বৎসর পূর্বে আসানসোলের হাসপাতালটিতে একটা মাত্র অ্যাম্বুলেন্স গাড়ি ছিল,

বারংবার স্বাস্থ্য বিভাগের দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও এখনও পর্যন্ত সেখানে অ্যাম্বুলেন্স গাড়ি সরবরাহ করা হয় নি। আশা করি, স্বাস্থ্যমন্ত্রী মহাশয় দয়া করিয়া এদিকে একটু দৃষ্টি দেবেন।

আমার দ্বিতীয় প্রস্তাব পৌর এলাকায় জলসরবরাহের কথা। আমি মাননীয়া রাজ্যপালিকার ভাষণে এবং বাজেটে দেখলাম যে আমাদের রাজ্যের বিভিন্ন পৌর এলাকায় জল সরবরাহের কথা আছে। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আসানসোলের পৌরসভায় জল সরবরাহের কথা আমরা দেখি নাই। ঐ শহরে জল সরবরাহের পরিকল্পনা সরকার গ্রহণ করবেন বলে শুনেছি এবং এ বিষয়ে মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনাও হয়েছে। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী জানেন যে আসানসোলের পৌরসভাটি কিছু দিন হল সরকার স্বহস্তে গ্রহণ করেছেন এবং সেখানে সম্ভবমত কাজ করবার চেষ্টা চলছে যদিও অর্থাভাবে সমস্ত কাজ করা সম্ভব হয় নি, কিন্তু সেখানকার সব থেকে গুরুতর সমস্যা হচ্ছে জলের সমস্যা। আসানসোলে একটা ছোট ধরনের ওয়াটার ওয়ার্কস ছিল যখন আসানসোলের লোকসংখ্যা ছিল ১৫ থেকে ২০ হাজার, আজ আসানসোলের লোকসংখ্যা ১॥ লক্ষাধিক। গ্রীষ্মকালে আসানসোলে জলের এত বেশি অভাব হয় যে অনেক সময় ৮ আনা ১ টাকা দিয়েও এক বালতি জল পাওয়া যায় না। শুধু আসানসোল শহরেই নয়, আসানসোল মহকুমায়ও গ্রীষ্মকালে একই রকম জলের অভাবের দরুণ ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়। আমি সেজন্য আসানসোল মহকুমায় বিভিন্নরকমভাবে জল সরবরাহের ব্যবস্থা করবার জন্য এবং আসানসোল শহরে নূতন পরিকল্পনা যত তাড়াতাড়ি সম্ভব কার্যকরী করার জন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

সাধারণ শাসন সম্পর্কে মাননীয় পুলিসমন্ত্রীকে একটা কথা বলব যে আসানসোলে নিত্য-নৈমিত্তিক মোটর দুর্ঘটনা, চুরিডাকাতি, খুন ইত্যাদি নানারকম খবর মন্ত্রীমহাশয় খবরের কাগজে দেখে থাকবেন। আসল কথা হ'ল যে এর জন্য দায়ী শুধু বর্তমান অফিসাররা বা সরকার নয়, আসানসোলে বিদেশ থেকে বহু লোক শিল্পাঞ্চল হওয়ার জন্য এসে পৌঁছেছে এবং অনেক সমাজবিরোধী লোক থাকার জন্য নানারকম বিভ্রাট ঘটে থাকে। আমি বলব সরকারের এখানে পুলিসের সংখ্যা ও থানার সংখ্যা বাড়ানোর দরকার, অন্ততঃ দু-তিনটি বেতারযন্ত্র ওয়ারলেস ভ্যান সরবরাহ করা প্রয়োজন। অতিরিক্ত গেজেটেড অফিসার, যথা সহকারী পুলিস সুপারিন্টেন্ডেন্ট (ডেপুটি সুপারিন্টেন্ডেন্ট অব পুলিস) ডি-আই-বি ইন্সপেক্টর ইত্যাদি দেবার ব্যবস্থা করাও প্রয়োজন। বিশেষ পুলিস ও সার্জেন্ট নিয়োগ করে সেখানকার ট্রাফিকের গতিরোধ করা দরকার। আমার মনে হয় আসানসোলে শহরের সম্মুখীন জি. টি. রোডের ট্রাফিক ডাইভারশন করে ইয়ং রোডের দিকে যদি ডাইভার্ট করা যায় তা হ'লে অ্যাকসিডেন্টের দিক থেকে জনগণকে রক্ষা করা যেতে পারে। সেখানে ওয়ারলেস ভ্যানের কথা সরকারকে জানানো হয়েছে এবং আসানসোল মহকুমায় একটাও ওয়ারলেস ভ্যান নেই একথাও জানানো হয়েছে। এই সব কারণে সেখানে নানারকম অসুবিধা হয়। আসানসোলে একটা অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট জজের (অতিরিক্ত জেলা জজের) কোর্ট ছিল, কিছুদিন পূর্বে হঠাৎ সেই কোর্টটাকে তুলে দেবার প্রস্তাব হয়। এই সভার বিগত শীতকালীন অধিবেশনে মাননীয় মুখ্যমন্ত্রী ও আইনমন্ত্রী মহাশয়ের দৃষ্টিগোচর করায় বোধ হয় সেই কোর্টটি উঠে নি। আসানসোলে ঐ ডিস্ট্রিক্ট জজের কোর্টএর প্রয়োজনীয়তা কত বেশি তা সরকার জানেন, সরকারের কাছে সেটা অবিদিত নয়। শুধু অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট জজের কোর্ট নয়, আজ আসানসোলে একটা অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের কোর্ট অনতিবিলম্বে স্থাপন করলে আমার মনে হয় সেখানকার জনগণের প্রভূত উপকার করা হবে ও নিতান্ত প্রয়োজন মেটানো হবে। আমি এ বিষয়ে সরকারের বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করছি।

তারপরে পুনর্বাসন বিভাগ সম্বন্ধে আমি বলব যে আসানসোল শহর থেকে প্রায় ২॥।৩ মাইল দূরে "মহাশিলা কলোনী" ব'লে একটা উপনিবেশ আছে, সেখানে ৫।৬ হাজার বাস্তুহারা ভায়েরা বাস করছে। গত ৩।৪ বছর যাবত এই কলোনীটি প্রতিষ্ঠিত হয়েছে, কিন্তু সেখানে রাস্তাঘাট বা যানবাহনের সুবিধা না থাকার জন্য তাদের দুঃখদুর্দশার অন্ত নেই। আমি সরকারকে অনুরোধ করব সেখানে রাস্তাঘাট এবং যানবাহনের ব্যবস্থা অনতিবিলম্বে যেন

করে দেন। আমি পুনর্বাসন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে তাদের শিক্ষার ও চিকিৎসার সুব্যবস্থা করা হয় নাই। সেখানে একটা মাত্র মাতৃমঙ্গল প্রতিষ্ঠান আছে—"বঙ্কিমচন্দ্র মেটারনিটি সেন্টার" বলে একটা প্রতিষ্ঠান কয়েকজন সমাজসেবী ও স্থানীয় মহকুমাশাসক এবং জনসাধারণের সহযোগিতায় এই প্রতিষ্ঠানটি বাস্তুহারা ভায়েদের ও স্থানীয় জনসাধারণের প্রভূত উপকার সাধন করছে, কিন্তু অর্থাভাবে এই প্রতিষ্ঠানটি আশানুরূপ সাফল্যলাভ করতে পারছে না। এই প্রতিষ্ঠানটিকে মাসিক অথবা এককালীন পুনর্গঠন ও সাহায্য বিভাগ হ'তে অর্থ মঞ্জুর করলে সেখানকার জনসাধারণের চিকিৎসার সুব্যবস্থা হতে পারে। স্বাস্থ্যবিভাগের একটি হেলথ্ ভিজিটর সেখানে দিয়েছিলেন কিন্তু বৎসরাধিককাল বারম্বার স্বাস্থ্যবিভাগকে জানানো সত্ত্বেও অদ্যাপি ঐ পদে কাহাকেও পাঠানো হয় নি এ বিষয়ে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

তারপরে আসানসোল মহকুমার অধিকাংশ শিল্পাঞ্চল। সেখানে গত বছর অনাবৃষ্টির জন্য খাদ্যাভাব দেখা দিয়েছে এবং এ বছর চাল বা গমের দর আগের বৎসরের তুলনায় বেশি। আমার মনে হয় ন্যায্যমূল্যের দোকান ক'রে সহরে খনি অঞ্চলে এবং শিল্পাঞ্চলে এই সমস্ত খাদ্য সরবরাহ করলে খাদ্যসমস্যার অনেকটা সমাধান হবে এবং সম্ভবপর হ'লে সেখানে একটা মহকুমা অ্যাডভাইসরি বোর্ড করলেও আমার মনে হয় এইসব সমস্যার অনেকটা সমাধান হতে পারে। খনি অঞ্চল ও শহরাঞ্চল থেকে মধ্যে মধ্যে সেখানকার অভাব-অভিযোগের কথাও আমরা শুনতে পাই। কাজেই গ্রামাঞ্চলে টেস্ট রিলিফ ও বিভিন্ন প্রকার সাহায্যের দ্বারা গ্রামবাসীর দুঃখকষ্ট লাঘব করা যেতে পারে। এদিকে সরকারের বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করছি।

আমি মাননীয় পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়কে লক্ষ্য করতে বলব যে, সরকার যখন নূতন নূতন রাস্তার পরিকল্পনা গ্রহণ করেছেন তখন আমাদের ঐ এলাকায় যুদ্ধকালীন কয়েকটা বিশেষ গুরুত্বপূর্ণ রাস্তা আজ গত ৪-৫ বছর যাবৎ দারুন দুরবস্থা হয়েছে। এই রাস্তা কয়েকটির নাম আমি পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়কে দিতে চাই উখরা-মাধাইগঞ্জ-শিবপুর, উখরা-বনবহাল এবং আসানসোল-দোমহানী রোড। বহু পয়সা খরচ ক'রে তখন ভারত-সরকার এই রাস্তাগুলি তৈরি করেছিলেন কিন্তু বর্তমানে এই রাস্তাগুলির দিকে লক্ষ্য না করার ফলে রাস্তাগুলি অত্যন্ত দুরবস্থায় পড়ে আছে। সেজন্য আমি পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব তিনি দু-একটা রাস্তা নিজেও দেখেছেন যাতে এই রাস্তাগুলিকে অচিরে মেরামত করা হয়।

আসানসোল মহকুমায় বেকার সমস্যা দিন দিন ক্রমশ বেড়ে উঠেছে, যদিও সেখানে শিল্পের প্রসার হচ্ছে--দুর্গাপুর ইত্যাদি জায়গায় কল-কারখানা হচ্ছে কিন্তু সেখানে স্থানীয় ছেলেরা প্রায়ই নানারকম অসুবিধার জন্য চাকরি পায় না। আমি এ বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রীকে বলব যে, একটা এমপ্লয়মেন্ট বোর্ড ক'রে হোক বা যা কিছু ক'রে হোক চিলড্রেন অব দি সয়েল —যাতে দেশের ছেলেরা এই সমস্ত প্রতিষ্ঠানে চাকরি পায় তার দিকে একটু দৃষ্টিপাত করবেন। এই ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

[7-15—7-26 p.m.]

**Sj. Rajkrishna Mondal:**

মাননীয় স্পীকার মহাশয়, অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট উপস্থিত করেছেন তাতে দেখা যায় যে, এবার ঘাটতি ১ কোটি ৭৬ লক্ষ টাকা অন্যান্য বছরের তুলনায় কম হয়েছে, যা গত বৎসর ৬ কোটির মত ছিল। তারপর, নতুন আশার বাণী এর মধ্যে আমরা পেয়েছি যে, নতুন কোন ট্যাক্স ধরা হবে না। এই যে ১ কোটি ৭৬ লক্ষ টাকার ঘাটতি—এই ঘাটতি পূরণ হ'ত আমার মনে হয় যদি সেলস্ ট্যাক্স এত ফাঁকি না হ'ত—বহু জায়গায় সেলস্ ট্যাক্স ফাঁকি দেবার ব্যবস্থা আছে। আমরা এটুকু দেখে আশান্বিত হয়েছি যে, বর্তমানে অর্থাৎ ১৯৫৮ সালে ১৯৪৮ সালের তুলনায় আমাদের শিক্ষার মান অনেক উন্নত হয়েছে, ছাত্রসংখ্যা ১৯৪৮ সালের প্রায় দ্বিগুণ হয়েছে, স্কুলের সংখ্যাও দ্বিগুণ হয়েছে। ১৯৪৮ সালে স্বাস্থ্যকেন্দ্র যেখানে ছিল ৩টি সেখানে এখন হয়েছে ৩০০র উপর। রাস্তাঘাটের দিক থেকে চিন্তা করলে দেখতে পাই যে, শহর ও পল্লীগ্রামের মধ্যে যোগাযোগ সৃষ্টির জন্য বহু স্থানে নতুন রাস্তা হয়েছে।

৪২৫ মাইল রাস্তা হয়েছে এবং ৪২০ মাইল নতুন রাস্তা করবার ব্যবস্থা হয়েছে। সুন্দরবনের কথা চিন্তা করলে দেখতে পাই, সেখানে যোগাযোগের ব্যবস্থা উন্নত হয়েছে। অনেক টিউব-ওয়েল হয়েছে, কিন্তু আমি একথা বলব, যা হয়েছে তা যথেষ্ট নয়। প্রয়োজনের তুলনায় তা সামান্য ব'লেই মনে করি। সুন্দরবনের নোনাবাঁধগুলি বর্তমানে জমিদারদের হাত থেকে, আমরা এখন শুনতে পাচ্ছি কালেক্টর হাতে নিয়েছেন। কিন্তু সেই বাঁধগুলির বর্তমান বা অবস্থা সেই অবস্থায় যদি রাখা যায় তা হ'লে সেখানে ফসল ভাল পাওয়া যাবে না। তারপর, সেখানকার জলনিকাশের ব্যবস্থার পরিবর্তন করা দরকার। জমিদারদের হাত থেকে সরকার যেসমস্ত স্লুইস গেটগুলি হাতে নিয়েছেন সেগুলিও কার্যকরী করা হয় নি। কোন কোন জায়গায় এবার হিউম পাইপ দেওয়া হয়েছে বটে, কিন্তু বহু ইউনিয়নে এখনও হিউম পাইপএর ব্যবস্থা হয় নি। এমন বহু ইউনিয়নএর নাম করা যেতে পারে যেখানে জলনিকাশের কোন ব্যবস্থাই নাই। সেখানে ভালভাবে জলনিকাশের ব্যবস্থা হ'লে পর ডাবল ক্রপএর ব্যবস্থা হতে পারে। সুন্দরবনের নোনাবাঁধগুলি যদি করা যায় এবং সঙ্গে সঙ্গে অন্যান্য যে বাঁধগুলি আছে সে যদি রক্ষা করা যায় তা হ'লে সেখানে ভাল ফসল পাবার আশা করা যেতে পারে। যখন দুর্ভাগ্যবশতঃ বর্ষার জন্য বাঁধগুলি রক্ষা করতে পারা যায় না, মাঠগুলি বর্ষার জলে ডুবে যায় তখন টেস্ট রিলিফএর কাজে হাত দিতে হয়। ঐ বাঁধগুলি যদি রক্ষা করতে পারা যায় তা হ'লে এক দিক দিয়ে এক অঞ্চলের ফসল নষ্ট হয়ে গেলেও আরেকটা অঞ্চল রক্ষা পেতে পারে। আমি একথা বহুবার বলেছি, কিন্তু ঐ বাঁধগুলি রক্ষা করবার ব্যবস্থা পর্যন্ত হয় নি। আরেকটা জিনিস বলব—আমাদের দেশের চাষের জমিগুলি যদি দোফসলা ডাবল ক্রপ জমি করা যায় তা হ'লে আমার মনে হয় আজকের দিনের এই খাদ্যসংকট আমরা অনেকটা কাটিয়ে উঠতে পারব। আরও একটা কথা আছে। আজকাল সেখানে এমন জমি আছে যেগুলি আমি মনে করি দো-ফসলা ধানী জমি করা যেতে পারে। ধান উঠে যাবার পর যে জমিগুলি পতিত থাকে সেই জমিগুলিতে অন্যান্য ফসল যথেষ্ট পরিমাণে করা যেতে পারে। সেইজন্য আমি আবেদন করি যে, এইসব জমিগুলি যাতে দো-ফসলা জমিতে পরিণত করা হয় তার জন্য যেন প্রচার বিভাগ থেকে প্রয়োজনীয় ব্যবস্থা করার কথা চিন্তা করেন। পশ্চিম বাংলায় ২০০টি সীড বেডএর ক্ষেত আছে, কিন্তু তা যথেষ্ট নয় ব'লে আমি মনে করি। যে সার উৎপন্ন হয় তা প্রয়োজনের তুলনায় অতি অল্প। কৃষকদের যদি উৎসাহ দেওয়া যায় তা হ'লে তারা নিজেরা নিজেদের ক্ষেতের জন্য সার উৎপন্ন করতে পারে, কিন্তু সেই পদ্ধতি আমাদের দেশে এখনও কম আছে। সুন্দরবনে চাষ হয় গরুর সাহায্যে, কিন্তু গত বর্ষার পর আর গরু নাই। চাষের জন্য যে ঋণ দেওয়া হয় তা চাষ শেষ হওয়ার পর চাষীরা পায়। যাতে এই ঋণ তাদের হাতে অন্ততঃ জুন মাসের পূর্বেই পৌঁছায় তার ব্যবস্থা করা দরকার। কৃষিঋণের বেলায়ও ঠিক এই অবস্থা। কৃষিঋণ যেন সময়মত চাষীদের হাতে পৌঁছায় তার ব্যবস্থা করতে হবে। সুন্দর-বনের হারোয়া, সন্দেশখালি অঞ্চলে গত বৎসর আশ্বিন-কার্তিক মাসেই মাঠে গরু ছেড়ে দেওয়া হয়েছিল। তা ছাড়া, যারা শ্রমিক, যাদের জমি নেই, তাদের অনেক সময়ই টেস্ট রিলিফএর উপর নির্ভরশীল থাকতে হয়। কিন্তু এই টেস্ট রিলিফএর স্কীম এক-একটা ১০ মাইল দূরে অবস্থিত থাকায় এই অনাহারক্লিষ্ট শ্রমিকদের পক্ষে বিশেষ অসুবিধার কারণ ঘটে। এদিকে সরকারের দৃষ্টি দেওয়া প্রয়োজন। সেজন্য আমি বলতে চাই, একটা ইউনিয়নএ এবং প্রতি ওয়ার্ডএ দুটো ক'রে এই স্কীম চালু করা হোক—এদিকে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। সর্বশেষে, এবার যেমন সর্বাঙ্গসুন্দর বাজেট আমাদের সামনে এসেছে এমন সুন্দর বাজেট ইতিপূর্বে কখনও আমাদের সামনে এসেছে কিনা আমি জানি না।

**Mr. Speaker:** The supplementary list containing additional cut motions which has been received out of time has not been admitted. This is for the information of the honourable members.

The House stands adjourned till 2-30 p.m. tomorrow.

## Adjournment

The House was then adjourned at 7-26 p.m. till 2-30 p.m. on Thursday, the 27th February, 1958, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Thursday, the 27th February, 1958, at 2-30 p.m.

### Present:

Mr. Speaker (the Hon'ble SANKARDAS BANERJI) in the Chair, 16 Hon'ble Ministers, 9 Deputy Ministers and 204 Members.
[2-30—2-40 p.m.]

### Time for Guillotine

**Mr. Speaker:** In conformity with the previous practice, I fix that the House will sit today up to 8-15 p.m. and I also fix that the guillotine will fall at 7-15 p.m. Thereafter I shall put all outstanding questions without any debate. I hope the members on both sides will try to be brief in their speeches so that the business may be finished before the time for guillotine arrives.

### Mr. Speaker's ruling

**Mr. Speaker:** I have given my ruling. But I do not want to lose the time of the House—it will be laid on the Library table and it can be read there and will be printed in the proceeding. I have stated my reasons.

### Ruling of Mr. Speaker on the point of order raised by Sj. Bankim Mukherjee re. Demand for Vote on Account.

**Mr. Speaker:** A point of order has been raised by Mr. Bankim Mukherjee regarding the demand for the Vote on Account.

Under Article 206, the Government may ask for and the Assembly can pass a Vote on Account, that is to say, grant a sum of money for the purpose of enabling the Government to carry on the administration for a short period pending the final passing of the Budget by the Assembly. Although, during the last few years, a vote on account was taken only before a dissolution, there is nothing in Article 206 to restrict the power of the Assembly to that eventuality. Indeed, in the House of Commons from which this provision of the Constitution has been borrowed, every year a vote on account is taken before the 31st March.

Article 203 and Article 204 which have been made applicable by Article 206(3) to a vote on account provide that a demand for any "grant in advance" (as a vote on account is called in the text of the article) shall be put to the vote of the Assembly and there must be an Appropriation Bill with regard to the same. Nothing is said there as to how the Demand for the Grants should be discussed or put to vote. The Assembly Procedure Rules provide for the same. The requirement of the article is satisfied if a demand is made and put to vote and an Appropriation Bill passed. It is not necessary that separate demands should be made by individual Ministers.

Rule 112 to Rule 116 regulate the procedures relating to the Budget. Rule 113 says that a separate demand for grant shall be made for each Department but that the Finance Minister may include several grants in one demand. This has been done in the Motion for the Vote on Account. There is only one lump demand which comprises several grants and the amount of each grant is shown in the schedule. Rule 114 provides that

the Budget (which means the main Budget) shall be discussed in two stages:—(i) General Discussion and (ii) Voting of Demands. Rule 116 regulates the procedure of voting the demands.

Now, Rule 117 regulates the procedure for a vote on account. This rule makes Rule 113—the Rule relating to the form of demand, and Rule 116—the procedure for voting the demands—applicable to a vote on account. It deliberately omits Rule 114—the rule relating to general discussion and for very good reasons.

A vote on account is taken only for an interim period pending the final passing of the Budget to enable the Government to carry on. The term 'Vote on Account'' itself connotes that the money is taken in advance and will be accounted for in the future. When making the final demands, the amount taken on vote on account is deducted.

No policy of Government is involved in the voting of the demand for a vote on account. The question of a general discussion on Government policy will arise when the Government comes up with their final demand for grants—and the Assembly will have ample opportunity of having, and will be entitled under Rule 114 to have, a general discussion at that time. There cannot be two general discussions on the same Budget—one at the time of the vote on account and another at the time of the final passing of the Budget. It may be mentioned that in the House of Commons there is no general discussion (which takes place on a motion that the Speaker do now leave the chair) on a motion for a vote on account on Civil Estimate Rule 114 has, therefore, been very properly excluded.

The four days of general discussion and not more than twenty days, as the Government may determine, excepting the days taken on vote on account for voting the demands will be available to members when the final demands are made sometime in June.

The procedure I have outlined has been followed on the last two occasions and I think the procedure is justified by the Rules of Procedure and by the Constitution. I, therefore, hold that the Motion for the Demand on the Vote on Account is in order

## Personal Explanation

**Janab Syed Badrudduja:** Mr. Speaker, Sir, I have....

**Mr. Speaker:** I have no time. You will kindly make your personal explanation on Tuesday next

## Debate on the Motion for a Vote on Account

**Mr. Speaker:** I hope no honourable member will ask for extra time today.

**Sj. Niranjan Sengupta:**

মিঃ স্পীকার, মহোদয়, বাজেটের এই আলোচনা প্রসংগে আমি বিশেষ ক'রে পুলিস খাতে বলব। একটা কথা এখানে ব'লে রাখা দরকার যে, এবারকার বাজেটে বায়বরাদ্দে যে জিনিসটা খুব লক্ষণীয় সেটা হচ্ছে যে জনহিতকর বিভাগগুলি বাদ দিয়ে এবার পুলিস খাতে বরাদ্দ বেশি হয়েছে। আমি জানি না আমাদের ফাইন্যান্স মিনিস্টার অর্থাৎ অর্থমন্ত্রী কেন এটা করলেন—কেন যে এটা ঠিক করলেন সেই জিনিসটা অবোধ্য। সংগে সংগে এই কথাও ব'লে রাখছি যে, পুলিস খাতে এইভাবে বৎসরের পর বৎসর ব্যয় বাড়ান খুবই অসংগতিপূর্ণ ও অন্যায়—বিশেষতঃ যখন জনসাধারণের পক্ষ থেকে জনহিতকর কার্যের উপর জোর দেওয়া হয় তখনই সরকারপক্ষ থেকে বলা হয় যে, টাকা নেই। আমার বলার কথা হচ্ছে যে, গত বৎসর

আমরা এখানে পুলিস বাজেট সংক্রান্ত আলোচনাপ্রসঙ্গে অনেক কথা উত্থাপন করেছিলাম—বহু দৃষ্টান্ত দিয়েছিলাম এবং বহু বিষয়ে পুলিসমন্ত্রী তথা মন্ত্রিমণ্ডলীকে অনুরোধ করেছিলাম যে এসব বিষয়গুলি নূতনভাবে দেখা যায় কিনা কিংবা এসব বিষয়ে কোন পরিবর্তন সম্ভব কিনা। কিন্তু খুবই দুঃখের বিষয় আজ এক বৎসর হতে চলল, আমরা এখনও দেখছি যে, পুলিস বিভাগের কাজকর্মে কোন দিক থেকেই উন্নয়ন হয় নি, বরং আরও অবনতির দিকে গিয়েছে। সেইজন্য আমরা দায়ী করব পুলিস বিভাগের ছোট ছোট কনস্টেবল বা অন্যান্য ক্ষুদে অফিসারদের নয় দায়ী করব ক্যাবিনেট, মন্ত্রিমণ্ডলীকে, বিশেষ করে পুলিসমন্ত্রীকে। কেননা এটা দৃষ্টিভঙ্গির কথা। সেই দৃষ্টিভঙ্গি যদি আজ বদলাত অর্থাৎ পূর্বে পুলিস যেভাবে কাজকর্ম করত, সেই পদ্ধতি বদলিয়ে সে সম্পর্কে যদি মন্ত্রীরা নূতন কার্যপদ্ধতি গ্রহণ করতেন, তা হলে আমার দৃঢ়বিশ্বাস, নিশ্চয়ই এই ধরণের আপত্তি ও বিক্ষোভ সাধারণের মধ্যে প্রকাশিত হত না। আমি যে বিষয়, স্পীকার মহাশয়, আপনার কাছে রাখব, আমি সেই সূত্রে এটাই দেখাব যে, কোন পরিবর্তন এই বিভাগের হয় নি।

আমি প্রথমেই একটা কথা এখানে অবতারণা করতে চাই সেটা হচ্ছে আমি পুলিসমন্ত্রীকে গত বাজেট সেসনএ দুইখানা চিঠি দিয়েছিলাম—২টা কেস সম্পর্কে তাঁর মন্তব্য পাবার জন্য। সেই কেসগুলি বহুবার এখানে উল্লিখিত হয়েছে গেল বাজেট সেসনএও আমি বলেছি। অবশ্য একটা কেস সম্পর্কে আমি কয়েকদিন আগে এক বৎসর পর জবাব পেয়েছি, সেই জবাব এখন আমার হাতে রয়েছে (শোয়িং দি পেপার) কিন্তু আর একটা কেস সম্পর্কে আজও জবাব পাই নি। গেল বাজেট সেসনএ সেই কথা উঠেছিল। অবনী দত্ত নামে এক ভদ্রলোকের দোকান লুট হয়েছিল; অনেক সাধ্যসাধনা করেও তিনি এখন পর্যন্ত তার কোন কিনারা করতে পারেন নি। আমি সম্প্রতি শুনেছি যে, তিনি পুলিসমন্ত্রীর কাছে গিয়েছিলেন। সে সম্বন্ধে পুলিসমন্ত্রী মহাশয় তাঁকে নাকি বলেছিলেন আপনি ত পুলিসের পিছনে লেগেছেন; তা হলে আপনার কেস কি করে কিনারা হবে!

**The Hon'ble Kalipada Mookherjee:**
আমি কখনও এইরকম কথা কাহাকেও বলি নি।

**Sj. Niranjan Sengupta:**
আমাকে বলতে দিন। আপনি যখন জবাব দেবেন, যা বলবার তখন বলবেন।

তারপর নাকি মন্ত্রিমহাশয় বলেছেন—আপনি ত অপোজিশনএর কাছে যাচ্ছেন—এই ধরনের কথা। আজ সকালেও সেই ভদ্রলোক আমাকে এই কথা বলে গেছেন। সেই ভদ্রলোক বহুদিন পুলিসের পিছনে পিছনে ঘুরেছিলেন কিন্তু ফল কিছুই হয় নি। আমার ও অনেকেরই দৃঢ় ধারণা এইসব চোর-ডাকাতের সঙ্গে পুলিসের যোগাযোগ আছে। মাণিকতলা অঞ্চলে বিভিন্ন রকম আপত্তিকর ব্যাপার শোনা যাচ্ছে। আবার যেমন শ্যামপুকুর থানার কেস—যেটা সাব-জুডিস আছে। তবুও আমি মেনশন করতে চাই এখানে সেই কাউন্সিলারএর কেস।

**Mr. Speaker:**
যখন সাব-জুডিস তখন সেটা এখানে আর বলবেন না—তাতে আপনারও লাভ নেই, তারও ক্ষতি হতে পারে।

**Sj. Niranjan Sengupta:**
আপনি যখন বলছেন তখন আর বলব না। আমি এখানে বলছি যে, কলকাতার বিভিন্ন অঞ্চলে ও বিভিন্ন ব্যাপারে বিভিন্ন পুলিস অফিসারের বিরুদ্ধে জনসাধারণের দারুণ বিক্ষোভ আছে। সেটা পুলিসমন্ত্রীর কাছে গেল বার বাজেটএর সময় বলেছিলাম যে, পুলিসমন্ত্রীর কর্তব্য—সেই পুরান ব্রিটিশ আমলের পদ্ধতি—আমলাতান্ত্রিক ধারার পরিবর্তে নতুন পদ্ধতিতে, দেশের লোক, জনসাধারণের সঙ্গে সংযোগ স্থাপন করা এবং তাদের সন্তুষ্টি বিধান করা। যে পুলিস জনসাধারণকে সন্তুষ্ট করতে পারে না—স্বাধীনতা লাভের পরেও যে পুলিস জনসাধারণকে তোয়াক্কা করে না—সে পুলিস জনকল্যাণকর রাষ্ট্রের পুলিস—সে কথা জনসাধারণ বিশ্বাস করতে পারে না। সেইজন্যই বলছিলাম এখনও পুলিস বিভাগ পুরান পদ্ধতি অনুসরণ

করে চলছে—তার কোন পরিবর্তন হয় নি। এই সম্পর্কে আমার একটা কথা মনে পড়ছে। বহুদিন আগে আমরা যখন বোমা মামলার আসামী ছিলাম, তখন পুলিস আমাদের গ্রেপ্তার করতে গিয়েছিল মেছুয়াবাজারের একটা বাড়িতে। ডি,সি, এস,বি, হ্যানসেন সাহেব ধাক্কা মেরে আমাদের ঘরের দরজা ভেঙ্গে আমাদের ঘরে ঢুকলেন। আমি তাঁকে বললাম, আপনি এ কি করছেন। কোন ঘর সার্চ করতে হ'লে সার্চ উইটনেসেস ডাকতে হয়। তিনি বললেন, আপনার গ্রেপ্তার ব্যাপারে আমি এইসব আইন-কানুন মানি না।

In arresting you, I do not obey this sort of law

ঠিক সেই পদ্ধতি—আমি বলব—সেই ব্রিটিশ আমলের পদ্ধতি আপনারা এখনও অনুসরণ ক'রে চলছেন। এখনকার পুলিস পদ্ধতির কোনই পরিবর্তন হয় নাই। মন্ত্রিমণ্ডলী একটু খোঁজ নিয়ে দেখবেন তাঁদের জ্ঞাতসারে এমন অবৈধ জিনিস হচ্ছে যে, সে ব্যাপারগুলি জনসাধারণের জীবনে বিড়ম্বনা সৃষ্টি করছে। অথচ তাঁরা সেটা খেয়াল করছেন না। এইসব কাজের জন্য সাধারণ লোকের ভিতর দারুণ বিক্ষোভ জন্মাচ্ছে, কিন্তু সেইদিকে দৃষ্টি না দিয়ে তাঁদের খেয়ালখুশিমত তাঁরা কাজ ক'রে যাচ্ছেন।

[2-40—2-50 p.m.]

আমি বলব স্বাধীনতার পরেও যে নীতি সরকার গ্রহণ করেছেন পুলিস সম্পর্কে সেই নীতি নিন্দার্হ। আজকে পশ্চিম বাংলার লোক, সাধারণ কৃষক শ্রমিক মধ্যবিত্ত জনসাধারণ এই পুলিসের বিরুদ্ধে বিভিন্ন সময়ে ও বিভিন্ন ব্যাপারে তীব্র ঘৃণা প্রকাশ করেছে, এবং বিভিন্ন দিকে তা প্রকাশিত হচ্ছে।

আর একটা কথা, সেটাও এখানে বলা দরকার, যে কতকগুলি ব্যাপার হয়েছে তার কথাও উল্লেখ করা উচিত। যেমন, ২৪-পরগনার দায়রা জজ ভাঙড়ের এক অ্যাকিউজ্‌ড্‌ সম্পর্কে মন্তব্য করেছেন যে, পুলিস অফিসার এফ-আই-আর অনুসারে যে প্রথম আসামী তাকে গ্রেপ্তার না ক'রে অন্যান্য বিভিন্ন লোককে গ্রেপ্তার করেছেন। দায়রা জজ মন্তব্য করেছেন যে, সর্বাগ্রে তদন্তকারী অফিসার প্রথম এত্তেলায় উল্লিখিত প্রধান আসামীকে এখনও গ্রেপ্তার করেন নি। আমি পুলিসমন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করি যে, এই মন্তব্যের পর চারিদিকে যে ধিক্কার উঠছে তিনি কি তা জানেন? তিনি কি তার কোন প্রতিবিধান করেছেন? যে অফিসারেরা এইসব করছেন, বড় লোকের সুবিধার জন্য যোগসাজস ক'রে এইসব করছেন, তা পরিবর্তনের চেষ্টা এই মন্ত্রিমণ্ডলী বা পুলিসমন্ত্রী মহাশয় করেছেন কি? নিশ্চয়ই করেন নি। সুতরাং সবচেয়ে বড় কথা হচ্ছে যে, যে দৃষ্টিভঙ্গির পরিবর্তন দরকার সেই পরিবর্তিত দৃষ্টিভঙ্গি আনা হচ্ছে না। স্বাধীনতা যারা পেয়েছে সেইসব লোককে বা দেশের জনসাধারণকে সাহায্যের জন্য পুলিস যে তাদের সেবক—এই মনোভাব পুলিসের ভিতর আজ আনতে হবে। এইভাবে পুলিসবাহিনীর পরিবর্তনের জন্য মন্ত্রিমণ্ডলী এবং বিশেষ ক'রে পুলিসমন্ত্রী কি কি পদ্ধতি গ্রহণ করেছেন? আমার ধারণা কোন পদ্ধতিই গ্রহণ করেন নি। এই জিনিসটা আজ সবচেয়ে বেশি বিচার করবার বিষয়। আজ দেখছি দেশের চারিদিকে বিক্ষোভ উঠেছে। রাহাজানি, গুণ্ডামি, চোলাই মদের কারখানা, এমন কি রাস্তায় বিভিন্ন ভাবের দুর্ঘটনা বেড়ে চলেছে। অথচ পুলিস খাতে টাকা বাড়ছে এবং বিভিন্ন দিকে, পুলিসের দিকেও সরকারের নজর ঠিক ততটুকু, যতটুকু নিজেদের দলীয় বা ব্যক্তিগত কার্যসিদ্ধির জন্য। এই মন্ত্রি-মণ্ডলী পুলিস বিভাগকে জনসাধারণ থেকে বিচ্ছিন্ন ক'রে রেখেছে, সাধারণের সাথে পুলিস বিভাগের যোগাযোগ কতটুকু? এই ব্যবস্থার পরিবর্তন দরকার।

তারপর সকলেই—এবং মিঃ স্পীকার, আপনিও খবরের কাগজে পড়েছেন যে, সম্প্রতি হাওড়ার ব্যাপার নিয়ে যেটা এখানে দু-একবার উল্লিখিত হয়েছে এবং যে ব্যাপার নিয়ে পুলিসের অধ্যক্ষ বলেছেন যে, ইনফ্লুয়েন্সিয়াল লোকের পরামর্শ বা ইনফ্লুয়েন্সিয়াল লোকের ইন্টারফিয়ারেন্স এর ভিতর আছে। পুলিসমন্ত্রী মহাশয় কি এর কোন প্রতিবাদ করেছেন কিংবা পুলিস বিভাগের দুর্নীতি সম্বন্ধে কোন তদন্ত করেছেন, কিংবা যারা এই পুলিসকে হাত ক'রে সাধারণ লোকের জীবনে বিপর্যয় আনতে চায় তাদের বিরুদ্ধে কোন অ্যাকশন নিয়েছেন? নিশ্চয় নেন নি। অথচ আপনি শুনে আশ্চর্য হবেন, আমি একটা রিসেন্ট ঘটনা

বলব, গেলবারও আমি বলেছিলাম যে, আমাদের পার্টি সম্পর্কে বা বামপন্থী পার্টি সম্পর্কে তাঁদের নীতি কি? আমি কিছুদিন আগে কুচবিহারে গিয়েছিলাম, আপনি শুনে আশ্চর্য হবেন যে, আমি যেন সেখানে একজন ভি-আই-পি এসেছি, অন্ততঃ গভর্নমেন্টের চোখে আমি যেন ভি-আই-পিদের অন্যতম। আমি যেখানে থাকি সেখানে দু'জন সাইকেল পুলিস মোতায়েন, আমি যেখানে গিয়েছি আমার পিছনে পিছনে পুলিস। এই তো অবস্থা! তার কারণ আমি কম্যুনিস্ট পার্টির লোক এবং আমি জনসাধারণের প্রতিনিধি, আমার কার্যকলাপ ও'দের পছন্দ হয় কিনা। এই যে পছন্দ অপছন্দ এটা তাঁরা রাজনৈতিক বিচার দিয়ে করেন, আজকের দিনে এ জিনিসটা নিতান্ত নিন্দনীয়। কংগ্রেস গণতান্ত্রিক একথা বলছেন এবং তাঁরা স্বীকার করেন এবং বলেন যে, আমরা গণতান্ত্রিক পদ্ধতিতেই সব কিছু করি, অথচ বিরোধী-পক্ষের সদস্য অ্যাসেম্বলীর একজন সভ্য আমাকেও তাঁরা রেহাই দেন না। সাধারণতঃ থানায় আমি যদি পরিচয় না দেই তা হ'লে আমার প্রতি অন্যান্য লোকের মতই ব্যবহার হবে; কারণ সাধারণ কোন লোক যদি থানায় যায় তা হ'লে সেখানে তার বিড়ম্বনার অন্ত নাই। আমি প্রত্যেককেই এইটা অনুধাবন করতে বলছি। থানায় সাধারণ লোকের প্রবেশ নিষেধ, আমার মত সাধারণ লোক গেলে হয়ত কিছু হবে না; আমি যদি বলি আমি এম-এল-এ তা হ'লে তাদের হাসি এসে যায়। এই যে দারোগা, ইন্সপেক্টর বা অন্যান্য অফিসারদের মনোভাব, এ মনোভাব এখনও কেন রয়েছে? পুলিস বিভাগের মন্ত্রিমহাশয় যে সময়ের পরিবর্তনের সাথে কেন এই মনোভাবের পরিবর্তন সৃষ্টি করেন নি এর কৈফিয়ত তাঁকে দিতে হবে। আজকে জনসাধারণ বিভিন্ন দিক দিয়ে তাঁর বিরুদ্ধে বলছেন। আমি জানি সেদিন হাওড়ার বাটরায় একটা সভা হচ্ছিল, সেখানে জনসাধারণের তরফ থেকে এই কথা উঠেছিল যে, পুলিস গুণ্ডা সরাবে কেন? পুলিস কর্মচারীরা নিজেরাই গুণ্ডাদের এবং ভেস্টেড ইন্টারেস্টস বা বড়লোকদের সাহায্য করে এবং তাদের হুকুমেই এই কাজ করে, তাই গরিব জনসাধারণের প্রতি তাঁদের নজর নাই। তাই পুলিসের মন্ত্রিমহাশয়কে বলতে হচ্ছে যে, এ রাজ্যে গুণ্ডাবাজি, রাহাজানি যেরকমভাবে চলছে, যেরকম বেড়ে যাচ্ছে তার কারণ কি, তার কৈফিয়ত তাঁকে দিতে হবে।

তারপর আমি আর একটা প্রশ্নের অবতারণা করছি, সেটা হচ্ছে শ্রমিকশ্রেণী যখন কোন আন্দোলনে নামে সেখানে পুলিস খুব দ্রুত, ত্বরান্বিতভাবে মালিকের পক্ষে উপস্থিত হয়। হাওড়া কটন মিলের ব্যাপারে পুলিস অত্যাচার করেছে, তাই সে সম্বন্ধে পুলিস চুপ; সে সম্বন্ধে কিছুই হয় নি; বিভিন্ন দিকে ধর্মঘটের সময় দেখেছি ঠিক তাই হয়। আমি একটা ঘটনা বলি, আমাদের এখানকার সভ্য হামাল সাহেব দার্জিলিংএর এম-এল-এ। কিছুদিন আগে তাঁকে একটা কেসে কোর্টে যেতে হয়েছিল, তার জন্য তাঁকে গ্রেপ্তার করে আটকে রেখেছিল—এই যে অবস্থা এটাকে সাধরণভাবে বিচার করতে হবে। শ্রমিক আন্দোলনের উপর এই যে পুলিসের নেকনজর সে নেকনজর কেন? তার কারণ এই সরকারের হাতে ঐশ্বর্যশালী ব্যক্তিদের—মালিকদের যোগাযোগ আছে এবং পুলিসের সাথে যোগাযোগ রেখে তাঁরা তাঁদের নীতি চালিয়ে যাচ্ছেন। আমরা সেই নীতির তীব্র বিরোধিতা করি। কৃষক আন্দোলনের সম্বন্ধেও তাই। সেদিন আমি ২৪-পরগনার এস-পি সাহেবের ওখানে গিয়েছিলাম একটা ব্যাপার নিয়ে, সেখানে একটা ঘটনা শুনলাম যে, ক্যানিংএ মেছোঘেরির মালিক দিনে-দুপুরে মানুষকে হত্যা করেছে পুলিসের সামনে, কিন্তু পুলিস সেই মেছোঘেরির মালিকের পক্ষে গরিব কৃষকদের দিকে নয়। শতকরা ৭৫—৮০ ভাগ কৃষক সরকারের সহানুভূতি পায় না। সরকার তাদের দিকে দৃষ্টি দেয় না, যারা বড় বড় মেছোঘেরির মালিক, যারা বড় বড় জোতদার, জমিদার তাদের দিকেই পুলিস এবং তার বিভিন্ন দিকে দৃষ্টান্তও আছে।

আজ শুনলাম শিলিগুড়িতে মিউনিসিপ্যাল ইলেকশন হয়েছে এবং সেখানে মারামারি হয়েছে। মারামারির সময় আমাদের তরফ থেকে এই হাউসের পুরাতন একজন মেম্বার, শ্রীরতনলাল ব্রাহ্মণ, তিনি আঘাতপ্রাপ্ত হয়েছেন। শিলিগুড়ি থানায় পুলিস পাঠাবার জন্য খবর দিলে তারা বলল—পুলিস আমাদের নাই, আমরা কিছুই করতে পারব না, পুলিসের অভাব। শুনলাম সেখানে দুই-একদিন পরে অটল চা-বাগানের ম্যানেজার বললেন—শ্রমিকেরা ভারী গোলমাল করছে, ফোর্স পাঠান। আর দশজন ক'রে পুলিস সেখানে দুইদিন পর পর গিয়েছে। সেখানে পুলিসের অভাব হয় না, কেবল সাধারণ লোকের উপর নির্যাতন হলেই

পুলিসের অভাব, এই তো সরকারের চরিত্র। তাই মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনাকে বলব, কংগ্রেস সরকারের এই যে নীতি, এই নীতির পরিবর্তন না হ'লে জনসাধারণের বিক্ষোভ কমবে না এবং জনসাধারণ নির্যাতিত হ'লে এটা নিশ্চয় তাঁদের পক্ষে ক্ষতিকর হবে, তাঁদের ধ্বংসের কারণ হবে।

তারপর আমি শেষ কথা বলতে চাই—

[The member having reached his time-limit resumed his seat.]

[2-50—3 p.m.]

**Sj. Pabitra Mohan Roy:**

মাননীয় স্পীকার মহাশয়, এই অল্প সময়ে বাজেটের উপরে আলোচনা করতে গিয়ে আমি শুধু মেডিক্যাল ও পাবলিক হেলথের উপরে আমার বক্তব্য সীমাবদ্ধ রাখব। গত ১লা জানুয়ারি থেকে নূতন 'হেলথ সারভিস স্কীম' চালু হয়েছে গভর্নমেন্ট অফ ওয়েস্ট বেংগলে একথা ২১এ জানুয়ারি ১৯৫৮ তারিখের গেজেটে দেখতে পেলাম। ওয়েস্ট বেংগল হেলথ্ সারভিস স্কীমে একটা র‍্যাডিক্যাল ইম্প্রুভমেন্ট দরকার সেটা সকলেই স্বীকার করে, কিন্তু এই যে স্কীম করা হয়েছে এই স্কীমে কোনরকম সুযোগ পাওয়া যাবে? আমরা বারবার দেখিয়েছি এবং বাংলাদেশের সংবাদপত্রগুলি বারংবার চিৎকার করেছে যে, পাবলিক হেলথ্ এবং হসপিট্যালগুলোর সংশোধনের জন্য একটা এনকোয়্যারি কমিটি বসান উচিত।

ইন্ডিয়ান মেডিক্যাল অ্যাসোসিয়েশন বারংবার একথা বলেছে। তারা দাবি করেছে একটা পাবলিক এনকোয়্যারি কমিটি বসানো হোক। কিন্তু সরকার কেন ভয় পান? বর্তমানে স্কীম করা হয়েছে সেই স্কীম যারা করেছে, আমি মনে করি বাংলাদেশের সমস্ত হেলথ্ প্রব্লেমএর জন্য আজকে তারাই দায়ী, হেলথ্ সমস্ত নষ্ট হচ্ছে সব হাসপাতালগুলিতে। অথচ এই স্কীম তাঁরাই করেছেন, এজন্য আমাদের অর্থভাণ্ডার থেকে বেশি করে ৩১ লক্ষ টাকা বেরিয়ে যাবে অর্থাৎ এটাই আমাদের মেনে নিতে হচ্ছে। হাসপাতালগুলির উপর পাবলিকএর যে অভিযোগ সেই অভিযোগ সম্বন্ধে আমি ভাল ক'রে এনকোয়্যারি করবার জন্য বলেছি, কিন্তু তা হয় নি। অভিযোগ লোকের অনেক। হাসপাতালে বেডের সংখ্যা বেশি ক'রে না থাকার জন্য আজ অভিযোগ সে কথা আমাদের লোকের কাছে জানান দরকার। আজকে যদি একটি হার্নিয়া রোগীকে অপারেশনএর জন্য হাসপাতালে দেওয়া হয় আমরা জানি ৩।৪ মাসের মধ্যে সেই রোগীকে অপারেশন করার সুযোগ পাওয়া যায় না। অভিযোগ আসে মেনিয়ালস, জুনিয়ার ডাক্তার, নার্সদের উপর। অথচ এই সমস্ত জুনিয়ার ডাক্তার যারা রয়েছে সেই সমস্ত হাসপাতালে সব বেডে তাদের দেখতে হয়। এক্সট্রা বেড তাদের ঘাড়ে এসে চাপে, কোন রেমিডি তাদের হয় না, দু' গুণ তিন গুণ তাদের রোগী দেখতে হয়। রেসিডেন্সিয়াল জুনিয়ার স্টাফ যাঁরা আছেন তাঁদের সর্বসাকুল্যে ৭৫ টাকার বেশি অ্যালাউঅ্যান্স দেওয়া হয় না। অথচ আমরা যদি ইউ কে-এর রেফারেন্স দিই সেখানে দেখব—মেসিং, লজিং, লন্ড্রি ইত্যাদি দিয়ে এরকম চাকরির জন্য তাঁরা ৪০০ টাকার মত বেতন পান। আর আজকে আমাদের বাংলাদেশে ৭৫ টাকায় সেই কাজ করিয়ে নেওয়া হয় ২৪ ঘণ্টাই তাদের খাটতে হবে। সরকার বাংলাদেশে নন-প্র্যাকটিসিং স্টাফদের অ্যালাউঅ্যান্স দেবার পেছনে যত টাকা খরচ করেন তার কিছু অর্থ যদি এভাবে ব্যয় করতেন তা হ'লে আমার মনে হয় যে, অর্থভাণ্ডারের ব্যয় আমাদের অনেক ভাল হ'ত। গভর্নমেন্ট হাসপাতালগুলিতে কাজ খুব স্লো, নেগলিজিবল, এই সমস্ত কথা, এই অভিযোগ আমরা প্রায়ই শুনতে পাই। কিন্তু তার জন্য এনকোয়্যারি করা দরকার, কিন্তু সরকার কোন কিছু করছেন ব'লে আমরা দেখতে পাই না। ডিস্ট্রিক্ট হসপিট্যাল, রুর‍্যাল হসপিট্যালগুলির কথা যদি ভাবি সেগুলির অবস্থা আরও শোচনীয়। কোয়ালিফায়েড কতকগুলি স্পেস্যালিস্ট পাঠিয়ে সরকার মনে করেছেন সমস্তই মীমাংসা করেছেন। বড় বড় পাকা বাড়ি, লক্ষ লক্ষ টাকা খরচ ক'রে তাঁরা সমস্ত কিছু ব্যয় ক'রে যান অথচ বারংবার যারা প্রতিনিধি আজ চিকিৎসাজগতে, ইন্ডিয়ান মেডিক্যাল অ্যাসোসিয়েশনএর এত বড় বড় সমস্ত লোক আজকে ব'লে আসছে যে বড় বড় পাকা বাড়ির পিছনে এত টাকা খরচ না ক'রে আজকে

আমাদের যন্ত্রপাতি, ঔষধপত্র, বেডের সংখ্যা ইত্যাদি বাড়ানো হোক। নীলরতন সরকার হাসপাতালে এক হাজার টাকা দিয়ে একটা অপারেশন থিয়েটার করা হয়েছে আজ পর্যন্ত তা ব্যবহার করার সুযোগ আমাদের সরকার দিচ্ছেন না।

গভর্নমেন্ট বলেছেন যে, তাঁরা নূতন স্কীমএ মেডিক্যাল মেনদের আনএমপ্লয়মেন্ট মিলিয়ে দেবেন। অথচ দু হাজারের বেশি ডাক্তার এখানে চাকরি পাবে না। আজকে বাংলাদেশে ১৭ হাজারের উপর ডাক্তার রয়েছে। বছর বছর পাঁচ হাজার ক'রে ডাক্তার নূতন ক'রে বেরুবে ৫০০ জন ডাক্তার এর মধ্যে আনএমপ্লয়েড রয়েছে। আজকে ওয়েস্ট বেংগলএ ডাইরেক্টরেট অব হেল্‌থ সার্ভিসেসএ একজন ডাইরেক্টর, ৭ জন ডেপুটি ডাইরেক্টর, ১৩ জন অ্যাসিস্ট্যান্ট ডাইরেক্টর, ১৪ জন ডেপুটি অ্যাসিস্ট্যান্ট ডাইরেক্টর মোট এই সমস্ত স্টাফ আজকে বাংলাদেশে যেসমস্ত রয়েছে এর জন্য মোটা বেতন, মোটা নন-প্র্যাকটিসিং অ্যালাউঅ্যান্স তাঁরা পান। জীবনে তাঁরা কোনদিন প্র্যাকটিস করেন নি, করবেন না, ডাক্তারি তাঁরা ভুলে গেছেন, অথচ এঁদের মধ্যে ডাইরেক্টর অব হেলথ্‌ সার্ভিসেস একাই পাবেন ৪০০ টাকা, নন-প্র্যাকটিসিং অ্যালাউঅ্যান্স, আজকে এর চেয়ে মাথাভারি শাসন, টপ-হেভি অ্যাডমিনিস্ট্রেশন কাকে বলব? ছাত্র পড়ানোর জন্য টিচিং ডাক্তারদের নন-প্র্যাকটিসিং করা হচ্ছে শুধু গভর্নমেন্ট যে কলেজ আছে তাইতে। গভর্নমেন্ট কলেজ ছাড়া আরও তিনটি কলেজ রয়েছে তার জন্য তাঁরা কোন কথা ভাবছেন না। দুরকম ডাক্তার আমাদের বাংলাদেশে বেরুবে—এটাই কি আজকে সরকার চাচ্ছেন? নন-প্র্যাকটিসিং অ্যালাউঅ্যান্স এটাই কি ক্রাইটেরিয়ান? আমাদের বাংলাদেশের বিখ্যাত ডাক্তার, ভারতবর্ষের বিখ্যাত ডাক্তার, বিধানচন্দ্র রায়কে কি আমরা দেখি নাই অধ্যাপক হিসাবে? তিনি কি ছাত্রদের পড়াশুনায় কি কোন গাফিলতি করেছেন? আমরা কি দেখি নাই ডাঃ ইউ এন ব্রহ্মচারী ছাত্র পড়াতে পড়াতে 'রিসার্চ' করেছেন? সেটাই আজকে কেন যে বড় ক'রে তোলা হচ্ছে বুঝি না তার পেছনে যুক্তি কি? আমরা দেখছি নূতন স্কীমএ তাঁরা যে বেতন করেছেন সে বেতন অনেকটা উন্নত হচ্ছে কিন্তু তাতে দেখতে পাই সিলেকশন গ্রেড শতকরা ৮ জন লোক এর সুবিধা পাবে। আর শতকরা ৯২ জন তাদের জীবনের শেষ দিন পর্যন্ত তাদের ৬৫০ টাকাতে চাকরি শেষ করতে হবে। ইন্ডিয়ান মেডিক্যাল অ্যাসোসিয়েশন যে স্কীম দিয়েছে—আমি ডাঃ বিধানচন্দ্র রায়ের কাছে অনুরোধ করব—তিনি ইন্ডিয়ান মেডিক্যাল অ্যাসোসিয়েশনএর একজন সৃষ্টিকর্তা আমি তাঁকে জানাবো যে, তিনি উক্ত অ্যাসোসিয়েশনের সংগে একমত হয়ে একসংগে কাজ করুন। তাঁর কাছে আমি এই আবেদন রাখছি যে, তিনি যেন ইন্ডিয়ান মেডিক্যাল অ্যাসোসিয়েশনএর সুপারিশগুলি বিবেচনা করেন। আমাদের হেল্‌থ মিনিস্টারকেও অনুরোধ করব, এঁরা সবাই ইন্ডিয়ান মেডিক্যাল অ্যাসোসিয়েশনের সংগে জড়িত রয়েছেন। রিক্রুটমেন্ট পি-এস-সি মারফত হোক, এবং ৩৫ বৎসরে আরম্ভ করা হোক এবং ৬০ বছরে শেষ করা হোক। কারণ বেশি বয়সে আরম্ভ করতে হয়। রিক্রুটমেন্ট সম্বন্ধে বলছি অন্যান্য যেসব আই.এ.এস. ইত্যাদি রয়েছে সেগুলির সংগে মিল রেখে করা হোক। স্কীম শুরুতে বাংলাদেশের কয়েকজন বিশিষ্ট ডাক্তারদের অনারারী প্রফেসরদের প্র্যাকটিস করার সুযোগ দেওয়া হয়েছে এটা ব্যক্তিগত ও দলগত স্বার্থসিদ্ধি ছাড়া আর কি হ'তে পারে? আমরা চিরকালই এই যে সুযোগের দুরকম ব্যবস্থা এর বিরোধিতা করেছি। আজকে ডাক্তারে ডাক্তারে এই কলকাতাতেই শুরু হয়ে গেছে মনোমালিন্য। লাইসেন্সিয়েট ডাক্তারদের কথা কিছু নাই, এই স্কীমএ কোন ব্যবস্থা নাই। আমাদের মতে সমস্ত টেম্পোরারি লাইসেন্সিয়েট ডাক্তারদের মধ্যে মেডিক্যাল অফিসার যাঁরা রয়েছেন তাঁদের স্কীম শুরুতেই পার্মানেন্ট ক'রে নেওয়া দরকার এবং যাঁদের দশ বছরের বেশি সার্ভিস আছে তাঁদের সম্পূর্ণ এবং সমান সুযোগ দেওয়া দরকার এই স্কীমএর আওতায়। আমি এখন বলছি অ্যান্টি-র‍্যাবিট ট্রিটমেন্ট সম্বন্ধে। কিছুদিন আগে আমাদের হেল্‌থ মিনিস্টার এই জায়গায়ই দাঁড়িয়ে বলেছেন যে, সব জায়গায় আজকাল সুবিধা দিচ্ছেন। গত দু' মাসে মিউনিসিপ্যালিটিগুলিতে একটা ক'রে সার্কুলার গিয়েছে যাতে মিউনিসিপ্যালিটিগুলিতে গরিব রেট-পেয়ার্সদের নিজেদের পয়সা দিয়ে যে চিকিৎসার সুযোগ ছিল তা বন্ধ হয়ে যাচ্ছে। এই জিনিস আমি হেল্‌থ মিনিস্টারকে অনুরোধ করছি অনুসন্ধান করতে। আমাদের দমদম এলেকায় বিলকান্দা ইউনিয়নএ একটা হেল্‌থ সেন্টার রয়েছে। মাত্র ৭টি বেড তাতে রয়েছে। সেখানে অন্তত ১০ বেডের হাসপাতাল করা

হোক। নর্থ দমদম এলাকায় মিউনিসিপ্যাল মেটারনিটি হোমএর জন্য আমরা অনুরোধ করছি, এই বাজেটে তার কোন প্রভিশন দেখতে পাচ্ছি না। সব শেষে বাগজলা খাল যেটা দমদমের উপর দিয়ে গিয়েছে সেই বাগজলাতে বহু টাকা খরচ করা হয়েছে অথচ বাগজলার অত্যাচারে সমস্ত লোক প্রাণে ত্রাহি ত্রাহি ডাক ছাড়ছে। এই খালের বদ্ধ জলের পচা দুর্গন্ধে এবং মশার উপদ্রবে মানুষের বাস করা এমন কি আপনারা যখন এর উপর দিয়ে যাবেন সেই যাওয়া পর্যন্ত অসম্ভব। আজকে বাগজলা খাল কাটান হয়েছে, আপনারা হয়ত বলবেন যে, স্লুইস গেট এখনও কমপ্লিট হয় নি। সেজন্য জল পাশ করতে পারছে না, কিন্তু আমি অনুরোধ করব যে, গঙ্গা থেকে আরম্ভ ক'রে বাগজলা খাল পর্যন্ত যে পোরসনটা আছে সেটার সংস্কারের জন্য আপনারা দেখুন। আমি ইরিগেশন মিনিস্টার এবং হেলথ মিনিস্টারকে এ বিষয়ে বিশেষ-ভাবে অনুরোধ জানাচ্ছি।

[3—3-10 p.m.]

**Sj. Renupada Halder:**

মিঃ স্পীকার, স্যার, বাংলাদেশ খাদ্যসমস্যায় বহুদিন থেকেই ভুগছে। অন্যান্য সমস্যার মত খাদ্যসমস্যাও বাংলাদেশে একটা বড় সমস্যা। ১৯৪৭ সালের পর থেকে একমাত্র ১৯৫৩ সালে বাংলাদেশে খাদ্যাভাব হয় নি। কিন্তু তারপর থেকে আমাদের অভাব অভিযোগ এবং খাদ্যাভাব লেগেই রয়েছে। এ সম্পর্কে সরকার ভগবানের দোহাই এবং কিছু রিলিফ ও খয়রাতি সাহায্য দিয়ে খালাস পেতে চান। টেস্ট রিলিফ ও এই খয়রাতি সাহায্য দানের সাথে সাথে আমাদের মূল সমস্যার সমাধান করতে হবে। প্রথম কথা হচ্ছে, এই সমস্যার সমাধান করতে হ'লে চাষীর হাতে জমি দেওয়া দরকার। কিন্তু এ পর্যন্ত সরকার চাষীর হাতে জমি দেওয়ার কোন বন্দোবস্ত করেন নি। আজকে বাংলাদেশে যে দুটো আইন তৈরি হয়েছে—ভূমি-সংস্কার আইন ও মধ্যস্বত্ব বিলোপ আইন—এই দুই আইনের মাধ্যমে চাষীরা কোনপ্রকার উপকার পায় নি। আজকে আমরা দেখছি বড় বড় জমিদার ও জোতদাররা বহু জমি বেনামী ক'রে রাখছে এবং রাখবার সুবিধাও পাচ্ছে। ভাগচাষীরা এতদিন পর্যন্ত যে জমিতে চাষ আবাদ ক'রে আসছিল তা থেকে তাদের উচ্ছেদ ক'রে দিচ্ছে। পশ্চিম বাংলায় এই সমস্যার সমাধান করতে হ'লে সর্বাগ্রে চাষীর হাতে জমি দিতে হবে এবং যাতে তারা চাষ-আবাদ করতে পারে তার দিকে সরকারের লক্ষ্য রাখতে হবে। আবার সরকার যদি শুধু চাষীদের হাতে জমি দিয়েই ক্ষান্ত থাকেন এবং চাষের দিকে নজর না দেন তা হ'লে বাংলাদেশে চাষ-আবাদ কোনদিনই ভাল হ'তে পারে না। আজকে আমাদের নজর রাখতে হবে যাতে ক'রে চাষের উৎপাদন বৃদ্ধি পেতে পারে। এবং চাষের উৎপাদন বাড়াতে হ'লে প্রথমেই জলসেচের ব্যবস্থা করতে হবে। কিন্তু বাংলাদেশে বেশির ভাগ জায়গায় সেই ব্যবস্থা হয় নি। প্রতি বৎসর বিরাট অঞ্চলে জলাভাবে ফসল জন্মায় না ; জলনিকাশের অভাবেও অনেক অঞ্চলে ফসল নষ্ট হয়। এটা আমাদের একটা সমস্যা হয়ে দাঁড়িয়েছে। আমরা যদি এ ব্যাপারে যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বন করতে পারি তা হ'লে চাষের উন্নতি হয়ে ফসল অনেক বৃদ্ধি পেতে পারে। সেজন্য আমি মনে করি যে, গ্রামাঞ্চলে বিশেষ ক'রে সুন্দরবন অঞ্চলে ছোট ছোট খাল যেগুলি আছে সেগুলি সংস্কার করা প্রয়োজন, যেখানে খাল নাই সেখানে খাল কাটা দরকার। তারপর, স্লুইস গেট ক'রে বিভিন্ন জায়গায় জলনিকাশের ব্যবস্থা করা দরকার। এই সবগুলি ক'রে যেসব জমিতে বর্তমানে চাষ হচ্ছে না সেগুলিকে চাষযোগ্য ক'রে তুলতে হবে। এইভাবে সুন্দরবনে এক লক্ষ বিঘা জমিতে যেখানে বহুদিন চাষ-আবাদ হয় নি তাতে চাষ হতে পারে—তাই আমি এদিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। শুধু চাষের জমি বাড়ালেই চলবে না, যদি প্রয়োজনীয় সার না দেওয়া যায় তা হ'লে খাদ্যোৎপাদন বাড়তে পারে না। যদি চাষের উন্নতি করতে হয় তা হ'লে সার দেওয়ার দিকেও আমাদের লক্ষ্য দিতে হবে। আমরা সবাই অবগত আছি এবং মন্ত্রিমণ্ডলীও জানেন যে, সার নিয়ে আজকে ভীষণভাবে চোরকারবার চলছে। চাষীদের সময়মত সার দেওয়া হয় না, যেসময় সার দেওয়া প্রয়োজন সে সময় চাষীরা সার পায় না। এপ্রিল মাসে সারের প্রয়োজন, কিন্তু সেপ্টেম্বর-অক্টোবর মাসের আগে সার পৌঁছাতে দেখা যায় না। এ নিয়ে অনেক লেখালেখি হয়েছে কৃষিবিভাগের সঙ্গে। আমি এ নিয়ে এগ্রিকালচারাল অ্যাসিস্ট্যান্টএর সঙ্গে আলোচনা ক'রে দেখেছি, তাঁরা বলেন, আমরা কিছুই করতে পারি না, উপরের কর্তাদের

আপনারা বলুন। তারপর জমিদারী বিলোপের নামে কি ব্যাপার চলছে তা সকলেই অবগত আছেন। আমি শুনে অবাক হলাম যে—মন্ত্রিমহাশয় নিশ্চয়ই সঠিক খবর দিতে পারবেন—বেনামি করার জন্য এক লক্ষ কেস দায়ের করা হয়েছে। এই সমস্ত কেস যাতে অবিলম্বে ফয়সালা হয় এবং ভাগচাষীরা যাতে জমি থেকে বেদখল না হয় এবং এই বেনামি করাটা যাতে আইন ক'রে বন্ধ করা হয় এবং প্রকৃত চাষীদের মাধ্যমেই খানী জমি বণ্টন করা হয় তৎপ্রতি লক্ষ্য দেবার জন্য আমি সরকারকে অনুরোধ জানাচ্ছি। এটা যদি না হয়, যদি চাষীদের হাতে জমি না যায় আমাদের দেশের খাদ্যসমস্যার কোনদিনই সমাধান হবে না—আমাদের দেশে দুর্ভিক্ষ চিরন্তন সমস্যা হয়ে থাকবে। চাষী হাতে জমি পেলে জমির উন্নতির জন্য চেষ্টা করবে। এই ব্যবস্থা-গুলি যদি না করা যায় তা হ'লে চাষীর অবস্থা কোনদিন উন্নত হবে না।

**Sj. Durgapada Das:**

মাননীয় স্পীকার মহোদয়, বাজেটের জেনারেল অ্যাডমিনিস্ট্রেশন সম্পর্কে উল্লেখ ক'রে আমি কিছু বলতে চাই। নানা অভাব-অভিযোগ, কাজ হয় না, কাজ করা যাচ্ছে না—এইসব কথা শোনা যাচ্ছে। কিন্তু সেই সমস্ত কাজ করবার স্পৃহা—কর্মীদের মন থেকে নষ্ট ক'রে দেবার ব্যবস্থা সরকারের যাঁরা উচ্চতম পদে অধিষ্ঠিত আছেন, তাঁরা এমনভাবে ক'রে ফেলেন তাতে যতটুকু কাজ করবার মত টাকা দেওয়া হয়, তাও ঠিক সময়েতে কাজে লাগান সম্ভব হয় না। দুর্নীতি, স্বজনপোষণ এসব এমনভাবে ছেয়ে বসেছে, আচ্ছন্ন করেছে সেক্রেটারিয়েটকে যে, কর্মীদের মধ্যে কাজ করবার প্রেরণা সম্পূর্ণ নষ্ট হয়ে যাচ্ছে। আমি একটা দৃষ্টান্ত এখানে আপনাদের সামনে রাখতে চাই। সেটি ঘটেছে অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি কিভাবে নিয়োগ হবে সেই ব্যাপার নিয়ে। সাধারণতঃ বিভাগের অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি নিয়োগ হয়, হবার যে প্রচলিত নিয়ম আছে, যে দেখা যায় ওয়েস্ট বেঙ্গল স্টেট সিভিল সার্ভিসএ লোক রিক্রুট করা হয়; আর আর-একটা পন্থা হচ্ছে প্রোমোশন দিয়ে—সেই সেই ডিপার্টমেন্ট থেকে লোক নিয়ে অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি নিয়োগ করা হয়। এখন এই যে প্রচলিত নিয়ম এটা বদলাতে গেলে গভর্নর কোন রকম নিয়ম ক'রে দিতে পারেন কিংবা স্টেট লেজিসলেচারএ আইন ক'রে এ সমস্ত করা যেতে পারে। কিন্তু দেখা গেল যে, বড়কর্তাদের ফেভারিট কিছু লোক নিজেদের বিভাগে ইউ.ডি, অ্যাসিস্ট্যান্ট, হেড অ্যাসিস্ট্যান্ট, রেজিস্ট্রার হয়ে রয়েছেন—এইসব লোকদের তুলতে হয় নিজেদের নিজেদের বিভাগে হয়ত এত সেইরকম বেশি ফেভারিট লোক যে, তাদেরকে অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারির পদে তুলতে বহুকাল লেগে যাবে, হয়ত সম্ভব হবে না। তখন তাঁরা ঠিক করলেন যে, একটা কমন পুল করা যাক, একটা প্যানেল করা যাক, তার জন্য একটা বোর্ড তৈরি হ'ল। সেই বোর্ডে আমাদের চীফ সেক্রেটারি, পাবলিক সার্ভিস কমিশনএর চেয়ারম্যান, ডি এম গুপ্ত, যিনি এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স কমিশনার—এই তিনজনকে নিয়ে একটা বোর্ড হ'ল। এবং বলা হ'ল এখন যত লোক এই পোস্টের জন্য এলিজিবল অর্থাৎ ইউ.ডি, ক্লার্ক থেকে আরম্ভ ক'রে ঐ অ্যাক্টিং অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি পর্যন্ত সকলকে ইন্টারভিউ দেওয়া হবে। ইন্টারভিউএর যখন পালা এল—ইউ.ডি, ক্লার্ক যাঁরা, তাঁরা বাদ পড়ে গেলেন; ডাকা হ'ল জুনিয়ার হেড অ্যাসিস্ট্যান্ট, হেড অ্যাসিস্ট্যান্ট, রেজিস্ট্রার এবং অ্যাকটিং যাঁরা অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি তাঁদের। কিন্তু অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি যাঁরা অ্যাকটিং করছিলেন তাঁরা ভয়ে গেলেন না, ভাবলেন যে কনস্টিটিউশন তো বলেছে, যে পজিশনএ আছি সেই থেকে তো রিভার্ট করা যাবে না। কনফারমেশন কি হবে কি না হবে তার জন্য একটা লিস্ট হ'তে পারে, তার একটা প্রায়রিটি হ'তে পারে, কিন্তু আমাদের তো নামিয়ে দেওয়া যাবে না, রিভার্ট তো করা যাবে না! সকলে অ্যাপিয়ার হলেন, প্যানেল তৈরি হবার জন্য ইন্টারভিউ দিলেন। সেই ইন্টারভিউএর পরে প্যানেল হ'ল কি হ'ল না, কিংবা প্যানেল হ'ল তা জানা গেল না। সেসব চাবি এ'টে বন্ধ করা থাকল, চীফ সেক্রেটারির আলমারিতে। এখন নানা রকমের রিউমার রটতে লাগল। চারিদিকে সংবাদ কখনো বা হয়ে গেল—অমুক অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি অ্যাকটিং যিনি, তিনি রিভার্ট হয়ে চলে যাচ্ছেন, অমুক জায়গা থেকে ইউ.ডি, ক্লার্ক বা ঐ রকম ধরনের কেউ যদি চ'লে এসে থাকেন, তাঁকে বিগ্লেস করছেন—এই রকম ধরনের রিউমার, কখনো কংগ্রাচুলেশনস ফর সামবডি। কেউ এসে বললেন—তোমাকে কনগ্র্যাচুলেট করছি, তুমি হয়ে গেছ অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি, আবার কাউকে সমবেদনা দেখিয়ে—আহা-হা তোমার হওয়া উচিত ছিল, তুমি হ'লে না! এইসব ক'রে সেক্রেটারিয়েটএর অনেক সময় চলে যেতে লাগল, নষ্ট হয়ে গেল।

তারপরে দীর্ঘদিন পরে সম্প্রতি কিছুদিন আগে প্রায় ৭ মাস পরে হঠাৎ জানা গেল যে, কয়েকজনকে অন্য ডিপার্টমেন্ট থেকে নিয়ে এসে তাঁদের অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারির পদে বা অন্য জায়গায় দেওয়া হ'ল ; এক ডিপার্টমেন্ট থেকে নিয়ে আর এক ডিপার্টমেন্টএ দেওয়া হ'ল। এখন এই যে ব্যবস্থাটা হ'ল, এই ব্যবস্থা কিন্তু সব সেক্রেটারি মেনে নিলেন না। তাঁরা বললেন--আমাদের নিজের নিজের বিভাগে যাঁরা এতদিন ধরে দক্ষতার সঙ্গে কাজ ক'রে গেল, সেই ডিপার্টমেন্টএর প্রত্যেকটি খুঁটিনাটি যারা শিখে নিল, তারা আজকে রেজিস্ট্রার কিংবা অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি হয়ে কাজ করছে, তাঁদের সেই অভিজ্ঞতা—এই অভিজ্ঞতার জন্যই এই প্রমোশন। এ ব্যবস্থাটা যদি না থাকত, অভিজ্ঞতাকে যদি অস্বীকার করা হ'ত, তা হ'লে না হয় আলাদা কথা ছিল। সেইজন্য এই প্রমোশনএর ব্যবস্থা। অতএব আমার ডিপার্টমেন্টএর অভিজ্ঞ এবং ট্রায়েড যাঁরা অ্যাসিস্ট্যান্ট রয়েছেন, তাঁদেরকেই আমার ডিপার্টমেন্টএর অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি করতে পারি। দুটো ডিপার্টমেন্টকে একেবারে সরাসরি নাকচ ক'রে দিলেন। ল্যান্ড অ্যান্ড ল্যান্ড রেভিনিউএর মন্ত্রিমহাশয়—তিনি এতদূর পর্যন্ত গেলেন যে, ঐ যে চীফ সেক্রেটারির কাছ থেকে অ্যাপয়েন্টমেন্ট করবার সুপারিশ এল, তা নাকচ ক'রে দিয়ে নিজের ডিপার্টমেন্টএর রেজিস্ট্রারকে অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারির পজিশনএ বহাল ক'রে দিলেন এবং তাঁকে কনফার্ম ক'রে দিলেন। জালান সাহেব বললেন—এ আমি মানি না। তিনি অবশ্য অ্যাপয়েন্টমেন্ট ক'রে দেন নি, এখনও পর্যন্ত ফেলে রেখেছেন। অনেকদিন পরে শোনা যাচ্ছে তিনি নাকি বলছেন--আচ্ছা, কথাটা যখন হয়েছে, তখন না হয় তাকে মেনেই নেওয়া যাক। তা হ'লে দেখা যাচ্ছে, এই যে ব্যবস্থাটা হ'ল, ব্যবস্থাটা ডিপার্টমেন্টাল সেক্রেটারি যখন অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি, রেজিস্ট্রার তাঁদের রাখলেন, তাঁদের অভিজ্ঞতার কোন দাম নেই, তাঁদের প্রশংসার কোন দাম নেই - তাও হবে, এই তিনজনকে নিয়ে যে বোর্ড হবে সেই বোর্ডে দশ মিনিটের যে প্রশ্ন, প্রশ্ন হয়ত মেডিক্যাল ডিপার্টমেন্টএর লোককে - সিন্ধ্রী কারখানায় কতটা সার উৎপন্ন হয় সেই প্রশ্ন করতে পারেন এবং সেই প্রশ্নের সঠিক উত্তর দিতে পারল না ব'লে, তাঁর মেডিক্যাল ডিপার্টমেন্টের এতদিনের অভিজ্ঞতা কিংবা অন্য কোন ডিপার্টমেন্টের দীর্ঘ অভিজ্ঞতা সম্পূর্ণ চুরমার হয়ে যাবে। কেবলমাত্র সিন্ধ্রীতে কত সার তৈরি হয়েছিল বলতে পারছেন না ব'লে। এই রকম ধরনের যদি কাজ চলে, তা হ'লে কাজ করবার স্পৃহা কর্মীদের মধ্য থেকে একেবারে নষ্ট হয়ে যাবে। এই কথা আমি জানাতে চাই।

[3-10—3-20 p.m.]

**Sj. Sagar Chandra Mahato:**

মাননীয় স্পীকার মহোদয়, আমি আজ মানভূম জেলার দুরাবস্থা ও তার প্রতিকারের উপায় কি—সে সম্বন্ধে আলোচনা করব। প্রথম হচ্ছে অন্য জেলার সঙ্গে পুরুলিয়ার সামঞ্জস্য হচ্ছে না এই জন্য যে, বাংলার বিভিন্ন জেলার মত সমতল হবে না। যেখানে যেখানে আবড়-হাবড়া পাহাড়ে জমি, উঁচুনীচু জমি সেখানে নালা দিয়ে, কাঠি দিয়ে, জল বয়ে নিয়ে যাওয়া সম্ভব। কিন্তু তা করা এখানে হচ্ছে না। ওখানে যে জমি আছে, সেই জমিকে তিন ভাগে ভাগ করা যেতে পারে। প্রথম হচ্ছে বাহাল জমি, তারপর কাঙ্গালী ও বাজ। বাহাল জমিতে জলের কোন প্রয়োজন হয় না। কাঙ্গালীতে কিছু জলের দরকার হয়। আর বাজ জমির পরিমাণ হচ্ছে সেখানে চোদ্দ আনা ; সেখানে জল ছাড়া কিছুতেই চাষ হ'তে পারে না। এই বৎসর এমনিতে বর্ষা কম হবার জন্য, সেই এক ফসলা জমিতে জলের অভাবে ধান মারা গেছে। প্রতি ছয় বছরে একবার অজন্মা ও দুর্ভিক্ষ আসে। এ একটা কারণ হ'ল—এই বিহার সরকার গত পাঁচ বছর ধরে সেটা জানে যে, এটা বাংলার সঙ্গে সংলগ্ন হবে। সেইজন্য কৃষিকার্যের উন্নতির জন্য তাঁরা ওখানে বিশেষ কোন ব্যবস্থা করেন নাই। আবার বাংলার সঙ্গে এক হয়ে গেলেও এখানে কোন বিশেষ ব্যবস্থা হয় নাই। তবে এতকাল ধরে আমাদের যে অবস্থায় চলছিল, তার কারণ হচ্ছে এই যে, আমাদের ওখানে কিছু কিছু যে বাঁধ রয়েছে সেই বাঁধের দ্বারা এতদিন কৃষিকার্য চলত এবং যে পরিমাণ জমিতে তার দ্বারা সেচ হ'ত এখন সেই জমির চেয়ে প্রায় তিন গুণ জমিতে চাষ বেড়ে গেছে। সুতরাং তার দ্বারা আর সম্ভব হচ্ছে না। তা ছাড়াও সেই বাঁধ ৩০ বছর আগে একজনের অধীন ছিল, বাঁধগুলিও পুরান হয়ে গেছে, এখন ৩০ বছর পরে তার বংশ বৃদ্ধি হবার জন্য এবং তারা সবাই চাষী ব'লে অনেক জমি কমে গেছে, 'অবস্থাও

খারাপ হয়ে গেছে। ফলে তারা বাঁধগুলোর সংস্কার করতে পারে নি। সেইজন্য বাঁধে এখন বর্ষার জল খুব কম জমে। কাজেই তাতে কৃষিকার্য করার সুবিধা হচ্ছে না। এখন আমাদের মানভূমের অবস্থা হচ্ছে সরকার যদি ছোট ছোট পরিকল্পনার দ্বারা সেচের ব্যবস্থা করেন, তা হ'লে আমাদের দুর্ভিক্ষ চিরকালের মত তিরোহিত হবে। পুরানো যে বাঁধগুলি আছে, সেই বাঁধগুলির পঙ্কোদ্ধার করা প্রয়োজন এবং সঙ্গে সঙ্গে বাঁধ তৈরি করা। মানভূম জেলায় স্থানে স্থানে যে ছোট ছোট নালা ও জোল রয়েছে, সেই জোলগুলি সরকার যদি বেঁধে দেন, তা হ'লে তাতে সরকারও যেমন লাভবান হবেন, আমরাও তেমনি দুর্ভিক্ষের হাত থেকে রেহাই পাব। এ সম্বন্ধে আমরা যে চেষ্টা করি নাই তা নয়, শুধু আমাদের চেষ্টার দ্বারা তা সম্ভব হচ্ছে না। উদাহরণস্বরূপ আমি সরকারকে জানাচ্ছি যে, থানা সোনাবোনার একটা গ্রামে পাহাড় থেকে যে জোল গেছে, সেটাকে চেষ্টা ক'রে বাঁধা হয়েছিল। কিন্তু প্রতি বৎসর তা ভেঙ্গে যাচ্ছে। শুধুমাত্র ১৫।২০ হাজার টাকা সরকার খরচ করলে পর এটা সম্ভব হয় এবং ৩ হাজার বিঘা ধানী জমি উপকৃত হতে পারে। এটা করবার জন্য আমি সরকারকে অনুরোধ করছি। যদি সরকার এ বিষয়ে এনকোয়্যারি করেন, চেষ্টা করেন, তা হ'লে আমার মনে হয় ৮।১০ বছরের মধ্যে সরকারের সমস্ত টাকা উঠে আসবে; আর আমরাও দুর্ভিক্ষের কবল থেকে মুক্তি পাব।

আর একটা উদাহরণ দেব বালামুড়ি থানার। সেখানে গ্রামবাসীরা এই বছর যখন বর্ষা হ'ল না তখন দু মাইল দূর নদী থেকে ১৬ ফুট ওসার ও ১০ ফুট গভীর একটা নালা কেটে জল এনেছে। আমি নিজে সেখানে গিয়ে দেখেছি। দুধারে বর্ষার জন্য ছোট ছোট কয়েকটি নালা হয়েছে এবং সেজন্য মাটি দিয়ে আল দিতে হয়েছে। কিন্তু সেই মাটি দেওয়া সত্ত্বেও অধিকাংশ জল প্রায় বের হয়ে যাচ্ছে। যদি সেখানে কয়েক বস্তা সিমেণ্ট দেওয়া যায়, তা হ'লে সেটাতে ৫।৭টা গাঁয়ের জমিতে জলসেচ হতে পারবে। এ ছাড়া আরও যে ছোট ছোট জোল আছে, সেগুলিও যদি আপনারা বেঁধে দেন, তা হ'লে ৫।৭ বছরের মধ্যে সরকারের সমস্ত টাকা উঠে আসবে ব'লে বিশ্বাস করি।

আর একটা কথা হচ্ছে। গত সেসনে একজন বলে গেলেন যে পুরুলিয়া জেলা ত বাংলাদেশের বোঝা হয়ে গেছে। আমার সেখানে বক্তব্য—যদি বিচার করে দেখেন—তবে দেখবেন যে একেবারেই বোঝা নয়। পুরুলিয়া জেলা নানা সম্পদে পরিপূর্ণ এবং সেটা কাজে লাগাতে পারলে বাংলাদেশ তাতে সমৃদ্ধিশালী হতে পারবে। এটা হচ্ছে পাহাড়ী জায়গা—এই পাহাড়ে এমন সব কিছু পাওয়া যায়, যা থেকে অনেক, যেমন সিমেণ্ট তৈরি হতে পারে এবং এখানের গ্রামে একরকম সাদা মাটি পাওয়া যায় যা দিয়ে ঘর লেপা যায়। এইসব যাতে কাজে লাগান যায় সেটা দেখতে সরকারকে অনুরোধ করছি।

[3-20—3-30 p.m.]

**Sj. Rabindra Nath Mukhopadhyay:**

স্পীকার সাহেব, আমি প্রথমে নিখিলবঙ্গ দোকান কর্মচারী সমিতির দীর্ঘকালের যে একটা দাবী আছে যে দোকান কর্মচারীদের সম্পর্কে আইনটি সমগ্র বঙ্গে চালু করা হোক। এদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি এবং সঙ্গে সঙ্গে যে একটি রীতি চালু আছে যে যারা জনসাধারণের সঙ্গে সংযোগ রেখে কাজ করে, তাদের অধিককাল এক জায়গায় বহাল রাখা হয় না ট্রান্সফার করা হয়, কিন্তু এক্ষেত্রে দেখা যাচ্ছে জনৈক ডেপুটি চীফ ইন্সপেক্টরকে আট বৎসর একই জায়গায় রাখা হচ্ছে, যেহেতু তার সেখানে একটা ভেস্টেড ইন্টারেস্ট দাঁড়িয়ে গেছে। আমি প্রধানতঃ যে বিষয়ে বলব, সেটা হচ্ছে যে বাংলাদেশে যে শ্রমনীতি চলছে, তার সম্পর্কে দু-একটি কথা আমি তুলে ধরতে চাইছি। এখানে সরকার বলছেন যে তারা নাকি ১৯৪৭ সন থেকে আজ পর্যন্ত প্রায় দ্বিগুণ ওয়েজেজ ইনক্রিজ করেছেন। আমি মনে করি, কথাটা কিছু পরিমাণে সত্য। ছয় আনা যদি ওয়েজ থাকে তাহলে বহুক্ষেত্রে সেটা বার আনা হয়েছে। ৩০ টাকা থাকলে অনেক ইণ্ডাস্ট্রিয়াল ওয়ার্কার্সরা ৬০ টাকা পেয়েছে। এ বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু যদি সঙ্গে সঙ্গে একথা বলা হত ১৯৩৯ সালের হিসাবে ১০০ বেস ধরে যদি হিসেব করা হত যে বর্তমানে রিয়েল ওয়েজ কত দাঁড়িয়েছে, প্রডাকটিভিটি কত দাঁড়িয়েছে, কনজিউমার্স প্রাইসএর অবস্থা কোথায় দাঁড়িয়েছে—এইগুলি পাশাপাশি রেখে যদি তুলনামূলক হিসেব করা হত, তাহলেই সত্য উদ্ঘাটিত হত। স্পীকার, স্যার, আপনার দৃষ্টি আকর্ষণ করে আমি সামান্য

দু-একটা উদাহরণ দিচ্ছি। রিয়েল আরনিং-এর অবস্থা লেবার গেজেট অনুযায়ী ১০০ টাকা যেখানে ১৯৩৯এ, সেখানে ১০০:২৭, প্রডাকটিভিটি ১৩০, মনি ওয়েজ আর্নিং ৩৮১·২ কনজিমার্স প্রাইসএর অবস্থা ৩৭১। যদি ৩৭১ এবং ৩৮১এর মধ্যে ডিফারেন্স দেখা যায়, তাহলে নিশ্চয় সরকার আত্মপ্রসাদ লাভ করতে পারেন যে ৩৮০ কিংবা ৩৭১এর মধ্যে শতকরা ১০ ভাগ একচুয়াল পরিবর্তন দাঁড়িয়েছে। এখন রিয়েল ওয়েজএর যে পরিস্থিতি দাঁড়িয়েছে, তা এক হাতে দিয়ে অপর হাতে তুলে নেওয়া ছাড়া বাস্তবপক্ষে বাঙ্গালী শ্রমিকের জীবনে আর কোন ঘটনাই ঘটে না। প্রডাকটিভিটি হিসাব নিলে দেখা যাবে যে

productivity in India has again made a good beginning, the increase in Indian industry being something in the order of 300 to 800 per cent. in each part of the year.

এটা সরকারের রিপোর্টএ পাওয়া যাচ্ছে। বাংলাদেশে ইঞ্জিনিয়ারিংএ ২৮০ পারসেন্ট আউটপুট ইন ইঞ্জিনিয়ার গুডসএ পরিস্থিতি দাঁড়িয়েছে। অথচ ওয়েজেসএর ক্ষেত্রে তারা বলছেন যে তারা দ্বিগুণ করেছেন—হয়তঃ একটা ট্রাইবুন্যালও চলছে কিন্তু সমগ্র এটিচুডটা কি দাঁড়িয়েছে। এই দ্বিগুণ করা এটিচুড থেকে যদি হিসাব করে দেখা যায়—আমি পূর্বেই বলেছি যে একদিক থেকে ওয়েজ বাড়িয়ে অন্য দিক থেকে জিনিসপত্রের দাম বাড়িয়ে সেটা কেটে নেওয়া হয়েছে। এই সত্যটুকু যদি তারা উদঘাটিত করেন, তাহলে আমার কিছু বলার থাকত না। এই প্রসঙ্গে ১০০ টাকার নীচে যারা মাইনে পায়, তাদের অবস্থা যে কী সেটা জানাতে চাই। ১৯৫৪-৫৫ এবং ৫৬ সালের হিসাব থেকে দেখা যাবে যে এনুয়াল এভারেজ আর্নিং ১,০৫৭ থেকে ১৯৫৬ সালে ১১৪২·৯এ এসে দাঁড়িয়েছে। অর্থাৎ শতকরা আট ভাগের মত ইনক্রিজ হয়েছে। এখন রিপোর্ট অন কারেন্সী এ্যান্ড ফাইন্যান্স আর এক দিকে থেকে ১৯৫৬-৫৭ হিসাব আর একদিকে যদি পড়া যায়, তাহলে জেনারেল প্রাইস ইনক্রিজ একই সময়ে ১৯ পার্সেন্ট হয়েছে এবং ফুডএ দাঁড়িয়েছে সেটা ৩৪ পারসেন্ট। তাহলে বাস্তবে ওয়েজ ইনক্রিজএর ক্ষেত্রে যা দাঁড়াল, সেটা যদি সরকার পক্ষ ব্যাখ্যা করে বলতেন, তাহলে আজ ছাপার কাগজে লিখে সেটা বার করার প্রয়োজন হত না। আমি সরকারের কাছে আর একটা ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি। লেবার কনফারেন্স হয়ে গেল আজ আট মাস আগেতে, কিন্তু কেন সেই ফিফটিনথ লেবার কনফারেন্সএর রিকমেন্ডেশনগুলো বিভিন্ন ডাইরেক্টরেটএর মারফতে কার্যকরী করা হচ্ছে না? সেখানে সরকার মালিক ও শ্রমিকশ্রেণী পার্টি আছে অথচ সেখানে দেখা যাচ্ছে যে সরকারী ডাইরেকটরেট মন্ত্রী মহোদয় থেকে আরম্ভ করে সমস্ত ব্যাপারটাতে পুরান কারবার চলছে। আজ চার্টার অব ডিম্যান্ডস যখন আসে, সেখানে আমরা দেখি যে একই রকম ডিলে করার ব্যাপার। সেখানে ওয়েজ সম্পর্কে এটিচুড একটুকুও পালটায় নি, আমরা জিজ্ঞাসা করি যে ফিফটিনথ লেবার কনফারেন্সএর রিকমেন্ডেশনগুলি আমরা কি ছেড়া কাগজের টুকরা হিসেবে দেখব? ডাইরেক্টরেটকে সেগুলিকে কার্যকরী করার জন্য তারা কোনরকম নির্দেশ দেন নি—বরঞ্চ ওয়েজ যাতে বৃদ্ধি না পায়, তারজন্য ডাইরেকটরেট পুরান কায়দায় কাজ করে যাচ্ছে। এমন কি ট্রিবুন্যাল এর পর্যন্ত এতটুকু পরিবর্তন আমরা কোন দিক থেকে দেখতে পাচ্ছি না। মিঃ জাজ কিছুদিন পূর্বে একটা অ্যাওয়ার্ড দিয়েছেন, কিন্তু আফটার ফিফ্‌টিনথ্‌ লেবার কনফারেন্সএর পরে সেখানে ৩টা পার্টি একটা রেকমেন্ডেশন করেছে। সেখানে দেখা যাচ্ছে যে ওয়েজএর ব্যাপারে মাত্র ৩ টাকা বাড়িয়ে ৩৩ টাকা করে তারা নিশ্চিন্ত হয়ে বসে আছেন। অন্যান্য ক্ষেত্রেও কোন পরিবর্তনের চিহ্ন পরিলক্ষিত হচ্ছে না তার কারণ হচ্ছে- সরকারের এটিচুড হচ্ছে প্রধানতম বাধা। সরকার চাইছেন না যে ওয়েজ ইনক্রিজ হোক—এই কারণে স্যার বীরেন, আলামোহন দাস এবং শ্রী রাম প্রভৃতি যারা আছেন, তারা সরকারকে বুঝিয়ে ক্লিক করছেন যে এখানে ওয়েজ প্রভৃতি কম্পারেটিভলি বেশী আছে। আর একটা যেটা প্রচণ্ড বাধা হয়ে দাঁড়িয়েছে—যে এই পলিশির জের হিসাবে যারা নিযুক্ত হচ্ছেন সরকারী ডাইরেক্টরেটএ, তারা কারা? তারা বিলেতি মালিকের অনুচর—সরকারের এখানে কিছুদিন কাজ করে ছিল। মিঃ ব্যানার্জি দেখা যাচ্ছে তিনি এক জায়গায় লেবার অফিসার হয়ে বসে আছেন—বিলেতি একটা কারখানার, তিনি এখন লেবার অফিসার। মিঃ শৈলেশ চক্রবর্তী, যিনি কিছুকাল পূর্বে ট্রিবুন্যাল জাজ ছিলেন, দীর্ঘদিন যাবৎ ট্রিবুন্যাল শ্রমিকদের কেস করে এসেছেন, তিনি রিটায়ার করার সঙ্গে সঙ্গে বেঙ্গল চেম্বার অফ কমার্সএ চাকরি নিয়ে বসলেন। প্রত্যেকটা জাজ চাকরি থেকে রিটায়ার করার

পরেই বেংগল চেম্বার অফ কমার্স, এমার্জেন্সি এসোসিয়েশন, অর্ডিন্যান্স বা টি-প্ল্যান্টার মোটামুটি তাদের সংগে যোগ থাকার জন্য দেখা যায়, সেখানে তারা চাকরি পান। সুতরাং এদের হাত দিয়ে শ্রমিকের কোন উন্নতি সম্ভব নয়। আর একটা ঘটনা যেটা পিকুলিয়ার—আপনি দেখবেন যে লেবার কোর্ট হয়েছে, সেই লেবার কোর্টএ শ্রমিকদের সরাসরি যাবার উপায় নেই। কিন্তু সেই লেবার কোর্টএতে মিঃ এন, সি, চ্যাটার্জি, যিনি জাজ, ৯৯ পারসেন্ট কেসএ তিনি পরাজিত হয়েছেন। নর্ম্যালি পুনর্নিয়োগ অর্ডার তিনি দেন না। এটা কি করে ঘটে? ট্রেড ইউনিয়ন আন্দোলনে কালকেও এক জায়গায় ঘটেছে যে শুধু ইউনিয়ন করার অপরাধে তাকে ট্রান্সফার ও ছাটাই করা হয় এবং লেবার কোর্টএতে নানান আন্দোলনের ভিতর দিয়ে যখন পেঁছায় তখন দেখা যায় ছাটাই হয়ে গেছে। একটা অদ্ভুতরূপ রায় লেখা হয়। মিঃ এন, সি, চ্যাটার্জি তাঁর এওয়ার্ডএর মধ্যে এইরকম লিখেছেন যে আমি বিচার করে দেখেছি যে বে-আইনি-ভাবে ছাটাই হয়েছে, কিন্তু তবুও নিয়োগ করতে পারছি না, কারণ মালিকের সংগে শ্রমিকের সৌহার্দ নষ্ট হয়ে যাবে। তাহলে তার ত সেখানে থাকাই উচিত নয়। কারণ যেখানে সৌহার্দ সম্পর্কে তাকে নতুন থিওরি করতে হচ্ছে, সেখানে কেন তিনি থাকেন। সুপ্রিম কোর্ট পর্যন্ত এরকম রায় দেন না। তাহলে বার্ণ কম্পানির শ্রমিকরা নিযুক্ত হতে পারত না।

[3-30—3-40 p.m.]

সেখানে দেখা যাচ্ছে প্রতি ক্ষেত্রে বাংলাদেশে মামলাগুলি যখন আসে, ছাটাই ক্ষেত্রে তারা আর পুনর্নিয়োগ পায় না। এই ভিত্তিতে কি সরকারের লেবার পলিসি চলবে? এবং এর ভিত্তিতে কি বলা হবে যে বাংলাদেশে, পঞ্চবার্ষিকী পরিকল্পনা সফল হবে? আমি শ্রমমন্ত্রীর কাছে নিজে গিয়ে বলেছিলাম—বার্ণপুরএর অবস্থা যা দাঁড়িয়েছে, তাতে আপনারা সেখানে ওয়েজ বোর্ড বসাবার চেষ্টা করুন, সেন্ট্রালএ লিখুন, কিন্তু কেন তিনি ওয়েজ বোর্ড বসাতে রাজী হচ্ছেন না? তিনি আমাকে বলেছেন যে তারা বেশী মাইনে পায়—আমি তাকে বলেছি যে তারা কলকাতা শহরের বহু কারখানা থেকে কম মাইনে পায়। তিনি এ কথা বলার মালিক নন, যখন ফিফ্‌টিন্থ লেবার কনফারেন্সএ একটা এ্যাটিচুড তৈরি হয়েছে। আমি জানি তার যে মালিক স্যার বীরেন, তাকে বলে দিয়েছেন যে এরা এখানে বেশী মাইনে পায়। অথচ আসল ঘটনা তা নয়। এইজন্য আমরা দেখি যে প্রত্যেকটি কারখানাতে যেখানে এইগুলি পরিবর্তন করা প্রয়োজন সেখানে সর্বক্ষেত্রে দুর্ভাগ্যক্রমে পলিসি ডিকটেট করছে লালা শ্রী রাম, ডিকটেট করছে পলিসি টাটা, বিড়লা, ডিকটেট করছে পলিসি, আলামোহন দাশ, মুন্দ্রা এবং সেই কারণেই নতুন নতুন কথা বলা হচ্ছে। ট্রিবুন্যাল থেকে আরম্ভ করে কন্সিলিয়েশন অফিসার তারা একইভাবে কাজ করে চলেছেন। স্যার, এই প্রসংগে আমি একটা ইনকুইটির কথা বলব। এখানে একটা ওয়েজএর প্রশ্ন আসে। ইঞ্জিনিয়ারিং ওয়ার্কাররা যেখানে ৬১ টাকা মাইনে পায়, সেখানে গেস্ট স্কিন এ্যান্ড উইলিয়ামএর উইলিয়াম সাহেব মাসিক ৭০ হাজার টাকার মত ড্র করেন। সোস্যালিস্ট প্যাটার্ন অফ্ সোসাইটির কথা বলা হয়—অথচ যতদিন যাচ্ছে ইনইকুইটির পরিমাণ ততই বেড়ে যাচ্ছে। একটা কারখানার একজন লোক ৭০ হাজার টাকা ড্র করবে হোয়েরএজ ৬১ টাকা একজন ইঞ্জিনিয়ারিং শ্রমিক পাবে। এই কি সোস্যালিস্টিক প্যাটার্ন অফ সোসাইটির চেহারা? ঠিক তেমনি করে আপনারা কি ভাবছেন যে বার্ণপুরের শ্রমিকদের এইরকমভাবে রাস্তায় নাবিয়ে দিয়ে তাদের সংগে শত্রুতা সৃষ্টি করে তাদের বিক্ষোভকে আরও বাড়িয়ে দিয়ে এবং স্যার বীরেনের পলিসিকে কার্যকরী করতে গিয়ে আপনারা যে পঞ্চবার্ষিকী পরিকল্পনা করবেন তা কি সম্ভব করে তুলতে পারবেন? অর্থাৎ বার্নপুরেই পঞ্চবার্ষিকী পরিকল্পনার পঞ্চত্বপ্রাপ্তি সুরু হয়ে যাবে। অর্থাৎ যদি আপনারা ওয়েজ বোর্ড ইত্যাদির পথে অগ্রসর হবার চেষ্টা না করেন তাহলে ঐ ফলই যে হবে এ কথা আমি আপনাদের বলে দিচ্ছি। স্যার, স্ট্যান্ডিং অর্ডার রুলস সম্পর্কে আমি এই একই কথা বলতে বাধ্য হচ্ছি। আমি এর আগেও বলেছি যে ১৯৪৮ সালেতে ৪ দিনের বেশী সাসপেন্ড করার সাধারণ নিয়ম ছিল না; কিন্তু আপনারা এমনই একটা স্ট্যান্ডিং অর্ডার রুল করলেন যার পরিণতিতে এখন এক মাস সাসপেন্ড থাকবে। আজকে একটা অর্ডিনারি কোন কেস যদি হয়, তাহলে মালিক এক মাস যাবৎ সেটা ঝুলিয়ে রেখে দেবেন—তার আইনে সেখানে পাওয়া যাবে না এবং তারপর তার বিচার হবে, এনকোয়ারী হবে, অধিকাংশ ক্ষেত্রেই লেবার কমিশনারের দরজায় যেতে হবে এবং ছাটাইএর

মুখোমুখী হয়ে দাঁড়াতে হবে। ১৯৪৮ সালে যদি চার দিন থাকতে পারে, কি এমন ঘটনা ঘটল যার ফলে সেটা এক মাসে দাঁড় করালেন? এইটেই হচ্ছে স্ট্যান্ডিং অর্ডার রুলসএর মেজর মিসন্ডিমেনর এবং ইন্সাবঅর্ডিনেশনএর দৈনন্দিন অভিজ্ঞতা। এমপ্লইজ স্টেট ইন্স্যুরেন্স সম্বন্ধে এখানে অনেক কথাই বলা হয়েছে। দুর্ভাগ্যক্রমে কোন সময়েতে এরা এদিকে অগ্রসর হচ্ছেন না। এরপর জয় ইঞ্জিনিয়ারিং কারখানা সম্বন্ধে বলব। এই কারখানার মালিক লালা শ্রী রাম। কিছুদিন আগে দেখা গেল যে প্রায় ৮০০ শ্রমিকের উপর ডিফলটার নোটিস ইস্যু হয়েছে, তাদের কোন অপরাধ নেই, তাদের প্রতি মাসেই মাইনাটা ঠিক কেটে নেওয়া হচ্ছে, কিন্তু তারপর যখন এক্সিডেন্টএর জন্য প্রয়োজন হল, ঔষধের জন্য প্রয়োজন হল, অন্য কোন দুর্ঘটনার জন্য রিলিফের প্রয়োজন হল, তখন দেখা গেল যে সে ডিফলটার বলে সরকারের কাছে তার টাকা জমা পড়ে নি। সুতরাং ক্যাশ বেনিফিট হাসপাতাল অথবা কস্টলি কোন ম্যাডিসিনএরই প্রয়োজন হোক না কেন, সবদিক থেকেই তারা বঞ্চিত হচ্ছে। কিন্তু এর কৈফিয়ত কে দেবে? সরকারের আইন যদি কোন রকমভাবে এই সমস্ত কারখানার মালিকদের উপর প্রযুক্ত না হয় তাহলে স্বভাবতঃই এই আইনটা শ্রমিকদের হাতে নিতে হবে, অর্থাৎ প্রতি মাসে আমি টাকা দিচ্ছি, আমার টাকা কেড়ে নেওয়া হচ্ছে, অথচ দুর্ভাগ্যক্রমে প্রয়োজনের সময় আমি আমার প্রাপ্য পাচ্ছি না। বেলুড় গ্লাস ওয়ার্কসএর ৩৫ হাজার টাকা কোম্পানী ওয়ার্কারদের কাছ থেকে ড্র করে রেখে দিয়েছে, কোন বেনিফিট এর জন্য তারা পাচ্ছে না। সরকার যদি এদিক থেকে নিষ্ক্রিয় থাকেন এবং যদি বিন্দুমাত্র এর প্রয়োজন মনে না করেন অর্থাৎ তাঁর হাতে যে আইন আছে সেগুলি স্যার বীরেনের উপর প্রয়োগ করা যায় না, লালা শ্রী রামের উপর প্রয়োগ করা যায় না, অথবা জয় ইঞ্জিনিয়ারিং প্রভৃতি কারখানার মালিকদের উপর প্রয়োগ করা যায় না। তাহলে নিশ্চয়ই ট্রেড ইউনিয়ন আন্দোলন এই পর্যায়ে যাবে যে যারা তাদের তহবিল তছরূপ করছে তারা তাদের মতলব মত বেনিফিট আদায় করতে মালিক এবং সরকারকে বাধ্য করাবে। ইন্ডাস্ট্রিয়াল ডিসপুট এ্যাক্ট এবং প্রভিডেন্ট ফান্ড এ্যাক্ট সম্বন্ধেও ঠিক একই অবস্থা দাঁড়িয়েছে। বহু কারখানার মালিক টাকা মেরে বসে আছে, টাকা জমা দেয় না। শ্রমিকরা রিটায়ারমেন্টএর সময় সেই টাকা পায় না; এর কৈফিয়ত কে দেবে? কোন ক্ষেত্রেই দেখি না যে, সরকার এমন কোন ব্যবস্থা করেন যাতে এই সমস্ত মালিকদের আটক করা যায়, আইনও আবার আছে যে এরজন্য তাদের মাত্র ৭৫ টাকা ফাইন হয়ে যাবে। ৩৫,০০০ টাকা মেরে যদি ৭৫ টাকা ফাইন হয় তা হলে যে কোন মালিক সেই ফাইন দিতে রাজী থাকবে। কিন্তু ওয়ার্কারদের ক্ষেত্রে ঠিক উলটোটা হবে, যে আমি টাকা দিয়েছি এমপ্লয়িজ স্টেট ইন্স্যুরেন্সকে—আমার ওষুধের ব্যবস্থা করা হউক, আমার একসিডেন্টএর জন্য রিলিফের ব্যবস্থা করা হউক, তখন দেখা যাচ্ছে টাকা নেই। এইজন্য এর বিরুদ্ধতা করা ছাড়া আর কোন পথ নেই।

**Sj. Panchanan Bhattacharjee:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কালকে আমাদের এক বন্ধু সামনে থেকে বলেছিলেন যে "হংসৈর্যথাক্ষীরমিবাম্বুমধ্যাৎ" বলে একটা কোটেশন দিয়েছিলেন। তাঁরা রাজহংস ভাল ক্ষীর খান, আমরা কদর্য জলের মধ্য দিয়েই কাটাই—তাঁর কথা শুনে অনুপ্রাণিত হয়ে বই ঘাঁটতে ঘাঁটতে একটা সাধারণ বই আমার হাতে পড়লো। বইটা হচ্ছে প্রবেশিকা সংস্কৃত পাঠমালা—পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের প্রকাশন। এতেই বুঝলাম যে সরকারের ঘরে ঘুন ধরেছে, কারণ এখন মধ্যশিক্ষা পর্ষদের অস্তিত্ব নেই, সরকারী কর্মচারীরাই সেটা চালান। তাতে একটি গল্প আছে—গল্প বলার লোভ সম্বরণ করতে পাচ্ছি না। তার কারণ হচ্ছে, আমাদের বিচারমন্ত্রী তিনি আগে একাধিকবার গল্প শুনিয়েছেন, গল্পটি হচ্ছে এই যে ৪টি চোর চুরি করার দরুণ তাদের শূলের হুকুম হোল। শূলে তিনজনের মৃত্যু ঘটার পর চতুর্থ ব্যক্তি সে বললো—দেখি যদি একটু বুদ্ধি খাটিয়ে বাঁচতে পারি। সে ঘাতককে বললো—আমি সোনার চাষ জানি, রাজাকে এটা জানিয়ে যাব। রাজার কাছে তাকে নিয়ে যাওয়া হোল, সে বললো—স্বর্ণবীজ তৈরি করে দিন, আর জমি তৈরি করে দিন, তারপর আমাদের এখানকার যা পদ্ধতি সেই পদ্ধতিতে সার দিয়ে স্বর্ণবীজ তৈরি হোল। স্বর্ণবীজ তৈরি হওয়ার পর সে বললো—সোনার চাষ আমার দ্বারা হবে না, যদি হোত তাহলে আর চুরি করে মরতাম না। তাহলে কার দ্বারা হবে? যে জীবনে কোনদিন চুরি করে নি মাত্র সেই সোনার চাষ করতে পারে। তখন কি অবস্থা দাঁড়াল সেটুকু সংস্কৃত থেকে পড়ে শোনাচ্ছি। রাজা উবাচ—ময়া চারণেভ্যো দাতুং ধনং

চরিতং। আমি বাবা চারণদের দেবার জন্য কিছু টাকা রেখেছিলাম তার থেকে চুরি করেছিলাম। চোর উবাচ—তাহি মন্ত্রীনঃ বস্তু, মন্ত্রীনঃ উচুঃ—বায়ং রাজোপজীবনঃ কথোমঅবস্তেয়িন ভবাঘঃ। মন্ত্রীরা বললেন—আমরা রাজপোজীবি, আমরা কিছুতেই চৌর্যবৃত্তিহীন হতে পারি না। এখন পশ্চিমবঙ্গ সরকারের মধ্যশিক্ষা পর্ষৎ এই পাঠ্য পড়াচ্ছেন, ভালই করছেন। সরকার ব্যয় সংকোচের জন্য মাধ্যমিক শিক্ষাটা বন্ধ করে দিলেই পারেন, তার কারণ শিক্ষিত সম্প্রদায় তাদের উপর বড়ই বিরূপ, সম্প্রতি কয়েকটা নির্বাচনে তাহাই দেখা গেছে। বিদ্যাসাগর মহাশয় রাজনীতি করেছিলেন প্রথম ভাগের মারফত, এ কথাটা আমাকে বাংলাদেশের একজন খুব উচ্চতর কর্মচারী বলেছিলেন যে গোরুকায় চোর ধায় অর্থাৎ ইংরাজরা যে চোর এটা বিদ্যাসাগর মহাশয় স্পষ্ট ভাষায় না বলে ছন্দবন্ধভাবে প্রথম ভাগের মধ্যে তার পরিচয় দিয়েছিলেন। সংস্কৃত পণ্ডিত মশাইরা এখানে এসব কাণ্ড করেছেন। আমি পশ্চিমবাংলা সরকারকে বলছি যে আপনারা আপনাদের ঘর সামলান, তার কারণ আমরা কিছু কিছু জানি এবং সাধারণভাবে স্ক্যান্ডেল মঙ্গারিংকে আমরা পছন্দ করি না, কিন্তু তৎসত্ত্বেও পশ্চিমবাংলায় সার নিয়ে যেসব কেলেংকারী হয় তা আমাদের জানা আছে। কেউ হয়ত নিউ আলিপুরে বিরাট বাড়ি তৈরি করেন এবং সেই হয়ত ভায়ের নামে তৈরি হয়, তার কাহিনী আমাদের কাছে আছে। যাহোক এসব নিয়ে আমরা বিশেষ আলোচনা করতে চাই না, তবে এই বাজেট এত বিকলাঙ্গ বাজেট, এই বিকলাঙ্গ বাজেট নিয়ে নাড়াচাড়া করতে গিয়ে কি দেখা গেল সেটাই আমি বলবো। আমার মনে পড়লো এইচ জি ওয়েলস হঠাৎ পিসীর টাকা পেয়ে বড়লোক হওয়ায় লোকের সম্বন্ধে যা বলেছিলেন তাই বলছি। সে বেচারা লণ্ডনের সবচেয়ে বড় হোটেলে গিয়ে কি করলো—না,

he tipped everybody including an absent-minded diamond merchant who was waiting for his wife.

আমাদের পশ্চিমবাংলা সরকারের বাজেট এরকমই হয়েছে। কিন্তু দুঃখের বিষয় কাউকে সন্তুষ্ট করতে পারছেন না। সন্তুষ্ট যদি একজনকে করতে পারতেন, তাহলে নিখিল বঙ্গ চোর এবং গাঁটকাটা সমিতি তৈরী এবং তাতে যদি আমাদের মন্ত্রীদের প্রশস্তি দেওয়া হেত তাতেও বুঝতাম একটা কাজের কাজ হোত।

[5-40—5-50 p.m.]

কিন্তু ওঁরা কাউকেই সন্তুষ্ট করতে পারেন নি এটাই ওঁদের মস্ত বড় ব্যর্থতা।

তারপর খাদ্যমন্ত্রী মহাশয় খাদ্যের কথা বলেছেন নানা দেশে নানা রকমের চাল দেওয়া হচ্ছে। তাকে আমি একটা খবর দিচ্ছি এ্যালবাট্রস বলে একটা পক্ষী আছে, তারা অনেক সময় নোঙ্গর [illegible] গিলে ফেলে হজম করে ফেলে। এই এ্যালবাট্রস পক্ষীর মত হজম শক্তি যদি বাঙ্গালীকে দেওয়াতে পারেন তাহলে আর কোন অসুবিধা নেই। আমি পরীক্ষা করে দেখেছি দু জায়গা থেকে চাল নিয়ে—একটা ইছাপুর থেকে, আর একটা নিয়েছি কলকাতার শান্তি প্রেসের পাশ থেকে। শান্তি প্রেসের সঙ্গে আমাদের [illegible] বিশেষ পরিচিত বলেই বললাম। দু জায়গার চাল [illegible] নাক টিপে এবং দাঁত ব্যবহার না করেও এই চাল খাওয়া হয় না [illegible] এই ধরনের জিনিস তারা পরিবেশন করছেন। যেমন বলছিলাম যে মাধ্যমিক শিক্ষা বন্ধ করে দিন তেমনি নানান চাল বন্টন প্রকিওরমেন্ট ইত্যাদি সব কিছু বন্ধ করে দিন। [illegible] কর্পোরেশনের [illegible] কাউন্সিলার [illegible] সেখানে [illegible] করা হয়েছে। মেদিনীপুরের [illegible] যে [illegible] পাওয়া যায় নি এটা সত্য হতে পারে, সেখানেও হতে পারে কিন্তু এইসব ধরনের [illegible] পচা এবং অন্যান্য যা কাণ্ড করে তার ফলেতে নাক টিপে এবং দাঁত ব্যবহার না করেও এই চাল সিদ্ধ করেও গলাধঃকরণ করা যায় না। কাজেই এর থেকে আমাদের বাঁচান, রাজ্যের অনেক পয়সা বেঁচে যাবে। অবশ্য আমাদের কোন কোন বন্ধু চটে উঠছেন, কিন্তু আমি তাঁদের বলছি যে আমার কোন উদ্দেশ্য তাঁদের প্ররোচিত করবার জন্য নয়। তাঁরা একটু ধীর স্থিরভাবে শুনবেন। একজন [illegible] আগে [illegible] করেছিলেন কিন্তু প্রকোপিত হবেন না, এইটুকু আমি আশা করি। পশ্চিমবাংলার বহু সমস্যা নিয়ে আলোচনা হয়—ইরিগেশন, দামোদর ভ্যালি কর্পোরেশন [illegible] ইত্যাদি। আমি আর একবার বলেছিলাম তাতে সেচমন্ত্রী মহাশয় আমাকে

ঠাট্টা করে উড়িয়ে দিয়েছিলেন বলে এ বিষয়ে আমি পড়াশুনা করেছি। সেটা হচ্ছে রিহ্যাবিলিটেশন অফ দি গেঞ্জেস। আপনারা গঙ্গা নদীকে মেরে দেবার ব্যবস্থা করছেন। পশ্চিমবাংলার যদি গঙ্গা নদী না থাকে তাহলে এর অবস্থা কি হতে পারে তা নিয়ে ডাঃ মেঘনাথ সাহা কিছু গেবষণা করেছিলেন। তিনি শুধু ফিজিক্সের পণ্ডিত ছিলেন না, তিনি নদী বিজ্ঞান সম্বন্ধেও পণ্ডিত ছিলেন। ১৯৩০ সালে দামোদর বন্যা সম্বন্ধে যে ইনকোয়ারী কমিটি হয়েছিল ইংরাজ সরকার তাতে তাঁকে সদস্য হিসাবে নিয়েছিলেন এবং পরবর্তীকালে এ বিষয়ে সর্বশ্রেষ্ঠ যিনি বিশেষজ্ঞ তিনিও তাঁর কাজের ভূয়সী প্রশংসা প্রশংসা করেছিলেন। ডাঃ মেঘনাথ সাহা মহাশয় বলেছেন—

> "A similar fate seems to be slowly overtaking the present city of Calcutta which is the successor of Pataliputra and Gour as the premier city in Eastern India; its level has gone down within the two hundred years of its existence by about 2 to 4 feet below.

নীলাচলে মহাপ্রভু সিনেমা হয়েছে। আপনারা কেউ কেউ হয়ত জানেন যে মহাপ্রভু যে নীলাচলে গিয়েছিলেন আদি গঙ্গার পথে মহাপ্রভু প্রায় বাবরের সমসাময়িক অর্থাৎ আজ থেকে চারশো সাড়ে চারশো বছর আগে আদি গঙ্গার পথে সমুদ্রে যাওয়া যেত, আজকে সেটা মজে গিয়েছে। সুতরাং আমাদের সামনে যে ভাগীরথী হুগলী তাতে অাদৎ গঙ্গার জল নেই, আছে শুধু নালা নোঙরার জল, এই গঙ্গাকে বাঁচানোর কথা যদি আমরা চিন্তা না করি তাহলে আগামী ৫০-১০০ বছর পরে এই গঙ্গার বুকে চাষ হবে, যেমন ধুলিয়ানে চাষ হচ্ছে, যেমন নৈহাটির ওখানে চাষ হচ্ছে, সমস্ত দেশেই চাষ হবে। অবশ্য তাতে বাংলাদেশের খাদ্যাভাব মিটবে কিনা তা আমি বলতে পারি না। নদী সম্বন্ধে এ কথা বলবার আরো যুক্তিসংগত কারণ আছে, এই যে, যিনি সরকারী চাকরী করতেন—পশ্চিমবঙ্গ সরকারের একজন লোক যিনি সরকারের চাকরী করতেন, ডি এম সেন গুপ্ত যিনি সুপারিন্টেন্ডিং ইঞ্জিনিয়ার ছিলেন বাংলাদেশে, তিনি এ সম্বন্ধে কতকগুলি কথা বলেছিলেন। সায়েন্স ক্লাবে একটা সিম্পসিয়াম হয়েছিল। সেখানে অনেকে বক্তৃতা দিয়েছিলেন এবং আমাদের ডাঃ বিধানচন্দ্র রায় মহাশয় তিনিও সেখানে বক্তৃতা দিয়েছিলেন, সেখানে গঙ্গা ব্যারেজের কথাটাই বেশী জোর করে বলা হয়েছিল। কিন্তু বইটার ভূমিকায় ডাঃ বোস একটি কথা লিখেছিলেন যে গঙ্গাকে বাঁচাবার জন্য দুইটি পদ্ধতি আছে। একটি হচ্ছে ড্রেজিং, আর একটা হচ্ছে ফ্লাসিং। ফ্লাসিংটা ব্যারেজের দ্বারা হতে পারে, আর-অন্যভাবেও হতে পারে। অন্যভাবে যেটা হতে পারে সেটা এই বই থেকে পড়ে শোনাচ্ছি। ড্রেজিংটা এমন কঠিন কথা নয়, ড্রেজার আমাদের দেশে তৈরি হতে পারে এবং হচ্ছে বলেও শুনেছি। সুতরাং ছোটখাট ম্যানুয়েল অপারেশনে ড্রেজিং অথবা জাহাজ দিয়া ড্রেজিং হতে পারে। এ যদি করা না হয়, তাহলে এতে যা বলা হয়েছে—রিভার প্রবলেমস অফ ওয়েস্ট বেঙ্গল এই চাপ্টারএ এই ভদ্রলোক ১০এর পাতায় বলছেন—

> "After so many years of delta building along the new course of the Ganges, the hydraulic condition at the off take of the Bhagirathi is probably very near to that obtaining before the avulsion, and it should now be possible to reintroduce a large amount of spilling into the major portion of this area".

স্পিলিংএর দরকার। আপনারা ছোটখাট খাল কেটে জল এনে গঙ্গায় ফেলবার ব্যবস্থা করুন। আজকে খড়দায়, কলকাতার বাগবাজারে, হাটখোলায় ভাঙ্গন ধরেছে। আপনারা গিয়ে দেখুন কংক্রীটের গাঁথনি দেড় বছর পরে হঠাৎ বসে যায়। এ না বসে যেয়ে উপায় নেই। নদীর মুখে বসবে এবং নদী যদি ঠিকমত স্রোত না পায় আর যদি নদীতে নোনা জল আসে তাহলেও হবে। ডাঃ সুন্দরলাল ভোরা তিনি একটি প্রবন্ধ লিখেছিলেন—বাংলাদেশে আমরা ১২ মাস ইলিশ খেয়ে খুব খুসী হচ্ছি, আর চাঁদা মাছ খেয়ে খুসী হচ্ছি। এটা আমাদের জানা উচিত যে ইলিশ এবং চাঁদা মাছ নোনা জল ছাড়া হয় না। ১২ মাস গঙ্গায় নোনা জল থাকছে বলে এসব মাছ আসছে। একদিকে নোনা জল আর একদিকে গঙ্গা বুজে যাচ্ছে—এর ভেতর বৈজ্ঞানিক আলোচনা করার জায়গা এটা নয়, তবুও আমি সেচমন্ত্রী মহাশয়কে বলবো যে যৎকিঞ্চিৎ ব্যয় করে মুর্শিদাবাদ থেকে অন্ততঃ কোলকাতার কাছাকাছি জায়গা পর্যন্ত গঙ্গাকে বাঁচানোর চেষ্টা

করুন এটা খুব ব্রড কথা। আমার নিজের অভিজ্ঞতা থেকে আমি বলতে পারি যে ইছাপুরে একটা খাল আছে, কন্ট্রাক্টরকে কন্ট্রাক্ট দেওয়া হোল, সেই খালটাকে খুঁড়ে আরও ৫-১০ ফিট গভীর করে তিনি প্রচুর পয়সা নিলেন, কিন্তু দেখা গেল যে গঙ্গা খালের তুলনায় উঁচু। সুতরাং খাল যত গভীর হবে ততই গঙ্গার জল সেখানে ঢুকবে এবং খালের জল গঙ্গায় যাবে না। বিভিন্ন জায়গায় এই সমস্যা হয়েছে। বাংলাদেশে তিনটে বড় বিল আছে হিজল বিল, কেন্দুয়া বিল, আর ২৪-পরগনার বরাত বিল—এই তিনটে বিলেতে বাংলাদেশের খাদ্যাভাব মিটতে পারে, আর কিছুর দরকার লাগবে না। আপনারা গঙ্গাকে বাঁচান এই হচ্ছে আমার অনুরোধ।

পরবর্তী ব্যাপার হচ্ছে পশ্চিমবাংলা সরকারের শ্রম দপ্তর। এখানে গালাগাল মন্দ সমালোচনার অনেক পয়েন্টস আছে, তার ভেতর আমি যেতে চাই না। আমি কয়েকটা ব্রড প্রিন্সিপলস বলছি। আইনের ত্রুটি সংশোধনের জন্য আপনারা একটা বিল এনেছেন কিন্তু মাননীয় শ্রমমন্ত্রী এবং জুডিসিয়াল মন্ত্রী মহাশয় আইন খুলে দেখুন যে তার মধ্যে কত ভুল আছে। যেমন আইনগত ত্রুটি আছে যে একটি যদি বাই-পার্টাইট এগ্রিমেন্ট হয় এবং তাতে যদি সময়ের উল্লেখ না থাকে তাহলে কতদিন সেটা টিকে থাকবে তা কিছু বলা নেই। উত্তর প্রদেশে ব্যবস্থা আছে যে কন্সিলিয়েশন চলাকালীন শ্রমিকরা যদি হরতাল করে এবং মালিকরা যদি লক আউট করেন বা তাড়িয়ে দেন তাহলে সেকসন ৩৩ অফ দি ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউটস এ্যাক্ট তদনুযায়ী কিছু কাজ করা যায়। আমাদের পশ্চিমবাংলায় সেটা হয় না, কেন না সেই ধরনের অথোরিটি গেজেট করে দেওয়া হয় নি। আইনে তাদের যে ডেফিনিশন আছে সেই ডেফিনিশনে তাঁরা পড়েন না। সামান্য গেজেট য়্যানাউন্সমেন্ট হলে এই কাজটা হয়ে যায় এটা পশ্চিমবাংলায় আজ অবধি হয় নি। এখানে বলা হয়েছে যে মামলা মোকদ্দমার সংখ্যা কমে গেছে। গত পাঁচ বছরে হাই কোর্টে ট্রাইবুন্যালের রায়ের সম্বন্ধে বিচারের জন্য কতগুলি মামলা গিয়েছে, এবং সুপ্রীম কোর্টে কতগুলি মামলা গিয়েছে, যাতে শ্রমিকদের পক্ষে মামলা চালানো অসম্ভব হয়ে দাঁড়িয়েছে, তার একটা হিসাব যদি আমাদের এখানে দেওয়া হোত তাহলে আমরা খুব আনন্দিত হতাম। তার হিসাব দেওয়া যাবে না, কারণ প্রত্যেকটা ক্ষেত্রেই প্রায় পশ্চিমবঙ্গ সরকার পার্টী হয়েছেন। এ ক্ষেত্রেও একটা মস্ত বড় মজা আছে। হাই কোর্টের বিচার হোল জজের রায়েতে শ্রমিকরা জিতে গেল, কি জিতলো, না জজ বললেন যে রায়টি কোয়াশড্ হোল। তারপরে কি হবে শূন্যে ঝুলবে আর ট্রাইবুন্যাল হবে না। এক জজ হয়ত আড়াই টাকা মাইনে বাড়িয়েছিলেন, হাই কোর্ট হয়ত বললেন রায়টা কোয়াশড্ করে দিলাম, দ্বিতীয় জজ বসতে বসতে শ্রমিকরা রিটায়ার করে যাবে। তার আগে জজ বসবেন না, বিচারও হবে না। এটা একটা আইনে ত্রুটি আছে যে হাই কোর্টে কোয়াসড হবার পর কি হবে।

[3-50—4 p.m.]

তারপর আমরা আরও কয়েকটা ক্ষেত্রে দেখছি সরকারী কর্মচারীরা কাজে ফাঁকি দেন এবং দুর্নীতিগ্রস্ত এ সম্বন্ধে আমি বারবার বলেছি তাদের বেতন বৃদ্ধি করুন বিশেষ করে যারা নিম্নশ্রেণীর কর্মচারী। সেদিক দিয়ে কিছু হয় নি। ডিয়ারনেস এলাউয়েন্স সম্বন্ধে মারামারি মাথা ফাটাফাটি সব কিছু হচ্ছে সারা পশ্চিমবাংলার জন্য একটা ডি. এ. কমিটি বসালে কোন মহাভারত অশুদ্ধ হত না।

আরেকটা জিনিস হচ্ছে যে এই স্বাস্থ্যের ব্যাপার। এই সম্বন্ধে ইরিগেশনাল প্রবলেম সম্বন্ধে পড়তে গিয়ে দেখলাম যে একাধিক বিশেষজ্ঞ বলছেন বন্যার ফলে এ্যানোফিলিশ মশার লারভা নষ্ট হয়ে যায়, তাইতে ম্যালেরিয়া কমে। আমাদের দেশে ম্যালেরিয়া কমে যাচ্ছে তারজন্য পশ্চিমবাংলা সরকার কৃতিত্ব নিচ্ছেন, কিন্তু তার আসল কৃতিত্ব হচ্ছে প্রকৃতির। কিন্তু এ ক্ষেত্রে আমাদের সরকারের হাতে করবার মত রয়েছে যেমন বসন্ত। আমি জানি, আমার এলাকায় দেখেছি টিকাদার গিয়েছেন ৫০-৬০ জন টিকা দেবার মত ব্যবস্থা নিয়ে। গ্রামের লোকেরা তাকে জামা ছিঁড়ে দিয়েছে, ধরাধরি করেছে যে এখানে সবাইকে টিকা দিতে হবে। টিকাদার তার ব্যবস্থা করতে পারেন নি, প্রাণ নিয়ে কোন রকমে পালিয়ে এসেছেন। টিকা নাই- বসন্তে লোক মরে যাচ্ছে টিকার ব্যবস্থা নাই। কলেরার এই অবস্থা। টি বির কথা তো বলে কোন লাভ নাই কারণ ওটা হচ্ছে রাজব্যাধি। রাজব্যাধিতে আমরা পৃথিবীর শ্রেষ্ঠ স্থানীয়। সুতরাং এই

নিয়ে ভারতের স্বাস্থ্যমন্ত্রী যতটা বলেছেন আমাদের পশ্চিমবঙ্গের স্বাস্থ্যমন্ত্রী ততটা বলছেন না। অমৃত কাউর তিনি আগে ছিলেন তিনি বারে বারে বলতেন, জন্মনিয়ন্ত্রণ কর তাহলে সব সেরে যাবে বেকার সমস্যা থেকে টি বি পর্যন্ত। তথাপি আমি এই কথা বলব, যাই হউক এইসব ব্যাপারে যৎকিঞ্চিৎ করুন—করে একটু বাস্তব জ্ঞানের পরিচয় দিন।

**Sj. Shyamapada Bhattacharjee:**

মাননীয় স্পীকার মহাশয়, আজ কয়েকদিন ধরেই এখানে বিতর্ক শুনছি। এই বিতর্কের মধ্যে অর্থনীতি সম্বন্ধে আলোচনা কমই হয়েছে, কেবল বকাবকি, গালাগালি এগুলোই বেশী হয়েছে। যাই হোক, আমি সেসব কথার আলোচনা করতে চাই না। আমি সোজাসুজি যে কথাটা বলতে চাই সেটা হচ্ছে, আমাদের মূল সমস্যাই হচ্ছে খাদ্যাভাব। আমাদের প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা শেষ হয়েছে, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা এসেছে। কিন্তু এখনো আমাদের খাদ্যাভাব দূরীভূত হয় নি। এদিকেই আমাদের প্রধানতঃ দৃষ্টি দিতে হবে এবং যাতে কৃষির উন্নতি হয় সেদিকে দেখতে হবে। আমাদের দেশে অতিবৃষ্টির চেয়ে অনাবৃষ্টির জন্যই চাষের ক্ষতি হয় বেশী। সেদিক থেকে আমি বলব, জলসেচের ব্যবস্থা যদি ঠিক ভালভাবে হয় তাহলে ঘাটতি পূরণ হতে পারে এবং বাংলাদেশ খাদ্যের ব্যাপারে স্বয়ংসম্পূর্ণ হতে পারে। আমাদের বৃহৎসেচের ব্যবস্থা অনেক হয়েছে, কিন্তু এইসব বৃহৎসেচ ব্যবস্থার দ্বারা চাষীরা সমানভাবে জল না পাওয়ায় তেমন উপকার হচ্ছে না, তাই আমার মনে হয় যদি ছোটছোট সেচ-ব্যবস্থা করা যায় তাহলে বেশ ভাল হয়। ময়ূরাক্ষী হল, দামোদর হল, তারপর দেখছি এখন কংসাবতী পরিকল্পনা এসেছে এসবগুলোরও প্রয়োজন আছে, কিন্তু তার সঙ্গে প্রয়োজন হল ছোট ছোট সেচ ব্যবস্থা। পুরনো পুকুর সংস্কার করা, নতুন পুকুর কাটান, টিউবওয়েল করা এগুলিরও প্রয়োজনীয়তা রয়েছে—এগুলি হলে যেসমস্ত জায়গায় বড় বড় সেচ পরিকল্পনার দ্বারা উপকার হয় না সেইসব জায়গায় উপকার হবে এবং তাতে আমার মনে হয় খাদ্যের ফলনও বেশী হবে। তারপর, আমাদের বেকার সমস্যা দিনদিন বেড়েই যাচ্ছে, এবং এটা একটা আমাদের দেশের প্রধান অর্থনৈতিক সমস্যা হয়ে দাঁড়িয়েছে। এই বেকার সমস্যার সমাধান করতে হলে আমাদের শিল্পোন্নয়ন করতে হবে। বাংলাদেশে যা শিল্প আছে তার বেশীর ভাগই কলকাতায় এবং কলকাতার আশেপাশে। এই সমস্ত শিল্প যাতে বাংলাদেশের অন্যান্য জেলায়ও প্রসার পায় তারজন্য বিশেষ চেষ্টা করতে হবে। অন্যান্য জেলাতেও বৃহৎশিল্প, ছোটশিল্প, কুটিরশিল্প সবরকম শিল্পই প্রসার হতে পারে যদি আমরা তারজন্য সমানভাবে চেষ্টা করি। বৃহৎশিল্পের দিক থেকে আমার প্রস্তাব ছিল স্পিনিং মিল বসানোর জন্য, কিন্তু আজ পর্যন্ত সেই ব্যবস্থা হয় নি। স্পিনিং মিল করলে পর আমার মনে হয় তার সঙ্গে সঙ্গে কুটিরশিল্পের উন্নতিরও সাহায্য হবে। এই স্পিনিং মিল যাতে শীঘ্র শীঘ্র হয় সেজন্য আমি সরকারকে অনুরোধ করছি। এই প্রসঙ্গে আমি আরো একটা কথা বলব বৃহৎশিল্পের মধ্যে একটা চিনির কল এখানে খুব প্রয়োজন। চিনির কলের যেটা কাঁচামাল সুগারকেন সেটা এখানে পাওয়া যায়। এই প্রসঙ্গে আমি মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি যে, মুর্শিদাবাদের বেলডাঙ্গায় একটা চিনির কল অকেজো হয়ে পড়ে রয়েছে, সেটা যদি চালু করা হয় তাহলে আমার মনে হয় অল্প সময়ের মধ্যেই সেখানে অনেক লোকের কর্মসংস্থান হতে পারে এবং তাতে করে আরো একটা জিনিস হবে কৃষকেরাও বেশী ব্যবসা করতে পারবে। দ্বিতীয়তঃ যদি পাটের কল করা যায় তাহলে আমার মনে হয় চাষীরাও উপকৃত হবে, উপরন্তু স্থানীয় কিছু লোকেরও কর্মসংস্থান হবে। এখানে আমি অন্য একটা শিল্পের কথা বলব—রেশম শিল্প—এই রেশম শিল্প বাংলাদেশের একটা প্রধান শিল্প ছিল, এই রেশম শিল্প যদি পুনরুদ্ধার করা যায় তাহলে আমরা অন্য দেশের সঙ্গে প্রতিযোগিতা করতে পারব। এই বিষয়ে আমরা সেন্টার থেকে যে সাহায্য পাচ্ছি তার যদি সম্পূর্ণ সদ্ব্যবহার করতে পারি তাহলে আমরা রেশম শিল্পের লুপ্ত গৌরব পুনরুদ্ধার করতে পারব। আমাদের এখানে একটা রিসার্চ ইনস্টিটিউট আছে। এটার ভার সেন্টার থেকে গ্রহণ করেছেন। অন্যপ্রদেশ থেকে চেষ্টা চলছে যাতে নাকি এই রিসার্চ ইনস্টিটিউট এখান থেকে সরিয়ে নেওয়া যায়। এটা যদি এখানে থেকে চলে যায় তাহলে আমাদের রেশম শিল্পের অত্যন্ত ক্ষতি হবে। তারপর, কাঁসাপিতলের বাসনের ব্যবসার কথা বলব। এ শিল্পে যে অবস্থা দাঁড়িয়েছে তাতে সরকার যদি এদিকে দৃষ্টি না দেন তাহলে আমাদের দেশের একটা শিল্পের খুব ক্ষতি হবে। এ ছাড়াও অন্যান্য শিল্পের কথা বলতে পারতাম।

[4—4-10 p.m.]

**Sj. Rabindra Nath Ray:**

মাননীয় সভাপতি মহাশয়, পশ্চিমবঙ্গের সাধারণ মানুষের জীবনযাত্রার মানের উন্নয়নের জন্য তাদের বিভিন্ন দিকে যে সমস্ত পরিকল্পনা এনেছেন এবং সেই পরিকল্পনার মধ্যে যে আত্মতৃপ্তির মনোভাব নিয়ে আকাশকুসুম কল্পনা করছেন, সেটা বাস্তবে ফুটেছে কিনা তার বিচারের ভার বাংলাদেশের সাধারণ মানুষের হাতে ছেড়ে দেওয়া উচিত।

আমি পশ্চিমবঙ্গের সাধারণ মানুষের স্বাস্থ্য সম্বন্ধে যে ব্যয়বরাদ্দ হয়েছে সে সম্বন্ধে দু-একটা কথা আলোচনা করতে চাই। প্রথম কথা হল, জনস্বাস্থ্যকে আলোচনা করতে গেলে পর, তার প্রাথমিক দরকার, সেটা হচ্ছে জনসাধারণকে স্বাস্থ্য সম্বন্ধে সচেতন করে তোলা।

দ্বিতীয় কথা হচ্ছে জনসাধারণের খাদ্য সমস্যাকে সমাধান করা। খাদ্য সম্বন্ধে যে প্রশ্ন মাননীয় মন্ত্রী প্রফুল্লচন্দ্র সেন মহাশয় বলেছেন, তাতে তিনি একটা ব্যালেন্সড ডায়েটএর কথা উল্লেখ করেন। কিন্তু তিনি তার ব্যালেন্সড ডায়েটের সংজ্ঞা দিতে পারেন নি। সাধারণ মানুষের জন্য যে ব্যালেন্সড ডায়েট সেই প্রশ্ন বলতে আমরা যা বুঝি, সেই ব্যালেন্সড ডায়েট প্রোটেইন ফ্যাট, কার্বোহাইড্রেট, মিনারেল, সল্ট, ওয়াটার প্রভৃতির একটা পারস্পরিক সমতা থাকবে। প্রথম কথা হচ্ছে, খাদ্যের কথা ওঠাতে গেলে, ব্যালেন্সড ডায়েটের কথা ওঠাতে গেলে, জলের প্রশ্ন ওঠে। সেই পটেবল জল সরবরাহ পশ্চিমবাংলায় সরবরাহ করবার ক্ষমতা পশ্চিম বাংলা সরকারের নেই। অথচ তাঁরা দাবী করেন শ্রেণীহীন সমাজ। শুধু চিকিৎসা জগতে নয় সমস্ত জায়গায় একটা শ্রেণীহীন, জনসাধারণের কল্যাণকামী সমাজ ব্যবস্থা প্রতিষ্ঠা করবেন, এই কথা তাঁরা বলেন। কিন্তু জনস্বাস্থ্য পরিকল্পনার মধ্য দিয়ে তাঁরা যা করেছেন তাতে আমার মনে হয় একটি বিশিষ্ট শ্রেণীর কল্যাণে ও স্বার্থে এটা করা হচ্ছে। দেশী ও বিদেশী পুঁজীপতি ধনিক শ্রেণীর স্বার্থে ব্যবস্থা হচ্ছে। চিকিৎসা ক্ষেত্রেও তাঁরা সেই দৃষ্টিভঙ্গী, সেই চেতনা নিয়ে আসছেন। কারণ দেখা যাচ্ছে, দশ বছর আগে যখন দেশ স্বাধীন হয় নি, তখন চিকিৎসকগণ একটা বিশিষ্ট শ্রেণীর চিকিৎসক হয়ে গড়ে উঠেছিল এবং বিশিষ্ট চিকিৎসাকেন্দ্র গড়ে উঠেছিল, ঠিক তেমনি, আজকের দিনে, দশ বছর পরে একটা বিশিষ্ট শ্রেণীর জন্য চিকিৎসাকেন্দ্র ও চিকিৎসক গড়ে উঠেছে। যে কেন্দ্রগুলি ও চিকিৎসকরা জনসাধারণের পয়সা, রাষ্ট্রের পয়সা পেয়ে থাকে যে চিকিৎসকগণ জনসাধারণের পয়সায় ভারতবর্ষের বাইরে থেকে বিজ্ঞানসম্মত চিকিৎসা শিখে আসেন, তাঁরা সেটা জনসাধারণের সামনে তুলে ধরতে পারেন নি। যেমন উদাহরণ দিয়ে বলা যেতে পারে, পি, জি হাসপাতালে একুনে ৩৪১টি বেড আছে, তার মধ্যে ২৫টি ফ্রি বেড আর বাকি সব পেয়িং বেড। সেখানে যাঁরা ডাক্তার আছেন, তারা রাষ্ট্রের পয়সায় শিক্ষা নিয়ে এসেছেন, উচ্চ শ্রেণীর শিক্ষার জন্য আত্মনিয়োগ করেছেন। কিন্তু বাংলা দেশের যাদের মজুরী দৈনিক দেড় টাকা, তাদের পক্ষে তিন টাকা পার ডে দিয়ে সেখানে ভর্তি হওয়া একটা কল্পনাবিলাস ছাড়া আর কিছু নয়। এই গেল হাসপাতালের কথা। তারপর অন্যদিকে জনসাধারণের চেতনাবোধ চলে গেল। খাদ্য সমস্যার জন্য ব্যালেন্সড ডায়েট, ওয়াটার-সাপ্লাই প্রভৃতির সমাধানের প্রচেষ্টাই শুধু হয় নি। প্রোটিন, ফ্যাট, কার্বোহাইড্রেট পর্যন্ত ধরে হল একটা এনকোয়ারী কমিশন, ১৯৪৫ সালে। তাঁরা বলেছেন ফ্যামিন কেন হয়, বাংলাদেশে কি কি কারণে এই সমস্ত ঘটনা ঘটে, এনকোয়ারী করবার জন্য বলেছেন। তাঁরা আরও বলে গিয়েছেন ভারতবর্ষের ডায়েটের সম্বন্ধে। আমাদের খাদ্যে ভিটামিন-এ ও ভিটামিন-বি প্রচুর পরিমাণে কম আছে। সেই ভিটামিন-বি যদি আনতে হয়, তাহলে ঢেঁকিছাঁটা চাল খাওয়া দরকার। অথচ আমাদের দেশ থেকে ঢেঁকি তুলে দিয়েছেন, তার পরিবর্তে মেশিন থেকে চাল বের করছেন। ভিটামিন-এ ডেফিসিয়েন্সি যদি দূর করতে হয় তাহলে সেখানে দুধ, মাছ প্রভৃতি প্রটেইন খাদ্য খাওয়া দরকার। কিন্তু মাছ ত আজ বাংলাদেশের লোকের কাছে কল্পনা ছাড়া আর কিছু নয়। এখানে দুধও তাই হয়েছে।

সুতরাং আজকে প্রথম প্রশ্ন হচ্ছে, বাংলাদেশের জনসাধারণকে কি করে একটা ব্যালেন্সড ডায়েট দেওয়া যায়। সেই প্রশ্ন আজকে আমাদের সরকারের নীতিতে চিন্তাধারায় নেই। স্বাস্থ্য ব্যবস্থা খাতে যে টাকা ব্যয়বরাদ্দ করেছেন তাতে একটা জিনিস করতে চেষ্টা করেছেন ঐ তাদের ঐ বৃটিশ আমলের পারিপার্শিকতা, এবং তাদের কর্মচারীদের শ্রেণীগতভাবে, যাতে

ভাল চিকিৎসা ব্যবস্থা হয়, তারজন্য তাঁরা প্রচুর অর্থ ব্যয় করে চলেছেন। হাসপাতাল সম্বন্ধে বাজেট ডিসকাসনএর সময় বিস্তারিতভাবে আলোচনা হবে। তারপর ঔষধ সম্বন্ধে কথা হচ্ছে। আজ দশ বছর হতে চললো ভারতবর্ষ স্বাধীন হয়েছে। কিন্তু, এখানে ভারতবর্ষের মাটিতে যে দেশীয় প্রথায় ঔষধ তৈরী করবার চেষ্টা হওয়া উচিত ছিল, তা এখনও পর্যন্ত হয় নি। অথচ বৃটিশ আমলে দেখেছি ডাঃ ইউ এন ব্রহ্মচারীর মত লোক আবিষ্কার করেছিলেন ইউরাস্টিবামিন, যা সারা পৃথিবীতে আজও সাফল্যের সংগে ব্যবহার করা হয়। আমাদের বাংলাদেশে ও ভারতবর্ষে যারা খুব ভাল, জ্ঞানী ছেলে, শিক্ষক ও প্রফেসর আছেন, রিচার্স করা কাজের মধ্যে, তাদের দ্বারা তাজা, ভাল ওষুধ তাড়াতাড়ি তৈরি করাবার কোন ব্যবস্থা সরকারের নেই। একটা ডিজিস —টিউবারকুলাসিস রোগ, তাকে রোকবার জন্য তাঁরা চেষ্টা করছেন স্টেপটোমাইসিন দিয়ে, বিদেশ থেকে এনে। টাইফয়েডএর জন্য ক্লোরোমাইসিটিন ছাড়া যে আর অন্য কোন ঔষধ হয় না, সেই ঔষধও বাইরে থেকে আমদানী করতে হচ্ছে। গ্রামের লোক যারা সাধারণত গরীব তালপাতার ঘরে বাস করে, তারা কি করে এই সমস্ত দামী ঔষধ ব্যবহার করবে? আজকে দৈনিক দেড় টাকা মাইনের মজুর বা অল্প বেতনপ্রাপ্ত কর্মচারীদের পক্ষে ১১ টাকা, ১২ টাকা দাম দিয়ে একটা ক্লোরোমাইসিটিন ফাইল কিনে টাইফয়েডএর চিকিৎসা করা অবান্তর, তাদের কাছে এটা কল্পনা ছাড়া আর কিছু নয়। এই ত গেল দেশী ঔষধ তৈরী করবার ব্যাপার। অন্য দিকে আরও কতকগুলি জিনিস আছে। যেমন ডাক্তারের সমস্যা। জনসাধারণের রোগ হলে নিশ্চয়ই চিকিৎসা করতে হবে, কিন্তু সর্বত্র ডাক্তারের অভাব বিদ্যমান। স্ট্যাটিস্টিক্যাল ইন্স্যুরেন্সএর ডিরেক্টর পি সি মহলানবিশ, কিছুদিন আগে বলেন, সারা ভারতবর্ষের ডাক্তারের সংখ্যা যদি গণনা করা যায় রোগী অনুপাতে তাহলে দেখা যাবে—যেখানে আমেরিকাতে, সোভিয়েট রাশিয়াতে প্রতি সাতজন মানুষের জন্য একজন করে ডাক্তার আছেন, সেখানে আমাদের ভারতে বাংলাদেশের উর্বান এরিয়ায় দেড় হাজার লোকের জন্য একজন করে ডাক্তার এবং পাঁচটা গ্রাম যদি ২০ স্কোয়ার মাইলসএর মধ্যে হয়, তাহলে সেখানে এক লক্ষ মানুষের উপর হল একজন করে ডাক্তার। সুতরাং সরকার যদি তাঁদের বর্তমান স্কীমটা চালু করতে চান, এবং দেশে যদি লোকসংখ্যা আর বেশী না বাড়ে, তাহলে ১২০ বছর লেগে যাবে এই ১ লক্ষ মানুষের উপর চিকিৎসা করতে। অবশ্য পশ্চিমবাংলায় ডাক্তারের সংখ্যা ক্রমশ বেড়ে যাচ্ছে, সেই সকল ডাক্তারগণ সহর থেকে গ্রামে গিয়ে যাতে সেখানকার চিকিৎসা ব্যবস্থার দায়িত্ব ভার নিতে পারেন, তার ব্যবস্থা করা উচিত ছিল। কিন্তু তার কোন বন্দোবস্ত হয় নি। তাঁরা বললেন তিনশো হাসপাতাল করেছেন। কিন্তু এই যে তিনশো হাসপাতাল স্থাপন করেছেন বলে ডামাডোল বাজাচ্ছেন, তার মধ্যে কয়টি হাসপাতালে বিজ্ঞানসম্মত ব্যবস্থা করেছেন? সেখানে কি ভাল এ্যানেসথেটিস্ট রাখবার লেবোরেটরী স্থাপন করবার ব্যবস্থা করেছেন? কিম্বা বিজ্ঞানসম্মত চিকিৎসা ব্যবস্থার বন্দোবস্ত করেছেন?

তারপর এ ছাড়া আরও কতকগুলি বিষয় রয়েছে। একটা হচ্ছে, যে সমস্ত হাসপাতালগুলি বৃটিশ আমলে ছিল, যেমন ন্যাশনাল মেডিক্যাল স্কুল, কারমাইক্যাল মেডিক্যাল স্কুল ও মেডিক্যাল কলেজ—এগুলি আমাদের স্বাধীনতা অর্জন করার সংগে সংগে জাতীয়করণ করবার কথা ছিল। কিন্তু আজ পর্যন্ত তার কোন ব্যবস্থা হয় নি, বৃটিশ আমলে যেমন ছিল, সেইভাবে আজও চলেছে। পি জি হাসপাতালের ব্যবস্থা আগেকার দিনে, বৃটিশ আমলে যেমন ছিল, আজকার দিনে প্রায় ঠিক সেইরকম ব্যবস্থাই রয়েছে। সাম মাড়য়ারী ধনী ব্যক্তি, যাঁরা তিন লাখ টাকা দেবেন, তাঁর নামে হাসপাতাল উঠছে এবং চিকিৎসা ব্যবস্থাও হচ্ছে ওঁদের বন্ধুদের জন্য। এই হচ্ছে সরকারের বর্তমান চিকিৎসা ব্যবস্থা। সুতরাং অন্যদিকে গভর্নমেন্ট ফ্যামিলি প্ল্যানিংএর প্রশ্ন উঠিয়ে, আমাদের এখানে জনসংখ্যাকে কমাতে চান। কিন্তু চেয়ে দেখুন সোভিয়েট রাশিয়ার দিকে, যেটা সমাজতন্ত্রের পীঠস্থান, সেখানে মত মানুষের জীবনীশক্তি বাড়িয়ে দেবার ব্যবস্থা করা হচ্ছে। আর এখানে বিজ্ঞানের নামে মানুষের কি করে অকাল মৃত্যু ঘটে তার ব্যবস্থা করা হচ্ছে।

[4-10—4-20 p.m.]

**Sj. Ledhi Majhi:**

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের সামনে বাজেট উপস্থিত করা হয়েছে এবং সরকার শাসন-কাজের জন্য টাকা মঞ্জুর করে দিতে বলছেন। কিন্তু এই সব টাকার সদ্ব্যয় হচ্ছে না—সেটা

আমরা জানি। আমাদের জেলায় তার বহু দৃষ্টান্ত রয়েছে। বিহার সরকারের আমলে আমাদের জেলায় সরকারের বিশেষ ও বহু রাজনৈতিক কাজে বহু সমাজ বিরোধীকে শাসনের বিভিন্ন ক্ষেত্রে অধিকার ও প্রাধান্য দেওয়া হয়েছিল। বাংলার সংগে অন্তর্ভুক্তির পরে বাংলা-সরকার আজ আবার বিশেষ রাজনৈতিক উদ্দেশ্যে সেইগুলিকেই সংঘবদ্ধ করছেন। কংগ্রেসের পক্ষে কাজ করার জন্য এবং জবরদস্তি হিন্দী চালাবার জন্য জেলার সমাজ-বিরোধীদিগকে বিহার সরকার সংঘবদ্ধ করেছিলেন—পঞ্চায়েতে। সেই উদ্দেশ্যে বিহার সরকার প্রায় সমস্ত পঞ্চায়েতকে অগণতান্ত্রিকভাবে বিনা নির্বাচনে তৈরি করেন। এই পঞ্চায়েতগুলি সরকারের পক্ষে সমস্তরকম অপপ্রচার, দুর্নীতি ও জনপীড়নের কাজ করেছে। বাংলা সরকার ক্ষমতা পাওয়ার পর এই সব প্রতিক্রিয়াশীল পঞ্চায়েতগুলিকে কায়েম রাখলেন। নতুন নির্বাচন করলেন না। কারণ বাংলা সরকারের পক্ষে তারা কংগ্রেসের প্রচার, কংগ্রেসের জন্য ভোট-সংগ্রহ ও কংগ্রেস-বিরোধীদের পীড়ন প্রভৃতির কাজ করতে পারবে। দুর্নীতিপূর্ণ এই পঞ্চায়েতগুলি এখনও চলছে, হয়ত পরেও চলবে। কারণ বাংলা সরকার নির্দেশ দিয়েছেন যেখানে ব্লক অঞ্চল, সেখানেই পঞ্চায়েত গঠিত হবে। তার অর্থ এই যে ব্লকের মাধ্যমে নানা অফিসার যারা নিযুক্ত হয়েছেন, তারা এ অঞ্চলে কংগ্রেসের পক্ষে কাজ করবেন। পঞ্চায়েতের পরিবর্তনের ফলে যদি পঞ্চায়েতে কংগ্রেসের প্রাধান্য না থাকে, তবে ব্লকের দ্বারা ঐকাজ পূরণ হবে। আর যেখানে ব্লক নেই সেখানে পঞ্চায়েতগুলিই সরকার পক্ষে অবাঞ্ছিত কাজ চালাবে—এই সরকারের উদ্দেশ্য। সরকারের অনুগত রাখবার জন্য বিহার সরকার জেলার সমাজবিরোধীদিগকেই সরকারী এজেন্ট করতেন; তারা টাকা তছরূপ করলেও তারা সরকারের কাছে অপরাধী হতেন না। ঐ টাকা পুরস্কার রূপে পেয়ে তারা কংগ্রেসের পক্ষে বহু অন্যায় করত। দুঃখের বিষয় আমরা দেখছি আজও বাংলা সরকারের আমলে সেই পুরাতন সমাজবিরোধী এজেন্টরাই আজও সরকারী এজেন্ট হয়েছেন। পুরুলিয়া জেলায় পুলিসও আজ সমাজবিরোধীদের সংগঠিত করছে। গ্রামরক্ষীদল সংগঠনের নামে বিহার আমলের উপদ্রবকারীদের আজ বাংলা পুলিস বন্ধুরূপে সরকারী ক্ষমতা প্রদান করছে। পুলিসের প্রশ্রয়ে ঐ সমাজবিরোধীরা কংগ্রেসের পক্ষে প্রচার-কার্য চালাচ্ছে। অফিসারেরা এ উপদ্রবকারীদের বন্দুকও দিচ্ছেন। এমন কি, পুলিস ও অফিসারদের প্রশ্রয়ে ঐ সমাজবিরোধীরা বন্দুক নিয়ে জনগণের উপর উপদ্রব ও ভীতি প্রদর্শন করছে।

এই জেলার আদিবাসীরা রাজ্যের অন্য জায়গার তুলনায় আর্থিক ও শিক্ষা বিষয়ে অত্যন্ত অনুন্নত। এখন পর্যন্ত এমনও আদিবাসী আছে যারা যাযাবর সদৃশ। তারা ভূমিহীন, সহায়সম্বলহীন এবং অনেকে গৃহহীন। আমাদের দাবী এই আদিবাসীদের প্রতি সবিশেষ দৃষ্টি দেওয়া হোক এবং ভূমিহীন, গৃহহীন আদিবাসীদের জন্য ঘর ও ভূমির ব্যবস্থা করা হোক। যাযাবরদের জন্যও সুব্যবস্থা করা হোক।

তারপর শিক্ষার দিক দিয়েও এই আদিবাসীরা সর্বাধিক অনুন্নত। আমরা চাই এদের জন্য শিক্ষা প্রসারের বিশেষ ব্যবস্থা করা হোক।

**Dr. Jnanendra Nath Majumdar:**

স্পীকার মহাশয়, আজকে এই সভায় দাঁড়িয়ে বলতে গিয়ে আমার প্রথম কথা মনে হচ্ছে যে হয়ত আবার চর্বিত চর্বন করতে হবে কারণ আমার অন্যদিকের বন্ধুরা এই অভিযোগ ক্রমাগত করে যাচ্ছেন। কিন্তু এই চর্বিত চর্বন ছাড়া আমাদের দিকের লোকেদের অন্য যে আর কোন উপায় আছে তা বলে মনে হয় না। কেন না, এই ভোট অন একাউন্টস দেখতে গিয়ে যখন দেখি যে পুলিসের খাতে খরচ আবার বেড়ে চলেছে, আর সমাজ সেবার খাতে খরচ কমে চলেছে তখন মনে হয় যে যাঁরা কল্যাণকামী রাষ্ট্রের কথা মুখে বলেন এবং কল্যাণকামী রাষ্ট্র নাকি হয়ে গিয়েছে এবং তারপরে তারা সমাজতন্ত্রের দিকে পা বাড়াচ্ছেন সেসবই বাজে কথা। অতএব আমাদের পক্ষে বাস্তবিকই চর্বিত চর্বন করা ছাড়া আর কোন উপায় আমরা দেখতে পাই না। আমার মধ্যে মধ্যে মনে হয় যে আমাদের অন্যদিকে যাঁরা বসে আছেন তাঁদের মধ্যে কেউ কেউ সত্যি সত্যি রূঢ় আঘাত এখনও পান নি। যেমন আমাদের নূতন যিনি আইনমন্ত্রী হয়েছেন

তাঁর কাছে আমরা শুনেছিলাম যে কোন কোন জায়গায় নাকি ডিক্টেটরশিপ চলেছে, আর ভারত বর্ষে আমরা একটা ডেমোক্রেসি করে তুলেছি এবং সেই ডেমোক্রেসী এত বড় করে তুলেছি যে দুনিয়ায় আর কোথাও হয় নি। ছেলেবেলায় "সোনার সংসার" বলে একটা সিনেমা দেখেছিলা সেই কথা মনে পড়ে গেল। অর্থাৎ ইট দেখালেই বাড়ী তৈরি হয় না। ইলেক্শান করে লো পাঠালেই ডেমোক্রেসী হয় না। এদের ডেমোক্রেসীও করতে হলে নিয়ম হল যাঁরা রাজত্ব করে তাঁদের বিরুদ্ধে অন্য যাঁরা আসেন তাঁদের মত নিয়ে এবং সেটা দিয়ে নিজেদের মতের একটু রদবদল করে চালতে হয়। কিন্তু আমি অন্ততঃপক্ষে এখানে তা দেখতে পেলাম না। গতবারের কথা আমার মনে হচ্ছে যে আমরা তাঁদের সঙ্গে সহযোগিতা করে ৩টা রেজলিউশন এখানে পাস করেছিলাম--একটা দণ্ডকারণ্য, দ্বিতীয়টা স্টেডিয়াম এবং তৃতীয়টা হল ডি-ভি-সি। দণ্ডকারণ্যে এঁরা ডাণ্ডা মেরে রিফিউজিদের পাঠাতে চাচ্ছেন, অথচ আমরা বলেছিলাম যে রিফিউজিদের মত হলে তবে সেখানে তাদের নিয়ে যাওয়া হবে। ডি-ভি-সির বেলায় এঁরা আরও সুবিধা করেছেন। ডাঃ রায় এসে আমাদের কাছে কাঁদুনী গাইলেন যে আমাদের কিছু করবার নেই কিন্তু আমরা যখন বললাম যে বাংলাদেশের জন্য নিশ্চয় বলুন, তখন এঁদের যে দল ওখানে আছে তাঁরা করলেন কি না ছয় মাসের জন্য যার বিরুদ্ধে আমরা অনাচারের কথা আনতে চাচ্ছিলাম, তাঁকে রেখে দিলেন। কিরকম ডেমোক্রেসী দেখুন? কারণ যার বিরুদ্ধে অনাচারের জন্য আমরা বলেছিলাম যে, কথা উনি বলতে পারলেন না বলে আমাদের কাছে কাঁদলেন এবং যখন সেই কথা আমরা বললাম তখন উনি বললেন যে নিশ্চয় এর জন্য আমরা আইন করেছি, ততদিন পর্যন্ত অর্থাৎ ৬ মাস তিনি আরও থাকুন। এর স্টেডিয়াম তো পড়েই রয়েছে। ডাঃ রায় প্রতিশ্রুতি দিয়েছিলেন যে এটা তাড়াতাড়ি করে দেব। কিন্তু এটা না হওয়া দেখে মনে হচ্ছে যে হয় তিনি এটা করতে চান না, আর না হয় করতে পারেন না এবং বোধহয় যাঁরা তাঁদের ধারক ও বাহক তাঁদের জন্য বোধহয় আটকে যাচ্ছে। কাজে কাজেই ডেমোক্রেসী যে কোথায় চলছে জানি না এবং এর চেয়ে টোট্যালিটেরিয়ান রেজিম ভালো কি খারাপ তা বুঝতে পারছি না। যা হোক ডেমোক্রেসীর এই বাহার দেখা গেল। মাননীয় স্পীকার মহাশয় আপনি আমাকে অল্প সময় দিয়েছেন বলে অন্য দিকে আর বলা হল না। সেজন্য সময় অল্প বলে আমাকে স্বাস্থ্য সম্বন্ধেই বলতে হবে। স্বাস্থ্য সম্বন্ধে বলতে গিয়ে বলব যে যে টাকাটা ওঁরা দিয়েছেন এবং সেটাকে যদি আমাদের পাস করতে হয় তাহলে সেটাকে আমাদের চোখ বুজে পাস করতে হবে। কারণ ডিম্যান্ড অব গ্র্যান্টস চলবে না এবং এটা কোন সুবিধের জন্য যে করা হচ্ছে তা বুঝতে পারলাম না। আইন বুঝি না ও আইন পড়িনি বলে স্পীকার মহাশয়ের মতন কথায় বলতে পারি না। কিন্তু এই যে টাকাটা আমরা দিতে যাচ্ছি এর ব্যবহারটা কি ভাবে হবে সেইটুকুনই বুঝতে পারছি না। সেদিন আমরা বলেছিলাম যে অপোজিশনের কোন লোককে কোথাও নেওয়া হয় না—ডেমোক্রেসীর বাহার—যেমন মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন যে অপোজিশন হচ্ছে সাপোজিশন। কিন্তু সত্যি সত্যি অপোজিশনটা সাপোজিশন নয় অপোজিশনে ১০০ লোক আছে এবং সাপোজিশন নয়। তা ছাড়া ছেলেবেলায় "বোধোদয়"তে পড়েছিলাম যে পুত্তলিকার চক্ষু আছে দেখিতে পায় না, পুত্তলিকার কর্ণ আছে শুনিতে পায় না। আমাদের সরকারের অবস্থাও প্রায় তাই। বনগাঁয় একজন মন্ত্রী ছিলেন তিনি ইলেকশানে দাঁড়িয়েছিলেন বলে, সেখানে একটা হাসপাতাল তৈরি হয়ে গেল এবং কন্ট্রাক্টরকেও কিছু টাকা দেওয়া হল। সেই হাসপাতাল নাকি এমন যে সেখানে রিসার্চ করতে পারা যায় নার্সদের ট্রেনিং দিতে পারা যায়, সমস্ত সার্জিক্যাল কাজ করতে পারা যায় কিন্তু এখন তার জন্য কোন টাকা নেই, কারণ ইলেকশনে মন্ত্রী হেরে গেছেন বলে সোডার বোতল আর ফচ করে না। সেখানে ৬৮টা বেড আছে এবং ১২টী মাত্র রুগী আছে। সেই ১২টী রুগীকে দেখলে বোঝা যায় না যে সেটা হাসপাতাল না রিফিউজি ক্যাম্প। সেখানে এখন নার্সের কোন বন্দোবস্ত নেই। অথচ আমাদের বলা হচ্ছে যে ভোট অন একাউন্ট-এ টাকা দাও। সেখানে অপারেশন থিয়েটার আছে অথচ সার্জন নেই টেবিল নেই অ্যানেসথিসিয়ার বন্দোবস্ত নেই।

[4-20—4-30 p.m.]

সেখানে রেডিওলজি ডিপার্টমেন্ট আছে, কিন্তু রেডিওলজিস্ট নেই ও এক্স-রে প্ল্যান্ট নেই। অতএব পুত্তলিকার চক্ষু আছে দেখিতে পায় না, পুত্তলিকার কর্ণ আছে শুনিতে পায় না সেইরূপ এ'দের অবস্থা। অর্থাৎ হাসপাতাল আছে সেখানে চিকিৎসা হয় না। আমরা শুনি বড় বড় প্ল্যান আছে। আপনার, সমস্ত ডিপার্টমেন্টে এমন অবস্থা যে করে রেখেছেন- মেডিক্যাল ডিপার্টমেন্ট বা যে কোন ডিপার্টমেন্টই বলুন- তা আর বলবার নয়। আমরা এখানে প্রায়ই ডেমোক্রেসীর কথা শুনি, কিন্তু একে টোটালিটারিয়ান রেজিম ছাড়া আর কিছু বলতে পারা যায় কি না জানি না। এ'দের দুটো করে ডিপার্টমেন্টের ভাগ আছে শুনি- একটা সেক্রেটারিয়েট এবং আর একটা ডাইরেক্টরেট। এখন আবার নাকি এই দুটো কম্বাইন্ড হয়ে যাচ্ছে। কিন্তু তারা আর বদলী হন না, কারণ নিজেদের পছন্দ মত লোক আসেন এবং ডিপার্টমেন্ট আর বদলান হয় না। এখানে একটা বেশ মজার গল্প মনে পড়ে গেল। এখানে যাঁরা আসেন তারা প্রায় সব মিলিটারী থেকে আসেন। মিলিটারীর ডাক্তারদের সম্বন্ধে দুটো গল্প আছে। একটা গল্প হল—৮নং মিক্সচার ফুরিয়ে গিয়েছিল এবং আর্ডারলী এসে সালাম করে যখন বলল যে স্যার ৮নং মিক্সচার ফুরিয়ে গেছে তখন ডাক্তার বললেন যে ৬নং ২নং দে দেও। যখন আবার বলল ৬নং এবং ২নংও আলাদা আছে তখন ডাক্তার বললেন যে ৬নং আউর ২নং মিলায়কে দে দেও। (হাস্য)। আর একটা মিলিটারী গল্প আছে সেটা আরও ভাল। এক ভদ্রলোক মিলিটারী হাসপাতালে গিয়েছিলেন মাথায় যন্ত্রণা হচ্ছিল বলে। তখন ডাক্তার তার মাথার খুলিটা খুলে ব্রেনটা বার করে দিয়ে বললেন যে ৩ মাস পরে তোমায় খবর দেব। তিন মাস পরে সে লোক যখন আর এল না তখন তাকে খবর পাঠান হল যে তোমার ব্রেনটা ঠিক হয়ে গেছে নিয়ে যাও। কিন্তু সে লোক খবর দিল যে আমার আর যাবার দরকার নেই আমি মিলিটারীতে চাকরী পেয়েছি। (হাস্য)। এই হল মিলিটারীর অবস্থা। এ'রাই সেই মিলিটারী ডিপার্টমেন্টের লোক নিয়ে এসেছেন। এ'রা ওপর পালিশ করতে পারেন, কিন্তু চিকিৎসা সম্বন্ধে কিছু করতে পারেন না। শুধু তাই নয় এ'রা এসেই এমন কাণ্ড আরম্ভ করেছেন যে, এ'রা কথা দিয়ে তো কথা রাখেন না, আবার বলেন যে গভর্নমেন্ট সব সময় ইনকনসিসটেন্ট। যাদের এ'রা ধারক ও বাহক এবং যাদের প্রোগ্রেসিভ কেস এ ছিল যে বহুকপটিশ সত্য কথা বলতে হবে এ'রা তাও করেন না। এখানে এই কথা বলতে গিয়ে আমার মনে পড়ে গেল যে এ'রা একটা হেল্থ স্কীম করেছেন। কিন্তু সেই হেল্থ স্কীমটা এমন একটা অদ্ভুত অংশ ভাবে করা হয়েছে যে তা আর বলবার কথা নয়। এটার জন্য ৭ লাখ টাকা খরচ বাড়ান হয়েছে এবং বলা হচ্ছে যে আপনারা এটাকে সাপোর্ট করুন। এটা সম্বন্ধে ২৬এ জানুয়ারী নোটিফিকেশন দেওয়া হয়েছে এবং এটা রিট্রোসপেকটিভ ইফেক্ট ১লা জানুয়ারী থেকে দেওয়া হয়ে গেছে। অর্থাৎ রিট্রোসপেকটিভ ইফেক্টএ সবাই মাইনে পাবেন। আমি শুনলাম যে ফাইনান্স ডিপার্টমেন্ট থেকে নাকি এতে আপত্তি করেছে। আমরা দেখব যে জনসাধারণ এতে কতটা উপকার পেল, কিন্তু এ'রা তা না দেখে দেখেন যে ডাক্তাররা কতটা উপকার পায়। বাংলাদেশে প্রায় ১৪ হাজার ডাক্তার আছে। এর মধ্যে ৩ হাজার চাকরী করে এবং এ'দের কাছে আছে ১,৩০০। এই ১,৩০০ অল্প কিছু বাড়বে এবং যা হল সেই তেলা মাথায় তেল এ'রা ঢালবেন। আগে একটা ডাইরেক্টরের একটি পার্সোনাল এসিসটান্ট ছিল। কিন্তু এখন একজন ডাইরেক্টর অব হেল্থ সার্ভিসেস, ৩ জন ডেপুটি ডাইরেক্টর অব হেল্থ সার্ভিসেস ১৩ জন এসিসটান্ট ডাইরেক্টর অব হেল্থ সার্ভিসেস এবং সেই ১৩ জনের মধ্যে আবার নার্সিং সুপারিন্টেন্ডেন্ট তিনিও একজন বড় মিলিটারী অফিসারের নাকি কন্যা এবং তাঁর ৬০০ টাকা থেকে টোটাল ১,১০০ টাকা মাইনে হয়ে গেছে। এটা যে ১৩ জন হয়েছেন এ'দের আবার প্রত্যেকের ৩০০ টাকা করে নন-প্রাকটিসিং এলাউন্স বাড়ছে। শুধু তাই নয় এ'দের একটা একটা মাইনে বেড়েছে। কিন্তু সাধারণ লোকের জন্য কিছু হল না। এ'রা অতিশয় কি রকম ভুল করেন সে সম্বন্ধে একটা বলব। আমি কিছু [illegible] কবিরাজ মহাশয়ও আছেন। আজ ৫ বছর ধরে এ'রা বলছেন যে [illegible] হবে। কিন্তু প্রতিশ্রুতি মানা হচ্ছে না যাকে বলা যায় যে [illegible]। [illegible]

বন্ধুরা বলেন যে আমাদের প্রতি সকলেই সিম্প্যাথেটিক। কিন্তু আমাদের মুখ্যমন্ত্রী এ্যালো-প্যাথিক ডাক্তার বলে কিছুই নাকি হচ্ছে না। এর যে কি মেরিটস অ্যান্ড ডিমেরিটস আছে তার ভেতর যাওয়া হয় না। কিন্তু বলা হয় যে এজন্য বিল পাঠিয়ে দেওয়া হয়েছে, কিন্তু সেটাও গোকুলে বাড়ছে। এটা বরাবরই গোকুলে বাড়বে এবং বলবার সময় নানারকম এদিক ওদিক কথা বলা হয়। কিন্তু এমন অবস্থায় এসে দাঁড়িয়েছে যে কবিরাজ মহাশয়রা শেষ পর্যন্ত বলছেন যে তাঁরা হাঙ্গার-স্ট্রাইক করবেন বলে নোটিশ দিয়েছেন। কাজে কাজেই কি করে যে এই ভোট অন একাউন্টকে সাপোর্ট করা যায় তা আমি বুঝতে পারছি না।

[At this stage the member having reached the time-limit resumed his seat.]

**Sj. Gobinda Charan Majhi:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কয়েকটা তথ্য পরিবেশন করে দেখাতে চাই যে আমাদের পশ্চিমবঙ্গের মন্ত্রীমণ্ডলী মুখে যা বলেন তার কিছু কাজে পরিণত হয় নি। খুব বেশী দিনের কথা নয় গত বৎসর আমাদের খাদ্যমন্ত্রী মহাশয় এই বিধানসভায় বলেছিলেন যে অতঃপর যে সমস্ত টেস্ট রিলিফের কাজ হবে সেই সমস্ত টেস্ট রিলিফের কাজ ড্রেনেজ এবং ইরিগেশনের দিকে লক্ষ্য রেখে করা হবে। কিন্তু আমাদের হাওড়া জেলায় দেখতে পাচ্ছি যে টেস্ট রিলিফের কাজে সেখানে পার্ক তৈরি হচ্ছে। আমরা দেখছি যে বর্তমান বৎসরে টেস্ট রিলিফের কিছু টাকা গভর্নমেন্ট কমিয়ে দিচ্ছেন। এই কম টাকায় আবার পার্ক ইত্যাদির জন্য কাজে যদি খরচ হয় তাহলে আমাদের অবস্থা যে কি দাঁড়াবে সেটা সহজেই আমরা অনুমান করতে পারি। তারপর আমি আর একটা তথ্য পরিবেশন করতে চাই। এ'রা দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরি-কল্পনায় হাওড়া-আমতা যে রোড তৈরী করেছেন সেটা তৈরী করতে ৪৫ লক্ষ টাকা খরচ হয়েছে। সে রাস্তা প্রায় ৩ বৎসর আগে তৈরী হয়ে গেছে। কিন্তু সেই রাস্তায় বড় গাছিয়ার সন্নিকটে একটা লেবেল ক্রসিং তৈরি করে একটা শিকল দিয়ে বন্ধ করে রাখা হয়েছে এবং জন-সাধারণও সে রাস্তা ব্যবহার করতে পারছে না। এই দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় যেখানে অর্ধ কোটি টাকা ব্যয়ে গভর্নমেন্ট যে রাস্তা তৈরী করেছেন সে রাস্তা সেখানে যদি জন-সাধারণের ব্যবহারে না লাগে তাহলে গভর্নমেন্টের সুনাম তাতে অক্ষুণ্ণ থাকতে পারে না। এই রাস্তা খোলার ব্যাপারে আমরা হাওড়ার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের কাছে গিয়েছিলাম। তিনি বললেন যে আমরা এখনও রাস্তার কমপ্লিশন সার্টিফিকেট পাই নি। কিন্তু আমরা জানি এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার, রোডস-এর, হাওড়া ডিভিশন, কাছ থেকে ১৩ই আগস্ট ১৯৫৭ তারিখে, মেমো নাম্বার ৪৫৭৫, তারা কমপ্লিশন সার্টিফিকেট পেয়েছেন। এছাড়া এক্সিকিউ-টিভ ইঞ্জিনিয়ার, রোডস, হাওড়া ডিভিশন, মেমো নাম্বার ৫৯৬১, ডেটেড ১৭ই অক্টোবর ১৯৫৭ তারিখে ঐ রাস্তার লেবেল ক্রসিং তৈরীর জন্য মার্টিন কোম্পানীকে ৩০ হাজার ৪২০ টাকা দিয়েছে। কিন্তু মার্টিন কোম্পানী তার রেল পথের পাছে ক্ষতি হয় এই ভয়ে তারা এখনও সেখানে লেবেল ক্রসিং তৈরি করছে না। আমাদের তাই এখানে বিভাগীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা যে এত লক্ষ টাকা খরচ করে যে রাস্তা সাধারণের ব্যবহারের জন্য তৈরি হল সেই রাস্তা যদি একটা মার্টিন কোম্পানীর মতন কোম্পানী একটা লেবেল ক্রসিং তৈরির অজুহাতে বছরের পর বছর ফেলে রেখে দেয় তা হ'লে সেখানে আমাদের মন্ত্রীসভার কি কিছু কর্তব্য আছে? এই রাস্তা বিশেষ করে হাওড়া এবং হুগলি অঞ্চলে একটি মাত্র রাস্তা। পরিকল্পনার ত্রুটির জন্য আমাদের দামোদর নদী ও অন্যান্য খাল বিল মজে গেছে। সাধারণের মালপত্র যাতায়াতের একমাত্র পথ হচ্ছে সেই রাস্তা, কিন্ত সেই রাস্তা দিয়ে কোন মালপত্র আজ যাতায়াত করতে পারছে না। অথচ মার্টিন কোম্পানীর যে ছোট রেলপথ আছে সেই রেলপথের ক্ষমতা নেই যে এতসব মালপত্র বহন করে। অধিকন্তু আমরা অনেক সময় দেখি যে কোন বিশেষ রুগীকে যদি আনা হয় তা হ'লে সেখান দিয়ে আনিতে পারি না। কিছুদিন আগে সংবাদপত্রে সংবাদ বেরিয়ে-ছিল যে, এক ভদ্রলোক একটা অপারেশনের রুগীকে নিয়ে আসছিলেন, কিন্ত রাস্তার মাঝখানেই তার শিব কেলে যায়। কারণ তাকে অনেক ঘুরে আসতে হচ্ছে এবং সেসব রাস্তা খারাপ। এই হচ্ছে যেখানে অবস্থা সেখানে আপনারা বলছেন যে এক বছরে আপনারা ৭৭০ মাইল রাস্তা তৈরি করবেন। কিন্ত যে রাস্তা তৈরি হয়েছে সে রাস্তা যদি জনসাধারণের কাজে না লাগে

তা হ'লে সে রাস্তা তৈরি ক'রে লাভ নেই। আমি এই একটি দৃষ্টান্ত দিলাম, আরও হয়ত এইরকম আছে। প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনায় হাওড়া জেলায় একটি মাত্র রাস্তা হয়েছে কিন্তু সে রাস্তা মার্টিন কোম্পানীর স্বার্থসিদ্ধির জন্য জনসাধারণের ব্যবহারে লাগছে না। আমি মনে করি যে, মন্ত্রীমণ্ডলীর হস্তক্ষেপের জন্য এই রাস্তা বন্ধ হয়ে গেছে।

আমি আর একটা তথ্য পরিবেশন করতে চাই। সেটা হচ্ছে আমতা বেসিন ড্রেনেজ স্কীম সম্বন্ধে কিছু বলব। এখানে বন্ধুবর পঞ্চাননবাবু একটু আগে কেতুকজলার কথা তুলেছিলেন। এই আমতা বেসিন ড্রেনেজ স্কীম কেতুকজলা অন্তর্ভুক্ত এবং দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় এর জন্য ৪৫ লক্ষ টাকা ব্যয় হবে স্থির করা হয়েছিল। কিন্তু পরবর্তী সময়ে ঠিক হয়েছে যে, এটাতে ২৩ লক্ষ টাকা খরচ হবে এবং ১৯৫৮-৫৯ সালে এর জন্য ১০½ লক্ষ টাকা মঞ্জুরী করা হয়েছে। আমরা এখানে দেখতে পাচ্ছি যে, স্টুয়ার্ট ক্যানাল এরিয়াতে বিভিন্ন চাষীকে ৭ দিনের নোটিশে সমস্ত ঘর বাড়ী ছেড়ে দিতে হয়েছে। কিন্তু আমরা শুনতে পাচ্ছি যে যে সমস্ত লোককে কন্ট্রাক্ট দেওয়া হয়েছিল তাদের কশান মানি বা সিকিউরিটি ডিপোজিট প্রভৃতি ফেরং দেওয়া হচ্ছে এই দিক দিয়ে মনে হয় যে কাজ এখুনি আরম্ভ হবে না। অথচ দেখতে পাচ্ছি যে গরীব চাষীদের ৭ দিনের নোটিসে ঘরবাড়ী ছেড়ে দিয়ে চলে যেতে হচ্ছে। আর একটি কথা হচ্ছে য এই পরিকল্পনায় বনস্পতি এবং ভুজাডুর মহিজ খাল অন্তর্ভুক্ত হওয়া একান্ত উচিত ছিল। প্রথম পরিকল্পনায় এই দুটো খাল আমতা বেসিন ড্রেনেজ স্কীমের অন্তর্ভুক্ত ছিল কিন্তু পরবর্তী সময়ে কি কারণে জানি না এই দুটো খালকে আমতা বেসিন ড্রেনেজ স্কীম থেকে বাদ দেওয়া হয়েছে। এতে প্রায় ৩২ বর্গমাইল পরিমিত স্থান জলাভূমি রাখার ব্যবস্থা আমাদের সরকার গ্রহণ করেছেন।

এবং একথা বহুদিন বহুভাবে আলোচনা হয়ে গিয়েছে। আমাদের এসেম্বলীর কার্য-বিবরণীতে যা দেখি যদি আমতা বেসিন স্কীমের অন্তর্ভুক্ত আড়াই লক্ষ টাকা বিঘা জমিতে যদি সেচের ব্যবস্থা এবং জল নিকাশের ব্যবস্থা করা যায় তা হ'লে আমাদের হাওড়া জেলায় প্রায় ১৫ লক্ষ মণ খাদ্যদ্রব্য আরও বেশি জন্মাবার সম্ভাবনা আছে। পরিকল্পনা যেটা তাতে ঠিক হয়েছিল স্টুয়ার্ট ক্যানেল-এর মুখে লক গেট এবং স্লুইস গেট করা হবে। কিন্তু এখানে মন্ত্রী মহাশয়ের কাছে শুনতে পাচ্ছি লক গেট স্লুইস গেট বাদ দিয়ে খাল কাটা হচ্ছে। আমাদের কথা হচ্ছে যে যদি লক গেট এবং স্লুইস গেট বাদ দিয়ে খাল কাটা যায় তা হ'লে দু'বছরেই খাল পুরাণো হয়ে যায় কারণ বছরে ২।৩ ফুট সেখানে পলি পড়ে। সেজন্য আমার মনে হয় লক গেট এবং স্লুইস গেট বাদ দিয়ে খাল কাটলে সেই খাল কাটা নিরর্থক হবে।

[4-30—4-40 p.m.]

**Sj. Nishapati Majhi:**

মাননীয় স্পীকার মহোদয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে কথা বাজেট-উত্থাপন প্রসঙ্গে বলেছেন সেই মূল কথাগুলি একবারও স্মরণ না ক'রে যেন একটু ছন্নছাড়াভাবে চলেছি। তিনি বলেছেন উৎপাদন বাড়াতে হবে, অপচয় নিবারণ করতে হবে এবং অগ্রাধিকার সম্বন্ধে আমাদের প্রকৃত ধারণা থাকা উচিত। অনেক সদস্য মহাশয় এর মধ্যে এমন কথা শোনালেন যে, প্রকৃতির অনুগ্রহে ম্যালেরিয়া পালিয়ে গেছে। এমন কথাও শুনেছি এ আকাশ কল্পনা বাস্তবে কিছুই নয়—তার বিচারের ভার জনগণের হাতেই ছেড়ে দেওয়া উচিত। সংাই খাদ্য সমস্যার বিষয় যে বিরোধীপক্ষে বন্ধুদের যখন অর্থের দ্বারা পরিমাণ জানান হচ্ছে সেটা তারা অবজ্ঞা করছেন কাজের পরিমাণ জানান হচ্ছে সেটাও তারা গণ্য করতে চান না। মানুষের অগ্রহের বিষয় জানান যাচ্ছে সেটাকেও তারা হেসে উড়িয়ে দিতে চান। এক্ষেত্রে একটা সংবাদ এখানে আপনার সামনে উপস্থিত করছি বোধ হয় এটা বক্তৃতার বিষয়বস্তু বেশ জোরালো হয়ে উঠবে। পুরুলিয়ার পৌরসভায় ২৬এ ফেব্রুয়ারীতে ভোট গণনা হয়ে গেছে, এখানে অনেক পুরুলিয়ার সদস্য আছেন সেখানে জনমতের সমর্থন নাই, কংগ্রেসকে কেউ চায় না কিন্তু

সেখানে কংগ্রেস ৩২টি সিট-এর মধ্যে ১৮টি পেয়েছে, নাগরিক কমিটি ইত্যাদি ৮টি, স্বতন্ত্র ৬টি অর্থাৎ জনমত যে এ পক্ষে আছে সে বিষয়ে কোন সন্দেহ নাই।

[Noise]

আজ পঞ্চবার্ষিক পরিকল্পনার মধ্যে যে কাজ গড়ে উঠেছে আমার মনে হয় তাতে বিরোধী বন্ধুদের ভিতর একটা আতঙ্কের ভাব এসেছে কেন না আজ যে ১ কোটি মানুষ গ্রামে বাস করে সেখানে ব্যাপকভাবে পল্লীর উন্নতি হয়েছে এবং নানা কাজে নানা দিকে ছড়িয়ে পড়েছে প্রসার হয়েছে এবং জনগণের প্রত্যেকটি কাজ অত্যন্ত আগ্রহ সহকারে গ্রহণ করেছে সেজন্য আজ বিরোধী বন্ধুরা যে বলেন কথায় কথায় যে আমরা বড় লোক ঘেঁষা, আমরা কিছু উপকার করি না, পথ জানি না, সব কিছু ভ্রান্ত পথে চলেছি একথা বলে তারা অসতে বাহবা নেবার মত বক্তৃতা করে বেড়াচ্ছেন এবং কোন কোন সদস্য মহাশয় ওদিককার—এই যে চাউল বৃদ্ধি হয়েছে নানাদিকে উন্নতি হয়েছে, শাকসব্জীর পরিমাণ বৃদ্ধি হয়েছে, মাছ চাষ বৃদ্ধি হয়েছে দেশে, সেগুলি ধর্তব্যের মধ্যেই আনতে চান নি—দুধ ইত্যাদি যে বেড়েছে, সেটা মানতে চান নি, স্কুল-এর যে সংখ্যা বেড়েছে, কলেজের সংখ্যা বেড়েছে শিক্ষার্থীদের সংখ্যা বেড়েছে, শিক্ষা বেড়েছে এবং রাষ্ট্রের মধ্যে নূতন মানুষ নূতন যুগের পরে নূতনভাবে আজকে জেগে উঠেছে এসব তারা আমলই দিতে চান নি। কিন্তু তারা আমল না দিলে কি হবে, জনগণ আমাদের কাজের জন্য প্রতি পদে আমাদের সমর্থন করে যাচ্ছে

[কমিউনিস্ট পার্টির বেঞ্চ হইতে গন্ডগোল]

আমি খুব আনন্দিত এখানে শ্রদ্ধেয় ডাঃ ঘোষ মহাশয় ভাল উপদেশ দিয়েছিলেন যে আজকে বৃহৎ পরিকল্পনা যখন আমরা করছি তখন দুর্গত মানুষকে ভিখারী না করে তাদের কাজের ব্যবস্থা করা উচিত। তিনি ভাল কথা বলেছেন বলে আমি এই বিধানসভায় তাঁকে বারবার আপনার মাধ্যমে শ্রদ্ধা জানাচ্ছি এবং আমি তাঁর করতলে নিবেদন করছি যে আমরা শুধু ১ লক্ষ ৩১ হাজার জনকে ডোল দিই নি ২৫ই ফেব্রুয়ারী ১৯৫৮ পর্যন্ত প্রতি সপ্তাহে গড়ে দুর্গতদের কাজ ৮৭,৩৯৬ জনকে দেওয়া হয়েছে। তার মধ্যে দুর্গতেরা কি কি জাতীয় কাজ করেছে, ১লা এপ্রিল ১৫ই নভেম্বর ১৯৫৭ ১ লক্ষ ৫২ হাজার জন কি কাজ করেছে, কোন্ কাজের মাধ্যমে কত টাকা পেয়েছে তার হিসাব আমি আপনাদের আগাগোড়া দিতে পারি। কিন্তু মোটামুটি জানাচ্ছি যে রাস্তা মেরামত ৭,৮৩৩টা হয়েছে, কাজের সংখ্যা ৩,১০০টা, নতুন রাস্তা ১১৪টা, নালা প্রণালী ১৩৭ মাইল, ৭২টা কাজ হয়েছে, ছোট ছোট বাঁধ যাতে জল সঞ্চিত হবে, শস্যক্ষেত্রের উপকার হবে এই রকম ১৯৫টা হয়েছে, পুকুর সংস্কার ১৩২টা এবং অন্যান্য কাজ ৭৪টা হয়েছে। খাদি, ধানভাঙা এবং অন্যান্য সমস্ত কাজ, মধ্যবিত্ত দরিদ্র পরিবারকে সহায়তা করবার জন্য ৬টা হয়েছে আরো অনেক কাজ জেলায় জেলায় ইতি মধ্যে চালু হতে আরম্ভ হয়েছে। এই কাজের আজকে যথেষ্ট সার্থকতা আছে। গ্রামের জলাশয়গুলিতে যদি জল সঞ্চয় করাতে পারা যায় আমি খুব ভাল অভিজ্ঞ ব্যক্তির কাছে শুনেছিলাম যে, যে টাকা খরচ করা যায়—যদি ১॥ হাজার টাকা খরচ করা যায় স্থায়ী একটা গ্রামে তা হলে ১॥ হাজার টাকা আদায় হবে—এবং এতে মানুষের উপকার হবে। আজকে আমাদের সরকার এইরূপ একটা কাজের ব্যবস্থা করেছেন এবং বহু জলাশয়কে সংস্কার করার জন্য স্থির করেছেন, সেজন্য আমি সরকারকে ধন্যবাদ জানাচ্ছি। আমার এক বন্ধু বলেছেন মাছের কথা কোলকাতা শহরে মাছের সমস্যা আজকাল বড় সমস্যা। বৃহৎ কোলকাতায় প্রায় ৬০ লক্ষ লোক তার মধ্যে মোটামুটি জানা গেছে যে ৪০ লক্ষ লোক মৎস্যভোজী। মাথাপিছু আধমণ মাছ লাগলে স্পষ্টই বুঝতে পারা যায় যে কত মাছের দরকার হয়। কোলকাতায় যদি ১ ছটাক মাছের ব্যবস্থা করতে হয় তা হলে কমসে কম প্রতি সপ্তাহে আমাদের যে মাছের আয়োজন আছে তার দ্বিগুণ করতে হবে।

**Mr. Speaker:** Mr. Maihi, you are Parliamentary Secretary to Government; you are part of the Government. If the Government go you also go. So by thanking Government you are thanking yourself.

**Sj. Nishapati Majhi:**

আমি ভুলবশতঃ এম-এল-এ হিসাবে বলে ফেলেছি। আজ আমি মৎস্য বিভাগের মোটা-মুটি হিসাব জানাচ্ছি যে ১৯৫১-৫২ থেকে ১৯৫৫-৫৬ সাল পর্যন্ত ২২ লক্ষ ২০ হাজার টাকা স্বল্প এবং দীর্ঘমেয়াদী ঋণ দেওয়া হয়েছিল, তার মধ্যে ২০ লক্ষ টাকা আদায় হয়েছে এবং তার দ্বারা আমাদের ১৪ লক্ষ মণ মাছ সংগ্রহের ব্যবস্থা হয়েছে এবং যারা গরীব মৎস্য-জীবী তাদের জন্য একটা পরিকল্পনা স্থির হয়েছিল যে জাল নৌকা দেওয়া হবে, তারা ২৫ টাকা জমা দিলে পর, ৭৫ টাকা আরো সাহায্য করা হবে কিন্তু সেটা ভালভাবে কার্যকরী হয় নি। এজন্য সেটাকে ১ শত টাকা ৩ বছর পর্যন্ত পরিশোধ করবে।

[4-40—5 p.m.]

এর দ্বারা ও [illegible] দেখতে পাচ্ছি ৬১ হাজার টাকা দিতে পারছি, আমরা গরীব মৎস্যজীবীদের। [illegible] ১৬ লক্ষ একর মৎস্য চাষের জমি আছে। এর মধ্যে অনেক খাল বিল নদী নালা প্রভৃতি আছে এবং পুকুর ও সমতল ভূমি আছে। কিন্তু অধিকাংশ মালিকের অবহেলার জন্য ও উদাসীন মনোভাবের জন্য আজকে পতিত হয়ে আছে। এর অর্দ্ধেক অংশও মাছের চাষ হচ্ছে না। আমাদের সরকার অতি সত্বর একটা নীতি ঘোষণা করবেন। এটা করলে অনেক মৎস্যজীবী উপকৃত হবে। আমাদের আরেকটা আনন্দের কথা যে ইতিমধ্যে এই রাজ্যে এমন কতকগুলি বড় বড় খাস বিল সরকারের হাতে এসেছে যা মৎস্যজীবীদের দেওয়া হচ্ছে এবং এ থেকে অনেক মৎস্য পাওয়া যাবে। আরেকটা জিনিষ যে আমাদের এই রাজ্যে অনেক গরীব দীন দুঃখী ছেলেরা অনেক সমাজসেবার কাজ, স্বাস্থ্যের উন্নতির কাজ, রাস্তা ঘাট নির্মাণের কাজ করছে। আমাদের সরকার অনুন্নত ও তফশীল জাতির মধ্যে শিক্ষা বিস্তারের কাজ বেশ ভালভাবে এগিয়ে নিয়ে যাচ্ছেন। ১৯৫৬-৫৭ সালে ২ লক্ষ ৫০ হাজার টাকা খরচ করেছেন। এবং ১৭ হাজার টাকা পুস্তকাদি ও বেতন বাবদ সরকার দিচ্ছেন। এইভাবে মোটা টাকা সরকার খরচ করছেন, এবং এই অনুন্নত শ্রেণীর শিক্ষালাভ করবার এবং সুযোগ্য নাগরিক হবার আগ্রহ আমরা দেখছি। তারপর বন বিভাগেও আমরা দেখছি যথেষ্ট উন্নতি হচ্ছে। [illegible] পল্লীর মজুরদের জন্য প্রায় ১,৪০০ ঘর তৈরি করা হয়েছে এবং তারা ভালভাবে জীবিকা অর্জন করছে। এই বাজেটে একটি নতুন করে জাগ্রতি ভাব দেখা যাচ্ছে।

[At this stage the House was adjourned for 15 minutes.]

*[After adjournment.]*

[5—5-10 p.m.]

[When Mr. Speaker entered the Chamber and took his seat, Sj. Deven Sen pointed to the thin attendance in the House.]

**Mr. Speaker:** Now I have something to say. Honourable members may resent, but is it courtesy not to be present in the Chamber when a member is going to address the House? I am pointing out the fact to you, Mr. Mazumdar, that it is height of discourtesy. I have mentioned it over and over again, but nothing seems to improve the matter. I carefully listened the other day to your excellent speech which was of a very high order. I originally decided to rise at 5-5; then I thought that galleries would be usually empty. I deliberately timed the speech at this hour expecting that all honourable members would come, but they chose not to. However, Mr. Mazumdar, you please go on.

**Sj. Satyendra Narayan Mazumdar:**

মাননীয় স্পীকার মহাশয়, আমার অল্প সময় সুতরাং আমি [illegible] বলবো, বেশী [illegible]। আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে বলছি [illegible] [illegible] বিষয় [illegible] [illegible] [illegible] নেই। [illegible] [illegible] [illegible] আমি [illegible] এই বলে সতর্ক [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]।

চা-বাগানের শ্রমদপ্তর সম্বন্ধে আমি কয়েকটা মাত্র দৃষ্টান্ত দেব। শ্রমদপ্তর চা-বাগানের অনেকগুলি মামলা ৮।৯ বৎসর ধ'রে অমীমাংসিত রয়ে গিয়েছে, যেমন তিস্তা ভ্যালীর চা-বাগানের মামলা, শ্রমিক ছাঁটাই ও বরখাস্তের মামলা। এমন ঘটনাও রয়েছে যে, দার্জিলিঙ-এর সহকারী লেবার কমিশনার তিনি ইউনিয়ন-এর সেক্রেটারীকে চিঠি লিখছেন, তোমার ইউনিয়ন-এর অমুক বাগানে বোনাস নিয়ে আন্দোলন কেন হচ্ছে, এটা ঠিক নয়। আমি জিজ্ঞাসা করি, এই সহকারী লেবার কমিশনারকে কে এই অধিকার দিল, এটা আমি বুঝতে পারছি না। শ্রমমন্ত্রী মহাশয় সম্প্রতি ডুয়ার্সের কতগুলি চা-বাগান ঘুরে এসেছেন, অনেক ভাল ভাল হাসপাতাল, শিক্ষা বিস্তারের ব্যবস্থা দেখে এসেছেন। তিনি দেখেন নাই—তা আমি বলছি না। ব্যাপার হ'ল—তিনি যখন ডুয়ার্স চা-বাগানের মধ্যে পরিভ্রমণ করছিলেন, ঠিক সেই সময় আমিও চা-বাগানে পরিভ্রমণ করছিলাম। তবে তফাৎ ছিল এই—তিনি মালিক পক্ষের অতিথি হয়ে গিয়েছিলেন এবং সেখানে রাত্রি যাপন করেছিলেন। আর বেছে বেছে কয়েকটা জায়গায় তাঁরা তাঁকে নিয়ে গিয়েছিলেন। আর আমি চা-শ্রমিকদের অতিথি হয়ে গিয়েছিলাম, সর্বত্র ঘুরে দেখেছি। মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় আগামী বার ঐ অঞ্চলে পরিভ্রমণে যাবার সময় যদি আমাদের খরচ দেন, তা হ'লে পর আমরা তাঁর সঙ্গে ঘুরে ঘুরে তাঁকে এর অন্য দিকটা দেখাতে পারবো। তিনি যা দেখেছেন তা অস্বীকার করছি না, তবে অন্যদিকে তার চেয়েও বেশি দেখতে পারতেন। তিনি বলেছেন—ডুয়ার্সের চা-বাগানে কয়েক বছর আগে ॥৴০ আনা করে মজুরী শ্রমিকরা পেত, আর এখন তারা ১॥৶১০ আনা মজুরী পায়। যখন ঐ ॥৴০ আনা পেত তখন কোন আন্দোলন সংগঠিত হয় নাই; তখন ৫ টাকা মণ দরে চাল পেত। আজ সেখানে ১৫ টাকা দরে পেতে হয়।

দিল্লীতে ত্রি-দলীয় সম্মেলন যেটা হয়ে গেল, সেখানে এই ফেয়ার ওয়েজ-এর নীতি গৃহীত হয়েছে, এই ১॥৶১০ আনার কথা এসেছে। এখন তারা ১॥৶১০ আনা পাচ্ছে ব'লে শ্রমমন্ত্রী মহাশয় আনন্দিত হয়েছেন। তার চেয়েও বেশি চা-শিল্পে এমন এক গুরুতর অবস্থার সম্মুখীন, যার প্রতি আমরা সুযোগ পেলেই এই হাউসের দৃষ্টি আকর্ষণ করবার চেষ্টা করি, সেই অবস্থা সম্বন্ধে আমরা দেখছি, আমাদের রাজ্য সরকার এবং শ্রমমন্ত্রী, তাঁরা সমস্ত ব্যাপারে কেন্দ্রীয় সরকারের উপর দায়িত্ব চাপিয়ে দিয়ে বসে রয়েছেন এবং বলছেন—আমাদের করবার কিছু নাই। অথচ শ্রমমন্ত্রী মহাশয় বাগিচা কমিশনের সুপারিশগুলি আদৌ অধ্যয়ন করছেন না। মালিক পক্ষের কথা যাকে ক্যান্টীক দর্শনের উদাহরণ দিয়ে বলা যায় "টেবুলা রাশা" মত নিয়ে শুনে আসেন। মালিক পক্ষ তাঁকে বলছেন—সংকট এসেছে। মালিক পক্ষ আবার সংকটের আওয়াজ তুলেছেন এবং এই সংকটের আওয়াজ তুলে তাঁরা প্রকাশ্যে এবং অপ্রকাশ্যে ছাঁটাই শুরু করেছেন। প্রকাশ্য ছাঁটাই হয়েছে। এখন অপ্রকাশ্য ছাঁটাই হচ্ছে—চা-বাগানের শ্রমিকদের যারা পোষ্য, তাদের কাজ দেওয়া হচ্ছে না। বাগিচা তদন্ত কমিশনের রিপোর্ট পড়ে দেখলে বোঝা যাবে যে, চা-বাগানের এই তথাকথিত সংকট মানুষের সৃষ্টি করা সংকট, তা বন্ধ করবার জন্য কতকগুলো সুপারিশ তাঁরা করে গেছেন। সেগুলির প্রতি জাতীয় স্বার্থে, সমস্ত ভারতবর্ষের স্বার্থে, বিশেষ ক'রে উত্তরবঙ্গের অর্থনৈতিক স্বার্থে, রাজ্য সরকারের মনোযোগ দেওয়া দরকার। শুধু কেন্দ্রীয় সরকারের উপর দায়িত্ব ছেড়ে দিলে চলবে না। তাঁরা চা-শিল্পে মাঝে মাঝে সংকটের কথা তোলেন। যখন ১৯৫২ সালে এই আওয়াজ উঠেছিল, তখন সকলের মনে একটা প্রশ্ন উঠেছিল যে-শিল্পে এই রকমভাবে ক্রমাগত উচ্চ হারে মুনাফা হয়, সেখানে এক বছর একটু চায়ের দাম কমলেই সংকট হয় কেন? বাংলার চা-শিল্পের উন্নতির জন্য তাঁরা কিছু করেন না। গতবার আমরাও এ প্রশ্ন তুলেছিলাম। কিন্তু বাগিচা কমিশন অনেকগুলি জিনিষ দেখিয়েছেন কেন এই ব্যাপারগুলি হয়। চা-শিল্পকে শক্তিশালী করবার জন্য যে রিজার্ভ ফান্ড গ'ড়ে তোলা দরকার, তা তাঁরা সম্পূর্ণভাবে উপেক্ষা করে যান এমন কি যে বছর মন্দা হয়েছে ব'লে শ্রমিকদের উপর বোঝা চাপালেন, সেই বছরই রিজার্ভ ফান্ড থেকে টাকা তুলে তাঁরা ডিভিডেন্ড দেন। উৎপাদনে পড়তা খরচ চড়াভাবে বেঁধে দিয়েছেন। নানাভাবে ম্যানেজিং এজেন্সী কমিশনও চড়া হারে রয়েছে। তাঁরা চা-শিল্প গড়ে তোলবার চেষ্টা না ক'রে এইরকম-ভাবে সংকটের আওয়াজ তোলেন। আমি বিশ্লেষণটিং-এর কথা বলছি না, সেটার সম্বন্ধে মাননীয় রণেন সেন বলেছেন।

তারপর বাগিচা তদন্ত কমিশন সামান্য কতকগুলি সুপারিশ করেন। তাঁরা বলেন, রিজার্ভ ফান্ড-এর টাকা তুলে ডিভিডেন্ড দেওয়া যাবে না। ভারত সরকার সেই সুপারিশ মেনে নেন নি। রাজ্য সরকারও এ সম্বন্ধে কিছু জানেন না। এঁরা বলছেন—এটা বাংলার ব্যাপার নয়। এটা ছেড়ে দিয়ে তাঁরা যাবেন কোথায়? চা-শিল্পে সংকট এলে শ্রমিক বেকার হবে। আমাদের উত্তরবঙ্গের পাঁচটী জেলার অর্থনীতি একেবারে ভেঙ্গে পড়বে, ধ্বসে পড়বে। সুতরাং ভারত সরকারের উপর দায়িত্ব ছেড়ে দিয়ে তাঁরা যাবেন কোথায়?

[5-10—5-20 p.m.]

মন্ত্রী মহাশয় যদি বাগিচা তদন্ত কমিশনের রিপোর্ট ভাল করে পড়ে দেখেন এবং তারপর যদি মনে করেন এগুলি নেওয়া উচিত, তা হ'লে তিনি এগুলি নিন্। আর যদি তিনি মনে করেন ওগুলি নেওয়া উচিত নয়, তাহলে সেটা স্পষ্ট বলে দিন। আসুন আমরা যুক্তভাবে একটা প্রস্তাব করি। চায়ের দাম ওঠা-নামা সম্পর্কেও বাগিচা তদন্ত কমিশন বলেছেন। এই চা-শিল্প রয়ে গেছে মুষ্টিমেয় ম্যানেজিং এজেন্সির হাতে। উত্তর ভারতের শতকরা ৫২ ভাগ চা-বাগান রয়েছে ১৩টি বিদেশী ম্যানেজিং এজেন্সির হাতে। কলকাতায় ৭টী, আর উত্তর ভারতের ৭৫ ভাগ চা তাদের হাতে। ৮টী এজেন্সি হাউস, ৫৪ ভাগ তাদের হাতে। কোলকাতার বাজারে যে চা নীলামে বিক্রী হয়, তার শতকরা ৫০ ভাগ তারা কিনে নেয়। যে চা নীলাম হয় তার শতকরা ৯৬ ভাগ ইউরোপিয়ান ব্রোকার্স ফার্ম-এর হাতে। তাঁরা আবার অনেকগুলি বাগানের, অনেকগুলি কোম্পানীর ডিরেক্টর। তাঁরা টাকা দিয়ে সাহায্য করেন, তারা টাকা দিয়ে দাম ঠিক করে দেন। যখন ব্যাঙ্ক থেকে টাকা নিয়ে দেশীয় মালিককে ঋণ দেন, সেই টাকার গেরান্টী থাকেন। তার ফলে তাঁরা যা খুশী তাই করতে পারেন। কলিকাতায় যে চায়ের নীলাম হয়, তা পরিচালনা করেন অক্শন কমিটি। তাতে ক্যালকাটা টী বোর্ড অ্যাসোসিয়েশনএ, ব্রোকার্স ফার্ম, তাদের পজিশন খুব শক্ত। তাঁরা সেখানে সমস্ত জিনিষটা পরিচালনা করেন। এই জিনিষের বেশীর ভাগ ৪টী ফার্মের হাতে আছে। ভারতবর্ষে প্যাকেজে যে চা বিক্রী হয়, তার নীলাম ও বিতরণের শতকরা ৯৫ ভাগ দুটীমাত্র বিদেশী কোম্পানীর হাতে। বিলেতে যে নীলাম হয়, কলিকাতার যে ফার্ম তার সঙ্গে সংশ্লিষ্ট, সেই ফার্মগুলি মারফত করেন। যে জাহাজে ক'রে বিদেশে চা যাবে, তা পাঠাবার দায়িত্ব তাদের হাতে, ফরেন এক্সচেঞ্জ ব্যাংকও তাদের হাতে। এই সমস্ত জিনিষ এমনভাবে জড়িত যার ফলে এই কয়েকটী কোম্পানী ইচ্ছা করলে চায়ের দাম কমাতে পারে, বাড়াতে পারে। তারই আজ চায়ের বৈদেশিক বাজার বিস্তৃতির পথে বাধা সৃষ্টি করে রেখেছে। বহুবার বলা হয়েছে বিলেত ছাড়াও পৃথিবীর অন্যান্য জায়গায়ও চা বিক্রী হতে পারে। যেমন সোভিয়েট ইউনিয়ন, সিলোন, অস্ট্রেলিয়া, আমেরিকা—এরা চা কিনতে পারে এবং ইউরোপের অন্যান্য দেশেও চা যেতে পারে। এখন অবশ্য আমেরিকায়ও কিছু চা বিক্রী হচ্ছে। বাগিচা-তদন্ত কমিশন বলেছেন যে, দেশী বাজারেও চা-বিক্রী আরো বাড়তে পারে। কিন্তু তা বাড়ছে না কেন? কারণ কয়েকটী কোম্পানী বর্তমানে এই জিনিষটা দখল করে রেখেছেন। যখন বিলেতে দেখা যায় চায়ের দাম কমেছে, তখন ভারতীয় বাজারে চায়ের দাম অনেক বেশী। সেই জন্যই বাগিচা তদন্ত কমিশন সুপারিশ করে বলেছিলেন, চা-শিল্পে ম্যানেজিং এজেন্সি প্রথা তুলে দেওয়া হোক। কিন্তু ভারত সরকার তা নকচ করে দিয়েছেন। তাঁরা বলেছেন—কলিকাতার বাজারে যে চা নীলাম হয়, সেটা টী বোর্ড হাতে নিন। তাঁরা বলেছেন—দেশীয় বাজারে যে প্যাকেজ বিক্রী হয়, তার শতকরা ৫০ ভাগ এই টি-বোর্ড নিজেদের হাতে নিন। তাঁরা আরো বলেছেন—তাঁরা রিজার্ভ ফান্ড-এর টাকা উইথড্র করবেন না, ডিভিডেন্ডও দিতে পারবেন না। কিন্তু তাঁরা শিল্পকে জাতীয়করণ করবার কথা বলেন নি। তবে তাঁরা এমন কতকগুলি সুপারিশ করেছেন, যেগুলি ভারত সরকার গ্রহণ করলে চা-শিল্পকে সংকট থেকে চিরকালের মত বাঁচান যেত। কিন্তু ভারত সরকার সেগুলো নাকচ করে দিয়েছেন এবং রাজ্য সরকারও বলেছেন এতে আমাদের কোন হাত নাই। কাজেই আমরা কি করব? ধাক্কাটা আমাদের উপরই আসছে। অথচ রাজ্যসরকার নাকি কিছু জানেন না। শ্রমমন্ত্রী যখন মালিকদের কাছে যান তখন তাঁরা বুঝিয়ে দেন—চা-শিল্পে সংকট এসেছে পড়তা খরচ অনেক

বেশি হচ্ছে, তাঁরা কি করবেন! শ্রমমন্ত্রী মহাশয়ও সেখান থেকে এসে বলেন—চেষ্টা করেছিলাম হল না, আমি কি করবো! কিন্তু মুসকিল হচ্ছে, এবার আমাদের হাতে যে সরকারী কমিশনের দলিল রয়েছে। তাতে অনেকগুলি সুপারিশ তাঁরা করে গেছেন। সেই সুপারিশগুলি কার্যে পরিণত করলে আমাদের জাতীয় অর্থনীতির পক্ষে অত্যন্ত গুরুত্বপূর্ণ যে শিল্প সেই চা-শিল্পকে আমরা বাঁচাতে পারবো, তাকে ধ্বংসের হাত থেকে রক্ষা করতে পারবো। কিন্তু তা হচ্ছে না।

আমরা সেই সুপারিশ অধ্যয়ন করে দেখেছি। ১৯৫২ সালের আগে বাগিচা আইন পাস হ'ল শ্রমিকের সুবিধার জন্য। মালিকরা সংকটের ধুয়া তুললেন। ত্রি-দলীয় সম্মেলনে ফেয়ার ওয়েজ-এর কথা উঠেছে, আবার সেখানে তাঁরা সংকটের কথা তুললেন। এবার ত্রি-দলীয় সম্মেলনে নেড ওয়েজেস-এর কথা হয়েছে- মালিকেরা সংকটের ধুয়া তুলছেন। মালিকরা এই রকমভাবে সংকটের ধুয়া তুলে যাচ্ছেন। অথচ আসল সংকটটা যেখানে সেটা ভাঙ্গাবার কোন চেষ্টাই হচ্ছে না। এবং ভারতীয় মালিকরা ঐ কতকগুলো মুষ্টিমেয় ইংরাজ কোম্পানির কাছে এমনভাবে হাতে পায়ে বাঁধা যে তাঁরা এদের বাইরে যেতে পারে না। কিন্তু সেখানে সরকারকে এগিয়ে আসতে হবে। কাজেই আমি এখানে জাতীয় স্বার্থে বলছি যে রাজ্য সরকার এটা অধ্যয়ন করুন এবং অধ্যয়ন ক'রে যদি মনে করেন যে এগুলি ঠিক না, বাগিচা কমিশনের সুপারিশ, তা হ'লে বলুন আপনারা পরিষ্কার। আর যদি মনে করেন এই সুপারিশগুলি নেওয়া উচিত—আমাদের দেশের স্বার্থে তাহলে আসুন আমরা এই আইন সভা থেকে যুক্তভাবে প্রস্তাব পাশ করে ভারত সরকারের কাছে অনুরোধ করি যে এটা আপনারা গ্রহণ করুন।

এর পর শিল্প সম্পর্কে আমি আরও কতকগুলি কথা বলছি—কারণ সময় যখন কম, তখন সমস্ত ব্যাপারটা সবিস্তারে বলা মুস্কিল। শিল্পনীতি সম্বন্ধে আমাদের রাজ্য সরকার বলেন যে বড় বড় শিল্প বা মাঝারি শিল্প এসব তো আমাদের হাতে নয়, কিন্তু ছোট শিল্প বলতে কারভে কমিটি দেখিয়ে দিয়েছে অনেক জিনিষ আছে এবং ছোট শিল্পের ব্যাপারে মূল কথাটা যেটা আমি গত অধিবেশনে বলেছিলাম যে, বিকেন্দ্রীকরণ করা দরকার। যেগুলি শিল্পের দিক দিয়ে পশ্চাদপদ অঞ্চল সেখানে ছোটখাট শিল্পের বিস্তারের ব্যবস্থা করা সরকার যেমন দৃষ্টান্ত হিসাবে বলছি যে, উত্তর বঙ্গের ৫টা জেলা নিয়ে আমি উত্তর বঙ্গের কথা কোন সঙ্কীর্ণ দৃষ্টিভঙ্গি নিয়ে বলছি না উত্তর বঙ্গের কতকগুলি বিশেষ সমস্যা আছে। যান বাহন, যাতায়াতের সুযোগের অভাব, ঐ গঙ্গার ঐ পারে গেলে সেটা আমাদের পাণ্ডববর্জিত দেশ। অন্য দিক দিয়ে সংযোগ, অনেক উপেক্ষিত দেশ, শিল্পের দিক দিয়ে পশ্চাৎপদ। ওখানকার অবস্থা এই হয় যে, অনেক মাল প্লেনএ যায়। প্লেন যদি একদিন না এল, তবে জিনিষপত্রের দাম বাড়িয়ে দিল ব্যবসায়ীরা। অথচ ঐ উত্তর বঙ্গের ৫টা জেলাকে নিয়ে যদি একটা পরিকল্পনা করেন—একটা আঞ্চলিক পরিকল্পনা করতে বাধা কি আছে? এখানকার ২টী জেলায় চা-শিল্প রয়েছে—ট্র্যান্সপোর্ট ইন্ডাস্ট্রি রয়েছে, টিম্বার ইন্ডাস্ট্রি রয়েছে। অন্য জেলাগুলি নিয়ে উত্তর বাংলার জেলাগুলির চাহিদা, সিকিমের চাহিদা, মিটাবার উপযোগী করে অনেক রকম ছোট ছোট শিল্প গড়ে তোলা যায়। যেমন ধরুন উত্তর বঙ্গের শিলিগুড়ি জায়গায় আজকাল মোটর যাতায়াতটা খুব বেশি হচ্ছে। মোটর ট্রান্সপোর্ট একটা মস্ত বড় জিনিষ। মোটর পার্টস তৈরি করবার জন্য বিভিন্ন জায়গায় ছোট ছোট শিল্প তৈরি করতে পারেন। সরকার একটা শিল্প নগরীর পরিকল্পনা করে ফেলেছেন শিলিগুড়িতে, এতে শিল্প নগরীর দরকার হবে এইখানে যে বে-সরকারী মালিকরা ইচ্ছা না করলে কিছুই হতে পারে না। কাজেই শিল্প নগরী ছেড়ে দিয়ে ছোট ছোট মালিকদের ছোট ছোট ব্যবসায়ীদের সাহায্য করুন। তা হ'লে অনেক কাজ হবে।

[5-20—5-30 p.m.]

**Dr. Maitreyee Bose:**

মাননীয় অধ্যক্ষ মহাশয় এ সম্বন্ধে আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীর দৃষ্টি আমি বিশেষভাবে আকর্ষণ করতে চেষ্টা করছি আশা করি তিনি শুনবেন। সাড়ুকে আমি এখানে টেলিগ্রাম পেলাম যে এংলো-ইন্ডিয়ান, কামারহাটি এবং শ্যামনগর, ইত্যাদি মিলে খুব সংকট উপস্থিত

হয়েছে। সেখানে মালিকরা সেখানকার শ্রমিকদের যা কিছু আন্দোলন, যা কিছু তাদের চাহিদা-সে কথা বলতে গেলে তাদের উপর নানা রকম উৎপীড়নমূলক ব্যবস্থা অবলম্বন করছেন। আমি এর ডিটেলস পরে দেব। এখন মাত্র ৭ মিনিট সময়—কাজেই এখন আর একথা বলছি না। সঙ্গে সঙ্গে আমি আর একটা কথার প্রতি শ্রমমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেটা হচ্ছে রিজিওনাল এমপ্লয়মেন্ট থেকে যেসমস্ত লোককে পোর্ট কমিশনার্সএ এতদিন পর্যন্ত—৬ বৎসর পর্যন্ত—কাজ দিয়েছিলেন, র‍্যাশনাল ওয়ার্কিং দিয়েছেন- এইগুলি বুঝিয়ে বলবার কথা। আমি তাকে পরে বুঝিয়ে বলব। সেখানে আজকে হঠাৎ একটা নূতন অবস্থার সৃষ্টি করে তারা সেই শ্রমিকদের সত্যাগ্রহ করিতে বাধ্য করিতেছেন এবং আজকে ১৫ জন তারা জেলে গিয়েছেন - কালকে ১০ জন জেলে গিয়েছেন। এই জিনিস হয়ত আগেই আমি শ্রমমন্ত্রীর সামনে আনতে পারতাম কিন্তু এখন হঠাৎ এসে পড়েছে যে, আমাদের বাধ্য হয়েই এখানে তাঁর দৃষ্টি আকর্ষণ করাতে হচ্ছে। আজকে মাননীয় সত্যেন্দ্রনারায়ণ মজুমদার মহাশয় চা-বাগান সম্বন্ধে অনেক কথা বলেছেন। তাঁর পাণ্ডিত্যপূর্ণ বক্তৃতা সব সময়েই আমরা খুব উপভোগ করি এবং তিনি অনেক কথা বলেছেন যা সত্য এবং তার সঙ্গে আমরা সকলেই একমত। কিন্তু প্রথমে তিনি শ্রমমন্ত্রীর উপরে যে কথাগুলি বলেছেন সে সম্বন্ধে আমি একেবারেই তাঁর সঙ্গে একমত নই। প্রথম কথা হচ্ছে যে, শ্রমমন্ত্রী মহাশয় যখন চা-বাগানে যান, তখন গিয়ে মালিকদের ওখানে থাকেন এবং মালিকদের মনোভাবই তাঁর উপর প্রভাব বিস্তার করেছে। এটা আমি একেবারেই মানি না। আমি দেখেছি যে, শ্রমমন্ত্রী মহাশয় সেখানে গিয়ে আমাদের সঙ্গে, শ্রমিকদের সঙ্গে, সমস্ত দিন যাপন করেছেন। শুধু তাই নয় -একটা বাগানে ধর্মঘট চলছিল, সেখানকার শ্রমিকরা দল বেঁধে যখন বেরিয়ে এসেছে তখন তাঁকে পুলিস অফিসার বারণ করেছে, অন্য সবাই বারণ করেছে। তিনি শোনেন নি। গাড়ি থামিয়ে সেখানে তিনি চটপট চলে গিয়েছেন তাদের মধ্যে এবং তারজন্য সেখানকার সমস্ত পরিস্থিতি বদলে গিয়েছিল। একথা আমি অকুণ্ঠ কণ্ঠে স্বীকার করব এবং তারজন্য আমি তাঁর কাছে কৃতজ্ঞতা জানাব। সেটা তিনি করেছিলেন এবং করবার দরুন আমাদের অনেক সুবিধা হয়েছিল। চা-বাগানে আজকে সবচেয়ে যে বড় সমস্যা সেটা হচ্ছে সারপ্লাস লেবারএর সমস্যা। সে সমস্যা সত্যেন বসু বলেছেন। আমি এটা একটু বিশদভাবে বলতে চাই এবং এখানে আমি আজকে অন্য কোন কথা না বলে সেই কথাই বলব। সেখানে এতদিন পর্যন্ত ম্যানেজাররা ছেলেমেয়েদের বিয়ের পারমিশন দিত। যতদিন পর্যন্ত না স্বাধীনতা এসেছিল ততদিন পর্যন্ত ছেলেমেয়েদের বিয়ে দেবার জন্য শ্রমিকদের ম্যানেজারএর কাছে পারমিশন নিতে হত। কারণ কোন্ বাগানে কতজন শ্রমিক নিয়োজিত করবে, সেটা তারাই ঠিক করে দিত। আজকে আমাদের স্বাধীনতা আসার পর শ্রমিকরা তাদের যে নাগরিক অধিকার তা পেয়েছে এবং সেইজন্য সব জায়গায় তারা স্বাধীনভাবে নিজেদের সামাজিক ব্যবস্থা করতে পারছে। এইজন্য অনেক জায়গায় ম্যানেজাররা বলে থাকেন শ্রমিকের সংখ্যা বেড়ে যাচ্ছে। কথাটা ঠিক। কিন্তু সঙ্গে সঙ্গে বিকল্প আয়ের ব্যবস্থা করা উচিত। এই যে সারপ্লাস পপুলেশনএর একটা অদ্ভুত সমস্যা আমাদের চোখের সামনে এসে পড়েছে এবং তার সমাধান করার জন্য আমাদের নিশ্চয়ই একটা কিছু নূতন রকম প্ল্যান- বিকল্প আয়ের জন্য চাকরির ব্যবস্থা করতে হবে। তা যদি আমরা না করতে পারি, এইসব বাগানগুলি বড় বড় শহরের কাছে নয় যে চা-বাগানের সারপ্লাস পপুলেশন শহরে চলে আসতে পারবে। খেতে পাক না পাক চেষ্টা করবে চাকরির যোগাড় করবার, অন্যভাবে রোজগার করবার। কিন্তু আজকে তা মোটেই সম্ভব নয়। এবং সেইজন্য আজকে সেখানকার বিক্ষোভ খুব তীব্র এবং আমি মনে করি এই বিক্ষোভের পিছনে তাদের সত্যিকার চাহিদা রয়েছে এবং সেই চাহিদা মিটাবার জন্য আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। এই সঙ্গে আমি বলছি শুধু চা-বাগানে নয়, এই সমস্যা খুব বড়ভাবে সিনকোনা প্ল্যানটেশনএ এসেছে। আজকে এটা গভর্নমেন্টের বাগান—গভর্নমেন্টের ব্যবসা। আজকে দুঃখের বিষয় হোক বা সুখের বিষয় হোক, দেশে যখন ম্যালেরিয়া কমে গিয়েছে তখন আর কুইনাইনএর বেশি দরকার নাই। তা ছাড়া সীনথেটিক প্রোডাক্ট বেরিয়েছে যার জন্য কুইনাইনএর চাহিদা আরও কমে গিয়েছে। এখানে ওয়ার্লড মার্কেটএ যেখানে ১৬ টাকা পর্যন্ত কুইনাইন বিক্রি হতে পারে আমাদের এখানে সেটা ৬৬ টাকা পর্যন্ত হয়ে যাচ্ছে প্রোডাকসনএ। কাজেই সেখানকার সমস্যা অত্যন্ত সংকটময়। আমি মাননীয় ভূপতি মজুমদার মহাশয়ের কাছে বার বার এ নিয়ে চিঠি লিখেছি। তিনিও

আমাকে আশা দিয়ে চিঠি লিখেছিলেন কিন্তু কোন সমস্যার সমাধান আজও হয় নি। সেখা মেডিক্যাল প্ল্যান্ট ডাইরেক্টরেট রয়েছে—সেখানে অনেক লোক নেওয়া হয়েছে—সত্য সত্যই সরব কাকেও ছাটাই যাকে বলে তা করেন নি। সবাইকে সেখানে কিছু না কিছু দেবার ব্যবস্থা করেছে কিন্তু তাহলে তাদের সমস্যা মেটে নি। এবং সঙ্গে সঙ্গে অন্য সমস্ত বাংলা সরকারে—গভর্নমে চাকুরিয়েদের ৫ টাকা মাগ্গিভাতা বৃদ্ধি হয়েছে কিন্তু সেখানকার মজুররা সেই ৫ টাকা মাগ্গিভা পায় নি। এবং এখানে আমি আজকে মন্ত্রিসভার সামনে আবেদন করব যে, এই ৫ টাকা মাগ্গি ভাতা বৃদ্ধি যেন তাদের ক্ষেত্রেও দেওয়া হয়।

**The Hon'ble Bimal Chandra Sinha:**

মাননীয় স্পীকার মহাশয়, এই কয়েকদিন ধরে যে বিতর্ক হচ্ছিল রাজ্যপাল মহোদয়ার ভাষণে উপর এবং এই বাজেট সম্বন্ধে, সেই বিতর্কের মধ্যে নানা বিষয়ের অবতারণা হওয়ার ফলে ভূমি সমস্যা সম্বন্ধে আলাদা কোন বিতর্কের সম্ভাবনা হয় নি। এই প্রসঙ্গে ভূমি সমস্যা এবং ভূমি রাজস্ব বিভাগ সম্বন্ধে আমি দুই-চারিটি কথা বলতে উঠেছি। আজকে যদি সেগুলির সম্বন্ধে বিস্তারিত আলোচনা করতে হয় তাহলে আমার যে সময় আছে তাতে কুলাবে না। আমি দেখেছি যে আলোচনা এখানে হয়েছে তার মধ্যে মোটামুটি পাঁচটা কি ছ'টা বিষয়ের উল্লেখ হয়েছে- প্রথম হচ্ছে—বর্গা চাষীদের উচ্ছেদ, দ্বিতীয়—ভূমিহীন কৃষকদের মধ্যে ভূমি বণ্টন, তৃতীয়- দুর্গত এলাকায় খাজনা ও সেস বন্ধ করা বা মকুব করা, চতুর্থ—সেটেলমেন্ট অপারেশন সম্বন্ধে কিছু কিছু অভিযোগ, পঞ্চম- সুন্দরবন সম্বন্ধে, এবং ছয় (খুব সামান্য দুই-একজন বলেছেন) যারা ছোট ছোট ভূম্যাধিকারী তাদের ক্ষতিপূরণ দেওয়া সম্পর্কে। এর প্রত্যেকটা বিষয়ে বিস্তারিত আলোচনা আমার সীমাবদ্ধ সময়ের মধ্যে হওয়া সম্ভব নহে; সেইজন্য আমি প্রথমে বলব যে সম্বন্ধে সকল মাননীয় সদস্য স্বাভাবিকভাবে ঔৎসুক্য এবং আগ্রহ প্রকাশ করেছেন—সে বর্গা চাষীদের উচ্ছেদের ব্যাপারে। আমি গত বছর এই হাউসের সামনে কিছু কিছু কথা বলেছিলাম। তাতে আপনারা জানেন যে, গত অধিবেশনে বর্গা সম্বন্ধে যে আইন আছে সে আইনকে আরও কড়াকড়ি করে যাতে বর্গাদাররা উৎখাত হতে না পারে সেজন্য কিছু বিধিনিষে বিধিবন্ধ করা হয়েছে। তা ছাড়া আমি নিজেই গত অধিবেশনের পর সেটেলমেন্ট ক্যাম্প ঘুরে দেখে এসেছি, সেই ক্যাম্পে যখন অবজেকশনএর হিয়ারিং চলছিল সেই সময়ে আমি লোকজনদে জিজ্ঞাসা করে দেখেছি এবং তারা যখন বলেছে যে, অমুক জায়গায় আমি বর্গাচাষ করি তখ আমি খাতা বার করে ২৩নং কলমএর সঙ্গে মিলিয়ে দেখেছি তাদের নাম আছে কিনা, তাছাড়া আরও দেখেছি সেখানে যা ইঙ্গিত পেয়েছি সেই ইঙ্গিতের কথা আপনাদের সামনে পেশ করতে চাই। যখন গত বছর আর একবার সংশোধনের সময় বাড়িয়ে দিয়েছিলাম ৫৪(২) ধারা অনুসারে প্রচুর দরখাস্ত পাওয়ার আশা করে আমি এই প্রস্তাব হাউসের সামনে এনেছিলাম যে, এই সমস্ত- বিশেষ করে ছোট দুর্বল চাষী যাঁরা তাঁদের স্বত্ব প্রকৃতভাবে লিপিবদ্ধ করতে পারেন না, এবং সেজন্য যাতে তাঁরা আর একবার সেই সুযোগ পান সেইজনাই সেই ধারায় সময় দেবার কথা বলেছিলাম, এবং এখনও সেই সময় উত্তীর্ণ হয় নি কিন্তু সেইসব এলাকা থেকে যে দরখাস্ত এসে পৌঁছে গেছে তার সংখ্যা মোট ৭৮ হাজার। আমার নিজের ধারণা যে, ছ'মাস উত্তীর্ণ হ'লে ২ লাখের বেশি দরখাস্ত পেঁছাবে। যদি দু'লাখে এসে দাঁড়ায় তাহলে বুঝতে হবে যে, যে অভিযোগের কথা আমরা অহোরহ শুনি সেই অভিযোগ এই দরখাস্তের পরিমাণ থেকে প্রমাণিত হয় না। দরখাস্তের দ্বারা প্রমাণিত হচ্ছে যে, সমস্ত বাংলায় এই জায়গা কাদের ভোগে লাগে আপনারা হয়ত বলবেন যারা দুর্বল, যারা অত্যাচারিত আছে তারা এগিয়ে আসবার সাহস রাখে না, তারা হয়ত যারা জোতদার বা মালিক বা যারা বড়লোক তারা তাদের ভয় দেখিয়ে দমিয়ে রেখে বসে আছে,—এ কথা আমি অস্বীকার করি না। তা সত্ত্বে গভর্নমেন্ট সেজন্য ব্যবস্থা করছে ট্রাইবাল ওয়েলফেয়ার কমিটি থেকে ১২ জন কানুনগো ১২টা জেলায় পাঠানোর ব্যবস্থা হয়েছে, বিশেষ করে যারা তপসিলী, ট্রাইবাল তাদের স্বত্ব রেকর্ড করবার জন্যে। সেইজন্য এ কানুনগোরা তাদের বাড়ি বাড়ি গিয়ে তাদের সাহায্য করবার জন্য তাদের তরফ থেকে কাগজপত্র নিয়ে সেটেলমেন্ট অফিসারএর সামনে যাতে স্বত্ব লোপ না হয় তা লক্ষ্য করবেন।

**Sj. Pramatha Nath Dhibar:**

যেখানে জবর দখল হয়েছে বা অনুমতি দখল হয়েছে সেখানে সরকারী নীতি কি হবে?

[5-30—5-40 p.m.]

**The Hon'ble Bimal Chandra Sinha:**

জবর দখল বা অনুমতি দখল যা রেকর্ড হয়েছে তার মানে কিছুটা যে স্বত্ব আছে সেকথা অস্বীকার করা হচ্ছে না। এই ব্যাপারে সেটেলমেন্ট করা হয়েছে। তাছাড়া আর একটা খবর দিতে পারি—যেকথা গেল বার বলেছিলাম যে, সেন্সাস রেকর্ডে বর্গাদারদের নিজেদের স্টেটমেন্ট অনুসারে পশ্চিম বাংলায় ৭ লাখ বর্গাদারের এখনও সেটেলমেন্ট রেকর্ড পাকা হয় নি, কিন্তু এরমধ্যে ৬ লাখ ৯৮ হাজার বর্গাস্বত্ব রেকর্ডেড হয়েছে।

তাছাড়া আমি স্মরণ করিয়ে দিচ্ছি যে, ভাগচাষ বোর্ডের রিপোর্টে যে হিসাব উঁহারা দেখিয়েছেন তাতে ১৩৬২ সালে ৪,৯৮৫টি উচ্ছেদ হয়েছিল, ১৩৬৩ সালে সে জায়গায় হয়েছিল ২,১৬২, আর হয়ত জুন মাসের অধিবেশনে তার পরের বছরের হিসাব আপনাদের সামনে পেশ করব এবং আমি আশা করি তা এর চেয়ে কম হবে। কিন্তু আমি এ কথা বলি যে, কোন উচ্ছেদ হচ্ছে না এই কথা বলে খুব চিন্তিতভাবে আমাদের চুপ করে থাকা উচিত, এ কথা বলি না। কারণ, আমি নিজেই জানি যে ভাগচাষ বোর্ডে যে কাজ হচ্ছে সে কাজ আমার ঠিক মনোমত হচ্ছে বলে আমি মনে করতে পারছি না; সেইজন্য আমি আপনাদের সামনে দুই-তিনটা খবর দিতে চাই। এক হচ্ছে ভাগচাষ বোর্ডের ওয়ার্কিং কেমন হচ্ছে এইজন্য একজন সিনিয়র ডেপুটি কালেক্টরকে ডেপুট করা হয়েছে। তিনি আমাকে এপ্রিল মাসের মধ্যে রিপোর্ট দেবেন যে, ভাগচাষের বোর্ডের কোথায় কিরকম কাজ হচ্ছে। দ্বিতীয়ত, রিপোর্ট থেকে দেখা যায় অন্যান্য বিভাগে নানা রকম মুৎফরাক্কা কর্মচারীর উপর ভার দেওয়ার ফলে এ কাজ ভালভাবে চলছে না। তাহলে আমার পক্ষে কর্তব্য হবে যে, আমার নিজস্ব বিভাগের একজন উঁচু দরের কর্মচারী বিভিন্ন জায়গায় ঘুরে ঘুরে দেখবেন এবং তখন কেবলমাত্র ভাগচাষ বোর্ডের কাজের জন্য নিয়োগ করা উচিত হবে কিনা সেই কথা বিবেচনা করব। তাছাড়া আরও একথা বলতে চাই ভাগচাষ বোর্ডে উচ্ছেদের একটা সুযোগ নেওয়া হচ্ছিল। সেটা হচ্ছে এই যে, কেউ বায়না ট্রান্সফার করছে; সেখানে আমাদের এস্টেট একুইজিশনএর ফাইলে বায়না হস্তান্তরের যে ধারা আছে সেখানে বিচার হওয়ার আগে একজন তার দলিল দেখিয়ে বলল যে, আমি জমির মালিক, আমার ২৫ বিঘা খাস জমি পাবার অধিকার আছে, এই বলে ভাগচাষ বোর্ডে দরখাস্ত করে সে বর্গাদারকে উচ্ছেদ করে দিলে—এই আইনগত ফাঁক হয়ত থাকতে পারে। এইজন্য আইনজ্ঞদের পরামর্শ নিয়ে আমি দুই-তিন দিনের মধ্যে একটা রুল করে দেব যে, যখন কোন মামলা ভাগচাষ বোর্ডের সামনে উপস্থিত হবে তখন তাঁরা সেটেলমেন্ট অফিসে খবর নেবেন যে, যে মালিক ভাগচাষীকে উচ্ছেদ করবে সেই মালিকের বিরুদ্ধে বায়না হস্তান্তরের কোন মামলা সেটেলমেন্ট অফিসএ ঝুলছে কিনা এবং যদি ঝোলে তাহলে তারা সেটেলমেন্ট অফিসের মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত ভাগচাষ এ্যাক্ট উচ্ছেদের জন্য কোন রায় দেবেন না। সময় অভাবে এবার খুব সংক্ষেপে বলতে হচ্ছে কিন্তু এ সম্বন্ধে অনেক বলার রয়েছে।

ভূমি বণ্টন সম্বন্ধে আমি দুই-একটি কথা বলি। ভূমি বণ্টন সম্বন্ধে গেল বার যা বলেছিলাম পুনরায় সেই কথা স্মরণ করিয়ে দিতে চাই যে, ভূমি বণ্টন করবার আগে পাকাপাকি রকম জানা দরকার যে, কত ভূমি আমাদের হাতে আসছে। আপনারা যাঁরা আইনজ্ঞ তাঁরা জানেন যে, অপশন একটা চয়েস, সেই চয়েসের সময় আইন অনুসারে সামনের এপ্রিল মাস, তা যদি না হয় তাহলে টাইমলি নোটিস দিয়ে আমরা জমি পাকাপাকি রকম নিয়ে নোব তা সম্ভব নয়; সেইজন্য যতক্ষণ পর্যন্ত সম্পূর্ণভাবে নিশ্চিন্ত না হচ্ছি সে পর্যন্ত কত জমি আমাদের হাতে আসবে তা ঠিকভাবে বলতে পারব না, এবং তা যদি না পারি তাহলে আমরা যে পুনর্বণ্টন করতে পারব সে বিষয়ে আলোচনা করাটা একটু আগেই হয়ে যাচ্ছে তা সত্ত্বেও আমি আপনাদের বলব যে, গত বারের অধিবেশনের পর এই অধিবেশনের মধ্য পর্যন্ত এবারকার যে চাষের ফসল তা শেষ হয়ে যাবার পর আমাদের হাতে মোটামুটি দেখা যাচ্ছে ৪০ হাজার একর জমির ভার গভর্নমেন্টকে নিতে হচ্ছে। সেই ৪০ হাজার একর জমির উপর এখনও অপশন রয়েছে। কাজেই সেটার সম্বন্ধে আমরা কোন পাকা বন্দোবস্ত করতে পারছি না। কিন্তু আমরা সেইজন্য ব্যবস্থা করেছি যেখানে যেখানে বর্গাদার আছে—এটা হচ্ছে আমার অভিজ্ঞতা এবং এ অভিজ্ঞতার কথা আপনাদেরও ভাল করে স্মরণ করতে হবে যখন আপনারা ভূমি পুনর্বণ্টনের কথা বলেন যে, সেই ভূমি পুনর্বণ্টনের মানে

কি। ভূমি খালি পড়ে আছে, না কেউ না কেউ চাষ করছে? সেখানে আমার অভিজ্ঞতা হচ্ছে তার মধ্যে শতকরা ৯৯ ভাগ জমি বর্গাদাররা চাষ করছে যদিও মালিকানা গভর্নমেন্টের হাতে এসেছে, জমিতে ফাঁক আর নেই, সেখানে বর্গাদার দিয়ে চাষ হচ্ছে।

আমাদের নীতি হচ্ছে এই যে, যে যেখানে চাষ করছে সেখানে তাদের কোন রকমে ঠেলে সরিয়ে না দিয়ে তাদের সঙ্গে ব্যবস্থা করে একরপ্রতি ১০ টাকা নগদ মূল্যে চাষ করতে দেওয়া। আমরা আশা করি আমাদের যখন সেটেলমেন্ট অপারেশন এই বছর শেষ হয়ে আসবে তখন এর চূড়ান্ত সিদ্ধান্ত আমরা নিতে পারব এবং বর্গাদার আইনে যে সিলিং ৭৫ বিঘা তার উপর জমি যা থাকবে তা আমাদের হাতে আনা হবে; তারপর সেই জমি আমরা এক-একজনকে ৫ বিঘা করে দেব, না যে ছোট চাষী তাদের এক এক বিঘা করে দেব, সে সম্বন্ধে এই হাউস মীমাংসা করে দেবে এবং যে সিদ্ধান্ত করে দেবে সে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। শুধু কি বর্গাদারকে দেবেন, না, তার সঙ্গে ছোট মালিক এক বিঘা দু'বিঘার মালিক—ইকনমিক হোল্ডিং যাকে বলি তাদের দিকেও দৃষ্টি দেবেন, না, কি শুধু একজনকে দেবেন, আর একজনকে তাড়িয়ে দেবেন, এই ভাইটাল ডিসিসন্স নিতে হবে, যার উপর বাংলা দেশের কৃষি সমাজ গ্রাম্য সমাজের আর্থিক বনিয়াদ নির্ভর করে। এইসব সিদ্ধান্ত সুদূরপ্রসারী এবং গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত আমাদের নিতে হবে।

তৃতীয়ত, আর একটা কথা বলেই আমার বক্তব্য শেষ করতে বাধ্য হব—সেটা হচ্ছে বহু জায়গা থেকে যে দুর্গতি চরম সীমায় এসে পৌঁছেছে অথবা যেখানে বন্যাবিধ্বস্থ অঞ্চল সেখানে খাজনা মকুব বা বন্ধ করবার জন্য বার বার আপনারা বলেছেন। সে সম্বন্ধে হাজার হাজার দরখাস্ত পেয়েছি কাজেই সভার সামনে গভর্নমেন্টএর সেখানে নীতি কি তা ঘোষণা করা প্রয়োজন বলে মনে করি। প্রথমতঃ যেগুলি বন্যাবিধ্বস্ত এলাকা সেখানে গেল বছর সার্কুলার দেওয়া হয়েছিল কোন লোকের উপর খাজনা আদায়ের জন্য যেন চাপ না দেওয়া হয়। যেখানে তারা খাজনা দিতে চাইবে তাদের কাছ থেকেই খাজনা নেওয়া হবে, যে দিতে পারবে না তার উপর চাপ দেওয়া হবে না। এই বছরও সেই এলাকায় এই সার্কুলার পুনরায় বলবৎ করা হয়েছে এই হ'ল প্রথম কথা।

দ্বিতীয় কথা হচ্ছে, আমাদের ভূমি রাজস্ব বিভাগ যেখানে লিমিটেশন হয়ে যাবে যে লোক বড়লোক হয়েও স্বেচ্ছাকৃত দুষ্টামি করে খাজনা দিচ্ছে না সেই জায়গা ছাড়া আর কোথাও সার্টিফিকেট করা হবে না। যেখানে লিমিটেশন হবে যাবে সেখানে সার্টিফিকেট দায়েব করা হবে কিন্তু সেই সার্টিফিকেট এক্সিকিউটেড হবে না এই নির্দেশ দেওয়া হয়েছে।

তৃতীয় কথা হচ্ছে, তা সত্ত্বেও যদি সার্টিফিকেট হয়, আমি আপনাদের স্মরণ করিয়ে দিতে চাই যে সেই সার্টিফিকেট খাজনার জন্য নয়, হয় এগ্রিকালচারাল লোন না হয় ফিসারি লোন—যেসমস্ত রেভিনিউ ডিপার্টমেন্টএর অন্তর্গত নয় সেই রকম লোনএর কোথাও কোথাও সার্টিফিকেট হয়েছে এ বিষয় সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আকর্ষণ করেছি, আশা করি এ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হবে। তাছাড়া এ বিষয়ে আরও নির্দেশ দেওয়া হয়েছে কালেক্টরকে গভর্নমেন্ট স্টেট ম্যানুয়েলএ খাজনা বন্ধ বা মকুবের যে নীতি আছে সেই অনুসারে রেকমেন্ডেশন কোথাও কোথাও তারা যাতে করেন সেই অনুসারে বিবৃতি চাওয়া হয়েছে—সেই নীতি অনুসারে কোন কোন জেলা থেকে সাজেসশন এসে পৌঁছেছে কিন্তু আরও কিছু জেলা বাকী আছে, সেগুলো থেকে যদি দেখা যায় কোথাও খাজনা বন্ধ বা মকুব করা প্রয়োজন তাহলে উচিত ব্যবস্থা করা হবে। তার মানে এই নয় যে, যেখানে খাজনা দিতে পারে, ফসল হয়েছে, আর্থিক অবস্থা আছে সেখানে খাজনা মকুব করা হবে। তা যদি করতে হয় তাহলে আজকে ছোট ছোট ভূম্যাধিকারীর কথা যা বলেন সুন্দরবনের বাঁধের কথা বলেন, গ্রাম্য রাস্তাঘাট উন্নতির কথা বলেন, মেদিনীপুরে স্লুইস করার জন্য টেলিগ্রাম আসে টাকার জন্য সেই টাকা কোন রকমেই যোগাড় করতে পারা যাবে না। এ বিষয়ে যা কিছু করা উচিত সেটা করবার জন্য সরকার অবহিত আছেন আমি এটুকু আশ্বাস দিতে পারি।

**Sj. Bhadra Bahadur Hamal:**

চা-বাগানের বাড়তি জমির কথা বলুন।

**The Hon'ble Bimal Chandra Sinha:**
টি গার্ডেন এনকোয়ারী কমিটি করে দিয়েছি, তার মধ্যে ৩ জন উচ্চপদস্থ কর্মচারী আছেন। তিনশত কয়েকটার মধ্যে দু'শ বাগানের পর্যবেক্ষণ শেষ করেছে। আরও ১০০ বাগনের সম্বন্ধে রিপোর্ট এলে তারপর সে বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

[5-40—5-50 p.m.]

**Sj. Pramatha Nath Dhibar:**
পানাগড়ের উদ্বৃত্ত জমি সম্বন্ধে কিছু বলুন।

**The Hon'ble Bimal Chandra Sinha:**
তারপর আর একটা কথা বলব। সেটেলমেন্ট অপারেশন সম্বন্ধে দুর্নীতির অভিযোগ আনা হয়েছে। আমি পূর্বেই আপনাদের এ বিষয়ে কিছু ইঙ্গিত দিয়েছি। আমার নিজের এবং আমার যিনি ডাইরেক্টর অব ল্যান্ড রেকর্ডস আছেন তাঁর অভিজ্ঞতার কথা আপনাদের কাছে বলব। তবে এইটুকু বলব যে, এ বিষয়ে গভর্নমেন্ট সর্বদাই তৎপর আছেন। আপনারা যে-কোন সময়ে, যে-কোন বিষয়ে, যে-কোন অভিযোগ আনবেন—আমি আপনাদের এটুকু প্রতিশ্রুতি দিতে পারি যে, সে বিষয়ে তদন্ত হবে। যেমন ধরুন আমার কাছে যেগুলি এসেছে আমি নিজে সেগুলি ইনকোয়ারী করে দেখেছি যে, ৭৫ পার্সেন্ট কেসে এ্যালিগেশন বেসলেস্। আর উনি যা ইনকোয়ারী করে দেখেছেন তার পার্সেন্টেজের হিসাবও আমার কাছে আছে এবং আমি এটুকু বলতে পারি যে, এক্ষেত্রে বহু কর্মচারীকে যেখানে তিনি তাদের দোষ বুঝেছেন সেখানে তিনি বরখাস্ত করেছেন। আমার আরও কথা বলার ইচ্ছা ছিল কিন্তু আমার সময় হবে না। আমি এটুকু বলতে চাই যে, আমি নিজে এইটুকুন অনুভব করি শিল্পেই হোক বা অন্য যে-কোন ব্যবস্থা হোক, গ্রামীন ভারতবর্ষের আজকে আর্থিক উন্নতির বুনিয়াদ হচ্ছে গ্রাম। আজকে সারা ভারতে একথা পুনরায় স্বীকার করতে হচ্ছে যে, যদি কৃষির উন্নতি না হয় তাহলে ভারতবর্ষের উন্নতির পথ ব্যাহত হবে। সেখানে শুধু যে ভূমি রাজস্ব বিভাগের আইনে উন্নতি হবে তা নয়, এই হাউসে এবং বাইরে আমরা বার বার একথা শুনি সিকিউরিটি অব টেনিওর, সিকিউরিটি অব টেনিওর আমি একথা বলব গভর্নমেন্ট যা কিছু মধ্যস্বত্ব, তার যা কিছু ভগ্ন চিহ্নমাত্র আছে তার লেশমাত্র রাখতে চান না। কিন্তু সেই সঙ্গে যখন সত্যিকারের চাষীর হাতে জমি যাবে তখন যদি আপনাদের এই ধারণা থাকে যে, নিশ্চিন্ত হয়ে বসে থাকলেই তারা স্বেচ্ছায় জমির এমন উন্নতি করবে যে, ভারতবর্ষের চেহারা বদলে যাবে, তাহলে আমি বলব যে, আজকে ভূমি রাজস্বের ইতিহাস ভারতবর্ষে তা নয়। চাষীদের ১৮৮৫ সালে জমির অধিকার দেওয়া হয়েছিল কিন্তু তাতে সাবইনফুগেসন হয়েছে, তাতে চাষীর উন্নতি হয় নি। রাইটসএর সঙ্গে ডিউটিজ, তার সঙ্গে অর্থ সংগ্রহ, তার সঙ্গে লোন বীজ এই সামগ্রিক দৃষ্টিভঙ্গী দিয়ে যদি আমরা চাষীর সমস্ত জিনিসটাকে একযোগে উন্নতির পথে নিয়ে যাই—এদিকে আইনগত কাঠামো, ওদিকে আর্থিক সাহায্য তার সঙ্গে উন্নতির পরিকল্পনা, এই তিন হাতে হাত মিলিয়ে যদি ধাপে ধাপে আমরা তাদের অগ্রসর করাতে পারি, তাহলে আমার কোন সন্দেহ নেই যে, আজকে কৃষি ব্যবস্থার উন্নতি মানে ভারতবর্ষের উন্নতি, গ্রামীন সমাজের উন্নতি, বেকারীর সংখ্যাহ্রাস এবং আমরা যে যে চেহারায় ভারতবর্ষকে দেখতে চাই, পশ্চিম বাংলাকে দেখতে চাই, তা প্রকৃতপক্ষে বাস্তবে সম্ভব হবে।

**Sj. Basanta Kumar Panda:**
সেকসন ৫ অব দি এস্টেট এ্যাকুইজিশন এ্যাক্টে সমস্ত ইন্টারমিডিয়ারীর হাট, বাজার, ফেরী অন্য যেসমস্ত ইন্টারেস্ট ১৩৬২ সালের ১লা বৈশাখ গভর্নমেন্টে ভেস্ট করে গেছে সেগুলির কতগুলি দখল নেওয়া হয়েছে এবং কিভাবে ম্যানেজ করা হয়েছে?

**The Hon'ble Bimal Chandra Sinha:**
এইসব ডিটেল্ড ইনফর্মেশন দিতে গেলে বহু আছে, যেমন পানাগড় বেল্ড ইত্যাদি। যখন আমি একটা এ্যামেন্ডিং বিল নিয়ে আসব তখন এগুলির আলোচনায় সুযোগ হবে। সুন্দরবন সম্বন্ধে আমার অনেক কথা বলার ছিল কিন্তু সময় হোল না। মাননীয় সদস্য মহাশয় আমার কাছে এলে আমি খবর দিতে অত্যন্ত আনন্দিত হব।

**Sj. Saroj Roy:**
১২ জন কানুনগোর কথা যেটা বললেন গত ৪ মাস ধরে কাজ করছেন—তাঁরা কোন্ কাজ কিভাবে করছেন একটু বলবেন কি?

**The Hon'ble Bimal Chandra Sinha:**
আমার কাছে এলেই আমি সব বলব।

[5-50—6 p.m.]

**The Hon'ble Kali Pada Mookerjee:**
মাননীয় সভাপাল মহাশয়, আজকে দুই দিনব্যাপী বাজেটের থোক বরাদ্দ নিয়ে আলোচনা ও সমালোচনা হচ্ছে—তার উপর নানা রকম টিকাটিপ্পনী চলছে—আমি এসব মনোনিবেশ সহকারে শোনবার চেষ্টা করেছি। কিন্তু দুঃখের কথা হচ্ছে যে, দুই-একজন মাননীয় সদস্য ছাড়া আর কেউ এই বাজেট বিচার বিশ্লেষণ ও অনুধাবন করে কোন প্রকার চিন্তাপ্রসূত মন্তব্য প্রকাশ করেন নি, বেশির ভাগ মাননীয় সদস্যই তাঁদের সন্দেহ ও অভাব অভিযোগ এই সুযোগে প্রকাশ করেছেন এবং কোন কোন বিরোধী বন্ধু, যেমন সাধারণভাবে বাজেট আলোচনার সময় সরকার পক্ষের উপর আক্রমণের পর আক্রমণ করার প্রয়াস পান, এবারেও তাঁরা তাঁদের সেই প্রচেষ্টা থেকে নিবৃত্ত হন নি। আমি কেবলমাত্র আজকে শান্তি, শৃংখলা ও পুলিস বিভাগের বরাদ্দের বিষয় নিয়ে যেসব বন্ধুরা মন্তব্য করেছেন তাঁদের সম্বন্ধে আমার বক্তৃতা সীমাবদ্ধ রাখব। আজ আমার শ্রদ্ধেয় বন্ধু শ্রীবঙ্কিম মুখার্জী এখানে উপস্থিত নাই। কাল তিনি বক্তৃতা প্রসঙ্গে পুলিস বিভাগ সম্বন্ধে কিছু মন্তব্য করেছিলেন। তিনি হাওড়ার বিষয়, সেখানে সাধারণভাবে শান্তি-শৃংখলা বিঘ্নিত হয়েছে, শান্তি ও শৃংখলার অবস্থার বিশেষ অবনতি ঘটেছে, এসব কথা উল্লেখ করেছিলেন। আজ তিনি এখানে উপস্থিত না থাকলেও তাঁর মন্তব্যের জবাব দিতে গিয়ে আমি প্রথমেই একথা বলব যে, হাওড়ায় বর্তমানে শান্তি শৃংখলার অবস্থার প্রভূত উন্নতিসাধন হয়েছে। হাওড়ায় আজকে দুষ্কৃতকারীদের বিরুদ্ধে এমন ব্যবস্থা অবলম্বন করা হয়েছে যার ফলে সেখানে এখন সম্পূর্ণ শান্তি বিরাজমান রয়েছে। তিনি বলেছেন এবং আরও কোন কোন বন্ধু বলেছেন যে, শিবপুর অঞ্চলের নানা স্থানে চোরাই মদের কারবার চলে। চোরাই মদের কারবার চলে একথা সত্য। চোরাই মদের কারবার প্রতিরোধের জন্য ব্যবস্থাও যথেষ্ট হয়েছে। আমি এখানে কয়েকটা উল্লেখযোগ্য সংখ্যা উধৃত করব। আমি জানি এখানে যেসমস্ত পরিসংখ্যান পরিবেশন করা হয় আমাদের কোন কোন বন্ধু তা সহজে গ্রহণ করতে পারেন না, পরিসংখ্যান সম্বন্ধে তাঁদের একটা এলার্জি আছে। এসব পরিসংখ্যানের অংক সম্বন্ধে কোন বন্ধু 'অংকের কলংক' বলে আখ্যা দিয়েছিলেন। বৈজ্ঞানিক জগতে বাস করবেন অথচ যে স্ট্যাটিস্টিকস আমাদের সভ্যতার ভিত্তি, আমাদের উন্নতির মূল ভিত্তি তাকে অস্বীকার করে তাকে "অংকের কলংক" বলে আখ্যাত করে আত্মপ্রসাদ লাভ করলে তাতে তাঁদের বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গিরই অভাব সূচিত হয়। কাজেই হাওড়া সম্বন্ধে একথা বলব, ১৯৫৭ সালে ৩০০টি ক্ষেত্রে পুলিস দিয়ে ৯১১ গ্যালন চোরাই মদ আটক করেছে এবং ১২১টি চোরাই মদের কারখানার যন্ত্রপাতি সেখানে আবিষ্কার করা হয়। এবং শুধু তাই নয়, হাওড়ায় গত কয়েক মাসের মধ্যে ২০ জন কুখ্যাত গুণ্ডাকে অভিযুক্ত করা হয় এবং কোর্টে মামলা দায়ের করার পর তারা আদালতের বিচারে দোষী সাব্যস্ত হয়, এবং অনেককে ২-৮ বৎসর পর্যন্ত সাজা দেওয়া হয়েছে। তা ছাড়া, আজ মাননীয় সদস্য শ্রীনিরঞ্জন সেন গুপ্ত মহাশয় বলেছেন যে, বাংলাদেশের সর্বত্র এক ব্যাপক অবনতি ঘটেছে এবং পুলিসের নিষ্ক্রিয়তার জন্য চুরি, ডাকাতি এবং নরহত্যা বেড়ে যাচ্ছে। পরিসংখ্যানের বালাই তাঁর নেই। কিন্তু তিনি আজ পরিষদ ভবনে যে উক্তি করেছেন, বোধ হয় সেই উক্তি তাঁর অজ্ঞতাপ্রসূত। আমি এখানে কয়েকটা পরিসংখ্যান দিচ্ছি—১৯৫০ সালে বাংলাদেশে যেখানে ১,৬০০টি ডাকাতি ঘটেছিল তা গত কয়েক বছরে কমে কমে ১৯৫৭ সালে ৪৯০টি হয়েছে; রবারির সংখ্যা ছিল ১৯৫০ সালে ৯৭৫টি, আজ ৭৭৬এ পরিণত হয়েছে। বার্গলারি বা চুরি যেখানে ১৯৫০ সালে ১১ হাজার ৮৮৮টি সংঘটিত হয়েছিল আজ ১০ হাজার হয়েছে; ১৯৫০ সালে নরহত্যা যেখানে ৬১৬টি সংঘটিত হয়েছিল, আজ সেটা হয়েছে ৪০৫টি। এই রকমভাবে অবস্থার সবিশেষ উন্নতি হয়েছে। এই অবস্থায় যদি বন্ধুরা বলেন যে, অবস্থার অবনতি হয়েছে তাহলে সেটা সত্যের অপলাপ ছাড়া আর কিছু নয়। তিনি আরেকটা বলেছেন পুলিসের দৃষ্টিভঙ্গির পরিবর্তন

হয় নি। আমি তাঁর সংগে একমত যে, পুলিসের দৃষ্টিভঙ্গির পরিবর্তন সাধনের একান্ত প্রয়োজনীয়তা রয়েছে। দেশের পরিবর্তিত পরিবেশে, রাষ্ট্রীয় পরিবর্তনের পরিবেশে পুলিসের দৃষ্টিভঙ্গিরও যে পরিবর্তন হয়েছে তা আমি যে সংখ্যা উধৃত করেছি তার মধ্যেই তার স্বীকৃতি রয়েছে। নিরঞ্জন বাবু আর একটা কথা বলেছেন, জনসাধারণের সংগে তাদের সহযোগিতা নাই। আজ বাংলাদেশের প্রায় ৪০ হাজার গ্রামে গ্রাম্য রক্ষীদল গ'ড়ে উঠেছে এবং ন্যূনাধিক ১৩ লক্ষ গ্রামের মানুষ পুলিসকে সাহায্য করছে চুরি ডাকাতির হাত থেকে আত্মত্রাণ লাভ করবার জন্য-এটা কি পুলিসের সহযোগিতার নিদর্শন নয়? শুধু তাই নয়, আমি যে স্ট্যাটিস্টিক্স, যে সংখ্যার কথা বললাম

[Disturbance and interruption.]

**Mr. Speaker:** Honourable members, when information is being given to the House, whether you like it or not, even in the public interest, please do not interrupt.

[6—6-10 p.m.]

**The Hon'ble Kali Pada Mookerjee:**

অনেকে বলেছেন, রেলে যেসমস্ত মাল অপহৃত হচ্ছে সেই মাল উদ্ধারের জন্য কোন চেষ্টাই পুলিস করছে না। ১৯৫৭ সালে যেসব অপহৃত মাল পুলিস উদ্ধার করেছে তার মূল্য ১ লক্ষ ৯৬ হাজার ৫৫৭ টাকা—

[Uproar, laughter in the House.]

এটা হাসবার কথা নয়, ১৯৫৩ সালে এনফোর্সমেন্ট ব্রাঞ্চ—এন্টি-রাউডিং সেকশন ১৬ হাজার ৮৭টি কেস আদালতে দায়ের করেছিল; ১৯৫৭ সালে ৩০ হাজার ৩৬৫টি কেস দায়ের করেছিল, তার মধ্যে ২৪ হাজার ৯১১টি কেসএ সাজা হয়েছে। এবং এই কেসগুলির মধ্যে ২৪,৬০১টা কেস সজা দেওয়া হয়েছে। অভিযুক্ত ব্যক্তিদের আদালতে সাজা দেওয়া হয়েছে, এবং সাজার ফলে কিছু কিছু লোকের কাছ থেকে জরিমানাও আদায় হয়েছে। এবং ১ লক্ষ ৭৯ হাজার টাকা জরিমানাস্বরূপ আদায় হয়েছে। কাজেই যখন আমরা পুলিসের সামগ্রিক রূপ দেখি, তাদের দৃষ্টিভঙ্গি-পরিবর্তনের সূচনা আমরা পেয়েছি। আজ পুলিস জনসাধারণের পাশে দাঁড়িয়ে, তাদের সহযোগিতা নিয়ে এক নতুন পরিবর্তিত দৃষ্টিভঙ্গির প্রকাশ দেখিয়েছেন। সেটা সত্যিই আনন্দের কথা।

(এ ভয়েস ফ্রম অপজিশন বেঞ্চঃ মানুষ বুঝতে পারছে না কিন্তু? আপনার বাংলা উপলব্ধি করতে পারলাম না। একটু সহজ বাংলায় বলুন।)

আমার বাংলা সহজই হবে।

শ্রদ্ধেয় বন্ধু নিরঞ্জন বাবু বলেছিলেন পুলিস আজ ঘৃণার পাত্র। আমি একটি ভদ্রলোকের চিঠি পড়ে শোনাচ্ছি

"I am very glad to inform you that the situation in our locality has appreciably improved since you took up necessary measure to put down immoral traffic in women. I thank you for your action. In this connection I would like to mention that we have received every possible help and co-operation from Mr. Manindra Mohan Sanyal, S.I., Detective Department. He has discharged his duties ably and his services have been very helpful to us. He deserves praise .."

(ভয়েসেস ফ্রম অপজিশন বেঞ্চঃ এই চিঠি কে লিখেছেন? সে কে?)

আমি যে চিঠিটা উদ্ধৃত করে পড়ছি, সেটা যিনি লিখেছেন তিনি হচ্ছেন নিরঞ্জন বাবুর স্বগোত্র —আবদুল হালিম এবং তিনি হলেন আমাদের কাউন্সিলএর মেম্বর। [হাস্য রোল।]

অধ্যক্ষ মহোদয়, এই যে এপ্রিসিয়েশন লিস্ট আছে তার থেকে আমি দু-চারটা উদ্ধৃত করতে চাই।

বন্ধুরা যেখানে বিকৃত তথ্য পরিবেশ করে বলেছিলেন পুলিসের সঙ্গে জনতার সমর্থন নেই। পুলিস জনতাকে সাহায্য করছে না, তাঁদের এই মন্তব্য তার বিরুদ্ধে আমি জনমতের সমর্থক এবং সহসম্মতি আপনার সম্মুখে উদ্ধৃত করছি। তিনি একটি মহিলা, তাঁর নাম স্নেহ লাহা, তিনি রিসার্চ স্টুডেন্ট, সায়েন্স কলেজএ রিসার্চ করেন। তিনি যে চিঠি লিখেছেন সেটা উদ্ধৃত করছি—

> "My visit to the Juvenile Aid Bureau at Lalbazar had been most instructive and helpful. This is the first organisation I have come across. Children are being treated scientifically with care and affection. All the children who come here have a primary need and that is need for affection which the bureau tries to provide. I feel sure that the noble ideals of those who serve the children will have a far-reaching effect in helping the children to resolve their problem. This is the type of organisation our country needs."

(এ ভয়েস ফ্রম অপজিশন বেঞ্চঃ 'আনন্দবাজার পত্রিকা' পড়ুন।)

'আনন্দবাজার পত্রিকার' কথা বলছেন? তাহলে আমাকে অন্যান্য আরও সব পত্রিকার কথা বলতে হয়। [হাস্য রোল।] সভাপতি মহোদয় যদি সময় দেন তাহলে আমি উদ্ধৃত করে এক-একটির কথা বলি। প্রথমটি হচ্ছে—'স্টেটসম্যান' পত্রিকা ১৬ই জানুয়ারি ১৯৫৭ তারিখের। দ্বিতীয়টি হচ্ছে-'স্টেটসম্যান' পত্রিকা ১৯এ জানুয়ারি ১৯৫৭। তৃতীয়টি হচ্ছে—'স্বাধীনতা' পত্রিকা ১৯এ জানুয়ারি ১৯৫৭ তারিখের। চতুর্থটি হচ্ছে 'বসুমতী' পত্রিকা ১৩ই ফেব্রুয়ারি ১৯৫৭। তারপর আবার 'স্টেটসম্যান' পেপার ১৯এ জুলাই ১৯৫৭ এবং আর একটি হচ্ছে 'আনন্দবাজার পত্রিকা' ২০এ জুন ১৯৫৭ তারিখের। এরা সকলেই পুলিসের কাজের প্রশংসা করেছে। [হাস্য রোল।] আমি শুধু ইন্ডেক্স পড়ছি। এর মধ্যে 'আনন্দবাজার পত্রিকা'ও আছে। 'লোকসেবক' ২০এ অগাস্ট ১৯৫৭ তারিখের, 'হিন্দুস্থান স্ট্যান্ডাড' ১৬ই সেপ্টেম্বর ১৯৫৭, 'যুগান্তর' ২২এ সেপ্টেম্বর ১৯৫৭, 'অমৃতবাজার পত্রিকা' ও 'স্টেটসম্যান' পেপার। এই সকল পত্রিকার কাটিংস আমার কাছে আছে, সময়ের অভাব, তাই পড়ে দিতে পারলাম না।

**Sj. Hemanta Kumar Ghosal:**
স্যার, এইগুলি সব পুলিসের বিরুদ্ধে কি লিখেছে?

**Mr. Speaker:** Shall I direct those articles from the various papers to be placed on the library table?

**Sj. Hemanta Kumar Ghosal:** Yes, Sir.

**The Hon'ble Kali Pada Mookerjee:**
তারপর আর একটি কথা। আমার বন্ধুবর নিরঞ্জন সেনগুপ্ত মহাশয় বলেছিলেন অবনী দত্তের কেসের কথা। তাঁর দর্জির দোকান থেকে তিন-চারটা সেলাইএর কল চুরি হয়েছিল। তিনি অভিযোগ করেছেন যে পুলিস এ সম্বন্ধে নিষ্ক্রিয় ছিল। কিন্তু আমি ফাইল দেখলাম—যেদিন তাঁরা পুলিসের কাছে অভিযোগ করেন, সেই দিনই সেই স্থানে পুলিস উপস্থিত হয়ে তদন্ত করেছে এবং যে দু'টি লোকের নাম তাঁরা দিয়েছিলেন, তার মধ্যে একজনকে সেই রাত্রেই গ্রেপ্তার করা হয়। শুধু তাই নয়, সেখানে ফুট-প্রিন্ট এ্যান্ড ফিঙ্গার-প্রিন্ট এক্সপার্টরা গিয়ে, হাত এবং পায়ের ছাপ নিয়ে, বৈজ্ঞানিকসম্মত উপায়ে আসামী সম্বন্ধে অনুসন্ধান করে একজনকে গ্রেপ্তার করলেন। আর একজন আসামী পালিয়ে গিয়েছিল, তাকেও পরে ধরা হয়। উনি বলেছিলেন যেসমস্ত লোককে সন্দেহ করা হয়েছিল, তাদের হাত ও পায়ের ছাপ মিলিয়ে দেখা গেল ট্যালি করে নি। সেইজন্য দেখা যাচ্ছে তাঁদের যে অভিযোগ সেটা সম্পূর্ণ ভিত্তিহীন।

ও'রা আর একটা কথা বলেছিলেন যে, পুলিসের বাজেট বাড়ছে কেন? পুলিসের বাজেট বাড়ে নি। এটা একটা চতুর্মাসিক অংক, এ থোক দায় বরাদ্দ। সুতরাং সেখানে তার বিশ্লেষণ করবার, অনুধাবন করবার সুযোগ হয় নি। কাজে কাজেই তারা যেটা বলেছেন, সেটা একেবারে অমূলক।

আর একটা কথা শুধু নিবেদন করতে চাই আপনার মাধ্যমে—তাঁরা যখন পুলিসের বেতন বৃদ্ধির জন্য বলেছিলেন, পুলিসের নিম্ন-কর্মচারীদের বেতন বৃদ্ধি করবার জন্য যে আওয়াজ তুলেছিলেন, সেই আওয়াজের সঙ্গে আজকে তাঁদের এই বেতন কমানর আওয়াজের পার্থক্য কোথায়? তাঁরা কি দেখে বললেন, সেটা তাঁরা বলবেন কি? [হাস্য রোল।] বিরোধী পক্ষের আর একজন বন্ধু বললেন বিরোধী পক্ষের এক রং নয়। এঁরা নানা রংয়ের ফুলে, ফুল সাজাচ্ছেন। কাজেই, লালের মধ্যে সাদার তফাৎ আছে। [হাস্য রোল।] যতীন চক্রবর্তী মহাশয় সে গোষ্ঠিভুক্ত নন। তিনি বিরাট অভিযোগ করলেন যে, পুলিসের এন্টি-রাউডিং সেকশন নাকি বহু লোককে ধরছে। যারা দুষ্কৃতিপরায়ণ, যারা গুন্ডার দলে যোগ দিয়েছেন তাদের পুলিস বেড়াজাল দিয়ে ধরতে শুরু করেছে। অবশ্য তাদের মধ্যে দু'-চার জন লোক যারা নিরপরাধ, তাদের ধরা হয়েছে। কিন্তু আমি বলব যাঁরা নিরপরাধ লোক, তাঁরা যদি এই সমস্ত আড্ডাখানায় যান, তাহলে এটা স্বাভাবিক যে, তাদের দুর্ভোগ ভোগ করতে হয়। যতীন বাবু যদি তাঁদের নাম দিতে পারেন, আমি তাঁদের সম্বন্ধে অনুসন্ধান করে দেখব কি করা যায়।

উপসংহারে মাননীয় সভাপতি মহাশয়, আমি এই কথাই আপনার কাছে নিবেদন করতে চাই যে, পুলিসের দৃষ্টিভঙ্গীর পরিবর্তন হয়েছে—স্বাধীন যুগের স্বাধীন রাষ্ট্রের আদর্শে অনুপ্রাণিত হয়ে তারা আজ জনসেবকের ভূমিকায় অবতীর্ণ হয়েছে। অবশ্য দু'-চার জন লোক হয়ত এখনও সেই পুরান সংস্কারের মোহে আবদ্ধ রয়েছে যেমন আমার অনেক বন্ধু নূতনের শুভাগমন কামনা করেন মতবাদে কিন্তু সেই নূতনকে মনেপ্রাণে গ্রহণ করতে পারেন না, কারণ তাদের দৃষ্টিভঙ্গী পুরান সংস্কারের মধ্যে এখনও বিদ্যমান। পুলিসের মধ্যেও সেইরূপ মনোবৃত্তি কিছু কিছু লোকের মধ্যে থাকতে পারে কিন্তু সাধারণভাবে তাদের দৃষ্টিভঙ্গীর পরিবর্তন হয়েছে। আজ সেবকের ভূমিকায় তারা জনসাধারণের সেবা করছে সেবার আদর্শ নিয়ে এগিয়ে চলেছে। কাজেই আজ পুলিস তাদের আদর্শে সজাগ ও কর্তব্যপরায়ণ। এই কথা বলেই আমি এখানে শেষ করছি।

**Sj. Jatindra Chandra Chakravorty:** On a point of personal explanation, Sir

**Mr. Speaker:** Please make your personal explanation briefly.

**Sj. Jatindra Chandra Chakravorty:**
এক মিনিট সময়, স্যার। মিঃ স্পীকার, স্যার শুধু এই ই আমি বলেছিলাম যে শ্রমিক মালিক বিরোধের ক্ষেত্রে এই এ্যান্টি-রাউডিং সেকশনএর লোকেরা অস্বাভাবিকভাবে হস্তক্ষেপ করছে—আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি এদিকেই আকর্ষণ করেছিলাম এবং কয়েকটি উদাহরণ দিয়েছিলাম। যেমন রয়াল ক্যালকাটা টার্ফ ক্লাব, তারাচাঁদ কেসএর কথা বলেছি যেটা তাদের এক্তিয়ারের মধ্যে নয়, তবুও মিছামিছি তারা তাতে হস্তক্ষেপ করেন।

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** Sir, I have been listening very patiently and carefully to the speeches that have been delivered in this House. I was wondering in my mind whether those who saw nothing good in the present administration were realistic or not and whether those who praised the present administration also were realistic or not. Then I was reminded of a story which you, Sir, must have heard before—of what happened years ago in the House of Commons. Pitt and Fox were the two leaders of the two great parties. They belonged to two different parties but they agreed with each other in one thing—they both drank heavily. One day both of them came tottering inside the House of Commons and Pitt said to Fox "I see no Speaker" but Fox said to Pitt "I see two". Both were under the influence of drink. One was suffering from, what we doctors call, Amblyopia, i.e., no vision, and the other was suffering from Diplopia, i.e., double vision. I was wondering whether those who are in the House as well as outside who drink deep in the spirit of partisanship also suffer—some from Amblyopia and others from Diplopia. To those suffering from Amblyopia nothing seems to be real. If you show them roads, they do not agree that there are roads; if you show them tanks and irrigation channels, they do not agree that tanks and irrigation channels do really exist—to them

everything is *maya* and nothing is real. If you tell them—these pictures have been there, these cinema films have been there—nothing seems to impress them. On the other hand, the human affairs being what they are, there must be deficiencies and defects. Again, those who suffer from Diplopia, i.e., double vision, they begin to see the defects doubly. So, that leads to the present state of affairs—either you do not say what you see or do not realise that you see something or you say double of what you see, viz., the imperfections on the other side.

[6-10—6-20 p.m.]

I will first of all take my friend Sj. Bankim Mukherjee. Unfortunately he is not there. I wish he were here, because I want to answer some of the points which he raised. I may mention here that on one point I asked him, namely, about the expenditure on educated unemployment which, he said, has been reduced. I showed him the red book, page 94, and pointed out that the same amount that had been provided for in the last year has been reproduced. He admitted that he had not read the red book but had only read my speech and came to his own conclusion. When he said that 5 crores had been left unspent, I was wondering where he got the figure of 5 crores. I went through my speech again and I find that he had taken items of decrease of expenditure under different heads on pages 5 and 6 of my speech, added them together and came to a figure of 4.96 which is about 5 crores. I find in the papers today that figure has been reproduced. What are those items? There is an item of 26 lakhs decrease under C.D P., N.E.S. Block. The reason is quite simple. The reason is that the Government of India or the Community Development Administration in India had agreed that we should have 50 N.E.S. Blocks this year; eventually they reduced it to 35 and, therefore the expenditure had to go down. There is an item called "decrease of 21 lakhs under 'Miscellaneous—Other Miscellaneous Expenditure' " with regard to the improvement of Sunderban area. The reason of that is that it is decreased under that head but it is put in the Revenue head. Then there is a decrease of 70 lakhs under "Capital Outlay on Industrial Development outside the Revenue Account". The reason is that the industrial development sanction did not come in time for us to take it up. There is a decrease in Co-operative Organisation of 1 crore 14 lakhs because the scheme with the Government of India and the Reserve Bank was not finalised and it is not finalised even now. Naturally it was provided for in the Budget but it could not be spent. There is a decrease of 74 lakhs on Model Village Scheme. If you look at the scheme itself, which is mentioned in our undertakings, you will find in our white book that for this item of the Build Your Own House Scheme the Government of India would not provide us with the total amount—we had provided for 1 crore 20 lakhs. Actually the amount was 91 lakhs, 18 thousand because we did not get the fund from them. Therefore, obviously what he wanted to say was that "you have not spent 5 crores". There may be good reason why the 5 crores was not spent under different heads—not under one head. He has said that the total amount spent on Irrigation is lower this year than previous years. I have checked it up and I have found that Irrigation expenditure in 1957-58 was 5 crores provided in the budget—the actual expenditure was 5 crores 84 lakhs. Therefore, there was no reduction in the amount of money spent on Irrigation.

Then my friend mentioned the question of test relief work. Probably he does not know—he is not expected to know—that we have already taken up a co-ordinated plan by which test relief work and the work of particular departments like Irrigation (Embankment portion), Land Revenue and Public Works Departments will be taken up by them all together for the purpose of working a co-ordinated plan for the whole area.

Then he talked about roads. Sir, I have got here figures about the roads. There is no question of complacency as regards the roads in West Bengal. Sir, at the time of partition in 1947, West Bengal had 1,181 miles of roads of different types—*pucca* and *kutcha*. By the end of the First Five-Year Plan the mileage went up to 4,900 miles and we expect to go up to 7,200 miles of which about 1,300 will be *kutcha* road and the remainder is going to be *pucca* road. Besides this, 7,000 miles of *kutcha* road have been erected in different districts under the test relief schemes. Therefore, it is not a fact that we are unmindful of road development. Look at it from this point of view: you cannot develop the State and increase its production in different directions unless there is a method of distributing the production, and you cannot distribute production unless you have got good communication between one part of the country and another.

Then, Sir, he has said about fertilizer. He said that we have provided less for fertilizer. The reason for that is that the Government of India used to supply us a certain quantity of fertilizer, partly from the Sindhri factory and partly imported stuff. This year the Government of India has informed us that they will cut down our supplies by nearly 30 or 40 per cent., and therefore the total expenditure on fertilizer has to be less.

Then the question of Community Development Block. Sir, I may mention here for those who perhaps have not a complete picture of the Community Development Block and I want to spend a little time on this subject. Sir, in 1952 we started in this State a type of Community Development Project which we called the composite project, namely, a township in the centre surrounded by 100 villages. Development would be in the township as well as in the villages surrounding it. In the first year we developed 8 such townships. Each township cost us 47 lakhs. Next year the Government told us that they would not be able to give us 47 lakhs; they could give us only 27 lakhs for each township. At the present moment there are 11 Community Development Composite Blocks, besides one in Purulia, namely, at Fulia, Barrackpore, Jhargram, Saktigarh, Ahmedpur, Ghuskara, Patel Nagar Composite Blocks and at Habra, Sonamukhi, Nalhati and Dinhata Non-Composite Blocks.

[6-20—6-30 p.m.]

This was the original scheme in 1953-54. They introduced a new scheme possibly because they could not give us either 47 lakhs for each unit or 27 lakhs for each unit. They started a new scheme and that was the National Extension Development Block. For three years they will give us four lakhs a year. We have got to make corresponding contribution also. Then after the area has been developed to a certain extent, they will agree to increase the tempo of the development in these areas, call them intensive areas and provide 12 lakhs for each one of these areas. Then after five years—two and three years for NES and CDP blocks, there is a State scheme called post-intensive blocks where they refuse to give any money, because five years of help given either by the State Government or by the Government of India should be enough. They have to carry on and later on after five years they will give us only the expenditure for the office and other incidental expenses, but no expenditure for development of these blocks. At the present moment, up to the year 1957 we have got 118 such blocks covering 2/5 of the total area of rural population. Of these twelve are of the post-intensive type. I have mentioned eleven and one is in Purulia. Sixteen are Community Development Blocks and the remaining ninety are National Extension Service Blocks. These blocks cover about sixteen thousand villages with a population of one crore and ninety lakhs. Generally, steps are taken for the development of Agriculture, Co-operatives, Kitchen

Gardening, Animal Husbandry, Irrigation, Reclamation, Education, Communication, Industry and people's participation in these areas. Uptil now they have distributed a very large quantity. In 1957 they have distributed, for instance, 11 lakhs and 14 thousand rupees for chemical fertilisers, for green manuring, compost, public health and rural sanitation and people's contribution has been 31 lakhs 61 thousand and 880 rupees, partly as labour and partly as tax. I will refer to this particular aspect a little later. The expenditure that is mentioned is with regard to the question of modern village scheme. I have said the other day a great deal on this particular subject not merely of what we have achieved, but of developing the cottage industries on an improved scale. We have been able to manufacture 12 crores of bricks which represents 12 per cent. of the total production of bricks in Bengal. Hundreds of crores of bricks are manufactured of which 12 crores of bricks have been manufactured by the people themselves. It is not a small thing done and I congratulate the people who have taken upon themselves to do it. About 13 or 14 thousand houses are being built in about 21 villages where village areas have been all flooded. People have been removed to a new spot, land has been acquired and the new buildings have come up. As I said before it is not the physical achievement that really attracts me, it is the fact that people are prepared now to develop their own surroundings and develop their own country.

Sir, the next question is house requisition. I may tell my friends here that we have altogether requisitioned 24 properties of which a few were mentioned the other day. The usual rule is—I may tell you that there are many people with big properties who, unable to maintain themselves in the present straitened circumstances, come to Government to offer their properties, the first thing we do is to find out whether the property is unencumbered or whether it is vacant; secondly we tell our Collector to go and assess the valuation of the property. Meanwhile the thing is circularised to all the departments to find out whether any of them require the use of the property. Now I shall give you two or three examples—one is the Babulbona property of the Maharaja of Cossimbazar. This property was taken over because we wanted to remove the Reformatory School from Hazaribagh where we keep about 140 boys in the Reformatory School. This system was started before Bihar was separated from Bengal, I tell you, but it is continued up till now and it was felt that it would be better to bring the boys to Bengal and there was a Borstal School, an industrial school building in Berhampur which was not big enough to bring the reformatory boys. Therefore this Babulbona Kuthi was taken over by the Government. It contains 63 bighas 2 cottahs and the valuation was Rs. 96,700. The calculation was made by the Land Acquisition Collector. We saved a certain amount of money by this agreed system because 15 per cent. has to be added according to the Land Acquisition rules to the valuation of the property. Secondly, the man cannot go up to any arbitrator or to any court to increase the valuation. Once or twice previously we had been rather let down because we did not take the precaution of getting an agreement. We just acquired the property and we found afterwards that they did not accept our valuation, went up to the court and we had to pay again.

[6-30—6-40 p.m.]

There is another property—Bajoria House—which was taken over, because the Government of India suggested the establishment of a new Polytechnic Engineering College in place of the existing one. The matter was placed before a Committee and the arrangement was that we should build a new structure. The Bajoria Hall comprising 52 acres of land was purchased at a price which was fixed by the Land Acquisition Collector at 1 lakh 92 thousand rupees including 15 per cent. addition.

There is a third building—Lalgola Palace. This is a little more interesting. In Bihar, in Ranchi we keep 862 persons in the Ranchi Mental Asylum and we pay Rs. 10.37 lakhs a year. Originally we had a fair amount of representation in the Managing Committee. The Government of India wrote to us that they wanted to take over the control but that we should have to continue payment of Rs. 10 lakhs. We thought that was not a correct arrangement because our men, Bengal lunatics, could not get place in some institutions and we were in great difficulty. Therefore we put before the Second Five-Year Planning Commission that we should have a provision of Rs. 40 lakhs during the five years for the purpose of taking over those 862 persons in a Mental Asylum. There are again 505 mental patients including 59 criminals waiting in different jails and there are 193 among them in the different vagrancy houses, the total being 698. So today the problem is to have beds for 1,500 lunatics. We tried different places but we felt that if we have got to wait for the building to be completed considering the situation of the steel and cement, it would take a very long time before we can consolidate the whole thing. We wanted to bring a part of this 1,500 patients. Those who are capable of being improved by surgical treatment we wanted to bring them over to Berhampur and occupy the building which is now being occupied by the industrial school which is now going over to Babulbona Kuthi. Having got that we would place criminal lunatics as well as some number of the vagrant lunatics who are capable of being improved in this industrial school building. The remainder would go to the Lalgola Palace I have gone and seen the place myself The total area is such that we might be able to put in a large proportion of 1,200, that will be there after accommodating 300 in Berhampur Palace. Sir, I personally feel that it is a move in the right direction. There are many people who are anxious to part with their properties because they cannot maintain them and it is well for us that we have not got to spend money for new construction and wait before we can get the use of the property. We want to develop various institutions in Bengal, we want to have more technical institutions. For instance the Maharaja of Mayurbhunj had wanted to part with his property. The Refugee Rehabilitation Minister of the Centre took it over for the opening up of a technical school for the refugee students. Why should we not? The building is there. There are three things to be looked into. So long as the price is not more than what our Land Acquisition Collector would fix, so long as the buildings are suitable and satisfactory and so long as we have need for them for a particular specific purpose, I do not see any reason why we should not take advantage of the situation.

Sir, now we come to one important point which was raised by my friend here namely about Democracy. My friend Dr Majumder said this as if there was a connection between a stadium and democracy. I have yet to learn that. But, Sir, democracy has been interpreted in different countries of the world in different ways. In China they call it democratic dictatorship. I do not know how the two conceptions get together. But there is no doubt whatsoever that in various countries in the world which call themselves democratic, the arrangement is, following the dictum of Abraham Lincoln, the Government for the people, by the people, of the people Remember that is one aspect of the whole scheme. That is to say, the administration is run by representatives of the people who are sent to the Legislature by them, by the people, and the representatives are expected to work for the people, and they are representatives of the people.

There is another aspect of the question which I think is equally important or more important and which is that democracy is not merely a system of administration in a particular line. Democracy is the mode of

life, the way in which we live, the approach you make to the problems of the day, the feeling we have with regard to the difficulties that we meet and the way by which to solve them. This part of the activity is done in different countries in different ways. They are entitled to follow their own way. I think the mode of life should be by mutual consultation, adjustment, compromise, agreement, discussion and so so. You may say here is my opinion, take it or you go somewhere. There are two different ways of life in this country. We have followed the first method and a talk has now been raised in this House as to whether we are really democratic in the sense that we are spending money for national service. Sir, I have got here statistics and I hope the honourable members will have patience to listen to them. I have picked up these from the budgets from 1948-49 to 1958-59 —the different items some of which I may call nation-building activities, namely, Irrigation, Education, Medical and Public Health, Agriculture, Fisheries, Veterinary, Co-operation, Industries—big and small—, Civil Works for the various items of Community Development Projects. I have taken several items separately, namely, General Administration, Justice, Jails and Police. There are various other small items with which I need not worry the members. For instance the money that is required for buying the rice and selling it to different shops and so on. I have only taken the broad questions. It is very interesting. If you take only the Medical and Education expenses of West Bengal and compare how we have gone ahead, you find that the per capita expenditure on Education, Medical and Public Health has gone on increasing. From 3.3 per cent. in 1952-53 it has come to 7.8 per cent. in 1958-59, that is, it is more than double. Another State which comes up to that standard is Bombay which has 7.9 per capita expenditure on Education which is higher than ours but our expenditure on Public Health and Medical is higher than theirs. Other States like Bihar, Madras and U.P., they come between 3 and 4 per cent. per capita.

My friend Sj. Kali Pada Mookerjee was talking about police. The question is whether we have increased the expenditure on police as compared with nation-building subjects. I have brought here percentage on nation-building expenditure proportionate to the total revenue expenditure. The expenditure on nation-building subjects has gone up from 45 per cent. to 47.9 per cent In the case of General Administration, it was 6.5 per cent. in 1952-53, it is 4.6 per cent. in 1958-59. In the case of police, it was 14.7 per cent. in 1952-53, it is 10.8 in 1958-59.

[6-40—6-50 p.m.]

Therefore, you will see, Sir, that we in this State are trying to follow the true principles of democracy, namely, to spend more for the nation-building activities, because, as I said before, it is not enough to have Government for the people, of the people and by the people, but it is necessary to have Government with the people. You must associate with the Government in all departments of life if you really want to develop your own country in the way it should be developed and in a proper democratic way. I do not claim that there is no room for improvement either in our technique or our method although I may say that when we are implementing any scheme, whether it is for the purpose of nation-building scheme or any other purpose. There may be honest differences of opinion between members as to what should be the correct scheme. We have often to learn that it is much better that we have tried and even lost than not to have tried at all Therefore, I do plead that this budget that is before the House, represents all the ideals that you have before us, namely, of establishing democracy by the consultation, by mutual give and take, by adjustment and by various other methods.

Sir, I have not referred to particular remarks made by certain gentlemen saying

"বাংলাদেশে 'হেল্থ' বলে জিনিস নাই।"

Medical relief is not sufficient I do not say that medical relief is sufficient. I had been a member of the Bhore Committee. I know the number of doctors that should be provided. We are below that mark; but we do say that we are in the right track to our mind and we are trying to follow the cardinal principles of democracy.

With these words Sir, I commend my motion to the acceptance of the House.

**Mr. Speaker:** I am putting the cut motions en bloc.

The motion of Dr. Ranendra Nath Sen that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Niranjan Sengupta that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Radhanath Chattoraj that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Jatindra Chandra Chakravorty that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Pabitra Mohan Roy that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Renupada Halder that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Mangru Bhagat that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Satyendra Narayan Mazumdar that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Bhakta Chandra Roy that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Basanta Kumar Panda that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Ramanuj Haldar that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Haridas Mitra that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Panchugopal Bhaduri that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Monoranjan Hazra that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Basanta Lal Chatterjee that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Narayan Chobey that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Ganesh Ghosh that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Shyamaprasanna Bhattacharya that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Janab Elias Razi that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Deo Prakash Rai that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Haran Chandra Mondal that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Mihir Lal Chatterji that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Subodh Banerjee that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Durgapada Das that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Phakir Chandra Roy that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Monoranjan Misra that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Gopal Basu that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Samar Mukherji that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Saroj Roy that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Hare Krishna Konar that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Bejoy Krishna Modak that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Benoy Krishna Chowdhury that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Hirendra Kumar Chattopadhyay that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Rabindra Nath Mukhopadhyay that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Suhrid Mullick Chowdhury that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Amarendra Nath Basu that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Jamadar Majhi that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Dhirendra Nath Dhar that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Rabindra Nath Ray that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Bankim Mukherjee that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Bhadra Bahadur Hamal that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Sasabindu Bera that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Bhupal Chandra Panda that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Dhirendra Nath Banerjee that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Natendra Nath Das that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Bhuban Chandra Kar Mahapatra that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Sudhir Chandra Bhandari that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Provash Chandra Roy that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Sunil Das that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Narayan Chandra Ray that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Ajit Kumar Ganguli that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sjkta. Manikuntala Sen that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Gangadhar Naskar that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Hemanta Kumar Ghosal that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Turku Hansda that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Jnanendra Nath Mazumdar that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Janab Tahir Hussain that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Sudhir Kumar Pandey that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Ramasankar Prasad that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Amal Kumar Ganguly that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that the demand of Rs. 46,22,32,000, on account, be reduced by Rs. 100, was then put and lost.

The motion of the Hon'ble Dr. Bidhan Chandra Roy that a sum not exceeding Rs. 46,22,32,000 only be granted to the Governor, on account, for or towards defraying the charges for the following services and purposes for the year ending on the 31st day of March, 1959, namely:—

| Grant No. | Services and purposes | Sums not exceeding |
|---|---|---|
| 1 | 2 | 3 |
| | | Rs. |
| | **A—Direct Demand on the Revenue** | |
| 1 | 4—Taxes on Income other than Corporation Tax and Estate Duty .. .. .. .. | 1,92,000 |
| 2 | 7—Land Revenue .. .. .. .. | 1,43,48,000 |
| | **AA—Principal Revenue Heads—Forest and other Capital Accounts outside the Revenue Account** | |
| | 65—Payment of Compensation to Land Holders, etc., on the abolition of the Zemindary System .. .. | 50,00,000 |
| | Total—Grant No. 2 .. .. | 1,93,48,000 |

**A—Direct Demand on Revenue**

| | | |
|---|---|---|
| 3 | 8—State Excise Duties .. .. .. .. | 14,04,000 |
| 4 | 9—Stamps .. .. .. .. | 2,90,000 |
| 5 | 10—Forest .. .. .. .. | 30,11,000 |
| 6 | 11—Registration .. .. .. .. | 7,34,000 |
| 8 | 12A—Sales Tax .. .. .. .. | 8,10,000 |
| 9 | 13—Other Taxes and Duties .. .. .. | 3,55,000 |

| Grant No. | Services and purposes | Sums not exceeding |
|---|---|---|
| 1 | 2 | 3 |
| | | Rs. |
| | **C—Revenue Account of Irrigation, Navigation, Embankment and Drainage Works** | |
| 11 | XVII—Irrigation—Working expenses .. .. | 8,30,000 |
| | 18—Other Revenue expenditure financed from Ordinary Revenues .. .. .. .. | 36,03,000 |
| | **H—Civil Works and Miscellaneous Public Improvements** | |
| | 51B—Other Revenue expenditure connected with Multipurpose River Schemes .. .. .. .. | 8,53,000 |
| | **CC—Capital Account of Irrigation, Navigation, Embankment and Drainage Works outside the Revenue Account** | |
| | 68—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (commercial) .. .. | 13,39,000 |
| | 68A—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (non-commercial) .. .. | 16,67,000 |
| | **HH—Capital Account of Civil Works and Miscellaneous Public Improvements outside the Revenue Account** | |
| | 80A—Capital Outlay on Multipurpose River Schemes outside the Revenue Account .. .. .. | 17,29,000 |
| | Total—Grant No. 11 .. .. | 1,00,21,000 |
| | **E—Debt Services** | |
| 12 | 22—Interest on Debt and other obligations .. .. | 1,000 |
| | **F—Civil Administration** | |
| 14 | 25—General Administration .. .. .. | 1,06,41,000 |
| 15 | 27—Administration of Justice .. .. .. | 29,30,000 |
| 16 | 28—Jails and Convict Settlements .. .. | 31,25,000 |
| 17 | 29—Police .. .. .. .. | 2,60,94,000 |
| 18 | 30—Ports and Pilotage .. .. .. | 4,04,000 |
| 19 | 36—Scientific Departments .. .. .. | 24,000 |
| 20 | 37—Education .. .. .. .. | 4,12,82,000 |
| 21 | 38—Medical .. .. .. .. | 1,58,85,000 |
| 22 | 39—Public Health .. .. .. .. | 77,20,000 |

| Grant No. | Services and purposes | Sums not exceeding |
|---|---|---|
| 1 | 2 | 3 |
| | | Rs. |
| 23 | 40—Agriculture—Agriculture .. .. | 1,46,34,000 |
| | **FF—Civil Administration—Capital Account outside the Revenue Account** | |
| | 71—Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account .. | 14,24,000 |
| | Total—Grant No. 23 .. .. | 1,60,58,000 |

**F—Civil Administration**

| Grant No. | Services and purposes | Sums not exceeding |
|---|---|---|
| 24 | 40—Agriculture—Fisheries .. .. .. | 6,86,000 |
| 25 | 41—Veterinary .. .. .. .. | 12,81,000 |
| 26 | 42—Co-operation .. .. .. .. | 11,90,000 |
| 27 | 43—Industries—Industries .. .. .. | 24,76,000 |
| | **FF—Civil Administration—Capital Account outside the Revenue Account** | |
| | 72—Capital outlay on Industrial Development outside the Revenue Account .. .. .. .. | 37,19,000 |
| | Total—Grant No. 27 .. | 61,95,000 |

**F—Civil Administration**

| Grant No. | Services and purposes | Sums not exceeding |
|---|---|---|
| 28 | 43—Industries—Cottage Industries .. .. .. | 35,79,000 |
| | **FF—Civil Administration—Capital Account outside the Revenue Account** | |
| | 72—Capital outlay on Industrial Development outside the Revenue Account—Cottage Industries .. .. | 2,12,000 |
| | Total—Grant No. 28 .. | 37,91,000 |

| Grant No. | Services and purposes | Sums not exceeding |
|---|---|---|
| 1 | 2 | 3 |
| | | Rs. |
| | **F—Civil Administration** | |
| 29 | 43—Industries—Cinchona .. .. .. | 10,67,000 |
| 30 | 47—Miscellaneous Departments—Fire Services .. .. | 11,66,000 |
| 31 | 47—Miscellaneous Departments—excluding Fire Services .. | 36,83,000 |
| | **H—Civil Works and Miscellaneous Public Improvements** | |
| 32 | 50—Civil Works .. .. .. .. | 1,22,52,000 |
| | **J—Miscellaneous** | |
| 33 | 54—Famine .. .. .. .. | 71,48,000 |
| 34 | 54B—Privy Purses and allowances of Indian Rulers .. | 57,000 |
| 35 | 55—Superannuation allowances and pensions .. .. | 46,71,000 |
| | **JJ—Miscellaneous Capital Account outside the Revenue Account** | |
| | 83—Payments of commuted value of pensions .. .. | 2,00,000 |
| | Total—Grant No. 35 .. | 48,71,000 |
| | **J—Miscellaneous** | |
| 36 | 56—Stationery and Printing .. .. .. | 22,84,000 |
| 37 | 57—Miscellaneous—Contributions .. .. .. | 47,61,000 |
| 38 | 57—Miscellaneous—Other Miscellaneous Expenditure .. | 50,92,000 |
| | **JJ—Miscellaneous Capital Account outside the Revenue Account.** | |
| | 82—Capital Account of other State Works outside the Revenue Account .. .. .. .. | 1,85,38,000 |
| | Total—Grant No. 38 .. | 2,36,30,000 |

| Grant No. | Services and purposes | Sums not exceeding |
|---|---|---|
| 1 | 2 | 3 |
| | | Rs. |
| | **J—Miscellaneous** | |
| 39 | 57—Miscellaneous—Expenditure on displaced persons .. | 2,80,64,000 |
| | **JJ—Miscellaneous Capital Account outside the Revenue Account** | |
| | 82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on displaced persons .. .. | 61,81,000 |
| | **Loans and Advances by State Government** | |
| | Loans and Advances to displaced persons .. | 1,08,94,000 |
| | Total—Grant No. 39 .. | 4,51,39,000 |
| | **M—Extraordinary Items** | |
| 40 | 63B—Community Development Projects, National Extension Service and Local Development Works .. .. | 61,19,000 |
| | **JJ—Miscellaneous Capital Account outside the Revenue Account** | |
| | 82—Capital Account of other State Works outside the Revenue Account—Community Development Projects .. | 4,76,000 |
| | **Loans and Advances by State Government** | |
| | Loans and Advances under Community Development Projects | 9,95,000 |
| | Total—Grant No. 40 .. | 75,90,000 |
| | **M—Extraordinary Items** | |
| 41 | 63—Extraordinary charges in India .. .. | 61,81,000 |
| 42 | 64C—Pre-Partition Payments .. .. .. | 6,54,000 |

| Grant No. | Services and purposes | Sums not exceeding |
|---|---|---|
| 1 | 2 | 3 |
| | | Rs. |
| | **HH—Capital Account of Civil Works and Miscellaneous Public Improvements outside the Revenue Account** | |
| 43 | 80A—Capital Outlay on Multipurpose River Schemes outside the Revenue Account—Damodar Valley Project .. | 2,85,43,000 |
| 44 | 81—Capital Account of Civil Works outside the Revenue Account .. .. .. .. | 2,02,45,000 |
| | **J—Miscellaneous** | |
| 45 | XLVIA—Receipts from Road and Water Transport Schemes —Working expenses .. .. .. .. | 96,50,000 |
| | **JJ—Miscellaneous Capital Account outside the Revenue Account** | |
| | 82B—Capital Outlay on Road and Water Transport Schemes outside the Revenue Account .. .. .. | 16,19,000 |
| | Total—Grant No. 45 .. | 1,12,69,000 |
| 46 | 85A—Capital Outlay on State Schemes of Government Trading .. .. .. .. | 10,00,00,000 |
| | **Loans and Advances by State Government** | |
| 48 | Loans and Advances by State Government .. .. | 82,20,000 |
| | **Grand Total** .. | **46,22,32,000** |

was then put and a division taken with the following result:—

**AYES—134.**

**Abdul Hameed, Hazi**
**Abdus Sattar, The Hon'ble**
**Abdus Shokur, Janab**
**Abul Hashem, Janab**
**Badiruddin Ahmed, Hazi**
**Bandyopadhyay, Sj. Smarajit**
**Banerjee, Sj. Profulla Nath**
**Barman, The Hon'ble Syama Prasad**
**Basu, Sj. Abani Kumar**
**Basu, Sj. Monilal**
**Basu, Sj. Satindra Nath**
**Bhagat, Sj. Budhu**
**Bhattacharjee, Sj. [illegible]**
**Bhattacharyya, Sj. Syamadas**
**Blanche, Sj. C. L.**
**Bose, Dr. Maitreyee**
**Bouri, Sj. Nepal**
**Brahmamandal, Sj. Debendra Nath**
**Chakravarty, Sj. Bhabataran**
**Chatterjee, Sj. Binoy Kumar**
**Chattopadhya, Sj. Satyendra Prasanna**
**Chattopadhyay, Sj. Bijoylal**
**Chaudhuri, Sj. Tarapada**
**Das, Sj. Bhusan Chandra**
**Das, Sj. Kanailal**
**Das, Sj. Khagendra Nath**

Das, Sj. Radha Nath
Das, Sj. Sankar
Das Adhikary, Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Kanai Lal
Digar, Sj. Kiran Chandra
Digpati, Sj. Panchanan
Doloi, Sj. Harendra Nath
Dutta, Sjta. Sudharani
Fazlur Rahman, Janab S. M.
Gayen, Sj. Brindaban
Ghatak, Sj. Shib Das
Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh, Sj. Parimal
Ghosh, The Hon'ble Tarun Kanti
Golam Soleman, Janab
Gupta, Sj. Nikunja Behari
Gurung, Sj. Narbahadur
Hafijur Rahaman, Kazi
Haldar, Sj. Kuber Chand
Haldar, Sj. Mahananda
Hansda, Sj. Jagatpati
Hasda, Sj. Jamadar
Hasda, Sj. Lakshan Chandra
Hazra, Sj. Parbati
Hembram, Sj. Kamalakanta
Hoare, Sjta. Anima
Jalan, The Hon'ble Iswar Das
Jehangir Kabir, Janab
Kar, Sj. Bankim Chandra
Kazem Ali Meerza, Janab Syed
Khan, Sj. Gurupada
Kolay, Sj. Jagannath
Kundu, Sjta. Abhalata
Lutfal Hoque, Janab
Mahata, Sj. Surendra Nath
Mahato, Sj. Debendra Nath
Mohibur Rahaman Choudhury, Janab
Maiti, Sj. Subodh Chandra
Majhi, Sj. Budhan
Majhi, Sj. Nishapati
Majumdar, The Hon'ble Bhupati
Majumder, Sj. Jagannath
Mallick, Sj. Ashutosh
Mandal, Sj. Krishna Prasad
Mandal, Sj. Sudhir
Mandal, Sj. Umesh Chandra
Mardi, Sj. Hakai
Maziruddin Ahmed, Janab
Misra, Sj Sowrindra Mohan
Modak, Sj. Niranjan
Mohammad Afaque, Janab Choudhury
Mohammad Giasuddin, Janab
Mohammed Israil, Janab
Mondal, Sj. Baidyanath
Mondal, Sj. Bhikari
Mondal, Sj. Dhawajadhari
Mondal, Sj. Rajkrishna
Mondal, Sj. Sishuram
Muhammad Ishaque, Janab
Mukherjee, Sj. Dhirendra Narayan
Mukherjee, Sj. Pijus Kanti
Mukharji, The Hon'ble Ajoy Kumar
Mukhopadhyay, Sj. Ananda Gopal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Murmu, Sj. Jadu Nath
Murmu, Sj. Matla
Nahar, Sj. Bijoy Singh
Naskar, Sj. Ardhendu Shekhar
Noronha, Sj. Clifford
Pal, Sj. Provakar
Pal, Dr. Radhakrishna
Pal, Sj. Ras Behari
Panja, Sj. Bhabaniranjan
Pemantle, Sjta. Olive
Platel, Sj. R. E.
Poddar, Sj. Anandilall
Pramanik, Sj. Rajani Kanta
Pramanik, Sj. Sarada Prasad
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Raikut, Sj. Sarojendra Deb
Ray, Sj. Arabinda
Ray, Sj. Jajneswar
Roy, The Hon'ble Dr. Anath Bandhu
Roy, Sj. Atul Krishna
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, The Hon'ble Siddartha Sankar
Roy Singha, Sj. Satish Chandra
Saha, Sj. Biswanath
Saha, Sj. Dhaneswar
Saha, Dr. Sisir Kumar
Sarkar, Sj. Amarendra Nath
Sarkar, Sj. Lakshman Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Sen, Sj. Santi Gopal
Shukla, Sj. Krishna Kumar
Sinha, The Hon'ble Bimal Chandra
Sinha, Sj. Phanis Chandra
Sinha Sarkar, Sj. Jatindra Nath
Talukdar, Sj. Bhawani Prasanna
Tarkatirtha, Sj. Bimalananda
Thakur, Sj. Pramatha Ranjan
Trivedi, Sj. Goalbadan
Tudu, Sjta. Tusar
Wangdi, Sj. Tenzing
Yeakub Hossain, Janab Mohammad
Zia-Ul-Huque, Janab Md.

NOES—64.

Abdulla Farooquie, Janab Shaikh
Banerjee, Sj. Dhirendra Nath
Banerjee, Sj. Subodh
Banerjee, Dr. Suresh Chandra
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Gopal
Basu, Sj. Hemanta Kumar
Basu, Sj. Jyoti
Bhaduri, Sj. [illegible]
Bhagat, Sj. Mangru
Chakravarty, Sj. Jatindra Chandra
Chatterjee, Sj. Basanta Lal
Chatterjee, Dr. Nirendra Kumar
Chatterjee, Sj. Mihirlal
Chattaraj, Sj. Radhanath
Chobey, Sj. Narayan
Das, Sj. Durgapada
Das, Sj. Gobardhan
Das, Sj. Sisir Kumar
Das, Sj. Sunil
Dhar, Sj. Dhirendra Nath
Dhibar, Sj. Pramatha Nath
Elias Razi, Janab
Ganguli, Sj. Ajit Kumar
Ganguli, Sj. Amal Kumar
Ghosal, Sj. Hemanta Kumar
Ghose, Dr. Prafulla Chandra
Ghosh, Sj. Ganesh
Ghosh, Sjta. Labanya Prova
Golam Yazdani, Dr.
Gupta, Sj. Sitaram
Halder, Sj. Renupada

**Hamal, Sj. Bhadra Bahadur**
**Hansda, Sj. Turku**
**Jha, Sj. Benarashi Prosad**
**Kar Mahapatra, Sj. Bhuban Chandra**
**Lahiri, Sj. Somnath**
**Mahato, Sj. Bhim Chandra**
**Mahato, Sj. Sagar Chandra**
**Mahato, Sj. Satya Kinkar**
**Majhi, Sj. Chaitan**
**Majhi, Sj. Jamadar**
**Majhi, Sj. Ledu**
**Majumdar, Dr. Jnanendra Nath**
**Mazumdar, Sj. Satyendra Narayan**
**Mitra, Sj. Haridas**
**Mondal, Sj. Haran Chandra**
**Mukherji, Sj. Bankim**
**Mukhopadhyay, Sj. Samar**
**Obaidul Ghani, Dr. Abu Asad Md.**
**Panda, Sj. Basanta Kumar**
**Panda, Sj. Bhupal Chandra**
**Pandey, Sj. Sudhir Kumar**
**Ray, Dr. Narayan Chandra**
**Ray, Sj. Phakir Chandra**
**Roy, Sj. Bhakta Chandra**
**Roy, Sj. Pabitra Mohan**
**Roy, Sj. Rabindra Nath**
**Roy, Sj. Saroj**
**Roy Choudhury, Sj. Khagendra Kumar**
**Sahis, Sj. Nakul Chandra**
**Sen, Sj. Deben**
**Sen, Dr. Ranendra Nath**
**Sengupta, Sj. Niranjan**

The Ayes being 134 andthe Noes 64, the motion was carried.

**Mr. Speaker:** Now that the motion has been carried the Appropriation Bill is being distributed among the members. If any honourable member wishes to put in any amendment he must do so by 1 o'clock tomorrow but, you know, it is not worth while putting in an amendment to the Appropriation Bill. Tomorrow we will discuss the Appropriation Bill only because I understand that many of the members were anxious to speak on the Budget and were not able to do so; so I want to give them a chance There will be no questions tomorrow.

The House stands adjourned till 3 p.m. tomorrow.

## Adjournment

The House was then adjourned at 6-52 p.m. till 3 p.m. on Friday, the 28th February, 1958, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Friday, the 28th February, 1958, at 3 p.m.

**Present:**

Mr. Speaker (the Hon'ble SANKARDAS BANERJI) in the Chair, 15 Hon'ble Ministers, 8 Deputy Ministers and 205 Members.

[3—3-10 p.m.]

### GOVERNMENT BILLS.

#### The West Bengal Appropriation (Vote on Account) Bill, 1958.

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** Sir, I beg to introduce the West Bengal Appropriation (Vote on Account) Bill, 1958.

[Secretary then read the title of the Bill.]

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** Sir, I beg to move that the West Bengal Appropriation (Vote on Account) Bill, 1958, be taken into consideration.

Sir, under article 266(3) of the Constitution of India no money out of the Consolidated Fund of the State can be appropriated except in accordance with law and for the purposes and the manner provided in the Constitution. During the present session the Assembly voted a Consolidated Grant in advance in respect of the estimated expenditure for a part of the financial year 1958-59 under the provision of article 206 of the Constitution of India. The present Bill is accordingly being introduced under article 204(1) of the Constitution of India read with article 206 thereof to provide for the appropriation out of the Consolidated Fund of West Bengal the monies required to meet the expenditure charged on the Consolidated Fund and the grant made in advance by the Assembly in respect of the estimated expenditure by the West Bengal Government for a part of the financial year 1958-59. The amount included in the Bill on account of charged expenditure does not in any case exceed the amount shown in the statement previously laid before the House. The Constitution provides that no amendment shall be proposed to this Bill having the effect of varying the amount or altering the destination of the grant so made or of varying the amount of any expenditure charged on the Consolidated Fund of the State. The total amount proposed to be appropriated by this Bill for expenditure during a part of the financial year is 53 crores 9 lakhs 28 thousand. The amount includes 6 crores 86 lakhs 96 thousand on account of charged expenditure. The details of the proposed Appropriation Bill will appear from the schedule to the Bill.

Sir, with these words I commend my motion for the acceptance of the House.

**Sj. Jyoti Basu:**

স্পীকার মহাশয়, গতকাল যে ব্যয়বরাদ্দ মুখ্যমন্ত্রী মহাশয় চেয়েছেন আমরা তার বিরোধিতা করেছি এবং তাঁর বিরুদ্ধে আমরা আমাদের ভোটও এখানে দিয়েছি, এবং বিশেষ ক'রে প্রায় সমস্তগুলি বিষয়েই সরকারের দৃষ্টিভঙ্গির সঙ্গে আমরা একমত নই ব'লে সরকার যে কাজ করেছেন তাতে আপত্তি জানিয়ে আমরা আমাদের ভোট দিতে বাধ্য হয়েছি। আমরা বিভিন্ন

বিষয়ের উপর বলবার চেষ্টা করেছিলাম—খাদ্য, কৃষি, জমি সংক্রান্ত ব্যাপার, বাস্তুহারা, পুলিস, দুর্নীতি, স্বজনপোষণ নীতি—গণতন্ত্রের বিরুদ্ধে যে নীতি বিভিন্ন ব্যাপারে সরকার অনুসরণ করছেন সে বিষয়ে। দুর্ভাগ্যবশতঃ আমরা যেকথা বলে গিয়েছি, সরকারপক্ষ থেকে সেইসব ব্যাপারে তাঁরা একটা আত্মসন্তুষ্টির ভাব নিয়ে আমাদের দেখাবার চেষ্টা করেছেন যে, গণতান্ত্রিক পদ্ধতিতে এইভাবেই কাজ চলে এবং মোটামুটি সেইভাবে কাজ হয়েছে, এবং একমাত্র জবাব আমরা পেয়েছি মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছ থেকে যে, তারা ঠিক দেখতে পারছে না; তাদের সব মাইওপিয়া—

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:**
আমি বলেছিলাম 'ইলুসন' বা 'মাইওপিয়া'।

**Sj. Jyoti Basu:**
সেই মাইওপিয়ার জন্য ইলুশন মনে করছে এবং যেগুলো চোখের সামনে হচ্ছে তা দেখতে পাচ্ছি না। কিন্তু আমরা যেসব কথা বলেছিলাম সেইসব কথার সম্বন্ধে কিছু না ব'লে তিনি তাঁর জবাব দিয়েছেন যে টাকা কত খরচ করেছেন তার একটা ফিরিস্তি আমাদের কাছে তুলে ধরেছেন। আমরা সেসব চাই নি; কিন্তু আমরা জানতে চেয়েছিলাম, দশ বৎসর স্বাধীনতার পর কেন তাঁদের একথা বলতে হচ্ছে যে, অন্ততঃ কতকগুলি জায়গায় এই ভারতবর্ষে খাদ্যের অভাব হয়েছে? "কেন একথা তাঁদের বলতে হচ্ছে যে, এখানে এমন একটা সংকট?" যেখানে ক্রয়ক্ষমতা মানুষের কমে গেছে, সেখানে ক্রয়ক্ষমতা বাড়ার কথা। গ্রামে এবং শহরে ক্রয়ক্ষমতা কমে গেছে। আমি জিজ্ঞাসা করছি যে, পঞ্চবার্ষিকী পরিকল্পনার যে উদ্দেশ্য বর্ণনা করেছিলেন, যে, গরীব এবং মুষ্টিমেয় বড়লোকের মধ্যে যে তফাৎ আছে সে তফাৎ ক্রমশঃ চলে যাবে; কিন্তু সেটা কেন না কমে বাড়ছে? প্ল্যানিং কমিশনের রিপোর্টের সেই কথা তাঁরা বলেছিলেন। সেসবের জবাব এঁরা দিতে পারেন নি। খাদ্যমন্ত্রী মহাশয় অন্য কথা বলছেন। তিনি দেখিয়েছেন লংকার দাম ত' কমে গেছে, আলুর দাম কমে গেছে, জিরের দাম কমে গেছে, সরিষার তেলের দাম কমে গেছে, কিন্তু আমাদর এমনই দুর্ভাগ্য, সরকারেরও দুর্ভাগ্য যে, আজ কৃষিজাত দ্রব্যের দাম এমন বেড়ে রয়েছে যে, কৃষকেরা যাদের কিনে খেতে হয় তারা মারা যাচ্ছে এবং জনসাধারণও মারা যাচ্ছে, আর যারা বিক্রি করে তাদের মূলমন্ত্র হল লাভ। এ অবস্থার এই পরিকল্পনার মারফত তাঁরা সৃষ্টি করেছেন এ কেন হ'ল? আজকে চালের দাম এত বেশি যে, লোকে কিনতে পারছে না, সেখানে লঙ্কার দাম দিয়ে করব কি? লঙ্কা না খেলে চলে কিন্তু চাল না খেলে চলে না।

তা ছাড়া আর একটা বড় কথা শুনছি, সেটা হচ্ছে যে, আমাদের খাদ্যের হ্যাবিট বদলাতে হবে, অর্থাৎ গম খেতে হবে। এটা কি ভারতবর্ষে বেশি গম উৎপাদন করছে এই পরিকল্পনার মারফত, সেইজন্য গম খেতে হবে? একথা সত্য কথা নয় যে, এজন্য গম খেতে হবে। দয়া করে দুই-একটা দেশ—ক্যানাডা বা আমেরিকা—লং টার্ম ধারে আমাদের গম দিচ্ছেন। তাঁরা যদি বলেন আমরা দেব না, তখন কি খাব? তখন প্রফুল্লবাবু যে বলেন লঙ্কার কথা সেও তখন দেখা যাবে বাজার থেকে উধাও হয়েছে, কালোবাজারে গিয়েছে, বা মোটেই পাওয়া যাচ্ছে না। কাজেই হ্যাবিট বদলাতে হবে কিসের জন্য? ওদের যদি কান বন্ধ না থাকে তা হ'লে বলুন কি করবেন। সেইজন্য আমি চিঠি দিয়েছিলাম যে, আমাদের খাদ্য বিভাগের যে ফেলিওর তার উপর জোর দিয়েছিলাম। এগুলোর কেবল কৈফিয়ত দিলে চলবে না, সেজন্য আত্মসমালোচনা-মূলক দৃষ্টিভঙ্গি দেখাতে হবে, অথচ তাঁদের এখনও আত্মসন্তুষ্টির ভাব দেখছি, আমি জিজ্ঞাসা করছি—এই যে এত খরচ হচ্ছে, এত প্ল্যানিং হচ্ছে, যে প্ল্যানিং করতে আপনারা ভালবাসেন —কিন্তু তবুও আনএমপ্লয়মেন্ট বাড়ছে কেন, বেকার সমস্যা এত তীব্র কেন, গ্রামে গ্রামে লোকের দুই মাস তিন মাসের বেশি কাজ নেই কেন, লাইন ধরে গ্র্যাচুইটাস রিলিফএর সহায়তা নেবার জন্য লোক দাঁড়াচ্ছে কেন? এর জবাব ত' পেলাম না, করেক কোটি টাকা পেয়েছেন খরচ করছেন, এই টাকা দান করে কেবল ভিক্ষুক তৈরি করছেন।

[3-10—3-20 p.m.]

ঠিক সেইভাবে আমরা দেখছি যে, শ্রমিক মধ্যবিত্ত কৃষক এই তিন শ্রেণীরই কিছু উপর তলার লোক বাদ দিলে—ক্রয়শক্তি কমেছে; আপনারা ফিরিস্তি দিয়েছিলেন ১৯৫০ সাল থেকে এত কিছু করেছেন, হাসপাতালে এত বেড বাড়িয়েছেন, আরও অমুক তমুক অনেক কিছু করেছেন। কিন্তু একথা তো বললেন না যে, যক্ষ্মারোগ বেড়েছে, লোকে না খেতে পেয়ে দুর্দশার মধ্যে পড়েছে—অন্ততঃ একবারও এসব কথা বলা উচিত ছিল এ অবস্থার মধ্যে কেন, —কেন মানুষ এই দুর্দশার মধ্যে পড়েছে। মানুষ কি কিছুই দেখতে পায় না? এসব কথা তো বলেন নি? সমাজে সংসারে আমরাও বাস করি। কেউ সন্তুষ্ট নয়। লোকে এরকম কথা বলে—কোথায় ১০ বছর হ'ল স্বাধীন হলাম—আমাদের তো কিছুই হ'ল না? একথা লোকে বলে, তবে এখন তার মধ্যে আমি যাচ্ছি না, আমি শুধু বলতে চাই—এভাবে আপনারা ব্যবস্থা করেছেন। ওখানে চীনে ডেমোক্রেটিক ডিক্টেটরসিপ আছে, আমাদের এখানে অন্য রকম ডেমোক্রেসি আছে, এসব কথা বলে তো লাভ নাই! চীন যদি বলে ১৫ বছরের মধ্যে ছাড়িয়ে যাবে ইংলন্ডকে ইন প্রোডাকশন। আপনারা বলবেন—ডেমোক্রেসিতে এসব হয় না। আমাদের কি হবে? ভিক্ষুক তৈরি হবে। কলকাতায় গ্র্যান্ড হোটেলএর সামনে হাত পেতে দাঁড়াবে ভিক্ষুক। আন্ডার আর্টিকল ১৯ অব দি কনস্টিটিউশনএ আমাদের পারমিট করেছে এসব বলে তো লাভ নাই? সেজন্য বলছি আপনাদের গণতন্ত্রে মানুষের উপকার হবে, মানুষের অ্যাডভান্সমেন্ট হবে আপনারা চান কিন্তু সেই জিনিস হচ্ছে না, এই কথাও বলুন, বলুন এত টাকা ট্যাক্সেশন থেকে আদায় করেছি, দু'-চারটা জিনিস যে হচ্ছে না একথাও বলুন। ডাঃ রায় যে বললেন, এত টাকা খরচ হয়েছে এই খাতে ইত্যাদি। একথাও বলা উচিত যে, প্রত্যেক মানুষ থেকে ট্যাক্স নিচ্ছি এত ক'রে এবং প্রত্যেক মানুষের উপর গড়পড়তা ট্যাক্স চেপেছে এত করে। কাজেই যখন বেডএর হিসাব দেবেন তখন এই হিসাবটাও দেবেন ঔষধ কেনবার ক্ষমতা, চিকিৎসা করাবার ক্ষমতা মানুষের আছে কিনা? সেইজন্যই বলছি আমাদের দৃষ্টিভঙ্গির সংগে ওদের দৃষ্টিভঙ্গির আকাশপাতাল তফাৎ, মিল হওয়ার কি কিছু আছে? কাজেই বলতে চাই অসুবিধা আছে এখন সেটা ব'লে রাখুন। সরকার যে কাজ করেন বছর ধরে, যদি প্রতিটি ডিপার্টমেন্টএর ছোট পুস্তিকা করে আমাদের দেন এবং তাতে বলে দেন—এত আমাদের করার কথা ছিল, আমরা করতে পেরেছি এতটুকু, আর এই কারণে করতে পারি নি। ডেভেলপমেন্টএর বিভিন্ন খাতে এত টাকা খরচ করেছি যেমন আছে—যেগুলি বাজেটের সময় দেন—সেগুলি বুঝা যায় না কোথায় কম পড়ল, কোথায় কেন হচ্ছে না। যদি আরও ভাল করে থাকেন সেগুলোও দিন—এক জায়গায় আমরা সব পাব—টোটাল পিকচার বাংলাদেশের পেয়ে যাব। তারপর বাংলাদেশে কো-অপারেটিভ এতগুলি কারখানা ছিল, এখন এতগুলি হয়েছে, জমি এত পেয়েছি, এত বিলি ক'রে দেওয়া হয়েছে, এরকম করে প্রতিটি ব্যাপারে যা হয়েছে আমরা বুঝতে পারতাম, এরকম ক'রে তারা আগেকার সেসনএও দিতে পারতেন। আমার মনে হয় এরা চেষ্টা করেন না, কারণ এ'রা ঢেকে রাখতে চান জনসাধারণের কাছ থেকে, অপোজিশনএর কাছ থেকে। কিন্তু কোথায় ঢাকবেন, এত ফুটো চারিদিকে। জনসাধারণকে সংখ্যাতত্ত্ব দিয়ে জানাতে হয় না—তারা জানে অর্থনীতি কি নিজেদের জীবনে, আমাদের মা-বোনেরা যারা ঘরে থাকে, রাজনীতি করে না, কিন্তু বাজারে মাছের দাম দিতে হয়, চালের দাম, নিত্যপ্রয়োজনীয় জিনিসের কি দাম তারা জানে, আর ভাবে—দেশ স্বাধীন হয়েছে, সরকার ব্যবস্থা করতে পারে না কেন? আমি বলছিলাম—এগুলি দিলে সমালোচনা করতে সুবিধা হয়। কিন্তু দুঃখের বিষয় সরকার এটা করেন না, কারণ ঢেকে রাখাই এ'দের মুখ্য উদ্দেশ্য।

তারপর প্রত্যেকবারে স্বজনপোষণ, দুর্নীতির কথা, করাপশনএর কথা আমাদের এই অ্যাসেম্বলিতে বলা হয়ে থাকে। আমার মনে হয় এখন থেকে এই অ্যাসেম্বলিতেই এটা করা উচিত —ধরুন পারমিটএর ব্যাপার—অনেক ব্যাপারই তো সরকার নিয়েছেন, পারমিট দিতে হয়, এই পারমিটএর ব্যাপারে অনেক কথা বাইরে থেকে শুনতে পাচ্ছি। প্রফুল্লবাবুর ডিপার্টমেন্ট থেকে এমন এমন সব লোককে পারমিট দেওয়া হল—হয়ত বীরভূমে ৭০টি চালকল, কিন্তু পারমিট পেল হয়ত ৪ জন। এখন অন্যায় না হ'লেও স্বাভাবিকভাবেই মনে হয় এই চারজন কারা, কি করে পেল, হয়ত মনে হয় নির্বাচনে কংগ্রেসকে জিতিয়ে দিয়েছে সেজন্যই পেয়েছে—সত্য নাও

হতে পারে। এগুলি যাতে অ্যাবাভ সাসপিশনএ থাকে তার ব্যবস্থা করা উচিত। সেজন্য বলছি যদি আমাদের কাছে একটা লিস্ট দিয়ে দেন এই এই লোককে দিয়েছি, এই তাদের ঠিকানা, এই তাদের নাম, তা হ'লে যে-কোন লোক এগুলি পরীক্ষা ক'রে নিতে পারে যে, এর মধ্যে অন্যায় কিছু হয় নি। ঠিক সেইভাবে বলছি ট্যাক্সির পারমিট দেওয়া হয়, বাসের পারমিট দেওয়া হয়। আমরা জেলায় জেলায় যাই, একথা শুনি, সরকারঘেঁষা লোককে, যারা সরকারের রাজনীতিতে সাহায্য করেছে নির্বাচনের আগে বা পরে তারাই পারমিট পাচ্ছে—এ ত' হওয়া উচিত নয়, এইভাবে অ্যাডমিনিস্ট্রেশনকে রান করানো যায় না। এইভাবে স্বজনপোষণ চলে—শ্রীশৈলকুমার মুখার্জি, যিনি স্পীকার ছিলেন, হেরে যাবার পর তিনি বড় চাকরি পেলেন এবং সেই ভদ্রলোককে কেন আবার হাউস বিল্ডিং বোর্ডে রাখা হবে? আর একজন সেখানে তো চাকরি পেতে পারতেন, তিনি তো ম্যাকলাউড কোম্পানি থেকে ৩ হাজার টাকা মাইনা পাচ্ছেন, তাঁর টাকাও আছে, তবে আবার কেন তাঁকে এখানে বসিয়ে দিতে হবে? যেহেতু তিনি হেরে গেছেন, সেইহেতু তাঁকে একটা জায়গায় বসিয়ে দিতে হবে। এই রকম আমার কাছে নাম আছে, যাঁরা যাঁরা ইলেকশনে হেরে গেছেন তাঁদের মধ্যে এক একজন মিনিস্টারেরও নাম আছে। গোপীকাবিলাসবাবুর নাম আছে, নাম আর আমি বলতে চাই না। এইভাবে তাঁদের আপনারা প্রোভাইড করেছেন, কেন? আপনারা কি এফিসিয়েন্ট লোক পাচ্ছেননা? ঠিক এইভাবে আমি দিয়েছিলাম—এটা স্বজনপোষণ কিনা জানি না, আমি আর একবার বলি মিঃ ডি সি ড্রাইভারকে দুর্গাপুরে আনা হয়েছে। সমগ্র পশ্চিম বাংলায় এইরকম একটা এফিসিয়েন্ট দক্ষ লোক কি নেই যিনি দুর্গাপুরকে চালাতে পারেন, এই পরিকল্পনাকে কার্যকরী করতে পারবেন? আমি এখানে প্রাদেশিকতার কথা বলছি না, কিন্তু এটা আশ্চর্য লাগছে, সুপার-অ্যানুয়েটেড অফিসার ত আপনাদের অসংখ্য রয়েছে, কেন তাঁরা ওদের আনতে পারেন না? সুতরাং এগুলি একটু চিন্তা করা দরকার, তা না হ'লে আমরা নিশ্চয়ই সরকারকে এসবের জন্য দায়ী করব। স্বজনপোষণ বলুন, দুর্নীতি বলুন, সব ব্যাপারে সরকারকে দায়ী করা ছাড়া উপায় নেই। ট্যাক্সির কেলেঙ্কারির কথা আমরা শুনতে পাই। কোন ট্যাক্সি ড্রাইভারকে যদি জিজ্ঞাসা করি—এটা কি আপনার ট্যাক্সি, তাঁরা বলেন—না, এটা আমার ট্যাক্সি নয়, অথচ আমরা জানতাম যে, একটা নিয়ম আছে যে, যাদের পারমিট দেওয়া হবে তাদের নিজেদের ট্যাক্সি চালাতে হবে। এইরকমভাবে বহু ক্ষেত্রে দেখেছি যাঁদের কোন দরকার নেই বড়লোক, তাঁরা পারমিট পেয়েছেন। কাজেই সেগুলির লিস্ট যদি ছাপিয়ে দেওয়া হয় তা হ'লে একটু পরখ ক'রে দেখা যেতে পারে, যদিও আমরা জানি যে, অনেক বেনামীতে আছে, সেগুলি হয়ত একটু মুশকিল হবে কিন্তু আমরা সে সম্বন্ধে খোঁজখবর নিতে পারি। আমরা শুনতে পাচ্ছি, গ্রামে খবর নিয়ে জেনেছি যে, আমাদের কো-অপারেটিভ ব্যাঙ্ক ইত্যাদিতে টাকা ধার দেওয়ার ব্যাপারে এইসব হয় এবং কো-অপারেটিভ মুভমেন্টকে একেবারে শেষ করে এনেছেন। যদি কিছু রিপোর্ট থাকে তা হ'লে ভাল হয়, কিন্তু আপনারা সেগুলি ঢাকবার চেষ্টা করলে আমরা কিছুই বুঝব না, আমরা কেবল অ্যাকিউজ ক'রে যাব, অথচ সবাই এই কো-অপারেটিভ ব্যাঙ্ক, কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটি, সরকার থেকে যেগুলি গড়বার প্রচেষ্টা হয়েছিল সেগুলি গড়ে উঠুক, কিন্তু আমরা জানি, অনেক জায়গা থেকে রিপোর্ট পাই যে, এগুলি কমপ্লিট ফেলিওর হয়েছে। এটা সাংঘাতিক কথা—গ্রাম বাঁচবে কি করে, গ্রামের তাঁতী, জেলে বাঁচবে কি করে? এইভাবে গ্রামের কুটিরশিল্প ধ্বংস হয়ে যাবে। তাদের যদি আমরা পুনরুজ্জীবিত না করতে পারি, তা হ'লে দেশকে বাঁচাবার উপায় নেই। এটা ৪।৫ মাসের বাজেট, এ থেকে আমরা কিছুই দেখতে পাচ্ছি না যে, এর কি উন্নতি সাধন হবে।

[3-20—3-30 p.m.]

আর একটা কথা বলি, মুখ্যমন্ত্রী খুব বাহবা দিয়েছেন যে, এবার একটু বেশ কনস্ট্রাকটিভ গঠনমূলক কথা বলা হয়েছে। কিন্তু গঠনমূলক কথা ব'লে লাভ কি, কিছুই ত' লাভ হ'ল না। আমরা বলেছিলাম যে, কিভাবে স্টেটের, সরকারের রোজগার বাড়াতে পারেন, রেভিনিউ বাড়াতে পারেন, সেগুলি কি নূতন ক'রে কিছু চিন্তা করছেন? আমরা কতকগুলি কথা বলেছিলাম, সেগুলি সম্বন্ধে আপনারা চিন্তা করলেন কিনা, বিবেচনা করলেন কিনা, তা আমাদের কাছে কিছুই বললেন না।

বাজেটের মধ্যে তার কোন রিফ্রেকশন দেখতে পাচ্ছি না। আমরা বলেছিলাম যে, কন্ট্রাক্টর ইত্যাদি দিয়ে যে কাজ করান হয় সেই কাজের জন্য যদি জনসাধারণের সহযোগিতা নেওয়া হয় তা হ'লে সেখানে শতকরা ২৫ ভাগ টাকা বাঁচান যায়। এইভাবে যদি চেষ্টা হয় তা হ'লে অ্যাডমিনিস্ট্রেশনএর খরচা বাঁচান যায়। কিন্তু এসবের কিছু তদন্ত হয়েছে কিনা জানি না। আমরা যতদূর জানি সেসব কিছু হয় নি। এ'রা এসবের কিছু পরোয়া করেন না এবং যখন বিপদে পড়েন তখন বলেন যে, সেন্টার আমাদের টাকা দেয় নি। অর্থাৎ এই ন্যায্য কথাগুলো ব'লে তাঁরা পার পেতে চান। কিন্তু এসব বললে তো আর হবে না। কারণ নিজেরা যে কি এফর্ট করেছেন সেসব তো কিছু দেখাবেন। তা না হ'লে যেহেতু দিল্লী যেহেতু দূরে সেহেতু ঐসব ব'লে আপনি কাটিয়ে দিচ্ছেন। আমার মনে হয় যে, এইভাবে কখনও কোন সরকার বলেছিলেন যে, প্রথম দিকে এটা হবে। আমার যতদূর মনে পড়ে গত বৎসর তিনি প্রায় ৩৩ যান। কিন্তু উনি এইসব নিজেই বিচার করুন না। স্টেট বাস ও'র হাতে। এটা নিয়ে আমরা যখন এখানে অনেক সমালোচনা করেছিলাম যে, এর এত ক্ষতি হচ্ছে কেন, তখন তিনি বলেছিলেন যে, প্রথম দিকে এটা হবে। আমার যতদূর মনে পড়ে গত বৎসর তিনি প্রায় ৩৩ লক্ষ টাকার মতন লাভ দেখিয়েছিলেন। কিন্তু এবার দেখছি যে, লাভ তো দূরের কথা বরং ২২/৩ লক্ষ টাকা ক্ষতি হয়ে গেছে। একথা বললে তো হবে না যে, পেট্রলের ২-১ পয়সা দাম বেড়েছে, মোটর পার্টসের দাম এদিক ওদিক কিছু বেড়েছে। তা হ'লে এটা সত্য কথা যে, বাসের প্রাইভেট ওনারস যারা আছে তার প্রত্যেকেই ক্ষতি দিয়া বাস চালাচ্ছেন? এটা আমি বিশ্বাস করি না। আমি দু-এক জনের সঙ্গে কিছুদিন আগে কথা ব'লে যা জেনেছি তাতে আমি বিশ্বাস করি না যে, তাঁরা এইরকম ক্ষতি স্বীকার করছেন। ঠিক সেই রকম ডিপ সি ফিসিংএর ব্যাপার। এটাতে তো আর সেন্টারের দোষ নেই। ডিপ সি ফিসিংও আপনি করছেন না, গভীর জলের মাছ ধরছেন। আজকে একটা অ্যাডভার্টাইজমেন্ট দেখলাম এই ব্যাপারে। গত বৎসরের বাজেটে দেখছি ৫ লক্ষ ৬৫ হাজার টাকা এস্টিমেটেড লস হবার কথা, কিন্তু অ্যাকচুয়াল লস দেখছি ৬ লক্ষ ৪ হাজার টাকা। একটা যে হিসাব বেরিয়েছিল সেটা সত্য কিনা ডাঃ রায় আমাদের বলবেন। সেটা হচ্ছে যে, 'এই মাছ ধরতে প্রতি মণ পিছু ৫৪ টাকা খরচা হয়; কিন্তু ২৫ জন বড় বড় আড়তদার'—যাঁদের বিধানবাবু চেনেন—২০ টাকা মণ দরে এই মাছ কিনে নেন এবং পাবলিকের কাছে বিক্রি করেন ৭০ টাকা মণ। এটা কি ব্যবস্থা? এই ক'রে কি ন্যাশনালাইজ তাঁরা করবেন? এই করে তাঁরা দেশকে বাঁচাবেন, অর্থনীতি গড়ে তুলবেন? এইসব যে গঠনমূলক কাজ তা কে বিশ্বাস করবে। জনসাধারণের টাকা লুণ্ঠন করে ছিনিমিনি খেলা ছাড়া আর কেউ কিছু একে বলবে না। এখানে যদি কৃতিত্ব দেখাতে পারতেন তা হ'লেও হ'ত। আমাদের লোকে ন্যাশনালাইজ করতে বলে। তারা বলে যে, আপনারা তো ন্যাশানালাইজেশনএর কথা বলেন, সেটা আমরা আপনাদের বেলায় দেখব, কিন্তু এই সরকারের ব্যাপারে কখনও ন্যাশানালাইজেশনএর কথা বলবেন না। এইসব কথা জনসাধারণ আমাদের বলে। কারণ তাঁরা বলেন যে, এতে আমাদের কি লাভ হচ্ছে? আপনারা ন্যাশানালাইজ করতে বলছেন ব'লে এ'রা স্টেট বাস নিয়ে ভাড়া বাড়িয়ে দিচ্ছেন। এ'রা ডিপ সি ফিসিং ক'রে মাছের দর বাড়িয়ে দিচ্ছেন এবং ও'দের কিছু লোককে লাভবান করিয়ে দিয়ে টাকাগুলোকে জলে দিয়ে দিচ্ছেন। অর্থাৎ সমস্ত ব্যাপারে যেখানেই ও'রা হাত দিচ্ছেন সেখানেই ও'রা সর্বনাশ করিয়ে দিচ্ছেন। এই ব্যাপারে আর বেশি কিছু কথা বলবার নেই। আর একটি কথা আমি বাস্তুহারাদের সম্বন্ধে বলব। আমি একটা হিসাব নেবার চেষ্টা করেছিলাম যে, বাস্তুহারা যারা ক্যাম্পে আছে তাদের বাহিরে পাঠাবার জন্য প্রফুল্লবাবু এত কেন এদের পেছনে লেগেছেন। আমি হিসেব ক'রে যা খবর পেলাম তাতে ২ লক্ষ ৬৫ হাজার বাস্তুহারা এইসব ক্যাম্পগুলোতে আছেন। আমার যদি ভুল হয় কেউ বলে দেবেন যে, এদের মধ্যে ৫০ হাজার যারা নাকি পারমানেন্ট লায়েবিলিটিজ, যাদের বাইরে পাঠাবার প্রশ্ন ওঠে না এবং বাকি যারা রয়ে গেল ২ লক্ষের একটু বেশি এদের মধ্যে বায়নানামা করেছেন শতকরা ৬০ ভাগ। আপনাদের ফিগার কত সেটা বলবেন। এর মধ্যে কিছু প্রাইভেট, কিছু রেজিস্টার্ড ডিড আছে। এই শতকরা ৬০ ভাগের মধ্যে এগ্রিকালচারিস্ট ও নন-এগ্রিকালচারিস্ট

আছেন। এদের ব্যবস্থা যদি আগে থাকতে করা হত তা হ'লে এরা নিজেদের জমিতে নিজেদের ব্যবস্থা করে নিত। আর বাকি যে ১ লক্ষ রইল এদের জন্য কি আমাদের এতবড় দণ্ডকারণ্য পরিকল্পনা, সৌরাষ্ট্র ইত্যাদি জায়গায় পাঠান। এই ১ লক্ষ লোক যদি থাকে তা হ'লে তাদের তো আমরা পশ্চিমবাংলায় রেখে দিতে পারি এবং ভবিষ্যতে যদি আরও পূর্ববাংলা থেকে আসে তা হ'লে তাদের সম্বন্ধে বাহিরের কথা আমরা চিন্তা করতে পারি। কিন্তু এ খবর যদি সত্য হয়—যেটা আমি এখানে পেশ করলাম—তা হ'লে কি বলব জানি না। পশ্চিম বাংলায় যথেষ্ট জায়গা আছে, কুটিরশিল্প আছে, মাঝারিশিল্প আছে, যেখানে আমরা এদের প্রোভাইড করতে পারি যদি বিধানবাবু বা প্রফুল্লবাবু সেন্টারের সঙ্গে সেইরকম কোন ব্যবস্থা করেন। ও'রা বলেন যে, এজন্য আমরা ৭ কোটি টাকা খরচ করেছি, কিন্তু পশ্চিম বাংলায় তো সব খরচ হয় না। কিন্তু কেন পশ্চিম বাংলায় খরচ হবে না? পশ্চিম বাংলায় এই টাকা খরচ হ'লে পশ্চিম বাংলার ইকনমি তাতে আরও ভাল হতে পারে, ডেভেলপ করতে পারে এবং সেখানে শুধু পূর্ব বাংলার নয়, পশ্চিম বাংলার বেকার মানুষদেরও চাকরি দিতে পারি। কাজেই আমি বলছি যে, এটা ভেবে দেখবার কথা। আমার হিসাব দেবার সময় নেই, কিন্তু এখানে আমি দেখছি, যে টাকা সেন্টার থেকে এখানে বরাদ্দ করা হয়েছে সেই টাকাও আনস্পেন্ট থেকে যায়। গত বৎসরের আগের বৎসরে দেখছি যে, ২ কোটি ১৭ লক্ষ ৭৫ হাজার টাকা তাঁরা খরচাই করতে পারলেন না—লোন যেটা কেন্দ্র থেকে দিয়েছিল সেটার ব্যাপারে। রিফিউজি ব্যাপারে প্রতিবার আমরা দেখছি যে, কমে কমে আসছে এবং পরের বছর দেখছি সেন্টারস লোন টু রিফিউজিস ৫ কোটি ১২ লক্ষ টাকা। যদিও আমাদের সমস্যার কোন সমাধান হয় নি তবুও কেন বারে বারে কম ধরা হচ্ছে তা জানি না।

এবার আমি আমার শেষ কথা বলব। আমি আগে মুখ্যমন্ত্রীকে বলেছিলাম এবং আজ এই সুযোগে আর একবার তাঁদের বলব যে, যাঁরা কাকদ্বীপ এবং বসিরহাটের মামলায় জেলে বন্দী আছেন। যখন গত বৎসর আমাদের স্বাধীনতা আন্দোলনের শতবার্ষিকী পালন হয় তখন সেই সময় আমাদের একটা আশা ছিল যে, সেই বন্দীরা যাঁরা অনেকদিন ধরে জেল খাটছেন—৫-৬-৭ বছর ট্রায়াল পিরিয়ড ধরে তাঁরা জেল খাটছেন—তাঁদের তাঁরা ছেড়ে দেবেন। কিন্তু দুর্ভাগ্যবশতঃ এখনও—এত গণতন্ত্রের কথা শুনি—এটার তাঁরা কোন বিচার করতে পারলেন না। আমার একবার মনে হয়েছিল যে, সেন্ট্রাল গভর্নমেন্টের পলিসি ওর পেছনে আছে বলে ডাঃ বিধানচন্দ্র রায় কিছু করতে পারছেন না। কিন্তু সেন্টারে খবর নিয়ে আমরা জানলাম যে, তা নয়। কংগ্রেস পার্টির পলিসি নয় বা গভর্নমেন্টের পলিসি নয় যে, এইরকম কোন প্রিজনার থাকলে তাঁরা ছাড়া পাবেন না। বরং আমরা দেখলাম অন্ধ্রেতে যেখানে কংগ্রেস সরকার সেখানে এইরকম লাইফ টার্ম যাঁরা পেয়েছেন বা লাইফ ইমপ্রিজনমেন্ট যাদের হয়েছে তাদের ১৭ জনকে ছেড়ে দেওয়া হয়েছে শতবার্ষিকীর সময়। এবং আরও যে ১২-১৪ জন বাকি আছেন তাদের বেলায় তাঁরা ঠিক করেছেন যে, সাজা থেকে ৬ বছর যখন পূর্ণ হবে—আনট্রায়াল পিরিয়ডটা ধরছেন না—তখন তাদের প্রত্যেককে তাঁরা ছেড়ে দেবেন। কাজেই আমি মুখ্যমন্ত্রীকে অ্যাসেম্বলির ফ্লোরে দাঁড়িয়ে আর একবার আমি অনুরোধ করছি যে, এই ব্যাপারটা তাঁর ভেবে দেখবার কথা। তিনি বলেছিলেন যে, আমি জওহরলালকে লিখেছি, অমুকের কাছে খোঁজ নিচ্ছি, কিন্তু এটা তো পণ্ডিত নেহরুর ব্যাপার। কারণ তা যদি হত তা হ'লে অন্ধ্র গভর্নমেন্ট এ কাজ কখনও করতে পারত না। একই ধরনের মামলা, একই সেকসন তাতে ও'দেরও লাইফ টার্ম ইমপ্রিজনমেন্ট হয়েছে এখানে বসিরহাট এবং কাকদ্বীপেও তাই হয়েছে। কিন্তু তাদের ছাড়া হচ্ছে না আর ওখানে ছাড়া হচ্ছে। উনি অনেক সময় কমপেয়ার করেন যে, বম্বেতে এই হয়েছে আর আমি এই করেছি, কিন্তু ও'র যে কংগ্রেস সরকার যা অন্ধ্রতে করেছেন সেটা উনি এখানে কেন করতে পারছেন না দুর্ভাগ্যবশতঃ আমরা দেখলাম একজন যিনি এম পি হলেন—কংসারী হালদার, আমাদের পার্টির—তাঁকেও এখন এই ৫।৭ বছর পর আবার তাঁর মামলা তাঁরা জুড়ে দিয়েছেন। সেজন্য আমি এটা করবার জন্য অনুরোধ করব। আমি এও শুনেছি যে, বসিরহাট পার্টির লোক যারা এই মামলায় জড়িত ছিল তাদের অবশিষ্ট যা কিছু ভাঙ্গা রিভলবার বা অস্ত্রশস্ত্র ছিল তারা সেসব সরকারের কাছে দিয়ে দিয়েছে। এরপর যখন দেশের মধ্যে একটা আবহাওয়া বদলে গেছে, যখন দেশের মধ্যে আমরা গণতন্ত্রে

কথা বলি, যখন দু-দুবার প্রাপ্তবয়স্কদের ভোটে আমাদের নির্বাচন হয়ে গেল তখন এইটুকু কি তাঁরা বিবেচনা করতে পারেন না যেটা বৃটিশ আমলেও হ'ত। এইভাবেই আমরা দেখছি যে, গণতন্ত্রকে কিভাবে তাঁরা বিশ্বাস করেন এবং মানুষের উপর কতটা বিশ্বাস এবং শ্রদ্ধা এই সরকারের আছে।

[3-30—3-40 p.m.]

**Sj. Sunil Das:**

মাননীয় স্পীকার মহোদয়, আমাদের অর্থমন্ত্রী মহাশয় যথারীতি অ্যাপ্রোপ্রিয়েশন বিল আমাদের সামনে উপস্থাপিত করেছেন এবং আমরা জানি এই বিল গৃহীত হবে। কিন্তু মুখ্যমন্ত্রী মহাশয় আমাদের দৃষ্টিহীন কিম্বা কম দৃষ্টিসম্পন্ন মনে করেন বলে প্রতিবারেই আমাদের চোখে ধুলো দিয়ে বাজেট পাশ করিয়ে নিয়ে যান তাঁর সংখ্যাধিক্যের জোরে। তিনি কালকে কতকগুলি তথ্য আমাদের কাছে যা দিয়েছেন সে সম্বন্ধে আমার পূর্ববর্তী বক্তা মাননীয় জ্যোতিবাবু কিছু কিছু উল্লেখ করেছেন। যে তথ্য বাংলাদেশের উন্নতির সূচক সেই সর্বাঙ্গীণ তথ্য মুখ্যমন্ত্রী যদি এখানে পরিবেশন করতেন তা হ'লে হয়ত আমার কিছু বলার থাকত না কিন্তু কিছুটা গোপন করে ও কিছুটা প্রকাশ করে তিনি যেভাবে কালকে তথ্য পরিবেশন করেছেন তার প্রতিবাদ না করে পারা যায় না। তিনি যেমন একদিকে তথ্য দিয়ে বলতে চেষ্টা করেছেন যে, বাংলাদেশে সোস্যাল সার্ভিসএর ক্ষেত্রে মাথা পিছু ব্যয় বম্বে কিংবা মাদ্রাজের তুলনায় পশ্চিমবঙ্গ সরকার বৃদ্ধি করেছেন, কিন্তু তেমনি এমন অনেক দিক আছে যে দিকে বাংলাদেশ পিছিয়ে আছে। তিনি যদি সেগুলি বলতেন তা হ'লে আমরা খুশী হতাম। আমি একটু রেভেনিউ রিসিটস সম্পর্কে দু-একটা তথ্য আপনার কাছে পড়ে শোনাচ্ছি। অর্থাৎ যে পরিমাণ ট্যাক্স বাংলাদেশের প্রতিটা মানুষ বহন করছে সেই ট্যাক্সের কথাই আমি আপনার কাছে বলতে চাই। আমি ফাইন্যান্স কমিশনএর রিপোর্ট থেকে এই তথ্য উদ্ধৃত করছি এটা আমার মনগড়া তথ্য নয়। ১৯৫১-৫২ সাল থেকে ১৯৫৫-৫৬ সাল পর্যন্ত যে তথ্য তাঁরা সেখানে দিয়েছেন তাতে বিহারে মাথা পিছু ট্যাক্স ১৯৫১-৫২ থেকে ১৯৫৫-৫৬ সাল পর্যন্ত ক্রমান্বয়ে ৩.৭, ৩.৮, ৪, ৪, ৪.৯ বম্বেতে ৯.৩, ৮.৯, ১০.৭, ১২.৬, ১৩.৫ বম্বেতে বাংলাদেশের চেয়ে বেশি এটা আমরা স্বীকার করছি, মাদ্রাজে ৬.৩, ৫.৮, ৬.৬, ৬.৩, ৭.৬; মধ্য-প্রদেশে ৮.৯, ৫.৮, ৫.৮, ৫.৮, ৫.৭, উত্তরপ্রদেশের মতন বড় একটা প্রদেশে ৪.৩, ৪.৮, ৬.৮, ৬.৮; আর বাংলাদেশে ৯.৪, ৮.৯, ৮.৮, ৯.২, ১১.৩। এই তথ্যটা তিনি আমাদের দেন নি। এরপর অ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিস সম্পর্কে তথ্য দিতে চাই। মাথা পিছু অ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিসএ খরচা বাংলাদেশে প্রচুর পরিমাণে বেড়ে গেছে। অর্থাৎ যেখানে বাংলাদেশে ১৯৫১ সালের ৪.১ থেকে ১৯৫৫-৫৬ সালে ৪.৭এ বেড়েছে সেখানে মাদ্রাজে ৩.৬ থেকে ৫.২, ইউ-পিতে বেড়েছে মাত্র ২.৫ থেকে ৩.২ এবং বম্বেতে যেখানে ১২০ কোটি টাকার বাজেট তাঁরা পাশ করেন সেখানে ৫.৬ থেকে ৭.১ বেড়েছে। এ ছাড়াও লোনের পরিমাণ রয়েছে। আর একটা কথা বলতে চাই যে, ডেভেলপমেন্টাল এবং নন-ডেভেলপমেন্টাল খাতে—উন্নয়নমূলক এবং উন্নয়ন বহির্ভূত—কিছুটা ব্যয় প্রতি বৎসরই হয়ে থাকে। কিন্তু যদি এই উন্নয়নমূলক ব্যয় এবং উন্নয়ন বহির্ভূত ব্যয়ের একটা তুলনামূলক রেশিও টানা যায় তা হ'লে দেখা যায় যে নন-ডেভেলপমেন্টাল এক্সপেন্ডিচার বাংলাদেশে এক বম্বে ছাড়া অন্যান্য রাজ্যের চেয়ে বেশি। তা ছাড়া একথা আমাদের স্মরণ রাখতে হবে যে, ডেভেলপমেন্টাল এবং নন-ডেভেলপমেন্টালএর রেশিও বিহারে ১.৪৭, মধ্যপ্রদেশে ১.৪৭, মাদ্রাজে ২.২৫, ইউ-পিতে ১.২১, পশ্চিমবঙ্গে ১.১৪ এবং বম্বেতে .৯। অর্থাৎ এক বম্বে ছাড়া আর সমস্ত প্রদেশের চেয়ে পশ্চিম বাংলায় নন-ডেভেলপমেন্টাল খরচ বেশি। সেই সঙ্গে সঙ্গে একথা মনে করিয়ে দিতে চাই যে, উন্নয়নমূলক খরচের খাতে—যেটা আমার পূর্ববর্তী বক্তা মাননীয় জ্যোতিবাবুও বলে গেছেন—ডিপ সি ফিসিং এবং স্টেট ট্রান্সপোর্টও তার মধ্যে রয়েছে। এই ধরনের যেসমস্ত খাতে সরকার বছরের পর বছর ধরে লোকসান দিচ্ছেন সেই সমস্ত ব্যয়গুলিকেও উন্নয়নমূলক খাতে বসিয়ে দেওয়া হয়েছে এবং এই লোকসানের বোঝা দিয়ে উন্নয়নমূলকের যে ফিগার সেই ফিগারকে স্ফীত করা হচ্ছে।

বাজেট সম্পর্কে আমরা মোটামুটি জানি যে, বাজেট হ'ল একটা ইনস্ট্রুমেন্ট অব ন্যাশানাল পলিসি এবং সেখানে একদিকে যেমন বাজেটের ভেতর দিয়ে ক্যাপিটাল ফরমেশন বৃদ্ধির প্রয়োজন আর একদিকে তেমনি ডিস্ট্রিবিউশনএর ক্ষেত্রে ইকোয়াল ডিস্ট্রিবিউশন প্রয়োজন। অর্থাৎ যে বৈষম্য রয়েছে আয়ের ক্ষেত্রে সেই বৈষম্য দূর করবার প্রশ্ন রয়েছে এবং তার মাঝখানে রয়েছে একটা প্রাইস পলিসি, কনজাম্পশন পলিসি এবং ওয়েজ পলিসি। আমরা বিরোধীপক্ষ থেকে এই ওদিনের বিতর্কে দেখিয়েছি যে, সরকারের এমন কোন পলিসি নেই, যে পলিসির দ্বারা বলা যেতে পারে যে, এই সমস্তগুলির একটা সমন্বয় রক্ষা করা হচ্ছে এবং মোটামুটিভাবে ইনইকোয়ালিটির যে ব্যবধান সেই ব্যবধান দূর করবার দিকে আমরা অগ্রসর হচ্ছি। সেইদিক থেকে সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যানএর একটা মন্তব্য আমি শোনাতে চাই—তাঁরা বলছেন যে, "balancing of the revenue account"

করাই সবচেয়ে বড় কাজ। ১৯৫১ সাল থেকে ১৯৫৮ সাল পর্যন্ত পশ্চিম বাংলার যে বাজেট পশ্চিমবঙ্গ সরকার পেশ করেছেন তাতে আমরা দেখতে পাই যে, রেভিনিউ অ্যাকাউন্ট-এ ৪৩ কোটি টাকার উপর ঘাটতি হয়েছে। এই কথা বলার তাৎপর্য হচ্ছে এই যে, আমাদের বলা হচ্ছে যে, আমাদের বাংলাদেশে সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যান ও রেভেনিউ অ্যাকাউন্ট থেকে ৫৩ কোটি টাকা খরচ করা হবে। এই টাকার ভেতরে সেন্ট্রাল গভর্নমেন্ট ২৫ কোটি টাকা গ্র্যান্ট দেবেন এবং পশ্চিম বাংলা সরকার ১৫ কোটি টাকা অ্যাডিশনাল রিসোর্সেস সংগ্রহ করবেন এবং বাকি ১৩ কোটি টাকা এই সরকার কারেন্ট রেভেনিউ থেকে মিটিয়ে দেবেন। আমি জিজ্ঞাসা করি যে, যেখানে বাজেটে প্রতি বছর রেভেনিউ অ্যাকাউন্টএ ঘাটতি হয়ে থাকে এবং এ বছরও ৩ কোটি ৮৪ লক্ষ টাকা ঘাটতি হয়েছে সেখানে তাঁরা কেমন ক'রে ১৩ কোটি টাকা রেভেনিউ অ্যাকাউন্ট থেকে সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যানএ বরাদ্দের জন্য খরচ করবেন? আমি তা বুঝতে পারি না। আমাদের ফার্স্ট ফাইভ-ইয়ার প্ল্যান-এর ইতিহাস কি? সেখানে পশ্চিমবঙ্গ সরকার যে দায়িত্ব নিয়েছিলেন অ্যাডিশন্যাল রিসোর্সেস বার করবার জন্য সেখানে তার শতকরা ১২ পারসেন্ট মাত্র তাঁরা পূরণ করতে পেরেছেন। অর্থাৎ ৩৬ কোটি টাকার ভেতর বোধ হয় মাত্র ৪-৫ কোটি তাঁরা সংগ্রহ করতে পেরেছিলেন। যেখানে তাঁদের এই অ্যাচিভমেন্ট সেখানে তাঁরা সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যানএর জন্য কি ক'রে বলেন ১৩ কোটি টাকা ব্যয় করবেন কারেন্ট রেভেনিউ থেকে এবং অ্যাডিসান্যাল রিসোর্স ১৫ কোটি টাকা সংগ্রহ ক'রে ব্যয় করবেন। অথচ তাঁরা কাঁদুনি গাইছেন যে, কেন্দ্রীয় সরকার টাকা দিচ্ছেন না। আমি বুঝতে পারি না এই বাজেটের এক জায়গায় কি ক'রে লেখা রয়েছে যে, এই বছরে রেভেনিউ অ্যাকাউন্ট থেকে ৩ কোটি টাকা উদ্বৃত্ত পেয়েছেন এবং সেটা না কি আমাদের এই বছরকার সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যানএ যে ২১ কোটি টাকা ব্যয় ধরা হয়েছে তার অংশ পূরণ করা হবে। অথচ আমরা দেখতে পাচ্ছি বাজেটে রেভেনিউ অ্যাকাউন্টএ ঘাটতি হচ্ছে ৩ কোটি ৮৪ লক্ষ টাকা। অতএব এ সম্বন্ধে আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের কাছ থেকে কিছু জানতে চাই।

[3-40—3-50 p.m.]

আমার পূর্ববর্তী বক্তা শ্রীযুক্ত জ্যোতি বসু মহাশয় যা বলে গেলেন—ডালহাউসি স্কোয়ার এলাকার মধ্যবিত্ত কেরাণীকুলের যে ছবি—সেই ছবিতে আমরা দেখব গত কয় মাসের মধ্যে কি রকম ছাটাই হয়েছে সেই কেরাণীকুলের:—ইস্পাহানি লিঃ—৭৫ জন, বি এন ইলিয়াস অ্যান্ড কোং—৩১ জন, বামার লরী অ্যান্ড কোং—১২৪ জন, জি আথার্টন——২৫ জন, ইস্ট এসিয়াটিক কোং—৭১ জন, ব্যাবিন (২) লিঃ—৩০ জন, মুলার অ্যান্ড ফিলিপস—১৩ জন, নেসলস্ কোং—২৫ জন, ম্যাকিনন অ্যান্ড ম্যাকেঞ্জি (২ কোম্পানি)—১৩০+১২০=২৫০ জন। আরও কেরাণী ছাটাই হবে আশঙ্কা রয়েছে। এ ছাড়া আমি পশ্চিমবঙ্গের শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি—গত ২৬এ ফেব্রুয়ারি থেকে মেটিয়াবুরুজ আই-জি-এন-আর ডকইয়ার্ডএ কয়েকজন—প্রায় ৩০ জন শ্রমিক হাঙ্গার স্ট্রাইক করেছে; এবং সেখানকার ইউনিয়নএর ইঞ্জিনীয়ারিং ডক মজদুর সভার জেনারেল সেক্রেটারি সেখানে তাদের সঙ্গে হাঙ্গার-স্ট্রাইক করেছেন। এই হাঙ্গার-স্ট্রাইকএর কারণ হচ্ছে—অকস্মাৎ লে-অফ করা হয়েছে এবং আরও লে-অফ করা হবে। শোনা যায়—অন্য জায়গা থেকে লোক এনে তাদের স্থান পূরণ করা হচ্ছে। এ ছাড়া ইন্ডাস্ট্রিয়াল ট্রাইবিউনালএর যে ডিসিসন, সেটার ইমপ্লিমেন্টেশনএর জন্য তারা দাবি করেছে এবং সেই দাবি

পূরণের জন্যই তারা হাঙ্গার-স্ট্রাইক করছে। তাদের ইস্যু সম্বন্ধে সুপ্রীম কোর্টএ আপিল করা হয়—তার ইমপ্লিমেন্টেশনএর জন্য তারা দাবি করেছিল, সেই দাবি পূরণ করা হয় নি। এ বিষয়ে শ্রমমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এ ছাড়াও দু-একটি কথা বলতে চাই। গোয়ালপোখরি সম্বন্ধে পূর্ণিয়া জেলার যে এলেকা পশ্চিমবঙ্গের সঙ্গে যুক্ত হয়েছে, সেখানে পুলিসের আক্রমণ চলেছে। সেখানের প্রজা-সোস্যালিস্ট পার্টির কর্মীদের উপর আক্রমণ করা হয়েছে। আমি পশ্চিমবঙ্গের শ্রমমন্ত্রীকে আহ্বান করছি এ সম্বন্ধে অবিলম্বে তদন্ত করবার জন্য এবং কেন যে এই রকম একটা রাজনৈতিক পার্টিকে ভিকিটিমাইজ করা হবে সেটা আমি জানতে চাই।

তারপর আজিমগঞ্জ মিউনিসিপ্যালিটির কথা—সরকারী হস্তক্ষেপের ফলে সেখানের মিউনিসিপ্যাল ইলেকশন পিছিয়ে গেছে। সে বিষয়ে লোক্যাল সেলফ-গভর্নমেন্টএর মন্ত্রী জালান সাহেব এবং গভর্নমেন্টের দৃষ্টি আকর্ষণ করছি।

এ ছাড়া আর-একটা কথা বলে—ইউনিভার্সিটি গ্র্যান্টস কমিশনএর কথা বলে—আমি আমার বক্তব্য শেষ করব। আমাদের এখানে ১২৩টি কলেজ আছে। তার মধ্যে ৯৯-১০০টি কলেজ ইউনিভার্সিটি গ্র্যান্টস কমিশনএর শর্ত পালন করেছে ব'লে শুনেছি। ইউনিভার্সিটি গ্র্যান্টস কমিশনএর শর্ত গ্রহণে স্বীকৃত এই ১০০টি কলেজে যাতে ৩১এ মার্চএর ভিতর পশ্চিমবঙ্গ সরকারের উদ্যোগের মধ্য দিয়ে ম্যাচিং গ্র্যান্টএর টাকা বিলি করা হয় সেদিকে শিক্ষামন্ত্রী ও সরকার যেন অবহিত হন। এই কথা ব'লে, এই অ্যাপ্রোপ্রিয়েশন বিলএর প্রতিবাদ জানিয়ে আমি আমার বক্তৃতা শেষ করছি।

**Sj. Hemanta Kumar Basu:**
স্পীকার মহোদয়, যে অ্যাপ্রোপ্রিয়েশন বিল আমাদের কাছে এসেছে এই অ্যাপ্রোপ্রিয়েশন বিল এবং বাজেটের বিভিন্ন খাতে সংশোধনী ক'রে বক্তৃতা ক'রে এই বাজেটের কোন উন্নতিসাধন করতে পারব না। এই বাজেট যেমন গয়ং গচ্ছ—সে ধরনেরই বাজেট। এই বাজেটের দ্বারা আমাদের সামনে যে বিভিন্ন সমস্যা আছে সেই সমস্যা সমাধানের কোন পথেরই নির্দেশ নেই। খাওয়াপরা, শিক্ষা, স্বাস্থ্য, বেকার সমস্যা, রোগের প্রতিকার এবং অ্যাডমিনিস্ট্রেশনএর মধ্যে শৃঙ্খলা এর কোনরকম ব্যবস্থাই এই বাজেটের মধ্যে আমরা দেখতে পাচ্ছি না। অনবরত দুর্ঘটনা চতুর্দিকে ঘটে যাচ্ছে, রেল দুর্ঘটনা, চুরি, ডাকাতি, খুন—নানারকম অব্যবস্থা ও বিশৃঙ্খলা আমরা চতুর্দিকে দেখতে পাচ্ছি। যদিও স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয় পরিসংখ্যান দ্বারা আমাদিগকে দেখিয়ে দিলেন যে, দেশ থেকে চুরি, ডাকাতি ও খুনের সংখ্যা কমে যাচ্ছে কিন্তু যাঁরা দেশের প্রকৃত খবর রাখেন—চতুর্দিকের ঘটনা সম্বন্ধে অবহিত আছেন—তাঁরাই দেখতে পাবেন এই সব দিনের পর দিন বেড়েই চলেছে। শ্রমিক সমস্যা সম্পর্কে আমাদের শ্রমমন্ত্রী বিশেষভাবে আত্মসন্তুষ্টি লাভ করেছেন যে, শ্রমিকদের ব্যাপারে নাকি অনেক বিরোধের তিনি নিষ্পত্তি করে দিয়েছেন কিন্তু শ্রমিকদের উপর যে ছাটাই চলেছে—সর্বত্রই যে ছাটাই চলেছে—সেই ছাটাই বন্ধ করবার কোন রাস্তাই তিনি দেখাতে পারেন নি। অনেক সময় মালিকরা তাঁদের ইচ্ছা বা খুশিমত ছাটাই করে দেন, তা প্রতিরোধ বা প্রতিকার করবার কোন আইন বা কোন বিধান নেই। ট্রেড ডিসপিউট অ্যাক্ট সংশোধিত করতে হবে কিন্তু এর দ্বারা যাতে মালিকরা শ্রমিকদের অযথা ছাটাই করতে না পারে এবং যদি শ্রমিকদের ছাটাই করতে হয়, তা হ'লে গভর্নমেন্ট বা সরকারের অনুমতি নিতে হবে—এই রকম ধারা যতক্ষণ তার মধ্যে যুক্ত করা না হচ্ছে, ততক্ষণ শ্রমিকমন্ত্রী যতই না আত্মতুষ্টি লাভ করুন যে, অনেক মিটমাট তিনি করেছেন—প্রকৃত সমস্যার সমাধান হবে না। তাই আজ চতুর্দিকে চলেছে ছাটাই, চতুর্দিকে চলেছে লক-আউট, চলেছে শ্রমিকের উপর নির্যাতন ও জুলুম। কাজেই সেই দিক থেকে আমি শ্রমমন্ত্রীকে বলব, যদি তিনি বাস্তবিকই শ্রমিকদের কল্যাণ, তাদের মঙ্গল চান, তা হ'লে ট্রেড ডিসপিউট অ্যাক্টকে সেইভাবে সংশোধন করুন।

তারপর অন্যদিকেও আমরা শৃঙ্খলার অভাব দেখতে পাই—পুলিসের মধ্যেও আমরা দেখতে পাই। আমরা দেখেছি বেনারস এক্সপ্রেসে পুলিস যাবে এবং সেখানে সেই সব পুলিসের প্রায় দশ দিন (?) দেরি হয়ে গেল! অথচ যে পুলিসের মধ্যে শৃঙ্খলার বেশি দরকার সেখানেই

তার অভাব আমরা দেখতে পাচ্ছি। পুলিসমন্ত্রী বলেছেন যে, জনসাধারণের সঙ্গে পুলিস নানাদিক থেকে সহযোগিতা করছে। সহযোগিতা আমরাও করতে চাই। নানা উৎসব পার্বণে আমরা সহযোগিতা করে থাকি কিন্তু পুলিস সেই সমস্ত স্থানে সেই সব স্থানীয় ব্যাপারে দলাদলির মধ্যে জড়িত হয়ে, দুই দলের মধ্যে এক দলের অভিযোগক্রমে অন্য দলের লোকের উপর নির্যাতন করছে—তার অনেক প্রমাণ রয়েছে। আমার পাড়াতে দুটো দল আছে। একদল তারা পুলিসের ভলান্টিয়ার হয়ে অপর দলের বিরুদ্ধে অভিযোগ করল এবং সেই অভিযোগ পাওয়া মাত্র কোন অনুসন্ধান না ক'রে তাদের গ্রেপ্তার করা হ'ল। যথাসময় আদালত থেকে তারা খালাস পেল। কোন বিশেষ দুর্ঘটনায়— যে খুন, ডাকাতি বা চুরি হয়, সেই সমস্ত ব্যাপারে বিশেষ সন্দেহে কোন নির্দিষ্ট ব্যক্তিকে পুলিস যদি ধরে সে আলাদা কথা, কিন্তু এই রকম অতি সাধারণ ব্যাপারে দুই দলের মধ্যে দলাদলির ব্যাপারে পুলিস যদি একদলের সহযোগিতা করে এবং আর এক দলকে নির্যাতন করে, তা হ'লে তখন সরকারের সঙ্গে কোন সহযোগিতা করা যেতে পারে না। আপনি শুনেছেন, স্যার, যে সম্প্রতি—যদিও সেই কেস সাব-জুডিস, তবুও আমি বলতে চাই—একজন বিশিষ্ট কাউন্সিলর জনসাধারণের কোন কাজে পুলিস স্টেশনএ যান - তার উপর স্থানীয় ও-সি মারধর করেন এবং তাঁকে লক-আপে দেন। তারপরে কোর্টএ তাঁর বিচার চলেছে। এইভাবে জনসাধারণের প্রতিনিধিস্থানীয় লোকের উপর যদি নির্যাতন হয়, জুলুম, অত্যাচার, মারপিট করা হয়—তা হ'লে সাধারণ লোকের উপর কি করা হতে পারে সেটা আপনি বুঝতেই পারেন। তাই সেই দিক থেকে পুলিসমন্ত্রী যে আজকে আত্মতুষ্টির মনোভাব দেখাচ্ছেন যে, পুলিস জনসাধারণের সঙ্গে সহযোগিতা ক'রে কাজ করছে —সেটা সব সময় ও সব ক্ষেত্রে দেখা যায় না। অবশ্য আমরাও সহযোগিতা করতে চাই কিন্তু খালি আমরাই পুলিস যেখানে আমাদের সহযোগিতা চায়—সেখানে আমরা সহযোগিতা করব কিন্তু সাধারণ ব্যাপারে যেখানে পুলিসের আমাদের সঙ্গে সহযোগিতা করা উচিত তা করবে না এইরকম চললে সেখানে প্রকৃত সহযোগিতার কাজ হতে পারে না।

[12-50—1 p.m.]

তারপর আর একটা বিশেষ ঘটনা ঘটে গেল আমাদের বন্ধু এবং নদিয়া জেলার কংগ্রেস কমিটির প্রেসিডেন্ট তারকদাস বন্দ্যোপাধ্যায়ের মৃত্যুরহস্য। তার যে কিভাবে মৃত্যু ঘটল সে বিষয়ে একটা এনকোয়ারি, অনুসন্ধান হ'ল না। তিনি যখন ফুলিয়ায় মৃত্যু অবস্থায় সেই সময় তার বাড়ি সার্চ হয়ে গেল। তিনি যাচ্ছিলেন ফুলিয়ায়, হঠাৎ এসে তাঁর মৃত্যু ঘটল, কিন্তু কেন ঘটল তার অনুসন্ধান পর্যন্ত হ'ল না, বরঞ্চ বাড়ি তাঁর সার্চ হয়ে গেল। নদিয়ায় তিনি কংগ্রেসের স্তম্ভস্বরূপ ছিলেন, নদিয়া জেলায় আজকে কংগ্রেসের যে এত প্রভাব তার কারণ ছিল তারকদাস বন্দ্যোপাধ্যায়। তাঁর মৃত্যু ঘটল জীপ অ্যাক্সিডেন্টএ, সেই জীপএর কোন ক্ষতি হয় নি, জীপ ভাঙে নি এবং জীপখানা যে অবস্থায় গিয়েছিল সেই অবস্থায় ফিরে এসেছে, অথচ কোন সিভিল সার্জেন দ্বারা তাঁর পরীক্ষা পর্যন্ত হ'ল না, এই আমাদের পুলিস আর এই আমাদের দেশের জনসাধারণের অবস্থা।

তারপর আপনি দেখেছেন পোর্ট শ্রমিকদের সম্বন্ধে একটা জটিল অবস্থার সৃষ্টি হয়েছে। কেন্দ্রীয় সরকারের অধীনে যে কমিশন বসেছিল তারা যে সুপারিশ করেছিল সেগুলি মালিক-পক্ষের মেনে নেওয়া উচিত। চৌধুরী কমিশনএর রিপোর্টএ যে রেকমেন্ডেশন তা মেনে না নেওয়ার জন্য সেখানে শ্রমিকরা বাধ্য হয়েছে ধর্মঘট করতে। সেখানে তাদের উপর গরিব শ্রমিকদের জুলুম এবং অত্যাচার চলছিল, কাজেই তারা ধর্মঘট করেছে, কাজেই কমিশনএর যে recommendation pay scale increase in the number of upper division posts. এই সব নিয়ে তারা আন্দোলন করছে, এই সব ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকার এবং কেন্দ্রীয় সরকারের উচিত হচ্ছে যাতে রেকমেন্ডেশন ইমপ্লিমেন্টেড হয় তার ব্যবস্থা করা।

তারপর আপনারা দেখতে পাচ্ছেন বালুরঘাটে কি রকম বিরাট সত্যাগ্রহ আরম্ভ হয়েছে। বালুরঘাটের জনসাধারণ বার বার জানিয়েছে কর্তৃপক্ষকে যেন জেলা শহর সেখান থেকে সরান না হয়। এই বালুরঘাট শহর - ডঃ প্রফুল্ল ঘোষ যখন প্রধানমন্ত্রী ছিলেন—তখন জনসাধারণের আন্দোলনে বালুরঘাটকে ডিস্ট্রিক্ট টাউন ব'লে ঘোষণা করা হয়। এই বালুরঘাট ১০ বছর যাবৎ

জেলা শহর হিসাবে আছে। আজকে এই বালুরঘাটে সরকার ২-২॥ কোটি টাকা খরচ ক'রে ফেলেছে। একটা বড় হাসপাতাল করেছে, একটা মাত্র হাই স্কুল ছিল সেখানে ৪টি হাই স্কুল হয়ে গিয়েছে একটা ফুল-ফ্লেজেড কলেজ হয়েছে এবং রাস্তাঘাট সমস্তই হয়েছে এবং যেখানে ৭ হাজার মাত্র পপুলেশন ছিল সেখানে ৫০ হাজার পপুলেশন হয়েছে ডিস্ট্রিক্ট টাউন হবার জন্য এবং এই বালুরঘাটের চতুর্দিকে বহু উদ্বাস্তু বসেছে, ফলে বালুরঘাটের চতুর্দিকে বহু উদ্বাস্তু বসেছে, ফলে বালুরঘাটের প্রভূত উন্নতি হয়েছে।

তখন ব্যাপার হচ্ছে এই যে, সরকার বালুরঘাট থেকে ডিস্ট্রিক্ট টাউন সরিয়ে নেবার ফলে সেখানে একটা বিরাট অসন্তোষের সৃষ্টি হয়েছে। তাঁরা বলেছেন যে, রায়গঞ্জে ডিস্ট্রিক্ট টাউন করা হোক, রায়গঞ্জ একটা বিশিষ্ট জায়গা, রায়গঞ্জের পাশ দিয়ে প্রভিন্সিয়াল টাউন রোড জলপাই-গুড়ির পথ চলে গেছে। কাজেই রায়গঞ্জকে তাঁরা ডেভেলপ করবেন এ বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু বালুরঘাট থেকে যদি ডিস্ট্রিক্ট টাউন সরিয়ে নেওয়া যায় তা হ'লে বালুরঘাটের যে বিশেষ ক্ষতি হবে সে বিষয়ে কোন সন্দেহ নেই। বালুরঘাটের লোকের সংগে রায়গঞ্জের লোকের কোন বিরোধ নেই। এখানে সরকার এমন নীতি গ্রহণ করেছেন যাতে একটা ডিস্ট্রিক্টের সংগে আর একটা ডিস্ট্রিক্টের—বালুরঘাটের সংগে রায়গঞ্জের একটা বিশেষ বিবাদ ঘটে। রায়গঞ্জকে তাঁরা বড় করতে পারেন ডিস্ট্রিক্ট টাউন ক'রে এবং তাঁরা বলছেন পূর্ণিয়ার যে অংশটা বাংলাদেশে এসেছে সেই ইসলামপুর থেকে বালুরঘাটে আসতে প্রায় ৩॥-৪ ঘণ্টা সময় লাগে, আগে পূর্ণিয়ায় যেতে ৮ ঘণ্টা মেলে লাগত এবং ১২-১৪ ঘণ্টা অর্ডিনারী প্যাসেঞ্জারে লাগত। কাজেই সব দিক বিবেচনা ক'রে বালুরঘাটের জনসাধারণ বহু আবেদন-নিবেদন ক'রে জানিয়েছেন। আমি নিজে সেখানে দেখে এসেছি যে, বালুরঘাটের অনেক উন্নতি হয়েছে এবং ইসলামপুরের জন-সাধারণের হয়ত যাতায়াতের একটু সুবিধা হতে পারে কিন্তু তাদের অসুবিধা পূর্বে যা ছিল পূর্ণিয়ায় যেতে তার চেয়ে ৪-৪॥ ঘণ্টার মধ্যে সেখানকার লোকেরা বালুরঘাটে আসতে পারবেন। কাজেই আমি এ বিষয়ে সরকারের দৃষ্টি বিশেষভাবে আকর্ষণ করছি যে, আজকে বালুরঘাট থেকে ডিস্ট্রিক্ট টাউন রায়গঞ্জে সরিয়ে নিয়ে যাওয়ার সিদ্ধান্ত পরিবর্তন ক'রে বালুরঘাটে যে সত্যাগ্রহ আরম্ভ হয়েছে, যে জুলুম আরম্ভ হয়েছে সেটা যেন তাড়াতাড়ি বন্ধ ক'রে দেওয়া হয়।

তারপরে আপনারা দেখেছেন যে, বাংলাদেশের চতুর্দিকে যক্ষ্মারোগ দেখা দিয়েছে এবং প্রতিদিনই প্রায় ৩-৪ জন ক'রে লোক আমার বাড়িতে আসেন—তাঁদের মধ্যে হয়ত কারও স্ত্রী বা স্বামী বা ছেলে যক্ষ্মারোগগ্রস্ত এদের চিকিৎসার কোন রকম ব্যবস্থা নেই। এ'দের আমি স্বাস্থ্যমন্ত্রী ডাঃ অনাথবন্ধু রায়ের কাছে পাঠিয়ে দিই এবং তিনি বলেন যে, হেমন্তবাবু তো ব্যবস্থা করতে পারেন, আমি কি করব? তিনি গভর্নমেন্টের মন্ত্রী হয়ে বসে আছেন, গভর্ন-মেন্টের সমস্ত দায়িত্ব এবং কাজের ভার তাঁর উপর দেওয়া হয়েছে—তাঁর কাছে লোক পাঠিয়ে দেব; আর তিনি যদি বলেন যে, হেমন্তবাবু তো করতে পারেন তা হ'লে তাঁর পক্ষে সেটা অনুচিত কথা হবে এ বিষয়ে কোন সন্দেহ নেই

তারপরে শিক্ষাব্যবস্থা—মাল্টি-পারপাস স্কুল অনেক হয়েছে, আমাদের ক্ষতি নেই—স্কুল এবং শিক্ষার উন্নতি হোক, এটা আমরা চাই কিন্তু এই মাল্টি-পারপাস স্কুলে ছেলেদের মাইনা ক্লাস সেভেনএ ৯ টাকা দিতে হবে, এটা অত্যধিক বেশি। কাজেই সেদিক থেকে সরকারের বিবেচনা করা উচিত যে, গরীবের ছেলেদের পক্ষে স্কুলে পড়া খুব অসম্ভব ব্যাপার হয়ে পড়েছে।

তারপর আপনারা জানেন যে পুরুলিয়া থেকে, মানভূম থেকে অনেক লোক তাঁরা বারবার সরকারের কাছে তাঁদের দুঃখের কাহিনী জানিয়েছেন কিন্তু তার প্রতিকারের কোন ব্যবস্থা না হওয়ার জন্য তাঁরা সকলে পায়ে হেঁটে প্রায় ২ হাজার লোক এসেছিলেন। তাঁরা বিনা টিকিটে এসেছিলেন বলে তাঁদের সাজা দেওয়া হয়েছে। এখানে আমি মুখ্যমন্ত্রীর কাছে বলেছিলাম যে যাঁরা সাজা পেয়েছেন তাঁদের ছেড়ে দেওয়া হোক, তাঁরা ফিরে যাবেন। তাঁরা

বলেছিলেন যে আর আমরা বিনা টিকিটে ট্রেনে যাব না, আমরা কলকাতা শহরে যাব—তাঁদের মধ্যে কয়েকজনকে গ্রেপ্তার করা হয়েছে। তাঁরা শান্তিপূর্ণভাবে কলিকাতায় আসছেন কিন্তু তাঁদের গ্রেপ্তার করা এবং তাঁদের উপর এইরকম জুলুম করাটা নিশ্চয়ই সরকারের উচিত নয়।

[4—4-10 p.m.]

**Sj. Bijoy Singh Nahar:**

মাননীয় স্পীকার মহাশয়, এইমাত্র শ্রদ্ধেয় হেমন্তবাবু একটা কথা বললেন, আমাদের পরম শ্রদ্ধেয় নদিয়া জেলার কংগ্রেস কমিটির সভাপতি তারকদাস বন্দ্যোপাধ্যায় মহাশয়ের মৃত্যুর সম্বন্ধে। আমি জানি না তিনি কি খবর পেয়ে বলেছেন, কিন্তু আমি তাঁকে জানাতে পারি তিনি যে কথাগুলি বলছেন সেটা মোটেই ঠিক নয়। আমাদের এখানে স্পীকার মহোদয় রয়েছেন, তিনি নদীয়া জেলার লোক, তিনিও জানেন এবং তিনি হয়তো পরিষ্কার করে বলতে পারবেন যে তারকদার যে মৃত্যু ঘটেছিল সেটা সম্পূর্ণ একসিডেন্ট মাত্র; তাঁর সহকর্মী যারা সেখানে ছিলেন তাঁরা দেখেছেন যে, তাঁর বুকের উপরে মোটরের চাকার দাগ রয়েছে—সেদিন বৃষ্টি হচ্ছিল, সেই সময় তারকদা যাচ্ছিলেন এবং সেখানে একটা লোক তাদের সামনে আসাতে তাড়াতাড়ি মোটরের ব্রেক দেওয়াতে তারকদা গাড়ি থেকে ছিটকে পড়েন এবং তার উপর দিয়ে চাকা যায়—এটাতেই তার মৃত্যু হয়েছিল। এবং পুলিসের রেকর্ডএ রেয়েছে যারা সহকর্মী সেখানে গেছেন তারাও দেখেছেন। এটাতে কোন সন্দেহজনক ব্যাপার ছিল না। সার্চএর সম্বন্ধে তিনি যা বললেন সেটাও মোটেই ঠিক নয়। তারকদার কোন নিজের আত্মীয়স্বজন ছিলেন না এবং তার ডেড বডি যখন নিয়ে যাওয়া হয় তখন তার বাড়িতে ইলেকশনের কাগজপত্র ও অন্যান্য জিনিসপত্র ছিল এবং সেখানে তালা বন্ধ করে পুলিস এইজন্য রেখে দেয় পাছে অন্য কোন লোক এসে কোন গোলমাল না করে। ওখানে সার্চএর কোন ব্যাপার ঘটে নি।

**Sj. Hemanta Kumar Basu:**

স্যার আমি বলছি একটা অনুসন্ধান কমিটি করা হোক তা হ'লে অনেক জিনিস, অনেক তথ্য বেরিয়ে পড়বে।

**Mr. Speaker:**

এনকোয়ারীর ব্যাপার অ্যাপ্রোপ্রিয়েশেনএর সময় তুলবেন, এখন এটা রেলিভেন্ট নয়।

**Sj. Hemanta Kumar Basu:**

রেলিভেন্ট না হ'তে পারে, কিন্তু এটা একটা বিশেষ ব্যাপার। আমি সেদিন গিয়েছিলাম, তাই এখানে উল্লেখ করলাম।

**Sj. Jatindra Chandra Chakravorty:**

আপনি স্যার, বাধা না দিলে ওনার বলার পক্ষে সুবিধা হ'ত।

**Mr. Speaker:**

আপনি ইন্টারাপ্ট করবেন না।

Now Sj. Subodh Banerjee will speak. Mr. Banerjee, I would request you not to strain yourself. I say this in your own interest.

**Sj. Subodh Banerjee:**

মাননীয় স্পীকার, স্যার, আমি সরকারের নিজস্ব কর্মচারী নিয়োগনীতির উপর কয়েকটা কথা বলতে চাই। আমাদের এই রাজ্যে শুধু এই রাজ্যে কেন ভারতবর্ষে 'গভর্নমেন্ট ইজ দি গ্রেটেস্ট এম্প্লয়ার'। সরকারের অধীনে সর্বাপেক্ষা বেশী লোক কাজ করে। এবং একটা কথা নীতিগতভাবে সকলেই স্বীকার করেন যে সরকার 'মাস্ট বি এন আইডিয়েল এম্প্লয়ার'। সরকারের আদর্শ নিয়োগকর্তা হওয়া উচিত। কারণ শ্রম আইন অনুযায়ী সরকার যে সমস্ত নির্দেশ দেবেন সরকার যদি নিজে সেগুলি না মানেন তা হ'লে প্রাইভেট এম্প্লয়ার কোন দিনই সে নির্দেশ মানবে না। চলতি কথায় বলে "আপনি আচরি ধর্ম পরেরে শিখাও"। সরকার যদি নিজে নিজের আইন ভঙ্গ করে নিজের দ্বারা নিযুক্ত বিচারকের রায় অমান্য করে, তা হ'লে

সরকারের কোন নৈতিক অধিকার নেই প্রাইভেট এম্প্লয়ারকে বলার যে, তুমি এই এই কাজ কর বা আমারা যে নিয়ম নীতি তৈরী করে দিয়েছি তা তোমরা মানবে অথচ আশ্চর্যের বিষয় পশ্চিমবাংলা সরকার আদর্শ নিয়োগকর্তা দূরে থাকুক অত্যন্ত জঘন্য নিয়োকর্তা। কি বেতন দেবার ক্ষেত্রে, কি মহার্ঘভাতা দেবার ক্ষেত্রে, কি টার্মস অ্যান্ড কনডিশন অব সার্ভিসেসএর ক্ষেত্রে প্রত্যেক বিষয়ে পশ্চিমবাংলা সরকারের কর্মচারীরা সরকারের দাপটের চোটে একেবারে প্রাণান্তকর অবস্থায় এসে পড়েছে। আমি অন্য একটা রাজ্য এবং কেন্দ্রীয় সরকারের কর্মচারীদের টার্মস অ্যান্ড কনডিশন অব সার্ভিসেসএর সংগে পশ্চিমবাংলা সরকারের কর্মচারীদের টার্মস অ্যান্ড কনডিশন অব সার্ভিসেসএর সংগে তুলনা ক'রে দেখাব যে এই সরকারের অধীনে কর্মচারীদের অবস্থা কি রকম খারাপ। সব জায়গায় কংগ্রেসী সরকার এবং কংগ্রেসী সরকার খুব একটা ভাল, অনেক কিছু দেন এ বিশ্বাস আমার নেই। তবুও আমি বম্বে সরকারের উদাহরণ দিচ্ছি এই হিসেবে যে কংগ্রেস সরকার অন্য আরেকটী জায়গায় যে নীতি গ্রহণ করেছে সেইটুকু পর্যন্ত এই পশ্চিমবংগ সরকার এদের কর্মচারীদের দিতে নারাজ। সর্বত্রই নীতি গ্রহণ করা হয়, বিশেষ ক'রে কল্যাণ রাষ্ট্রে, যে নীতির দিকে যারা থাকে তাদের উপরে একটু ওয়েটেজ দেওয়া হয়। আর পশ্চিমবাংলা সরকারের নীতি ঠিক তার উল্টো। নীচের দিকে যারা আছে তাদের ওয়েটেজ দেওয়া দূরে থাকুক উপরের লোকেরা যা পাচ্ছে সেটাও দেবে না। উদাহরণ দেখুন। মিনিয়েলসদের কথা ধরুন—গভর্নমেন্ট অব ইন্ডিয়ার মিনিয়েলসরা মাসিক বেতন পান ৮২।৷০ টাকা, বোম্বাইতে পান ৮৮।৷০ টাকা, আর পশ্চিমবাংলায় পান ৫৭।৷০ টাকা। বোম্বাই এবং পশ্চিমবাংলার সংগে তুলনা হতে পারে, কারণ বোম্বাই শিল্পপ্রধান রাজ্য, পশ্চিমবাংলাও তাই। উড়িষ্যা, বিহার প্রভৃতির সংগে পশ্চিমবাংলার তুলনা হতে পারে না। কারণ দুটো রাজ্যের অবস্থা আলাদা, রাজস্ব আয়ও আলাদা। একমাত্র বোম্বায়ের সংগে তাই পশ্চিমবাংলার তুলনা হ'তে পারে। এই দিক থেকে পশ্চিমবাংলার সরকারের অধীনে নিযুক্ত মিনিয়েলসরা বোম্বাই সরকারের অধীনে নিযুক্ত মিনিয়েলসদের চেয়ে মাসিক ৩১ টাকা কম পান। এল-ডি ক্লার্কএর কথা ধরুন—গভর্নমেন্ট অব ইন্ডিয়ায় ১৬৩ টাকা পান, বোম্বাইতে ২৩১ টাকা, আর ওয়েস্ট বেংগলএ ১০৫ টাকা পায়। টাইপিস্টএর কথা ধরুন—গভর্নমেন্ট অব ইন্ডিয়ার অধীনে টাইপিস্টরা পান মাসিক ১৬৩ টাকা, বোম্বাইতে পাচ্ছেন ২৩১ টাকা, ওয়েস্ট বেংগলএ পাচ্ছেন ১১৫ টাকা। যদি সরকার বলতেন যে, জেনারেল এডমিনিস্ট্রেশনএ খরচ কমানোর জন্য বেতন কম দেওয়া হচ্ছে তাহলেও বা কথা ছিল। এইবার তাকিয়ে দেখুন বড় বড় কর্মচারীদের দিকে যাস্ট দি রিভার্স। এখানে বিধানবাবু একেবারে দয়ার সাগর। ও'র হাতে টাকা আটকায় না প্রভিন্সিয়াল সার্ভিস কর্তাদের টাকা দেবার সময় লোয়ার গ্রেড প্রভিন্সিয়াল সার্ভিসএর দিকে তাকিয়ে দেখুন—পশ্চিমবাংলা দেন ৫০০ থেকে ৬৫২, বোম্বাই সে জায়গায় দেন ৩৫০ থেকে ৬৫০। হায়ার প্রভিন্সিয়াল সার্ভিসএর কথা যদি ধরেন তা হ'লে ওয়েস্ট বেঙ্গলএ দেয় ৯১৫ টাকা মাসে, বোম্বাইতে দেওয়া হয় ৭৫০ টাকা। অর্থাৎ তেলা মাথায় তেল দিতে বিধানবাবু সরকার অত্যন্ত পাকাপোক্ত। আর এ'র পরে কল্যাণরাষ্ট্রের কথা বলা অন্তত আর যার মুখে শোভা পাক তাঁর মুখে শোভা পায় না। এটা তিনি যেন বোঝেন। শুধু তাই নয় টার্মস অ্যান্ড কনডিশন অব সার্ভিসএর দিকে তাকিয়ে দেখুন। পশ্চিমবাংলা সরকারের অধীনে নিযুক্ত কর্মচারীদের শতকরা ৬৫ ভাগ টেম্পোরারী। কেন অস্থায়ী করে রেখেছেন? কারণ বিধানবাবু জানেন, যদি অস্থায়ী করে না রাখা হয় তা হ'লে তাঁর যত কলংক কাহিনী যত দুর্নীতি সব কথা কর্মচারীরা প্রমান করবে—তাঁর বিরুদ্ধে দাঁড়াবে। সুতরাং চাকরীর স্থায়িত্ব না দিয়ে কর্মচারীদেব তিনি ঝুলিয়ে রেখেছেন এবং তিনি এই সমস্ত অস্থায়ী কর্মচারীদের দিয়ে যত দুর্নীতিপূর্ণ কাজ করিয়ে নিতে চান। প্রমাণ চান, আমি তা দিতে পারি। সেলস্ ট্যাক্স বিভাগের দিকে একবার তাকিয়ে দেখুন। কোন একটী লোক ডিপার্টমেন্টাল পরীক্ষায় পাশ হ'ল না অথবা দিল না, তবুও তাঁর পদোন্নতি হল। আমি তাঁর কথা আগেও রেফার করেছিলাম। এখন তিনি ঐ বিভাগের অ্যাসিস্ট্যান্ট কমিশনার। তাঁকে দিয়ে ফলওয়ালাদের কাছে প্রাপ্য তিন লাখ টাকার বিক্রয় কর বিধানবাবু ভোটের ঠিক আগে ১½ লাখ টাকা করিয়ে নিলেন।

সম্প্রতি শুনছি তাঁকে পারমানেন্ট করা হবে। নিশ্চয় করা হবে, কারণ বিধানবাবুকে ভোট পাইয়ে দেবার জন্য যিনি ফলের রাজাদের কাছ থেকে ৩ লাখ টাকার সেলস ট্যাক্স কমিয়ে ১২ লাখ টাকা করেছেন। এ হেন অফিসারকে যদি পরীক্ষা দিয়ে পাকা হতে হয় তার চেয়ে দুঃখের কথা আর কি হতে পারে! সুতরাং পরীক্ষা চলে গেল, বিধানবাবু খুশী হয়ে তাঁকে পাকা করে দিলেন। নাম আমি বলে দিতে পারি, যদি আপনি নাম চান। তিনি এ ডি খান-এর বিশেষ আত্মীয়—দত্ত সাহেব। বিধানবাবু এইরকম দয়া যদি সব জায়গায় করতেন তা হ'লে বিশেষ আপত্তি ছিল না। কিন্তু তা নয়। তাছাড়া বুড়ো হাবড়া লোক—যারা কাজ করতে পারে না—তাদের এনে ঢুকিয়ে দিয়ে তিনি নীচের দিকের লোকের উন্নতি পথ বন্ধ করে দিচ্ছেন। কারণ ঐ বুড়ো হাবড়া লোকগুলি বিধানবাবুর মুখের উপর কিছু বলতে পারবে না। সুতরাং গোটা বিভাগকে দুর্নীতিপরায়ণ করবার জন্য তিনি নিয়োগনীতি এইভাবে চালাচ্ছেন।

[4-10—4-20 p.m.]

সরকার নিজেদের প্রতিষ্ঠিত ট্রাইবুনালের রায় মানেন না। আপনি জানেন যে ফায়ার সার্ভিস পার্সোনেলদের দাবী দাওয়া বিচারের জন্য সম্প্রতি একটা ট্রাইবুনাল হয়ে গেল। বিধানবাবুর সঙ্গে এ বিষয় নিয়ে তার আগে আমার সঙ্গে কথা হয়েছে। সেখানে যে এগ্রিমেন্ট হয়েছে সরকার সেই এগ্রিমেন্ট লঙ্ঘন করছেন। তারপর যখন ট্রাইবুনাল রায় দিল সরকার সেই রায় মানছেন না। আমি জালান সাহেবকে জিজ্ঞাসা করি তিনি কি জানেন যে ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্টএর ২৯ ধারায় বলে যে যদি রায় কেউ না মানে বা এগ্রিমেন্টএর টার্মস যদি কেউ লঙ্ঘন করে তা হ'লে তাকে অভিযুক্ত করা হয়। এটা যদি না জানেন তাহলে শ্রমমন্ত্রী সাত্তার সাহেবকে জিজ্ঞাসা করুন। তাঁরও না জানা সম্ভব। তা হ'লে আমি বলব যে বইখানা দয়া ক'রে একবার দেখে নেবেন। আমি জিজ্ঞাসা করি সরকার অন্য মালিককে বলেন যে তুমি টার্মস অব এগ্রিমেন্ট বা এওয়ার্ড ভাইওলেট করেছ বলে তোমাকে জেলে দেব, কিন্তু যে সরকার এটা বলবার সাহস রাখে সে তো আগে নিজের কথা চিন্তা করবে। জালান সাহেব জবাব দিন যে তাঁর নিযুক্ত ট্রাইবুনালের রায় তাঁর সরকার মানেন না কেন? এটা কি একটা লজ্জার কথা নয়? যে সরকারের গায়ের চামড়া একটু পাতলা গণ্ডারের মতন পুরু নয়, সেখানে এই একটা বিষয়ের উপর সেনসিওর হয়ে যেত সরকারের বিরুদ্ধে। সুতরাং বলব এ জিনিস চিন্তা করতে হবে।

**Dr. Radhakrishna Pal:**

মিঃ স্পীকার, স্যার, এপ্রোপ্রিয়েশন বিলে কিছু বলার আগেই বলে দিই যে আমি এই সমস্ত ডেস্ট্রাকটিভ ক্রিটিসিজমএর পক্ষপাতি নই বলে আমি কনস্ট্রাকটিভ ক্রিটিসিজম করবো। আমাদের বাংলাদেশের যে অংশ পুরুলিয়ার সঙ্গে যুক্ত হয়েছে, সেখানে এবং বাঁকুড়া জেলায় লেপ্রোসি ক্রমে ক্রমেই বাড়ছে। স্কুলের ছেলেদের মধ্যখানেও সেই লেপ্রোসি দেখা দিচ্ছে। কিন্তু এটা চেকড হওয়া দরকার। কারণ ইডিওলজি অব দিস ডিসিজ এবং এর বিগিনিংটা যদি ভাল ক'রে দেখি এবং চেক করবার জন্য চেষ্টা করি, তাহলে মনে হয় যে এটা শীঘ্র এবং সম্পূর্ণ আরোগ্যের ব্যবস্থা হতে পারে। ভারতবর্ষের—মাদ্রাজের পরই পুরুলিয়া এবং থার্ড হচ্ছে বাঁকুড়া যেখানে এই রোগ হয়। এই যে দিনের পর দিন যেভাবে লেপ্রোসি রোগ বেড়ে চলেছে তাতে আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে আবেদন জানাচ্ছি যে, লেপ্রোসি চেক করবার জন্য তাঁরা যেন সর্ববিধ ব্যবস্থা করেন। কারণ আমাদের ভবিষ্যৎ বংশধরদের মধ্য দিয়ে এটা খুব বেশী ছড়িয়ে পড়ছে। এবং স্কুলের ছেলেদের হলে ভয়াবহ অবস্থা যা হয়, তাই এর মধ্যেই হতে আরম্ভ করেছে। এখানে জেলমন্ত্রী মহাশয়া আছেন তাঁকে কিছু বলব। আলিপুর জেল থেকে বেরিয়ে এসে দেখছি যে ঠিক তাদের রিফর্মেশন এখনও হয় নি। সুতরাং তারা যাতে ভালভাবে মানুষের মতন তৈরী হয় এবং তারা সত্যিকার মনুষ্যত্ব সম্পন্ন হয়ে সমাজে বাস করতে পারে সেদিক দিয়ে আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। রিফর্মেটরী স্কুল হাজারীবাগ থেকে সরিয়ে আমাদের বহরমপুরে আনা হবে বলে মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন। আমি সম্প্রতি হাজারীবাগ থেকে কয়েকটি বাঙ্গালী ছেলে যারা বেরিয়ে এসেছে,

তারা নানা রকম কাজ শিখেছে। কিন্তু তাদের মধ্যে অধিকাংশই আন্‌এম্‌প্লয়েড। স্যার এবার আমি গঠনমূলক কিছু বলবো। সেই রিফর্মেটরী স্কুল থেকে বেরিয়ে যাতে তারা কাজ পায় তার জন্য আমি আবেদন জানাচ্ছি।

এরপর, স্যার, আমি বাজেট আলোচনার সম্বন্ধে কথা কিছু বলবো। বাজেট আলোচনায় দীর্ঘদিন ধরে আমার বন্ধুরা মুখর হয়েছিলেন। (এ ভয়েস ফ্রম অপোজিসন বেঞ্চ—আপনিও এখন মুখর হয়ে উঠুন।) স্যার, ওরা মুখ খুলিয়ে দিল বলেই বলতে হচ্ছে। আমি তাঁদেরই কথা বলবো যে ১৯৫৭-৫৮ সালের কেরেলায়, বাজেটে পুলিশী ব্যবস্থার জন্য বরাদ্দ অত্যন্ত বেশী। আজ ১৯৫৮-৫৯ সালে তার কৃতিত্ব সমস্ত পেপারগুলিতে দেখুন ছেলেদের উপর লাঠি চালান হচ্ছে—সেখানকার পুলিশকে দিয়ে। অর্থাৎ গণতান্ত্রিক রাষ্ট্রের ধনুর্ধারীর টীকা স্বরূপ প্রকাশ পেয়েছে। আপনারা জানেন যে স্টেট ট্রান্সপোর্ট নিয়ে গণ্ডগোলে ৪০০।৪৫০টি ছেলেকে তাঁরা সেখানে এরেস্ট করেছেন, এবং তাদের উপর পুলিশের লাঠি চার্জ হয়েছে।

**Sj. Monoranjan Hazra:** On a point of order, Sir
আপনি একটু আগে বলেছেন কাউকে আক্রমণ করা চলবে না।

**Mr. Speaker:**
আমিও এক্ষণি ওঁকে সেই কথা বলতে যাচ্ছিলাম।

**Dr. Radhakrishna Pal:**
আচ্ছা, স্যার, আমি আর কাউকে কিছু বলবো না। স্যার, আমি ছোটবেলায়, আমার গাঁয়ে সত্যশরণের যাত্রা শুনতে গিয়েছিলাম। সেখানে বেলা ১২টার সময় ১০টা সূর্য জ্বলছে। হঠাৎ রামের পার্ট যিনি করছিলেন, তিনি বলছেন "ঘনায়ে আসিল রাত্রি, শুকে সুপ্ত অযোধ্যার প্রজা"। [হাস্যরোল।] সর্বদা দিনকে রাত, রাতকে দিন করা, যাঁদের অভ্যাস তাঁদের সম্বন্ধে কি কথা বলব, স্যার? মিঃ স্পীকার, স্যার, আপনি জানেন যে সেদিন মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন, 'সব মায়া এবং মায়াবী'; কিন্তু আমি বলবো, "মায়াবী মানব সব এ বিরোধী দল কেমনে বর্ণিব আমি"। তাও বুঝি না। [হাস্য।]

মিঃ স্পীকার, স্যার, আমি এই এপ্রোপ্রিয়েশন বিলের সমালোচনা করতে গিয়ে, ব্যয়বরাদ্দ সমর্থন করতে যেতে, আমার বন্ধুবর যতীন চক্রবর্তী মহাশয় একটি কথা বললেন। আমি বলবো তাঁকে অনুধাবন করতে। পণ্ডিত জহরলাল নেহেরু যখন বি সি রায় পোলিওক্লিনিক উদ্বোধন করতে এলেন, তখন তিনি বলেছিলেন "তোমার নাম দিয়ে এরা কেন এইসব করছে, তার কারণ, তুমি নিজেই একজন বিরাট অর্গেনাইজেশন" তিনি তখন মুখ্যমন্ত্রী হন নি, এম এল এও হন নি।

এখন যে যাদবপুর ইউনিভার্সিটি হয়েছে সেটা তখন যাদবপুর টেক্‌নিক্যাল কলেজ বা ইঞ্জিনিয়ারিং কলেজ ছিল। কারমাইকেল মেডিক্যাল কলেজ, চিত্তরঞ্জন সেবাসদন, চিত্তরঞ্জন হাসপাতাল তাঁরই সৃষ্ট। কিন্তু তখন,
he is the greatest beggar in India,
কোটী কোটী টাকা খরচ করেছেন। অথচ যতীনবাবু এই সব বিষয়ে খবর রাখেন না। স্যার ডাঃ রায়কে সমালোচনা করা সহজ অনুসরণ করা কঠিন। এমনি অনবরত সমালোচনা করে করে ওঁদের চেহারাগুলো সব টেবা হয়ে গিয়েছে। [হাস্যরোল।]

[4-20—4-30 p.m.]

আমি আমাদের শিক্ষামন্ত্রী মহাশয়কে বলব যে আমাদের মাননীয় ভূতপূর্ব মুখ্যমন্ত্রী ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষ মহাশয় যা বলেছিলেন তাই সত্য। অর্থাৎ শিক্ষিত বেকার না করে, শিক্ষিত বেকার বি-এ পাশ 'ল' পাশ করলে, তারপরে ব্যারিস্টারী পাশ করে এসে ব্রিফলেস ব্যারিস্টার হল অমনি তিনি আমাদের বিরোধীপক্ষের নেতা হলেন এখানে (শিশির) বসু সাহেবের মতন হলেন। মিঃ স্পীকার স্যার সমালোচনা করা সহজ অনুসরণ করা কঠিন। আমি আর একটা কথা বলছি। [illegible]

সম্বন্ধে আমরা জানলাম যে সেখানে যাবার জন্য ইতিমধ্যে ১০ হাজার লোক আপনার কাছে দরখাস্ত করেছে। আমাদের বাঙালী ছেলেকে ফাঁকে বেরোবার জন্য কেন বাধা দেব? আমরা একদিন গান শুনিছি—"একদা যাহার বিজয় সেনানী হেলায় লঙ্কা করিয়া জয়"। আমাদের কবি বলেছেন—"যাবো না যাবো না যাবো না ঘরে, বাহির করেছে পাগল মোরে"। আমরা নিশ্চয় দণ্ডকারণ্যে যাব, আমরা সবাই যাব ওদিকেও নিয়ে যাব। [হাস্য।] স্যার, বিল্ড ইওর ওন হাউস স্কীম সম্বন্ধে বলব। আমি হঠাৎ একটা বন্যাপীড়িত জায়গায় গিয়েছিলাম। সেটা হচ্ছে আরামবাগের অতি গুহ্যতম গুহ্য জায়গা। সেখানে গিয়ে দেখি যে একটা পাকা বাড়ী। আমি জিজ্ঞাসা করলাম যে "হ্যা নটবর, তোমার যে হঠাৎ পাকা বাড়ী"। সে বলল যে, "বাবু এটা গভর্নমেন্ট করে দিয়েছে। বাণে পড়ে গিয়েছিল এবং আমি কিছুটা ইট তৈরি করেছিলাম, ও'রা এইসব দিয়া করে দিয়েছেন"। সেখানে দেখি যে পাকা একটা বাড়ী তার মধ্যে তারা স্বামী, স্ত্রী, ছেলেমেয়ে নিয়ে সুখে বাস করছে এবং তাঁরা এজন্য কংগ্রেস গভর্নমেন্টকে আশীর্বাদ করল। ও'রা এসব কিছুই চোখে দেখতে পান নি। ঐ যা আপনাকে বললাম যে দিনের বেলায় সূর্য জ্বলছে তখন বলছে যে ঘনায় আসিল রাত। [হাস্য।] স্যার এগ্রিকাল্চার খাতে—আমাদের মাননীয় এগ্রিকালচার মন্ত্রী মহাশয় আছেন—সত্যি আমাদের খুবই সুখের কথা যে উনি যথেষ্ট ধার দিচ্ছেন বা যেসব ঋণ দেবার কথা তা সবই দেওয়া হচ্ছে। কিন্তু আমি একটা আবেদন ও'র কাছে জানাব। আরামবাগে গতবছর বন্যায় যেসমস্ত এরিয়া ক্ষতিগ্রস্ত হয়েছে সেসমস্ত এরিয়াতে যাতে আর এগ্রিকালচারলে লোন আদায় না করা হয় সেজন্য আবেদন জানাচ্ছি। আমাদের ডাঃ মজুমদার মহাশয় বললেন যে বনগাঁয় বনের মাঝে বিরাট গাড়ী পড়ে আছে এবং মন্ত্রী মহাশয় হেরে গেছেন বলে সেখানে ওষুধ নেই, রুগী নেই এবং কিছু নেই। আমি ডাঃ মজুমদারকে বলব যে

Rome was not built in a day

রোমরাজ্য একদিনে সৃষ্টি হয় নি। ১০ বৎসরে আজকে যে অবস্থায় আমরা এসেছি তাতে আপনি ডাঃ মজুমদারকে আজই সঙ্গে নিয়ে যাব ভায়া বাদ্যবাটি রাস্তা দিয়ে যে রাস্তায় সীতার পাতাল প্রবেশ হত সেখানে দেখুন ৬০ মাইল স্পীডএ মাননীয় ভূপতিবাবু যাবেন এবং দেখবেন চারিদিকে হাসপাতাল রয়েছে। সাব-সেন্টার, সাব-হেল্থ সেন্টার ইত্যাদি আপটু আরামবাগ বড় বড় সব হেল্থ সেন্টার হয়েছে, নার্সেস ট্রেনিং স্কুল হয়েছে। স্যার, আমি বলব যে ও'দের চশমা পরিবর্তন করতে হবে, নীল চশমা খুলে গঠনমূলক মনোবৃত্তি নিয়ে সব কিছু দেখতে হবে। আজকে শুধু ব্যক্তিগত সমালোচনা করলে হবে না। মহারাজা বর্ধমান, রাজা নাড়াজোল, আমি [illegible] বা অন্য আর একজন জমি যদি চান ও মাননীয় মুখ্যমন্ত্রীর মতন লোক চান তবে আমাদিকে দেবেন না, ও'কে দেবেন। অর্থাৎ, স্যার, য়্যাঙ, ব্যাঙ, চ্যাঙ দে আর অল্সো ক্রিটিসাইজিং দিস। [হাস্য] আমাকে মেডিক্যাল কলেজের একজন বিখ্যাত শল্য চিকিৎসক এসে বললেন যে ডাঃ পাল আপনাদের এসেম্বলী যা একটু ছিল কিন্তু তখন জমি কিনেছেন মুখ্যমন্ত্রী তা নিয়ে সমালোচনা শুনে এসেম্বলীর নাকে কানে আঙুল দিতে ইচ্ছা হয়। আমি বললাম যে আপনাদের আর কানে আঙুল দিতে হবে না এবার আমরা কান নাক কেটে বেরুব। আমার বন্ধুবরের এই সমালোচনা। স্যার, পুলিশ বাজেটে, পুলিশ খাতে আমরা যে টাকা দিচ্ছি তা নিয়ে অনেক বিরুদ্ধ সমালোচনা শুনে আসছি। আমরা এই কোলকাতায় ও'দের বুকের উপরে যখনই কোন গলি হারিয়ে ফেলেছি তখন আমি ইচ্ছা করে কন্স্টেবলকে ডেকে জিজ্ঞাসা করেছি যে আমাকে এই রাস্তা দেখিয়ে দাও। তখন সে একেবারে ঠিক বিলেতী কায়দায় এই যে, স্যার, বলে আমাদের নিয়ে গিয়ে গলিতে ঢুকিয়ে দিল। [হাস্য] স্যার, আমাদের মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় সম্বন্ধে সমালোচনায় আমাদের মাননীয় ভাবী বিকল্প সরকারের মুখ্যমন্ত্রী মহাশয় খুব মুখর এবং আজও তিনি সেটা করলেন। কিন্তু দেখুন সত্যি কিছু ভাল হয়েছে কি না। আমার গ্রামের লোক ৬ মাস আগে আমাকে অতিষ্ঠ করে তুলেছিল। কিন্তু আজকে যদি উনি চালের দর কমিয়ে দিতে পারেন তাহলে আমি আমাদের বিকল্প সরকারের ভাবী রাজ্যপাল হেমন্তবাবুকে বলছি যে, যদি তিনি একবার ঐ গদিতে যান তা হ'লে দেখি আপনার কাপড় কেমন ক'রে আপনার কোমরে থাকে। [হাস্য।] স্যার, আমরা তো বক্তৃতায় বলতে পারি

যে ডাঃ বিধানচন্দ্র রায় তুমি দুর্যোধন অভিমানী, প্রফুল্লচন্দ্র সেন মহাশয় তুমি দুঃশাসন কিন্তু ঐ পোষাক পরে একবার পাট করেছিলেন আমার নেতা প্রফুল্লবাবু (ঘোষ মহাশয়) তখন তো দেখেছিলেন কি অবস্থা এবং কি দুর্দশা তাঁর ঘটেছিল। অর্থাৎ তাঁরা নিজেরা সব ভুক্তভোগী যাই হোক ঐ পার্টে যাকেই লবেন তিনি যদি স্বয়ং জ্যোতির্ময় এক্ষ নেমে আসেন তা হ'লে তিনি বলবেন যে না আমার আর দরকার নেই এবং এর চেয়ে নীচু কাজ যদি কিছু থাকে ঐ আমাকে দাও, কিন্তু আমি ঐ পোস্টে যাব না। কিন্তু এতদিনকার অভিজ্ঞতার পর তিনি নিজে এমন-ভাবে এই ডিপার্টমেণ্টকে চোস্ত করে এনেছেন যে আজকে শুধু চালের দর কমালেই প্রত্যেকেই হাত তুলে বলবে প্রফুল্ল সেন শতং জীবতু শতং জীবতু। স্যার, এই ফ্যামিলি প্ল্যানিংটা খুব দরকার। কারণ বাংলাদেশে দিনের পর দিন যে সংখ্যা বৃদ্ধি হচ্ছে তাতে we are begetting famished beggars and · es

আমরা এই ছেঁড়া কেঁথায় এই যে দাসকুলের জন্ম দিচ্ছি তারা হয়ত ঠিক খেতে পাবে না যদি আমাদের লোকসংখ্যা এই রকমভাবে বৃদ্ধি হয়। পৃথিবীর লোকসংখ্যা ১৯৪১ সালে ২২০ কোটি ছিল, এখন ২৭২ কোটি হয়েছে এবং ভারতবর্ষের প্রায় (আট) কোটি বেড়ে গেছে। অতএব কি করে এদের প্রফুল্লবাবু খাওয়াবেন বা ১০।১৫ বছরের মধ্যে যা বাড়বে খাওয়াবেন তার সাধ্য কি আছে? আগে ২৮ কোটি ২৮ লক্ষ ছিল এখন ৩৬ কোটি থেকে আবার ৪২ কোটি লোকসংখ্যা কামিং সেন্সাসএ দেখবেন। সুতরাং আমাদের ফ্যামিলি প্ল্যানিং সম্বন্ধে মাননীয় মুখ্যমন্ত্রীকে অবহিত হবার জন্য বলব। স্যার, ও'রা বলেছেন যে ফ্যামিলি প্ল্যানিং মানে হচ্ছে ভ্রূণ হত্যা, কিন্তু দেখুন, স্যার, এ'দের দৃষ্টিভঙ্গী কোন ধার দিয়ে চলে যাচ্ছে। আমি আপনাকে বলছি যে আপনি দেখুন এদের চেহারাগুলোও টেরা হয়ে গেছে। অন্য স্বাধীন দেশে, আমেরিকায় এই চলেছে, ১৯৩০-৩১ সালে হিটলারও এই করেছিলেন এবং ক্রুশ্চেভ বুলগানিনের আগে যখন স্টালিন ছিলেন তখন তিনিও এটা করেছিলেন। কিন্তু কৈ সেখানে তো ভ্রূণ হত্যা হয় নি? অথচ বাংলাদেশে আরম্ভ হলেই ভ্রূণ হত্যা হবে। স্যার, অতএব দেখুন যে এরা সব কোথায় চলে গেছে। এই বলে এ্যাপ্রোপ্রিয়েশন বিল সমর্থন করছি এবং ও'দিকে বলছি ও'রা যেন গঠনমূলক সমালোচনা করেন।

[4-30—4-40 p.m.]

**Sj. 'Bhakta Chandra Roy:**

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছিলেন তা পাশ হয়ে গেছে। আজ তিনি এপ্রোপ্রিয়েশন বিল পেশ করেছেন। এই বিলে কোন খাতে কি ধরেছেন কত ধরেছেন সে সম্বন্ধে নয়, আমার বক্তব্য হচ্ছে এই টাকা কিভাবে খরচ করবেন সে সম্বন্ধে আমাদের বক্তব্য আছে, কোন্ দৃষ্টিভঙ্গী নিয়ে তিনি এই টাকা খরচ করবেন সে সম্বন্ধে আমার বক্তব্য আছে। আমাদের মাননীয় রাজস্বমন্ত্রী কাল সমালোচনার উত্তরে তার বক্তৃতায় যা বলেছেন ঠিক ঠিক ভাবে তার কার্যকারিতা যদি দেখতে পাই তা হ'লে সন্তোষ প্রকাশ করবার যথেষ্ট কারণ আছে। তবু কোন কোন বিভাগের মধ্যে যা ঘটছে তাতে দেখছি বাস্তবের সঙ্গে সম্যক পরিচয় নাই, বাস্তব ক্ষেত্রে অসুবিধা হচ্ছে, রাজস্ব খরচ করবার টাকা খরচ করবার সময় সেজন্য গরীব জনসাধারণ তার কোন সুযোগ পাচ্ছে না এবং তার কোন এ্যাপ্রিসিয়েশন দিতে পাচ্ছে না। আমি এখানে বলবো যে শান্তিপূর্ণভাবে সমাজ ব্যবস্থার পরিবর্তন করতে হলে আজকে সমবায়ের মাধ্যমে ছাড়া দ্বিতীয় কোন পথ নাই। কিন্তু সেই সমবায়কে জোরদার করবার জন্য কোন চেষ্টা আজ পর্যন্ত হল না। পূর্বতন নিয়মকানুন মান্ধাতার আমলে যা তৈরী করা ছিল, যে নিয়মকানুনের মধ্যে বিশেষ সুযোগ সুবিধা ছিল না, গ্রামাঞ্চলে গরীব লোকের কোন সুযোগ সুবিধার কথা ছিল না—এখন যে কো-অপারেশনএ সে ব্যবস্থা চলে আসছে, এর আমূল পরিবর্তন দরকার আছে। সরকার যেমন গ্রামাঞ্চলে প্রত্যেকটি ইউনিয়নএ কাজ করে বিগ সাইজ রুরাল ক্রেডিট সোসাইটি স্থাপন করে তার কোন নিয়মকানুন পরিবর্তন করলেন না। সেখানে জনসাধারণ যারা সুযোগ পাবে তার জমির পরিমাণ অনুযায়ী সুযোগ পাবে, যার যতটা জমি আছে সে ততটা সুযোগ পাবে, যার জমি কম আছে সে কম সুযোগ পাবে, আদৌ যার জমি নাই কিভাবে সে সুযোগ পাবে সেদিকে লক্ষ্য রেখে যেন এই কো-অপারেশনএর নিয়মকানুনগুলি পরিবর্তন করা হয়। তাছাড়া যে ভ্যালুয়েশন আগে নির্ধারিত ছিল তা

অত্যন্ত পুরাতন ভ্যালুয়েশন, আজকে জমির যে দর আছে সেই দরে ভ্যালুয়েশন হওয়া উচিত এবং টাকা দেবার বন্দোবস্ত হওয়া উচিত। মনে করুন—এক বিঘা জমির জন্য ৫০ টাকা দেবার ব্যবস্থা ছিল এখনও তাই চলে আসছে। এর ফলে অপেক্ষাকৃত স্বচ্ছল অবস্থা যাদের তারা বেশী করে পাবার সুযোগ পাচ্ছে। কিন্তু যাদের অবস্থা অপেক্ষাকৃত অস্বচ্ছল বা ভূমিহীন তাদের কোন সুযোগ নাই। এই ব্যবস্থার পরিবর্তন করা দরকার। এর জন্য কো-অপারেশনএর আইনগুলি পরিবর্তন করার দরকার আছে।

এমনিভাবে দীর্ঘমেয়াদী যে লোন ল্যান্ড মর্টগেজ ব্যাংক দেয় সেখানে দেখি সেক্শন ৩৪এ খাবিজী জমি ছাড়া অন্য কোন জমির উপর ঋণ দেয় না। ফলে ল্যান্ড মর্টগেজ ব্যাংক মারফত জনসাধারণ অত্যন্ত কম উপকৃত হচ্ছে। দ্বিতীয়তঃ এই ল্যান্ড মর্টগেজ ব্যাংক ঋণ দেবার ব্যাপারে যে সমস্ত প্রসিডিওর যে পন্থা অবলম্বন করে তার মধ্য দিয়ে ঋণ পেতে সময় লাগে, ৩ মাস সময় লাগে। এই রকম দীর্ঘ সময় লাগার কোন কারণ নেই এবং যদি কোন ব্যবস্থার ফলে দীর্ঘ সময় লাগে তা হ'লে সেই ব্যবস্থার পরিবর্তন অবিলম্বে করার প্রয়োজন আছে। ঋণ পাওয়ার জন্য যদি একটা লোককে ৩ মাস অপেক্ষা করতে হয় তারপরে সে পাবে কিনা তার ঠিক নেই—সে সম্বন্ধে তাকে ধৈর্যহারা হতে হয়, কাজেই এর পরিবর্তন অবিলম্বে করা দরকার। তা ছাড়া এর পরে একটা দিক আছে—কো-অপারেশনের দ্বারা সকল সমাজ-ব্যবস্থার পরিবর্তন করতে হবে তার অর্থনৈতিক কাঠামো রচনা করতে হবে তখন কো-অপারেশনের জন্য ব্যাপকভাবে প্রচার করার দরকার আছে, কো-অপারেশন সম্বন্ধে জনসাধারণকে ভাল করে জানিয়ে দেওয়ার প্রয়োজন আছে। তার জন্য সরকারের তরফ থেকে প্রচার বিভাগকে যতখানি জোরদার করা প্রয়োজন তা এখনও পর্যন্ত করা হয়নি। এসম্বন্ধে আমি মুখ্যমন্ত্রীর, যিনি কো-অপারেশন বিভাগ নিয়ে এখন রয়েছেন, তাঁর দৃষ্টি বিশেষভাবে আকর্ষণ করবো।

তারপর আমার কথা হচ্ছে কৃষি বিভাগকে নিয়ে। কৃষি বিভাগের দিকে সরকারের লক্ষ্য থাকলেও আমি বলবো বাস্তব ক্ষেত্রে খুব বেশী লক্ষ্যের প্রয়োজন আছে। আমি দেখেছি যে এই কৃষি বিভাগে উচ্চস্তরের সরকারী কর্মচারীরা প্রকৃত ব্যবস্থায় কৃষি বিভাগের প্রতি ততখানি লক্ষ্য রাখেন না যতখানি লক্ষ্য রাখতে পারেন নিম্নস্তরের সরকারী কর্মচারীরা, কিন্তু দুঃখের বিষয় এ'দের বেতন অত্যন্ত অল্প এবং বেতন বৃদ্ধি না করলে সত্যকারের এদের দায়িত্বসম্পন্ন করা যায় না। তা ছাড়া এ'রা যথেষ্ট দায়িত্বসম্পন্ন নয় বলে গ্রামাঞ্চল থেকে সরকারের কৃষি বিভাগে যেসমস্ত পরিকল্পনা পেশ করা হয় সে সম্বন্ধে যথাযোগ্য সম্মান বা গুরুত্ব দেওয়া হয় না। যেসমস্ত লোকের কাছ থেকে পরিকল্পনা গ্রহণ করেন সেই সমস্ত কর্মচারীদের কমিটমেন্ট থাকে তাঁরা যথাযথ জবাবদিহি করতে পারেন না। সরকারকে এ বিষয়ে অবহিত হওয়ার জন্য অনুরোধ জানাচ্ছি।

**Dr. Hirendra Kumar Chattopadhyay:**

মাননীয় সভাপাল মহাশয়, এই এপ্রোপ্রিয়েশন বিলের আমি বিরুদ্ধাচরণ করছি এবং বিরুদ্ধাচরণ ক'রে একটা বিষয়ে আমি আমার বক্তব্য সীমাবদ্ধ রাখবো সেটা হচ্ছে শিক্ষা বিষয়। দুঃখের বিষয় মন্ত্রী মহাশয় এখানে উপস্থিত নেই, মন্ত্রী মহাশয়কে দেখছি যে শরতের মেঘের মত কখনও তিনি উদয় হচ্ছেন কখনও আবার চলে যাচ্ছেন। মাঝে দেখলাম তিনি ছিলেন, এখন আবার দেখছি তিনি চলে গেছেন। সেজন্য আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে, এ বিষয়ে কোন্ মন্ত্রীকে আমি জানাবো সেটা ঠিক বুঝতে পারছি না। যা হোক মুখ্যমন্ত্রীকেই জানাচ্ছি কারণ তিনি হচ্ছেন মন্ত্রীমণ্ডলীর শ্রেষ্ঠ ব্যক্তি সুতরাং তিনিই শুনুন। আমি লাইব্রেরী থেকে ৬টা ভলুম এনেছি শিক্ষামন্ত্রী মহাশয়ের সম্বন্ধে, আর আনতে পারলাম না বড্ড ভারী। এগুলিতে আছে ১৯২১, ১৯২২, ১৯২৩ সালের রায় হরেন্দ্রনাথ চৌধুরী মহাশয়ের শিক্ষা সম্বন্ধে কি দৃষ্টিভঙ্গী ছিল। কারণ অনেকে হয়ত জানেন না বা জানেন যে পার্লামেন্টারী লাইফের হিসাবে মুখ্যমন্ত্রীর চেয়েও রায় হরেন্দ্রনাথ চৌধুরী মহাশয় পুরানো ব্যক্তি। তখন প্রভাস মিত্র মহাশয় এডুকেশন মিনিস্টার ছিলেন এবং কংগ্রেস গাইড থেকে প্রচলিত রায় হরেন্দ্রনাথ চৌধুরী মহাশয় এসম্বন্ধে বক্তা দিতেন। দুঃখ হচ্ছে যে আজকে

যদি মন্ত্রী প্রভাস মিত্র মহাশয় জীবিত থাকতেন বা স্বর্গ থেকে তিনি যদি দেখতেন তাহলে তিনি আনন্দিত হতেন আজকে রায় হরেন্দ্রনাথ চৌধুরী মহাশয়ের সেই দৃষ্টিভঙ্গী কোথায় এসে পৌঁচেছে তা দেখে। ১৯২১, ১৯২২, ১৯২৩ সালে তাঁর যা দৃষ্টিভঙ্গী ছিল এবং তিনি যেরকম সমালোচনা করতেন আজ আমাদেরও দৃষ্টিভঙ্গী ঠিক সেইরকম এবং ঠিক সেই রকমই সমালোচনা আমরা করি। তাই আমি বইগুলির পেজ মার্ক করে এনেছি, পড়বার আর সময় নেই। আপনারা যদি বইগুলি পড়ে দেখেন তা হলে দেখবেন যে তখন তাঁর শিক্ষানীতি কি ছিল।

[4-40—4-50 p.m.]

আমি প্রথমে প্রাথমিক শিক্ষা সম্বন্ধে বলব। কারণ এই সরকারের শিক্ষানীতি যা হয়েছে তাতে প্রাথমিক শিক্ষা সম্বন্ধে তাকে বলা যেতে পারে যে এটা হচ্ছে খেলা। এবং সেকেন্ডারী এডুকেশন সম্বন্ধে বলা যেতে পারে যে এটা বেলা এবং হাইয়ার এডুকেশন সম্বন্ধে বলা যেতে পারে যে এটা একেবারে মেলা। অর্থাৎ এর ৩ রকম পদ্ধতিতে শিক্ষা চলছে। প্রাথমিক শিক্ষা সম্বন্ধে আপনাদের কিছু জানাচ্ছি। প্রাথমিক শিক্ষা সম্বন্ধে আপনাদের কতকগুলি সংখ্যা দিচ্ছি—২৩ হাজার প্রাইমারী স্কুলস আছে, টিচার্স ৬৫ হাজার, পল্লীগ্রাম ৩৬ হাজার এবং ৮৬টা মিউনিসিপ্যালিটির মধ্যে চন্দননগর ও ক্যালকাটা কর্পোরেশন বাদ দিয়ে ১০ হাজার শিক্ষক আছে। প্রাইমারী এডুকেশন, সেকেন্ডারী এডুকেশন বা কলেজীয়েট এডুকেশন যেটাই বলুন না কেন এখানে ইংরেজ মহাপ্রভু যে পথে চলতেন সেই পথেই বর্তমান কংগ্রেস সরকার চলছেন। এর একমাত্র কারণ ডিভাইড অ্যান্ড রুল, অর্থাৎ নানা রকমের স্কুল, নানারকম টিচার্স এবং তাদেরই মধ্যে নানা রকমের সুখ সুবিধা করা হচ্ছে। অর্থাৎ ডিসক্রিমিনেশনএর ডিফারেন্সিয়েশন সবের মধ্যে চলছে। প্রাইমারী ইনস্টিটিউশনএর মধ্যে প্রাইমারী স্কুল রুরাল এরিয়ার যা আছে তার মধ্যে প্রাইমারী স্কুলস কতকগুলো প্রপার আছে ক্লাস ১ থেকে ক্লাস ৪ এবং বেসিক আছে। বেসিক স্কুল সম্বন্ধে সেদিন আমাদের স্বর্গীয় আবুল কালাম আজাদ মহাশয় বলেছিলেন যে, শিক্ষা বিস্তার করতে গেলে বড় বড় ইমারৎ বা বড় বড় জিনিষ করবার প্রয়োজনের চেয়ে দরকার হচ্ছে যে যেমন শান্তিনিকেতনে গাছতলায় পড়ায় সেইরকম পুরাতন আদর্শটা ফিরিয়ে আনতে হবে। কিন্তু তা না করে প্রথমে স্কুলের জন্য জমি চাই তার উপর ইমারৎ চাই—অর্থাৎ কন্ট্রাক্টর চাই। কন্ট্রাক্টরের পরে সেখানে মাস্টার মহাশয়রা গিয়ে হাজির হন। এই মাস্টারদের রিক্রুটমেন্ট সম্বন্ধে পরে বলব, অর্থাৎ গ্রামের লোককে আবেদন জমি দিতে হবে। কিন্তু গ্রামের যা ইকনমিক অবস্থা তাতে তারা জমি বা বাড়ী কিছুই দিতে পারে না। অতএব সরকারের যে দায়িত্ব সেই দায়িত্ব পালন করতে গেলে পল্লীগ্রামে যা অর্থনীতি সেই অর্থনীতিতে এজিনিষ হতে পারে না। এই সমস্ত প্রাইমারী স্কুলের মধ্যে বিভিন্ন ধরনের স্কুল বিভিন্ন ধরনের শিক্ষক আছে। ম্যাট্রিক ট্রেইন্ড ম্যাট্রিক নন ট্রেইন্ড যাঁরা তাঁরা সর্বসমেত পাচ্ছেন ৬২।০—এর মধ্যে ৫০ টাকা বেসিক এলাউয়েন্স। নন ম্যাট্রিক আর নন্‌ট্রেইন্ড পান ৫২।০ এর মধ্যে ৩০ টাকা বেসিক। প্রভিডেন্ড ফান্ড গ্র্যাচুইটি, ইনক্রিমেন্ট গ্রেড পেনসন ইত্যাদির বালাই নেই। অর্থাৎ পল্লীগ্রামের একজন শিক্ষক ৬০ বছর বয়সে যখন অবসর গ্রহণ করবার পর সোজা শ্মশানে গিয়ে নিজের মুখে আগুন দিয়ে যদি নিজেকে শেষ করতে না পারেন তা হলে তিনি ভিখারী তৈরী হয়ে রইলেন। অতএব প্রাইমারী শিক্ষক সম্বন্ধে এই নীতিতেই তাঁরা চলছেন। অথচ সেই গ্রামে যদি বেসিক স্কুল থাকে তা হলে সেখানে মাস্টার মহাশয়ের ফ্রি কোয়ার্টার আছে প্রভিডেন্ড ফান্ড আছে, গ্রেড আছে, ইনক্রিমেন্ট আছে। কিন্তু এসবের পর তবু যদি আমরা সোস্যালিস্টিক প্যাটার্ন না বলি তা হলে আমরা অত্যন্ত বদ লোক বলে প্রমাণিত হব। পল্লীগ্রামের স্কুলের মধ্যে একজন মাস্টার যিনি ৬০ বছর বয়সে অবসর গ্রহণ করছেন তাঁর কোন রকম পেনসন নেই, প্রভিডেন্ড ফান্ড নেই গ্র্যাচুইটি নেই, কিন্তু তিনি যদি একটু সৌভাগ্যবান হয়ে বেসিক স্কুলে অর্থাৎ ইমারতের মধ্যে যদি মাস্টারী করতেন তা হলে অন্য এক রকম হ'ত। অর্থাৎ ইনি চিরজীবন একটা আটচালার মধ্যে বা কারুর দাওয়াতে বসে স্কুল করালেই তাঁর সমস্ত জীবন কেটে গেল কিন্তু তিনি যখন অবসর গ্রহণ করলেন তখন তাঁর কোন রকম সংস্থান নেই এবং তাঁকে ভিখারী হতে হল। অন্যদিকে আবার যিনি ইমারতের মধ্যে

চলে গেলেন তখন তার জন্য গ্রেডেড সার্ভিস, প্রভিডেন্ড ফান্ড, গ্র্যাচুইটি ইত্যাদির সমস্ত ব্যবস্থা হল। তারপর আর একটা তৃতীয় শ্রেণী যেটা তৈরী করা হল তার নাম স্পেসাল কেডার। এটা সকলেই জানন যে

special cadre is for a special purpose.

অর্থাৎ ইলেকশনের ১।১২ বছর আগে থাকতে তাদের করা হল এবং তাদের নিয়ে আসা হল কোনখান থেকে না মণ্ডল কংগ্রেসের অফিস থেকে। মণ্ডল কংগ্রেস কমিটি এদের লিস্ট তৈরী করে দিলেন এবং যাদের যাদের স্পেসাল এ্যাপ্‌টিচুড আছে তাদেরই এ্যাপয়েন্ট করা হল। এই সমস্ত এ্যাপয়েন্টমেন্টএর মধ্যে আমি জানি যে আমার এলাকার একজন স্পেসাল কেডার মাস্টার আছেন যার নাম মাস্টার হিসাবে স্কুলে লেখান আছে, আসলে তিনি মণ্ডল কংগ্রেসের সেক্রেটারী। অর্থাৎ কংগ্রেসের হয়ে দেশসেবা করতে গিয়া শিক্ষার সেবা তিনি আর করতে পারেন না বলে তিনি ১০ টায়গিয়ে ১০৷৷টায় চলে আসেন বা কখনও ৩টায় গিয়ে ৩৷৷টায় চলে আসেন। আর একজন মাস্টার আছেন, তিনি কোলকাতায় একটি বইয়ের দোকান করেছেন অথচ তিনি স্পেশ্যাল কেডার মাস্টার। কিন্তু তাদের জন্য সহানুভূতি জানাচ্ছি, কারণ ৩ বছর পার হয়ে গেল অথচ তাদের ভবিষ্যতটা যে কি তা এখনও পর্যন্ত শিক্ষা ডিপার্টমেন্টে যারা আছেন তারা ঠিক করে উঠতে পারছেন না। যারা স্পেশ্যাল কেডারের শিক্ষক তারা তাদের ভবিষ্যত সম্বন্ধে অতিষ্ঠ হয়ে উঠেছে। দিল্লীতে লেখা হয়েছে শুনছি—লেখালেখির ব্যাপার তো আপনাদের লেগেই আছে। কিন্তু আমি বলে দিচ্ছি যে এই প্রাইমারী টিচার্স যারা পল্লীগ্রামে বহুদিন জীবন কাটিয়েছে, খড়ের চালের তলায় আটচালায় বসে পড়িয়েছেন তাদের ভবিষ্যৎ অন্ধকার। যারা বেসিক স্কুলে গেলেন তাঁদের জন্য আলাদা ব্যবস্থা করা হল আবার স্পেশ্যাল কেডারের জন্য স্পেশ্যাল ট্রিটমেন্ট করা হল। অথচ এই সব সত্বেও বলতে হবে সোস্যালিস্টিক প্যাটার্ন এবং আমাদের দৃষ্টিভঙ্গী সোস্যালিস্টিক। অর্থাৎ প্রাইমারী এডুকেশনের মধ্যে এরা সব করছেন। এই সব মাস্টারদের মাত্র ১৫ দিন ক্যাজুয়াল লিভ দেওয়া হয়, এবং সিক লিভ উইথআউট পেতে হয়। এ'দের সহৃয়তার পরিচয় এখানেই পাওয়া যাচ্ছে, অর্থাৎ পল্লীগ্রামে মাস্টারী করবে কিন্তু ব্যারাম হয়ে ১৫ দিনের বেশী হয়ে গেলে তার মাইনে কাটা হয়। তারপর সেখানে যে স্কুল বোর্ড আছে সেই স্কুল বোর্ডের অধীনে এইসব স্কুলগুলি আছে। এর মধ্যে ২ অংশ হচ্ছে ইউনিয়ন বোর্ডের মেম্বার, ২ বর্ন এডুকেশনিস্ট যাবেন এবং ডিস্ট্রিক্ট বোর্ড থেকেই কিছু যাবেন। কিন্তু তাঁদের এডুকেশনাল এচিভমেন্ট কি সেসব জানবার প্রয়োজন নেই। এর ফল কি হচ্ছে, না, শিক্ষিত ব্যক্তি হিসেবে এস-ডি-ও যিনি এর মধ্যে আছেন তিনি যা বলবেন তাতেই সব হাতে তুলে দেন। অতএব এই নীতিতে স্কুল বোর্ড সব চলছে। এর মধ্যে একজন মাস্টার আছেন। প্রথমে নমিনেটেড একজন মাস্টারকে এর মধ্যে রাখা হয়েছিল—অর্থাৎ একেবারে বিধবা না দেখায় বলে মাথায় সিঁদুর দিয়ে একজন মাস্টারকে স্কুল বোর্ডের মধ্যে রাখা হয়েছে। দ্বিতীয় বারে আমরা দেখলাম যে, হুগলি, মুর্শিদাবাদ, বর্ধমান, হাওড়া, ওয়েস্ট দিনাজপুর ইত্যাদি জায়গায় সেই মাস্টারকে ইলেক্টেড করা হল। কিন্তু মেদিনীপুরে ইলেক্‌সানের প্রয়োজন হয় নি এবং প্রথমবারে যিনি ছিলেন সেই মনের মতন লোকটির পরমায়ু বৃদ্ধি করা হল, এই বোর্ডের মারফৎ ট্রান্সফার করা হয়। অনেক জায়গায় ট্রান্সফার করা হয় এই নীতিতে যে সে লোকটি হয় তো ইলেক্‌সানের সময় মনের মতন কাজ করে নি। এর ফলে অনেক সময় গরীব শিক্ষককে নিজের গ্রাম থেকে দূরে এমন জায়গায় পাঠিয়ে দেওয়া হয় যে তাঁর পক্ষে দুটো সংসার চালান সম্ভবপর হয় না। এইগুলো করা হয় জব্দ করার জন্য। আমরা জানতাম যে ফরাসী আমলে পন্ডীচেরীতে যাদের বদ কর্মচারী বলে মনে হত তাদের চন্দননগরে ট্রান্সফার করা হোত। অর্থাৎ একেবারে আন্দামানে না পাঠিয়ে প্রায় সেইরকম ডিস্‌ট্যান্সএ পাঠান হত। এখানে দেখা যাচ্ছে যে কংগ্রেস গভর্নমেন্ট প্রাইমারী টিচার্সদের বেলায় সেই দ্বীপান্তর করবার নীতি নিয়েছেন। কিন্তু অতি সুখের কথা যে এর মধ্যে অনেকেই স্কুল বোর্ডের বিরুদ্ধে হাইকোর্টে যাওয়াতে সেখানে গভর্নমেন্ট হেরেছেন অথচ স্কুল বোর্ডের এই অবিচারের কোন প্রতিকার শিক্ষা বিভাগ করেন নি। প্রাইমারী স্কুলের শিক্ষক সম্বন্ধে কিছু বলা উচিত। প্রাইমারী স্কুলে ৪টি করে ক্লাসে ৩টি করে শিক্ষক আছে। অর্থাৎ এক একটি ক্লাসের জন্য তিন পোয়া

করে মাস্টার থাকেন। আবার এক একটি এমন স্কুলও আছে যেখানে ৪টি ক্লাসের জন্য একটি করে মাস্টার আছেন—অর্থাৎ ¼ মাস্টার আছেন। আমরা জানি যে লাউ বা কুমড়ো স্লাইস করে বিক্রি হয় কিন্তু মাস্টার মহাশয়দের যে এখন লাউ কুমড়ার মত করে ফালি করা হচ্ছে তা আমরা জানতাম না। (হাস্য।) মাস্টারদের ডিস্ট্রিবিউশন ক্লাসওয়াইজ হয় না, স্টুডেন্টওয়াইজ হয়। ও'দের নিয়ম হচ্ছে ৩০টি ছেলে হ'লে একটি মাস্টার থাকবেন, কিন্তু হুগলি জেলায় এমন স্কুল আছে যেখানে ১৩৫ জন ছাত্রর জন্য ৩ জন টিচার্স আছেন এবং ১৩০ জন ছাত্রের জন্য ২ জন টিচার আছেন। এথেকেই বোঝা যায় কিরকম শিক্ষা হয়। এখানে আমরা কেবল ফিগারই দেখি। এখানে রাজ্যপালিকা তাঁর ভাষণে বলেছেন আমরা ব্যালান্সড প্রোগ্রেস করেছি। কিন্তু এই ব্যালেন্সড প্রোগ্রেসটা যে কোন দিকে সেটা আমরা বুঝতে পারলাম না। গত বৎসর আমাদের শ্রদ্ধেয় একজন মহিলা সদস্যা শ্রীযুক্তা আভালতা কুণ্ডু—এখন তিনি এখানে নেই—বলেছিলেন যে, আমরা টাকা খরচ করছি। টাকা খরচ করতে আপত্তি কি। কথা হল টাকা খরচ করে লাভ কি হল। কত টাকা আপনার শিক্ষার জন্য খরচ করেছেন, ইকুইপমেন্ট অ্যান্ড এপারেটাসএ কত খরচ হয়েছে, ছাত্রদের স্টাইপেন্ডএর কথাও এখানে বলা হয়েছিল, কিন্তু এ পর্যন্ত দেখলাম না একটা কথাও বলছেন না প্রাইমারী শিক্ষাক্ষেত্রে কত ফ্রি স্টুডেন্টসিপ অথবা ইউনিভার্সিটি এডুকেশনএ কত ফ্রি স্টুডেন্টশিপ দেওয়া হয়। অন্য দেশে কি হয় আর আমাদের দেশে কি হয়। আমি জানতে চাই আপনাদের এই শিক্ষানীতি কি প্রুডেন্ট হল। আমাদের কনস্টিটিউশনএর আর্টিক্ল ৩৭এ আছে ১৪ বৎসর পর্যন্ত সকলকে এডুকেশন দিতে হবে।

[4-50—5 p.m.]

আর্টিকেল ৩৭এর পেজ ২৫এ আছে—

"The provisions contained in this Part shall not be enforceable by any court, but the principles therein laid down are nevertheless fundamental in the governance of the country and it shall be the duty of the State to apply these principles in making laws."

অর্থাৎ যদিও আমরা আদালতে না যেতে পারি কিন্তু সরকার এই প্রিন্সিপল এডপ্ট করবেন। আমি আজকে জানতে চাই যে সেকেন্ডারী এডুকেশন বিল যেটা আমাদের শিক্ষামন্ত্রী নিয়ে আসছেন এবং তার সম্বন্ধে যে নূতন 'ল' করছেন তাতে তিনি কনস্টিটিউশনএর আওতায় আসবেন। অর্থাৎ ১৪ বছর বয়স পর্যন্ত ছেলেরা যে এমনি পড়বে এই প্রভিশন কি তিনি সেকেন্ডারী এডুকেশন বিলএ এনেছেন? আর তা যদি তিনি না এনে থাকেন তা হ'লে কনস্টিটিউশনএর ৩৭ আর্টিকেল তিনি যে ব্যতিক্রম করেছেন সে কথা বলতে আমি বাধ্য। সেকেন্ডারী এডুকেশন সম্বন্ধে আমি বিশেষ কিছু এখন বলব না, কারণ সেকেন্ডারী এডুকেশন বিল যখন আসবে সেইসময় আমরা বিশদভাবে তার আলোচনা করব। কিন্তু সেখানে সেকেন্ডারী এডুকেশন হোক আর প্রাইমারী হোক ডিভাইড অ্যান্ড রুল জিনিষটা সেখানে আছে। মাস্টারদের মধ্যে বিক্ষোভ করতে হবে বলে জনকতককে বলা হল যে, পি-এস-সিতে যেতে হবে। এ সম্বন্ধে যে আন্দোলন ও'রা গড়েছিলেন সেটা প্রশংসনীয় অথচ মুখ্যমন্ত্রী ১৯৫৬ সালের ডিসেম্বর মাসে ১৫ই তারিখে লক্ষ্ণৌতে তিনি দরদী হয়ে শিক্ষকদের জন্য অশ্রু বিসর্জন করেছিলেন। অর্থাৎ তিনি বলেছিলেন—

"Our teachers are poorly paid. They have not got any status in society and yet these are the people who are entrusted with the task of building the future of our pupils."

একথা বলার পর মাস্টাররা যখন অভিযান করেন তখন তিনি সেটাকে ভালো চক্ষে দেখেন না। ওল্ড কাউন্সিল হাউস স্ট্রীটএ মাস্টাররা যখন অভিযান করে তখন সেখানে লাঠি চার্জ হয়, টিয়ার গ্যাস ছোঁড়া হয় এবং দমদম জেলে যেতে হয়। আমি সেকেন্ডারী এডুকেশন সম্বন্ধে এখন বিশেষ কিছু না বলে কলেজিয়েট এডুকেশনএর দিকে যাব। আমাদের দেশে সরকার বলেন যে কলেজিয়েট এডুকেশন অত বেশী বাড়া উচিত নয় এবং কলেজিয়েট এডুকেশন সবাইকে

দেওয়া উচিত নয়। এই সম্পর্কে হাই কোর্টএর চীফ জাস্টিস পি বি চক্রবর্তী কনভোকেশন এড্রেসএ কি বলেছিলেন সেটা আপনাদের জানাচ্ছি। তিনি বলেছিলেন—

> "This phenomenon of an increased demand for higher education is not peculiar to India and it is not correct to say, as I have heard some people saying, that it is only in this country that boys and girls crowd uselessly in schools and colleges in senseless pursuit of a so-called higher education from which they can derive no practical benefit. That charge is utterly untrue. The phenomenon of an increased demand for higher education has made its appearance in England and America as well. I have read in reliable publications that in England and America most of the members of the business executives are now University men and, in America, University men have penetrated even into the ranks of labour."

অতএব আমাদের জানা আছে যে আমরা আমেরিকা এবং ইংলন্ডকে খুব ফলো করি, কারণ এখন আমাদের আদর্শ হচ্ছে
we are not originators but imitators and bad imitators at that... ..........
কিন্তু সেখানেও তাঁরা এই জিনিষ বলেন নি। আমাদের এখানে স্যাচুরেশন পয়েন্ট হয় নি। আমাদের উচ্চ শিক্ষা সম্বন্ধে যে স্যাচুরেশন পয়েন্ট হয় নি সে কথা এঁরাই বলে গেছেন ইউনিভার্সিটি এডুকেশন সম্বন্ধে বলতে চাই এবং দেখাতে চাই যে ইউনিভার্সিটি এডুকেশনএ এক্সপেন্ডিচার কি হয়। এটা বলেছেন কংগ্রেস গভর্নমেন্টের সেন্টারে যিনি ফাইনান্স মেম্বার ছিলেন সি ডি দেশমুখ। তিনি বলেছেন

> "Average expenditure per student undergoing higher education (in U.K. and U.S.A.) is the equivalent of Rs. 5,000, in India it is below Rs. 500. Out of our national income here in India we are probably devoting to higher education a percentage which is one quarter of what it is in U.K. Grave as they are, these disparities will be seen to be much more serious when it is realized that our wastage by failures in examinations is about five times that number."

এই কথাটা আমি জানাতে চাই যে গত বৎসর যখন শিক্ষা সম্বন্ধে আলোচনা হয় তখন মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন যে আমাদের দেশে ৭২ হাজার স্কুল ফাইনাল এক্সজামিনেশন দিয়ে মাত্র ১,২২৮ জন প্রথম বিভাগে উত্তীর্ণ হয়। কিন্তু কেন এটা হয় বা শিক্ষার কেন অবনতি হল এবং এবিষয় তারা কি করছেন সে সম্বন্ধে কিছুই না বলে বললেন যে, মাত্র ১,২২৮ জন ফার্স্ট ডিভিসনে পাশ হয়েছে, এদের কি চাকরি দেওয়া যায়? কিন্তু এই যদি হয়ে থাকে তা হ'লে তার জন্যে কাকে সমালোচনা করতে হবে? আমরা সমালোচনা করব সেই সরকারকে যার দায়িত্ব শিক্ষা দেবার। তারপর আর একজনকে ধরি তিনি হচ্ছেন আমাদের স্বর্গীয় গভর্নর ডাঃ হরেন্দ্রকুমার মুখার্জি। তিনি বলেছেন যে হাইয়ার এডুকেশনএর যে ছেলেরা যাচ্ছে তাদের মধ্যে বহু মেধাবী ছাত্র আর্থিক অভাবে লেখাপড়া শিখতে পারে না। সুতরাং সেখানে তিনি বলেছিলেন--

> "Whereas in 1934-35 nearly 42 per cent of the students in British Universities were enabled to attend a University only because they had received financial assistance, the percentage of such assisted students had gone up to 68 by 1949. Taking the case of Oxford and Cambridge, regarded formerly as preserves for the sons of the richer classes, the percentage of assisted students had gone up from 43.4 in 1934-35 to 82 in 1949."

শিক্ষা সম্বন্ধে খরচের কথা বলা হয়। কিন্তু যেসব শিক্ষার্থী পয়সার অভাবে পড়তে পায় না তাদের সম্বন্ধে আমি জানতে চাই যে এই স্বাধীনতার পর কটা মেধাবী ছেলেকে সরকার পড়বার জন্য পয়সা দিয়ে সাহায্য করেছেন। তারপর ইউনিভার্সিটিতে সাহায্য করা সম্পর্কে আমাদের

এখানে ভদ্রলোকের এক কথা। বিশ্ববিদ্যালয়ে স্ট্যাটুটরী গ্র্যান্ট আছে ২১ লক্ষ। অথচ ওরা এডুকেশন সম্বন্ধে বলছেন যে, স্টেডি ব্যালান্স প্রগ্রেস। তাহলে কি সেগুলো বিনা পয়সায় বাড়ছে। এ'রা স্ট্যাটুটরী গ্র্যান্ট বাড়াচ্ছেন না। অথচ ডাঃ হরেন্দ্রকুমার মুখার্জি বলেছেন—

> "In this connection attention may be drawn to the fact that whereas in 1939, British Universities received in the aggregate about one-third of their income from the British Treasury, in 1955, they received about two-thirds In addition the Government also made them very large grants to meet capital expenditure on buildings and equipment."

তাহলে শরকরা ৫৫ ভাগ টাকা ইংলন্ডে দেওয়া হচ্ছে যেটা আগে ছিল শতকরা ৩৩ ভাগ। আমার মনে পড়ে যে নেমন্তন্ন বাড়ীতে এক ভদ্রলোক একটি আঙুল দেখিয়ে বলেছিলেন যে, চালাও রসগোল্লা দাও, সেইরকম একটি আঙুল দেখিয়ে রসগোল্লা খাওয়াচ্ছেন আমাদের এই শিক্ষাদপ্তরের লোক। অর্থাৎ দেখছি যে স্ট্যাটুটরী গ্র্যান্ট বাড়ছে না, কিন্তু শিক্ষা বিস্তার হচ্ছে। সেকেন্ডারী এডুকেশনএর পর মেডিক্যাল এডুকেশনএ আমি আসব। আপনাদের স্মরণ থাকতে পারে যে ৬½ বছর পূর্বে মেডিক্যাল কলেজে নিউ সেট-আপ বলে একটা ব্যবস্থার প্রবর্তন করা হয়েছে। এর উদ্দেশ্য ছিল শিক্ষক এবং ছাত্রদের মধ্যে কন্টাকট্ বাড়লে, বেশী মনোযোগ দিয়ে তারা কাজ করতে পারবে। তাদের প্র্যাকটিস লিমিটেড করে দেওয়া হয়েছিল এবং বলা হয়েছিল কিরকম প্র্যাকটিশ করবে না ডাইরেক্টর, প্রোফেশররা মেডিক্যাল কলেজের ভেতরেতে যেখানে কিউবিকলস তৈরী করা হবে সেখানে প্র্যাকটিশ করবে বাইরে নয়। ৬½ বছর অতীত হয়ে গেল, তারা রিটায়ার করে বাড়ী চলে গেল কিউবিকলস আর তৈরী হল না এবং তারা যেমনভাবে প্র্যাকটিশ করছিল তেমনি ভাবেই করে গেল। যাই হোক শিক্ষার মান কি হল সেটাই আমরা জানতে চাই এবং এটা স্বাস্থ্যমন্ত্রীর বিষয় শিক্ষামন্ত্রীর নয়। এটা দুঃখের কথা যে যদিও

Medical Education is education, it is under health.

কন্টিনেন্টএ কোন জায়গায় এ জিনিষ নেই যে মেডিক্যাল এডুকেশন গেল হেল্থএর মধ্যে—এডুকেশন পোর্টফোলিওর মধ্যে এল না। তাহলে ইঞ্জিনিয়ারিং এডুকেশনটা খগেনবাবুর হাতে ছেড়ে দিলেই ভাল হয়, কারণ ওটা তো পাবলিক ওয়ার্ক ডিপার্টমেন্টএ যাবে এবং সেখানে রাস্তা, ঘাট, বাড়ী ইত্যাদি তৈরী করবে। অতএব ইঞ্জিনিয়ারিং এডুকেশনটা ও'র হাতে দিয়ে দিন, আর ল এডুকেশনটা সিদ্ধার্থবাবুর হাতে যাক। এডুকেশনটাকে যখন পিস-মিল ভাবে ভাগ করা হচ্ছে তখন এটা করা উচিত। মুখ্যমন্ত্রী যখন স্বাস্থ্যমন্ত্রী ছিলেন তখন তিনি নিউ সেট-আপ করে টাকাগুলি জলে দিলেন। কালকের খবর শুনুন ডাঃ সুবোধ দত্ত যিনি ডাইরেক্টর-প্রফেসর অব সার্জারী ছিলেন তাঁর কনট্রাক্ট সার্ভিস ছিল। সেই কনট্রাক্ট সার্ভিসএ ৫½ বছর চাকরী করার পর তিনি বাড়ী চলে গেছেন কিন্তু তাঁর কনট্রাক্টটি এখনও সই হয় নি; কোন লোকেরই কনট্রাক্ট সই হয় নি। অতএব দেখুন এই হচ্ছে সিরিয়াসনেস অব এডমিনিস্ট্রেশন এট রাইটার্স বিল্ডিংস অর্থাৎ তাঁরা সব রিটায়ার করে চলে গেলেন তাদের কনট্রাক্ট এখনও শেষ হল না। বর্তমানে আবার যে একটি স্কীম আসছে সেই স্কীম যে খারাপ এটা বলব না। কারণ সোস্যালিস্টিক প্যাটার্ন যারা মানে তারা সত্যি বলবে যে মাইনের একটা লিমিট থাকা উচিত। কিন্তু বর্তমানে স্বাস্থ্যমন্ত্রীর যে নীতি সেই নীতিকে আমি সমালোচনা করতে বাধ্য। কারণ তার সেক্রেটারী আমাকে একথা বলেছেন যে তিনি বিশ্বাস করেন না যে মেডিক্যাল শিক্ষক এবং অর্ডিনারি প্র্যাক্টিসিং ডাক্তারের মধ্যে আলাদা কিছু ধরার আছে।

[5—5-20 p.m.]

তিনি মিলিটারির ডাক্তার ছিলেন এবং মেডিক্যাল কলেজে কখনও শিক্ষকতা করেন নি সেইজন্য বোধ হয় এই কথা বলেছেন। আজকে যদি তাই হয় যে ডাক্তার হ'লে পরেই তিনি পড়াতে পারেন এবং চিকিৎসা করতে পারেন তা হ'লে বলব যে এটা ঠিক নয়। কারণ আমি নিজে ডাক্তার এবং ইউনিভার্সিটির কেরিয়ার আমার খারাপ ছিল না, কিন্তু আমি চিকিৎসা করতে

পারি নি। অর্থাৎ চিরজীবন আমি পড়িয়ে এসেছি, পড়াতে ভালবাসি এবং আমি টিচার—আই অ্যাম নট এ প্র্যাকটিসিং ডক্টর। কিন্তু এই কথা বলব যে আজকে মেডিক্যাল কলেজে পনের বছর যদি কেউ অ্যাসিস্ট্যান্ট প্রফেসর থাকেন, তাঁকে যদি বলি যে তমলুকে গিয়ে কলেরা এপিডেমিক কন্ট্রোল করেন এবং যিনি কলেরা এপিডেমিক কন্ট্রোল করেন তাঁকে নিয়ে এসে যদি অ্যাসিস্ট্যান্ট প্রফেসর অব প্যাথলজি করি তা হ'লে দু' জায়গাতেই স্কোয়ার পেগ ইন রাউন্ড হোল হবে এবং মস্তিষ্কবিকৃতির লক্ষণ ব'লে মনে হবে। কারণ তা যদি না হয় তা হ'লে রাইটার্স বিল্ডিংসএ অনেক এম এ পাস-করা ডেপুটি সেক্রেটারি, অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি এবং কেউ ইংলিশএ এম এ, কেউ ইকনমিক্সএ এম এ—তাকে কি প্রেসিডেন্সি কলেজে ট্রান্সফার করবেন পড়াবার জন্য এবং প্রেসিডেন্সি কলেজের যিনি প্রফেসর তাঁকে এনে কি এখানে সেক্রেটারি করবেন এবং তাতে কি এফিসিয়েন্সি বাড়বে? এই যে নীতি নিয়ে এ'রা চলেছেন এর প্রতিবাদ করতে আমি বাধ্য। শেষ কথা বলছি পোস্ট-গ্র্যাজুয়েট মেডিক্যাল এডুকেশন সম্বন্ধে। আপনারা জানেন বন্ধু নারায়ণবাবু ডিসেম্বর মাসে প্রশ্ন করিছিলেন, পোস্ট-গ্র্যাজুয়েট মেডিক্যাল এডুকেশনএ সেন্টার থেকে সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যানএ ২০ লক্ষ টাকা যেটা ইউনিভার্সিটিতে যাবার কথা, সেটাকে মোড় ফিরিয়ে কার্নানিতে নিয়ে যাচ্ছেন এবং এখানে গভর্নমেন্টএর প্রচেষ্টা হচ্ছে পোস্ট-গ্র্যাজুয়েট মেডিক্যাল এডুকেশনটাকে কুক্ষিগত করা। এই ব'লে অ্যাপ্রোপ্রিয়েশন বিলএর আমি বিরোধিতা করছি, কারণ শিক্ষা নীতি সম্বন্ধে সমালোচনা করা প্রয়োজন।

[At this stage the House was adjourned for 15 minutes.]

[*After adjournment*]

5-20—5-30 p.m.]

**Sj. Jyoti Basu:**
আমার বিশেষ কিছুই বলবার নাই। একটা জিনিসের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি এবং আপনার মারফত মন্ত্রীদেরও। এইমাত্র ট্রাংককল এল বার্নপুর থেকে যে পাঁচশো শ্রমিককে গ্রেপ্তার করা হয়েছে একটা স্ট্রাইকএর ব্যাপারে এবং আরও গ্রেপ্তার হচ্ছে; এবং সেখানে ১৪৪ ধারা জারি করা হয়েছে। এই হাউসএ আসবার আগে মন্ত্রীরা কোন খবর পেয়েছেন কিনা? যদি না পেয়ে থাকেন তা হ'লে খবরটা আমাদের জানিয়ে দেবেন যে ওখানে এমন কি ঘটনা হয়েছে যে একদিনে পাঁচশো লোককে গ্রেপ্তার করেছে?

**Mr. Speaker:**
উনি ইনফরমশন নিচ্ছেন, জানতে পারলে সে খবর এনে দেবেন।

**Sj. Mihirlal Chatterjee:**
মাননীয় সভাপাল মহাশয়, অ্যাপ্রোপ্রিয়েশন বিল সম্বন্ধে আলোচনা প্রসঙ্গে ইতিপূর্বে ডাঃ চ্যাটার্জি শিক্ষাবিভাগের অবস্থা সম্বন্ধে অনেক কথা সবিস্তার আলোচনা করেছেন। সেই আলোচনার মাধ্যমে আমরা বুঝতে পারি যে সত্যই শিক্ষাবিভাগের বিভিন্ন পর্যায়ে নানা রকম গলদ পুঞ্জীভূত হয়ে উঠেছে। আমি কয়েকটি বিষয়ে আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করব।

গত বৎসর রাজ্যপালের ভাষণে আমরা পেয়েছিলাম যে বাংলাদেশে স্ত্রীশিক্ষা প্রসারের জন্য মফঃস্বল অঞ্চলের স্কুলে মাধ্যমিক পর্যায়ে ক্লাস এইট পর্যন্ত মেয়েদের পড়ানোর জন্য অবৈতনিক শিক্ষার ব্যবস্থা করা হবে। আমরা এই কথা শুনে অত্যন্ত আশান্বিত হয়েছিলাম এবং ভেবেছিলাম যে অদূরে স্ত্রীশিক্ষার অনেক উন্নতিমূলক কাজ আমরা দেখতে পাব। গভর্নরএর সেই অভিভাষণের পর প্রায় এক বৎসর অতীত হ'তে চলল, আমি যতদূর জানতে পেরেছি তাতে বলতে পারি যে বাংলাদেশের কোন এলাকাতে মাধ্যমিক পর্যায়ে ক্লাস এইট পর্যন্ত স্ত্রী-শিক্ষা ফ্রী করার ব্যবস্থা এখনও হয় নি। গভর্নরএর অ্যাড্রেসএ আরও শুনেছিলাম যে শহর অঞ্চলের যে স্কুলে ক্লাস এইট পর্যন্ত মেয়েদের ফ্রী পড়ানোর ব্যবস্থা থাকবে সেই স্কুলকে শিক্ষা-বিভাগ থেকে বিশেষ সরকারী সাহায্য দেওয়া হবে। শহর অঞ্চলের মাধ্যমিক স্কুলগুলিকে কোন বিশেষ গ্রান্ট মেয়েদের ক্লাস এইট পর্যন্ত ফ্রী পড়ানোর জন্য সরকারী দপ্তর থেকে দেওয়া হয়েছে ব'লে আমরা শুনতে পাই নি। আমরা দেখতে পাই প্রাথমিক পর্যায়ে মেয়েদের এবং

ছেলেদের শিক্ষার ব্যবস্থা একসঙ্গেই আছে এবং প্রাথমিক পর্যায়ে মেয়েরা ছেলেদের মত পড়বার সুযোগ প্রত্যেক প্রাইমারি স্কুলে পায়। কিন্তু প্রাথমিক পর্যায় শেষ হয়ে গেলে মাধ্যমিক পর্যায়ে যখন পড়াশুনা শুরু হয় তখন দেখতে পাই, মেয়েদের লেখাপড়া শেখার সুযোগের মস্ত বড় অভাব। গ্রামাঞ্চলে সাধারণতঃ জায়গায় জায়গায় দিনের পর দিন সেকেন্ডারি হাইস্কুল বেড়ে যাচ্ছে। বহু সেকেন্ডারি হাইস্কুল প্রতিষ্ঠিত হয়েছে সে বিষয়ে সন্দেহ নেই, এবং সেইসমস্ত স্কুলে ছেলেরা লেখাপড়া শেখবার পূর্ণ সুযোগ যে পাচ্ছে এ কথা আমরা অস্বীকার করি না; কিন্তু সেকেন্ডারি পর্যায়ে মেয়েদের গ্রামাঞ্চলে লেখাপড়া শেখাবার কোন সুব্যবস্থা সরকারী দপ্তর থেকে এ পর্যন্ত করা হয় নি। মেয়েদের জন্য পৃথক সেকেন্ডারি স্কুল কোন কোন শহরে আছে, কিন্তু গ্রামাঞ্চলে খুব কম এলাকায় প্রাথমিক পর্যায়ের পর মেয়েদের পড়াবার সুযোগসুবিধা আছে। গ্রামাঞ্চলে মেয়েদের জন্য পৃথক হাইস্কুল প্রতিষ্ঠা করা শক্ত, শিক্ষক পাওয়া যায় না। সেইজন্য ছেলেদের সেকেন্ডারি স্কুলে অন্ততঃ ক্লাস এইট পর্যন্ত মেয়েদেরও একত্র পড়ার সুযোগসুবিধার ব্যবস্থা হবে এই প্রত্যাশা আমরা করেছিলাম। গত বৎসর গভর্নরএর ভাষণে যখন মেয়েদের ক্লাস এইট পর্যন্ত ফ্রী পড়াবার উল্লেখ করা হয় তখন সকলেই ভেবেছিল গ্রামাঞ্চলের মেয়েরা ক্লাস এইট পর্যন্ত বিনা মাহিনাতে পড়তে পারবে এবং তার ব্যবস্থা গভর্নমেন্ট অবিলম্বে করবেন। কিন্তু গেল এক বৎসরের মধ্যে সরকার কোথায়ও কিছু ব্যবস্থা করেছেন এমন কোন সংবাদ আমরা পাই নি। সরকারের প্রচার দপ্তরের মারফতেও এ সম্বন্ধে কিছুই প্রচার করা হয় নি। সরকার মেয়েদের শিক্ষার জন্য, অন্ততঃ মাধ্যমিক পর্যায়ের ক্লাস এইট পর্যন্ত, বিশেষ কিছু ব্যবস্থা মফঃস্বল অঞ্চলে করেছেন, এ কথা জানতে পারলে আমরা সুখী হতাম। শিক্ষার ব্যাপারে যে পয়সা খরচ হয় তার ফলে ছেলেদের শিক্ষার সুযোগসুবিধা যে বৃদ্ধি পাচ্ছে তাতে সন্দেহ নেই। কিন্তু সে তুলনায় যে পরিমাণে স্ত্রীশিক্ষার প্রসার হওয়া উচিত ছিল, গ্রামাঞ্চলে মেয়েদের স্কুলে পড়াবার যে সুযোগসুবিধা দেওয়া উচিত ছিল, সে ব্যবস্থা সরকার এ পর্যন্ত করতে পারেন নি। তার ফলে দেখতে পাই গ্রামাঞ্চলে মেয়েরা শিক্ষার ব্যাপারে যেমন অনগ্রসর ছিল প্রায় তেমনি অনগ্রসর রয়ে গেছে; কোন দিকে উল্লেখযোগ্য কোন উন্নতি হচ্ছে না। সম্প্রতি দেখতে পাচ্ছি সরকার কতকগুলি মাল্টিপারপাস স্কুল স্থাপন করতে আরম্ভ করেছেন এবং তার জন্য সরকার যথেষ্ট টাকা খরচ করছেন; কিন্তু কোথায়ও কোন মাল্টিপারপাস স্কুলে মেয়েদেরও সমানভাবে পড়াবার সুযোগ দিয়েছেন এ কথা শুনতে পাই নি। কাজেই শিক্ষামন্ত্রীকে শিক্ষা সংক্রান্ত ব্যাপারে এই ব্যয়বরাদ্দ মঞ্জুর করা উপলক্ষে ছেলেদের সাথে মেয়েদেরও অন্তত সরকারী সাহায্যপ্রাপ্ত স্কুলে কমপক্ষে ক্লাস এইট পর্যন্ত পড়বার একত্র সমান সুযোগ দিতে অনুরোধ করি।

স্যার, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় আমাদের সামনে উপস্থিত আছেন। কিছুক্ষণ আগে কংগ্রেস তরফের একজন সদস্য বলেছিলেন যে লেপ্রসি সংক্রান্ত কাজ আমাদের সরকারের বেশি ক'রে করা উচিত। এ বিষয়ে বেশি কিছু করা হচ্ছে না। আমার নিজেরও মনে হয় যেমন ম্যালেরিয়া, যক্ষ্মা, লেপ্রসি, তেমনি ঐ ধরনের আর একটা ব্যাধি হচ্ছে বাংলাদেশে ফাইলেরিয়া। স্বাস্থ্যসংক্রান্ত ব্যাপারে লোকসভার আলোচনার রিপোর্টে দেখতে পাই যে বিভিন্ন প্রদেশে বিভিন্ন রাজ্যসরকার ফাইলেরিয়া কন্ট্রোল করার জন্য বহু ইউনিট প্রতিষ্ঠা করেছেন; কিন্তু আমাদের বাংলাদেশে কোন ইউনিট এখনও হয়েছে ব'লে আমরা জানি না। মাদ্রাজ, বোম্বে, অন্ধ্রপ্রদেশ ফাইলেরিয়া ইউনিট গঠন ক'রে ফাইলেরিয়া দূর করবার জন্য, ফাইলেরিয়া রোগের প্রতিকার করার জন্য ব্যবস্থা করেছেন। আমরা জানি আমাদের বাংলাদেশের মুখ্যমন্ত্রী মহাশয় একজন বড় ডাক্তার, মেডিক্যাল অ্যান্ড পাবলিক হেল্থ ডিপার্টমেন্টএর মন্ত্রীও একজন অভিজ্ঞ চিকিৎসক; কিন্তু আজ পর্যন্ত এই বাংলাদেশে ফাইলেরিয়া ব্যাপারে বিশেষ কোন কাজ এখনও আরম্ভ হয় নি। এটা অত্যন্ত দুঃখের ব্যাপার। আমি বিশেষভাবে কোনই সরকারী প্রচেষ্টা এ ব্যাপারে হ'তে দেখি নি। তবে বেসরকারীভাবে চেষ্টা হ'তে দেখেছি। আমি জানি বেসরকারীভাবে তথ্য সংগৃহীত হয়েছে, সার্ভে করা হয়েছে, গ্রামে গ্রামে সার্ভে ক'রে রিপোর্ট দিয়েছে, সেই রিপোর্ট সরকারী দপ্তরে পাঁচ-ছ' বছর আগে পেশ করা হয়েছে। খোঁজ ক'রে স্বাস্থ্যমন্ত্রী সেসমস্ত রিপোর্ট দেখতে পারেন। বেসরকারীভাবে চেষ্টা ক'রে যে তথ্য সরবরাহ করা হয়েছে চার-পাঁচ-ছ' বছর আগে, সেই তথ্যগুলির উপর নির্ভর ক'রে সরকার আজ পর্যন্ত কোন কাজ

আরম্ভ করেন নি। পক্ষান্তরে আমরা দেখি ভারতবর্ষের অন্যান্য রাজ্যে ফাইলেরিয়া ইউনিট প্রতিষ্ঠিত হয়েছে, সেন্ট্রাল গভর্নমেন্টএর কাছ থেকে সাহায্য নিয়ে ফাইলেরিয়া কন্ট্রোল করার কাজ চালাচ্ছে। আমাদের ওয়েস্ট বেঙ্গলএ ফাইলেরিয়া নিবারণের কাজ হয় না. আমাদের স্বাস্থ্য-মন্ত্রী কি করেন আমরা কিছুই বুঝতে পারি না।

আমার ইচ্ছা ছিল সময় শেষ হওয়ার আগে পঞ্চায়েত প্রথা সম্বন্ধে কিছু বলি। পঞ্চায়েত সংক্রান্ত ব্যাপারে আমরা শুনতে পাচ্ছি এন-ই-এস ব্লকগুলিতে নাকি নমিনেশন প্রথায় পঞ্চায়েত গঠিত হবে, পরে শুনতে পাচ্ছি—না, পঞ্চায়েত প্রথা নমিনেশন প্রথায় হবে না, ইলেকশন প্রথায় হবে। ইলেকশন প্রথায় হওয়া উচিত এ বিষয়ে কোন সন্দেহ নাই। এই ইলেকশন কখনও প্রকাশ্য ভোটে হওয়া উচিত নয়। আপনারা জানেন যদি প্রকাশ্য ভোটে নির্বাচন হয় তা হ'লে জনমত নির্ভয়ে প্রতিফলিত হয় না, জনসাধারণ নির্ভয়ে ভোট দিতে পারে না। পঞ্চায়েত ইলেকশন সম্পূর্ণরূপে ব্যালট ভোটএ হওয়া উচিত। আমি সরকারকে এ বিষয়ে অবহিত হ'তে বলি।

[5-30—5-35 p.m.]

**Sj. Dhirendra Nath Banerjee:**

মাননীয় স্পীকার মহাশয়, এই অ্যাপ্রোপ্রিয়েশন বিল সম্পর্কে বলতে উঠে আমি কতকগুলি কথা স্মরণ করিয়ে দিই। কালকে মুখ্যমন্ত্রী মহাশয় গণতন্ত্র সম্পর্কে দুটি কথা বলেছেন যে গণতন্ত্র হচ্ছে দু রকমের—জনগণের দ্বারা এবং জনগণের জন্য এবং আর একটা হচ্ছে নিজেদের ইচ্ছামত কর্তৃপক্ষের সঙ্গে আলাপ-আলোচনা ক'রে নিজেদের ইচ্ছাকে পূর্ণতম রূপ দেওয়ার যে চেষ্টা তার মধ্যে গণতন্ত্রের আভাস আছে। কিন্তু গত এগার বছরের কার্যকলাপ দেখে আমরা যা বুঝতে পারি তা এই যে, মুখ্যমন্ত্রী বা তাঁর কেবিনেট জনসাধারণের নাম ক'রে যা মনে করবেন তাই তাঁদের খেয়ালখুশিমত চাপিয়ে দেবেন। জনসাধারণ তাঁদের দাবিদাওয়া যতই সামনে রাখুক না কেন তাঁরা জনসাধারণের দিক থেকে, তাদের বিচারবুদ্ধির দিক থেকে, তাদের প্রয়োজনের দিক থেকে সেগুলি কায়েম করবার চেষ্টা করবেন না। আজকে ঠিক এই রকম একটা জিনিস জেগে উঠেছে পশ্চিম দিনাজপুর জেলায় জেলা শহরকে নিয়ে। স্বাধীনতার পর এগার বছর বালুরঘাট জেলা—যখন পশ্চিম দিনাজপুর জেলায় কোন কিছু সুগঠিত হয় নি—সেই বালুরঘাটকে কেন্দ্র ক'রে পশ্চিম দিনাজপুর জেলা সম্পূর্ণ উন্নত হয়ে উঠেছে, বালুরঘাটকে কেন্দ্র ক'রে তাকে জেলা শহর হিসাবে, জেলা দপ্তর হিসাবে ধ'রে নিয়ে সেখানে সমগ্র জেলায় উন্নতিমূলক ব্যবস্থা হচ্ছে এবং এইভাবে গত ১৯৫০ সালে যখন নাকি জেলা সদরকে বালুরঘাটে পার্মানেন্ট ব'লে ডিক্লেয়ার করা হ'ল, তখন সরকার উন্নতিমূলক কাজগুলি সেখানে করলেন। কোটি কোটি টাকা সেখানে ঢেলেছেন, আমাদের রাজস্ব থেকে সেখানে ঢেলেছেন, কিন্তু আজকে দেখা যাচ্ছে যে তাঁরা হঠাৎ ডিক্লেয়ার ক'রে দিচ্ছেন, জেলা সদর রায়গঞ্জে স্থানান্তরিত হবে। রায়গঞ্জ জেলা শহর হোক বা না হোক তাতে আমাদের কিছু আসে যায় না, কিন্তু বালুরঘাটকে কেন্দ্র ক'রে যে টাউন গ'ড়ে উঠেছে, যে অর্থনীতি গ'ড়ে উঠেছে, আজ এক আঘাতে সেটা ভেঙ্গে দিচ্ছেন, তার কিছুই কায়েম থাকল না, তার কোন ব্যবস্থাই থাকল না। সেখানকার সমাজ-জীবন, অর্থনৈতিক জীবন ভেঙ্গে যাচ্ছে এই বুঝে সেখানকার জনসাধারণ ক্ষুব্ধ হয়ে উঠল এবং মুখ্যমন্ত্রীকে এটা জানাবার জন্য যখন তাঁর কাছে আবেদন নিয়ে, তাঁর সঙ্গে যোগাযোগ রেখে বালুরঘাটের প্রতিনিধিমণ্ডলী এলেন তখন, আপনি জানেন, একমাস অপেক্ষা ক'রে মুখ্যমন্ত্রী একটা দিন দিলেন যেদিন জনপ্রতিনিধি হিসাবে তিনি তাঁদের সঙ্গে দেখা করবেন। কিন্তু আশ্চর্যের বিষয়, গণতন্ত্রের ধ্বজাধারী মুখ্যমন্ত্রী, তিনি কি করলেন? তিনি জন-প্রতিনিধিদের সঙ্গে দেখা করতে পারলেন না অথবা নিজের অসুস্থতা থাকলেও তাঁর প্রতিনিধি-স্থানীয় কাউকে যে নির্দেশ করা তাঁদের সঙ্গে এসে দেখা করবেন, তারও কোন ব্যবস্থা করেন নি। মাননীয় স্পীকার মহোদয়, আমরা এই আইনসভায় এসেছি পশ্চিমবাংলার এক-একটা কেন্দ্র থেকে জনসাধারণের সমর্থন নিয়ে জনপ্রতিনিধিত্ব করতে। এবং আমাদের নির্দেশে, আমাদের সামগ্রিক মতামত নিয়ে আমরা এই রাজ্যকে চালাবার জন্য অর্থ মঞ্জুর করি, ব্যবস্থা মঞ্জুর করি। সঙ্গে সঙ্গে আমাদের অধিকারও থাকে কোথায় কিভাবে খরচ হবে তা জানবার। কোটি কোটি

টাকা খরচ ক'রে বালুরঘাটের যে অর্থনীতি গ'ড়ে তোলা হয়েছিল, কোটি কোটি টাকা খরচ ক'রে শহর, দপ্তরের উপযোগী যে দেড়শো একরের বেশি জমি দখল করা হয়েছে, কোটি কোটি টাকা খরচ ক'রে সেখানে যে ঘরবাড়ি তৈরি করা হয়েছে, আজ এগার বছর পর কার অধিকার আছে সেগুলি তছনছ করবার, সেগুলি সম্পূর্ণরূপে বরবাদ করবার? তাই আমি আপনার কাছে এটা বিচারের জন্য রাখছি।

[5-35—5-45 p.m.]

**Sj. Deo Prakash Rai:** Mr. Speaker, Sir, yesterday the Police Minister was all praise for the excellent work, according to him, done by the police. Sir, Ministers in order to cover up their shortcomings and in defence of their policy many a time use empty words across the House here in praise of the work done by their employees. But what about the real living condition of the Government employees? It is deplorable that the Government should be adamant in remaining silent over the demands submitted by the West Bengal Ministerial Officers' Association to the Hon'ble Chief Minister. Up till now the Government have not bothered to look into their grievances nor cared even to reply to their Charter of Demands. The employees posted in Darjeeling Hill areas have been sending their representations to the Government for the restoration of the compensatory allowance, that is Hill Allowance, which was being paid to the Government employees posted in the Hills for the last one century and even now it is being paid to a section of them. In order to remove this anomaly the employees themselves and through their representatives have referred this matter to the Government Dr Roy, the Chief Minister, himself has been promising since 1955 to look into it

As a matter of fact statistics were collected and scrutinised in 1956 but uptill now nothing tangible has been done by the Government That shows what sort of attitude the Government have towards the ill-paid and half-fed Government employees After much agitation and suffering on the part of the Government employees they have now sanctioned Rs. 5 as an additional dearness allowance which is ridiculous. Sir, I earnestly appeal to the Chief Minister to show sympathy to these poor employees and raise this additional dearness allowance to make the total amount of Rs. 25 per month. The same can be said with regard to Government employees in the matter of superannuation. These rules of superannuation do not apply to the Government employees who are at the top. When the low-paid Ministerial employees retire at the age of 55 after putting in the best part of their life at the altar of service to the Government they have no bank balance to fall back upon But, Sir, these rules about superannuation are rigid in respect of the low-paid Government servants only but they are flexible in the case of those high officers whom we may call born with a silver spoon in their mouth. This section of the privileged class even after their retirement is retained by the Government on many excuses. It is because of the policy of nepotism that the persons at the top are retained on the plea of their service being indispensable It is an acknowledged fact that Darjeeling is a costly and expensive district in the State of West Bengal. Sir, statistics to determine the cost of living in the Hill areas of the District were collected some 10 years back—if I remember correctly. The cost of daily necessities of life have gone up beyond reach since then but the Government do not bother to has gone up beyond reach since then but the Government do not bother to this expensive hill district. When the children of the Government employees go to school and apply for free education, the school authorities ask them to go to Government and ask for help When the employees go before the Government with a demand for a rise in their dearness allowance or revision of their pay scales, Government remain adamant and silent until and unless certain situation or circumstances are created by way of

individual hunger-strike or mass agitation. Government seem to be accustomed to enjoy this. Sir, is this policy conducive to the interest of the State and the country as a whole?

Now, let me come to Labour. The Hon'ble Labour Minister was very eloquent in his speech in defending the policy of the Government. I wonder how many tea gardens he has visited after becoming the Labour Minister. So far as I konw he has visited a couple of gardens in the plains but I do not understand why the Hon'ble Minister has not been able to take the trouble of visiting tea gardens in Darjeeling. A Tea garden named Mineral Spring in Darjeeling has been closed for the last four months and the Government have done nothing to reopen the garden or to save the labourers from starvation. Recently, only when I gave notice to the Deputy Commissioner to lead a hunger-march of the whole population of the said Tea Estate the Government have been issuing one seer of Atta. But will one seer of atta solve the whole problem?

**Sj. Saroj Roy:**

মাননীয় স্পীকার মহাশয়, এই অ্যাপ্রোপ্রিয়েশন বিলএ যে প্রসঙ্গ আলোচনা করব তা মন্ত্রি-মশায়দের অবগত হওয়া উচিত, কিন্তু উপস্থিত এই হাউসএ কোন মন্ত্রীই নেই। এটা খুবই দুষ্টিকটু। যখনই যে বিষয় নিয়ে আমরা এখানে আলোচনা করি তখনই মন্ত্রিমহাশয়রা এখানে উপস্থিত থাকবেন এবং তাঁরা শুনবেন ; এটা অন্ততঃ আমরা আশা করতে পারি যে তাঁরা প্রয়োজন মত উত্তর দেবেন। আপনি বলতে পারেন, তাঁরা তাঁদের ঘরে ব'সে শুনছেন। কিন্তু তাঁরা এখানে উপস্থিত থাকেন না এটাই অত্যন্ত দুঃখের কথা। যাই হোক, যে বিষয় নিয়ে আমি আলোচনা করতে চাই সেটি হ'ল বাংলাদেশের সাধারণ মানুষ—শহরের মানুষ, গ্রামের মানুষ, আজ কি সকাল-সন্ধ্যা ভাবছে সেটাই আজকে আমাদের আলোচ্য বিষয়। সেটা হচ্ছে খাদ্য সম্পর্কে। এই তিনদিন আগে জবাব দিতে গিয়ে বাংলাদেশের খাদ্যমন্ত্রী যাঁর উপর অনেককিছু নির্ভর ক'রে তিনি এই আইনসভায় দাঁড়িয়ে যে অ্যাটিচুড দেখালেন তা অত্যন্ত লজ্জার কথা। তিনি একটা কমপ্লাসেন্ট অ্যাটিচুড দেখালেন। তিনি একটা কথা বলেছেন বিশেষ ক'রে আমাদের উদ্দেশ্য ক'রে, বাংলাদেশের সাধারণ মানুষকে উদ্দেশ্য ক'রে যে ভাবনার কিছু নাই, আতঙ্কের, ভয়ের কিছু নাই, কোন চিন্তা নাই, সমস্ত ব্যবস্থাই ঠিক আছে। এই জবাব শুধু এবার নয়, গত ছ' বৎসর ধ'রে আমরা এটা বারবার তাঁর কাছে শুনছি। আশ্চর্য কথা, কোন কম্যুনিস্ট পার্টির পত্রিকা নয়, আনন্দবাজার পত্রিকা, যুগান্তর পত্রিকা, অমৃতবাজার পত্রিকা, স্টেটসম্যান পর্যন্ত কিছুদিন ধ'রে বাংলাদেশের খাদ্যের পরিস্থিতির কথা বারেবারে লিখছে এবং বিভিন্ন জায়গার বাস্তব অবস্থা তুলে ধ'রে বলছে বাংলাদেশের খাদ্যাবস্থা অত্যন্ত খারাপ। বাংলা-দেশের মানুষ আজকে এই বিষয় নিয়ে ভীষণ চিন্তান্বিত হয়েছে। একমাত্র কংগ্রেসএর মন্ত্রীরা এবং বিশেষ ক'রে খাদ্যমন্ত্রীর নিকটই শুধু এই বিষয়টা "কিছুই নয়"। তিনি বহু স্ট্যাটিস্টিক্স দিয়ে দেখাবার চেষ্টা করেছেন, সমস্ত অবস্থা ভাল। আপনার স্মরণ আছে হয়তো, তিনি বারে-বারে বলেছেন খাদ্যাবস্থা ভাল, এজন্য অনেক টাকা খরচ করা হচ্ছে, মানুষকে যথেষ্ট রিলিফ দেবার চেষ্টা করা হচ্ছে এবং ভবিষ্যতেও করা হবে।

[5-45—5-55 p.m.]

আমি সেদিক থেকে কয়েকটা মাত্র ঘটনা আপনার সামনে তুলে ধরতে চাই। প্রথম কথা হ'ল যে এখানে একটা প্রাদেশিক ফুড অ্যাডভাইসরি কমিটি যে হয়েছে আমি তার দু'-একজন সদস্যের কাছ থেকে এই খবর পেয়েছি যে, গত কিছুদিন আগে যখন প্রাদেশিক ফুড অ্যাডভাইসরি কমিটির মিটিং হয় সেই মিটিংএ প্রফুল্লবাবু নিজে জানিয়েছিলেন যে গত বছর যেসমস্ত জায়গায় ড্রটএর জন্য হোক বা বন্যার জন্য হোক ফসলের ঘাটতি হয়েছিল, সেইসমস্ত জায়গায় সাধারণ কৃষকদের রিলিফএর দিক থেকে যেসমস্ত সারের লোন বা গোরু কেনার লোন দেওয়া হয়েছিল সেগুলো আদায় করার জন্য কোন রকম জুলুম করা হবে না। এইভাবে তিনি একটা প্রতিশ্রুতি প্রাদেশিক ফুড অ্যাডভাইসরি কমিটির কাছে দিয়েছিলেন। কিন্তু কয়েকদিন যেতে না যেতেই দেখা গেল যে তাঁর প্রতিশ্রুতির কোন মূল্য নেই। আমি একটা বিশেষ জায়গা সম্পর্কে কয়েকটা

মাত্র তথ্য দিচ্ছি। যদিও একটা জায়গা সম্পর্কে আমি এই তথ্য দিচ্ছি, কিন্তু আমি জানি যে মেদিনীপুর, বাঁকুড়া, বীরভূম, বর্ধমান জেলার বিশেষ বিশেষ অঞ্চলে যেসমস্ত কৃষক কৃষিঋণ, গোরু কেনার জন্য লোন এবং সারের লোন নিয়েছিল তার জন্য তাদের উপর শুধু সার্টিফিকেটই জারি করা হয় নি, বহু জায়গায় কৃষকদের গোরু, দরজা, জানলা এবং এমনকি গোরুর গাড়ি, লাঙ্গল পর্যন্ত ক্রোক করা হয়েছে। অথচ তিনি এখানে স্টেটমেন্ট দিলেন যে অবস্থা ভালই রয়েছে। গড়বেতা থানা সম্পর্কে কিছু বলব। গত বছর আশ্বিন মাসে যখন ফসল হবার সময় তখন আনন্দবাজার পত্রিকা থেকে ঐসমস্ত অঞ্চলে একজন স্টাফ রিপোর্টার গিয়েছিলেন। সেই স্টাফ রিপোর্টার গড়বেতা, কেশপুর ইত্যাদি অঞ্চলের অবস্থা দেখে আনন্দবাজারে ফোটো দিয়ে এবং অন্যান্য তথ্যমূলক সংবাদ দিয়ে বলেছিলেন যে, এইসমস্ত অঞ্চলের অবস্থা চব্বিশ-পরগনার চেয়ে খারাপ। আমি জানি যে সেই স্টাফ রিপোর্টার ডি-এমএর সঙ্গে দেখা ক'রে তাঁকে বলেছিলেন যে তিনি এক সপ্তাহ আগে চব্বিশপরগনায় গিয়েছিলেন, কিন্তু তার চেয়ে গড়বেতা থানার অবস্থা যা দেখলেন তা খুব খারাপ। সেই গড়বেতা থানার মধ্যে গত কয়েক-দিনের মধ্যে দেখলাম যে সেখানে পঞ্চম মন্ডলের ঘরের দরজা ক্রোক করা হয়েছে, কৃষিঋণের জন্য বিভূতি মন্ডলের চাষের গোরু ক্রোক করা হয়েছে, বাদলচন্দ্রের গোরু ক্রোক করা হয়েছে, সি পি লোন যেসমস্ত নিয়েছিল তার জন্য খুশবেদ মন্ডলের গোরু ক্রোক করা হয়েছে, বদরুদ্দোজা ও সিরাজুদ্দিন খাঁর গোরু ক্রোক করা হয়েছে, যারা সারের জন্য লোন নিয়েছিল তাদেরও জমিজমা ক্রোক করা হয়েছে, দুজন সাঁওতাল তাদেরও শেষ পর্যন্ত জমি ক্রোক ক'রে বিলি-বন্দোবস্ত করা হচ্ছে, কারণ তাদের বাড়িতে কোন রকম জিনিসপত্র নেই ব'লে জমি নেওয়া হচ্ছে। ফলে তাদের দেশ ছেড়ে চলে যেতে হয়েছে। আবার মধ্যবিত্ত লোনের জন্য বিভূতি ঘোষ, দত্তু ভান্ডারী ইত্যাদিদের জমি ক্রোক করার বন্দোবস্ত চলছে। শুধু তাই নয়, এ আর ওরা বর্তমান ১৩ ধারার মতে বিনা নোটিসএ এবং বিনা সার্টিফিকেটএ সমস্ত অস্থাবর সম্পত্তি ক্রোক করছে। তাঁরা বলেছেন যে ১৩ ধারায় যে আইন আছে তাতে সেই আইন অনুযায়ী কোন রকম সার্টিফিকেট দেবার বা নোটিস জারি করবার দরকার নেই, সরাসরি তাঁরা ক্রোক করতে পারেন। এই রকম অবস্থা আজকে বাংলাদেশের বিভিন্ন জেলাতে চলছে। অথচ তাঁরা সংবাদ দিলেন যে এইসমস্ত জায়গাতে টেস্ট রিলিফএর কাজ শুরু হয়েছে। এটা তিনি যখন এখানে বলেছিলেন তখন আমি তাঁকে প্রশ্ন করেছিলাম যে, কোন্ কোন্ জায়গাতে টেস্ট রিলিফএর কাজ হচ্ছে বা কোন্ কোন্ জায়গাতে সস্তা দরে চাল-ধানের দোকান দেওয়া হয়েছে? কিন্তু আমার প্রশ্নের কোন রকম কংক্রিট জবাব তিনি দেন নি, কারণ সেই কংক্রিট জবাব তাঁর পক্ষে দেওয়া অসুবিধা হয়।

মাননীয় স্পীকার মহাশয়, আপনি লক্ষ্য করেছেন কিনা জানি না, আমাদের কাছে এক্সপ্লানেশন মেমোরেন্ডাম অন দি বাজেট ব'লে যে বইটা দেওয়া হয় তাতে একটা জিনিস লক্ষ্য করলাম যে ফেমিনএর ব্যাপারে প্রতি বছর একবার ক'রে তার নিচে লেখা হয়—
The decrease is due to the smaller provision for relief in the hope of a good year. In the hope of a good year.
কথাটা প্রফুল্লবাবু বারবার লেখেন। কিন্তু পরের বছর যেটা ভাল বৎসর আসবে তার জন্য তাঁদের কাজকর্ম কিভাবে হবে এবং সেখানে টাকা কিভাবে দেবেন তার কোন রকম ব্যবস্থা থাকে না। অর্থাৎ তিনি হাওয়ার উপর হোপ ছেড়ে দিয়ে প্রতি বৎসরই ব'সে থাকেন এবং শেষ পর্যন্ত আমরা দেখছি যে প্রতি বছরই অবস্থা সেখানে খারাপ হয়ে যাচ্ছে। মাননীয় স্পীকার মহাশয়, বাজেটএ আপনি একটা জিনিস লক্ষ্য করবেন যে ফেমিনএর খাতে ১৯৫৬-৫৭ সালে যে পরিমাণ টাকা দিয়েছেন এবং বর্তমান বছরে—১৯৫৮-৫৯ সালে যে টাকা সেই টাকার তিন গুণ। তাঁরা বলেন যে খাদ্য নিয়ে তাঁরা রাজনীতি করেন না। আজকে এখানে পরিষ্কার দেখা যাচ্ছে যে ১৯৫৬-৫৭, ১৯৫৭-৫৮ সালের তুলনায় ১৯৫৮-৫৯ সালে খাদ্যের দিক দিয়ে অত্যন্ত খারাপ অবস্থা হয়েছে। কিন্তু ১৯৫৬-৫৭ সালে তাঁরা এতে অনেক বেশি টাকা দিয়েছিলেন। আমরা জানি যে সেটা ছিল জেনারেল ইলেকশন বছর এবং সেই ইলেকশনএর বছরে যদি ফেমিন, রিলিফ ইত্যাদি খাতে বেশি টাকা না দিতে পারেন তা হ'লে তাঁরা ইলেকশনএর তরী পার হবেন কি ক'রে? অথচ যেখানে এ বছর সত্যিকারের প্রয়োজন আছে সেখানে তাঁরা তা দিলেন না। আবার টি আর ওয়ার্কএর দিক থেকে ১৯৫৬-৫৭ সালে যেখানে তাঁরা ১ কোটি ৪৮ লক্ষ

৮৭ হাজার টাকা দিয়েছিলেন সেখানে ১৯৫৮-৫৯ সালে তার তুলনায় অনেক কম টাকা দিলেন। এগ্রিকালচারাল লোনএর ক্ষেত্রেও সেই এক রকমই প্রভিশন দেখতে পাওয়া যায়। গত নবেম্বর মাসে আইনসভা যখন হয় তখন খাদ্য সম্পর্কে যেসমস্ত আলোচনা হয়েছিল তাতে আমরা বিরোধী পক্ষ থেকে একটা জিনিসের উপর সবচেয়ে বেশি জোর দিয়ে বলেছিলাম যে, বাজারে যেটুকুন ধান আছে তা আপনারা কিনতে চেষ্টা করুন। অর্থাৎ যা ফসল হয়েছে তাই এবং দরকার হ'লে বাকিটা সেন্টার থেকে নিয়ে না হয় রিলিফ দেওয়া যাবে। কিন্তু ধান কেনার ক্ষেত্রে তাঁরা যে কীর্তি করলেন সেই কেলেঙ্কারীর কথা সকলেই জানেন। যখন প্রথম ধান বিক্রি হ'ল তখন আমরা জানি যে গরীব চাষী সেখানে ৯-১০ টাকার বেশি দাম পায় নি। তারপর যখন ধানের দর বাড়ল তখন তাঁরা চারিদিকে কর্ডন ক'রে দিলেন। এই কর্ডন সম্পর্কে এখানে অনেক কথা বলা হয়েছে। কর্ডন সম্পর্কে আজকে এটা পরিষ্কার প্রমাণিত হয়েছে যে তাঁরা এই কর্ডন করেছিলেন যাতে তাঁদের জানাশুনা কিছু কিছু লোকের সুখসুবিধা ও লাভ হয়। অর্থাৎ এক কথায় জনসাধারণের জন্য এই কর্ডন হয় নি। উদাহরণ দিলেই বোঝা যাবে। মেদিনীপুর জেলায় ৭২টি ধানকল আছে। সেই ৭২টি ধানকলের ভেতরে তাঁরা যেখানে পারমিট দিলেন সেখানে তাঁরা কয়েকটি ধানকলের মালিককে বাছাই ক'রে নিয়ে তাদের পারমিট দিলেন যাতে তারা সেখান থেকে চা'ল নিয়ে জেলার বাইরে পাচার করতে পারেন। অর্থাৎ সেখানে তাঁরা বাছাই ক'রে কয়েকজন মাড়োয়ারী মিলমালিককে দিলেন। এর মধ্যে একজনকে জানি যিনি মেদিনীপুরের একজন মিলমালিক, মাড়োয়ারী, তার বর্ধমানে কিছু ধান ধরা পড়েছিল। কিন্তু কিভাবে যে সেটা সাপ্রেস্‌ড হ'ল সেটা আর আমরা জানি না, অথচ এই মাড়োয়ারী ভদ্রলোককেই পারমিট দেওয়া হ'ল। আমরা জানি যে জেলা কংগ্রেসএর ভেতর থেকে এটা সম্পর্কে একটা বিরোধিতা উঠেছিল, কিন্তু তবুও প্রফুল্লবাবু জোর ক'রে সেই লোধা কোম্পানিকে পারমিট দিলেন। তা ছাড়া শ্যামচকের মনি খাঁ, তাঁর চা'লের মিল আছে, তাঁদিগেও পারমিট দিলেন তিনি একজন বড় কংগ্রেস নেতা এবং বহু কাজে এঁদের অনেক সাহায্য করেন। সেজন্য শুধু তাঁকেই নয়, তাঁকে, তাঁর ভাইকে এবং তাঁর জামাইকে এঁরা পারমিট দিলেন। আমরা জানি যে এই নিয়ে সেখানকার জনৈক কংগ্রেস নেতার সংগে প্রফুল্লবাবুর মতান্তর হয়েছিল, কিন্তু তিনি সেই-সমস্তকে অস্বীকার ক'রে নিজের খেয়ালখুশিমত পারমিট দেন। আবার বাঁকুড়া থেকে ধান-চা'ল চালান দেবার জন্য পারমিট দিলেন সাবিত্রী দেবীকে, অথচ তাঁর বাড়ি বাঁকুড়াতে নয়, তাঁর বাড়ি হ'ল হুগোল জেলায়। তাঁর কোন ধানকল নেই, তিনি চাল কিনে ব্যবসা করেন। সেই সাবিত্রী দেবীকে একটা মোটা পারমিট দেবার প্রয়োজনটা কোন্‌ দিক থেকে এল তা জানি না। আবার মেদিনীপুরের যে খাটুয়া ফ্যামিলি আছে তার সংগে জনৈক মন্ত্রীর যথেষ্ট আত্মীয়তা আছে। সেই খাটুয়া ফ্যামিলিকে পারমিট দেবার ব্যাপার নিয়ে সেখানকার কংগ্রেসএর ভেতরে নানা রকম মতান্তর হয়েছিল। অতএব এই জিনিসগুলির ভেতরে একটা জিনিস দেখা গেল যে ধান-চা'ল কন্ট্রোল ক'রে যাতে এটা জনতার হাতে যায় সেই কথা ব'লে তাঁরা কর্ডন করলেন। কিন্তু কর্ডন যে কিছু বড় ধনী মালিককে সুবিধা দেবার জন্য হয়েছিল সেটা আজকে পরিষ্কার প্রমাণিত হয়ে গেছে। সেজন্য এটাই আজকে পরিষ্কারভাবে বলা চলে যে জনতা খেতে পাক বা না পাক, যতদিন আমরা গদীতে থাকব ততদিন পর্যন্ত বিশেষ বিশেষ লোককে যাতে আমরা দিতে পারি সেটাই আমরা করব। এবং তাঁদের এই নীতি আজ প্রতিটি ক্ষেত্রে প্রমাণিত হয়ে যাচ্ছে।

[5-55—6-5 p.m.]

মেদিনীপুর, বীরভুম, বাঁকুড়া, চব্বিশপরগনা—এইসমস্ত জায়গায় একদিকে যেমন মানুষের উপর ঋণের জন্য অত্যাচার চলেছে, সেখানে তারা খেতে পারছে না, চা'ল-ধান তাদের নষ্ট হয়ে গেছে। ঐসব অঞ্চলে ফসল বিঘাপ্রতি দু' মণের বেশি হয় নি, কিন্তু সেইসমস্ত জায়গায় নতুন ক'রে ঋণ দেবার কোন রকম ব্যবস্থা নেই। সেখানে কোন রকম টেস্ট রিলিফএর কাজও হয় নি। কিন্তু তাঁরা বারবার বলছেন যে দেওয়া হয়েছে। আমি যে অঞ্চল থেকে আসছি, যা সবচেয়ে দরিদ্র অঞ্চল, সেখানে টেস্ট রিলিফএর কাজ এখনও হয় নি। তা ছাড়া এখানে সাধারণ চা'লের দর ২২-২৩-২৪ টাকার উপরে উঠে গেছে, ধানের দরও বেড়েছে। সস্তা দরের চা'লের দোকানের কথা শুনছি বটে, কিন্তু একটি ইউনিয়নেও তা দেওয়া হয় নি। তাদের কাছে যদি হিসাব

থাকে পরিষ্কারভাবে সেটা আইনসভাকে জানান যে কোন্ কোন্ জায়গায়, কোন্ কোন্ ইউনিয়নএ, কোন্ কোন্ জেলায় সস্তা দরের ধান-চা'লের দোকান হয়েছে। কিন্তু সেইসব তথ্য তাঁদের কাছে নেই। আর তথ্য যদি বা দেওয়াও হয় তা হ'লে নোটিস চাই ব'লে তাঁরা কাজ সারবেন।

তৃতীয় কথা হচ্ছে, কৃষি-উন্নয়ন সম্পর্কে এ'রা বারবার বলেছেন কি ক'রে কৃষি-সম্পদ আরও বাড়ানো যায়, ধান-চা'লের পরিমাণ আরও বৃদ্ধি করা যায়। সে সম্পর্কে আমরা তাঁদের অনেক বক্তৃতা শুনেছি, কিন্তু তাঁদের বর্ণনার সঙ্গে ফ্যাক্টএর যদি আজ তুলনা ক'রে দেখা যায় তা হ'লে দেখা যাবে যে যথেষ্ট তফাত আছে। স্পীকার মহোদয়, আপনি এগ্রিকালচার খাতে যে টাকা ধরা হয়েছে তা যদি দেখেন তা হ'লে দেখবেন ১৯৫৭-৫৮ সালে এই এগ্রিকালচার খাতে যেখানে ধরা হয়েছে ৫ কোটি ৩৯ লক্ষ ৪৫ হাজার টাকা সেখানে ১৯৫৮ সালে ধরা হয়েছে ৪ কোটি ৩৯ লক্ষ ২ হাজার টাকা। সেখানে দেখা যাচ্ছে এই যে টাকাটা ডিক্রিজ করেছেন সেটা ঋণ দেখানো হয়েছে। যেসমস্ত সরকারী টাকা ঋণ দেওয়া হয়েছে তা আজও আদায় হয় নি। এবং তারপর যখন তা ইনক্রিজ করা হচ্ছে তার একটা কজ দেখানো হয়েছে যে, সরকারী টাকা আদায় করবার বিশেষ ব্যবস্থা করার জন্যই এই খরচ। আমাদের পক্ষ থেকে বারবার বলা হয়েছে, যদি বাংলাদেশের খাদ্য, ফসল বাড়াতে হয় তা হ'লে শুধু জমি দিলে হবে না, তার সঙ্গে সেচের ব্যবস্থা, উন্নততর সার বিলির ব্যবস্থা এবং অন্যান্য মেটিরিয়ালস সরবরাহের ব্যবস্থা করা দরকার। এটা তাঁরাও বলছেন। কালকে মন্ত্রিমহাশয়- ভূমিরাজস্ব মন্ত্রিমহোদয়ও জোর গলায় এই কথাই ব'লে গেলেন যে জমি দিলেই হবে না, জমি দেবার সঙ্গে সঙ্গে কৃষকদের অবস্থার পরিবর্তন করতে হবে এবং তা হ'লেই আজ জমির ফসল উৎপাদন বাড়তে পারবে এবং কৃষকদের জীবন উন্নত হ'তে পারবে। কিন্তু গত বৎসর পরিষ্কার দেখা গেল যে খাদ্যফসলের প্রচুর ঘাটতি হয়েছে। সুতরাং পরের বছর গভর্নমেন্টএর এই নীতি থাকা উচিত ছিল কি ক'রে বেশি ক'রে খাদ্যফসল বাড়তে পারে। সেটা দেখাই হচ্ছে সরকারের কর্তব্যের অন্যতম অংশ কিন্তু সরকার পক্ষ থেকে বলা হ'ল টাকা কম। এই টাকার কমতিই অন্যতম কারণ। সেন্টার থেকে ও'রা বললেন যে বেশি টাকা পাই নি, সেটা হ'তে পারে। সেই হিসাবে তাঁরা বললেন, সরকারের টাকা যা বণ্টন করা হয়েছে সেটাও আমরা পাই নি এবং সেই টাকা আদায়ের জন্য আরও বেশি টাকা খরচ করতে হবে। অর্থাৎ কিভাবে টাকা আদায় করা যায়, তার জন্য পুলিসকে ক্ষমতা দেওয়া, তাদের কর্মচারী দিয়ে নিলাম করা, সার্টিফিকেট জারি ক'রে কৃষকদের উদ্বাস্তু করা এইজন্যই তাঁরা খরচ করেছেন, কিন্তু সারের জন্য এবং কৃষি-উন্নয়নের প্রয়োজনীয় ব্যবস্থার জন্য তাঁরা কোন টাকা দেন নি। বেশ বোঝা যায় যে এ'দের খাদ্যফসল বাড়ানোর বা কৃষকের উন্নতি তথা দেশের উন্নতি করার জন্য কোনই নীতি নাই। সেইজন্য আমার শেষ কথা হচ্ছে, অনুরোধ ক'রে, উপদেশ দিয়ে লাভ নেই। আমার একটা কথাই মনে হয় পশ্চিমবাংলার উপর শনির দৃষ্টি পড়েছে এবং সেই শনি হচ্ছেন আমাদের খাদ্যমন্ত্রী। এবং এই শনিকে কোনও রকমে যদি সরিয়ে দিতে পারেন কেবিনেট থেকে, তা হ'লেই পশ্চিমবাংলার অবস্থা, খাদ্যের অবস্থা পরিবর্তন হ'তে পারবে। সাধারণ লোক যাদের খাদ্যের অভাব তাদের হাতে রিলিফ পৌঁছে দিতে হবে এবং জনসাধারণের প্রত্যেকটি লোককে যাতে কাজে লাগাতে পারা যায় সে বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা দরকার। কিন্তু এইসব বিষয়ে সরকারের মনোভাব অত্যন্ত লজ্জাকর। সেইজন্যই এই শনিকে বাংলাদেশ থেকে বিশেষ ক'রে খাদ্যমন্ত্রীর গদী থেকে সরিয়ে দেওয়া দরকার। পরিশেষে আমি কেবিনেটএর কাছে অনুরোধ করব, যেসমস্ত জায়গা আজ অত্যন্ত খারাপ অবস্থার মধ্যে পড়েছে সেখানে সত্বর রিলিফ দেবার ব্যবস্থা করুন।

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**

মাননীয় সভাপতি মহাশয়, শিক্ষাবিভাগের সমালোচনা অধিকাংশ বাংলায়ই হয়েছে, তাই আমিও আমার বক্তব্য বাংলা ভাষায় বলতে ইচ্ছা করি। বাংলা ভাষা আমাদের মাতৃভাষা, সুতরাং এ ক্ষেত্রে বাংলা ভাষায়ই উত্তর দিতে চাই।

আমি ভাবছিলাম শিক্ষাবিভাগ এত অল্প সময় মধ্যে নিষ্কৃতি পেল কি ক'রে, কারণ আমাদের আদর্শ খুব উঁচু স্তরেই বাঁধা রয়েছে। অথচ এটা বুঝা খুবই সহজ যে আমরা সেই আদর্শে এখনও পৌঁছিতে পারি নি, উপনীত হ'তে পারি নি। কি আমাদের করা উচিত এবং কি আমরা

করতে পারি নি, এসব কথা বলা খুবই সহজ। ১৯২১-২২ সালে আমি কি বলেছিলাম সেটা ডাঃ হীরেন চ্যাটার্জি মহাশয় এখানে উল্লেখ করেছেন। ১৯২১-২২ সালের আমার ভাষণের তিনি খোঁজ নিয়েছেন, এ বিষয়ে তাঁর রিসার্চ স্পৃহার আমি প্রশংসা করি। কিন্তু অতদূর যাবার দরকার ছিল না। বিধানসভায় বা পরিষদে আমার দীর্ঘ সদস্য জীবনের—সতের বৎসর—প্রতিপক্ষেই কেটেছে এবং সে সময়কার অনেককিছু সমালোচনা শিক্ষা সম্পর্কে করে থাকতে পারি। ঐ দীর্ঘ সময় মধ্যে আমার কাজের অনেক খুঁত বের করা যায় ও নানা উক্তি উদ্ধৃত করাও যায়। কিন্তু সেই ১৯২১-২২ সালের অবস্থা কি আজ এখনও আছে যে সেই ১৯২১-২২ সালের কথা উল্লেখ ক'রে তিনি সমালোচনা করলেন? তাঁর বোঝা উচিত ছিল যে ১৯২১-২২ সালের পরিস্থিতিতে যে সমালোচনা সংগত হয়েছে বর্তমান সময়ের পরিবর্তিত অবস্থার পরিপ্রেক্ষিতে এখন সে সমালোচনা চলতেই পারে না। তখনকার অবস্থা ছিল যে কলকাতা বিশ্ববিদ্যালয়কে বিশেষ কিছুই নির্দিষ্ট সাহায্য সরকার থেকে করা হ'ত না। কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপর তখনকার মন্ত্রী একেবারেই বিরূপ ছিলেন। এই বিশ্ববিদ্যালয়ের উপর তাঁর একটা বিদ্বেষ ছিল; বিশ্ববিদ্যালয়কে যথোচিত সাহায্য করতেই তিনি প্রস্তুত ছিলেন না, বিশ্ববিদ্যালয়কে তিনি বিপন্নই করেছিলেন। এই ছিল ১৯২১-২২ সালের অবস্থা। কিন্তু আজকে কি সেই কথা বলা যেতে পারে? ১৯২১-২২ সাল তো দূরের কথা, ১৯৪১-৪২ সালে কলকাতা বিশ্ববিদ্যালয় কত সাহায্য পেত সরকার থেকে? রূপেন্দ্র কে মিত্র কমিটির রিপোর্ট যদি দেখা যায়, তাতে দেখা যাবে যে সরকার থেকে সাহায্য দেওয়া হ'ত মাত্র বিশ্ববিদ্যালয়ের সর্বমোট আয়ের ১৬·১ পার্সেন্ট, আর এখন কলকাতা বিশ্ববিদ্যালয় সরকার থেকে সাহায্য পান মোট আয়ের শতকরা ৩৬ ভাগ, শতকরা ৩৩ ভাগ তো বটেই, সে বিষয়ে কোন সন্দেহ নেই। ১৯২১-২২ সালের কথা তো দূরের কথা, প্রাক-স্বাধীনতা যুগে—১৯৪৬-৪৭ সালে—কলকাতা বিশ্ববিদ্যালয় কি গ্রান্ট বা সাহায্য পেয়েছিল এবং পেত তা এ রিপোর্ট থেকে প'ড়ে শোনাচ্ছি।

১৯৪৬-৪৭ সালে তাঁরা পেয়েছিলেন গভর্নমেন্ট গ্রান্ট মাত্র ৮ লক্ষ ২৫ হাজার টাকা। অর্থাৎ এখন থেকে দশ বছর আগে মাত্র ৮ লক্ষ ২৫ হাজার টাকা গভর্নমেন্ট থেকে সাহায্য পেতেন তাঁদের মোট আয় ৪০ লক্ষ ৯৫ হাজার টাকার মধ্যে। পার্সেন্টেজ হিসাবে যদি দেখি তা হ'লে তাঁরা ২০ পার্সেন্টের বেশি পেতেন না। তারপর কি হ'ল? ১৯৪৭-৪৮ সালে কংগ্রেস গভর্নমেন্ট স্থাপিত হ'ল। আমি যখন প্রথম মিনিস্ট্রিতে এলাম তখন গভর্নমেন্ট থেকে ইউনিভার্সিটি সাহায্য পেতেন ৮।৯ লক্ষ টাকা, তার বেশি নয়। আমার মনে আছে আমি প্রথম যখন শিক্ষা-দপ্তরের ভার গ্রহণ করি সেই সময় তৎকালীন উপাচার্য ডক্টর প্রমথনাথ বন্দ্যোপাধ্যায়ের বাজেট তৈরি আহ্বানে আমি নিজে কলকাতা বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটএর সংগে সাক্ষাৎ করতে যাই এবং তাঁদের কি সাহায্য প্রয়োজন সে বিষয়ে যতদূর সম্ভব অবস্থা বুঝতে চেষ্টা করেছিলাম এবং সে বছরের রিভাইজড্ বাজেটএ দেখবেন ১৯৪৭-৪৮ সালে গভর্নমেন্ট থেকে প্রায় ১৪ লক্ষ টাকা দেবার ব্যবস্থা হয়েছিল, তার আগে ৮।৯ লক্ষ টাকা তাঁরা পেতেন। তারপর কি হ'ল? ১৯৫০-৫১ সালে কলকাতা বিশ্ববিদ্যালয় সম্বন্ধে যে নতুন আইন পাস হ'ল তখন তাঁরা কখনও যা পান নি তার অর্থাৎ স্ট্যাটুটরি গ্রান্টএর ব্যবস্থা ক'রে দেওয়া হ'ল। স্যার আশুতোষের আমল থেকে বিশ্ববিদ্যালয় অভিযোগ করতেন যে তাঁরা আগে থাকতে বুঝতে পারেন না সরকার কত টাকা দেবেন বা না দেবেন, কাজেই তাঁরা বাজেট ঠিক ক'রে করতে পারেন না। স্যার আশুতোষের আমল থেকে সরকারের বিরুদ্ধে এই অভিযোগ চ'লে আসছিল। সেজন্য ১৯৫১ সালে যখন ইউনিভার্সিটি আক্ট পাস করা হয় তাতে দেখবেন স্ট্যাটিউটরি গ্রান্ট দেবার ব্যবস্থা করা হয়েছিল বার্ষিক অন্যূন ১৬ লক্ষ টাকা। তার মধ্যে ১৯৫০ সালে যখন মাধ্যমিক শিক্ষার বিধান করা হয় তখন ইউনিভার্সিটির যে ক্ষতি হয়েছিল সে ক্ষতি বিবেচনা ক'রে ক্ষতিপূরণের জন্য ৫ লক্ষ ৫২ হাজার টাকা প্রতি বৎসর দেবার ব্যবস্থা হয়েছিল, অর্থাৎ বর্তমানে ইউনিভার্সিটি স্থায়ী বিধান মূলে যে সাহায্য পেয়ে থাকেন তার পরিমাণ ২১ লক্ষ ৫২ হাজার টাকা। তা ছাড়া ইউনিভার্সিটির যখন যে বিশেষ সাহায্য প্রয়োজন হয় সরকার তাও দিয়ে থাকেন। যেমন এই বছর সরকার দিয়েছেন প্রায় সাড়ে সাত লক্ষ টাকা বাড়ি মেরামতের জন্য, তা ছাড়া ৩ লক্ষ টাকা মূল্যের জমি দিয়েছেন—এক একর জমি—স্কুল অব ইকনমিক্স স্থাপন করবার জন্য। কাজেই ইউনিভার্সিটির প্রতি ভদ্রলোকের যে এক কথাই হয়ে আছে, এ কথা সত্য নয়। এটা

একেবারেই অসত্য। এটা আমার মুখে শুনবার প্রয়োজন নাই, রিপোর্ট প'ড়ে দেখতে পারেন। আমাদের রিপোর্টএর কথাও বলছি না, গভর্নমেন্ট অব ইন্ডিয়ার রিপোর্ট। তাতে দেখবেন ইউনিভার্সিটির ইনকাম ১৯৫৩-৫৪ সালে ছিল ৯০ লক্ষ টাকা। পশ্চিমবঙ্গ সরকারের কাছ থেকে তাঁরা পেয়েছিলেন তার প্রায় শতকরা ৩৩ টাকা। আর ইউনিভার্সিটি ছাড়া বিশ্ববিদ্যালয় এবং কলেজী শিক্ষার জন্য সমগ্র পশ্চিমবাংলায় সেবার খরচ হয়েছিল ২ কোটি ৭৩ লক্ষ টাকা। তার মধ্যে সরকার থেকে ব্যয় হয়েছিল প্রায় শতকরা ৩৩ ভাগ - ৯২ লক্ষ টাকা। অর্থাৎ বিশ্ব-বিদ্যালয় ও নানা কলেজে সাহায্য করা হয়েছিল ৯২ লক্ষ টাকা।

[6-5—6-15 p.m.]

এটা হচ্ছে গভর্নমেন্ট অব ইন্ডিয়ার রিপোর্ট—এডুকেশন ইন ইন্ডিয়া, ১৯৫৫-৫৬। কাজেই আমরা উচ্চশিক্ষার জন্য কিছুই করি না, বিশ্ববিদ্যালয়কে যথোচিত সাহায্য করি না, 'সরকারের এক কথা ব'লে রাখা হয়েছে'—এ কথাগুলি অসত্য। এভাবে বাইরে অপপ্রচার চলতে পারে, কিন্তু এখানে বিধানপরিষদে যে দায়িত্বপূর্ণ সমালোচনা হওয়া উচিত, সেইভাবের সমালোচনা নয়।

[বিরোধী পক্ষের বেঞ্চ হইতে তুমুল হট্টগোল।]

আমরা যখন অপোজিশনএ কাটিয়েছি—১৯২০ থেকে ১৯৪৪ সাল পর্যন্ত—তখন এই শ্রেণীর তর্ক কখনও করি নি। তখনকার রিপোর্ট আছে দেখবেন। আপনারা তো আমাদের পূর্বের কাজকর্ম সম্বন্ধে কিছু কিছু অনুসন্ধান করছেন, অতএব সে রিপোর্টগুলি যদি দেখেন তা হ'লে দেখতে পাবেন তখন আমরা প্রতিপক্ষ থেকে যেসমস্ত সমালোচনা করতাম সেগুলিতে ফ্যাক্টস অ্যান্ড ফিগারস কিছু থাকত এবং কি পরিমাণ থাকত তা একবার দেখবার চেষ্টা করবেন।

**Dr. Hirendra Kumar Chattopadhyay:**
ফ্রী স্টুডেন্টশিপ কত আছে?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**
ডাঃ চ্যাটার্জি প্রশ্ন করছেন, কত সাহায্য করেন? প্রথমে যখন আমাদের কংগ্রেস সরকার কার্যভার গ্রহণ করেন তখন এক রকম স্টাইপেন্ড, স্কলারশিপ কিছুই ছিল না। তারপর ক্রমশঃ ৭০০ স্টাইপেন্ডস এবং স্কলারশিপসএর ব্যবস্থা হয়েছিল; এ বছর আরও ৪০০ আমরা হাই-স্কুল এডুকেশন, কলেজী শিক্ষার জন্য বেশি দিচ্ছি—মোট ১,১০০ স্টাইপেন্ড দিচ্ছি।

**Dr. Hirendra Kumar Chattopadhyay:**
কত পারসেন্ট অব স্টুডেন্টস হ'ল?
what is the percentage of students

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**
পারসেন্টেজ কত হ'তে পারে, পারসেন্টেজের কোয়েশ্চেন নয়—রাজ্যসরকারের আর্থিক অবস্থা অনুসারে যা পারছি তাই করছি। ইউনিভার্সিটির শিক্ষা একেবারে ফ্রি করা হোক একথা কেউ বলেন নি, উচ্চশিক্ষা একেবারে ফ্রি করার কথাও বলা হয় নি। তারপরে পারসেন্ট যখন বলছেন তখন বলছি যে প্রথম কথা হচ্ছে আমাদের এখানে বিশ্ববিদ্যালয়ের ছাত্রসংখ্যা এক হিসাবে অত্যধিক—এটা হচ্ছে অনুপাত অনুসারে অত্যধিক। ইংল্যান্ড, স্কটল্যান্ডে ১৯টা ইউনিভার্সিটি—১৪টা ইংল্যান্ডে, ৪টা স্কটল্যান্ডে, আর নূতন একটা ইউনিভার্সিটি ইংল্যান্ডে হয়েছে, এই হোল ১৯টা—দুটো ডিগ্রী দেওয়ার কলেজও আছে। সেখানকার ছাত্রসংখ্যা হচ্ছে, এতগুলি ইউনিভার্সিটি ও কলেজে মাত্র ৮৭ হাজার আর কলকাতা বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত কলেজে এবং বিশ্ববিদ্যালয়ে ছাত্রসংখ্যা হচ্ছে ১ লক্ষ ৬ হাজার।

**Dr. Hirendra Kumar Chattopadhyay:**
পপুলেশন বেসিসে বেশিও কত?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**
আমাদের ৩ কোটিও নয়, তাদের ৭ কোটিরও বেশি.....

[বিরোধীপক্ষের বেঞ্চ হইতে তুমুল হট্টগোল

তাদের ৮৭ হাজার ছাত্রের মধ্যে ৭ হাজার আবার কমনওয়েলথের এবং তাদের নিজেদের ছাত্র খুব সম্ভবত ৮০ হাজারের বেশি হবে না, আর আমাদের কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ছাত্রসংখ্যা হচ্ছে ১ লক্ষ ৬ হাজার এবং এত ছাত্র ভারতবর্ষের মধ্যে আর কোন রাষ্ট্রে, এমন কি বোম্বেতেও নেই— ইউনিভার্সিটি স্টেজএ সেখানে ৯৬ হাজার ছাত্র, আর আমাদের ১ লক্ষ ছাড়িয়ে গেছে। কাজেই আমি একথা মোটেই স্বীকার করি না যে আমরা উচ্চশিক্ষার জন্য বিশেষ কিছুই করছি না। টেন ইয়ারস অব ফ্রিডমের মধ্যে কি প্রগতি হয়েছে শিক্ষার সেটা আপনারা যদি একটু চোখ খুলে দেখেন, যদি বিদ্বেষের রঙীন চশমাটা না পরে দেখেন তা হ'লে সহজেই বুঝতে পারবেন যে শিক্ষাক্ষেত্রে কতটা সাহায্য গভর্নমেন্ট থেকে করা হচ্ছে এবং কতটা প্রগতি হয়েছে।

[6-15—6-25 p.m.]

কিছু পূর্বে একটা প্রশ্ন হয়েছিল, বিপক্ষের দুইজন নেতা প্রশ্ন করেছিলেন, ১০ বৎসরের মধ্যে ১৪ বছরের সকল ছেলেমেয়েদের শিক্ষা অবৈতনিক করতে হবে বলা হয়েছিল তার কি হ'ল? ঠিক কথা। কনস্টিটিউশনএ সেই ব্যবস্থা আছে বটে, কনস্টিটিউশন যাঁরা করেছিলেন তাঁরা এটা প্রবল আশা করেই করেছিলেন। আমাদের স্বাধীনতার সূচনাতেই এ বিধান কনস্টিটিউশনএ করা হয়েছিল, যাকে ইংরাজীতে বলা হয় রোবাস্ট অপটিমিজম—সংবিধান রচনাকারীরা সেই রোবাস্ট অপটিমিজমএর বশে ভেবেছিলেন ১০ বৎসরের মধ্যে ১৪ বৎসর পর্যন্ত সকল ছেলে-মেয়েদের শিক্ষা অবৈতনিক করতে পারবেন। এখানে আমাদের একটা কথা স্মরণ করতে হবে। আপনারা জানেন, ইংল্যান্ডের মত ধনী দেশে ১৪ বৎসরের বালকবালিকাদের সর্বজনীন শিক্ষা দিতে ৪৮ বৎসর লেগেছিল। ১৮৭০ সালে প্রথম শিক্ষা আইন হয়েছিল গ্ল্যাডস্টোনের মন্ত্রিত্বকালে। তারপর ১৯০২ সালে সেখানে তাঁরা নতুন আইন করলেন মধ্যশিক্ষা সর্বজনীন করতে। অতএব দেখুন, ৩২ বৎসরে তাঁরা শুধুমাত্র প্রাইমারী এডুকেশন সর্বজনীন করতে পেরেছিলেন, তারপর আরও দেখুন, ১৯০২ সালের পর ১৯১৮ সালে তাঁরা ১৪ বৎসর পর্যন্ত ছেলেমেয়েদের শিক্ষা সর্বজনীন ও অবৈতনিক করতে পেরেছিলেন। এর চেয়ে অল্প সময়ে বৃটেনে যদি তাঁরাই না করতে পেরে থাকেন, তা হ'লে এটা কি খুব লজ্জার কথা হ'ল আমাদের পক্ষে? বাস্তবিক পক্ষে আমাদের দেশের অবস্থা কি? আমাদের অবস্থাটা বিবেচনা করেই প্ল্যানিং কমিশন বলেছেন, এটা করতে হবে থার্ড প্ল্যানের শেষে। তাঁরা বলেছেন, সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যান পিরিয়ড শেষ হওয়ার মধ্যে অন্ততঃ শতকরা ৬৩ জন ৬।১১ বৎসর বয়স্ক ছেলেমেয়েদের অবৈতনিক প্রাথমিক শিক্ষা দিতে হবে, আর ১৪ বৎসর বয়স্কদের শতকরা ২৩ জনকে যদি অবৈতনিক মধ্যশিক্ষা দেওয়া যায় তা হ'লেই মনে করতে হবে যথেষ্ট হয়েছে। আপনারা শুনে নিন, এটা আমাদের করতে হবে ১৯৬০-৬১ সালের মধ্যে। পশ্চিমবঙ্গে এই ৬-১১ বৎসর পর্যন্ত ছেলেমেয়েদের বর্তমানে সংখ্যা হবে ৩২ লক্ষ, এই ৩২ লক্ষের মধ্যে প্রায় ২৫ লক্ষের উপর এখন ফ্রি প্রাইমারী এডুকেশন পাচ্ছে। পরিকল্পনা কমিশন যেটা বলেছিলেন ১৯৬১ সালের মধ্যে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার নির্দিষ্ট কালের মধ্যে করতে হবে সেটা আমাদের রাষ্ট্রে গত বৎসরই করা হয়েছে। তাঁরা আরও যে বলেছিলেন ১৯৬০-৬১ সালের মধ্যে মধ্যশিক্ষা যাতে শতকরা ২৭ জনকে দেওয়া যেতে পারে তার ব্যবস্থা করতে হবে। এখনই আমাদের সেটা অর্থাৎ মধ্যশিক্ষা শতকরা ১৮ পারসেন্ট পাচ্ছে। যদি আপনারা দেখতে চান তা হ'লে দেখতে পাবেন গভর্নমেন্ট অব ইন্ডিয়া পাবলিকেশনে রয়েছে একমাত্র ত্রিবাঙ্কুর-কোচিন ছাড়া--

[Sj. Nepal Roy interrupted]

**Mr. Speaker:** Mr. Roy, you make a remark and then the other side will start answering. This is very bad.

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**

এখানে ছাড়া, ভারতের অন্য কোন প্রদেশেই লোকশিক্ষা এত দূর অগ্রসর হয় নি--প্রাথমিক শিক্ষা এবং মাধ্যমিক শিক্ষা, অবৈতনিক শিক্ষা, কোথাও এতদূর অগ্রসর হয় নি। ভারত সরকারের রিপোর্ট থেকেই আমরা বুঝতে পারছি এই সরকারের শাসনাধীনে পশ্চিমবঙ্গ শিক্ষায় কতদূর পশ্চাৎপদ হয়ে পড়েছে। আপনারা আমাদের দেওয়া হিসাবকে "অংকের কলংক" বলে থাকেন, এটা "অংকের কলংক"ই বটে। যাহোক, এই হচ্ছে আজকে আমাদের পশ্চিমবাংলায় শিক্ষার অবস্থা।

সবশেষে ডাঃ চ্যাটার্জিকে একটা কথা জানিয়ে দেওয়া হয় নি—এবার তাই বলছি—"প্রাথমিক শিক্ষকদের ট্র্যান্সফার করা হচ্ছে! কি অন্যায়!" এখানে এ সম্পর্কে আমার একটা কথা মনে হ'ল। কিছুদিন পূর্বে বিরোধীদলের নেতা আমাকে একটা চিঠি লিখেছিলেন—মেদিনীপুর জেলার ৪৫ জন প্রাথমিক শিক্ষককে বদলি করা হয়েছে, এটা অত্যন্ত অন্যায়। আমি জবাবে জানিয়েছিলাম একটা এনকোয়ারী করে পরে জবাব দেব। তদন্তের পরে যে জবাব দিয়েছিলাম সেটা হচ্ছে—

"An enquiry was held into the allegation made in your letter. It is reported that complaints had been received for irregular work against the transferred teachers from different quarters and particularly from the localities in which the schools are situated. The District School Board, after due enquiry by local Sub-Inspectors, issued orders for their transfer. It cannot, therefore, be substantiated that the transfers were due to whims of individuals and personal vendetta of some office-bearers of the District School Board."

প্রায় ৪০ কি ৪৪ জন শিক্ষককে ট্র্যান্সফার করা হয়েছে। মেদিনীপুরের প্রাথমিক শিক্ষকদের মোট সংখ্যা হচ্ছে প্রায় ৯ হাজার, এর মধ্যে যদি ৪৪ জনকে বদলি করা হয়ে থাকে তা হ'লে এটা কি একটা মস্ত বড় সমালোচনার বিষয় হতে পারে? কাজেই আমরা দেখতে পাচ্ছি, শিক্ষায় আমাদের যথেষ্ট প্রগতি হচ্ছে, দুর্নীতির কথা শিক্ষা ক্ষেত্রে আনা যেতে পারবে না - সেটা অন্যান্য ক্ষেত্রে থাকতে পারে—থাকলে আমরা সকলেই তার সমালোচনা করব দুর্নীতির কথা অন্ততঃ এক্ষেত্রে আনা যেতে পারে না। আর ভারতবর্ষের মধ্যে যদি কোন রাষ্ট্র দাবী করতে পারে যে শিক্ষায় সবচেয়ে অগ্রসর, সেটা হচ্ছে এই পশ্চিমবঙ্গ রাষ্ট্র। আমি আর সময় নেব না- আমাদের মুখ্যমন্ত্রী আরও অনেকে বলবেন। এখানে প্রসঙ্গক্রমে যা বললাম তাইতে আমার বক্তব্য শেষ করলাম।

[6-27—6-30 p.m.]

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** Sir, I have had a complaint that when my honourable friends are speaking, some of the Ministers are not here. I may be pardoned if I express the feeling that the speeches on the other side are what we call in Bengal the *charbito charban*. Some facts are placed before us over and over again and they, considering us as supermen want answers at once. That is not possible. Besides such discussion as we are holding today on the Appropriation Bill of a budget that has been accepted by the House, a detailed discussion with regard to various items seems to be very inappropriate.

The Appropriation Bill could only contain figures which have been accepted by the House and the House has to see whether those figures have been put in the right place and the correct figures have been given there. Therefore, I say that such discussion on the Appropriation Bill is most inappropriate.

Sir, my friend Sj. Jyoti Basu was not present when the vote on account was discussed, but he was rather upset that I did not answer all the questions that he had asked. Throughout my speech yesterday I took pains to refer to all the points that had been raised by his colleague Sj. Bankim Mukherjee. If Sj. Jyoti Basu had been here and had in the course of the discussion raised certain issues, I would certainly have replied to them as far as it was possible for me to do. I said yesterday that there are some people I did not mention particularly any group but there are some people in the world who are amblyopic under the influence of some feeling of antagonism because they think that by adopting that method they would be able to create a favourable atmosphere which would be helpful in their getting into power. I wish it was so easy as all that. The fact, however, remains that they will not see things as they stand today. It is not myopia, it is not short-sightedness but it is no-sightedness that I am complaining of.

Sir, Sj. Jyoti Basu asked a question
কেন খাদ্যের অভাব হচ্ছে?
Is that a very difficult question for him to answer himself
কেন খাদ্যের অভাব হচ্ছে?
The increase in the rate of population every year is 1.44 per cent. Our death rate is 8.2 and the birth rate is 23 or 24 per thousand. Therefore, there is an increase of 1.44 per cent. in the rate of the population every year. Then you have got to consider the number of people coming from East Pakistan. So, is it very difficult to understand
কেন খাদ্যের অভাব হচ্ছে?
Does it require any particular statistics to understand it? I think if he had sat down coolly and if he also had taken the trouble of looking into certain facts and figures which we publish from time to time, it would not have been very difficult for him to find out why there is
খাদ্যের অভাব

Then the second question he raised was
কেন ক্রয়ক্ষমতা কমে গিয়েছে?
Everybody knows that. He knows perhaps more than anybody else that there is a tendency to inflation and whenever that happens, the purchasing power of the people gets less. So, that is not a very difficult question to answer.

Then he asked
চালের দাম বাড়ছে কেন?
It is obvious that the prices are higher this year than last year about this time. It may be that there is an increasing demand there is no doubt about it. As far as we could gather from the speech of the Food Minister, the total production of cereals this year is almost the same as last year, but the population has increased. So, is there any difficulty in understanding that?

Then he asked—
খাদ্যের হ্যাবিট বদলাতে হবে কেন?
I do not expect from him any knowledge about the technique of nutrition. Sir, one of the main difficulties we find I say this not because we have got difficulties in procuring rice but one of the main difficulties in solving the nutritional problems not merely in West Bengal but in the whole of India is our unbalanced diet. The Western countries realised it long ago and they have tried by various methods, mainly by propaganda, to make people understand that it is not the protein, carbo-hydrate and fat that can be called nutritous but calcium, phosphate etc. come in. Therefore the habit has to be changed because all these factors have to be taken into account. One of the members of the University has given us—me and the Food Minister—a table showing how the food should be given in future. I have looked into it. From the little knowledge that I possess about nutrition. I am bound to say that it is an improvement of the present state of things and on the present ideas on the subject of food. Food has to change if the nutrition of the people of West Bengal has to improve. It is not merely a question of the quantity of rice or of wheat, but there are other factors which have to be gone into, and every student of nutrition knows about it.

The question was asked "unemployment
বাড়ছে কেন?"
Is that very difficult to answer? I can say that the number of posts or openings for employment is increasing in recent years. Various avenues of employment are being opened up; new appointments are being made, but

because of the increase of population the number of people that want employment exceeds the number of appointments that can be found ordinarily.

My friend has said—

"যক্ষ্মা রোগ বেড়ে চলেছে কেন?"

For his edification I may say that tuberculosis is one of the diseases that depends mainly upon nutrition. Of course, the question of infection comes in. The question of the way in which a person lives comes in, but mainly fundamentally it is a metabolic or a nutritional question. Therefore, it is not very surprising that tuberculosis should be on the increase, particularly among the refugee population who, as we all know, are least suited to face any probable attack from the disease because of their physical and mental condition. I say again that the mental condition is one important factor in the incidence of tuberculosis. Mind has great influence over the body in such a matter. But my friend has not mentioned the fact that malaria is practically non-existent. Many of my friends and colleagues and students have come to me and complained, "Sir, what have you done? We have got no work now. There is no malaria; there is no kalazar parctically in the rural areas." Many of them have said that even dysentery etc. are on the decline because of the supply of tubewell water which is persistently increasing. Sir, it is all very well to see the dark spot, but it is not enough that you see the sewer—mention also the garden.

